
श्रीश्रीमार् छझे मध

পঞ্চম থণ্ড


(১৩০০ সালের ভারেরী)



শ্রশ্রিপার প্রস্মচারী



2531(5605)



श्रीभाग् अझे भन्न

প্রথম খণ্ড

(১৩০০ সালের ডায়েরী)

শ্রীমদাচার্য্য প্রভুপাদ শ্রীশ্রীবিজয়কৃষ্ণ গোস্বামীজীউর দেহাপ্রিত অবস্থার কতক সময়ের দৈনন্দিন বৃত্তান্ত

> ভদীয় হপাভাজন শ্রীকুলদানন্দ ত্রন্ধারী কর্তৃক যথাযথভাবে লিখিত



চতুর্থ পুনমুদ্রেণ] মহাইমী ১৩৭০।




পুরীধাম, ঠাকুরবাড়ী আশ্রমের সেবাইত শ্রীবিশ্বনাথ বন্দ্যোপাধ্যায় কর্তৃক প্রকাশিত। প্রথম মৃত্রণ ২২০০ মহান্তমী ১৩৩৫

দ্বিতীয় পুনম্ত্রণ ২২০০ ১৩৫০

তৃতীয় পুনম্ত্রণ ২২০০ ১৩৫৯

চতুর্থ পুনম্ত্রণ ২২০০ মহান্তমী ১৩৭০

মূক্তক – শ্রীস্থনারায়ণ ভট্টাচার্থ তাপসী প্রেস ৩০ বিধান সরণী, কলিকাতা-৬





স্থভীপত্ৰ

विषय	्राष्ट्री	वियत		Jai
		আমার দৈনিক কর্ম: অহৈতুকী আলা:		
বৈশাথ		নিতাক্রিয়ার নিবৃত্তি	3.8.6	55
(> 0 • •)		দণ্ডী স্বামীর নিকট ত্রিস্ক্যার উপদেশ : বৃষ্টিতে জি	ai-	
বন্তি ত্যাগ, নীরব অযোধ্যার রামনাম	>	ঠাকুরের উপর অভিযান		२७
হত্মান গৌড়ি দুৰ্শনে ঠাকুলের স্মৃতি: মহাপুরুষ দুর্শন	2	একি প্রলোভন, না ঠাকুরের দরা গ	***	28
বৈদান্তিকের উপর শোক সঞ্চার : গুগবানের নাম করা		মভপানীর হাতে পড়াঃ জ্যোতির্বর শালগ্রাম	***	20
गहक नज : व्यव्योशांत्र काट्यम ७ (क्व-मिनत :		শালগ্রাম চুরি	***	20
হিরণাগর্ভ-চক্র লাভ	9	হরিবারে শালগ্রাম অমুস্কান	***	29
গুণার ঘাটে শ্রীরামচন্দ্রের অন্তঃলীলা শ্রবণে শোকোচ্ছাস	3	শালগ্রাম সংগ্রহ: চতী পাহাড়ে চতী দর্শন: র	ান্তা	
ভীবণ স্থা—মাতার প্রতি স্বত্যাচার : ভ্রিছারে হরগোরীর		ভূল, বিপদের জাত্ত	***	54
অনুপম জ্যোতিদর্শন		কেশব্যনন্দ শ্বামী	***	90
জলদান বত ঃ রাম প্রকাশ মোহস্কের আত্রর প্রাহণ ঃ	100	সাধন চেষ্টার নিক্ষলতা : বস্তু তাঁর হাতে—দাতা	তিনি	93
মকিকার উৎপাতে রক্ষা		বিচার বৃদ্ধিতে নিরমু একাদৰী ভক্ত ও অমুতাপ	***	95
চণ্ডী পাহাড়ে যাত্রাঃ গঙ্গার বন্ধনঃ তপস্তার স্থান নির্দেশ		উত্তপ্ত ভাল পড়ার আলা—প্রার্থনায় নিবৃত্তি	***	99
ভলন কুটার প্রস্তুত	33	লোভের প্রতিফল: অসং পরিপ্রহে জশান্তি	***	99
ভিকার বিপদাশকা—মহামারার খেলা ···	75			
ত্বল ভিক্নার প্রয়োজন ও আদেশ	50	ভাষাতৃ		
তল্লার প্রসাদলান্ত—অর আরোগ্য ঃ হরিহারে নিত্য কর্ম	38	ময়শক্তি	***	V6
আমার প্রার্থনার ঠাকুরের বিষম ভোগ	36	ভ্যানক গুৰুতায় ঠাকুরের কুপাবর্বণ: শালগ্রামে	नोन	
উল্ছিষ্ট মুখে থাবার দিলে উল্ছিষ্ট দেওরা হয়	31	्राप्ति :	***	30
সাধনে যোগমায়ার কুপা	36	ছায়ারূপ দর্শনে খেদ আতত্ব: প্রার্থনা—'দর্শন দি	ও না	98
- Hand officially & th	1	লোক সেবায় সাধন স্থাতি	144	96
हाक इ		ব্ধার প্রারম্ভে বিষমর গলা—মানে বিপত্তি	***	29
		বিক্লিপ্ত ও উদ্বোপূর্ণ মন: অন্তের কল্যাণকামনা		3 175
নামে ও ধ্যানে পরমানন্দ সম্ভোগঃ তীত্র তপস্তার		হাত্তির ঃ গারত্রী জগে অইদল পছান্থিত বে		
ভন্ন লোপ	23	নীল জ্যোতিঃ দৰ্শন	era	94
ৰাভাবিক আহারে ঠাকুরের কুপা ···	52	नाम (बा)।।७३ वनन		-

वि रंग्न		পূঠা	विसम्		পুঠা
জ্যোতিঃ দর্শন চেষ্টার বিফলতাঃ বর্বা আরম্ভে ডি	ज् न				
মাসের আহার সংগ্রহ	***	ত্র	ভন্তন প্রতিকৃত্র সাহারাণপুর ঘালা-বস্ত্রণার		
मिनिश्व हरक शास्त्र क्ल : रक्लार्थ नाम, शान र	লাপ	8 .	কারণ নির্ণয়	***	66
কর্ত্তা তিনি—তাঁর ইচ্ছাতেই সমস্ত জুটিতেছে	***	83	ৰংগ ঠাকুরের অপ্রাকৃত প্রদান	***	69
দ্রীলোকের সল নিঃসল সমান বোধই নিরাপদ ঃ ন	ামের		বন্তি যাত্ৰা	***	69
উৎপত্তি স্থান—নান্তি-চক্র		82	কলিকাতা অভয় বাবুর বাড়ীতে ঠাকুরের সংবাদ	***	৬৮
ত্রিসন্মা কি ভাবে করি	***	80	ঠাকুর দর্শন ঃ সঙ্গে খাকার অসুমতি	***	৬৯
চিত্তের একাগ্রতার খাস-প্রখাসের গতি অমুভব	***	88		***	13
নাম ও নামী এক	***	84	ভক্তি ভালবাসা নয়ঃ ভক্তি গোপনীয়া	***	93
শালগ্রামের শ্রীঅঙ্গে অস্তৃত বেদবিন্দু	***	8 €	শাসনে নয়, ভালবাসায় সংশোধন : অতিধির অবৈ	K	
শিবানন্দ শামী ও তাহার হলকণযুক্ত শালগ্রাম		89	আবদার পূরণ করা উচিত কি না ?		90
অভুত ৰল্প—ঠাকুরের চরণামূত পান	***	89	কলিকাতার ভিক্ষার অহুবিধাঃ ঠাকুরের ভাতার হ	ইতে	
কুড়াকে শালগ্রাম দর্শন	***	84	ভিকা নিতে আদেশ	***	98
স্লকণাক্রান্ত শালগ্রাম প্রান্তি		EX	বোগজীবন কর্তৃক ঠাকুরমা'র আদ্ধ: ঠাকুরের তিন :	গণুষ	
অন্তের প্রশংসা প্রবণে অভিমানে আঘাত	***	2.	क्व पान		96
			শাদ্ধবাসরে মুকুন্দের কীর্ত্তন : কীর্ত্তনে শক্তি সঞ্চার		95
			ঠাকুরমা'র মৃত্যুতে তত্ত্পকাশ : জীবান্ধার কুধা ত্ক	1	
			ভোগঃ আছে ব্রাহ্মণ ভোজনের ব্যবস্থা কেন		11
শ্রাবপ					97
বাস্ত্রসাপ দর্শনে আত্ত		65	সত্য দাসীর অলোকিক অবস্থা ও দীক্ষা		48
আমাকে উৰ্দ্ধরেতা করিতে সিদ্ধপুরুষের আগ্রহ	***	48	মোহিনী ৰাবুর দীক্ষার অমুভূতি	***	50
ঠাকুরের জটা: চভীর রূপ: সর্বদেবমরোগুরু	***	48	छान वावुत्र मोका		b.
তৃতীর বংসরের ব্রহ্মচর্য্য শেবঃ কণ্ঠ শালগ্রাম		24	সদাশিব রূপে ঠাকুরকে দর্শন ঃ ভাগ্তার অফুরস্ত		23
কঠ শালগ্ৰাম অভিবেক ও পূজা	***	69			44
ঠাকুরের নিকট ধাইতে চিটি—আমার বিচার	***	er	এঁ ডেনহে ও সপ্তগ্রামে অস্বাভাবিক রূপে মন্দিরের		
ঠাকুরের নামে ও খ্যানে নিত্য নৃত্ন অবস্থা সভোগ		cv			V 3
মহানারার শাসন: পুনরার ঠাকুরের আদেশ চিত্তি:	2 037		ঠাকুরকে রামভৃষ্ণ পরমহংসদেবের শিক্ত বলিয়া রটনা		
বিষম সমস্তাঃ আসন ভোলায় মন উচাটন		63			40
হবিকেশ বাজা: ব্ৰহ্মকুণ্ডে সান: ভীমগড়			আমার শালগ্রাম সম্বন্ধে ঠাকুরের কথা: শালগ্রাম		P4
ও সপ্তত্যোত দুর্শন: তপদ্দী সাধু	Val IV	92	C	741	6 9
विवादक वंत्र शाशास्त्र विवादक वत्र महाराज्य	***	68	মুক্তি, পরলোকে, গ্রান্ধ-তর্পণ ও রুগাবস্থার অলোকি		212
হরিবার ত্যাগঃ গজার নিকট আশীর্কাদ প্রার্থনা:			4.66		P.P.
আলাপুর বাত্রা		60	ঠাকবের সমতে		and the same of

- 3	
20	পত্ৰ

. 1

विवय		পৃষ্ঠা	विरत्र		111
তত্ত্তের লক্ষণ : স্বংগ তত্ত্পকাশের উপদেশ	***	22	স্থান সম্বৰে জিজাসা		>22
দেবদেবী কল্লনা নর : সাধনের সপ্ত সোপান : তিবি	4		ভন্তক অৰ্থ কি ? আমাদের ওল কে ?	***	ऽ २७
কৰ্ম : উদ্ধারের উপান্ন		24	নাম সাধনে কি অবস্থা হর ? অবৈতবাদ কি ?		328
শালগ্রামে ধ্যান রাখিতে আদেশ—না পারার ঠাকুরে	i d		পঞ্জোব ভেদের লক্ষ্ণ		324
छ त्रमा मान	***	रुद	আশ্বিন		1
ঠাকুরের দহার শালগ্রামে ধ্যান ও তাহাতে আনন্দ	***	26	অতি নিজার ঠাকুরের অমুশাসন		324
চারি ছার রক্ষার উপায়	***	29	দিবা নিজার অপকারিতা: যোগতজ্ঞার লক্ষণ	***	254
ভিন্ন ভিন্ন বস্তুর আহারে ভিন্ন ভিন্ন বিপুর উত্তেলনা			তপক্তা ও পুরুষকার	***	25%
আহারে ধর্মের যোগ	444	29	ठल्यनच्याल ज्ञामना		300
কাম-ক্রোধ অধর্ম নছে : ধর্ম-অধর্ম মনের অভিসন্ধি			यथार्थ मान ७ मारनव शास	***	202
অমুসারে)	24	অবিশাস ও খানেতে জ্বালা		200
শালগ্রামে আরতির আদেশ: কাম ও প্রেম	***	8:6	যোগ কি ? বোগের অবগু পালনীয় উপদেশ		308
देवनिक कार्य		5	নাম করিয়া ফল পাই না কেন ? শুড়ভায় কর্ত্তব্য	***	306
শুরু সম্বন্ধে প্রশ্নোত্তর	***	3.03	গুণাতীত হইলেও তাপ খাকে	***	309
ঠাকুরের মৌন থাকা সহজে অভিমত	***		এখন কুলগুরু প্রদন্ত সাধন করিব কিনা ?		309
শালগ্রামের ঘর্মঃ শালগ্রাম পুজার মাধারণের বিছে		> 8	প্রার্থনার ঠাকুরের সহামুভূতি	***	200
मस्ख्य मध्यक्त नामा रूथा	***	5.0	বাদাসমান্ত ত্যানের হেতু: মহাপ্রভুর ধর্ম আধুনিক	11 30	
ভীবণ ৰপ্ন—মাতৃহত্যা		3.9	কি পুরাতন †	***	הטנ
ঐবধ্য ও মাধ্ৰ্য্য ভাবে উপাসনা কি ?	***	204	গৈরিক গ্রহণ করাতে কোন গুরুভগ্নীকে নিবেধ উপ	(पन	58.
দেবা বন্দনা আউর অধীনতা	***	200	বীৰ্য ধারণ ব্যতীত বোগ সাধন হয় না: উৰ্দ্ধেতাদে	रत	
यश्च जागैवीत	***	>>.	ভিন্ন ভিন্ন অবহা	***	282
জীবের বাধীনতার সীমা		555	ঠাকুরের গেণ্ডারিরা ত্যাগের পূর্ব্বাভাব: রহন্তপূর্ণ		
ধর্মের জন্ত সংসার ত্যাগ কি দোব ? ধর্মের লক্ষণ		>>>	আসনতাগে: মহাশ্রমালা	***	582
चवि वांकार्रे मात्र		220	ভাব্লিক সাধনের উপকারিতা	***	580
একাগ্রতা লাভের উপার		>>8	শাল্ল বুঝা হকটিন		385
मित्रवृत्र मा ७ छन्नोत क्था		226	ভজনানল সভোগে অভিমানের বিষম আক্রমণ : অ	(বিশ্বাদের	
(ल्वर्श्वोत्र व्याविजीव	***	226	আওনে সমস্ত ছারথার: ঠাকুরের অবাচিত		
অলোকিক দৰ্শনে লাভ কি ?		>>+	প্রসাদ লাভে শান্তি	***	588
भा कानी ७ ठीकूब		224	প্রেতের আফ্রোশে গুভকার্থ্য বিয় : সিওদানে ব্য		384
ঠাকুরের চাহনি	***	222	নরক আছে কিনা ? পরলোকে পিতৃপুরুবের কার্য্য		
নিত্য ভলনে সম্বন্ধ		25.	বাসনাফুরূপ জন্ম	***	386
	101	252	ন্ত্রী-পুরুষের মেণামেশিতে শাসন	***	386
সাধন সঙ্কেত	191		at Value of the Hart Hart		201

সূচীপত্র

' বিষয়		পৃষ্ঠা	विषम्र		পৃষ্ঠা
পাপ—পরিত্রাণের উপায়	***	205	শালগ্রাম পূজায় ইষ্টানিষ্ট বিচার	***	248
ভোগে ভোগ কর: দৈহিক ও আত্মিক সৰক:			কলিতে ধার্দ্মিকের মুঃখ, অধার্দ্মিকের স্থুখ, মুর্ভিক্ষা	मि	
ন্ত্ৰীজাতির শ্ৰতি সম্মান	***	205	অনর্থের হেতু, কলিতে ব্রন্ধনাম	100	224
ক্ষনাতীত সহামুভূতি—একি মানুষে পারে ?	***	248	'ভূমৈব হুথম্'; সত্যই আদর্শ	***	264
ঠাকুরের প্রার্থনা—তুমিই দব	***	204	চিত্রে চন্দন প্রদান—অভুত রহন্ত	***	269
সাধনের ক্রম ও তাহার উপকারিতা	***	249	ঠাকুরের উপদেশ—জীবনের কথা: সংসারে কেহ		
রাথাল বাবুর হোম করিতে আগ্রহ:			रूथी नव	***	200
দেবতার ছাঁচ দশন	***	262	গুরু পরিবারের দীক্ষার কথা		245
রাখাল বাবুর মহত্তঃ উদ্বেশে আবার দেবকুমার	***	250	সত্য, মিথাা, পাপ-পুণ্য সকলের পক্ষে এক নয়	***	* 66
হরিনামে প্রেমলাভের ক্রম	***	363	छोत्कि धनवकती—गीउन-वहीत कथा: थामीव		
অধৈতবাদী ফকির: জাতিভেদ কাহাকে বলে ?	***	365	অমর্থাদার উংকট রোগ	***	282
বিভিন্ন শাত্রে আহার বিহার : গ্লামানে জ্ঞাবের :	গতি	240	শ্রীধরের কীর্ত্তি	***	295
শিব্যের অপরাধে ক্ষমা ভিকাঃ দোব দৃষ্টি দূবণীর	***	360	ত্ৰীবিয়োগে শোকাৰ্ত্তকে জন্ম মৃত্যু সদ্বৰে উপদেশ :		
জাতিশ্বর বালক	***	348	নিজের ইচ্ছায় কিছ্ই হর না—ঠাকুরের		
শুক্রবাক্য লভবনে সত্যপালন: সমস্তা	***	200	আত্মজীবনের কথা		299
মহরমে ভিত্তি বারা ঠাকুরের জলদান : অহিংদা			मकल वामनारे कि व्यनिष्ठेकत	241	294
ব্রাহ্মণের ধর্ম	***	366	অসামান্ত শতিলাভের উপায়: মহাপুরুষের বৃত্তিশ ল		296
বলির অভিমানে বামন অবতার		269	পালনীয় উপদেশ	***	794
মনোহর দাস বাবাজীর আথড়ার সংকীর্ত্তন ঃ সান্থি	₹ ,		অপবিত্র হাতে ঠাকুরকে থাবার দিতে উদ্যোগঃ বিনি	मे या य	1727
রাজসিক ও তাসনিক নৃত্য		369	ठेक्ट्रिय वस मान	***	795
প্রমেশ্ব সাকার না নিরাকার	***	269	প্রকৃত স্বস্তাব দুর্কোধ্য		
দীক্ষাপ্রার্থী ব্রাক্ষের প্রতি উপদেশ	***	८७८	'त्नर विषिम्भूशाम्द्रां : क्रावरवाटकत अवृष्टे डेशात	***	200
এ সাধনে ব্ৰাহ্ম-সমাজের লোক অধিক কেন ?			ম্যাবস্থার কথা	***	507
শক্তি স্কার		39.	অজ্ঞাত অগরাধে লীলা দর্শন বন্ধ,—রূপরোধামী ও		202
মহাপ্রভু কি আবার অবতীর্ণ হইবেন ? মহাপ্রভুর			বৈশ্ববের কথা		1114
শिशांपि नपरम कथा	***	292		***	२०७
			শাস্ত্র সদাচারের অনুসরণই একমাত্র নিরাপদ বন্ধবিহীন জীবনের ভূগতি	141	2.8
কান্তিক			কীর্ত্তনে ভাবাবিষ্ট মুদলমানের সমান্তর	***	3.6
শালত্রাম প্রার উপাধির স্টে—লোকের বিধ দৃষ্টি		398		v. E. S.	२०७
त्वा न-मऋषे	***	394	নমাজের উন্নতিপধে ইংরাজী শিক্ষা ও আন্ধর্ম বস্তুতঃ বেদ বিভিন্ন নয়ঃ পরা ও অপরা বিদ্যা		2.9
পূজার তেদ প্রকাশে গুরুতর শাদন: শালগ্রাস ত্যা	প	392	১৬ই আধিকের কাত । বিক্রমান সম্প্রতি	***	3.9
সন্ধ্যা, গারত্রী, হোমাদির আবশুকতার উপদেশ	***	745		***	57+
The state of the s		- 10	বিবেক সংখার গত : ভগবং আদেশ—অতি তুর্লভ	***	533

স্চীপত্ৰ


বিষয়		পৃষ্ঠা	বিষয়		পৃষ্ঠ
ঠাকুরের বন্ত মহিব বাাল হইতে রকাঃ মনঃসং	पटम		চড়ার বাত্রাঃ পথে মাধোদাস বাবাজীর আশ্রম দ	निस	
অহিংস!	0 P.X	২১৬	পরমহংসঞ্জীর আবির্ভাব ও ঠাকুরকে অভার্থন	1:	
অর্থ বুঝিয়া নাম করার ফল : কর্ম ও নির্ভরতা		२३८	সংকীর্ত্তনে মহাভাবের তুকান	494	२०७
দাবানল হইতে মহাপুরুবের কুপার রকা	***	२५६	কুস্তমেলায় অপূর্ব্ব শৃষ্ণলা	***	२६७
দানক ও কবারের ধর্ম	***	२५७	ব্রজবিদেহী কাঠিয়াবাবার দর্শন: মহাপ্রস্থ ও নিত্য	नन	
শঙ্করাচার্য্যের পরিবর্ত্তন	***	२३१	প্ৰভূব মূৰ্ব্তি প্ৰতিষ্ঠা	***	244
মাধন ভল্পনের উপযুক্ত স্থান নির্দেশ	***	२३१	ত্রিবেণী সক্ষে যকরসান: সাধুদের মিছিল		
নরোত্তম দাস ঠাকুরের কথা	***	524	অপূর্ব দৃহ্য		২৬০
বিধিহীন ভক্তি উৎপাতের কারণ	141	२२०	প্রয়াগে কুন্তমেশার উৎপত্তি	***	२७२
বৌদ্ধ সাধন প্রণালী শান্তামুমোদিত কিনা ?	***	२२•	ছোট কাঠিয়াবাবার দর্শন	***	२७७
অন্থ জীব অপেক্ষা মানুষ বড় কিনে ?	***	২২১	কাশীর ত্রৈলক বামী: বিভাভিমানী		
রেবতী বাবুর কীর্ত্তনঃ অসাধারণ কণ্ঠধ্বনি		२२२	मध्यामीटक भ्यमन	111	२७8
আমার ভারেরী—ঠাকুরের স্পর্ণ	#41	२२8	নানক্যাহীদের চন্ডরে সাধু দর্শন	***	২৬৬
ঠাকুরের কুন্তে গমনের হেতু: গোঁদাই-শৃক্ত গেঙারিলা			সম্যাসীদের চন্ডরে সাধু দর্শন :		
বাড়ীতে অবস্থান : মায়ের নিত্যকর্ম : পাড়াগাঁরে	त्र		বাইনাচের তাংপর্য	***	२७१
দৰ্শ্ব	8.04	২২৮	শাধুদের সদাত্রতে চমংকার শৃথ্যলা	***	२७४
বরিশালে অবস্থান, আত্মার উন্নতির লক্ষণ সক্ষক অধিনী			ঠাকুরকে মেলা হইভে সরাইতে বড়বস্ত্র:		
বাবুর প্রশ্নের উত্তর	100	২৩১	নমবেত সভার মহাত্মা মহাপুরুষদের		
বিনা অভিনে অন্নপ্রির রান্না অন্ন	***	২৩৩	ঠাকুর সথকে অভিমত	***	31+
মহাপুরুষ সাজালের দর্শনঃ ঠাকুরের কুপার হস্বাত্ থিচুট্টি			দয়ালদাস বামীর ছাউনীতে নিমন্ত্রণ:		
ঠাকুরের কৃপায় কুহুমের আহার ত্যার : কুহুমের			কীর্ন্তনে মাতামাতি -	***	२१२
ভোৰনে অভ্ত অবস্থা		૨ ૭ દ	দয়ালদাস স্বামীর অসাধারণ দয়ার কথা	***	২৭৩
গুরুত্রাতা ব্রজমোহন	***	২৩৭	"এই তোমার বিলামী সাধু।" গুরু—শিক্তের অব	हा :	
ঠাকুরের ঘোগৈখধ্য	***	২৩৮	অসাধারণ শক্তিশালী সা সাহেব	***	२१६
বানরিপাড়ায় অবস্থান	***	२७३	সাধু ভিখন দাস: ভগবানের দান প্রবাহ—ল্পর্লে কৃ	তার্থ :	
প্রয়াগে উপস্থিতি ঃ আপদে গৌনায়ের ডাক	***	285	महापुरुष शक्कोत्रांनाथको पूर्णन	***	২৭৯
চড়ার কুন্তমেলার স্থান দর্শন	***	২৪৩			
दिनीमाध्य ও आत्र आत्र विश्वर मर्नन : ठीकूदबब	तंत्र	₹8¢			
ঠাকুরের নানা দেবালয় দর্শন	***	286			
ল্যাংগা বাবাঃ গুরুম্রাতাদের কাও	100	289	শ্বাহ্		
আশ্রমে কাজের বিভাগ : ঠাকুরের ভিক্ষা ও দান			ভৈরবী দর্শন : সত্যদাসীর পূর্বজন্মের শুরু	***	242
ঠাকুরের আকাশ বৃত্তি ···	***	২৪৮	মহাপুরুষের কবচ দান	***	३४३

बीक्लमानम बक्काती

বিশ্বকেশর

325

360





গোস্বামী প্রভুর দৌহিত্র বৃন্দাবনচন্দ্র মৈত্র ওরফে দাউজ্ঞী

প্রভূপাদ এ.শীবিজয়কৃষ্ণ গোসামী

শী যুক্ত রাখালচন্দ্র চৌধুরীর পুত্র দেবকুমার

এতি গুরুদেবার নমঃ

श्रीभाष् एक भाग

পঞ্চম খণ্ড

বৈশাখ, ১৩০০ সাল

বস্তি ত্যাগঃ নীরব অযোধ্যায় রাম নাম।

ভগবান গুরুদেবের ক্বপায় দাদার সঙ্গে পরমানন্দে ২।৩ সপ্তাহকাল বন্তিতে কাটাইলাম। শরীর অনেকটা স্বস্থবোধ হওয়ায় পাহাড়ে যাইতে অস্থিরতা জন্মিল। হরিছার যাইতে দাদার নিকটে

১২ই-১৪ই বৈশাখ, ১৩০০ সাল। অনুমতি চাহিলাম। তিনি কর্ষোড়ে ঠাকুরকে প্রণাম করিয়া প্রসন্ধনে আমাকে অসুমতি দিলেন। মহাতীর্থ অযোধ্যায় শত শত মন্দিরে স্বলক্ষণ-যুক্ত মনোর্ম শিলাচক্র রহিয়াছেন—দাদার বন্ধুদের চেষ্টায় তাহা সংগ্রহ

হইতে পারে, এই প্রত্যাশায় অযোধ্যা যাতা করিলাম। বৈশাথের প্রারম্ভে একদিন রাত্তি বারটায় দাদার প্রীচরণে বিদায় গ্রহণ করিয়া বস্তি ষ্টেশনে পঁছছিলাম। প্রত্যুবে সরযুতীরে লকরমণ্ডি ঘাটে উপস্থিত হইলাম।

পুণ্যতোয়া সর্যূর নির্মাল জলে স্নান করিয়া শরীরটি ঠাণ্ডা হইল, মনও প্রফুল্ল হইয়া উঠিল।

আমি পরমানন্দে স্নানাহ্নিক সমাপনান্তে "জয় রাম" "জয় রাম" বলিয়া অযোধ্যায় প্রবেশ করিলাম।

এই সেই দয়ার সাগর ভগবান শ্রীরামচন্দ্রের অপ্রাক্ত লীলাভূমি শাস্তিময় অযোধ্যা—যাহার ছায়ামাত্র

স্পর্শ করিয়া কত যোগী ঋষি তপোধনগণ কৃতার্থ হইয়াছেন, আজও কত মহাপুরুষ ছয়বেশে এই স্থানে

অবস্থান করিতেছেন। স্থর-মুনিবন্দিত নিত্য অযোধ্যাধামে কত দেবর্ষি মহর্ষিগণ আজও অলক্ষিতভাবে রহিয়াছেন এবং স্ক্ষশরীরে বিচরণ করিয়া রাম নাম গান করিতেছেন—এই সকল কথা মনে

হওয়াতে প্রাণ আমার উথলিয়া উঠিল। আমি ইহলোক-পরলোকবাদী মহাপুরুষগণের চরণোদ্দেশে



নমন্ধার করিয়া রান্তায় বান্তায় ঘ্রিতে লাগিলাম। দেখিলাম—বছজনতাপূর্ণ অযোধ্যা নীরব নিন্তর এত বড় সহর কিন্তু লোক-কোলাহল কিছুই নাই, সর্প্রত্ত সকলেরই মূথে সময়ে সময়ে পমরে বাম, ক্ষা রাম, সীতারাম' বাহির হইতেছে। কাহারও মূথে বুথা কথা নাই—কথার পূর্ব্বে সকলেই বাম নাম বলিতেছে। থারিন্দার—দোকানীকে বলিতেছে—'রামজি, ভাইয়া রাম রাম হায় ? রাম দানা দেও, রাম রদ চাহি!' গাড়োয়ান গোয়ালা প্রভৃতি ঘোড়া গককে 'রাম রাম' বলিয়া তাড়া দিতেছে—কথা আরত্তে সকলেরই মূথে রাম নাম! এ রূপটি আর কোথাও দেখি নাই।

হতুমান গৌড়ি দর্শনে ঠাকুরের স্মৃতিঃ মহাপুরুষ দর্শন।

ঠাকুরের মুখে শুনিয়াছিলাম—'প্রাচীন অযোধ্যায় একমাত্র হতুমান গৌড়িই ঠিক আছে। পর্বের পর্বের ঐ স্থানে হহুমান, বিভীষণ, অশ্বত্থামা ও ব্যাসাদি ঋষিগণ আদিয়া থাকেন।' ভক্তবাজ মহাবীবের আবাদভূমি হতুমান গৌড়ি দেখিতে প্রাণ আকুল হইয়া উঠিল। আমি গুরুদেবের শ্রীচরণ অন্তরে রাধিয়া হতুমান গৌড়িতে পঁহুছিলাম। অযোধ্যার সাধারণ স্থান হইতে এ স্থান অনেকটা উচু। কতকগুলি সি'ড়ি ভাঞ্চিয়া মহাবীরের মন্দিরে উপস্থিত হইতে **হয়। প্রশন্ত সিঁড়ির উভয় পার্যে অসংখ্য বানর রহিয়াছে দেখিলাম। তাহারা মাফুষের গা ঘেঁলিয়া** চলিতেছে—কোন প্রকার ভয় নাই। আমি সিঁড়ির উপরে উঠিয়া মহাবীরের মন্দিরের সম্মুধে গেলাম। ঠাকুরের কথা আমার মনে হইল। ঠাকুর আমার ভাবাবেশে চুলু চুলু অবস্থায় স্থালিতপদে কোন প্রকারে দি ডির উপরে উঠিয়া গড়াইতে গড়াইতে মন্দিরের নিকটে আসিয়াছিলেন। পরে মহাবীরকে দর্শন করিয়া তাঁহার বাহুসংজ্ঞা বিলুপ্ত হইল – তিনি ভাব-বিভোর অবস্থায় কতক্ষণ এই স্থানে পড়িয়াছিলেন। ঠাকুরের দেই সময়ের কথা ভাবিয়া আমার কালা আসিয়া পড়িল। আমি পুনঃ পুনঃ মহাবীরকে প্রণাম করিয়া প্রার্থনা করিলাম—ভক্তরাজ ? তোমার দর্শন বুণা হয় না, দয়া করিয়া এই জ্বত্য ত্রাচার, অবিশাদী নান্তিককে আশীর্কাদ কর, যেন তোমার কণিকামাত্র চরণরজ্লাভে কুতার্থ হইয়া আমার পরম দয়াল ঠাকুরের ঐচরণ দেবার অধিকারী হইতে পারি—তাঁহার অবিচ্ছেদ সফ ও একান্ত আমূগতাই যেন এই জীবনের সম্পদ হয়। দেখিলাম মহাবীরের মন্দিরের বিভৃত অঙ্গন লোকে পরিপূর্ণ, সকলেই নিবিষ্টমনে রামায়ণ পাঠ শুনিতেছেন। বছদংখ্যক বানরও শ্রোতাদের গা ঘেঁ সিয়া হেঁটমন্তকে বসিয়া আছে—যেন একান্ত মনে তাহারাও পাঠ ভনিতেছে। স্থলরাকাণ্ড পাঠ হইতেছে। বহু জনতার ভিতরে একটি শুত্রকেশ তেজঃপুঞ্চ-কলেবর বৃদ্ধ সন্ন্যাসীকে দেখিয়া কিছুক্ষণ চোধ ফিরাইতে পারিলাম না। রামায়ণ শ্রবণে মৃগ্ধ হইয়া তিনি ধেন ভাবের অতলজলে ডুবিয়া রহিয়াছেন। তাঁহাকে দেখিয়া প্রাণের যে কি অবস্থা হইল বলিতে পারি না—মনে হইল ঐ বেশে আমার ঠাকুরই বসিয়া আছেন। তাঁহার চরণবৃলি লইতে আকাজ্জা হইল কিন্তু পাঠান্তে তিনি লোকের ভিড়ে কোন্ দিক্ দিয়া কোথায় চলিয়া গেলেন ঠিক পাইলাম না।

বৈদান্তিকের উপর শোক সঞ্চার।

মহাবীরকে সাষ্টাদ্ধ প্রণাম করিয়া অংখাধ্যা ষ্টেশনে প্রছিলাম এবং একখানা টকেট করিয়া ফ্যজাবাদ যাতা করিলাম। ফ্যজাবাদ ষ্টেশনে নামিয়া দাদার বন্ধু বাবু জালিম সিংহের বাদায় উপস্থিত হুইলাম। জালিম সিং আমাকে দেখিয়া ছুটিয়া আসিয়া বুকে জড়াইয়া ধরিলেন এবং বাহিরের একখানা ভাল ঘরে আমার থাকার ব্যবস্থা করিয়া দিলেন। জালিম সিংকে দেখিয়া অভ্যন্ত বিশ্বরের সহিত জিপ্তাদা করিলাম—"দাদা আপনাকে এরপ দেখিভেছি কেন প আপনার কি কোন অস্থ হুইয়াছে প্লাড়ি গোঁফ চুল এভাবে পাকিয়া গেল কিরুপে প্রজালিম সিং বলিলেন—"ভাই সে এক আশ্চর্যা ঘটনা। আমার পুরুটা কিছুকাল হয় মারা গিয়াছে। আমার দ্বী ভাহার শোকে পাগলের মত হুইলেন। আমার কিন্তু কিছু লাগিল না। সর্বাদা বেদাজ্যের আলোচনা নিয়া থাকি—স্থাকে আমি বেদাজ্য উপদেশ দিতে লাগিলাম। তিন দিন আমার উপদেশ ভনিয়া স্থা ঠাঙা হুইলেন—ভাঁর শোকাগ্নি একেবারে নির্বাণ হুইল—কিন্তু সেই সঙ্গে সংক্রই আমার ভিতরে ভাঁর আলা প্রবেশ করিল, আমি যন্ত্রণায় ছুট্ফট্ করিছে লাগিলাম। পরদিন সকালে উঠিয়া দেখি দাড়ি গোঁফ মাথার চুল সমন্ত পাকিয়া গিয়াছে। শোকে এতটা হয় কথনও পূর্বে জানিভাম না। আমি এ সব কথা শুনিয়া অবাক হুইয়া রহিলাম।

ভগবানের নাম করা সহজ নয়।

জালিম সিংহের একটা দয়ার কার্যা দেখিয়া বড়ই আনন্দলাভ করিলাম। পোটাফিসের একটা পিয়ন কোন অপরাধে কার্যাচ্যত হইয়া জালিম সিংহের নিকট আসিয়া কাঁদিয়া পছিল। বিলল—"বাবু লাব.! চাকরি গেল, আমার উপায় কি? আমি যে অনাহারে মারা ঘাইব।" জালিম সিংকহিলেন—"আচ্ছা, তুমি ৬টা হইতে ১:টা এবং ১টা হইতে ৬টা পর্যন্ত এখানে বিসিমা উচ্চৈঃম্বরে 'দীতারাম, দীতারাম' জপ কর, আমি তোমাকে আট আনা প্রতিদিন দিব—তোমার বেভন অপেক্ষাও তিন চারি টাকা বেশী পাইবে। লোকটি পুব সন্তুষ্টির সহিত রাজী হইল এবং পরদিন হইতে জপে লাগিবে বলিয়া গেল। তিন চার দিন লোকটি কোন প্রকারে জপ করিল। পরে একদিন জালিম সিংকে সেলাম দিয়া বলিল—"বাবু লাব্! এ কাম হাম্দে নেই হোগা—দোসরা নক্রি দে-জীয়ে—নেহি তো হাম চলা ঘাতে ঘর।" লোকটি চলিয়া গেল। আশ্চর্যা! একটি স্থানে বিস্যা ভগবানের নাম করা এডই কটকর ?

অযোধ্যার আশ্রম ও দেব-মন্দির ঃ হিরণগের্ড চক্র লাভ।

ফন্মজাবাদের স্থাসিদ্ধ উকীল বলদেবপ্রসাদ এবং লালতাপ্রসাদ প্রভৃতি দাদার বন্ধুগণ আমার সহিত সাক্ষাৎ করিলেন। তাঁহারা আমাকে অবোধ্যার বড় বড় মন্দির ও আশ্রমে লইয়া গিয়া শালগ্রাম দেখাইলেন। এক এক মন্দিরে দহম্ম দালগ্রাম দর্শন করিলাম। কিন্তু একটিও আমার পছল্লমত হইল না। প্রাচীন অনেক মন্দিরেই নানা আকারের ভিন্ন ভিন্ন লক্ষণযুক্ত শিলাচক্র ধানা ভরিয়া রাধিয়াছে—দেখিলাম তুলসী-চন্দন মিশ্রিত জলহারা এক সঙ্গে তাঁহাদের সান হয়। পূজা ভোগ আরতিও এক সঙ্গেই হইয়া থাকে। বিগ্রহের সম্ব্রুথ কয়েকটী বিশিষ্ট শালগ্রাম রহিয়াছে, তাঁহাদেরই মাত্র সাক্ষমজ্ঞা পূজাভোগাদি বিশেষ ভাবে হইয়া থাকে। বহুকাল যাবৎ এ দকল বিগ্রহের দেবা পূজা ভোগ আরতি অবাধে প্রতিদিন মহাসমারোহের সহিত স্বশৃজ্ঞালভাবে দপ্তা হইয়া আদিতেছে—ভাবিলে অবাক হইতে হয়। এক একটা আশ্রমে শত শত কথন বা সহস্রাধিক সাধুরও অবস্থান হয়। সকলেই আপন আপন আসনে উপবিষ্ট—কেহ নিবিইভাবে নাম জপে মগ্ন আছেন কেহ ধুনীর সমুখে ধ্যানস্থ কেহ বা রামায়ণ পাঠে বিভোর—দেখিয়া বড়ই আনন্দ হইল। অসংখ্য লোকের আবাসন্থান এই সকল আশ্রম নীরব ও নিজক—কথন কখন কোন কোন স্থানে "রাম রাম দীতারাম" ধ্বনি মাত্র হইতেছে, সমন্ত আশ্রমই ভগবন্ভাবে পরিপূর্ণ—দেখিয়া বড়ই আনন্দলাভ করিলাম।

কোনও প্রসিদ্ধ মন্দিরের ভজনাননী বৃদ্ধ মহাস্ত আমাকে একটা শিলাচক্র দিয়া বলিলেন—
"আপনি এটা গ্রহণ কক্ষন—ইহার নাম হিরণ্যগর্ত। বহুকাল এই মন্দিরে ইনি প্রান্ধা-ভক্তির সহিত
পূজিত হইয়া আসিতেছেন।" আমি ইহা ঠাকুরেরই ইচ্ছা মনে করিয়া শালগ্রামটি গ্রহণ করিলাম;
কিন্তু পছন্দমত হইল না। স্থির করিলাম আর আমি শালগ্রাম সংগ্রহের চেষ্টা করিব না—ঠাকুরের
বাক্য অন্তথা হইতে পারে না, স্বন্দর শালগ্রাম আমার নিশ্চয়ই জুটিবে—ষত দিন না জোটে এটাই
শ্রেদ্ধার সহিত পূজা করিব।

গুপ্তারঘাটে জ্রীরামচন্দ্রের অন্তঃলালা স্মরণে শোকোচ্ছ্যাস।

ক্ষেক্টী সংস্কীর সঙ্গে ক্ষ্মজাবাদের পশ্চিমপ্রান্তে গুপ্তার্ঘাটে উপস্থিত হইলাম। এই ঘাটের শাস্ত্রীয় নাম গোপ্রাস্তর। অযোধ্যা হইতে প্রায় ছই ক্রোশ অস্তরে সরষ্ব তীরে এই ঘাট অবস্থিত। ঘাটেটী স্বৃদ্ধ প্রস্তর নির্দ্মিত বড়ই স্থলর। ঘাটের উপরে স্থলক কার্মকার্য্য সমন্বিত ক্ষেক্টী মন্দির তাহাতে রামনীতা প্রতিষ্ঠিত রহিয়াছেন। ভাল ভাল ভজনানন্দী সাধু মহাত্মারা আসিয়া এই স্থানে নির্জ্জন বাস করেন। সাধন-ভজনের জন্ম এইস্থান বড়ই উপযোগী। ঘাটের উপরে বসিয়া সরষ্ দর্শন করিতে লাগিলাম। কত কথা মনে আসিতে লাগিল। এক সময়ে ভগবান প্রীরামচন্দ্রের মর্ত্ত্যলীলা এইস্থানেই অবসান হয়—সেই সময়ের দারুণ মর্ম্মভেদী ঘটনা সকল প্রাণে উদয় হওয়ায় আমার শরীর মন শিথিল হইয়া আসিল। আহা! সর্ক্রনিয়ন্তা স্বয়ং ভগবানও নিয়তিকে অতিক্রম করেন না। স্বেচ্ছাক্টতবিধানে স্বয়ং আবদ্ধ হইয়া সংসারের অশেষ ষত্ত্বণা সাধারণ লোকের মতই

শুন্তার ঘাট



ভোগ করেন। শুনিয়াছি বিধিব বিধানামুসারে ক্রুবকর্মা কালপুরুষ ভগবান বন্ধাকর্তৃক দৃতরূপে প্রেরিত হইয়া শ্রীরামচন্দ্রের নিকটে উপস্থিত হইলেন এবং শ্রীরামকে বলিলেন—"বিশেষ প্রয়োজনীয় একটা বিষয় বলিবার জন্ম আমি আপনার নিকটে আদিয়াছি। আমাদের কথোপকথনকালে বদি কোন ব্যক্তি আমাদের নিকটে উপস্থিত হয়েন,তাহা হইলে তিনি আপনার বধ্য হইবেন; ইহা আপনি অঙ্গীকার করিলে আমার বক্তব্য বিষয় আপনাকে বলিতে পারি।" কালপুরুষকে ঋষি-প্রেরিত দৃত জানিয়া শ্রীরামচন্দ্র তাঁহার কথায় সম্মত হইলেন এবং চিরাস্থগত দূঢ়কর্মা লম্মণকে দাররক্ষার্থে নিযুক্ত ক্রিয়া নির্জ্ञন স্থলে কালপুরুষের কথা শুনিতে লাগিলেন। এই সময়ে অকমাৎ অমোগতেজা গবি তুর্কাদা ল্মাণের নিকট উপস্থিত হইয়া বলিলেন—"আমার কোন বিশেষ প্রয়োজনে এখনই আমি জীবামচন্দ্রের সহিত সাক্ষাৎ করিতে চাই।" লক্ষণ বলিলেন—"ভগবান। আপনার যাহা প্রয়োজন দয়া করিয়া আমাকে আদেশ কন্ধন আমি এখনই তাহা সম্পন্ন করিয়া দিতেছি। হুর্বাসা বলিলেন— "ওহে। না কিছুতেই তাহা তোমা দারা হবে না—আমি রামকেই চাই। यদি তুমি রামের নিকট যাইতে আমাকে বাধা দেও, আজ এখনই শ্রীরাম সহিত সমন্ত অযোধ্যা দশ্ধ করিয়া চলিয়া যাইব, নিশ্চয় জানিও।" লক্ষ্মণ বিষম সঙ্কটে পড়িলেন, ভাবিলেন—ঋষিকে যদি শ্রীরামচন্দ্রের নিকটে যাইতে বাধা দেই- এথনই তিনি সমস্ত অযোধ্যা ধ্বংস করিবেন, আর আমি যদি ঋষির আগমন সংবাদ শ্রীবামকে দেই, আমিই মাত্র বধ্য হইব। স্থতরাং তাহাই করা সন্থত। ঋষির কথা বলিবার জন্ম লক্ষ্মণ প্ৰীবামের নিকটে উপস্থিত হইলেন—কালপুক্ষ "দিদ্ধকাম হইলাম" বৃঝিয়া তৎক্ষণাৎ চলিয়া গেলেন। বামচন্দ্র ঋষির নিকটে কর্ষোড়ে উপস্থিত হুইয়া বলিলেন—"ভগবান্। আপনার বিশেষ প্রয়েজনীয় কি বিষয় আমাকে দম্পন্ন করিতে হইবে আদেশ করুন ৷ ঋষি বলিলেন—আমি পেট ভরে থাব বহুকাল অনশনে আছি--আমাকে থাওয়াও। শ্রীরামচন্দ্র প্রবিকে পরিতৃপ্ত করিয়া ভোজন করাইলেন। এই সামান্ত বিষয় লক্ষণ হারা স্বসম্পন্ন হইবে না; রামকেই চাই — ক্ষির এই প্রকার জেদ শুধু নিয়তিবশেই হইয়াছে বুঝিয়া শ্রীরাম লম্মণকে অতিশয় শোকসম্বপ্তহাদয়ে বলিলেন—"আপনার জনের পক্ষে ত্যাগ বা বধ উভয়ই দাধুগণের চক্ষে দমান। দত্যরক্ষার্থে অছ আমি তোমাকে বর্জন ক্রিলাম।" প্রীরামের একাস্ত ভক্ত লক্ষণ রামশৃত্য জীবন রুখা মনে করিয়া সরযুতে ঝাঁপ দিলেন। সর্যু উজান বহিয়। লক্ষণকে এইস্থানে লইয়া আসিলেন—লক্ষণ "জয় রাম" "জয় রাম" বলিতে বলিতে এইস্থানেই অন্তর্ধান হইলেন। প্রাণের ভাই লক্ষ্মণ "রাম রাম" বলিয়া সরষ্তে দেহ বিস্জ্ঞান করিয়াছেন শুনিয়া শ্রীরামচন্দ্র শোকে অধীর হইয়া পড়িলেন এবং লক্ষণেরই অমুগমন করিবেন স্থির করিলেন। ইহার পর অচিরেই রামচন্দ্র সরযুতে উপস্থিত হইলেন। তথন অষোধ্যাবাসী জনমানৰ প্র পক্ষী সকলেই "হা রাম" "হা রাম" বলিতে বলিতে শ্রীরামচন্দ্রের পন্চাৎ পন্চাৎ চলিলেন। "প্রাণারাম বামকে ছাড়িয়া কি প্রকারে আমরা দেহ ধারণ করিব" ভাবিয়া তাঁহারা অস্থির হইয়া পড়িলেন এবং প্রীরামের সঙ্গেই মর্ত্ত্যধাম ত্যাগ করিবেন সঙ্গল করিলেন। তথন ভক্তবংসল রামচক্র সমস্ত অবোধ্যা-


বাদীদের লইয়া এইস্থানেই সরষ্র অতল জলে চিরতরে অদৃশ্য হইলেন। সেই সময়ের দৃশ্য ভাবিতে ভাবিতে প্রাণ কাঁদিয়া উঠিল। শোকাভিভূত অবস্থায় কতক্ষণ ঘাটে পড়িয়া রহিলাম, পরে সন্ধার পরে জালিম সিংহের সহিত বাদায় আদিলাম।

ভীষণ স্বপ্ন—মাতার প্রতি অত্যাচার।

শেষ বাজিতে অতি ভয়ন্বর যন্ত্রণাদায়ক একটা স্বপ্ন দেখিয়া কাঁদিতে কাঁদিতে জাগিয়া পড়িলাম।
কত প্রকার উদ্বেগই মনে আদিতেছে—হায়! মা আমার পরম সৌভাগ্যবতী হইয়াও আমা হারা
অভাগিনী হইয়াছেন। মার এক পলকের প্রেহদৃষ্টির ধার—শত শত জয়েও
১০ই বৈশাব। কণিকামাত্র শোধ করা যায় না। হায়, আমি সেই স্বেহময়ী মাকে চিনিলাম
না! গত রাত্রে মার প্রতি যে ভয়ন্বর নিষ্ঠ্র ব্যবহার করিয়াছি—মনে
হইলে হাদয় বিদীর্ণ হইয়া যায়। স্মরণ-ক্রেশকর ভীষণ স্বপ্রের স্মৃতি চিরকালের জন্ম বিলুপ্ত হইয়া যায়—
ঠাকুরের শ্রীচরণে ইহাই প্রার্থনা। এই অভিপ্রায়েই ডায়েরীর এই স্থলে স্বপ্র বিবরণ আর লিগিলাম
না। সাক্ষাৎ সম্বন্ধে ঠাকুরকে এই 'স্বপ্ন' বৃত্রান্ত বিলায়িত বলিয়া এই প্রকার স্বপ্রের তাৎপর্য্য কি,
জিজ্ঞাসা করিবার ইচ্ছা রহিল। ফয়জাবাদ আমার নিকট শ্রশান হইল—এখন যত শীঘ্র হয় এই স্থান
ভাগেক বিরিতে পারিলে বাঁচি।

হরিদারে হরগোরীর অনুপ্রম জ্যোতিঃদর্শন।

ফয়ন্দাবাদে আর এক মুহুর্ত্তও থাকিতে ইচ্ছা হইল না। পাহাড়ে যাইতে প্রাণ অন্থির হইয়া উঠিল।
যথাসময়ে ষ্টেশনে যাইয়া হরিদার যাত্রা করিলাম। পরদিন প্রত্যুষে লাকসার ষ্টেশনে উপস্থিত হইয়া
গাড়ী পরিবর্ত্তন করিতে হইল। তু'এক ষ্টেশন অগ্রসর হইয়াই হরিদারে
১৬ই বৈশাথ। পাহাড় দেখিতে পাইলাম। দেবাদিদেব মহাদেব ভাবে বিভার হইয়া
অহনিশি চুলুচুল্ অবস্থায় এই পাহাড়েই নাকি উন্মন্তবং বিচরণ করিতেন।
পরমারাধ্যা ভগবতী পার্ব্বতী স্বামীরূপে মহাদেবকে লাভ করিবার জন্ম এই পাহাড়েই কঠোর তপস্থা
করিয়াছিলেন। আমি একান্তপ্রাণে সদ্গুকরূপী সদাশিবকে স্মরণ করিয়া পুন:পুন: প্রণাম করিতে
লাগিলাম। প্রাণ আমার কাঁদিয়া উঠিল। আমি হরপার্ব্বতীর দর্শনাকাজ্ঞায় আকুলপ্রাণে পাহাড়ের
দিকে তাকাইয়া রহিলাম। জালাপুর প্রভিয়া নীল পর্বতের উচ্চ শৃঙ্গ সকল স্ক্রপ্তই দেখিতে
পাইলাম। উহাতে অসংখ্য খেত ও নীল জ্যোভি: ক্ষণপ্রভার ক্রায় ঝিকি-মিকি করিয়া তন্মহুর্ত্তেই
লয় পাইতেছে দেখিলাম। এই জ্যোতির্ম্বর বিন্দুসকল কথনও খণ্ডাকারে কথনও বা একাধারে
মিলিত হইয়া অপুর্বজ্যোতিঃ বিকীর্ণ করিতে লাগিল। দেখিতে দেখিতে হরিদার ষ্টেশনে



এমাকুও



१ विदे

আমি নতশিরে নিম্নদিকে দৃষ্টি রাধিয়া সহরের দিকে অগ্রসর হইতে লাগিলাম। স্বচ্ছভূমির অভ্যন্তর হইতে স্বর্ণবর্ণ অত্যুজ্জন জ্যোতির্কিম্বসকল বিবিধ আবর্ণ্ডে ফুটিয়া উঠিয়া চতুর্দ্দিক্ আলোকিত করিতেচে দেখিতে পাইলাম।

মহামায়া ভগবতীর অহপম রূপের ছটা মনে করিয়া বারংবার উহাকে নমস্কার করিতে লাগিলাম।
চিত্ত আমার প্রফুল্ল হইয়া উঠিল। আমি ধীরে ধীরে গলাতীরে ব্রহ্মকুণ্ডের ঘাটে উপস্থিত হইলাম।
মা যোগমায়ার অস্থি গলাজলে এই কুণ্ডেই সমাহিত হইয়াছিল মনে পড়িল। এখানে সানাহ্নিক
স্মাপনাস্তে ঘাটের উপরে একখানা কুটারে বিদিয়া স্থিরভাবে নাম করিতে লাগিলাম।

জলদান ব্ৰত।

বেলা প্রায় তৃইটার সময়ে 'কোথায় থাকিব' মনে হওয়ায় অন্থির হইয়া পড়িলাম। অমনি ঝোলাঝুলি একটা মৃটিয়ার মাথায় তুলিয়া কনখলে রামপ্রকাশ মহাস্কের আশ্রমে চলিলাম। দাকণ রৌদ্রে উত্তপ্ত ধূলাবালির উপর দিয়া কিছুক্ষণ নয়পদে চলিয়া অত্যস্ত ক্লেশ হইতে লাগিল, পা আমার পুড়িয়া যাইতে লাগিল। এ সময়ে কোথায় যাই, কোন্ স্থানে গিয়ে দাঁড়াই ভাবিতে লাগিলাম। কিছুল্র চলিয়া দেখি—রাস্তার বামদিকে একটা আশ্রমের ঘারে গৈরিকধারী বৃদ্ধ একজন সয়াসী জলদান করিবার জন্ত বিস্থা আছেন। বরফতুলা স্থাতিল জল কয়েকটা জালা ভরিয়া রাথিয়াছেন। প্রাস্ত পথিকদের দেখিলেই তাহাদের ডাকিয়া জল প্রদান করেন এবং শীতল বৃক্ষতলে বিস্থা বিশ্রাম করিতে অমুরোধ করেন। বেলা এগারটা হইতে চারিটা পর্যান্ত সাধুর ইহাই কার্যা। সয়্যাসীর কার্যা দেখিয়া বড়ই আনন্দ হইল। পিপাসার্ত্ত পথিকেরা প্রচণ্ড রৌদ্রে কাতর হইয়া যথন এই স্থানে আদিয়া উপস্থিত হয়েন এবং বড় বৃক্ষের শীতল ছায়ায় বসিয়া জলপানে ঠাওা হয়েন, তখন ডাঁহারা কেমন তৃথিলাভ করেন ভাবিতে লাগিলাম। মনে হইল সাধুর এই কার্যা পরমধর্ম। যিনি শত শত পিপাসার্ত্তকে স্থাতল জলদানে পরিভ্ত করিতেছেন, ভগবান তাহার কার্য্যে যে আনন্দ লাভ করেন, কঠোর তপস্থা ব্রত নিয়ম যাগ যজাদিতে কর্যনও তেমন সম্ভোষলাভ করেন না। সদাচারম্রই নিতান্ত ত্রাচার কোন ব্যক্তি যদি গুরু এই জলদান ব্রতই অবলম্বন করেন, ভগবানের প্রসম্বতা লাভ করিয়া তিনি নিশ্চয়ই মৃক্তিপদ প্রাপ্ত হয়েন।

সন্ন্যাসীর পদ্ধৃতি লইয়া ছবিদারে আমার আদার উদ্দেশ্য জানাইলাম। তিনি থুব সম্ভটির সহিত আমীর্বাদ করিয়া বলিলেন — নিশ্চয় তোমার স্থবিধা হইবে। তগবান সদিচ্ছা পূর্ণ করেন।

রামপ্রকাশ মহান্তের আশ্রেয় গ্রহণঃ

মক্ষিকার উৎপাতে রক্ষা।

সাধুর নিকট হইতে বাহির হইয়া আমি রামপ্রকাশ মহাস্তের আশ্রমে গিয়া উপস্থিত হইলাম। দ্বারে একটা লোককে দেখিয়া জিজ্ঞাসা করিলাম—স্বামিজী ? আমি রামপ্রকাশ মহাস্তেকক

দেখা করিতে চাই, তিনি কোথায় ? তিনি বলিলেন—"আপনার কি প্রয়োজন বলুন—আমিই রামপ্রকাশ মহাস্ত।" আমি তাঁহাকে নমস্কার করিয়া হরিদারে আমার আদিবার কারণ পরিজার করিয়া বলিলাম এবং যতদিন পাহাড়ে থাকার স্বিধা না হয় এই আশ্রমেই থাকিতে পারিব কি না জিজ্ঞাসা করিলাম। তিনি আমাকে খুব আদর করিয়া থাকিবার অস্মতি দিলেন এবং শিশুদের ভাকিয়া আমাকে দোতালায় লইয়া যাইতে বলিলেন। আমি আরও আদর পাওয়ার মানদে মহাস্তের পরিচিত আমার একটী বন্ধুর কথা বলিয়া তাহার একথানা অন্থ্রোধ-পত্র মহান্তের হাতে দিলাম। তিনি একটু দেখিয়া পত্ৰধানা ছি'ড়িয়া ফেলিয়া বলিলেন—"একে আমি চিনি না। এখানে কত বান্ধালী আদেন যায়েন। বাপ মা ছাড়িয়া তাদের শ্বরণ করিতে তো আমি সাধু হই নাই; আপনি আমার নিকটে আসিয়াছেন এখন আপনাকেই আমি চিনি। আপনি অতিথি আমার দেবতা— এধানে চিঠিপত্তের প্রয়োজন হয় না—আপনি এদের দঙ্গে চলুন।" আমি মহাস্তের শিশুগণের সঙ্গে দকে চলিলাম। মহাস্তও পশ্চাৎ পশ্চাৎ আদিতে লাগিলেন। উপরে উঠিয়া দি ডির নিকট উপস্থিত হওয়ামাত্র ঝাঁকে অনংখ্য মৌমাছি আসিয়া পড়িল। আমার অগ্রগামী কয়জন সাধু সি'ড়ি দিয়া উঠিতে উঠিতে আমাকে চীৎকার করিয়া "শীঘ্র আফ্রন, শীঘ্র আফ্রন" বলিতে লাগিল। সিঁড়িতে পা না দিতেই মক্ষিকারা আমাকে ঘিরিয়া ফেলিল এবং ভন্ ভন্ করিয়া আমার অনাবৃত অঙ্গের সর্বত্ত পড়িতে আরম্ভ করিল। আমি নিরুপায় দেখিয়া স্থির হইয়া দাঁড়াইয়া বহিলাম এবং ঠাকুরকে শ্বরণ করিতে লাগিলাম। মহাস্ত আমাকে ধাকা দিয়া একপাশে সরাইয়া উপরে উঠিয়া পড়িলেন। আমিও ধীরে ধীরে উপরে উঠিলাম। ঘরের ভিতর প্রবেশ করিয়া দেখি—মহান্ত এবং তাঁহার হুই তিনটা শিশু মেজেতে পড়িয়া আহা, উহু, গেলাম, মলাম করিতেছেন; প্রত্যেককে অস্ততঃ ১৫।২০টী স্থানে মিকিকা দংশন করিয়াছে। আমার হাতের চাপে পড়িয়া একটা মক্ষিকা আমাকে সামাগ্র দংশন করিয়াছে বটে, কিন্তু অসংখ্য মৌমাছি সেই সময় গায়ে পড়িয়া উড়িয়া যাইতে লাগিল। দংশন স্থানেও ৪।৫ মিনিটের অধিক সময় বেদ্না বহিল না। ইহা পরিষ্কার গুরুদেবের রুপা ব্যতীত আর কি বলিব ? এই ঘটনায় মহান্ত ও তাঁহার শিয়গণ আমাকে শক্তিশালী সিদ্ধপুরুষ ঠাওরাইয়া লইলেন। মন্দ নয়! "ঝড়ে কাক মরে, ফকিরের কেরামত বাড়ে" -- प रा जाराहे रहेन।

রামপ্রকাশ মহান্ত আমাকে থ্ব আদর যত্ত করিলেন। তাঁর থাকার পাশের ঘরে আমাকে আসন করিতে বলিলেন। চণ্ডী পাহাড় অথবা ভন্নিকটবর্ত্তী যে কোন স্থানে আমার থাকার স্থব্যহা করিয়া দিবেন স্বীকার করিলেন। আগামী কল্য চণ্ডী পাহাড়ে যাইয়া স্থান দেখিয়া আদিব স্থির করিলাম। মহান্ত তাঁহার একটা শিশুকে আমার সহিত যাইতে আদেশ করিলেন। রাত্রিটি কোন প্রকারে কাটাইলাম। মোটা মোটা কটি লুণ ও লঙ্কা দিয়া আহার হইল। উহাদের রশুন দেওয়া ডাল আমি থাইতে পারিলাম না।

চণ্ডী পাহাড়ে যাতাঃ গঙ্গার বন্ধন।

শ্রীযুক্ত রামপ্রকাশ মহাত্তের আশ্রমে থাকিয়া আমার মন অভির হইয়া উঠিল। নিত্যকর্ম করিবার কোন প্রকার স্থবিধাই এই স্থানে নাই। মহাস্তজীর একটা শিশ্তকে সঙ্গে লইয়া চণ্ডী পাহাড়ে রওয়ানা হইলাম। কনথল ও হরিদারের মধাবর্তী একটী স্থানে ১৮ই—৩০শে বৈশাথ, উপস্থিত হইয়া দেখিলাম-গঙ্গার অপর পার পর্যাস্ত একটা পোল ১००० मान्। বহিয়াছে। লোকে এই পোলকে 'দাম' বলে। সরকার বাহাত্র গন্ধাৰক্ষে কতকগুলি স্থন্দর প্রস্তরময় থাম (পিলার) প্রস্তুত করিয়া তাহার মধ্যে লৌহ কপাট বদাইয়াছেন। এই কপাট বন্ধ করিয়া গঙ্গার জল দাম সংলগ্ন একটা বিস্তৃত কাটা থাল দিয়া চালাইয়া দেন। খাল পরিপূর্ণ করিয়া ষেটুকু জল থাকে, তাহাই মাত্র গন্ধার স্বাভাবিক পথে প্রবাহিত হয়। তাহা অতি সামান্ত ৮।১০ হাত প্রস্থ ও ২।৩ হাত গভীর হইতে পারে। গলার হুদিশা দেথিয়া প্রাণে বড়ই আঘাত পাইলাম। অন্তর ধেন ফাটিয়া যাইতে লাগিল। এক সময়ে যাহা কেহ কল্পনাও করিতে পারে নাই, ঋষিদের দেই ভবিশ্তৎ বাণী মনে পড়িল—"ক্চিৎ চিল্লা ক্চিৎ ভিন্না যদা স্ব্রত্যঞ্জিনী। তবিশ্বতি মহাপ্রাজে, তদৈব প্রবলা কলি:।" আমি চক্ষের জল রাথিতে পারিলাম না, কাঁদিতে কাঁদিতে মা গঙ্গাকে বলিলাম—পতিতোদ্ধারিণি আনন্দদায়িনী মা! যদি ভগবান গুরুদেব আমাকে কথনও ষড়েখগালী করেন, তাহা হইলে দর্বপ্রথমে সেই শক্তি তোমার বন্ধন ছিন্ন ক্রিতে প্রয়োগ করিব। যতদিন তাহা না হয়, ততদিন যেন তোমার বন্ধন-শেল আমার वृद्ध विश्व थाकिया आभादक मांक्ष यञ्चणा अमान कदत ।

তপস্থার স্থান নির্দেশ।

দাম পার হইয়। চড়ায় পৌছিয়া দেখি চণ্ডীর রান্তার বামপার্থে গলার উপরে একটা স্থানর আশ্রম। তথায় প্রকাণ্ড বটবৃক্ষতলে একথানা পর্ণকৃটীর তাহাতে প্রটা সাধু বাস করেন। সাধুর নাম আত্মানন্দ, তিনি আমাদিগকে খুব আগ্রহের সহিত আহ্মান করিতে লাগিলেন। আমরা আশ্রমে প্রবেশ করিয়া বটবৃক্ষমৃলে বসিলাম। স্থানের সৌন্ধ্য দেখিয়া অবাক হইয়া রহিলাম। আশ্রমের নীচে পশ্চিমদিকে শ্বছ্রসলিলা পতিতপাবনী গলা কল কল ধ্বনিতে প্রবাহিত হইতেছেন। গলার পাড়ে মায়াপুরী হরিলার, তৎপশ্চাৎ বিলকতীর্থ শোভিত মনোরম বিলকেশ্বর পাহাড়। উত্তরে গলার বিস্তৃত চড়া তৎপরে হিমালয়ের ক্রমোলত পর্বতন্তেশী আকাশ ভেদ করিয়া উর্দ্ধে উথিত হইয়াছে। পূর্ব্বদিকে আশ্রমের অনতিদ্বে গলার নির্মাল নীল ধারা—তত্পরি নীল সরস্বতীর আবির্ভাব স্থল নয়নরঞ্জন নীল পর্বত উচ্চ উচ্চ শৃক্ষমৃহহে শোভামান। ইহার সর্ব্বোচ্চ শৃক্ষে প্রতিণ্ডী পাহাড়' বলে।


আমার ভাগবত প্রন্থে পাহাড়ের যে চিত্র পড়িয়াছিল—এই স্থান হইতে পাহাড়ের দৃখ্য অবিকল

সেই প্রকার। পাহাড়ের মনোমুগ্ধকর রূপ দর্শনে ঠাকুরের রূপ উজ্জ্বন্ধপে জাগিয়া উঠিল। কিছুক্ষণ চোথ আব ফিরাইতে পারিলাম না, স্থির হইয়া বদিয়া রহিলাম। নামটা জীবস্তশক্তিরূপে আপনা-আপনি বাহির হইতে লাগিল। কতক্ষণ যেন অভিভূত হইয়া রহিলাম। পরে মহান্তের শিশু সহিত চণ্ডী পাহাড়ে যাত্রা করিলাম। ফিরিবার সময়ে আবার আশ্রম হইয়া যাইতে আত্মানন্দ জেদ করিয়া বলিলেন। আমি স্বীকার করিলাম। ভজনের অহুক্ল এমন একটা স্থান ইতঃপূর্বের আর কথনও দেখি নাই—স্থানটী ছাড়িয়া যাইতে কট্ট হইতে লাগিল।

আশ্রম হইতে পাহাড়টি দেখিয়া মনে হই সাছিল ৫।৭ মিনিট অস্তর; কিন্তু চলিতে চলিতে বৃক্ষিলাম আর্দ্ধ ক্রোশের কম নয়। চণ্ডী পাহাড়ে উঠিতে লাগিলাম। রান্তা অতি হুর্গম। উভয় পার্শে নিবিড় অরণ্য। শুনিলাম তাহাতে অসংখ্য হিংম্র জন্তর বাস। স্থানে স্থানে সংকীর্ণ পথের সংলগ্ন ভয়কর গভীর অন্ধকার গহরর। একটু পদস্থলন হইলেই কোন্ অতলতলে গিয়া পড়িব জানি না। এক সময়ে জিমনাশ্টিক ভাল অভ্যন্ত ছিল বলিয়া পাহাড়ে উঠিতে কই হইল না।

চণ্ডী পাহাড়ের সর্ব্বোচ্চ শৃক্ষে মা চণ্ডীর মন্দিরের সমুথে উপস্থিত হইলাম। দেথিলাম বহু দর্শনার্থী পাহাড়টীকে পরিপূর্ব করিয়া আছে। মায়ের পূজা দিরা অনেকে চলিয়া যাইতেছে। আমিও মাকে সাষ্টাঙ্গ প্রণাম করিয়া আশ্রমে রওয়ানা হইলাম। নীচে নামিয়া পাহাঁড়ের পাদদেশে নর-মাংদাশী সিদ্ধ অঘোরী কামরাজের আশ্রম দেখিলাম। আশ্রমটী একেবারে নির্জ্জন। সমস্ত পাহাড়ে একটাও লোকালয় নাই। ব্যাঘ্র ভল্লুক সমাকীর্ণ এই মহাবনে একাকী বাস সহজ শক্তির পরিচয় নয়।

নীলধারা পার হইয়া দামপাড় আত্রমে উপস্থিত হইলাম। আত্রানন্দ ব্রদ্ধারী আমার হরিবারে আশার অভিপ্রায় অবগত হইয়া এই আত্রমে বে কোন স্থানে একখানা কূটার করিয়া আমাকে থাকিতে বলিলেন। চণ্ডী পাহাড়ে থাকা সহজ্ঞ্যাধ্য নয় তাহাও বুঝাইয়া দিলেন। চণ্ডী পাহাড়ে ভন্ধন কূটার করিয়া থাকা একেবারে অসম্ভব। চতুর্দিকে নানাপ্রকার হিংল্র জন্তুর বাস, আর ওখান হইতে ভিক্ষা করারও নিতান্ত অস্থ্রিধা। প্রায় দেড় ক্রোশ পথ আদিয়া হরিবার বা কনথলে ভিক্ষা করিতে হইবে। তারপর বর্ধার সময়ে নীলধারা পার হওয়ার উপায় নাই। বর্ধার পূর্কেই ৩৪ মাসের আহার সংগ্রহ করিয়া রাধিতে হইবে। কোন আপদ্-বিপদ ঘটিলে সব অন্ধকার— একটা জনপ্রাণীও চক্ষে দেখা যাইবে না। আত্মানন্দের কথা শুনিয়া বুঝিলাম চণ্ডী পাহাড়ে আমার বর্ত্তমান অবস্থায় থাকা অসম্ভব। আত্মানন্দ আমাকে বলিলেন—দাদা! ভূমি এখানে থাকিয়া নিশ্চিন্ত হইয়া ভজন কর। আমি ভিক্ষা করিয়া তোমাকৈ খাওয়াইব এবং সর্কাদা তোমার প্রয়োজনের দিকে দৃষ্টি রাখিব। আমিও দেখিতেছি—এই স্থান হইতে আমার কোথাও যাইতে ইছা হয় না। ভজনের অমুকুল এমন একটা স্থান জীবনে কোথাও দেখি নাই। ভাবিলাম— আদিবার সময় ঠাকুর যাহা বলিয়া দিয়াছেন তাহাতে এমন কিছু বুঝায় না যে চণ্ডী পাহাড়েই





দামপাড় আশ্রম

श्रृकी ১১

আমাকে থাকিতে হইবে। তিনি বলিয়াছিলেন—এক্নপ পাহাড় যেথানে দেথ্বে সেইখানেই আসন কর্বে। চণ্ডী পাহাড় এক এক স্থান হইতে এক এক প্রকার দেখায়, কিন্তু এখান হইতে পাহাড়ের দৃখ্য ভাগবতের চিত্রের অহক্ষণ; স্থতরাং এই স্থানে থাকাই বোধ হয় ঠাকুরের ইচ্ছা।

আত্মানন্দ বিশেষ আগ্রহের দহিত এই আশ্রমে দম্প্রতি তাঁহার কুটারেই আমাকে থাকিতে বলিলেন। আমি তাঁহার কথায় দমত হইয়া রামপ্রকাশ মহান্তের আশ্রমে রওয়ানা হইলাম। দামপাড়ে থাকিব মনে করিয়া চিত্ত প্রফুল্ল হইয়া উঠিল। দকল রকমেই এই স্থান স্থবিধাজনক। আমি দদ্যিতিকে দক্ষে লইয়া রামপ্রকাশ মহান্তের আশ্রমে উপস্থিত হইলাম। মহান্ত আমার মুখে দামপাড় ও পাহাড়ের দমন্ত কথা শুনিয়া আমাকে দামপাড়ে থাকিতেই বলিলেন। সহজে সহরের দর্বপ্রকার স্থবিধা পাওয়া যায়, ভদ্ধনের এমন একাস্ত নির্জ্জন স্থান দামপাড়ের মত আর নাই। মহান্তের অভিপ্রায় জ্ঞাত হইয়া কলাই দামপাড়ে যাইব স্থির করিলাম।

ভজন-কৃটীর প্রস্তুত।

পাঁচ ছয় দিন দামপাড়ে আদিয়াছি। ঘর একখানা প্রস্তুত করাইতে আত্মানন্দকে বিশুর ধোনাম্দি করিতেছি—আত্মানন্দও খুব চেষ্টা করিতেছে—কিন্তু আমার অদৃষ্টদোষে মজুর জ্টিতেছে না। হরিদার বা কনখন হইতে কেহ দামপাড়ে আদিতে চায় না। আত্মানন্দের ঘরে একপাশে আদন করিয়া আছি—ঘরখানা খুব ছোট, নানা বস্তুতে পরিপূর্ণ। অবিশ্রান্ত প্রবন্ধ বাতাস ও প্রচণ্ড রোদ্রের জন্ম বাহিরে বদা যায় না। বটগাছের নীচে বদিতে খুব আরাম, কিন্তু চণ্ডী দর্শনার্থী যাত্রীরা যাত্যয়াতের সময় বেলা প্রায় তিনটা পর্যন্ত দলে দলে আদিয়া এই গাছের তলায় বিশ্রাম করেন। আত্মানন্দ তাহাদের তামাক জল দিয়া দেবা করেন—তাহারাও ঘৃণ্টার পয়দা দেওয়াতে আত্মানন্দের বেশ স্ববিধা হয়। কিন্তু আমার বড়ই অস্থবিধা হইতে লাগিল। নিত্যকর্ম বন্ধ হওয়ায় আমার মনের ও শরীরের স্থুখ নাই। বিষম বিরক্তি ও যন্ত্রণা হইতে লাগিল। শরীরও ক্রমশঃ কাতর হইয়া পড়িল।

সপ্তম দিন ভোরবেলা নিত্যকর্ম্মের স্থবিধা করিতে না পারায় এতই কট্ট হইল যে ঠাকুরকে স্মরণ করিয়া কাঁদিয়া ফেলিলাম। বাললাম—গুরুদেব! এবার নিরুপায় হইয়া তোমার দিকে তাকাইতেছি— ঘরের ব্যবস্থা করিয়া না দিলে এই ক্লেশ আমি সহু করিতে পারিব না—ঠাকুর! ঘরের ব্যবস্থা করিয়া দেও নাহলে আমি আবার তোমারই নিকটে উপস্থিত হইব। নিজের চেষ্টায় কিছুই হইবে না পরিকার বুঝিলাম।

আশ্চর্য্য গুরুদেবের দয়া। দকালবেলা শৌচাস্তে স্নান করিয়া আশ্রমে আদিয়া দেখি ক্যানেলের ম্যানেজার বাবু মজুর লইয়া আশ্রমে উপস্থিত হইয়াছেন। আত্মানন্দ কথায় কথায় তাঁহাকে একদিন বলিয়াছিলেন—একটী ব্রস্কচারীর ঘরের অভাবে বড়ই কট্ট হইতেছে—মজুর জুটিতেছে না। এই কথা . .

The wastern and the contraction of the contraction

famig femniem meinigte jem in

 $c=m\,\sigma^{+}\,c$, or σ_{m} , with the following the second constant σ and σ and σ and σ and σ and σ and σ

many that to the to the total and the mention of the trat The to the same and a safet of a first add age to state a to took Nes - 4, 65 1 - 4+ 40 6,4 - 1 60 110 6-05 0 4 1 + 4-05 61 00 e m m to glas a min weare grig and mate nomme and and alle et y ffet a . alle tate et e it en eret et à trit a rattre : cem C 17 * 1. 29 x 4 . 2 471 \$1* 1 5x 1 5x 1 5x 1 5x 4 6 4 4 5 4 5 5 4 5 As or even a same a week and the same of a same a same of the ter and comments and collings after the species aged an extent 0 21 42 4 23 2 2 9 9 9 9 2 1 0 9 0 91 1 0 21 0 120 2 1 10 1 इक्ता के कुन्यक अ. म. का नहीं और मां एक का पूर्व के माहत्व के हह अवसे प्राप्त क \$2.5 4.4 4.4 62 1.70 00, 50 01 001 001 001 001

 শ্ববণ হওয়ায় ম্যানেজার বারু আজ ৬টা মজুর লইয়া আসিয়াছেন। আত্মানন্দ মজুরদিগকে আমার পছন্দ মত ঘর প্রস্তুত করিতে নিযুক্ত করিলেন। আত্মানন্দের একান্ত ইচ্ছা ছিল তাহার কুটারের সন্মুখে আমার ঘর করি। কিন্ত তাহাতে ভজনের বহু বিল্ল ঘটিবে বুঝিয়া প্রায় ১৫০ হাত তফাতে স্থান নির্দেশ করিলাম। একটা পুরান ঝাপড়া শিংশপা বৃক্ষের মূলে কুটার আরম্ভ হইল। আনন্দে চিত্ত প্রফুল্ল হইয়া উঠিল।

ঘরধানা মুই তিন দিনের মধ্যেই হইয়া গেল। আমার বড়ই পছল মত হইয়াছে। কুটারধানা ৬ ফুট প্রস্থ ও ৮ ফুট দীর্ঘ করিয়াছি। আসনে বসিলে সমুখে হিমালয় পর্বত, বামে অর্ধ-মিনিট অস্তরে গলা ও মায়াপুরী, দক্ষিণে নীলধারার উপরে বিশাল নীলগিরি—দেখিতে বড়ই মনোরম। যেদিকে তাকান যায় চোথ আর ফিরাইতে ইচ্ছা হয় না। উত্তরাভিমুধে আসন করিয়া সামনে হোমকুগু করা হইল। আত্মানন্দের অস্থমতি লইয়া ভজন-কুটারে প্রবেশ করিলাম এবং ফুটান্ অস্থসারে উৎসাহের সহিত সাধন ভজন করিতে লাগিলাম।

ভিক্ষায় বিপদাশক্ষা — মহামায়ার খেলা।

দামপাড়ে আসিয়া সাত দিন আয়ানন্দের কুটারে রহিলাম। আমি ভিক্ষা করিব শুনিয়া আত্মানন্দ খুব ত্ঃথ করিয়া বলিলেন—দাদা! সেটি হবে না, ষতদিন আমার ঘরে থাকিবে আমার ষাহা জোটে তাহাই থাইবে। তোমার ঘর হইলে ভিক্ষা করিয়া থাইও। আমি আত্মানন্দের আশ্রয়ে আছি— তাই তাহার ইচ্ছার বিক্তমে ভেদ করা সঞ্চত মনে করিলাম না। আত্মানন্দ ৪।৫টা গরু পোষেন, প্রচ্ব হন্ধ হন্ধ—প্রতাহ আমাকে অর্জ সের হুধ দিতে লাগিলেন।

শতি প্রত্যবে সানাস্তে নিক্ত কুটারে আদন করিয়া বদিলাম। বেলা ওটা পর্যান্ত সাধনে পরমানন্দে কাটাইলাম। ভিন্দায় বাইতে প্রস্তুত হইরা আত্মানন্দেকে জানাইলাম। আত্মানন্দের নিকটে কয়েকটী দ্র্যাদী ছিলেন, তাঁহারা দকলেই আমাকে বলিলেন—হরিষারে বিস্তুর দদাব্রত ও ধর্মশালা আছে। মধ্যাছে আহারের দময়ে উপস্থিত হইলে ডাল-কটি পাওয়া বায়, কিন্তু কাঁচা ভিন্দা কেহ দেয় না, নিয়ম নাই। গৃহস্থেরা কাঁচা ভিন্দা—ডাল আটা দিয়া থাকে। অপরাহে অদময়ে আপনি কোথায় গিয়া ভিন্দা কর্বেন? আমি গৃহস্থ বাড়িতে ভিন্দা করিব শুনিয়া তাঁহারা দকলে হাদিয়া উঠিলেন এবং বলিলেন—তা হলেই হয়েছে? আপনি আর বাহা ইচ্ছা করুন, কিন্তু গৃহস্থদের বাড়ি কথনও ভিন্দায় বাবেন না। আমি বলিলাম—কেন, দর্ব্যব্রই ত গৃহস্থদের বাড়ি লোকে ভিন্দা করে? দয়্যাদীরা বলিলেন—তা আমরা জানি। দর্ব্যে তো এই মায়াপুরী নাই? এখানে যে মহামায়ার বিষম ধেলা! ব্রন্দার্যার করিতে হইলে কথনও এই বেশে গৃহস্থ বাড়িতে যাবেন না। মেয়েরা বড়ই উৎপাত করে। দাধু-সজ্জন, দিছপুরুষ ঘারা পুত্র উৎপাদন করিলে—দেই পুত্র সবল স্বস্থ সর্ব্ব-বিষয়ে গুণবান ও দীর্ঘজীবী হইবে—এদিকে কারো কারো এই বিশ্বাস, তাই তাহারা সাধুদের পাইলে

নানাপ্রকার প্রলোভন দেখাইয়া বাড়ির ভিতর লইয়া যায়—পশ্চাতে থাকিয়া কেহ বাহির হইতে দরজা বন্ধ করিয়া দেয়। পরে ধে প্রকারে হউক সাধুদের সর্বনাশ করে।

আমি। গৃহস্থদের বাড়িতে কি একটা বই মেয়েছেলে থাকে না ? তাদের কি কারো নিকট লজ্জা তয় নাই ? সয়াসীরা বলিলেন—মধ্যাহ আহারের পর পাণ্ডারা বাড়িতে থাকে না, যাত্রী ধরিতে যায়। তারপর অপকর্ম করিলেই লজ্জা ও অপমানের ভয়। কুপ্রবৃত্তি চরিতার্থ করিবার জন্ম কিছু ত তাহারা করে না। সাধু সজ্জন হারা পুল্ল উৎপাদন করাইলে বংশ উদ্ধার হইবে—ইহাই তাহাদের সংস্কার। সদ্বৃদ্ধিতে যাহা করে তাহাতে আর লজ্জা ভয় কি ? কৃতকার্য্য হইলে বরং তাহারা গৌরব মনে করে। বিনুমাত্র সংকাচ বোধ করে না। স্পিছাড়া এদের আচার-বাবহার।

জমপুরের মহারাজার গুরু বৃদ্ধ বন্ধানন্দ স্বামী বলিলেন—"নিরুপদ্রবে থাকিতে পারিলে বিপদের ভানে যাবেন কেন ? দেখুন, আমি অল বয়দে উপনয়নের পর দণ্ড লইয়া বাহির হই, কয়েক বৎসর নব্বীপে থাকিয়া টোলে অধ্যয়ন করি। পরে দেশ-ভ্রমণে কয়েক বংসর কাটাই। ১৮ বংসর ব্য়ংক্রম-কালে আমি হরিছারে আদি। ভগবানের কুপায় তখন আমার গুরু লাভ হয়। একটা নৈষ্টিক মহাত্মার নিকট আমি নৈষ্টিক ব্রন্ধচর্য্য গ্রহণ করিয়া ৪৯ বংসর পর্যান্ত তাঁহার আদেশমত সদাচার রক্ষা ক্রিয়া সাধন-ভল্জনে কাটাই। অদুমা উৎসাহ-উল্নে গুৰুর সঙ্গে নানাস্থানে থাকিয়া অথও এক্চর্ঘ্য-ব্রত প্রতিপালন করিয়া আমার নিজের উপরে অতিরিক্ত বিখাস হইল। আমি স্বাধীনভাবে চলিব স্থির ক্রিয়া গুরুর দঙ্গ ত্যাগ ক্রিলাম এবং পুনরায় হরিবারে আদিলাম। কিছুদিন আমি বেশ ছিলাম। পরে ভিক্ষার ব্যাপারে, স্ত্রীলোকের সংস্রব হেতু তাহাদের প্রলোভনে আমার বৃদ্ধিগুদ্ধি লোপ পাইল। বুদ্ধাবস্থায় ৫০ বংসর বয়সে আমি চিরকালের জন্ম ব্রহ্মচর্য্য রম্ম হারাইলাম। আমার সর্বনাশ হইল। ৩।৪ মাদ পর্যান্ত আমার ধেয়ালই হইল না-কি করিতেছি, পরে দর্কস্বান্ত হইয়া আমার হ'ন হইল। ত্থন নিতাস্ত নিৰুণায় হইয়া গুৰুব নিকটে উপস্থিত হইলাম। গুৰুদেব দয়া কবিয়া আমাকে প্ৰায়শিত क्वांहेश महाम बरु हिश हिलान। छाहे विन जीलांक्व अलांडनक महत्र छाविदन ना।" দ্ভীবামীর কথা শুনিয়া আমি অবাক হইলাম। মনে হইল—আবুশক্তির উপর নির্ভর করিয়া দন্তপূর্বক গুরুসক ত্যাগ করারই এই পরিণাম। আমি তুই ক্রোশ রাভা ঘূরিয়া একটি ধর্মশালা হুইতে খোদা দহিত কড়ায়ের ডাল ও আটা ভিক্ষা করিয়া আশ্রমে আদিলাম। ভাবিলাম—এক মুঠা আটা ও এক ছটাক ডালের জন্ম এত পরিশ্রম ও এত সময় নষ্ট করা সহজ পরীকা নয়।

স্থূল ভিক্ষার প্রয়োজন ও আদেশ।

প্রতিদিন দেড় কোশ হই কোশ যাতায়াতে হয়রান হইরা এক মুঠা আটা সংগ্রহ করিতে বড়ই বিরক্তি জন্মিল। সাধুরাও আমাকে—নিত্য ভিক্ষা করা এম্বানে থাকিয়া অসম্ভব, গলার জল বুদ্ধি হইলেই দাম খুলিয়া দেয়, তথন এম্বান হইতে কোথাও যাতায়াতের উপায় থাকে না। নিত্য ভিক্ষার চেষ্টায় প্রত্যহ তুই ঘণ্ট। কাটাইলে, ভজনেবও বিষম বিষ। সাধুদের কথা আমার ভাল বলিয়াই মনে হইল। আমি ঠাকুরকে এ স্থানের সমস্ত অবস্থা লিখিয়া স্থুল ভিক্ষা করিব কিনা জানিতে চাহিলাম। ঠাকুর পত্রোজ্বরে আমাকে স্থুল ভিক্ষা করিতে আদেশ দিলেন। আমি হুইমনে একদিন ভিক্ষায় যাহা সংগ্রহ করিলাম, তু'ভিন সপ্তাহ তাহাতে স্বচ্ছন্দে চলিবে। মহাস্তের। আমার হোম-ঘতেরও ব্যবস্থা করিয়া দিয়াছেন। ভিক্ষায় চাউল জোটে না, কড়ায়ের ভাল আটা লুন লক্ষা ইহাই মাত্র পাওয়া যায়। প্রচণ্ড রৌজ্বের উত্তাপে হরিদার কনখল দিনের বেলায় অগ্নিময়। কয়েকদিন নিত্য ভিক্ষার ফলে আমার শরীর অস্তম্ভ হুইয়া পড়িয়াছে। বিষম জবে শ্যাগত হুইলাম।

তন্দ্রায় প্রসাদ লাভ-জুর আরোগ্য।

আমার জর ক্রমশঃ বৃদ্ধি পাইতে লাগিল। মাথার যন্ত্রণায় অন্তির হইয়া পড়িলাম। আত্মানন্দ প্রত্যুবে উঠিয়া গো-দেবা করেন। পরে বেলা ৮টার সময় ভিক্ষায় চলিয়া যান। মধ্যাহ্নে কোন কোন দিন আশ্রমে আনেন। অধিকাংশ সময়েই বাহিরে থাকেন। সমস্ত দাম পাড়ের চড়ায় চণ্ডীর যাত্রী ব্যতীত একটা লোকও চক্ষে দেখা যায় না। জ্ববের ষত্রণায় ছটুফট্ করিয়া কাটাইতে লাগিলাম। পিপাসা পাইলে একট জল দেয় এমন লোক নাই। জনমানবশৃত নিৰ্জন কুটীরে পড়িয়া জবের যন্ত্রণায় সময়ে সময়ে বেছ স হইতে লাগিলাম। ভাবিলাম এবার বুঝি প্রাণ যায়। ঠাকুরকে স্মরণ হইল। কাতরপ্রাণে তাঁর দিকে তাকাইয়া বলিলাম—"দয়াময়! তুমি না আমাকে স্বহন্তে অভয় কবচ পরাইয়া দিয়াছিলে? আজ আমার দশা দেথ।" ঠাকুরকে ক্লেশ জানাইয়াই আমি সংজ্ঞাশৃত্ত হইলাম। মৃক্তিত বা তক্রাবস্থায় দেখিলাম—ঠাকুরের নিকটে বদিয়া আছি— অত্যস্ত পিপাসা পাইল। আমার পাশে কতকগুলি উৎকৃষ্ট মনাকা রহিয়াছে দেখিলাম। ঠাকুরকে দেওয়ার জন্ম অত্যন্ত ইচ্ছা জন্মিল। আমি মনাকাগুলি ঠাকুবের সমূথে নিয়া ধরিলাম। ঠাকুব খুব সম্ভট হ্ইয়া সমন্তগুলিই গ্রহণ করিলেন, কিন্ত ৪।৫টা মাত্র নিজে খাইয়া অবশিষ্টগুলি আমাকে দিয়া বলিলেন—"এই নাও, এ দব নিয়া খাও।" আমি যোগজীবনকে কিছু দিয়া বাকীগুলি মুধে ফেলিয়া দিলাম। উৎকৃষ্ট মনাকা খাইতে খাইতে জাগিয়া পড়িলাম। জাগ্রতাবস্থায়ও মনাকা চিবাইতেছি বুঝিয়া অবাক হইলাম। আমি আদনে উঠিয়া বদিলাম এবং থানিকটা জল থাইলাম। আশ্চর্য্যের বিষয় এই, শরীর আমার সম্পূর্ণ স্বস্থবোধ হইতে লাগিল। জ্বরে বে বিষম যাতনা পাইতে-ছিলাম, তাহা কল্পনাও করিতে পারিলাম না। শরীর বেশ সবল, স্কৃষ্ক, ঝর্ঝরে বোধ হইতে লাগিল। আমি আদনে বদিয়া কৃটিন অমুদারে কাজ করিতে আরম্ভ করিলাম। যথাসময়ে ভিক্ষালব্ধ কড়ায়ের ডাল ও ফটা ধুনিতে প্রস্তুত করিয়া আহার করিলাম।

হরিদ্বারে নিত্যকর্ম।

সাধনের কুটীরখানা বড়ই স্থলর হইয়াছে। উত্তরমূখে আসন করিয়াছি। দক্ষিণে বামে ও সম্মুখে বড় বড় জানালা থাকার, ঝাঁপ তুলিয়া দিলে ঘরথানা পরিফার খোলা মেলা হয়। যে দিকে তাকান যায়, বিশাল পাহাড়শ্রেণীর অপূর্ব্ব শোভা। আবার জানালা বন্ধ করিলে ঘর একেবারে অন্ধকার হইয়া পড়ে। এই স্থানটা বেশ উচু, সুর্যোদয় হইতে স্থ্যান্ত পর্যন্ত দেখা যায়। স্থানের প্রভাব এমনই চমৎকার যে আদনে বদিলে আপনা আপনি চিন্তুটা জ্মাট হইয়া আদে। ধ্যানেতে ঠাকুরের প্রতি ক্রমশঃই ঘন হইতে থাকে। অবিরল অশ্রুবর্ধণে পরমানন্দে দিনটি কি ভাবে চলিয়া যাইতেছে বলিতে পারি না। আহারান্তে আদনেই বিদয়া থাকিতে ইচ্ছা হয়, শয়নেও অপ্রবৃত্তি আদিয়া পড়িল। ঠাকুরের অপরিদীম দয়ায় এতই অভিভৃত হইয়া রহিয়াছি যে দিনরাত যেন একটা নেশায় কাটিয়া যাইতেছে। মনে হইতেছে বুঝি ঠাকুর চিরকালের মত এখানেই আমাকে রাখিলেন।

বহুদিনের অভ্যাদবশতঃ শেষ রাত্রি ৩টার সময়ে নিদ্রাভক্ষ হয়। তথন হাত মুথে জল দিয়া আদনে বিদি এবং ধুনিতে অগ্নি প্রজ্ঞলিত করিয়া হোম করি। পরে প্রাণাগাম ও নামে ভোর পর্যান্ত কাটাইয়া দেই। রাক্ষম্ইর্জে আদন হইতে উঠিয়া নীলধারার পারে বেলবাগে চলিয়া যাই। সহস্র সহস্র বিশ্ববৃক্ষে এই স্থানটা পরিপূর্ব। কদ্বেলের মত ছোট ছোট শ্রীফল এ সব বৃক্ষের তলায় নিয়তই পদিয়া থাকে। শোচান্তে সান তর্পণ করিয়া হুটা বেল লইয়া কুটারে আদি। ভোরবেলা আত্মানন্দ আমাকে অর্দ্ধ দের ছুধ দিয়া বান; আমি আত্মানন্দকে চা দেই, নিজেও খুব ভৃথির সহিত চা পান করি। বেলা ১০টা পর্যান্ত গায়ত্রী জপ ও ক্রাদ্ধ দমাপন করিয়া পাঠ করি। ১১টার সময়ে আদন হইতে উঠিয়া কার্য্ত সংগ্রহ এবং ঘর-লেপনাদি বাহিরের কার্য্য করি। ১২টার সময়ে স্থান করিয়া প্রীফল থাইয়া থাকি। পরে স্থিরভাবে ৩টা পর্যান্ত আসনে বিদ্যা নাম ও ধ্যানে কাটাইয়া দেই। তৎপরে ভিক্ষা করিয়া সন্ধ্যার সময়ে কুটারে আদি। ধুনির অগ্নিতে ছোট একটা ঘটাতে তাল চাপাইয়া দেই। শুধু লুণ-লঙ্কা দিয়া জলে উহা দিয় করিয়া থাকি। হাতে চাপ ড়াইয়া একখানা টিকর প্রস্তুত করিয়া ধুনিতে পোড়াইয়া লই। পরম ভৃথির সহিত উহা ঠাকুরকে ভোগ দিয়া প্রসাদ পাই। নিস্রাবেশ না হওয়া পর্যান্ত আসনে বিদ্যা নাম করি। তৎপরে প্রায় তিন ঘণ্টাক্রা আরামে নিশ্রা হয়়।

আমার প্রার্থনায় ঠাকুরের বিষম ভোগ।

আমার পছন মত ঘরটি বেশ প্রস্তুত হইয়াছে। মনে করিলাম এখন আর কোন চিন্তা নাই।
এবার দেহ মন অঙ্গার করিয়া সাধন ভজন তপস্থা করিব। কিন্তু ঠাকুরের অভিপ্রায় কি ব্বিতেছি
না। অকস্থাৎ বিষম উৎপাত উপস্থিত হইল। তাহাতে ঘরে থাকা একেবারে অসম্ভব হইয়া পড়িল।
ভোরবেলা স্থানাস্তে কুটীরে আসিয়া দেখি নানাজাতীয় অসংখ্য কীট ঘরময় হইয়া রহিয়াছে। মৃড়ির
মত বড় বড় অভি জ্বয়া কুৎসিত পোকা এত পরিমাণে ঘরে ছড়াইয়া রহিয়াছে যে ২০৫ ইঞ্চি স্থানও
কাক নাই। সকল দিক্ হইতেই পোকাগুলি আসনে উঠিতে চেষ্টা করিতেছে। বছবার ঝাড়ু

দিয়াও এ দব পোকা দরান গেল না। অর্ক ঘণ্টা অন্তর্বই ঘর যেমন তেমন। পোকায় উহা পরিপূর্ব হইতে লাগিল। আসনে বসিয়া সারাদিন কেবল শরীর হইতে পোকা বাছিয়া কাটাইলাম। ইহার উপর আর একটি অধিকতর যন্ত্রণাদায়ক উপাধির স্বস্টি হইল। অসংখ্য মাছি কাঁকে কাঁকে আদিয়া চোথে ম্থে নাকে কানে এবং দর্কাঙ্গে পড়িয়া পিড়্ পিড়্ করিতে লাগিল। এই মাছি এমনই ভয়ানক যে বন্ধ দারা সরাইলেও নড়িতে চায় না। উঠিলে তথনই আবার গায়ে আদিয়া পড়ে। নিতান্ত অন্থির হইয়া আমি ধুনিতে কাঠ চাপাইলাম এবং দরজা জানালা বন্ধ করিয়া ঘর অন্ধকার করিলাম কিন্তু কোন ফলই হইল না, একটা মাছিও দরিল না—লাভের মধ্যে ধ্নে খাদ বন্ধ হইয়া আদিতে লাগিল। এ যে কি বিষম যন্ত্রণা প্রকাশ করা যায় না।

এই দকল উৎপাতের মধ্যে আর একটি বিশেষ যন্ত্রণাদায়ক অবস্থা উপস্থিত হইল। আদনে বদা মাত্রই জানি না কি এক অজ্ঞাত শক্তিতে চিত্রটীকে আমার ভিতরের দিকে টানিয়া নিতে লাগিল। মধ্যুর ইইনাম অনায়াদে স্থৃতিপৃষ্ট হইয়া আপনা আপনি জাগিয়া উঠিল। ইহার প্রভাবে শরীর আমার অবশ হইয়া আদিল। নিবিইভাবে বিদয়া থাকিতে প্রবল ইচ্ছা জন্মিল, কিন্তু ত্ররন্ত মাছি ও পোকার দৌরাত্মে অস্থির হইতে লাগিলাম। ১০।২০ মিনিট অস্তর অস্তর ঘর-বাহির করিয়া কাতর হইয়া পড়িলাম। ছই দিন ছই রাত্রি এই অসহ্য যন্ত্রণা করিয়া আমি ক্রিপ্তপ্রায় হইলাম। তৃতীয় দিন অপরাহে ধর্যয়ধারণ করিতে না পারিয়া কাঁদিয়া ফেলিলাম এবং ঠাকুরকে স্মরণ করিয়া বলিতে লাগিলাম—"গুরুদ্বে । আর আমি পারি না, এই ক্লেশ আর আমি দহ্য করিতে পারিব না। হয় তৃমি অচিয়ে এই উৎপাতের শাস্তি কর, না হয় আশীর্কাদ কর তোমার স্নেহপূর্ণ দৃষ্টি অস্তরে রাথিয়া এই সংসার হইতে চিরতরে বিদায় হই। তোমার নামে তোমার ধ্যানে ভ্বাইয়া না রাথিলে এ জীবনধারণ আমার পক্ষে নরকভোগ মাত্র। ঠাকুর দয়া কর।" ক্লেশ শাস্তির জন্য এই প্রকার কত কি প্রার্থনা করিয়া নিম্রিত হইলাম।

শেষ রাত্রিতে একটা স্বপ্ন দেখিয়া জাগিয়া পড়িলাম। দেখিলাম—গেণ্ডারিয়া আশ্রমে প্রের ঘরে, ঠাকুর নিজ আসনে স্থির হইয়া বসিয়া আছেন। যোগজীবন, কুঞ্জ ঘোষ মহাশয় প্রভৃতি গুরুত্রাতারা আপন মনে হাসি গল্প করিতেছেন, কেহই ঠাকুরের দিকে তাকাইতেছেন না। অসংখ্য কুৎসিত পোকা ঠাকুরের সর্বাঙ্গে উঠিয়া কিল্বিল্ করিতেছে। ঝাঁকে ঝাঁকে মাছি আসিয়া ঠাকুরের চতুর্দিকে ভন্তন্ করিয়া নাকে মুখে চোখে বসিয়া পড়িতেছে। ঠাকুর নিস্পান, স্থির! আমি উহা দেখিয়া প্নংপুন: শিহরিয়া উঠিতে লাগিলাম। একখানা পাখা লইয়া হাওয়া করিতে লাগিলাম কিন্তু তাহাতে একটা মাছিও উঠিল না, একটা পোকাও নড়িল না। আমি অন্য উপায় না পাইয়া একটা একটা করিয়া পোকা তুলিয়া ফেলিতে লাগিলাম—এই অবস্থায় জাগিয়া পড়িলাম।

আসন ত্যাগ করিয়া বেলবাগ চলিয়া গেলাম। শৌচান্তে স্থান করিয়া কুটীরে আসিয়া দেখি, একটী পোকা বা মাছি সমস্ত ঘরে নাই। আমি অবাক হইয়া ঘরে ও বাহিরে পোকা ও মাছি খুঁজিতে লাগিলাম। ৮০০টী পোকা ঘরে একটী স্থানে মৃতপ্রায় পড়িয়া আছে দেখিতে পাইলাম। আসনে বিদিয়া ভাবিতে লাগিলাম-এ কি হইল, এত মাছি পোকা কোথায় গেল। পুন:পুন: মনে হইতে লাগিল গত কল্য যে প্রার্থনা করিয়াছিলাম তাহারই এই ফল। ঠাকুর আমার প্রার্থনা শুনিয়াছেন এবং আমার উৎকট ভোগ—আমি ভোগ করিতে চাহি না দেখিয়া—নিজেই উহা গ্রহণ করিয়াছেন এবং জ্বল্য মাছি পোকার দংশন স্থিবভাবে আদনে বিদিয়া স্থা করিতেছেন। ইহাতে প্রাণ আমার জলিয়া উঠিল। ভাবিতে লাগিলাম – হায় আমি কি কবিলাম, স্থশীতল গন্ধাজনে সচন্দন তুলদীপত্ত ও গন্ধ পূষ্প নিমৰ্জ্জিত করিয়া খাঁহার চরণযুগলে একবার অর্পণ করিলে অনস্তকালের প্রারক্ষ নিমেধে অন্তর্হিত হয়, আমার আরামের জন্ম কেই দয়াল ঠাকুরের শ্রীমঙ্গে আমার ভোগ্য কুৎসিত কুমি-কীট ছড়াইয়া দিতে একটুকু দ্বিধা করিলাম না! হায়, হায়, কি করিলাম! ঠাকুর ধমক দিয়া আমাকে বলিয়াছিলেন "ব্রহ্মচারী! সাবধান, প্রার্থনা করিলেই কিন্তু তাহা মঞ্জুর হবে। সাবধান থেকো।" আমি ঠাকুরের দেই কথার অর্থ তথন বুঝি নাই। এখন কি করিব, প্রাণ আমার জ্ঞলিয়া যাইতে লাগিল। আমি আকুলপ্রাণে কাঁদিতে কাঁদিতে ঠাকুরকে বলিলাম—"গুকদেব, তোমার বাক্য অন্তথা হইতে পারে ন।—আমার সমস্ত প্রার্থনাই তো তুমি মঞ্র করিবে। এখন কাতর-প্রাণে এচরণে এই প্রার্থনা করিতেছি যে, আমার ভোগ আমাকেই দেও। প্রসন্নমনে আমি তাহা ভোগ করিব। আর যেন প্রার্থনা আমার প্রাণে কথনও উদয় না হয়, আশীর্বাদ কর।" ঠাকুরের হুলুর মুখমণ্ডল কুমিকীট ও মক্ষিকায় পরিপূর্ণ হইয়া রহিয়াছে—মনে আসায় সমস্তটী দিন আমি কাঁদিয়া কাটাইলাম। এই যাতনা যে কি বিষম তাহা প্রকাশ করিবার ভাষা নাই। প্রার্থনায় আমার অত্যন্ত ধিকার আদিয়া পড়িল। প্রতিজ্ঞা করিলাম জীবনে আর কথনও প্রার্থনা কবিব না। সন্ধার সময়ে অকসাৎ ঠাকুরের সহাস্ত স্নেহদৃষ্টি অন্তরে আদিয়া পড়িল। তাঁহার পরম পবিত্র স্থান্দর মৃথপ্রী চিত্তে বেন ছাপ পড়িয়া গেল। ঠাকুরের এই অপূর্ব্ব দয়ার বিষয় ভাবিতে ভাবিতে আমি অবদর হইয়া পড়িলাম। জয় গুরুদেব !

উচ্ছিফ্ট মুথে থাবার দিলে উচ্ছিফ্ট দেওয়া হয়।

একটা স্বপ্ন দেখিলাম—ঠাকুর আমাদের বাড়ী গিয়াছেন। মহাসমারোহে তাঁহার সেবা ভোগের আয়োজন হইতে লাগিল। মা রালা করিতে গেলেন। ঠাকুরের জলযোগের জন্ম নানাবিধ উৎকৃষ্ট ফল একথানা থালায় রাথিয়া গেলেন। আমার জন্ম আর একখানা থালায় খাবার রহিয়াছে দেখিলাম। ঠাকুরের সেবার জন্ম রক্ষিত ফল ফলারি ঠাকুরকে দিবার জন্ম চলিলাম। আমার থাবারগুলিও বাম হস্তে নিলাম। উৎকৃষ্ট বস্তু ঠাকুরের ভোজনপাত্রে দেখিয়া আমার লোভ হইল। অমনি ঐ পাত্র হইতে কিছু ফল মাটিতে পড়িয়া গেল। ঐ সকল বস্তু ভূমি হইতে তুলিয়া মুখে ফেলিতে

লাগিলাম, এবং চিবাইতে চিবাইতে ঠাকুরের ও আমার ধাবার লইয়া চলিলাম। মনে করিলাম ঠাকুরের থাবার ফল তো কতকটা মাটিতে পড়িয়া গিয়াছে, স্বতরাং বাম হাতে ধরা আমার থাবারশামগ্রী সকল ঠাকুরকে দিব; আর তাঁহার থাবার বস্তু আমি থাইব। ঐ সময় মা আমাকে দেখিয়া বলিলেন—ওকি! থেতে থেতে ঠাকুরের বস্তু নিয়ে ঘাচ্ছিস্। ও দব যে এটো হয়ে গেল। আমি মাকে বলিলাম—মুখ ও জান হাত আমার উচ্ছিষ্ট, বাম হাত পরিষ্কার আছে। ঠাকুরের থাবার পড়িয়া গিয়াছে বলিয়া আমার থাবার জিনিষ তাঁকে দিব ভাবিয়াছি। মা বলিলেন—তা হবে না। বাম হাতে ধরিয়া থাবার কোন বস্তু ঠাকুরকে দিতে নাই। আর এটো মুথে থাবার বস্তু ধরিলে তাহা ভোগে লাগে না। এ কথা ভনিয়াই আমি জাগিয়া পড়িলাম।

স্থাপ্ন আজ মাতাঠাকুবাণীর উপদেশ শুনিয়া বড়ই আনন্দ হইল। মার কথা যে যথার্থ, ঠাকুরের একদিনের কথা স্থাব হওয়ায় তাহা পরিস্থার বৃথিলাম। যোগজীবন একদিন আহারাস্থে না আঁচাইয়া আর একটা গুকুলাতাকে বাম হাতে থাবার বস্তু দিতেছিলেন। ঠাকুর যোগজীবনকে বলিলেন—"থেয়ে উচ্ছিষ্ট মুখে অন্যকে খাবার দিলে, উচ্ছিষ্ট দেওয়া হয়—এই সাধারণ আচার জানিস্না। এঁটো মুখে সক্জি বস্তু দিতে নাই।"

সাধনে যোগমায়ার কৃপা।

শরীরের অবস্থা কয়েকদিন যাবং ক্রমশঃই ধারাপ হইয়া পড়িতেছে। দিন দিন তুর্বলতা অম্ভব করিতেছি। আত্মানন্দের সঙ্গে যে কয়দিন আহার করিয়াছিলাম, পরিমাণের কোন নিয়ম ছিল না। আহার থুব পেটভরা হইত। ত্ত্ত্বও তুবেলা প্রায় অর্ক্রের খাইয়াছি। আহার কমাইতে যাইয়া দেখিলাম—তাহাতে আমার ক্ষ্ণার নির্ভি হয় না। ভাত থাওয়া এখানে সহু হয় না—শরীরে রসের সঞ্চার হয়, পায়ধানা হয় না, শরীর বিষম অম্প্র হইয়া পড়ে। ভিক্লায় সাধারণতঃ বুটের ছাতু পাওয়া যায়। তাহা একদিন খাইলে ৪।৫ দিন আর কিছু খাইতে হয় না, পেট ধারাপ হইয়া পড়ে। শরীর বেশ স্প্র সবল থাকিলে এবং সকল প্রকার আহারে দেহ অভ্যন্ত হইলে নিত্য ভিক্লা করিয়া দেহরক্ষা এ স্থানে সম্ভব। যে পর্যান্ত শরীর বেশ স্বস্থ না হয়, ততদিন আহারের দম্ভরমত স্বন্দোবন্ত প্রয়োজন। না হইলে সাধন-ভজন দ্রের কথা, প্রাণরক্ষাই কঠিন। শরীর কাতর হইলে দেহে যয়ণা থাকিলে, মন আর ভাল থাকিবে কি প্রকারে? সাধন-ভজন করিবার প্রবল ইছা ও ব্যাকুলতা দিন দিন বৃদ্ধি পাইতেছে বটে, কিন্তু শরীরে অবসন্নতা হেতু তাহা কিছুই হইয়া উঠিতেছে না। ঠাকুরের ক্রপায় শরীরে যেদিন আমার কোন য়ানি হয় নাই, সেদিন ভজন-সাধনে উদয়ান্ত কি তাবে গিয়াছে বৃন্ধিতে পারি নাই। আনন্দে যেন মৃগ্র রহিয়াছি। ঠাকুরকে স্মরণ করিয়া সময়ে সময়ে এমন অবস্থা হইয়াছে যে নিজনেন চীৎকার করিয়া কানিয়া কানিয়ার কানিইয়াছি। অবিরল অঞ্বধারায়

সমস্তটী দিন অতিবাহিত হইয়াছে। প্রাকৃতিক সৌন্দর্যপূর্ণ ভলনের অমুকূল নানাস্থানে বহুচেষ্টায়্মনের যে একাগ্রতা জন্মাইতে পারি নাই, এথানে আসনে বদামাত্র স্থানের অদাধারণ প্রভাবে আপনা আপনি তাহা হইয়াছে। গুরুদেবকে স্মরণ করিয়া নাম করিতে আরম্ভ করিলেই বিনা আয়াদে দমস্তপ্তলি ইন্দ্রিয়শক্তি নিজ হইতে অস্তমূর্থ হইয়া পড়ে। গুণমন্ত্রী যোগমান্নার অদামান্ত গুণ, এই মহাতীর্থের যে কোন স্থানে যে কোন অবস্থায়, একটু স্থির হইতে চেষ্টা করিলেই পরিক্ষাররূপে প্রাণে অমুভূত হইতে থাকে। জন্ম মা আনন্দমন্ত্রী যোগমান্ত্রে! তোমার যে অপরিদীম দয়া তৈলধারার ক্রায়্ম অবিশ্রাম্ভ আমার উপর বর্ষণ হইতেছে, তাহার বিন্দুমাত্র অমুভবের অবস্থা ক্রপা করিয়া আমাকে প্রদান কর। তোমার ক্রপায় গুরুদেবের মনোহর লীলা দর্শনে দিমরাত্রি মুগ্ধ হইয়া থাকি।

নামে ও ধ্যানে পরমানন্দ সম্ভোগ।

ভগবান গুরুদেবের ক্রপায় আমার ভজনবিল্লকর বাহিরের উপদ্রবগুলির অচিরেই অব্যান হইল। अलां— 'हे देवार्ड. একাস্কভাবে নিশ্চিস্কমনে সাধন করিবার এমন স্বযোগ জীবনে আর নাও ५०० मान्। ঘটিতে পারে—ইহা মনে করিয়া ব্যাকুল হইয়া পড়িলাম। হায়। এই ভঙ সময় অধিক দিন বুঝি আমার থাকিবে না, নিয়ত ইহা মনে হইতে লাগিল। আমি অবিবাম ভগবদ-ধ্যানে অহর্নিণি অতিবাহিত করিব, সম্বল্প করিয়া সাধন-ভল্তনে লাগিয়া গেলাম। শেষরাত্তে যথাসময়ে আসন হইতে উঠিয়া নীলধারার দিকে চলিয়া ঘাই, শৌচান্তে স্থানাহ্নিক সমাপন করিয়া কুটীরে প্রবেশ করি। তৎপরে দেহকল্প বিধি অমুসারে ২০০টি ত্রিদল বিষপত্র একটকু চিনি ও ঘতের সহিত মিলাইয়া দেবন করি এবং এক গ্লাস ঠাণ্ডা হল পান করি। পরে ধুনি প্রজ্ঞালত করিয়া আসনে বিদ। নিতা হোম সমাধা করিয়া গায়ত্রী জপ আরম্ভ করি। ১২৯৬ বার জপ করিয়া সমূত বিৰপত্ৰে তাহার দশমাংশ প্ৰজ্ঞানত অগ্নিতে আহুতি প্ৰদান কবি; পবে ফ্রাদ আরম্ভ করি। ফ্রাদে দেড় ঘণ্টা সময় অভিবাহিত হয়। বেলা ১১টা প্রয়ন্ত এইভাবে কটিটি। অভংপর আসন হইতে উঠিয়া গ্রহ মার্জ্জন জল ও কাষ্ঠ দংগ্রহ করিয়া স্নান করি। বেলা ১২টার সময়ে আবার আসনে বিদ। অপরাত্র ৫। তী পর্যান্ত নামে ও ধ্যানে অতিবাহিত হয়। এ সময়ে দয়াল ঠাকুর আমাকে কি ভাবে রাখেন প্রকাশ করিবার উপায় নাই। হরিধারের পাহাড় পর্যাত বুক্ষলতা সমস্তই যেন ভগবংভাবে মগ্ন। মহামাগ্রার অসীম শক্তি প্রভাবে সকলেই যেন অভিভূত। যে দিকে তাকাই ঠাকুরের মনোমুগ্ধকররূপের শ্বতি প্রত্যক্ষবৎ প্রকাশিত হইয়া আমাকে একেবারে বিহবল করিয়া রাখে। দিবসান্তে কালা পায়, হায়। আজিকার মত এই আনন্দ শেষ হইল!

তীব্ৰ তপস্থায় ভঙ্গন লোপ।

ভ্ৰিয়া।ছ—ভভাভভ স্থত্ঃধাদি সমত্ত অবস্থাই নিয়ত পরিবর্ত্তনশীল। ঠাকুরের কুপা অমুভৃতির গুলভ অবস্থাও কতদিন আমার অদৃষ্টে আছে জানি না। কোন্ দিন কোন্ সময়ে কি পুত্র ধরিয়া ইহা চলিয়া যাইবে, কিছুই নিশ্চয় নাই। স্বতবাং বতক্ষণ ঠাকুর দয়া করিয়া এই অবস্থায় রাখেন, মনের সাধে প্রাণপণে সাধন-ভজন করিয়া যাই। পাছে ভভক্ষণ চলিয়া যায়, এই উৎকণ্ঠায় দিনরাত একান্তমনে ভজন-সাধন করিতে লাগিলাম। যোগভূমির অসাধারণ প্রভাবে তীব্র তপস্থার আকাজ্যা আমার দিন দিন বৃদ্ধি পাইতে সাগিল। আমি রীতিমত কঠোরতা আরম্ভ করিলাম। উদয়াত্তে গণ্ড্যমাত্র জলও গ্রহণ না করিয়া একাহার ধরিলাম। এতদিন খোদাসহিত কড়ায়ের ভাল দিছ করিয়া, কখনও বা পাহাড়ের চেনা অচেনা বৃক্ষলতার নৃতন নধর জগা পাতা লৃনজ্বলে দিছ করিয়া এক ছটাক আটার সহিত খাইয়াছি। তাহাতে শরীর বেশ সবল স্বস্থ হইয়াছিল, মনের উৎসাহ, উত্তম, তেজন্মিতা এবং চিত্তের প্রফুল্লতা সর্বাদা সম্ভোগ করিয়াছি। এখন আমি এক ছটাকেরও কম আটা ছানিয়া হাতের তেলোতে চাপড়াইয়া ধূনির ভিতরে ফেলিয়া দেই, ভশ্মের ভিতরে উহা গুঁজিয়া দিয়া উপরে আগুন চাপা দিয়া রাখি। অন্ধ ঘন্টা পরে তুলিয়া দেখি, স্বন্ধর কচ্বির মত ফুলিয়া গিয়াছে। লৃণ মরিচের সহিত উহা ঠাকুরকে নিবেদন করিয়া প্রসাদ পাই। খুব ক্ষ্মা বশতঃই হউক অথবা ঠাকুরের ক্লায়ই হউক, পরম ভৃপ্তির সহিত উহা ভোজন করিয়া থাকি। এই কঠোরতায়ও আমার আশা মিটতেতে না।

কয়দিন যাবৎ আমার শরীর অতিবিক্ত তুর্জল হইয়। পড়িয়াছে। যথাসময়ে আসন হইতে উঠিয়া শৌচাদি কিয়া ও স্নানাহ্নিক স্মাপন করিতে পারি না। এক মিনিট দ্রেছিত গঙ্গা হইতে এক কলসী জল আনিয়া হাঁফাইয়া পড়ি। পথে ২াত বার বিশ্রাম করিতে হয়। আসনে অধিকক্ষণ বিসিতে পারি না। সময় সময় শুইয়া কাটাই, ক্ষায় পেট জলিয়া যায়। এদিকে অবসন্নতা এত অধিক ষে হাত পা নাড়িতে কণ্ট হয়। চীৎকার করিয়া কাঁদিতে ইচ্ছা হয়। এই অবস্থায়ও আমার তপস্থার প্রবৃত্তি, কঠোরভার আকাজ্ঞা কমিতেছে না। ঠাকুর বলিয়াছিলেন—"শরীরমাত্যং খলু ধর্ম্ম সাধনম।" সকল ধর্মকর্মের পূর্বের শরীর রক্ষা। শরীর অস্তৃত্ থাকিলে 'আহা উহু' করিয়াই তো দিনবাত কাটাইতে হয়। দৈহিক যন্ত্ৰণা কিছুতেই তো উপেক্ষা করিতে পারি না। ভজন-সাধন ক্রিব কি প্রকারে ? ভাবিয়াছিলাম সকল প্রকার রম ত্যাগ করিয়া দৈহিক বিকার হইতে নিচ্চতি লাভ করিব। কিন্তু এখন দেখিতেছি অভিবিক্ত হটকারিতায় বিপন্ন হইয়া পড়িলাম। সাধুরা আমার তুদিশা দেখিয়া বলিতেছেন—যাহাতে শ্রীর অহুস্থ হয়, দেহ ন্ট হয়, জানিয়া শুনিয়া আপনি তাহা করিতেছেন; ইহাতে আপনার আত্মহত্যা করা হইতেছে। এখন আমার আক্ষেপ হইতেছে, শরীরে যদি কোন ক্লেশ না থাকিত, দিনরাত ঠাকুরের নামে মগ্র হইল্লা থাকিতাম। সন্তটে পডিয়া পরিকার ৰুঝিলাম, যাঁহারা গুরুর আশ্রয় গ্রহণ করিয়াছেন, ধর্মলাভার্থে তাঁহারা মনমূখি হইয়া চলিলে যে দশা ঘটে আমার তাহাই হইয়াছে। ঠাকুর। দয়া কর। তোমার আদেশ না পাইয়া, তোমার অভিপ্রায় না ব্ৰিয়া প্ৰম ধৰ্ম্মের অনুষ্ঠানও ষেন অধৰ্ম বলিয়া মনে হয়। আমি ভাল তরকারীর ছারা কুধা নিবৃত্তি করিয়া আহার করিব। ত্রুধণ্ড কতকটা আত্মানন হইতে পাইব। শরীরটিকে এখন স্বল স্থ নীরোগ রাথাই আমার দারধর্ম মনে হইতেছে। আগামী কল্য হইতে কার্মি কৃচ্ছ তা ত্যাগ করিয়া ঠাকুরের আদেশ মত চলিব সহল্ল করিলাম।

স্বাভাবিক আহারে ঠাকুরের কুপা।

গতকল্য অপরাহ্ন ৫টার পরে পেট ভরিয়া ডাল-রুটি আহার করিয়াছিলাম। পরিকার হইয়াছে। কয়দিন মলের সহিত রক্ত পড়িয়াছিল, আজ আর তাহা হয় নাই। হাতে পায়ে গ্রন্থিতে গ্রন্থিতে যে বেদনা ছিল, তাহাও কমিয়াছে। শরীর বেশ স্বচ্ছন্দ । ब्रांका देश-देन বোধ করিতেছি। দিনটি কুটান্ মত কাটাইতে ক্টবোধ হইল না। গত কল্য আহাবের সময় ঠাক্রকে ডাল-কটি নিবেদন করিয়া চোখের জল রাখিতে পারিলাম না, কাঁদিয়া ফেলিলাম। ঠাকুরকে বলিলাম—গুরুদেব, আমি নিতান্ত অপাত্ত। তপস্তা আমার কার্য্য নহে। শরীরের যন্ত্রণা সহু করিতে না পারিয়া আৰু আমি কঠোরতায় জলাঞ্জলি দিতেছি। দয়া করিয়া একবার তুমি এই ডাল-ফটিতে দৃষ্টিপাত কর। তোমার প্রসাদ পাইতেছি ব্ঝিয়া রুতার্থ হই। ঠাকুরকে কিছুক্ষণ ধ্যান করিয়া চোধ মেলিয়া দেখি, আশ্চর্যা ব্যাপার! ডাল ও রুটির উপরে গাচটি সরিষাকার কৃত্র কৃত্র জ্যোতিঃ থণ্ডাকারে পরস্পর সংশ্লিষ্ট থাকিয়া ঝল্মল্ করিতেছে। এই জ্যোতিঃ নীলাভ গাঢ় লাল বোধ হইতে লাগিল। ষতক্ষণ আহার করিলাম, উজ্জ্বল মনোরম জ্যোতিবিন্দু সকল আমার চক্ষে লাগিয়া রহিল। ৭৮ মিনিটকাল এই জ্যোতিঃ দর্শন করিতে করিতে আনন্দের দহিত আহার সমাপন করিলাম। আজও সমস্ত দিন চিত্তটা বেশ প্রফুল রহিয়াছে।

অন্ত মধ্যাকে সন্ধার সময়ে কুন্তকধোগে যথন ধ্যান করিতেছিলাম, অক্সাৎ ললাটে একটা জ্যোতিঃ প্রকাশিত হইল। অল্লকালের মধ্যে ঐ জ্যোতিঃ চমৎকার উজ্জল হইয়া উঠিল। এই জ্যোতির বর্ণ কিছুই স্থির করিতে পারিলাম না। লাল নীল সৰুজাদি কিছুই নয়; অথচ ইহাদের প্রত্যেকটির যেন উজ্জন আভা পরস্পারে মিলিত হইয়া একটি স্বন্দর স্বতন্ত্র ক্ষ্যোতির সৃষ্টি হইয়াছে। জ্যোতির্মণ্ডলের চতুদ্দিক হইতে শুলনীল দংখুক ছটা স্থ্যবন্মির আয় বিকীণ হইয়া নভোমণ্ডলে ছড়াইয়া পড়িয়াছে। জ্যোতিরিশুর মধাত্তলে নথ-পরিমিত একটি অত্যুজ্জল জ্যোতিঃ, অতি চঞ্চল ভাবে ক্ষণে প্রকাশিত, ক্ষণে অন্তর্হিত হইতে লাগিল। এই চঞ্চল জ্যোতি:টী কি, ইহার আকৃতি কি প্রকার, কিছুই স্থির করিতে পারিলাম না। রামধন্তর ৭টা বর্ণের বৃহত্ত বলিয়া ইহার আর সাদৃত পাওয়া যায় না। ধ্যান ত্যাগের সঙ্গে দকে উহা নীন হইয়া গেকা এই জ্যোতিঃ এতই স্থলর, এতই মনোমুগ্ধকর যে শরীর মন ঘতই অহস্থ ও উদ্বেগপূর্ণ থাকুক না/কেন, দর্শনমাত্তে চিত্র প্রকৃত্ব ও বাহুত্মতি বিলুপ্ত হইয়। পড়ে। দর্শনের স্পৃহা ও উৎকণ্ঠা ক্রমশঃ বৃদ্ধি পাইতে থাকে। ঠাকুরের নিকট প্রার্থনা কবিলাম প্রক্রানের। ত্রোমার ক্রমের প্রাক্ষার ভাগেরে ভোগার অপেক্ষা ফুলর মনোহারী ষদি কিছু থাকে ক্ষেত্র যেন চিবুকালের ছবু আমার নিকট অপ্রকাশ থাকে, এই আশীর্কাদ কর্ম। 12257 31.7.2006-

আমার দৈনিক কর্ম।

কয়েকদিন বিধিমত আহার করিয়া শরীর আমার বেশ সবল ও স্বস্থ বোধ হইতে লাগিল। আমি **দাবেক ফটীন্** মত চলিতে লাগিলাম। প্রাতঃক্রিয়া দ্মাপনাস্তর আসনে বসি। গায়ত্রী জপ করিয়া নারায়ণকে গলাজন তুলদীপত্র প্রদান করি। শালগ্রামকে ১২টী তুলদী পত্র দিতে আমার প্রায় ২ ঘণ্টা কাটিয়া যায়। তৎপরে চণ্ডী, গীতা, চরিতামৃত প্রভৃতি গ্রন্থ ১১টা প্যা**ন্ত** পাঠ করি। ১১টার সময়ে আসন হইতে উঠিয়া ঘর ঝাড়ু দেই। গোময় ছারা সমস্ত ঘর পরিজার করিয়া লেপিয়া ফেলি। পরে কাষ্ঠ সংগ্রহ করিয়া ধুনির পাশে আনিয়া রাখিয়া দেই। তৎপরে ডাল বাছিয়া অর্দ্ধ ঘটা জলে ভিজাইয়া রাথি। আটাও দেড় ছটাক আন্দান্ধ ছানিয়া জলে ডুবাইয়া রাথিয়া দেই। অনস্তর প্জার বাসন ও একটা কলসা লইয়া গ্ৰামানে চলিয়া যাই। বাসন মাজিয়া স্নানান্তে এক কলসী জল লইয়া চলিয়া আসি। ১২টার সময়ে আসনে বসিয়া নারায়ণকে শ্রীফল নিবেদন করিয়া প্রসাদ পাই। পরে ৫টা পর্যস্ত ঠাকুর আমাকে তাঁর নামে ধাানে কিভাবে অভিভৃত করিয়া রাখেন, বলিতে পারি না। ৫টার পরে আত্মানন্দের কুটীরের ধারে—বটবৃক্ষমূলে বদিয়া থাকি। চণ্ডী দর্শনার্থী বহু সাধু সন্ন্যাসীর দহিত তৎকালে দাক্ষাৎ ও আলাপ আলোচনায় আনন হয়। ৬টার সময় ঐ আটা হাতে চাপড়াইয়া টিকর প্রস্তুত করি। জলস্ত কুন্দার নীচে, ধুনির ভিতরে উহা বাধিয়া, কুন্দার গায়ে ডালের ঘটিটা বসাইয়া দেই। একটু লুণ ও লঙ্কা উহার মধ্যে ফেলিয়া দিয়া স্থান করিতে গলায় চলিয়া যাই। স্থান সন্ধ্যা স্থাপন করিয়। এক ঘণ্টা পরে আদনে আদি। স্থপক টিকর ও স্থাসিদ্ধ ভাল ঠাকুরকে নিবেদন কবিয়া পরম ভৃপ্তিতে প্রশাদ পাই। শয়ন কবিতে রাত্রি ১০টা হয়।

অহৈতুকী জালাঃ নিত্যক্রিয়ায় নিবৃত্তি।

শেষ বাত্রে হোমান্তে নীলধারার শৌচক্রিয়া সমাপন করিয়া আদনে আদিলাম, আজ শরীর বেশ স্থ বোধ হইতেছে। ভাবিলাম খুব নিবিষ্টমনে সাধন-ভজন করিয়া দিন টী পরম আনন্দে অতিবাহিত করিব। কিন্তু আদনে বিদিয়া স্থাস আরম্ভ করিতেই দেখি, ভিতরটী একেবারে শুন্ত হইয়া গিয়াছে। ধ্যেয় বস্তু যে কোথায়, বহু চেষ্টায়ও খোঁজ পাইলাম না। আমি বেগতিক দেখিয়া শালগ্রাম পূজা আরম্ভ করিলাম কিন্তু ভাহাতেও চিত্ত বিদল না। তখন সংক্ষেপে পূজা শেষ করিয়া পাঠ আরম্ভ করিলাম। পাঠ করিতেও বিবক্তি বোধ হইতে লাগিল। তখন সমন্ত ছাড়িয়া দিয়া বিসিয়া বহিলাম। ভাবিতে লাগিলাম—আজ এমন হইল কেন ? আনেক অমুসন্ধানেও কিছুই ঠিক করিতে পারিলাম না। জালা ক্রমশঃ এত বৃদ্ধি পাইল যে আদনে বিসিতে পারিলাম না, একবার ঘর একবার বাহির করিতে লাগিলাম। মাথা আগুন হইয়া উঠিল, ঠাকুরের উপরে অভ্যম্ভ ক্রোধ জনিল। ভাবিলাম—বিনা কারনে ঠাকুর আমাকে জালাইতেছেন। এই জালা আমি মহু করিতে পারিব না। এই জালা নিবৃত্তির জন্ত যে কোন কার্যা আমি করিব।

ভিতরে বাহিরে সমস্তই আমার শৃস্থ বোধ হইতে লাগিল। আমি অসম্ব উদ্বেগে অন্থির হইয়া আসমে শুইয়া পড়িলাম। ২০০ ঘণ্টা কাল ছট্ফট্ করিয়া কাটাইলাম। মনে হইতে লাগিল, সংসারে সদস্থ এমন কোন বস্তু নাই যাহা লইয়া আমি ক্ষণকাল আরাম পাইতে পারি। জল্পনা-কল্পনা অনেক করিতে চেটা করিলাম; কিন্তু সমস্তই নিরস বোধ হইতে লাগিল। পরে স্থির করিলাম, ভালই লাগুক আর মন্দই লাগুক কটীন্ মত কাজগুলি শুধু করিয়া যাই। আনন্দ নিরামন্দের মালিক একজন। তিনি আনন্দ না দিলে আর কোথা হইতে পাইব ? আমি সময় ধরিয়া যথামত নিত্যকর্ম্ম করিতে লাগিলাম। এই নিত্যক্রিয়ার সঙ্গে সন্দ মন আমার প্রফুল্ল হইয়া উঠিল। অবশিষ্ট দিন বেশ আরামে কাটিয়া গেল। এত জালা-ষন্ত্রণা শুস্কভার ভিতরেও দেখিলাম, আমার চেটার অপেক্ষামাত্র না করিয়া নামটী আপনা-আপনি চলিতেছে—ইহাই আশ্বর্যা!

দগ্রীস্বামীর নিকট ত্রিসন্ধ্যার উপদেশ।

আমাদের আশ্রমের ধার দিয়া চণ্ডীপাহাড়ে ষাইবার পথ। বহু যাত্রী, গৃহস্থ ও স্ঞাাদী এই আশ্রমে বিশ্রাম করিতে আদেন। হু'দিন হয় একটা বুদ্ধ নৈষ্ঠীক ব্রদ্ধচারী এই স্থানে আদিয়া রহিয়াছেন। এদিকে ইনি দণ্ডীস্বামী বলিয়া বিখ্যাত। সন্ধ্যা ও শালগাম পূজা-পদ্ধতি, ঠাকুর আমাকে কাহারও নিকটে জানিয়া নিতে বলিয়াছিলেন। এতকাল আমি উপযুক্ত লোকের অপেক্ষায় ছিলাম। দণ্ডী-স্বামীকে দেখিয়া তাঁহার দহিত আলাপ পরিচয়ে বড়ই সম্ভই হইলাম। ত্রিসন্ধ্যা ও শাল্গ্রাম পূজার বিষয়ে তাঁহাকে জিজ্ঞাদা করায়, তিনি আমাকে উহা পরিকার করিয়া বুঝাইয়া দিতে আগ্রহ প্রকাশ করিলেন। অভ বেলা প্রায় ১২টার সময়ে নির্জ্জনে বসিয়া তাঁহার নিকট সমগু শিথিয়া নিলাম। দণ্ডী স্বামী বলিলেন-ত্রিকালীন সন্ধ্যা করিতে হইলে বন্ধ-ষ্জ্ঞাদি করা নৈষ্ঠিকদের একাস্ক কর্ত্তবা। ব্রহ্ময়জ্ঞ পাঠ করিয়া সপ্তর্বি তাস করিতে হয়, পরে চতুব্বিংশতি তত্ত্বের তাস করিয়া সন্ধ্যা সমাপনাতে আবার শান্তিযক্ত পাঠ করিতে হয়, তবেই সম্যাক্রিয়া যথাবিধি স্থদপন্ন হয়। সম্মার কোন অঙ্গ সংক্ষেপ ক্রিলে সমাক উপকার পাওয়া যায় না। নিত্য ত্রিসন্ধ্যা যথারীতি করিলে সমস্ত উপাসনা তত্ত্ উহাতেই উপলব্ধি হইয়া থাকে। ব্ৰহ্মণ্যতেজ্ব লাভ ক্বিতে হইলে মন্ধ্যাই একমাত্ৰ সৰ্পশ্ৰেষ্ঠ উপায়। সন্ধ্যার সমস্ত ক্রম ও প্রকরণ এবং শালগ্রাম পূজার পদ্ধতি দণ্ডীম্বামীর নিকট শিখিয়া লইলাম। আজ মধ্যাকে অন্ত কোন কাজই হয় নাই। অপরাত্ন ওটার সময়ে হোম করিয়া গুবাদি পাঠ করিলাম। ে শ্লোক চণ্ডী ও ে শ্লোক গীতা পাঠ কবিয়া খ্রীমৎভাগবৎ নমস্বার করিয়া বাখিয়া দিলাম। কাষ্ঠ সংগ্রহ ও আহারের যোগাড় করিয়া দদ্যার সময়ে স্থান করিলাম। সায়ংসদ্যার পর কীর্ত্তনান্তে রানা করিয়া ভাল ও অনভোগ ঠাকুরকে নিবেদন করিলাম। আহারে বড়ই ভৃপ্তি হইল।

বৃষ্টিতে ভিজা—ঠাকুরের উপর অভিমান।

আজ ভয়ঃর ঝড়বৃষ্টি। আমার কুটারের চালার খড় এখনও বদে নাই। তাই স্থানে স্থানে জল পড়িতে লাগিল। স্থোতের মত জল পড়িয়া আমার আসন-ঘরের মেঝে ভাসাইয়া দিল। মাথা রাখিবারও একট স্থান বহিল মা। তথন শালগ্রামের দিকে চাহিয়া দেখি, তিনি নিজ আদনে পরমন্ত্রে বদিয়া আছেন আর আমার ছদিশা দেখিয়া যেন হাসিতেছেন। বিন্মাত্র জলও শালগ্রামের আসনের ধারে পাশে নাই। দেখিয়া বড়ই অভিমান জ্ঞাল। ভাবিলাম— থাঁহার ইচ্ছার দক্ষে দক্ষে দমন্ত বিশ্ববন্ধাত্তের সৃষ্টি-স্থিতি-প্রশায় ঘটে, থাঁহার ইচ্ছায় এই ভয়কর ঝড় তুফানে দমন্ত উলট্-পালট্ করিয়া দিতেছে, তিনি ইচ্ছা করিলে কি আমার মাণাটী এই বৃষ্টির জল হইতে রক্ষা করিতে পারেন না? অদীয় শক্তিশালী ভগবান পূর্ণরূপে এই স্থানে অবস্থান করিতেছেন কিন্তু আমার হৃঃথে তিনি উদাসীন। আমি শালগ্রামকে বলিলাম-ঠাকুর। নিজে আরামে বদিয়া থাকিয়া আমাকে ভিজাইয়া মজা দেখিতেছ। ভাল, অবিলম্বে তুমি এই ঝড়বৃষ্টি বন্ধ কর, না হলে আর কিছুক্ষণ দেখিয়া আমি তোমাকে আকাশের নীচে বৃষ্টিতে রাধিল্লা তামাদা দেখিব। আদনে স্থিরভাবে বদিগ্লা নাম করিতে লাগিলাম। চিত্তটা নিবিষ্ট হইয়া আসিল। গায়ে বৃষ্টি পড়া বন্ধ হইল। চাহিয়া দেবি ঘরেও আর বৃষ্টি পড়িতেছে না। অবিশান্ত मुवनशांद्र तृष्टि भुजाय नुष्ठन हानाद अफ् अनि दांध हय दनिया नियाहि, जो हे जनभुजा दस इहेयाहि। বাহিরের ঘটনা পরম্পরা দেখিয়া যুক্তি-বিচারে ধাহাই বুঝি না কেন, চৈতগুযুক্ত মহাশক্তিই প্রতি অণু পরমাণুকে চালিত, বক্ষিত ও পরিবন্ধিত কবিতেছে। আবার ঠাকুর আমার চুঃথ দেখিয়া আমারই আরামের জন্ম এই বৃষ্টি বন্ধ করিলেন—আমি ইহাই মনে করি। এই ঝড় পূর্ববঙ্গের 'কাল বৈশাখীর' মত।

একি প্রলোভন, না ঠাকুরের দয়া ?

আৰু সকালে ন্থাস ও পূজা শেষ কবিয়া আসনে বসিয়া আছি, কনধলের একটী ধনী পাণ্ডা আদিয়া উপন্থিত হইলেন। তিনি নিঃসন্তান বলিয়া কনধল ও মায়াপুরীর মধ্যে একটী বড় বাগানে শিব স্থাপনার্থে স্কর একটী মন্দির প্রস্তুত করিয়াছেন। আমাকে ১৮ই-১৯শে জার্চ। কর্মোড়ে খুব কাতরভাবে কহিলেন—প্রভু দয়া করিয়া আপনি আমার শিবালয়ে আসিয়া বাস করুন। আপনার সকল প্রয়োজনীয় বস্তু জুটাইয়া আমি দিনরাত আপনার শেবায় পড়িয়া থাকিব। বাগানবাড়ী, দেবালয় এবং ঠাকুর সেবায় উপযুক্ত ব্যবস্থা করিয়া সমন্ত আপনাকে অর্পণ করিব। আপনার আহারাদি কোন প্রয়োজনেই ভিক্ষা করিতে হইবে না। নিশিষ্ট হইয়া দিনরাত আপনি ভন্ধনানন্দে থাকিবেন। আমি নিঃসন্তান, নৈর্চিক ব্রন্ধারীকে আমার যাহা কিছু আছে দিয়া নিশ্চিম্ত হইতে ইচ্ছা করি। আপনি আমাকে নিরাশ করিবেন না। পাণ্ডাজীকে আমি বলিলাম—আমার বাড়ীঘর আছে। অভাবে পড়িয়া আমি সাধু হই

নাই। ভিক্ষা আমার ব্রভের নিরম, তাই আমি ভিক্ষা করি। ঘরে আমার অল্ল পরে খায়। কোন মন্দিরে গিয়া মহাস্তগিরি করিতে আমার বাসনা নাই। হরিবারে ও কনথগে আমার থাকার বিস্তর স্থান জোটে। আমি নির্জ্জনতা ভালবাসি বলিয়াই এখানে আসিয়াছ। আপনি অন্য লোক দেখন। আমি আসন তুলিয়া অন্তর ঘাইব না। এখানে থাকা আমার গুরুর আদেশ। পাঙা আমাকে অনেক এখর্য্যের কথা বলিয়া এবং স্থবিধার দিক দেখাইয়াও যখন মতি জন্মাইতে পারিল না, তখন নিরাশমনে ধীরে ধীরে চলিয়া গেল। শুনিলাম-অনেক লোক এই বাগান-বাড়ীতে মন্দিরের মালিক হইতে চেষ্টা করিতেছে। ইহা কি মহামায়ার পরীক্ষা না ঠাকুরের দ্য়া! গুরুদের, দ্য়া কর! তোমার হাতের গড়া জিনিষ কারো দামান্য অনুলির টিপে যেন ভালিয়া না যায়। আমার সাধ্য কি কোন প্রলোভনে নিজকে বক্ষা করি।

মন্তপায়ীর হাতে পড়াঃ জ্যোতির্ময় শালগ্রাম।

আজ আত্মানন্দের নিকটে কিছুক্ষণ ছিলাম। আত্মানন্দ আমাকে একটা বোতস দেখাইয়া বলিল —গুণি দাদা, ভোমার জন্ম এই উৎকৃষ্ট রদ আনিয়াছি। তুমি একটু খাও। আমি বোতলটী হাতে করিয়া মদের গন্ধ পাইয়া অবাক্। ভাবিলাম — আত্মানন্দ মদ খায়, আমি যদি বলি এসব আমি থাই না, আত্মানন্দ লজ্জা পাইবে; অভিমানে আঘাত লাগিলে অনায়াদে আমাকে তাড়াইয়া দিবে। আমি আত্মানন্দকে বলিলাম—আ রাম! তুমি এই তুর্গন্ধ রদ থাও। ভাল মদ আনিতে পার না? এই জিনিষ থাইলে আমার প্রাণই যাবে। আত্মানন্দ আর একটা বোতল আমাকে দিয়া বলিল ইহা অতি উৎকৃষ্ট। ইহাই তোমার জন্ম আনিয়াছি। ইহা তোমায় খাইতেই হইবে। আমি উহা হাতে লইয়া বলিলাম—এদব দেশী মদ কথনও আমি থাই নাই, সহু তো হবে না। তুমি কোন সঙ্কোচ না কবিয়া, এদব ধেমন খাইয়া থাক অনায়াদে খাও। মদের বেভিল ফিরাইয়া দেওয়াতে আত্মানন্দ অত্যন্ত হংখিত হইলেন এবং আমাকে বলিলেন – দাদা, মদ তো খাবে না। আচ্ছা, এই কচুরি হৃ'থানা নিয়ে খাও। আমি উহা লইয়া আসনে আদিলাম এবং খাইব সমত হইয়া নিয়া আসিয়াছি বলিয়া সেবা করিলাম। কচুরি ধাওয়ার ৫।৭ মিনিটের মধ্যেই আমার চিত্ত বিক্ষিপ্ত হইয়া উঠিল। মনটি অত্যন্ত চঞ্চল হইয়া পড়িল। শরীরও অস্ত্র বোধ হইতে লাগিল। আমি আজ আর আসনের কোন কাজই করিব না, স্থির করিলাম। সন্ধ্যাটা ইচ্ছায় হউক অনিচ্ছায় হউক করিতেই হইবে বলিয়া আবার আদনে চাপিয়া বদিলাম। সন্ধা করিতে করিতে শালগ্রামের দিকে দৃষ্টি পড়িল। দেখিলায—শালগ্রামটি জ্যোতির্ময়। আমি উহার দিকে দৃষ্টি স্থির রাধিয়া দদ্ধা করিতে লাগিলাম। আশ্চর্যা ঠাকুরের রূপা। দেখিলাম কাল প্রস্তাবের সর্বান্ধ হইতে খেত নীল মিশ্রিত উচ্ছল জ্যোতিঃ বাহির হইয়া পড়িতেছে। উহা দেখিতে দেখিতে আমার চিত প্রফুল হইয়া উঠিল। অবশিষ্ট দিনটি বেশ আনন্দে কাটিয়া গেল। কচুরি থাইয়া মাথা ধরিয়াছিল, হোম করার পর কমিয়া গেল। রাত্রি ৮টার সময়ে রালা করিয়া ঠাকুরকে ডাল-ক্রটী ভোগ লাগাইলাম। প্রসাদ পাইয়া বড়ই ছপ্তি বোধ হইল।

শালগ্রাম চুরি।

এই স্থানে আদিয়া বানবের বড়ই উপদ্রব ভোগ করিতেছি। প্রায় প্রতিদিনই বানর বেডার **ফাঁক** দিয়া যরে ঢুকিয়া কিছু-না-কিছু অনিষ্ট করিয়া যায়। কল্য কতকটা ঘুত নষ্ট করিয়া গিয়াছে। আজও হোমের ঘত সব নষ্ট করিল। মতের অভাব হওয়াতে কনখলের একটা বর্দ্ধিষ্ট পাঙার নিকট একটি সাধুকে পাঠাইয়াছিলাম। সাধু কিছুক্ষণ পরে আসিয়া আমাকে বলিল, আমি ঐ পাণ্ডার নিকটে আর যাইব না। তাহার সহিত আমার ঝগড়া হইয়াছে। আপনার জন্ম সে ম্বত রাধিয়াছে কিন্তু আমার হাতে সে দিবে না---এ জন্তুই ঝগড়া! আপনাকে ঘাইয়া নিয়া আসিতে বলিয়াছে। আপনি একবার যান্না। ভার বাড়ী ত দূবে নয়। আপনি না আসা পর্যান্ত আশ্রমে আমি থাকিব। সাধুর কথা গুনিয়া আমি ঘরে কাঁপ বাঁধিয়া কনখলে চলিলাম। আত্মানন্দও দণ্ডীস্বামীর সঙ্গে ষ্টেশনে চলিল। দণ্ডীস্বামী আজ নর্মদায় ঘাইবেন। কনধলে যাইয়া পাণ্ডার দহিত দাক্ষাৎ করিলাম। তিনি আমার আদার উদ্দেশ জানিয়া বলিলেন—"ঐ দাধু আপনাকে মিথা। কথা বলিয়াছে। আমি ঘুতের কোন কথা তাহাকে বলি নাই।" আমি শুনিয়া অবাক্। নিজ আশ্রমে রওয়ানা হইলাম। আশ্রমে প্রবেশ করিয়াই আমার যেন কেমন কেমন বোধ হইতে লাগিল। কুটারের সন্মুখে ঘাইয়া দেখি দরজাটি দড়ি দিয়া বাঁধা বহিয়াছে কিন্তু ঠেলা লাগান নাই। দেখিয়া আমার সন্দেহ হইল। ঘরের ভিতরে প্রবেশ করিয়া দেখি ঘর ষেমন তেমন। কোন জিনিষই স্থানচ্যত হয় নাই কিন্তু তবু আমার শৃত্য শৃত্য বোধ হইতে লাগিল। অত্যম্ভ জল পিণাদা পাইয়াছিল। ঠাকুরকে একটু মিটি নিবেদন করিয়া দিতে ইচ্ছা হইল। আমি আসনে স্থির হইয়া বসিয়া কিছু যিষ্টি ও জল শালগ্রামের আসনের সমুধে ধরিলায় । নিবেদন করিতে গিয়া দেখি শালগ্রাম নাই। আমার মাথাটি ষেন ঘুরিয়া গেল। ইন্দুরে, বান্দরে নিয়া যেইতে পারে অহমানে কুটারে ও বাহিরে তন্ন তন্ন করিয়া তলাস করিলাম। কোথাও চিহ্নমাত্র পাইলাম না। পরে আরও খুঁজিয়া দেখিলাম --শালগ্রামের আদন্টিও নাই। কাল মার্কেল পাথরের চারি ইঞ্চি পরিবেষ্টিত চতুকোণ স্থলর সিংহাসন্থানাও অপহাত হইয়াছে। কয়েকথানা ভাল পূজার বাসনও গিয়াছে। গৈরিকধারী নব-পরিচিত সাধুর আর থোঁজ নাই। শালগ্রাম নিবে বলিয়াই সে আমাকে ফাঁকি দিয়া মৃত আনিতে পাঠাইয়াছিল। হায়, হায়! এখন আমি কি করি। আমারই গুরুতর অপরাধে শালগ্রাম ২টী চুরি গিয়াছে। চোরের উপরে আমার একটুকুও বিবক্তি জ্যাতিতেছে না। তার দোষ অপেক্ষা আমার অপরাধ অনেক বেশী।

দণ্ডী শ্রীমৎ ব্রহ্মানন্দবামীর নিকটে শালগ্রাম পূজার পদ্ধতি জ্ঞাত হইয়া, প্রাণে প্রবল আকাজ্জা দ্বিয়াছিল—বিধিমত শালগ্রাম পূজা আরম্ভ করি, কিন্তু আমার তথন মনে হইয়াছিল, বিধিমত পূজা আরম্ভ করিলে এই শালগ্রাম আর আমি ছাড়িতে পারিব না। ঠাকুর আমাকে বলিয়াছিলেন— সুলক্ষণাক্রান্ত সুশ্রী শালগ্রাম পূজা করিও। কিন্তু এই শালগ্রামের কলেবর আমার তৃথিকর হয় নাই। মহাত্মারা হাতে ধরিয়া দিয়াছেন বলিয়াই আনিয়াছিলাম। পছল্পমত স্থলর একটা শালগ্রামের আকান্ডা যথন আমার ভিতরে রহিয়াছে এবং ঠাকুরও যথন আমাকে বলিয়াছিল—এ প্রকার আমার জুটিবে, তথন আর এই শালগ্রাম বিধিমত প্রতিষ্ঠা করিবার প্রয়োজন কি? শালগ্রামের উপরে আমার এই প্রকার অনাদর হওয়াতেই বোধ হয়, শালগ্রাম আমাকে ত্যাগ করিয়া গিয়াছেন। শালগ্রাম হারাইয়া সমন্ত দিন ছট্চট্ করিয়া কাটাইলাম। এখন শালগ্রামের অভাবে কি পূজা করিব। এই উদ্বেগে বড়ই কট্ট হইতে লাগিল। ঠাকুর কি করিবেন তিনিই জানেন। শালগ্রাম যাওয়ায় আমার ভিতর খেন শৃত্ম হইয়া গেল। খেরুপেই হউক শালগ্রাম একটা সংগ্রহ করিন্তেই হইবে। আগামী কল্য শালগ্রাম অনুসন্ধান করিতে বাহির হইব স্থির করিলাম। হবিছার ও কনখলে অনেক ব্রাহ্মণ ও পাণ্ডারা আমাকে "গুলি দাদা" বলিয়া অত্যন্ত শ্রুদাভক্তি করেন, তাঁহাদের নিকটে যাইব।

হরিদারে শালগ্রাম অনুসন্ধান।

অভ সকালে নিত্যক্রিয়া কোন প্রকারে সমাপন করিয়া কনখলে একটা সম্ভ্রাস্ত পাণ্ডার নিকটে উপস্থিত হইলাম, এবং আমার অবস্থা তাঁহাকে জানাইয়া একটা লক্ষণাক্রাম্ত শালগ্রাম সংগ্রহ করিয়া দিতে অসুরোধ করিলাম। পাণ্ডা বড় ভাল লোক। আমাকে লইয়া মন্দিরে মন্দিরে ঘুরিতে লাগিলেন এবং বছসংখ্যক শালগ্রাম দেখাইলেন; ২ •শে-২ ০শে জৈ। কিন্তু একটীও আমার পছনমত হইল না। নানা স্থানে ঘুরিয়া অবশেষে বেলা ১২টার সময়ে প্রীযুক্ত বিহারীলালজীর নিকট উপস্থিত হইলাম। ইনি একজন বিখ্যাত বৃদ্ধ ব্ৰহ্মচারী! আমাকে দেখিয়া তিনি ধেন কেমন হইয়া গেলেন। ধেভাবে আদর-বত্ব ও শ্রদ্ধা-ভক্তি করিতে লাগিলেন তাহাতে বড়ই লজা বোধ হইতে লাগিল। তিনি আমার হৃদশার কথা ভনিয়া বলিলেন—শালগ্রাম এথানে তুর্লভ নয়, যতটা ইচ্ছা করেন দিতে পারি কিন্তু আপনি যেরূপ লক্ষণাক্রান্ত শালগ্রাম চাহেন তাহা পাওয়া স্ভব নয়। ব্রহ্মচারী আমাকে কিছু আহার করিতে কাতরভাবে প্রার্থনা করিলেন। কিন্তু আমি দিবসান্তে রাত্রে আহার করি জানিয়া কচুরি ও বর্ফি নিয়া আসিতে বলিলেন। অমি কিছু থাবার বাঁধিয়া নিয়া শাল্**গাম তল্লাস করিতে এন্ধচা**রীর সঙ্গে বাহির হইলাম। অনেক অফুসন্ধানেও একটা শালগ্রাম পাইলাম না। একটা বৃদ্ধ বান্ধণ আমাকে বলিলেন, কল্য সকালে আসিবেন আমি আপনাকে লক্ষণযুক্ত শিলা দিব। তাঁর কথায় নির্ভর করিয়া বেলাশেষে আশ্রমে আদিলাম। শালগ্রামের জন্ম কি যে অশান্তি ভোগ করিতেছি, একমাত্র ঠাকুরই জানেন। মনে হইতেছে গদাব তীর হইতে একটী প্রন্তর তুলিয়া লইয়া পূজা করি।

শালগ্রাম সংগ্রহঃ চণ্ডীপাহাড়ে চণ্ডী দর্শনঃ রাস্তা ভুল বিপদের আতঙ্ক।

সকালে নিত্যক্রিয়া সমাপন করিয়া বেলা ১টার সময় কনথলে গেলাম। রাহ্মণটার সহিত্ত সাক্ষাৎ হইল। তিনি আমাকে খ্ব শ্রমা-ভক্তির সহিত একটা বড় সিধা দিলেন। চাউল, ডাল, আটা, ঘত, লহা কিছু দিনের মত চলিবে। বাহ্মণ আমাকে একটা শালগ্রাম দিয়া বলিলেন—নিন, এই শালগ্রামটা আমার সাত পুরুষের বড় জাগ্রত ঠাকুর। এই শিলার নাম 'লক্ষ্মী নুসিংহ'। কয়েক দিন পূজা করিলেই ইহার প্রভাব বৃঝিবেন। আমি শালগ্রামটা হাতে লইয়া ব্রাহ্মণকে বলিলাম—যত কাল আমি পছন্দমত সুগোল স্থা শালগ্রাম না পাই, এইটাই রাখিব, পূজা করিব। আমার আকাজ্জামত শালগ্রাম জুটলে এটা আবার আপনাকে দিব। ব্রাহ্মণ বলিলেন—

আশাং দ্বা ন দ্যাৎ যঃ দাতারং প্রতিষেধক।
স্বয়ং দ্বা হরেলন্ত স পাপিষ্ঠ ততোধিকঃ॥

আমি আপনাকে থাহা দিলাম তা তোপুনরায় নিতে পারি না। আপনি অন্ত কারোকে দিয়া দিবেন। আমি শালগ্রামটি লইয়া আশ্রমে আদিলাম এবং ষ্থামত পূজা করিলাম। ভালই লাগিল। শিলাটি আয়তনে একটু বড়। ঠিক গোলাফুতি নয় মহণ্ও নয়।

শ্রীমৎ কেশবানন্দমামী এই আশ্রমে আদিয়াছেন। তাঁহার দক্ষে বহুদংখ্যক মীরাটা ভদ্রলোক ও পাঞ্চাৰী স্ত্ৰী-পুক্ষ আছেন। সকলেই স্বামিজীর শিশু। স্বামিজীর বাড়ী হুগলী জেলায় ছিল। স্ত্রী পরিবার পরিত্যাগ করিয়া ৭।৮ বংসর হইল চলিয়া আসিয়াছেন। কাশীতে রামানন্দ লাহিড়ী মহাশয়ের নিকট দীক্ষা গ্রহণ করিয়া ব্রহ্মচারীবেশে বহুস্থান পর্যাটন করিতেছেন। থেচরী মূজায় ইনি দিন্ধ বলিয়া অনেক সম্ভ্রাস্ত পদস্থ লোক ইহার শিশু হইয়াছেন। খ্ব কঠিন কঠিন হ্রারোগ্য বোণের ঔষধাদি জানেন বলিয়া এই অঞ্চলে কেশবানন্দের বিশেষ প্রতিপত্তি। অর্থাদি যাহা কিছু অজন করেন, সাধু দেবা ও গরীব তৃঃখীদের ক্লেশ নিবারণার্থে অকাতরে ব্যয় করেন। কেশবানন্দের সহিত আলাপে বড়ই আরাম বোধ হইল। ঠাকুরের পরিচয়ে কেশবানন আমাকে থুব আদর করিলেন। কেশবানন্দ নিঃশব্দ প্রাণায়াম এবং ধেচরী মুত্রা করিয়া আমাকে দেধাইলেন। থেচরী মূদ্রা এত সহজে করিলেন যে দেখিয়া অবাক্ হইলাম। এই আশ্রমে কেশবানন্দ আরও ২।০ বার আদিয়াছেন। এই স্থানের দৌন্দর্য্য ও ভজনের উপধোগিতা দেখিয়া তিনি এই আশ্রমটী ব্রহ্মচর্য্য আশ্রম করিতে দ্বল্প করিয়াছেন। আত্মানন্দের নামে ২টী ভাগুরা দিয়াছিলেন। আত্মানন্দ ইহার ঐবর্ধ্য ও প্রভাব দেখিয়া, ইহারই নিকটে দীক্ষা গ্রহণ করিয়াছেন। স্বামিজী আত্মাননকে কয়েক-থানা ঘর এবং কয়েকটা গরু বাছুর জুটাইয়া দিয়াছেন। স্বামিজীর সঙ্গে ২টা বালালী এফচারী শিশ্র আছেন। একজনের নাম বরদানন্দ অপবের নাম জ্ঞানান্দ। শুনিতেছি ব্রহ্মচারীরা এখানেই থাকিবেন।



চণ্ডীদেবীর মন্দির

शृष्टी २৮



অভ যথাসময়ে হোম করিয়া অতি প্রভাবে স্নান ভর্পণান্তে কুটারে আদিলাম। কেশবানন্দস্বামী আমাকে তাঁর দক্ষে চণ্ডীপাহাড়ে যাইতে অমুরোধ করিলেন। আমি বেলা ৬টার দময়ে সামিজীর সঙ্গে চণ্ডীপাহাড়ে যাত্রা করিলাম। স্বামিন্দীর ২০।২৫টা শিশুও আমাদের २०१म-२३१म रेकार्छ । সঙ্গে চলিল। আমরা 'জয় মা চণ্ডী' বলিতে বলিতে পাহাছে উঠিতে লাগিলাম। বহু লোকের যাতায়াতে রাস্তাটী বেশ স্থাম হইয়া আছে। ইতিপূর্বে যথন আসিয়াছিলাম তখন পদাসুষ্ঠের দিকে দৃষ্টি বাথিয়া পাহাড়ে উঠিয়াছিলাম। বামপ্রকাশ মহাস্তের শিশুটীকেই মাত্র সময়ে সময়ে দেখিয়াছিলাম। এবার ভাবিলাম, এই হিমালয় পর্বতে কত মূনি ঋষি রহিয়াছেন, ঠাকুরের দয়া হইলে অনায়াদে তাঁহাদের দর্শনলাভ হইতে পারে; ঠাকুরকেও এই পাহাড়ে অনায়াদে দর্শন পাইতে পারি। আমি হু'পাশে পাহাড়ের দৌনর্ঘ্য এবং ভীষণ জন্দল দেখিয়া বড়ই আমোদ পাইতে লাগিলাম। এই প্রকার পাহাড়ে দকল জন্ধই থাকিতে পারে। পাহাড়ের নিম্নন্তরে কোন কোন স্থানে মহাপুরুষদের তপস্থার গোফা আছে বলিয়া মনে হইল। অধিক নীচে বলিয়া পরিভার লক্ষ্য হইল না। যে স্কীর্ণ পথ্টীর উপর দিয়া চলিসাম তাহার পাশেই প্রায় আড়াই শত হাত নীচু স্থানে, অনেকদুর পর্যন্ত দেখিলাম। দৃষ্টি করিলে মাথা ঘুরিয়া ধার। পাহাড়ে উঠিতে উঠিতে ক্লান্ত হুইয়া পড়িলাম। একটু বিশ্রাম করিয়া মা চণ্ডীর মন্দিরে উপস্থিত হইলাম।

শুনিলাম পাঞ্জাব কেশরী রণজিৎ সিংহের পিতা বা পিতামহ এই মন্দির বছ অর্থ ব্যয়ে প্রস্তুত করাইয়াছিলেন। মন্দিরটি ছোট হইলেও ইহা প্রস্তুত করা যে কত শক্ত ব্যাপার, তাঁহারাই বৃথিয়াছিলেন। তথনকার অতি হুর্গম পথে হু'ক্রোশ দূর হইতে জল ও মন্দির প্রস্তুতের উপকরণ কি প্রকারে আনিয়াছিলেন ভাবিলে অবাক্ হইতে হয়।

বহুকটে পাহাড়ে উঠিয়া শ্রীচণ্ডী দর্শন করিয়া প্রাণটী আনন্দে ভরিয়া গেল। সমূথে আর একটী উচ্চ শৃঙ্গে 'অরপূর্ণা' আছেন শুনিলাম। আমরা পরমোৎসাহে অরপূর্ণার মন্দিরে পঁছছিলাম। মাকে পরিক্রমা করিয়া দর্শন ও স্পর্শ করিয়া নীচে নামিতে লাগিলাম। একটা বৃদ্ধাকে রাজায় দেখিয়া অবাক্ হইয়া কিছুক্ষণ চাহিয়া রহিলাম। বৃদ্ধার বয়স প্রায় ৮০ হইবে। সোজা হইয়া দাঁড়াইবার ক্ষমতা নাই। হামা দিয়া ১৪।১৫ হাত অগ্রসর হইতেছে, আবার হাত পা ছাড়িয়া বিসিয়া পড়িতেছে। এক হাত দেড় হাত কোন প্রকারে সরিয়া পড়িলে কোন্ অতল গর্তে ঘাইয়া পড়িবে, খোজও পাওয়া ঘাইবে না। বৃদ্ধার সদে একটামাত্র স্থীলোক। নিভান্ত সন্ধীর্ণ হানে সে বৃড়িকে হাতে ধরিয়া পার করিতেছে। এই প্রকার হামা দিয়া কত কালে বৃদ্ধা মায়ের মন্দিরে গছছিবে, জানি না। নামিবার সময়ে তো আরও বিপদ। বৃড়ির অবস্থা দেখিয়া প্রাণ কাদিয়া উঠিল। আমি ঠাকুরকে বলিলাম—গুরুদেব ! তুমি তো কথনও কারো ক্লেশ দেখিয়া সহ্ব করিতে পার না। এই বৃড়ির অবস্থা তো তুমি দেখিতেছ। ইহার সমস্ত অঙ্গপ্রত্যঙ্গ তোমার শ্রীচরণ দর্শন লাভার্থে জীবিতাশা বিদর্জন দিয়া

মন্দিরের দিকে ধাবিত। ইহার ষতই উৎকট প্রারন্ধ থাকুক না কেন, তুমি ইহাকে দ্যা করিও।
বৃদ্ধির অবস্থা দেখিয়া আমার এতই কট হইতে লাগিল যে, আমি বৃদ্ধির জন্ম ঠাকুরকে কিছু না বলিয়া
পারিলাম না। কিছুক্ষণ দাঁড়াইয়া বৃদ্ধির চেটা দেখিতে লাগিলাম। ইতিমধ্যে স্বামিজীর শিয়েরয়
বহুদ্র চলিয়া গেলেন। আমি নিঃদঙ্গ হইয়া একটা ভয়য়র পাহাড়ের ভিতর দিয়া চলিলাম। কোন
কোন স্থানে মৃল রাস্তা হইতে ২০০টা রাস্তাও গিয়াছে। দে দব স্থানে বড়ই মৃদ্ধিল। অদ্টক্রমে
ঠিক পথে না চলিয়া কাঠুরিয়াদের রাস্তা ধরিয়া চলিলাম। ক্রমে জনপ্রাণীশ্রু গভীর অরণ্যে প্রবেশ
কবিলাম। এই রাস্তারও তুধারে সঙ্কীণ পথ আছে। কোন পথে কোথায় ঘাইয়া পৌছির, নিশ্চয়
নাই। আমি বিষম বিপদে পড়িলাম। নিবিড় অরণ্য, স্থানে স্থানে বন্ধ জন্তর চীৎকার, একটা লোক
কোথাও নাই। নিরূপায় ভাবিয়া বড়ই ব্যস্ত হইয়া পড়িলাম। আমি উপায়াস্তর না পাইয়া যে
পথে আসিয়াছি, ফিরিয়া সেই পথেই চণ্ডীর দিকে চলিলাম। কিছুক্ষণ চলিয়া চণ্ডীর যাত্রী
পাইলাম। তাহাদের সঙ্গে নীচে নামিয়া আসিলাম। সিদ্ধ অযোরী কামরাজের আশ্রম দর্শন করিয়া
নীলধারায় স্থান করিলাম। পরে অপরাহু ওটার সময়ে সকলে একসক্ষে আশ্রমে আদিলাম।

কেশবানন্দস্বামী।

কেশবানলখামীর দক্ষ দিন দিনই ভাল লাগিতেছে। গুরুর আদেশ মত ভারতবর্ষে নানাখানে পর্যাটন করিয়া, দাধু ধর্মার্থীদের দেবা ও হ্ববিধা করাই নাকি ইহার ব্রত। তাই ইহার কোন সম্প্রদায় বৃদ্ধি নাই। প্রকৃত ধর্মার্থী দেখিলেই তাঁর দেবায় নিযুক্ত হন। অনেক সমৃদ্ধিশালী লোক ইহার আশ্রম নিয়াছেন। তাঁহারা দহস্র দহস্র অর্থ ইহাকে দান করেন। ইনি দেই অর্থ মৃক্তবন্তে সাধুদেবায় বায় করেন। ব্রহ্মচারীদের উপরে ইহার বিশেষ আকর্ষণ। ব্রহ্মচারীরা নিরাপদে ভদ্ধন-নাধন-তপত্যা করিতে পারেন লোকালয়ের সন্নিকটে এইরূপ স্থান বড়ই তুর্ঘট। এই দামপাড় ব্রহ্মচারীদের বাদের পক্ষে সর্ব্বোৎকৃষ্ট স্থান মনে করেন। শুনিলাম এই স্থানটী ক্রয় করিয়া একটী আশ্রম প্রস্তুত করিয়া দিবার জন্ত কেশবানল দর্থান্ত করিয়াছেন, দ্র্থান্ত নাকি মঞ্বুর হুইয়াছে। মূল্য নিশ্রম হুইলেই ক্রয় করিয়া আশ্রম প্রস্তুত আরম্ভ করিবেন।

কেশবানন্দস্বামী আমার কার্য্যকলাপ সাধন-ভন্তন গোপনে অন্থসন্ধান করিয়া আমার উপরে অত্যন্ত সম্ভব্ন ইন্থাছেন। তিনি আমাকে দেখিলেই এই আশ্রমে স্থায়ীভাবে আসন করিতে অন্ধরোধ করেন। এই আশ্রমে বরদানন্দ, জ্ঞানানন্দ প্রভৃতি কয়েকটি ব্রন্ধচারী থাকিবেন। স্থামিজী এই স্থানটী ব্রন্ধচর্য্যাশ্রম করিয়া ইহার সমস্ত তত্বাবধানের ভার ও সম্পূর্ণ কর্ভৃত্ব আমার উপর রাখিতে চান। ধরচণত্র বাহা আবশ্রক তিনিই চালাইবেন। আমি কেশবানন্দকে বলিলাম—আ্থানন্দ বহুকাল মাবৎ এস্থানে আছেন। তাঁরই উপরে সমস্ত ভার দেন না কেন? স্থামিজী বলিলেন—আপনি এতদিন উহার সক্ষে থাকিয়া কি উহার প্রকৃতি এখনও বুঝেন নাই ? আমি বলিলাম—আমি এ৪

দিনেই জানিয়া নিয়াছি। এথানে আমি আরও কিছুদিন থাকিতে পারিব কিনা সন্দেহ হয়। লোকটা বড়ই ভজন-বিরোধী। স্বামিজী বলিলেন—আপনার উপর কি কোন অত্যাচার করিয়াছে ? আমি উত্তর করিলাম—আমার আর কি করিবে ? ভবে মদ থেয়ে, স্ত্রীলোক এনে সারারাত্রি মাতামাতি করা যাহাদের স্বভাব, তাহারা কি ব্রন্ধচর্য্য আশ্রমে বাদের ষোগ্য ? কেশবানন্দ শুনিয়া অবাক্ ! আমি স্বামিজীকে উহার ঘর অন্ত্রসন্ধান করিতে বলিলাম। স্বামিজী আত্মানন্দের ঘরে প্রবেশ করিয়া ২টা মদের বোতল বাহির করিলেন; আত্মানন্দকে ঘথেই গালাগালি করিলেন। আমার আদেশাধীন হইয়া আত্মানন্দ না চলিলে, তাহাকে অন্তর সরাইয়া দিবেন বলিলেন। কেশবানন্দ আমার নামে ১টা বৃহৎ ভাণ্ডারা দিয়া হরিদার ও কনখলের সাধ্দের আমন্ত্রণ করিলেন এবং প্রচুর পরিমাণে উৎকৃষ্ট সামগ্রী ঘারা পরিতোষপূর্দ্দক তাহাদের সেবা করিলেন। সাধ্দের ভিতর আমাকে পরিচিত করিয়া দিলেন। কেশবানন্দ আমাকে এক জোড়া ধৃতি, এক সের ঘৃত, তৈল, প্রদীপ, রাল্লা করিবার একটী পাত্র আনিয়া দিলেন। জ্ঞানানন্দ ও বরদানন্দকে আশ্রমে রাথিয়া অপর শিয়াগণ সহিত তিনি মীরাটের দিকে যাত্রা করিলেন।

সাধন চেন্টার নিক্ষলতাঃ বস্ত তাঁর হাতে —দাতা তিনি।

জ্যৈষ্ঠ মাস শেষ হইতে চলিল। এখানে আসিয়া ভাবিয়াছিলাম, ঋষি ম্নিদের তপস্তার পরম পবিত্র যোগাভূমি মান্নাপুরী হরিদারে আসিয়াছি। এখানে শরীর যদি স্বস্থ থাকে, সাধন ভঙ্গনের নির্জন মনোরম স্থান পাই, এবং দাধন-বিম্নকর কোন বিপত্তি বাহির হইতে) २९८०- ००८० देकार्छ. উপস্থিত না হয়, তাহা হইলে মনের সাধে প্রাণের ক্ষোভ মিটাইয়া একবার ১৩০ সাল। ভজন-শাধন করিব। ঠাকুরের কৃপায় আমার শরীর বেশ হুস্থ আছে। কুটারটাও ভজনের অহুকুল। অতি স্বন্ধ স্থানে শিংশপামূলে প্রস্তুত হইয়াছে। বাহির হুইতেও কোন প্রকার উপাধিই এখন আর নাই কিন্তু তথাপি ভঙ্গনে মন বসিল না। ভজনে কিলে মন বঙ্গে, আবার কেন বলে না, তাহার মূল অনুসন্ধান করিয়া হয়রান হইলাম। হেতু কিছুই ধরিতে পারিলাম না। ঠাকুরের মুথে শুনিয়া-ছিলাম, সাধক-জীবনে অহৈতুকী জালা সময়ে সময়ে উপস্থিত হয়। উহা এতই বিষম যে সাধক উহা স্ফু করিতে না পারিয়া আত্মহত্যার চেষ্টা করেন। উহাতে সম্পু বাসনা কামনা দ্ধ্য করিয়া অভিমানকে ভস্মীভূত করে। কিছুদিন যাবৎ দেখিতেছি, চিত্ত অতিশয় বিক্ষিপ্ত হইয়া পড়িয়াছে। নামে আনন্দ নাই, নাম করিতে পারি না। নাম করার সঙ্গে সঙ্গে জালাও বিরক্তি আসিয়া পড়ে। অস্থির হইয়া আসন ত্যাগ করিয়া উঠি। উষ্ণ নিশাস ফেলিয়া তুলিয়া সম্ভ দিন অতিবাহিত হয়। ক্থন্ত নাম ক্রিব স্থির ক্রিয়া থুব উৎসাহের সহিত আসনে বসি, পাঁচ মিনিট নাম ক্রিতে-না-করিতে মন্টা কোথায় চলিয়া যায়। নাম্টা একেবারে ভুলিয়া যাই। বহুক্ষণ পরে চৈত্র হয়। তথন আবার নাম করিতে আরম্ভ করি। এরপ কেন হয় কিছুই ৰ্ঝিতেছি না। কোন দিন

অাবার এমনও দেখিতেছি – মন অভিশয় বিরক্তিপূর্ণ, কিছুই ভাল লাগিতেছে না। ভাবিলাম আজ আর আসনে বদিব না, নিয়মিত সন্ধ্যাটী বা ভাগটী মাত্র কোন প্রকারে সারিয়া নেই—এই স্থির করিয়া আসনে বিদ্যাম, আর উঠা হইল না। আপনা-আপনি চিন্তটি 'নামে' 'ধ্যানে' এতই নিবিষ্ট হইয়া পড়িল যে ঠাকুর আমাকে চোথের জলে একেবারে ডুবাইয়া রাখিলেন, সারা দিন আর মাথা তুলিতে দিলেন না। এই প্রকার কেন হয় তাহার কারণ অনুসন্ধান করিয়া কিছুই স্থির করিতে পারিতেছি না। বিরক্তিপূর্ণ অস্থির চিত্ত বিনাচেষ্টায় অকস্মাৎ কেন স্থির ও প্রফুল্ল হয়, এবং উৎসাহ-পূর্ণ পরস হাদয় বিনা কারণে হঠাৎ কেন নীরদ ও ভঙ্গতাপূর্ণ হইয়া পড়ে, কিছুই ব্ঝিতেছি না। তবে সময়ে সময়ে নিরপেক একটা মহাশক্তির প্রভাবে ষেন এই সমস্ত ঘটিতেছে মনে হয়। পুনঃপুনঃ এই মহাশক্তির পরিচয় পাইয়াও ইহার উপরে নির্ভর করিতে পারিতেছি না। সংগ্রাম করিয়া বারংবার পরান্ত হইতেছি। হাত পা ছাড়িয়া দিয়া নিজে আর কিছু করিব না স্থির করিতেছি — কিন্তু জানি না কেন ভিতর হইতে আবার চেষ্টার জন্ম উৎসাহ উত্তম আদিয়া পড়ে—এই চেষ্টা না করিয়াও উপায় নাই, আবার করিয়াও লাভ নাই। ঠাকুর লোভের বস্তু সম্মুখে ধরিয়া হাত বাড়াইয়া নিতে উৎসাহ দিতেছেন কিন্তু উহা পাইতে হাত বাড়াইলেই অমনি উহা সরাইয়া লইতেছেন। বন্ধ তাঁর হাতে— দাতা তিনি। তিনি না দিলে কোণা হইতে পাইব। তবে ঠাকুর যে আমাকে লইয়া এভাবে থেকা করিতেছেন — আমাকে কাঁদাইয়া আমোদ পাইতেছেন — ইহা মনে করিয়া সময় সময় আনন্দ পাই। अप्र शक्रम्य।

বিচার-বৃদ্ধিতে নিরম্বু একাদশী ভঙ্গ ও অনুতাপ।

এখানে আদিয়া একদিনও নিরম্ একাদশী করিতে পারিলাম না। কোন-না-কোন প্রকারে ভক হইয়া গিয়াছে। আজ নিশ্চয়ই নিরম্ করিব সংকল্প করিলাম। এই স্থির করিয়া সারাদিন আসনে বিদিয়া নাম করিয়া কাটাইলাম। সন্ধার সময়ে শরীর অভিশয় হর্বল হইয়া পড়িল। আসনে বিসড়েও কট হইতে লাগিল। নাম বন্ধ হইয়া আদিল। ক্র্ধায় অন্থির হইয়া পড়িলাম। আর আর দিন কিন্তু এই সময়ে আমার রায়াও হয় না। একাদশীর উপবাস আমার এখন পর্যান্ত আরম্ভই হয় নাই—আমার তে। উপবাস কলা। একাদশীর নামেই শরীর অবসর হইয়া পড়িয়াছে। এ কি বিষম সংস্থার! আহারের প্রবৃত্তির সক্ষে বিচার-বৃদ্ধিও সেইদিকে দাঁড়াইল। ভাবিলাম, এই প্রকার উপবাসে লাভ কি ? ভগবানের উপাসনার জ্লাই তো উপবাস। এই উপবাসে তো আমার ভল্পনের বিদ্ন করিতেছে—নাম চলিতেছে না, ক্র্ধায় অস্থির, মন বিরজ্জিপ্র, শরীর ত্র্বল বোধ হইতেছে। কল্যও সারাদিন একরূপ উপবাস। কল্য আর উঠিবার শক্তি থাকিবে না—দিনটাই র্থা ঘাইবে। ত্রতরাং একদিন উপবাস করিয়া হ'তিন দিন পড়িয়া থাকা অপেকা পেট ভরিয়া আহার করিয়া হস্থ শরীরে ভজ্ন-সাধন

করাই তো দদত। ভদ্ধ-বিরোধী যাহা তাহা যতই কল্যাণকর হউক না কেন, উহা পাপ, বিষৰৎ পরিত্যান্ত্র। এ দকল ভাবিয়া আমি কিছু আহার কারব স্থির করিয়া চা প্রস্তুত করিলাম। উহা পান করিয়া স্বস্থ হইলাম।

নিবস্থ একাদশীতে যে কলাাণ সাধিত হয়, তাহাতে আস্থা থাকিলে অকিঞিৎকর অস্থায়ী আরামের জন্য তাহা কথনও ভঙ্গ করিতাম না। ১৫ দিনের পাপরাশি দগ্ধ করিবার জন্য ভগবৎ-বিধানে তুর্লভ একাদশী তিথি জীবের ভাগে সমাগত হয়। চতুর ও স্থব্দিমান হইলে কথনও আমি এই স্থযোগ অগ্রাহ্ম করিতাম না। ঠাকুর যাহাতে তোমার আনন্দ, সেই শাস্তাম্পত স্থব্দি প্রদান কর।

উত্তপ্ত ডাল পড়ার জ্বালা—প্রার্থনায় নির্তি।

গত কল্য স্থ্চা পান করিয়া একাদশীর উপবাস করিয়াছি। আজ চা ও বেলের সরবং থাইলান। সন্ধার পরে থ্ব ক্ষা পাইল। আকাজ্যা হইল তাল ভাত রান্না করিয়া পেট ভরিয়া আহার করিব। ধ্নিতে লোভবশতঃ পরিমাণ অপেক্ষা অধিক তাল চাপাইলাম। তাল নামাইবার সময়ে হঠাং হাত হইতে বাসনটা পড়িয়া গেল। কতকগুলি তাল আমার হাতে পায়ে মুথে বুকে আসিয়া পড়িল। ভ্য়ানক উত্তপ্ত তাইল যে যে স্থানে লাগিল জলিয়া উঠিল। আমি স্পর্শমাত্রে "জয় গুরু, জয় গুরু" বলিয়া দ্বির হইয়া বিদলাম এবং অগ্নিদেবকে বলিলাম – হে অগ্নি! একি করিলে? কোন্ অপরাধে আমাকে তুমি এই শান্তি দিলে? অত্যন্ত ক্ষাবোধ হওয়ায় তাল চাউলের পরিমাণ কিছু বেশী নিয়াছিলাম। আমার ঠাকুরের আদেশ লঙ্গন করিতেছি দেখিয়াই কি তুমি আমাকে এই শাসন করিলে? প্রত্যন্ত ভিন বেলা সম্বত বিৰণক্র আত্তি দিয়া আমি তোমার তেজ বৃদ্ধি করি। সেই তেজকে আমারই উপর প্রয়োগ করিলে? আমার একদিনের একটামাক্র অপরাধ ক্ষমা করিতে পারিলে না? আমি এই জালা কি প্রকারে সহু করিব। অমনি মনে হইল, অগ্নি কে? আমার ঠাকুরই ভো অগ্নিরূপে আমার আছতি গ্রহণ করেন। তেজের একমাক্র আধার তো তিনিই। ঠাকুরকে অবণ করিয়া বিলাম – গুরুদেব, তোমার রূপার দানকে আমি শান্তি মনে করিতেছি, আমাকে রক্ষা কর। আল্হর্যের বিষয় এই, এক মিনিটও আমার জালাভোগ হইল না। আপনা আপনি জালা একেবারে নির্বাণ হইল।

লোভের প্রতিফল: অসৎ পরিগ্রহে অশান্তি।

আমার আহাবের সমন্ত বস্তু ফুরাইয়া গিয়াছে। রামপ্রকাশ মহাস্তের নিকট ভিক্ষায় যাইব স্থিব করিলাম। শুনিলাম হরিলারের সর্ব্বপ্রধান মহাস্ত নানকপন্ধী শ্রীমৎ কেশবানন্দস্বামী আজ ভাণ্ডারা দিবেন। কন্থল ও হরিলারের সমস্ত সাধু-সন্ত্রাসীরা তথায় নিমন্ত্রিত হইয়াছেন।

আত্মানল আমাকে তাহার দহিত তথায় যাইতে পুন:পুন: অহুরোধ করিতে লাগিলেন। আমি সূল ভিক্ষা সংগ্রহের জন্ম রামপ্রকাশ মহান্তের নিকট উপস্থিত হইলাম। আত্মানন্দ সঙ্গে ছিলেন। ভাবিয়াছিলাম আত্মাননকে দেখিয়া রামপ্রকাশ অধিক পরিমাণে ভিক্ষা ১৩০০ দাল। দিবেন। কিন্তু উন্টা হইল। ভিকা চাহিতেই আত্মানন্দকে রামপ্রকাশ বলিলেন — আপনি আশ্রমধারী সন্ন্যাসী বড় বড় ভাগোরা আপনার আশ্রমে হয়। এই এদ্ধচারীকে এক মৃষ্টি অন্ন আপনি দিতে পারেন না ? একে ভিক্ষা করিতে হয়! আত্মানন্দ বলিলেন—ভিক্ষা ইহার বৃত্তি তাই করেন। ইনি যদি আমার ভাণ্ডারের বস্তু গ্রহণ করেন, অনায়াদে প্রয়োজন মত সব পাইতে পারেন। কিন্তু ইনি তাহা নেন না। রামপ্রকাশ মহান্ত আর আর বার যে প্রকার ভিক্ষা দিয়া থাকেন, এবার তাহাও দিলেন না। আত্মানন্দকে দেখিয়াই তিনি বিরক্ত হইয়াছেন। ওধান হইতে আত্মানন্দ আয়াকে নানা বস্তব লোভ দেখাইয়া কেশবানন্দের আশ্রমে লইয়া গেলেন। আমিও প্রচুর সামগ্রী পাইবার আশায় সদাবতে উপস্থিত হইলাম। কিন্তু ভাগাবশত: দেখানে কয়েকখানা কচুরি ও কয়েকটীমাত্র লাড্ড পাইলাম। একখানা বন্ধও পাওয়া গেল। উহা লইয়া আখ্রমে প্রস্থান করিলাম। পথে আপনা আপনি মনটী আমার বিরক্তিপূর্ণ হইয়া উঠিল। বিনা-কারণে ক্রোধের উত্তেক হইতে লাগিল। ঘন ঘন খাদপ্রখাদে নাম্টী বন্ধ হইরা গেল। মন্টী অভিশয় উদেগপূর্ণ ও বিষম অন্থির হইয়া উঠিল। ভাবিতে লাগিলাম, একি হইল। অকমাৎ এই প্রকার হওয়ার কারণ কি ? ভাগুারার বস্তু গ্রহণ করিতে আমার একেবারে ইচ্ছা ছিল না, কেবল আত্মা-নন্দের জেদে গ্রহণ করিয়াছি। বোধ হয় ঐ অপরাধেই আমার এই ছুদ্দশা ঘটিল। সদাশয় সজ্জন মহাত্মারা ভাণ্ডারার অধিকারী হইলেও, ষাহাদের হত্তে উহা বিতরণ করা হয়, তাহাদের অসংভাবের সংস্পর্শে বস্তু কলুষিত হয়—গ্রহণকারীকেও তাহা স্পর্শ করে। আমি আশ্রমে পঁহছিয়াই ভাণ্ডারার পকার মিষ্টামগুলি ও বন্ধধানা আত্মানন্দকে দিয়া দিলাম। এ সকল বল্প দেওয়ার সঙ্গে সংক্রই চিত্ত প্রফুল হইয়া উঠিল। পূর্ববং নাম চলিতে লাগিল। আশ্চর্যা গুরুদেবের শিক্ষা ও দয়া! এইভাবে না শিখাইলে কি আর আমার নিস্তার আছে।

মন্ত্রশক্তি।

আজ সদ্ধা করিতে আসনে বসিয়াছি, একটি লোকের মর্মভেদী চীংকার শুনিতে লাগিলাম। বাহিরে ষাইয়া দেখি লোকটা বিচ্ছুর দংশনে গেলাম মর্লাম বলিয়া চীংকার করিয়া মাটীতে লুটাইতেছে। আত্মানন্দকে বলায় দে উহা লইয়া তামাসা করিতে লাগিল। পাহাড়ী বিচ্ছুর কামড়ে মান্ত্র মরিয়া যায় শুনিয়াছিলাম। দাদা বলিয়াছিলেন দংশনের যন্ত্রণা এ পর্যান্ত যতটা জানা গিয়াছে, তাহাতে পাহাড়ী বিচ্ছুর মত তীত্র যন্ত্রণাদায়ক বিষ আর আবিন্ধার হয় নাই। আমি আত্মানন্দের উপর বিরক্ত হইয়া বরদানন্দের নিকটে যাইয়া বলিলাম। বরদানন্দ তথনই ওঝার জন্ম বাহির হইল।

আত্মানন্দ তথন খুব উৎসাহের সহিত কনখনে ষাইয়া একটা ওঝা লইয়া আসিল। ওঝাটার অভূত কমতা দেখিলাম। সে আশ্রমে প্রছিয়াই রোগীকে একবার দেখিয়া ১০।১৫ ফুট দ্রে গিয়া দাঁড়াইল এবং দম বন্ধ করিয়া কয়েকটা কাঁচা পাতা হাতে কচ্লাইয়া মাটিতে রস ফেলিতে লাগিল। বিচ্ছুর বিষ উক্ন পর্যান্ত উঠিয়াছিল। ওঝা প্রথম দমে হাঁটু পর্যান্ত, দিতীয় দমে পায়ের নালা, তৃতীয় দমে পায়ের পাতা পর্যান্ত বিষ নামাইল। চতুর্থ দমে বোগী সম্পূর্ণ যন্ত্রণাশূল হইয়া উঠিয়া বিদল। পরে অর্জঘন্টা পথ হাঁটিয়া সে বাড়ী চলিয়া গেল। ওঝাটা ভদ্রলোক নয়, মুটে মজুর শ্রেণীর—সাধারণ লোক। ভগবানের রাজ্যে কত কি আছে কিছুই জানি না! সাধারণ লোকের ভিতরে যে সকল বিছাও মন্ত্রশক্তি আছে, বড় বড় বড় পণ্ডিত ও বৈজ্ঞানিকগণ তাহার বিদীমানায়ও প্রছিতে পারেন না।

ভয়ানক শুক্কতায় ঠাকুরের কুপা বর্ষণঃ শাদগ্রামে নীল জ্যোতিঃ।

প্রত্যুয়ে ষ্থামত প্রাত্থালোচাদি সমাপন করিয়া আসনে বসিলাম। বছ চেটায়ও নিতাকর্মে মনটিকে স্থির রাথিতে পারিলাম না। জানি না কেন, আজ মন আপনা আপনি বিরক্তিপূর্ণ। অনেক চেটায়ও প্রাণে।

তার বোধ হইতে লাগিল। ধ্যের বস্তুর উদ্দেশই পাইলাম না। নাম বোঝার মত ভার বোধ হইতে লাগিল। ধ্যের বস্তুর উদ্দেশই পাইলাম না। নীরস নাম অ্যাভাবিক শানেপ্রশাসে সংযোগ করার চেটায় হয়রাণ হইয়া পড়িলাম। শাসক্রচ্ছতা বোধ হইতে লাগিল। আমি সমস্ত ছাড়িয়া দিয়া আদনে চুপ করিয়া বিষয়া রহিলাম। ঠাকুরের উপরে অতিশয় কোধ জন্মিল। কোন একটা হেতুকে স্তুর করিয়া চিন্ত উদ্দ্রান্ত, বিক্ষিপ্ত বা মলিন হইলে মনকে প্রবোধ দেওয়া যায়। না হ'লে ঠাকুরের ইচ্ছায় এ সমস্ত ঘটিতেছে না বলিয়া উপায় কি ? আমি ঠাকুরের উপর অভিমান করিয়া কত কি বলিতে লাগিলাম। এই সময়ে আমার দৃষ্টি শালগ্রামের উপরে পড়িল। শালগ্রামের রূপ দেখিয়া অবাক হইলাম। দেখিলাম—শিলার কলেবরে নানাস্থানে অত্যুক্ত্রল গাঢ় নীল জ্যোতিঃ, জোনাকিপোকার মত পুনংপুনঃ জ্বলিয়া উঠিয়া আবার লয় পাইয়া যাইতেছে। কিছুক্ষণ ধরিয়া এই অন্থপম জ্যোতির থেলা দর্শন করিলাম। জ্যোতিঃ দেখিতে দেখিতে চিত্তে আমার সরস ভাব আসিল। নামও সরস এবং সতেজ্ভাবে আপনা আপনি ফোয়ারার মত ভিতর হইতে উঠিতে লাগিল। ঠাকুরের স্থিতি চিত্তে উদিত হওয়ায় আনন্দে বিহলে হইয়া পড়িলাম।

ছায়ারূপ দর্শনে খেদ আতঙ্কঃ প্রার্থনা—'দর্শন দিও না'।

আজ সকালবেলা হইতে সমস্ত দিন সাধন ভজনে ধ্ব আনন্দে গেল। ঠাকুরের শ্বরণে অশ্রবর্ষণ হইতে লাগিল। প্রশস্ত দিবালোকের সন্মুখের আকাশে ঠাকুরের পরিষ্কার হায়া আজ আবার প্রকাশ হইল। ছায়াটীর আকার ঠাকুরেরই অমুদ্ধণ। ক্রমশঃ উহা ঘন হইয়া স্থুল ও ধর্ম হইতেছে মনে হইল। আমি তথন চোধ ৰুজিয়া ছায়ার নিকটে কাঁদিয়া পড়িলাম এবং বলিতে লাগিলাম — ঠাকুর! আর আমাকে দর্শন দিও না। ছায়া দর্শন হলেই ভয়ে আমি অন্থিব তরা আবাঢ়, ১৩০ - সাল। হই-পাছে তুমি প্রকাশ হইয়া পড়। ছায়ায় দৃষ্টি না করিয়া পুন:পুন: চারি-দিকে চঞ্চলভাবে তাকাইতে থাকি। চোথ একবার বুজি একবার মেলি—যেন দর্শন না হয়। তোমার ছায়া জানিয়াও আমি অগ্রাহ্ম করি। ঠাকুর দয়া করিয়া যদি আমাকে তুমি দর্শন দাও, তবে এইটুকু কুপা কর—হেন দর্শনের পূর্ব্বে তোমাতে বিখাদ ভক্তি ভালবাদা স্বয়ে। ইহা না হইলে তোমাকে আদর করিব কিরূপে? বিধাস ভক্তি ভালবাসা অন্তরে না থাকিলে তোমার দেবহুর্লভ দর্শনও তো ছায়াবাদ্ধী দেখার মত হইবে। ঐ প্রকার দর্শন না হওয়া আমি শতগুণে ভাল মনে করি। সময়ে সময়ে তোমাকে দর্শন করিতে ইচ্ছা হয় সতা, কিন্তু তাহা হিতাহিতজ্ঞানে নয়, প্রাণের স্বাভাবিক টানে। প্রাণের বন্ধকে যদি প্রাণ ভরিয়া ভালবাসিতে না পারি, আদরের বন্ধ যদি অনাদরে চলিয়া যায়—তাহলে আমার সেই দর্শনে লাভ কি ? ঠাকুর তোমাকে আদর করিতে পারি, পে প্রকার অবস্থা না দিয়া কখনও আমাকে দর্শন দিও না—আমি যতই কালাকাটি করি না কেন, শমন্ত অগ্রাহ্ম কবিও, তোমার চরণে এই আমার প্রার্থনা। প্রার্থনার দক্ষে দক্ষেই ছায়া অন্তর্ধান করিলেন, কিন্তু বিমল আনন্দ প্রাণে সন্তোগ করিতে লাগিলাম। আজু সমন্তটী দিন যেন অন্ত রাজ্যে কাটাইলাম।

লোকদেবায় সাধন-কুর্ত্তি।

আজ বাত্তি ওটাব সময়ে জাগিলাম। ভন্নানক বৃষ্টি হইতেছে। কিছুক্ষণ আসনে স্থির হইয়া বসিয়া নাম করিলাম। তন্দ্রাবেশ হওয়ায় আবার শুইয়া পড়িলাম, একটু পরেই আবার উঠিতে হইল। বৃষ্টির জল গায়ে পড়িতে লাগিল। গুরুগীতা পাঠ করিয়া কিছুকাল ধ্যান করিলাম। মুফল-ধারায় বৃষ্টি হইতেছে। নীলধারায় চলিয়া গেলাম। শৌচাদি সমাপন করিয়া আসনে আসিয়া বসিলাম। বৃষ্টি থামিয়া গেল। আজ পাহাড়ের দৃষ্ঠ বড়ই মনোরম। নীলবর্ণ পাহাড়ের গা ঘেঁসিয়া থণ্ড থণ্ড শাদা মেঘ উঠিতেছে। পাহাড়ের দিকে দৃষ্টি পড়ায় চোখ আর ফিরাইতে পারিলাম না। ঠাকুরের কলেবর মনে করিয়া বহুক্ষণ সেইদিকে চাহিয়া বহিলাম। ভাব-উচ্ছাসে চিত্ত প্রফুল্ল হইয়া উঠিল।

আজ একাদশী, নিরস্থ করিব। আহারের কোন উৎপাত নাই ভাবিয়া, ভোরবেলা হইতে থুব একটা উৎপাহ আনন্দ ভিতরে চলিয়া।ছল। আসনে বেশ নিবিষ্টভাবে বসিয়া আছি—এক গ্লাস তুধ লইয়া আয়ানন্দ আসিয়া বলিলেন—"দাদা, আজ বড় ঠাণ্ডা, চা চাই"। আমি বলিলাম—"আজ একাদশী, আমি নিরস্থ কর্বো—তোমরা গিয়ে চা ক'রে থাও"। আয়ানন্দ বলিল বরদানন্দ,

জ্ঞানানন্দ তো চা প্রস্তুত করিতে জানে না"। আমি কোন উত্তর না দেওয়ায় আত্মানন্দ হৃঃথিত-মনে চলিয়া গেল। আমি উৎপাত শাস্তি হইল মনে করিয়া নাম করিতে লাগিলাম। কিন্ত নামে আর সন বসিল না। বহু চেষ্টা করিয়াও পূর্বের ভাব অন্তরে আনিতে পারিলাম না। মনে গুড়তা ও জালা বোধ হুইতে লাগিল। ভাবিলাম অক্সাৎ একি হুইল ? একি আত্মানল প্রভৃতিকে চানা করিয়া দেওয়ার ফল ? আমি অমনি আসন হইতে উঠিয়া পড়িলাম এবং আত্মানদের কুটারে গিয়া উপস্থিত হইলাম। ানজ হইতে সমন্ত আয়োজন করিয়া উৎকৃষ্ট চা প্রস্তুত করিলাম। আত্মানন, বরদানন ও জ্ঞানানন বুষ্টির স্ময়ে ঠাওাতে গ্রম গ্রম চা পাইয়া বড়ই সম্ভষ্ট হইলেন। আমিও এক প্লাস চা ঠাকুবের জ্ঞু নিয়া আদিলাম। ঠাকুরকে চা নিবেদন করিতেই আমার কালা পা**ইল। চা দেবনের দদে দকে ঠাকুরের স্থ**ময় স্থৃতি প্রাণে উদয় হই**ল।** সমস্তটি দিন নামানন্দে বিভোর হইয়া কাটাইলাম, ঠাকুরের একটা কথা আজ সারাদিন মনে হইল। ঠাকুর বলিয়াছিলেন—কলিকাতা ভ্রাহ্মসমাজে একদিন উপাসনা সময়ে, ভাবভক্তি কিছুই আস্ছে না-প্রাণ শুক কাঠের স্থায় কি কর্ব, ঠিক কর্তে না পেরে রাস্তায় বাহির হ'য়ে একটা কুলির পায়ে পড়ে সাষ্টাক্ষ নমস্কার কর্লাম। সঙ্গে সকেই আমার প্রাণ সরস হ'য়ে উঠল। তথন গিয়ে উপাসনা কর্লাম; উপাসনা খুব ভাল হ'ল। আর একদিন শুকতায় কিছুই ভাল লাগ্ছে না, উপাসনায় মন বস্ছে না—একটি দারোয়ানকে এক ছিলিম তামাক সেজে দিলাম—আর অমনি মনটি সরস হ'ল, উপাসনাও খুব ভাল হ'ল।

শুনিয়াছি, যে কোন কারণে কেহ কারো প্রাণে কেশ দিলে, তাহা দারা ভগবৎ উপাদনা হয় না। শুনিয়াছি ভগবৎভক্ত কোন ব্যক্তির দৎ আচরণেও ভ্রমপ্রযুক্ত যদি কেহ প্রাণে আঘাত পায়, তমুহুর্ত্তে তাহার ভগবৎ উপাদনার ফল একেবারে নষ্ট হইয়া যায়।

বর্ষার প্রারম্ভে বিষময় গঙ্গা—স্নানে বিপত্তি।

আজ বাত্রি সাড়ে তিনটায় জাগিলাম। দেখি ম্বলধারে বৃষ্টি পড়িতেছে। বৃষ্টির জল পড়িবে ভাবিয়া আদন হইতে শোওয়ার স্থান পৃথক করিয়াছি। কিন্তু দ্রদৃষ্টবশতঃ সবই বৃথা! বিছানায় ১২ই আঘাচ, জল পড়িতে লাগিল। সমস্ত ঘর ভিজিয়া গেল। আসনের উপরে দামণাড়, হরিদার। কোন প্রকারে একটু আক্রাদন করিয়া ধুনি জালিলাম। হোম, সন্ধ্যাভর্তিশিদি যথানিয়মে সমাপন করিয়া চায়ের জল চাপাইলাম। বাহিরে যাইতে আজ আর ইচ্ছা হুইল না।

গত্য কল্য গঙ্গাস্থানের সময়ে একটা সাধু আমাকে ডাকিয়া বলিলেন—"ব্রহ্মচারীজি, এ সময়ে

গলাসান করিবেন না, গলা স্পর্নপ্ত না করা ভাল। ওরপ করিলে বিপদে পড়িবেন—গলা এখন 'রজঃলা'।" আমি ভাবিলাম, লোকটার বোধ হয় মাথার গোলমাল আছে—না হ'লে গলা স্পর্ম করিতে নিষেধ করে? আমি স্বাছ্যন্দে গলায় নামিয়া অবগাহন করিলাম। উপরে উঠিয়া গা পুঁছিবার সময়ে দেখি সর্বাহ্য চুল্ চুল্ করিতেছে। অসম্ভব চুলকানিতে আমি অন্থির হইয়া পড়িলাম। তখন দেই সাধুটিকে যাইয়া বলিলাম—"ভাই, তোমার কথা না শুনিয়া বিপদে পড়িয়াছি। এখন কি করি বল।" সাধু আমাকে সর্বাহ্যে গোবর-মাটি মাথিয়া নীলধারার সমীপবর্তী বন্ধ খালে স্বান করিতে বলিলেন। আমি তাহাই করিয়া কতকটা স্বন্থ হইলাম। সাধু বলিলেন—"বর্ষার প্রারম্ভে পর্বতের সমস্ত আবর্জনা এবং বহুপ্রকার বিষ ধুইয়া জল আসিয়া গলায় পড়ে। তাই ঐ জল ভয়ানক বিষাক্ত হয়—স্পর্শ করিলেও নানাপ্রকার ব্যাধি জয়ে।" আমি বলিলাম—দেশে তো বর্ষায় গলাজল অনিষ্টকর হয় না? সাধু বলিল—গলা চলিতে চলিতে রৌল, হাওয়া এবং ভিন্ন ভিন্ন স্থানের ভূমি সংযোগে পরিক্ষার হ'ন। আজও আমার শরীরে নানাস্থানে আমবাতের মত চাকা চাকা হইয়া ফুলিয়া উঠিয়াছে। হাঁটু ও ঘাড়ে বেদনা হইয়াছে। গলায় 'টন্দিল্' ফুটিয়াছে। খালের জল ছাড়া কিছুদিন আর উপায় নাই। স্বানাহার সমস্ত উহাতেই করিতে হইবে। কিন্ত পরে এই গলার জলের সলে খালের যোগ হইলেই বিষম বিণদ। তথন জলাভাবে এ স্থান হইতে হয়ত সরিতে হইবে।

বিক্ষিপ্ত ও উদ্বেগপূর্ণ মন ঃ অন্মের কল্যাণকামনায় চিত্ত স্থান্থির ঃ গায়ত্রী জপে অফটনল পদ্মস্থিত কেন্দ্রে নীলজ্যোতিঃ দর্শন।

সকালে ঠাণ্ডা লাগাইতে সাহস হইল না। আসনে বিদিয়া নাম করিতে লাগিলাম। নামে মন বিলি না, বছই বিরক্তি বোধ হইতে লাগিল। ভয়ানক বৃষ্টি, সঙ্গে সঙ্গে প্রবল ঝাণ্টা হাওয়া—
যরের সর্ব্যাই ফোঁটা ফোঁটা জল পড়িতে লাগিল। আমি সর্ব্যাকে বিভৃতি মাথিয়া কম্বল মুড়ি
দিয়া আসনে বিলিম। আসনের উপরে আচ্ছাদন দেওয়াতেও জল পড়া নিবারণ হইল না।
পাহাড়ের দিকে চাহিয়া রহিলাম। কত প্রকার ভাবই মনে আসিতে লাগিল। হিমালয়ের অত্যুক্ত
শৃক্ষদকলের প্রতি দৃষ্টি পড়ায় মুনি-ঝিবদের কথা মনে পড়িল। এই ভয়হ্মর বৃষ্টিতে কত মুনি-ঝিব
আনার্ত শরীরে বৃক্ষমূলে বিদিয়া ভগবৎধ্যানে বিভোর হইয়া আছেন। তাঁহাদের কথা ভাবিয়া
কালা পাইল। ঠাকুরকে বলিলাম—দয়াময়, আজ এই সময়ে, এই পর্ব্যাত কত যোগী-ঝিব বৃষ্টিতে
ভিজিয়া নিমীলিত নয়নে একাগ্রভাবে তোমার দর্শন পাইতে অহনিশি ধ্যান করিতেছেন।—আহা!
তোমার কণিকামাত্র ক্রপা পাইতে তাঁহারা কতই না ক্রেশ করিতেছেন। যদি দয়া করিবে,
তাহা হইলে সর্ব্যাগ্রে তাঁহাদেরই কর। তোমার পতিতোদ্ধারণ পবিত্র নাম জগতে জয়মুক্ত হউক।

আমি তোমার দর্কমদলময় অহপম রূপ বহুকাল দেখিয়াছি—আমি পূর্ণকাম হইয়াছি। যাঁহারা তোমাকে একবারও ভাবিয়াছেন, একবারও তোমার নাম লইয়াছেন—দয়া করিয়া তাঁহাদের তুমি দর্শন দিয়া চিরকালের মত কুতার্থ কর। তোমার ভক্তজনের আনন্দ দেখিয়া ত্রিজ্ঞাৎ ধন্ত হউক!

এই ভাবে প্রার্থনা করিতে করিতেই কি ষে হইয়া গেলাম, প্রকাশ করিতে পারি না। বেলা ১২টা পর্যন্ত ঠাকুর আমাকে অঞ্জলে ভাসাইয়া রাখিলেন। জয় গুরুদেব! বেলা ১২টার পরে আসন হইতে উঠিলাম। ঘর মৃক্ত ও ষজ্ঞকাষ্ঠ সংগ্রহ করিয়া নীলধারার থাল হইতে জল আনিলাম। এক ঘণ্টা সময় বাহিরের কাজে গেল। ১টা হইতে সন্ধ্যা পর্যন্ত আসনে রহিলাম। এই সময়ের মধ্যে ঠাকুর যথেই কুপা করিলেন। মধ্যাহ্ন হোমের পর যদিও আজ্ঞাচকে ধ্যান রাখিয়া গায়ত্রী জপ করিতে লাগিলাম কিন্তু বহুদিনের অভ্যন্ত বলিয়া অইদল পদ্মই প্রকাশিত হইল। পরিকার ব্রিবার জন্ত পদ্মের পাপড়িগুলি পৃথক্ পৃথক্ গণিতে ইচ্ছা হইল, কিন্তু পারিলাম না। পাপড়ির চতুদিকে রশ্মির উজ্জল ছটায় চক্ষ্ ঝল্সিয়া যাইতে লাগিল। আমি পদ্মের মধ্যবর্তী অর্দ্ধ ইঞ্চি পরিমিত মণ্ডলাকার অনীল চক্তে দৃষ্টি রাখিয়া নাম করিতে লাগিলাম। দেখিলাম, কেন্দ্রন্থিত চক্ত নীলজ্যোতিঃ বিকীর্ণ করিয়া ঝিকিমিকি করিতেছে। সময় সময় শুল্র জ্যোতির্ম্ম আরুতি ধারণ করিয়া তন্মুহুর্তেই আবার বিলয় পাইতেছে। সংখ্যাপূর্ণ হইলে গায়ত্রী জপ ছাড়িয়া দিলাম। জ্যোতিঃও অন্তহিত হইল। সন্ধ্যা পর্যন্ত নামে ও ধ্যানে প্রমানন্দে অতিবাহিত হইল।

জ্যোতিঃ দর্শন চেষ্টায় বিফলতা ঃ বর্ষা আরম্ভে তিন মাদের আহার সংগ্রহ।

সকালে প্রায় ৫টার সময় নিস্রাভঙ্গ হইল। উঠিয়া আসনে বদিলাম। শরীর আজ অতিশয়
কাতর। ঘাড়ের ও গলার বেদনা অত্যন্ত বৃদ্ধি পাইয়াছে। ঠাণ্ডায়
১৩ই আবাঢ়।
বাহিরে ঘাইতে সাহস হইল না। সন্ধ্যা, হোম, চণ্ডীপাঠ ইত্যাদি
যথারীতি করিলাম। ৮টার সময় শরীর আরও অবসন্ন হইয়া পড়িল। ভাবিলাম বাহিরের কাজ করা যাউক, তাতে যদি একটু স্থস্থ হই। আমি আসন ত্যাগ করিয়া উঠিলাম।

৮টার সময় ঘর মুক্ত করিয়া হোমকাষ্ঠ প্রস্তুত করিলাম। তৎপরে বাসন লইয়া নীলধারায় চলিয়া গেলাম। আজ পায়খানা হইল না। মাথা খুব ধরিল। রাত্তে কতকগুলি ক্ষাকৃতি মশায় কামড়াইয়াছিল, সে সব স্থানে চূলকানি আরম্ভ হইল। নিতাস্ত অবসর শরীরে আসনে আদিয়া বিদিলাম। আসনে কিছুক্ষণ বদার পর শরীর আপনা আপনি হস্ত বোধ হইতে লাগিল। আমি সন্ধ্যা, হোম ১২টার মধ্যে দারিয়া লইয়া গায়ত্রী জ্বপ আরম্ভ করিলাম। ভাবিলাম গত কল্য এই সময়ে অষ্ট্রদল পদ্ম দর্শন হইয়াছিল। মন্টিকে স্থিরভাবে চক্রে বদাইয়া গায়ত্রী জ্বপ করিলেই

আজিও সেইরূপ দর্শন হইতে পারে। আমি পুরাদমে কুন্তক করিতে লাগিলাম। প্রত্যেকটা দমে বাদশবার গায়ত্রী জপ করিতে আরম্ভ করিলাম। অপরায় ৪টা পর্যান্ত পুরাদমে কুন্তক যোগে নাম, ধ্যান ও গায়ত্রী জপে কাটাইলাম। আশ্চর্যের বিষয় এই যে, এক মূহুর্ত্তের জন্মও কিছুই দর্শন হইল না। চক্র, পদ্ম, জ্যোতিঃ বা রূপ কল্পনাতেও একবার আনিতে পারিলাম না। আমি করিব বিলয়া কিছু করিতে গেলেই যে বিফল হই—ইহা ঠাকুরেরই পরম দয়া! শুধু রূপার ফলই যে ভোগ করিতেছি তাহা বুঝাইতেই ঠাকুরের এ সব থেলা।

প্রায় ৫টার সময় বরদানন্দ আমাকে ডাকিলেন। আমি তাঁহার নিকট পঁছছিতে তিনি আমাকে বলিলেন —এথানে আমাদের চারি মাস বাস করিতে হইলে যে সব বস্তুর প্রয়োজন তাহা আসিয়াছে। গত কলা স্বামী কেশবানন্দ একটি মারাঠী সঙ্গতিপর ভদ্রলোককে আমাদের থবর নিতে পাঠাইয়াছেন। তিনি ১০০ টাকা ব্যয় করিয়া, আমাদের আহারাদির স্ববনোবস্ত করিয়া দিতে বরদানন্দকে অমুরোধ করিলেন। বরদানন্দ তুই আড়াই মাসের প্রয়োজন মত চাউল, ডাল, আটা, ম্বত প্রভৃতি আনাইয়াছেন। তাহা আমাদিগকে বিভাগ করিয়া দিয়া অবশিষ্ট টাকা ভদ্রলোককে ফিরাইয়া দিলেন। আত্মানন্দ তাহাতে বড়ই হুঃধিত হইল। তার ইচ্ছা ছিল আরও কিছু আদায় করে। বর্ধা আরম্ভ হইয়াছে। পোলের বাঁধ করে খুলিয়া দেয় নিশ্চয় নাই। বাঁধ খুলিয়া দিলেই হ্রিছার, কনধলের দিকে আর যাওয়ার উপায় নাই। নৌকা চলিতে পারে না। যতিদিন পোল আবার না প্রস্তুত হইবে—এই দামপাড়ের চড়াতেই থাকিতে হইবে।

বরদানন্দ তিন মাসের মত আমাকে সমস্ত জিনিষ নিতে বলিলেন। আমি প্রায় ৮। সের আটা, ৫ সের ভাল, ৪ সের চিনি, ৫ সের ঘৃত, এবং লুণ, লঙ্কা প্রয়োজন মত নিলাম। ঠাকুর দয়া করিয়া এই বন্দোবস্ত করিয়া না দিলে এই স্থান হইতে নিশ্চম্বই সরিয়া পড়িতে হইত। সঞ্চিতায় না থাকিলে লোকসংঅবশৃত্য দামপাড়ে থাকা সম্ভবই হইত না।

মণিপুর চক্তে ধ্যানের ফল ঃ ক্রোধে নাম, ধ্যান লোপ।

বৃষ্টি-বাদলে বড়ই গোলমাল করিতেছে দেখিতেছি। আজও যথাসময়ে নিজাভদ হইল না।

টোর সময়ে জাগিলাম। বিছানা ত্যাগ করিতে ইচ্ছা হইল না। তন্ত্রাবেশ হইল কিন্তু নাম

চলা বন্ধ হইল না। সাড়ে পাচটার সময়ে আসনে উঠিয়া বিদিলাম।

সন্ধ্যা, হোম, চণ্ডীপাঠ করিয়া গায়ত্রী জপ আরম্ভ করিলাম। ত্রাটক ও

কুন্তুক ষোগে পাচশত গায়ত্রী জপ হইল। ৮টা হইতে ১০টা পর্যন্ত নাম জপ করিলাম।

অবিচ্ছেদ কুন্তকের সহিত মণিপুরে বসিয়া নাম করিতে বড়ই আরাম বোধ হইল। ঠাকুর আমাকে

এইস্থানে বসিয়া সময় সময় নাম করিতে বলিয়াছেন। এই চক্তে বসিয়া নাম করাতে চিত্ত

নামে খ্ব নিবিষ্ট হয়। ঠাকুরের ধ্যান কিন্তু থাকে না। নামের উৎপত্তি স্থানের অন্থসন্ধানেই

আষাঢ়]

অতিশয় ব্যস্ত থাকিতে হয়। স্বাভাবিক শাস-প্রশাসের গতির দিকে লক্ষ্য করিলেই উহা ধেন অস্বাভাবিক হইয়া পড়ে। কুন্তক করিতে বড়ই আরাম বোধ হয়। এই চক্রে ধ্যান অভ্যাস অল্প আন্নাসে দংযম আয়ত্ত হয়। গুনিয়াছি মৃথকরী নাকি এই চক্র হইতেই ধ্যান প্রভাবে বিকশিত ত্ইয়া পড়ে। ১০টার পর আদন ত্যাগ করিলাম। ১১টার মধ্যে শৌচাদি কার্য্য, বাদন মাজা এবং ত্মান সমাপন করিয়া আসনে আসিয়া বদিলাম।

পদ্ধা শেষ করিয়া ৩০০ গায়ত্রী জপ করিতে ১২টা বাজিল। ১২টা হইতে ১টা পৃজায় কাটাইলাম। তৎপরে ন্থাস আরম্ভ করিলাম। ন্থাস কিছুক্ষণ নিশ্চিম্ভভাবে হইল-পরে জানি না কি ভাবে কোন্ ফাঁকে মনটা কখন নাম-ধ্যান ত্যাগ করিয়া সরিয়া পভিয়াছে। হ'ন হইলে দেখিলাম, আত্মানন্দ ও বরদানন্দের উপরে আমার অত্যন্ত কোধ ও বিরক্তি জন্মিয়াছে। উদেগ ও ক্লেশে ভিতরটা আমার ছারথার হইয়া গিয়াছে। আমি অল্ল আহার করি, তাই ঘৃত চিনি প্রভৃতি বিভাগে আমাকে তাহাদের অপেক্ষা কম দিয়াছে—ইহাই তাহাদের অপরাধ! হায় কপাল! আমি আবার পাহাড়ে তপশ্রা করিতে আদিয়াছি! এ স্বভাবের হীনতা তো একটকুও গেল না!

কর্ত্তা তিনি—তাঁর ইচ্ছাতেই সমস্ত জুটিতেছে।

অন্ত শেষ রাত্রি হইতে অপরাহ্ন ৬টা পর্যান্ত বাহিরের নিত্য আবশ্যকীয় কার্য্য ব্যতীত আদনেই কাটাইলাম। নামে, ধ্যানে সমস্ত দিনটি বেশ আনন্দে গেল। আগামী কল্য জালিম সিং আমার সহিত দাক্ষাং করিতে আদিবেন। এক বাক্স ভাল চা দক্ষে করিয়া আনিবেন লিখিয়াছেন। আমার চা ফুরাইয়া গিয়াছে, ২।৩ দিন চলিতে ১०ई खायाए। পারে। ফয়জাবাদ হইতে তিনি দাহারাণপুর বদলি হইয়াছেন। এথানে আদিয়া একটি আশ্চর্য্য ব্যাপার দেখিতেছি। পাহাড়ের নীচে জনমানবশ্যু স্থানে আসিয়া রহিয়াছি, এম্বানেও আমার যাবতীয় প্রয়োজনীয় বস্তু আদিয়া জুটিতেছে, কারো নিকট আভাষেও জানাইতেছি না। ঠাকুর বলিয়াছিলেন একটু তফাতে গিয়ে থাক্লে ভগবানের কুপা ব্ঝতে পার্বে। আমি তো প্রতি কার্য্যেই ঠাকুরের হাত দেখিতেছি—কিন্তু তবু সে বিষয়ে একটা নিশ্চয় ধারণা জন্মিতেছে না। কর্ত্তা তিনি—পাহাড়ে পর্বতে নির্জন বন জঙ্গলেও তিনি রাজভোগে রাখিতে পারেন, আবার আত্মীয়-স্বজনের মধ্যে রাজ অট্টালিকায়ও তিনি দীন-ছংখী করিতে পারেন। একমাত্র তাঁর ইচ্ছাতেই সমস্ত ঘটিতেছে, আর সকলই অসার। ঠাকুর! তুমিই যে সর্ক্রেস্ক্রা, সর্কনিয়ন্তা, এইটুকু ৰুঝিতে পারিলেই যে সকল অশান্তি-উদ্বেগ, আপদ্-বিপদ্ হইতে নিস্কৃতি পাই !

স্ত্রীলোকের দঙ্গ নিঃদঙ্গ দমান বোধই নিরাপদ।

প্রত্যুবে শৌচাদি কার্য্য শেষ করিয়া আদনে বসিলাম। ১১টা পর্যন্ত আদনের কাজ করিয়া চণ্ডী ও গুরুগীতা পাঠান্তর আদন হইতে উঠিলাম। আজও সংখ্যাপূর্বক নিয়মিত দশ হাজার জপ করা ১৬ই লাখাত.

ইইল। পরে বাদন মাজিয়া, স্নানাহ্নিক দমাপনান্তে আদনে বদিলাম।
১০০০ দাল।
প্রায় ৫টা পর্যন্ত আদনে রহিলাম। কিন্তু বড়ই নীরদ গুজতায় দিন অভিবাহিত হইল। ভালই লাগুক্ আর মন্দই লাগুক্, নিয়মমত আদনের কাজ প্রত্যহ করিয়া যাইব, ঠিক করিলাম। ভাল না লাগিলে করিব না, ইহা ঠিক নয়।

অন্ত বেলা প্রায় তটার সময়ে চোথ বুজিয়া আদনে বিদিয়া আছি, একদল যুবতী স্ত্রীলোক অন্তমতির অপেক্ষা না করিয়া কুটারে প্রবেশ করিল। "দণ্ডবং, স্বামিজী" বলিয়া তাহারা আদনের সম্প্রে বিলিল এবং দিকি, ত্য়ানি, পয়দা দিতে লাগিল। আমি টাকা পয়দা গ্রহণ করি না বলায়ও তাহারা বিরত হইল না। তথন আত্মানন্দকে ভাকিয়া উহা দিয়া দিলাম। মেয়েগুলির সৌলর্ঘ্য সৌহব অসাধারণ, পাঞ্চাবী বলিয়া বোধ হইল। ধমক দিয়া তাদের তাড়াইয়া দিব ভাবিতেই, ভিতরে বাধা পাইলাম। মনে হইল—দন্তপূর্ব্যক নিষ্ঠা রক্ষা করিতে গিয়া, তেজঃ প্রকাশে কারো প্রাণে ক্লেশ দেওয়া অপেক্ষা বিপদ্কালে গুরুদ্দেবের শ্রীচরণ ম্মরণে রাখিয়া নাম করিতে পারিলেই যথার্থ কল্যাণ। স্ত্রীলোকের সঙ্গে মিশিব, তাদের সঙ্গে হাসি-গল্প আহলাদ-আমোদ করিব, তাদের লইয়া মজিয়া থাকিব—ইহাও যেমন কাম, তাদের নিকটে বিদিব না, তাদের প্রতি দৃষ্টি করিব না, তাদের কোন সম্বন্ধে থাকিব—ইহাও যেমন কাম, তাদের নিকটে বিদিব না, তাদের প্রতি কির্বা লাম, প্রকারভেদ্ মাত্র। স্ত্রীলোকের সক্ষ বিষ ভাবিয়া সর্ব্যদা একাস্কে থাকিব—ইহাও তেমনি কাম, প্রকারভেদ্ মাত্র। স্ত্রীলোকের সক্ষ বিষ ভাবিয়া সর্ব্যদা একাস্কে থাকিব—ইহাও তেমনি কাম, প্রকারভেদ্ মাত্র। স্ত্রীলোকের সক্ষ নিয়দক্ষ উভয়ই যথন সমান বোধ হইবে তথনই নিরাপদ্—না হ'লে বাসনাকামনার হাত হইতে নিস্কৃতি পাইলাম কই প্র সাধারণ লোকে যে সকল স্ত্রীলোকের সান্নিধ্য গ্রাহের ভিতরই গণ্য করে না, বিষধর দর্প মনে করিয়া তাহাদের নিকট হইতে আমি ভয়ে পলায়ন করি, এক্ষণ যথন আমার অবস্থা তথন আর নিরাপদ্ হইব কিন্তাপে নিছের নিষ্ঠা রাথিতে গিয়া অপরের উপর বিদ্বেষ স্টেষ্ট করিলে নিষ্ঠা বন্ধারের উপকার অপেক্ষা অনিষ্টই যে অনেক বেশী।

নামের উৎপত্তিস্থান—নাভিচক্র।

একটী কুম্বপু দেবিয়া রাত্রি ৪টার সময় জাগিয়া পড়িলাম। ১২ শত জ্বপ করিয়া আসন হইতে উঠিলাম। শৌচাদি সমাপন করিয়া ৫টার সময় আসনে বসিলাম। নিত্যক্রিয়া সমাপনান্তর বরদানন্দ ও ক্ষরানন্দের সহিত চা পান করিলাম। শরীর আজ বড়ই অবসন্ন, মন ১৭ই আবার।
তদপেক্ষাও অধিক নিন্তেজ, উৎসাহশুন্তা। ভাবলাম—আসনে বসাই সার হইবে! কিন্তু ঠাকুরের ক্বপা অভুত। নাম করিতে করিতে ধ্যান আসিয়া পড়িল, তাহাতে একটু নিবিষ্ট

হইতেই নৃতন একটা অবস্থা অম্ভব করিলাম। দেখিলাম—নাভিচক্র হইতে অতি কৃদ্ধ অরে, অথচ পরিকার ভাবে নাম আপনা-আপনি উঠিতেছে। ইহার সহিত খাস-প্রখাসের বায়ুর কোন প্রকার সংস্রেই নাই, সম্পূর্ণ স্বত্ত্ব। এতকাল বায়ুর সহিত নাম সংযুক্ত বোধ হওয়ায়, উহা বায়ুরই একটা রকম মনে হইত, কিন্তু আজু দেখিতেছি নাম অতি কৃদ্ধ, অথচ স্কুম্পাই একটা সারবান কিছু। উহার স্কুপ নির্ণয় অসম্ভব—মন প্রবিষ্ট হয় না। সময় সময় দেখিতেছি, কৃত্তককালেও অভ্যন্তরম্ব বায়ুতেই নামটীকে চালায়—আজু অম্ভত্ব হইতেছে বায়ু বাহিরের স্থুল বন্ধ, নাম অতি কৃদ্ধ, সম্পূর্ণ আল্গা, স্বত্ত্র জিনিষ। বায়ুতে নাম সংযুক্ত হইলে বায়ুর চঞ্চলতাবশতঃ নামও তদ্ধেপ মনে হয়। এখন অম্ভত্ব করিতেছি—নামের উৎপত্তিস্থান নাভিচক্র। ইহাতে প্রবেশের ক্ষমতা আমার নাই। গভীর অজ্ঞাত্ত্রান হইতে জপের আলোড়নে, ঘূরপাক খাইয়া জলবিম্ব যেমন উঠিয়া থাকে নামও নাভিচক্রের কোন অলক্ষ্য স্থান হইতে বায়ুতে যুক্ত হইয়া দেইপ্রকার আকারে বাহির হইতেছে। নাম বান্তবিক করি না —উহার ধননি প্রবণ করি মাত্র। স্বাস-প্রখাসের বায়ু, শন্ধ প্রবণে সাহায্য করে।

ত্রিসন্ধ্যা কি ভাবে করি।

প্রীমৎ ব্রন্ধানন্দ স্বামীর নিকটে দন্ধ্যার ক্রম শিবিয়া প্রত্যন্থ ত্রিদন্ধ্যা করিতেছি। সন্ধ্যোপাদনার সময়ে ঠাকুর আমাকে যে আরাম দিতেছেন তাহা অনির্ব্বচনীয়। প্রাতঃসন্ধ্যা করার পূর্ব্বে গায়ত্রী ন্তাস করিয়া ঠাকুরের চরণামৃত গ্রহণপূর্বক আচমন করি। পরে আপো-১৯শে আধান, মাৰ্জনা করিয়া "ওঁকারস্থ ত্রন্ধ ঋষি" মন্ত্রটী ঠাকুরেরই শুবল্পতি মনে করিয়া পাঠ করি। এই দময়ে মনে হইতে থাকে, ঠাকুর আমার সন্থে বিদয়া আমার ন্তব প্রবাদ করিতেছেন। তৎপরে ১২ বার প্রাণায়াম করিয়া প্রতি প্রাণায়ামে, "ওঁ ভূং, ওঁ ভূবং, ওঁ স্বঃ" ইত্যাদি মন্ত্রটী পাঠের দহিত উহার প্রত্যেকটা শব্দ গুরুদেবেরই রূপ বর্ণনা ভাবিয়া মণি**পু**রে ঠাকুরের স্বাভাবিক প্রকটরূপ ও বর্ণ ধ্যান করি। অনন্তর ফ্রদয়ে ঠাকুরের যে কালরূপ দর্শন করিয়াছি, তাহা ধ্যান করিয়া প্রতি কুন্তকে ২ বার করিয়া সমস্তটি মন্ত্র স্মরণ করি ৷ এই প্রকার ১২ বার কুম্ভক করিয়া ২৪ বার ঐ মন্ত্রটী পাঠ করি। তদনস্তর আজ্ঞাচক্তে প্রতি কুম্বকে তিনবার ঐ মন্ত্র পাঠের সহিত ঠাকুরের যে শুভ্রমৃতি দর্শন করিয়াছি, তাহাই ধ্যান করিয়া থাকি। ১২ বার এই কুম্ভকে ৩৬ বার মন্ত্র পাঠ হয়। এই প্রকার মানদে ঠাকুরকে বিশেষ বিশেষ চক্রে স্থাপন করিয়া, মন্ত্র পাঠে ধ্যান করাতে বড়ই আনন্দ পাই। 'আপোহিষ্টেতি, সিন্ধুৰীপ ঋষি' মন্ত্ৰ পাঠকালে ঠাকুর সমস্ত জলে মিশিয়া রহিয়াছেন ভাবিয়া, তাহা সর্বাক্ষে ছিটাইয়া দিই। আচমনে ঠাকুরকে জল সহিত উদরস্থ করিয়া ধ্যান করি। পরে অঘমর্ষণ মন্ত্র ঠাকুরেরই ন্তব মনে করিয়া, উহা পাঠান্তর গণ্ডুষপূর্ণ জলসহ ঠাকুরকে দক্ষিণ নাসিকা দারা আকর্ষণ করিয়া থাকি তৎপরে ভিতর হইতে পাপরপী পুরুষ ঐ জলে আরুষ্ট হইল ধ্যানে বাম নাসা ঘারা নিষ্ণাসিত করিয়া উহা ঠাকুরেরই পরম পবিত্র চরণযুগলে স্থাপন করি। অঘমর্ষণ জপকালে পাপরূপী পুক্ষ জলে মিশিয়া গেল কল্পনায় তাহাকে সজোৱে তিনবার প্রস্তুরে নিক্ষেপ করিয়া নাকি বধ করিতে হয়। আমিও প্রথম প্রথম তাহাই করিতাম। কিন্তু ঐ প্রকার করাতে আমার বড়ই প্রাণে লাগে। পাপরূপী পুরুষ যদি কেহ থাকেন, তিনি মহা অপরাধী বা অনিষ্টকারী হইলেও বধার্হ নহেন। বধ কাহাকেও করিতে নাই, সকলেই ভগবানের স্ট্র—তাঁহারই লীলার সাহায্যকারী। তাই ভগবানের ঐ অত্যাচারী পুত্রকে তাঁরই প্রচরণে কথন বা তাঁরই ক্রোড়ে শাস্তভাবে স্থাপন করি। 'উদত্যমিত্যত্য' ঠাকুরেরই শুব ভাবিয়া, ঠাকুরকেই ধ্যান করি। তদনস্তর আজ্ঞাচক্রন্থিত গুরুদেবকে ধ্যানে রাথিয়া অষ্টোত্তরশত গায়ত্রী কৃত্তক সহিত জপ করি। অবশিষ্ট মন্ত্রসকল ঠাকুরেরই প্রিরুপের বর্ণনা মনে করিয়া আার্ত্তিপূর্বক সন্ধ্যোপাসনা শেষ করি। মানসে ঠাকুরের অন্থপম রূপ সন্মুথে রাথিয়া, সন্ধ্যার আরম্ভ হইতে শেষ পর্যান্ত প্রতি অক্ষর ঠাকুরকেই নির্দ্ধেশ করিতেছে ভাবিয়া কি যে আরম পাই, তাহা আর প্রকাশ করিতে পারি না। সন্ধ্যার একটী শন্ধেরও অর্থ অথবা একটী মন্ত্রেরও তাৎপর্য আমি জানি না। চৌদ্ধ শাস্ত্র আার্তিতে ইট মূর্ত্তিই বিকাশ পায় দেখিতেছি। ধন্য গুরুদদেব! কোথা হইতে আমাকে কোথায় আনিয়া ফেলিলে।

চিত্তের একাগ্রতায় খাদ-প্রখাদের গতি অনুভব।

রাতি ১২টার সময় নিজাভক হইল। স্থনিজা আর হইল না। কখন জাগ্রতাবস্থায়, কখন ভক্রাবস্থায় নাম করিতে করিতে প্রভাত হইন্স। যথামত দন্ধ্যা, হোম, ন্থাদ, পূজা দমাপন করিন্সাম। নামে চিত্ত এত নিবিষ্ট হইল যে, ১২টা বাজিয়া গেল—আসনত্যাগের ২০শে জাধান ১৩০০ সাল। প্রবৃত্তি হইল না। আজ এক নৃতন অবস্থা অমুভব কারলাম। খাস-প্রখাদে নাম করিতে করিতে তাহাতে চিত্ত ঘথন অত্যম্ভ আবিষ্ট হইন্না পড়িল – বাহিরের সমস্ত শ্বতি বিলুপ্ত হইল। তৎপরে স্বাভাবিক স্বাস-প্রস্থাদের শব্দও অতিশন্ন বিরক্তিকর বোধ হইতে লাগিল। পরিষ্কার মনে হইল, যেন প্রত্যেকটী শাস-প্রশাস ঝড়, তুফান। এই সময়ে শাস-প্রশাসের গতিরোধ করিতে প্রবল ইচ্ছা জন্মিল। নামে চিত্ত একাগ্র হওয়ার সঙ্গে দক্তে স্বাভাবিক কুম্বক হইতে লাগিল। কিন্তু পঞ্চ্জানেজ্রিয়ের বার রুদ্ধ না করিলে, মুধার্থ কুন্তক হয় না। সমস্ত ইন্দ্রিয় ছিল্র বারা দেহাভাস্করে প্রবিষ্ট বায়ুর স্বাভাবিক গতির ঘাত-প্রতিঘাতে, কুম্বকাবস্থায়ও চিন্তটিকে বিক্ষিপ্ত ও তরসায়িত করে। দেখিতেছি—মনটি কুম্বকালে শাস-প্রশাস বচ্ছিত একাস্ক স্থানে অবস্থান করিলেও, স্বাভাবিক শাস-প্রেখাদই তথায় প্রবেশের একমাত্র পথ। ঠাকুরের মুখে ভনিয়াছি চিত্ত স্থির হইলে শিরা ধমনী দিয়া সর্কান্তীরে যে রক্তের প্রবাহ চলে গলাধারার ন্তায় তাঁহার কুলুকুলুধানি ভনিতে পাওয়া যায়।

নাম ও নামী এক।

আজ সাধন করিবার সময় মনে হইল, মহাত্মা মহাপুরুষদের মূথে বছবার শুনিয়াছি—নাম ও নামী এক। ইহার অর্থ কি ব্ঝিতেছি না। তবে এইমাত্র মনে হয় যে প্রত্যেকটি শব্দই তো এক একটী বস্তু নির্দেশ করে। শব্দ অরণ বা উচ্চারণের সঙ্গে সঙ্গে বস্তুটী যেন চক্ষে পড়ে। 'জল' বলামাত্র 'জ' এবং 'ল' কেহু তাবে না—জ এবং ল শব্দের উপরেও কারো লক্ষ্য পড়ে না, তরল বস্তু জলটাই মাত্র মনে হয়। এইরূপ প্রত্যেকটী শব্দেরই তাৎপগ্য কোন একটা বস্তু। বস্তুটী নির্দেশ করিবার জন্মই শব্দ। ঘটা, বাটা, ভাত, রুটী প্রভৃতি শব্দ উচ্চারণ মাত্র ঐ বস্তুগুলি অরণ হয়। ইইনামেও সেই প্রকার, যিনি তাৎপগ্য ইইনাম অরণমাত্রে তাঁহাকে মনে পড়িলেই নাম জপ সার্থক। ভগবানও বলিয়াছেন—

ওঁমিত্যেকাক্ষরং এক বাচ্বন্ মামস্থ্যবন্। যঃ প্রথাতি ত্যজন্ দেহং স্ যাতি—পরমাংগতিম্।

ভগবানকে স্মরণপূর্ব্ধক জপেরই বিশেষত্ব বলিয়াছেন। নামের সঙ্গে ইট স্ফৃতি হইলেই নাম ও নামী এক হইল মনে করি। এখন ইহা ভিন্ন আরু কিছু বুঝি না।

শালগ্রামের শ্রীঅঙ্গে অদূত স্বেদবিন্দু।

আজ সকালে শৌচান্তে গলার ধারে জলের উপরে একটা স্থলর কাল প্রভারধণ্ড দেবিলাম। প্রস্তর্গী স্থানাল, চেপ্টা, উপরীত আকারে একটা থেত রেথায় বেটিত—দেথিয়া বড়ই ভাল লাগিল। ভাবিলাম—এটাও ভো চক্রধারী আভাবিক শিলা, দেখিতে ২ংশে আবাঢ়।

যথন এত স্থলর, তথন এটাকে নিয়া পূজা করিতে দোষ কি? আমি প্রস্তরটী তুলিয়া লইলাম এবং কুটারে আসিয়া আমার শালগ্রামের পাশে রাখিয়া দিলাম, আসনের নিয়মিত কার্য্যে ব্যাপ্ত আছি। একটা ব্রাহ্মণ আসিয়া এক বাল্ল উৎকৃষ্ট চা এবং শালগ্রাম চক্র দিয়া বলিলেন—বারু জালিম সিং আপনাকে ইহা দিয়াছেন। শালগ্রামটি দেগিয়া সম্ভই হইলাম। এতকাল যে শালগ্রাম পূজা করিয়া আসিয়াছি তাহা অপেক্ষা এটা স্থল্জী। এটা পূজা করিব ভাবিয়া আমার শালগ্রামের সলে রাখিয়া দিলাম। গলা হইতে যেটা আনিয়াছিলাম তাহা মস্থল করিতে ঘতের হাড়িতে ভ্রাইয়া রাখিলাম। শালগ্রাম পূজা প্রেই হইয়াছিল। স্থতরাং জালিম সিংহের প্রদত্ত শালগ্রাম আর পূজা করিলাম না। কল্য হইতে করিব স্থির করিলাম। সাধন করার সঙ্গে সঙ্গে আমার শালগ্রামকে বলিতে লাগিলাম—"শালগ্রাম, আগামী কল্য আমি তোমাকে পরম পবিত্র গলায় বিস্ক্রন্তন দিব। অনেক দিন আমি তোমাতে আমার ঠাকুরকে পূজা করিয়াছি। ঠাকুর দয়া করিয়া তোমার করেবরে আমাকে তাহার বিস্তর বিভৃতিও দর্শন করাইয়াছেন। তোমার শরীর

জ্যোতির্ময় অণুপরমাণুতে গঠিত তাহাও প্রত্যক্ষ করিয়াছি; কিন্তু আমি কি করিব, আমার তো কর্ত্তব্য আমার ঠাকুরকে উৎকৃষ্ট স্থানে স্থাপন করা। জালিম সিংহের শালগ্রামটি অপেক্ষাকৃত স্বশ্রী, স্বতরাং তাহাতেই কল্য হইতে ঠাকুরের পূজা আরম্ভ করিব। এতকাল ঠাকুরের পূজা করিয়াও তোমার প্রতি আমার একটা শ্রদ্ধাভক্তি আকর্ষণ জন্মিল না—ভগবৎ ইচ্ছায়ই যথন এই শালগ্রামটি আদিয়াছেন, তথন ইহাতেই ভগবানের পূজা করা বোধ হয় তাঁহার অভিপ্রায়।" এই প্রকার কত কি বলিয়া স্থিরমনে ঠাকুরের নাম করিতে লাগিলাম। প্রায় আড়াই ঘণ্টা পরে শালগ্রামের দিকে চাহিয়া দেখি—অবাক্ কাও! পদ্মপত্রে শিশিরবিন্দু পড়ার মত শালগ্রামের সর্ব কলেবরে স্বেদবিন্দু ফুটিয়া উঠিয়াছে। আমি অমনি উহা হাতে লইয়া দেখিলাম। কোথাও একটা জনবিন্দ্র সহিত অপরটী সংষ্ক নয়—অতি ক্ষ্প পৃথক্ পৃথক্ ঘর্মাকার অসংখ্য ফুট ফুট জনবিন্দু শালগ্রামের **অকে** কি প্রকারে জন্মিল অ**হুদন্ধান ক**রিতে লাগিলাম। শুদ্ধ বস্ত্রাসনের উপরে শালগ্রাম বিসিয়া থাকে। তুলদীপত্ত অর্জ ঘণ্টার মধ্যেই শুকাইয়া যায়। বেলা ১১টার সময়ে প্রচণ্ড রেক্সি, ঘরের ভিতর বাহির উত্তাপে পরিপূর্ণ—শালগ্রামে জলবিন্দু কোথা হইতে আসিল। জলবিন্দু গুলি পরস্পর মিলাইয়া গেল না কেন ? এই শালগ্রামের গা ঘেঁ সিয়া জালিম সিংহের শালগ্রাম বাথিয়াছি, তাহাতে তো এক কণিকাও জনবিন্দু দেখা যায় না। একি আশ্চর্যা! আমি শালগ্রামটি রাখিয়া ভাবিতে লাগিলাম—ৰ্ঝি এটকে বিদৰ্জন দিয়া জালিম সিংহের শালগ্রাম কল্য হইতে পূজা করিব ভনিয়াই, এই শালগ্রামের কট্ট হইয়াছে, তাই এইভাবে উহা জানাইতেছেন। আমি শালগ্রামটি ঠাওা জলে ধুইয়া পুঁছিয়া দিংহাদনের উপরে রাখিলাম এবং বলিতে লাগিলাম—শালগ্রাম, আমার সংকল্প ব্ৰিয়া কি তুমি কট পাইয়াছ? আমি তোমার আশ্রয় ত্যাগ করিব না। জালিম দিংহের শালগ্রাম যেমন রহিয়াছেন তেমনি থাকিবেন। পূজা আমি তোমারই করিব। জালিম সিংহের শালগ্রাম যে চৈতক্ত্যুক্ত তাহার তো কোন প্রমাণ পাই নাই, যদি পাই তখন ৰুঝিব।

বেলা ১১টার সময়ে আসন হইতে উঠিলাম। কান্ত সংগ্রহ, বাসন মাজা এবং স্থান সন্ধ্যা সমাপন করিয়া ১২টার সময়ে আসনে আদিলাম। আসনে বসিয়া শালগ্রামের দিকে দৃষ্টি করিতেই দেখি—আমার শালগ্রাম ধেমন তেমনি রহিয়াছেন আর জালিম সিংহের শালগ্রামটি ঘর্মাক্ত কলেবর। অসংখ্য স্বেদবিন্দু শালগ্রামের সর্ব্বাঙ্গে ঘামাছির মত বাহির হইয়াছে। আমি শালগ্রামটিকে গঙ্গাজলে স্থান করাইয়া সচন্দন তুলসীপত্র ঘারা পূজা করিয়া রাখিয়া দিলাম। সমন্ত দিনে আর কোন শালগ্রামই ঘামাইল না। শালগ্রামের সর্ব্বাঙ্গে এই প্রকার শৃল্পলাবদ্ধ স্বেদবিন্দু নির্গত হওয়ার হেতু কি সারাদিন ভাবিয়াও কিছু ব্বিতে পারিলাম না। একটা অভ্ত কার্য্য দেখিলেই তাহার কারণ অস্বন্ধান করা আমার প্রকৃতি। যা তা একটা কারণ পাইলেই সন্তুষ্ট হই, কিন্তু প্রবিধার হৈতু কি ভাবিলেই চন্দ্ধির—তথন বৃদ্ধি-বিভায় কিছুই পাই না, অবাক হই মাত্র।

শিবানন্দ স্বামী ও তাঁহার স্থলক্ষণযুক্ত শালগ্রাম।

আজ একটা তেজ্বপুঞ্জ কলেবর পরম স্থন্দর নৈষ্ঠিক ব্রন্ধচারী আমাদের আশ্রমে আসিয়া আসন করিলেন। ব্রহ্মচারীর বয়দ আমা অপেক্ষা কিঞ্চিৎ অধিক—মহারাষ্ট্রীয় দেহ, নাম শিবানন্দ দেখিয়া বড়ই শ্রন্ধা হইল। ব্রহ্মচারীর সহিত আলাপে জানিলাম—তাঁহার নিকট একটী স্থলক্ষণযুক্ত শালগ্রাম আছে – তিনি নিত্য উহা পূজা করেন। গণ্ডকী নদীর পাড়ে আট ক্রোশ স্থান ঘুরিয়া তিনি উহা সংগ্রহ করিয়া আনিয়াছেন। আর একটা ছিল, তাহাই এক ব্রন্ধচারী উহার সঙ্গে সঙ্গে চারি বংসর থাকিয়া, নানাপ্রকার সেবায় পরিতৃষ্ট করিয়া—আদায় করিয়া লইয়া গিয়াছেন। এটা তাহা অপেক্ষাও উৎকৃষ্ট বলিয়া নিজের জন্ম রাখিয়াছেন। শালগ্রামটি আমি দেখিতে পাইলাম শিবানন্দ খুব আগ্রাহের দহিত উহা আমাকে দেখাইলেন। উহার দিকে দৃষ্টি করিয়া আমি অবাক্ হইয়া রহিলাম। ভাবিলাম—একি আশ্চর্যা! এমন স্থন্তর সেচিবপূর্ণ স্থাঠন শালগ্রাম আপনা-আপনি কি প্রকারে প্রস্তুত হইল ? অতি স্থদক স্থনিপুণ শিল্পকরও এমন নিথুঁতভাবে একটা শালগ্রাম গ ড়তে পারে কিনা সন্দেহ! নীলাভ, কৃষ্ণবর্ণ, স্থগোল শালগ্রামটী আপন দীপ্তিতে ধেন উজ্জ্বল হইয়া বহিমাছেন! এত মন্থ—মনে হয়, সম্মুধস্থ বস্তুব প্রতিবিধ্ব উহাতে লক্ষিত হয়। আমার সমস্ত মুনপ্রাণ শাল্প্রামের অদামান্তরপে আকৃষ্ট হইয়া পড়িল। আমি শিবাননকে বলিলাম— আপনার শালগ্রামটি দেখিয়া আমি মুগ্ধ হইয়াছি। এই প্রকার একটা শালগ্রাম কি প্রকারে আমি পাইব বলিয়া দিবেন? শিবানন্দ বলিলেন—আপনার ষধন শালগ্রামে এত অমুরাগ তখন উহা আপনি পাইয়াছেন মনে করুন। এক সপ্তাহের মধ্যে আমি আপনাকে এরূপ একটা শালগ্রাম সংগ্রহ কবিয়া দিব। আমি বলিলাম –গওকী নদী তো বহুদূরে—এখানে আপনি কি প্রকারে জুটাইবেন ? যদি না পারেন –তবে কি করিবেন ? আপনার আশার বাক্য তো আমার অদ্তে বিফল হবে না ? শিবানন উত্তর করিলেন—যাহা বলিয়াছি তাহার অক্তথা হবে না—যদি না জোটে—আমার শালগ্রামই আপনাকে দিব। শিবাননের কথা শুনিয়া বড়ই আনন্দ হইল – বুঝিলাম ঠাকুর আমার আকাজ্জা যোল আনা পূর্ণ করিবেন। শিবানন্দের যথার্থ সদ্গুণের প্রশংসা করিয়া কয়েকটি কথা বলাতেই তাঁহার অন্তরের সদ্ভাবগুলি ফুটিয়া উঠিল। শিবানন্দ খুব পরিতোষ লাভ করিয়া বলিলেন—"গুণী দাদা। তুমি জেনে রাথ, শালগ্রাম তুমি পাইয়াছ।"

অদ্তুত স্বপ্ন--ঠাকুরের চরণামৃতপান।

শেষরাত্রে উঠিয়া মাধাটি ভার ভার বোধ হইতেছে। শরীর নিতান্ত অবসম। জর হইয়াছে। ভাবিলাম—ভোগের জন্তই তো রোগের উৎপত্তি। অদৃষ্টে ভোগ থাকিলে যথায় যেভাবে থাকি না ২৩শে আবাদ, ১৬০০ দাল। কেন, রোগে ধরিবেই। আহার-বিহার, চলা-ফেরা, দকল বিষয়ে সর্ব্ব-প্রকার সতর্কতা নিয়া বোলআনা নিরাপদ ব্যবস্থায় থাকিয়াও তো লোকে রোগে পড়িতেছে। দেহ- ধারীর রোগ, ভোগ অবশুস্তাবী, এজন্ম আর নিত্যক্রিয়ায় বাধা দিব কেন? আমি প্রভূষে আনাহ্নিক করিলাম। ২০ ঘণ্টা পরেই শরীর স্কুবোধ হইল।

গত বাত্রিতে একটা স্থন্দর স্বপ্ন দেখিয়াছি - তাহার স্থৃতিতে আমার সারাদিন আনন্দ, স্ফৃত্তিতে কাটিয়া গেল। স্বপ্নটী এই—গেণ্ডাবিয়া পূবের ঘরে গুরুত্রাতাদের দকে বদিয়া আছি, ঠাকুরকে মনে হইল। অমনি ধাইয়া ঠাকুরকে দাষ্টাঞ্চ প্রণাম করিলাম। ঠাকুর বলিলেন-চরণামৃত পান কর। আমি 'চরণামুত কোথায়' বলিয়া উঠিতে চেগ্রা করিতেছি—ঠাকুর আমার মাথাটি টানিয়া পায়ের উপর চাপিয়া ধরিলেন, এবং বলিলেন "অনুষ্ঠ চৃষিয়া চরণামৃত পান কর।" আমি চুষিতে লাগিলাম – দুগ্ধধারার মত স্থস্থাতু রদ আদিয়া আমার মুখ ভরিয়া ঘাইতে লাগিল। আমি কিছুক্ষণ পান করিয়া উঠিয়া বসিলাম এবং অবাক হইয়া ঠাকুরের দিকে চাহিয়া বহিলাম। ঠাকুর বলিলেন—কেমন পান কর্লো? চরণামুত যে অমুত, তাতে আর দন্দেহ আছে? আমি বলিলাম—হা, এখনও আছে। সম্পূর্ণ নি:দন্দেহ হই নাই। ঠাকুর আমার কথা ভনিয়া আবার মাথাটি চরণের উপর চাপিয়া ধরিলেন এবং বলিলেন—"আবার চোষ বেশ করে চোষ।" আমি আকাজ্যা মিটাইয়া আবার চুষিতে লাগিলাম। মুখ ভরিয়া স্থপাত, খুগন্ধ চরণা-মৃত আদিতে নাগিন। আগ্রহের দহিত চরণামৃত পান করিতে করিতে জাগিয়া পড়িলাম। স্বপ্নটীর ভাব নিয়ত অন্তরে থাকায় সমস্তটী দিন পরম আনন্দে অতিবাহিত হইল। চরণামূতের গুণ আমি জানি না—কোন কালে কল্পনাও করি নাই, কিন্তু স্বপ্লাবস্থায় ঠাকুরের চরণামৃত পান করিয়া যে আনন্দ লাভ করিলাম, তাহা ব্যক্ত করিবার উপায় নাই। সারাদিন চিত্তটি সরস ও প্রফুল রহিল, ৫ মিনিটের জন্মও ঠাকুরের শৃতি বিলুপ্ত হইল না। আহা। কবে আমার এমন শুভাদৃষ্ট হইবে যে. প্রত্যক্ষভাবে ঠাকুরের চরণামৃত পান করিয়া ধন্ত হইব !

কুলাকে শালগ্রাম দর্শন।

শিবানন্দের শালগ্রাম দর্শনের পর হইতে আমি যেন কেমন হইয়া গিয়াছি। অহনিশি শালগ্রামটি বেন চক্ষে লাগিয়া বহিয়াছে। যেথানে যে কোন অবস্থায় থাকি ৫ মিনিটের জন্মও শালগ্রামটি ভূলিতে পারিতেছি না। ঠাকুরকে শ্বরণ করিলেই মনে হয়, দয়াল ঠাকুর আমার এ শালগ্রামটির ভিতর বিদয়া আছেন। আমার শালগ্রাম পূজার সময় পূন:পুন: মনে হইতে থাকে যেন ঐ শালগ্রামটিই পূজা করিতেছি। শালগ্রামটির জন্ম চিন্ত বড়ই ব্যাকুল হইয়া পঞ্জিয়াছে। পূজার সময় মনের আবেগ সহ্ম করিতে না পারিয়া ঠাকুরকে বলিলাম—গুরুদেব। দয়া করিয়া আমাকে তুমি স্থান্থির কর, না হ'লে সাধন-ভজন করিব কিরুপে। সামান্য একটু শিলাধতের জন্মও আমার এত আসন্তি। একটী পুতুল দেখিয়া তাহা পাইতে কচি ছেলের যেমন বাপ-মার

নিকট আন্ধার, তোমার নিকটও আমার তেমন আনার করিতে ইচ্ছা হইতেছে। শিলার লোভ আমার অন্তর হইতে একেবারে তুলিয়া নেও; না হ'লে উহা আমাকে দিয়ে স্বস্থির কর। এই উদ্বেগ-অশান্তি আর আমি সহু করিতে পারি না। শিবানন্দ যথন দেওয়ার ইচ্ছা প্রকাশ করিয়াছে, তথন তাহার আন্তরিক প্রবৃত্তি জ্মাইয়া দেও। মঙ্গলময় তুমি, তোমার ইচ্ছা বিনা যথন কিছুই হয় না, তথন এই সকল ভোগ তোমারই কুপার দান মনে করিয়া ষেন আদর করিতে পারি—এই আশীর্কাদ কর। মনে মনে এই প্রকার ভিতরের উদ্বেগ ঠাকুরকে জানাইতেছি, অকন্মাৎ শিবানন্দ আসিয়া আমার কুটীরে উপস্থিত হইলেন। শিবানন্দ বলিলেন—"গুণী দাদা, কল্যই হরিদার হইতে যেমন তুমি একটি চিহ্ন নিবে, তোমার নিকট হইতেও একটা নিশানি আদায় করিব।" আমি বলিলাম—"কি আদায় করিবে বল ?" শিবানন্দ আমার গলার রুড়াক ছড়াটী চাহিল। শুনিয়াই আমার মাথা গ্রম হইয়া গেল। আমি বলিলাম—তোমার শালগ্রামের মত সহস্র শালগ্রাম পাইলেও এই ক্লাক্ষের একটি দানার সঙ্গে বিনিময় করিতে পারি না। এই মালা—আমার গুরুদত্ত। অন্ত যাহা হয় তোমাকে আমার একটি নিশানি দিব। শিবানন্দ বলিলেন—"আচ্ছা, তাহাই হবে"। শিবানন্দ চলিয়া গেলেন, পরে মনে হইল—শালগ্রাম পাওয়া বড়ই শক্ত সমস্তা দেখিতেছি। রুদ্রাক্ষ না পাইলে শিবানন্দ কধনই শালগ্রাম দিবেন না। শালগ্রাম আমার পক্ষে বড়ই তুর্লভ, কিন্তু ক্রদ্রাক্ষ তো তেমন তুর্লভ নয়। এক ছড়া কাশী হইতে ক্রয় করিয়া লইয়া ঠাকুরের দ্বারা স্পর্শ করাইয়া নিলেই তো পারি। তাহাই ক্রি না কেন ? এই প্রকার ভাবিতে ভাবিতে স্নানে যাইবার জন্ম আসন হইতে উঠিলাম। মালাগুলি খুলিবার সময়ে হাতে লাগিয়া অকস্মাৎ রুদ্রাক্ষ মালাছড়া ছিঁ ড়িয়া আদনের উপর ছড়াইয়া পড়িল। আমি অমনি উহা কুড়াইয়া রাখিতে গিয়া দেখি— প্রত্যেকটা কলাক শিবানন্দের শালগ্রাম। অবাক্ কাণ্ড! আমি কিছুক্ষণ শুন্তিত হইয়া বহিলাম। অর্দ্ধ মিনিটের জন্ত এই দর্শন হইলেও সাবাদিন ইহার শ্বৃতিতে ভিতর আমার তোলপাড় করিতে লাগিল। ঠাকুর বলিয়াছিলেন—চিরকাল এই মালা ও উপবীত ধারণ কর্বে। সন্গাস অবস্থা হ'লেও ত্যাগ কর্বে না। অগ্নি-সেবাও যাবজ্জীবন কর্বে। হায়—আমি এমনই পাষ্ড-সামান্ত শিলাথতের লোভে আমার শুরুদত্ত বস্তু অন্তকে দিব সঙ্কল করিতেছিলাম! ঠাকুর, কতকাল তুমি আমাকে লইয়া এরূপ খেলা থেলিবে ? তোমার আমোদ—আমার যে প্রাণ যায় ! আর আমি শালগ্রাম চাহিব না। ঠাকুর, তুমি আমার তো কিছুরই অভাব রাথ নাই। জয় গুরুদেব। তোমার এদব খেলা যেন মনে থাকে।

স্লক্ষণাক্রান্ত শালগ্রাম প্রাপ্তি।

ভগবানের কুপায় ৫।৬টা সমবয়স্ক ব্রহ্মচারী আশ্রমে একত্র হইয়াছি। সকলেই খুব উৎসাহশীল, ধর্মপিপাস্থ ও কঠোর সাধক। বরদানন্দ, জ্ঞানানন্দ, কিছুকাল যাবৎ এখানে আছেন। ঈশ্বানন্দ, শিবানন্দ ও ফণিদাদা ব্রহ্মচারী সম্প্রতি আসিয়াছেন। ইহাদের সঙ্গে ধর্ম আলাপে বড়ই আরাম পাই। শালগ্রামের জন্ম আমার অত্যন্ত আগ্রহ দেখিয়া সকলেই শিবাননকে তাঁহার শালগ্রামটী আমাকে দিতে বিশেষ করিয়া অন্ধরোধ করিতে লাগিলেন। হাদশীর দিন শিবানন্দ আমাকে শালগ্রাম দিবেন স্বীকার করিলেন। আস্থানন্দ, শিবানন্দের 'দিব-দিচ্ছি'

শালগ্রাম দিবেন খাকার কারলেন। আত্মানন্দ, শিবানন্দের দিব-দিতিত থাক। ঐ শালগ্রাম নিশ্চয়ই তোমাকে দিব।" শিবানন্দের কথায় আমার সন্দেহ হয়। নিশ্চয়ই কিছু মতলব আছে—না হ'লে স্বীকার করিয়াও দিতেছে না কেন ? শাস্ত্রে আছে 'শঠে শাঠাং সমাচরেৎ' ইহা তো ম্নি-য়্বমিদের কথা। স্থতরাং শালা ল্যাংড়া যথন স্থান করিতে যাইবে, আমি উহার শালগ্রাম সরাইয়া রাখিব। যথন জিল্লাসা করিবে শালগ্রাম কি হইল ? বলিব গলার মধ্যবর্ত্তী চড়ায় আমাদের সন্দ পাইয়া, তোর শালগ্রাম চতুভূ জ হইয়া স্বর্গে গিয়াছে। কিছুকাল আমাদের সন্দে বাদ কর, তোকেও চতুভূ জ করিয়া স্বর্গে পাঠাব। ল্যাংড়া গোল্যাল করিলে আর্দিক দিয়া তাড়াইয়া দিব। ওকে আমি একবার ঠুকেছিলাম। আ্রানন্দের অসম্ভব কার্যা নাই ভাবিয়া উহাকে ওরূপ করিতে নিষেধ করিলাম।

শিবানন্দ আমাকে ঘাদশীতে পারণের পরে শালগ্রাম দিবেন বলিয়াছিলেন। আমি পারণের পূর্বে যাইয়া শিবানন্দকে সাষ্টাঙ্গ করিয়া বলিলাম – দাদা, ভূক লাগা। ছকুম হয় তো প্রসাদ পায়— লেই। শিবানন্দ বলিলেন—হাঁ, বেসক্ পায় লেও।

আমি শিবানল প্রভৃতিকে চা দিয়া, শ্রীফল ও চা পান করিলাম। পরে আদনে বদিয়া নাম করিতে লাগিলাম। বেলা প্রায় ১টার সময় শুভক্ষণ জানিয়া শিবানলের নিকট উপস্থিত হইলাম। শিবানল আমাকে থুব আদর করিয়া বসাইলেন এবং বলিলেন—"শালগ্রাম লে যাও।" আমি বলিলাম—শুধু শালগ্রাম নয়, তোমার আশীর্কাদেও চাই। পাছে ফদ্রাক্ষ মালা বা ওরুপ কোন বস্তু চাহিয়া বনে, এই সন্দেহে বলিলাম—এই আশীর্কাদ কর, যেন শালগ্রাম আবার তোমাকে ফিরাইয়া দিতে না হয়। আমার কয়েকটী শালগ্রাম আছে, একটি তুমি নেও। তোমার শালগ্রাম পূজা বাধা হবে, ইহা আমার ইচ্ছা নয়। শিবানল সম্ভেইমনে আমার কথায় সম্মত হইলেন। শিবানলকে আমার শালগ্রামটী দিয়া উহার শালগ্রামটি নিয়া আদিলাম। একথানা শুদ্ধ বস্তু উহাকে দিব বলাতে শিবানল খুব সম্ভেই হইলেন।

অন্তের প্রশংসা প্রবণে অভিমানে আঘাত।

আজ শুনিলাম গঙ্গার বাঁধ খুলিবে। বর্ধার জল খুব বেশী হইয়াছে। দামের কবাট খুলিয়া দিলে হরিদার কনধলে যাওয়ার আর উপায় থাকিবে না। এই বেলবাগের চড়ায়ই থাকিতে হইবে। বরদানন্দ, ঈশ্বানন্দ প্রভৃতি আজই এস্থান হইতে চলিয়া যাইবেন। ফণিদাদা আদিয়া আমাকে বলিলেন—"ভাই, তুমি এখন কি করিবে পূসহেরের সর্বপ্রকার সংশ্রবে বঞ্চিত হইয়া, এই চড়ায় ২০০ মাসের মত কি প্রকারে এখানে থাকিবে।

হরিদ্বারে গলার উপরে এ পাহাড়ে আমার গোফা আছে। বার মাদ ওধানেই আমি থাকি। একটি রাদ্ধণ আমার যাহা কিছু আবশুক প্রদান করেন। তুমি যদি ইচ্ছা কর আমার সঙ্গে থাকিতে পার। এ রাদ্ধণ তোমাকেও খুব শ্রেনাভক্তি করিয়া রাথিবেন।" আমি ভাবিয়া দেখিলাম—যথার্থই এই স্থানে ২০০ মাদ থাকা অসম্ভব। আমি ফণিদাদার গোফাটী দেখিতে চাহিলাম। বেলা ১০টার সময়ে ফণিদাদার দলে হরিদার বওনা হইলাম। দামের উপর যাইয়া দেখি কেশবানন্দ আদিতেছেন। তাঁহার সহিত দাক্ষাৎ হওয়াতে, তিনি আমাদিগকে ফিরিয়া তাঁহার সহিত আশ্রমে যাইতে বলিলেন। অন্তর থাকার ইচ্ছা করিয়াছি শুনিয়া তিনি অস্থমান করিলেন, আত্মানন্দের কোন গহিত আচরণ অসম্ভ হওয়াতে, আমরা দামপাড় ছাড়িয়া অন্তর যাওয়ার সঙ্গল করিয়াছি। আমরা কেশবানন্দের সঙ্গে আশ্রমে আদিলাম। গলার বাঁধ খুলিতে আরও ২০০ দিন বিলম্ব হইবে শুনিলাম। ত্রুবাং নিশ্চিম্ব হইয়া এথানেই এই কয়দিন থাকিব স্থির করিলাম। এন্থান ছাড়িতে ইচ্ছা হয় না। কেশবানন্দম্বামীর সহিত আশ্রমে আদিয়া অনেক আলাপ হইল। বর্ষার সময়ে আমাদের থাকার ও সাধন-ভজনের কোন অস্থবিধা না হয় তাহা দেখিবার জন্মই তিনি এথানে আদিয়াছেন। ভাবিয়াছিলাম, ফণিদাদার সঙ্গে হরিদ্বারে ঘাইয়া থাকিব। ঠাকুরের তাহা ইচ্ছা নয়—তাহা হইল না। আমরা সকলেই চলিয়া যাইব স্থির করিয়াছিলাম। কেশবানন্দজীর কথায় দে সঙ্গল সকলেই ত্যাগ করিলাম।

মধ্যাহে আমি আমার আসনে বিসরা নাম করিতেছি, কেশবানন্দ অন্তান্ত ব্রহ্মার বিসরা আশ্রমের শান্তি-অশান্তির আলোচনা করিতে লাগিলেন। আত্মানন্দ ইতিমধ্যে তু'দিন করেকটা ইয়ারের সঙ্গে মদ থাইয়া সারারাত্রি যে উৎপাত করিয়াছিল, তাহাও জানিলেন। আত্মানন্দকে ৩।৪ দিনের মধ্যেই অন্তত্র চালান দিবেন বলিলেন। ব্রহ্মচারীদের নিকটে আমিজী আমার থ্ব প্রশংসা করিতে লাগিলেন। ২০০টা কথা কানে আসিল—উহা আমার বড়ই ভাল লাগিল। ভিতরে একটু গর্বিত হইয়া ভাবিলাম, এবার স্বামিজীকে বলিব—"স্বামিজী! আমাদের কল্যাণই তো আপনার উদ্দেশ্ত, আমাদের কার্য্যাকার্য্য অস্থুসন্ধান করিয়া দোঘের সংশোধনই তো আপনার কার্য্য, কিন্তু আপনি কেবল আমার গুণেরই প্রশংসা করেন দেখিতেছি। একটা দোবের উল্লেখ করিয়া তো তাহা ত্যাগ করিতে অন্থুশাসন করেন না? আপনি দোবের কথা না বলিলে কি প্রকারে তাহা ত্যাগ করিব। এসব ভাবিতেছি, স্বামিজী আমাকে ডাকিয়া পাঠাইলেন। স্বামিজীর নিকট বিসতেই তিনি থুব উৎসাহ দিয়া আমাকে আশ্রমে থাকিতে বলিলেন। আত্মানন্দের অত্যাচার-উপত্রবের কথা তুলিয়া বলিলেন— তোমাদের সকলের মাধন-ভজনে কোন প্রকার বিত্ন না হয়, সেজ্পু আত্মানন্দকে অবিলম্বে স্বাইয়া দিব। স্বামিজী ব্রহ্মচারী দেব ভজন-নিষ্ঠার প্রশংসা করিতে করিতে বলিলেন— এখানে যে কয়টী আছেন, তাদের মধ্যে ফণিভূষণ ব্রন্ধচারী সর্ব্যোত্ম, উহার আর তুলনা নাই। স্বামিজীর মুথে এই কথাটী শুনিয়া ভিতরে গিয়া লাগিল, মাথাটি গরম

হইয়া উঠিল; কেশবানন্দের উপরে বিরক্তি জ্মিল। ভাবিলাম, হ'চার কথা বেশ করিয়া ভ্নাইয়া দেই। কে সর্কোত্তম, কে মধ্যম, কে অধম তাহা কেশবানন্দ কি প্রকারে জানিলেন ? তিনি কি সর্বাজ্ঞ হইয়াছেন না অন্ত দৃষ্টি থুলিয়া গিয়াছে। সমস্ত দিন দাধন-ভজন লইয়া আছি- বাজে কথা বাজে কার্যা কাকে বলে জানি না, সংগুরুর আশ্রয় পাইয়াছি, এসব সত্ত্বেও ফণিভূষণ আমা অপেকা প্রশংসার পাত্র, দর্কশ্রেষ্ঠ হইলেন ? আমার আর স্বামিজীর নিকটে বসিতেও ভাল লাগিল না। নিজ আদনে চলিয়া আদিলাম। এক একবার মনে হইতে লাগিল, স্বামিজী তো আমার বা ফণিভূষণের সঙ্গ কথনও করেন নাই। উৎকৃষ্ট নিকৃষ্ট তিনি কি প্রকারে বুঝিবেন ? বোধ হয়, এই সব ভিক্-মান্ধা পেটসর্বান্ধ ব্রহ্মচারীগাই আমার কোন দোষের কথা স্বামিজীকে বলিয়া থাকিবে। আদনে বদিয়াও কিছুক্ষণ দকলের উপরে একটা বিরক্তি, আক্রোশ রহিল। পরে হঠাৎ ঠাকুরের স্মৃতিতে মোহ কাটিয়া গেল। ভাবিনাম—হায় রে কপান! আমি আবার সাধন-ভজন করিতে পাহাড়ে আসিয়াছি! কিছুক্ষণ পূর্বে আমার প্রকৃতির দোষ দেগাইতে খামিজীকে অহুরোধ করিব সংকল্প করিয়াছিলাম। স্বামিজী আমায় কোন দোষের কথাই বলেন নাই। অত্যের যথার্থ গুণের প্রশংসাই মাত্র করিয়াছেন। অন্সের প্রশংসা শুনিয়া আমার সহু হইল না—বুক শুকাইয়া গেল, ভিতরে অভিমানের আগুন জনিয়া উঠিল! হা অদৃষ্ট! প্রকৃতি যখন আমার এত নীচ — তথন সাধন-ভন্তন সমস্তই আমার ভণ্ডামী; শুধু প্রশংদালাভের জন্তই যাহা কিছু করিতেছি। অন্তের প্রশংসা শুনিয়া অশান্তির জালা—ইহা অপেক্ষা স্বভাবের নীচতা আর কি হইতে পারে ? ঠাকুর! এই জঘন্তকে তোমার পরম পবিত্র শ্রীচরণে আশ্রয় দিলে কি প্রকারে ? স্বভাবের হীনতা দেখিয়া সমন্ত দিন অমৃতাণে দম হইয়া কাটাইলাম। বুঝিলাম, অত্যের তঃথ-কটে সহামৃভৃতি করা---দকে সঙ্গে 'আহা উত্' করিয়া তৃঃপপ্রকাশ করা সহজ, কিন্তু অত্যের স্থ সমৃদ্ধি দেথিয়া শুনিয়া আনন্দ করা সহজ নয়, বড়ই কঠিন।

বাস্ত সাপ দর্শনে আতঃ ।

শিবানন্দের নিকট হইতে শালগ্রামটি পাইয়া মনটি প্রফুল হইরাছে। শেষ রাত্রে উঠিয়া হোম, সন্ধ্যা, আহ্নিক, ত্থান, পূজা, পাঠ যথারীতি সম্পন্ন করিয়া বড়ই আনন্দ পাইতে লাগিলাম। মনে করিলাম, এই আনন্দে ঠাকুর আমাকে যতকাল রাখিবেন—এই আদন তাগি করিব না। যথাবিধি শালগ্রাম পূজা করিবার প্রবল আকাল্ডা জন্মিল কিন্তু শাল্তোক্ত ব্যবস্থা আমার জানা নাই। এতকাল নিজের মনোমত নাম জপ করিয়া শালগ্রামকে তুলদী গলাজল দিয়াছি। এখন শাল্পবিধিমত পূজা করিবার আকাল্ডা হওয়ায় আশ্রমস্থ দকলকেই জিজ্ঞাদা করিলাম। এক একজন এক এক প্রকার পদ্ধতি বলিলেন তাহাতে আমার শ্রদ্ধা জন্মিল না। ফণিদাদা আমাকে বলিলেন "বহুকাল হয় একটি নিষ্ঠাবান বৃদ্ধ ব্রাহ্মণ—হাহার জীবনে একদিনপ্ত ত্রিদক্ষ্যা বাদ যায় নাই—আমাকে শালগ্রাম পূজা-

পদ্ধতি লিখিয়া দিয়াছিলেন। কিন্তু শালগ্রাম পূজা কথনও আমায় করিতে হয় নাই। সেই কাগজখানা আছে কি না, জানি না।পুডকের মধ্যে অহুসন্ধান করিয়া দেখি,তুমি একটু অপেক্ষা কর।" ফণিদাদা বহুক্ষণ পুস্তকের পৃষ্ঠায় পৃষ্ঠায় অহুসন্ধান করিয়া অতি জীর্ণ একখানা কাগজে 'শালগ্রাম পৃজা-পদ্ধতি' পাইলেন। আমাকে আনিয়া দিয়া বলিলেন, "গুণী দাদা, তোমার প্রয়োজন হইবে বলিয়াই, এতকাল এই কাগজখানা আমার নিকটে রহিয়াছে। আমি উহা নিয়া, সমন্ত কঠয় করিয়া ফেলিলাম। শুভদিনে শুভক্ষণে ঠাকুরকে শিবানন্দের কঠশালগ্রামে প্রতিষ্ঠা করিয়া মথাবিধি পৃজা করিব সংকল্প করিলাম। বরদানন্দ আমাকে বলিলেন—"দাদা, যেদিন শালগ্রাম অভিষেক করিয়া প্রতিষ্ঠা করিবে, সেইদিন শালগ্রামকে পরিপাটিরপে ভোগ দিয়া আশ্রমস্থ বন্ধচারীদের পরিতোযপূর্কক ভোজন করাইও।" আমি বরদানন্দের উপরেই সেই কার্য্যের ভার দিলাম। খরচ যাহা পড়ে আমি দিব বলিলাম। আগামী ঘাদশীতে ঠাকুরের প্রতিষ্ঠাকার্য্য করিব। সেই দিন হুইতে আমার বন্ধচর্য্যের নৃতন বৎদর আরম্ভ হুইবে।

বেলা মটার সময়ে আসনে বসিয়া নিংশন প্রাণায়ামের সঙ্গে নাম করিতেছি, পশ্চাৎ দিকে বেড়ার বাহিরে, ঠিক যেন কাঁধের উপরে 'ফোঁদ ফোঁদ', 'থট গুট' শব্দ হইতে লাগিল। আমি অমনি আসন হইতে উঠিয়া বাহিবে আদিলাম। দেখিলাম একটি বুহদাকার কৃষ্ণদর্প বেড়া ফাঁক করিয়া ভিতরে আদার চেষ্টা করিতেছে। ঐ বেড়াটি ঠেদ দিয়া আমি আদনে বদি। দর্পটি কোন প্রকারে শক্ত বেড়া ভেদ করিতে পারিলেই প্রবেশের দক্ষে সঙ্গে আমার ঘাড়ের উপরে আসিয়া পড়িবে। আমি বরদানন প্রভৃতিকে ডাকিতে লাগিলাম। শ্ব শুনিয়াই দর্পটি অদৃশ্য হইল। কথন কোন দিকে গেল ঠিক কবিতে পাবিলাম না। আত্মানন্দ ও বরদানন্দ আমাকে বলিলেন—"একটি ভয়ন্ধর প্রাচীন জাতদাপ এই শিশুগাছের তলায় গর্ত্ত করিয়া আছেন। আপনার আসনের সংলগ্ন ঠিক পশ্চাৎদিকে বেডার বাহিরেই তাহার বাসা। বেড়ার বাহির হইতে ঐ গর্ন্তটি আপনার আসনের নীচে গিয়াছে। আপনি আসনে বসিলেই জাতসাপের মাথার উপরে আপনাকে বসিতে হয়। এই ভাবে এই স্থানে আসন রাখা ভাল মনে হয় না। আসনের স্থান পরিবর্ত্তন কফন। এইটি বছ পুরাতন বাস্ত সাপ। কখনও কারে। কোন অনিষ্ট করে না। এখানে এইরূপ একটি দাপ আছে অনেকেই জানে। বাস্ত দাপের দর্শনলাভ তুর্লভ। আপনি দেভিগ্যিবান অনায়াদে দেবাংশী দাপের দর্শন পাইলেন।" উহাদের কথা শুনিয়া আদনে আদিয়া বদিলাম। নিত্যকর্ম দমাধা করিয়া ১১টার দময়ে উঠিলাম। বেলা ১২টার সময় সম্ব্যাহোম করিয়া আদনে বসিলাম, এবং থুব সরুনালে লক্ষ্য রাখিয়া নাম করিতে লাগিলাম। স্পটিকে মনে পড়ায় প্রার্থনা আদিল—"স্পরাজ! আমাকে দ্যা করিয়া ক্ষমা কর। তোমার পরিচয় না জানায় আমি তোমার অপমান করিয়াছি। তোমাকে তাড়াইয়া দিতে বরদানন আত্মানন্দকে ডাকিয়াছি। কি করিব? প্রকৃতিগত সংস্কারে তোমাকে আদর করিবার আমার ক্ষমতা নাই। তোমাকে দর্শন করিতে ইচ্ছা হয়, দূরে পাকিয়া একবার দর্শন দাও - তোমাকে প্রণাম করিয়া কতার্থ হই।" অতঃপর আসনে বদিয়া নিবিইমনে নাম করিতেছি—অকসাৎ সমুথের জানালায় 'সর্ সর্' শব্দ হইতে লাগিল। চোধ মেলিয়া দেখি, সমুথের বেড়ার ফাঁক দিয়া বৃহদাকার কৃষ্ণ দর্প কুটারে প্রবেশ করিবার চেষ্টা করিতেছে। প্রায় এক হাত ভিতরে আদিয়া বিস্তৃত ফণা দক্ষিণে বামে হেলাইয়া 'ফোঁস্ ফোঁস্' করিতেছে। আমি দেখিয়াই ভয়ে আসন ত্যাগ করিয়া হ'এক লাফে বাহিরে আদিয়া পড়িলাম এবং ব্রহ্মচারীদের নাম ধরিয়া চীৎকার করিতে লাগিলাম। সকলে আদিয়া পড়িল। সর্পটি গৃহে প্রবেশ করিয়া লোকের তাড়া পাওয়ায় কোন্ দিক্ দিয়া চলিয়া গেলেন। সর্পটি ঘরে প্রবেশের চেষ্টা কেন ? এ কি মাস্ক্রের গায়ের গন্ধ পাইয়া, না নিঃশব্দ প্রাণায়ামের ধ্বনিতে আকৃষ্ট হইয়া—ব্বিতেছি না। এ বে ঘরে বিদ্যা সাধন-ভজন করাও বিষম শক্ত হইয়া উঠিল। সাপের রূপ ভাবিলেই যে আতঙ্কে প্রাণ যায়!

আমাকে উৰ্দ্ধরেতা করিতে দিদ্ধপুরুষের আগ্রহ।

আৰু একটা পৰ্য্যটক সন্থাসী চণ্ডীপাহাড়ে ষাইতে আমাদের আশ্রমে আসিয়া উপস্থিত হইলেন। সম্যাদীর চেহার। দেখিয়া মনে হইল—কোন শক্তিশালী সিদ্ধপুরুষ হইবেন। তাঁহার সঙ্গে আমরা সকলেই খুব আনন্দলাভ করিলাম। আমাদের আগ্রহ-অমুরোধে তিনি একদিন এই আশ্রমে থাকিতে সমত হইলেন। সমস্ত দিন আমরা সকলে সকল কাজ ফেলিয়া তাঁহারই সঙ্গ করিলাম। সন্ন্যাসীর আমার প্রতি বড়ই কুপাদৃষ্টি হইল। তিনি আমাকে নির্জনে পাইয়া বলিলেন—"ত্রহ্মচারীজি! আপনাকে আমার বড়ই ভাল লাগিতেছে। আপনার দেহ দেখিতেছি, দাধন-ভজন-ভপস্থার ধ্ব অমুক্ল। গঠন বড়ই চমৎকার। আপনাকে একটি হুলভি অবস্থা প্রদান করিতে ইচ্ছা হইতেছে। আপনার নাতিকুওটি ৫।৭ মিনিটের জন্ম যদি আমাকে স্পর্শ করিতে দেন, উহা নাড়িয়া নাড়িস্টুড়ি যথাযথরপে স্থাপন করিয়া দিলে, আপনার বার্য্যের গতি উর্জদিকে হইবে—বিনা আয়াদেই উর্জরেতা হইবেন। আমি ওরপ করিতে প্রস্তুত আছি, আপনি রাজী আছেন কি? সন্ন্যাসীর কথা শুনিয়া আমি চুপ করিয়া রহিলাম। সন্ন্যাসী একটু পরে আবার কহিলেন—"বহু সাধন-ভজন তপস্তা ও শংষ্মাদি করিয়া যে অবস্থা লাভ করা স্বত্র্লভ, আপনি ইচ্ছা করিলে অনায়াদে তাহা লাভ করিতে পারেন। আপনার কি ইহাতে প্রবৃত্তি হয় না ?" আমি সন্ন্যাসীকে নমস্বার করিয়া করষোড়ে বলিলাম—আমার গুরুদেব দিতে অসমর্থ, এমন অবস্থা কি আপনি আমাকে দিবেন ? আমার গুরুতে একনিষ্ঠা জন্মে এবং ব্যভিচারে আমার প্রবৃত্তি না হয় আপনি আমাকে দয়া করিয়া শুধু এই আশীকাদ ককন। আমি আর কিছু চাই না।

ঠাকুরের জটাঃ চগুর রূপঃ 'দর্ব্ব দেবময়ে গুরু'।

শেষ রাত্রে নিয়মিত সময়ে জাগিয়া সন্ধ্যা করিতে করিতে ভোর হইল। ভূতাপসরণ, আসনশুদ্ধি ও বহুপ্রকার আসাত্তে বিধিমত গণেশাদি দেবতা সকলের পূজা করিলাম। মূল ভাস করিতে বেলা অধিক হইল। আজ মনে হইতে লাগিল—শালগ্রাম আদার পর হইতে প্রত্যহই একটি না একটি সম্ভান্তির বিষয় আদিয়া উপস্থিত হইতেছে। দেখা যাক, আজ ঠাকুর কি বস্তু আনেন। ইহা ভাবিয়া পূজার চেষ্টায় আছি—এমন সময়ে ছোড়দাদার প্রেরিত ১খানা তদরের ধূতি আদিল। পাইয়া কত যে আনন্দিত হইলাম বলিতে পারি না। শিবানন্দকে একখানা পবিত্র বস্ত্র দিব কথা দিয়াছিলাম। আজ ঠাকুর দয়া করিয়া দেই দায় হইতে মৃক্ত করিলেন। শিবানন্দকে উহা দেওয়ায় তিনি অত্যস্ত সম্ভাই হইলেন।

আজ মা যোগমায়া আমাকে বড়ই রূপা করিলেন। প্রীচণ্ডী পাঠকালে বড়ই স্থন্দর একটি ভাব আদিন, বহুকান যাবৎ চণ্ডী পড়িতেছি বটে, কিন্তু চণ্ডীর উপরে শ্রন্ধা-ভক্তি জমিল না। ভালবাসিতে চাহি বটে, কিন্তু জানি না কেন পারি না। আজ হঠাৎ মনে হইল—চণ্ডী কে? গুরুদেবের কোন অঙ্গে চণ্ডীর আবাদস্থান! ইহা ভাবিতেই ঠাকুরের সম্মুখের জটাটি মনে আসিতে লাগিল। খতদিন হইতে ঠাকুরের পূজা করিয়া আদিতেছি, মানদে কোন দিনই খেতপুষ্প বা তুলদী ঠাকুরের দামনের ব্দটায় দিতে পারি নাই। লাল জবা ও বিৰপত্ৰই জানি না কেন দিতে ইচ্ছা হইয়াছে। একদিন একটি ম্বপ্নে দেখিয়াছিলাম—ঠাকুর সম্মুখের বড় জ্বটাটি ছি'ড়িয়া আমার হাতে দিয়া বলিলেন "ইহা তুমি নেও।" ঠাকুরকে এই স্বপ্ন বলিয়া অর্থ জিজ্ঞাদা করাতে তিনি বলিয়াছিলেন—" 'এই জ্বটা শক্তি'। স্থতবাং ভগবভী যোগমায়। অথবা কালী এই জটাতে বহিয়াছেন।" ঠাকুরের ধ্যানের দঙ্গে সঙ্গে অনেক ঠাকুরের ধ্যান কথনও আমি জটার স্ষ্টির পরে করিতে পারি নাই। মনে হয়, তাই বুঝি মা ভগবতী আমার প্রতি সম্ভষ্ট হইয়া আমাকে নিষ্ণের স্থানে—এই চণ্ডীপাহাড়ে আনিয়াছেন। আজ চণ্ডীকে গুরুদেবের জটায় ভাবিয়া ন্তব পাঠের সময় কামা আদিল। ঠাকুর আমার স্বয়ং ভগবান, তাঁর এক একটি অঙ্গে এক একটি দেবতা বহিয়াছেন। বিশ্বস্থাণ্ডের স্ষ্টি-স্থিতি-প্রদায়ও এই দেহেরই ভিতরে। মা চণ্ডী আতাশক্তি, পরাশক্তি-সকলের উপরে। তাই ঠাকুর তাঁকে মন্তকে স্থান দিয়াছেন। ভগবতীর পায়ের নীচে ভগবান হর শয়ান রহিয়াছেন। আমরা শাক্ত-এই শক্তিই আমাদের কুলদেবতা। জয় মা কালী। জয় মা ভগবতী। জয় মা দিছেখরী।

দেবদেবীর প্রতি পূর্বের আমার একটা অশ্রদ্ধা ছিল। ঠাকুরের এক এক অঙ্গে এক এক দেবতার অধিষ্ঠান। পড়িয়া শুনিয়াও এমন একটা সংস্কার জন্মিয়াছে, এখন আর কোন দেবতাকেই অপ্রান্থ করিতে ইচ্ছা হয় না। দেবতা কেন—পশু, পক্ষী, কটি পতঙ্গ সকলেই আমার ঠাকুরের অঙ্গীভূত—সকলের শক্তি এক শুগবান। এই সমস্ত লইয়াই তাঁহার শ্রীঅঙ্গের পূর্ণতা। একটিও বাদ দিবার বা ভূচ্ছ করিবার উপায় নাই। ইহা বাগানের ফুলগাছ নয় যে, একটি চারা তুলিয়া ফেলিলে অক্যটিকে স্পর্শ করিবে না। বৃক্ষের যেমন শাখা-প্রশাখা, ইহাও নিশ্চয় তেমনই। সমস্ত স্থাই ঠাকুরের অবয়ব —কাকে ছোট কাকে বড় বলিব ?—মূলে সবই এক! ধ্বন যে অঙ্গ দারা যে কার্য্য সাধিতে ষত

শক্তির প্রয়োজন, ঠাকুর তাহাই করিতেছেন। স্থতরাং একটি অঙ্গুলীতে হাতে বা পায়ে—এই একই শক্তির কার্যা। এত দিন মহা অপরাধ করিয়াছি। কত দেব-দেবী, ঋষি, মৃনি, দাধু ও মহাত্মাকে আগ্রান্থ করিয়াছি—বলিয়াছি, আমি এক গুরুরই অধীন—আর কারো ধার ধারি না। আমি কি অজ্ঞানেই ছিলাম! গুরু বাঁকে বলি, এই সমস্ত লইয়াই যে তাঁহার স্বরূপ, 'সর্ব্ধ দেবময়ো গুরু'। জ্য় গুরুদেব! তুমিই সব! তুমিই সব!

তৃতীয় বৎসবের ব্রহ্মচর্য্য শেষঃ কণ্ঠশালগ্রাম।

ত্রিষার, কনখল, ষ্বাকেশ, লছমনঝোলা প্রভৃতি স্থানে ইতিমধ্যে আমার নাম 'গুণী দাদা বন্ধানী' বলিয়া প্রচারিত হইয়াছে। প্রাঞ্চলে মন্ত্র, গুণ ও ঐথধ্যের অধিষ্ঠাত্রী কামাখ্যা দেবীর প্রাকায় আমার জন্মহান। স্ক্তরাং নানাপ্রকার মন্ত্রত্র আমার জানা আছে — ইহাই অনেকের সংস্কার। স্ক্রাকেশ হইতে কয়েকটি সাধু আমার নিকট আদিয়া বলিলেন, "ব্রন্ধচারীজি ? আপ্কোশাছ স্বামিকেশছে আয়া হায়। হাম লোকনকো কুছ্গুণ বাংলাইয়ে। শালা মচ্ছর বড়া দিক্ কর্তা হায়? আমনমে বৈঠনে নেহি দেতা। বড়া কাট্তা হায়" সাধুদিগকে 'আমি কিছু জানি না' অনেক ব্যাইয়া বলাতে, ব্ঝিলেন। দর্শনার্থী বাহারা আদেন তাহারাও আমাকে মহাগুণী মনে করিয়া নানা গুণের কথা জিজাসা করেন। আত্মানন্দ আমাকে মহাপুরুষ বলিয়া প্রচার করে এবং যাত্রীদের ডাকিয়া আনিয়া আমাকে দর্শন করাইয়া পয়সা লয়; সেই পয়সা ঘারা দে মদ্ আনিয়া খায় আর সারা রাত্রি মাতলামী করে।—ভজন-সাধন বিষম বিল্লকর হইয়া উঠিয়াছে। এ স্থান বোধ হয় এবার ছাড়িতেই হইবে।

গত বংশর ঠাকুর আমাকে পুনশ্চ তুই বংশরের জন্ম ব্রহ্মচর্য্য দিয়াছিলেন। অল তাহার এক বংশর শেষ হইল। আগামী কল্য চতুর্থ বর্ষের ব্রহ্মচর্য্য আরম্ভ হইবে। কল্য শালগ্রামের অভিষেক করিব ইচ্ছা করিয়াছি। ঠাকুরকে আহ্বান করিয়া উহাতে স্থাপন পূর্বক বিধিমত পূজা আরম্ভ করিব। শালগ্রামে ইপ্ত পূজাই বোধ হয় আগামী বংশরের ব্রহ্মচর্য্যের প্রধান অমুষ্ঠান হইবে। শালগ্রামটি কণ্ঠ-শালগ্রাম—পূজা শেষ হইলেই কণ্ঠায় ঝুলাইয়া রাখিতে হইবে। ঠাকুরও আমাকে কণ্ঠশালগ্রামের কথাই বলিয়াছিলেন। একটি মার্ব্বেলের মত এটির আয়তন। দাদা শালগ্রাম কণ্ঠায় রাখিতে একটি রূপার কোটা প্রস্তুত করিয়া দিয়াছিলেন। দেখিতেছি এই শালগ্রামটি তাতে বেশ ধরিবে। শালগ্রাম কণ্ঠেই থাকিবেন।

কণ্ঠশালগ্রাম অভিষেক ও পূজা।

অত আমার শালগ্রাম প্রতিষ্ঠা হইবে। অতি প্রত্যুধে আসন হইতে গারোখান করিয়া, শৌচান্তে নীলধারায় স্নান-তর্পণ করিয়া আসিলাম। আসন গুদ্ধির পর আসনে বসিয়া অল্লাস, করাস্ক্লাস,

ব্যাপক আদ ও চতুৰ্বিংশতি তত্ত্বের আদ সমাপনান্তে প্রাণায়াম কুম্ভক দারা ভূতশুদ্ধি করিলাম। তৎপবে তুলদী চন্দনাদি সংগ্রহ করিয়া শালগ্রাম পূজার জন্ম প্রস্তুত হইলাম। পঞ্চাব্য দারা শোধিত ক্রিয়া বিধিমত পঞ্চামৃত দারা শালগ্রামকে স্নান করাইলাম। পরে নিশ্বল ৮ই আবৰ ৷ গন্ধবারি দারা প্রকালন করিয়া সিংহাসনে তুলসীপত্রোপরি শালগ্রামকে স্থাপন করিলাম। তৎপরে ঠাকুরকে স্মরণপূর্কক থুব কাতরভাবে প্রার্থনা করিতে লাগিলাম— "ঠাকুর! আজ পর্যন্ত আমার কোন আকাজ্ঞা তুমি অপূর্ণ রাথ নাই। আশাতীত কুপালাভ করিয়াছি। শালগ্রাম পূজার প্রবল আকাজ্ঞা তুমিই প্রাণে দিয়াছ। যেমন বলিয়াছিলে, শালগ্রামটিও ঠিক তেমনই তোমার ক্রপায় জুটিয়া**ছে। এখন দ**য়া করিয়া তুমি এই শিলার প্রতি অণ্-প্রমাণ্তে অবস্থান কর—শালগ্রামটি ভোমারই কলেবর হউক। দেবদেবী আমি কথনও বৃঝি না, ভগবানকেও জানি না!---আমার স্থ-শান্তি, আরাম-আনন্দের আধার তোমাকেই মনে করি। কৃত আমি তোমার হাতের সামান্ত এক গণ্ড্য জলে আমার পিপাদার পরিত্ধি । আমি তাহাই চাই। তোমার নদী-নালা সমুদ্র প্রভৃতিতে আযার প্রয়োজন কি 👂 ঠাকুর, যতকাল শালগ্রামে তোমার প্জা করিব—আশীর্কাদ কর, যেন এমন ভাবে করি, যাহাতে ভোমার আমনদ হয়; এই প্রকার প্রার্থনা করিতে করিতে শালগ্রামটি মন্তকে ধারণপূর্বক দাঁড়াইলাম। তৎপরে বক্ষে স্থাপন করিয়া কাতরপ্রাণে ঠাকুরকে ডাকিতে লাগিলাম। এই সময়ে ঠাকুর আমাকে চক্ষের জলে ভাসাইতে লাগিলেন। পরিকার মনে হইতে লাগিল-ঠাকুর আনন্দ করিতে করিতে শালগ্রামে প্রবেশ করিলেন। এই সময়ে ঠাকুর আমাকে তাঁহার অসাধারণ রূপার পরিচয় দিলেন। শালগ্রামটি হাতের তালুতে করিয়া উহা ৰ্কের উপর ধরিয়া রাখিতে কট হইতে লাগিল—অত্যন্ত ভারি বোধ হইল। আমি অমনি উহা আদনের উপরে রাধিয়া দিলাম। কিছুক্ষণ এই বিষয় ভাবিতে ভাবিতে আমি বিশ্বিত হইয়া পড়িলাম। অতঃপর নারায়ণের পূজা আরম্ভ করিলাম। ১০৮ বার ইটমন্ত্র সংঘোগে গায়ত্রী জপ করিয়া এক একটি সচন্দন তুলদী ঠাকুরের অন্ধবিশেষে অর্পণ করিতে লাগিলাম। ঐ ভাবে ১০৮টি তুলদীপত্র দিতে বেলা প্রায় ৩টা হইল। এই সময়ে ঠাকুরের কুপায় তৈলধারার মত অবিরাম অশ্বর্ষণ হইল। পূজা সমাপন হইতেই বরদানন বিস্তর লুচি, তরকারী, মোহনভোগ, পায়দ আনিয়া উপস্থিত করিলেন। উহা ঠাকুরকে নিবেদন করিয়া বড়ই আনন্দ হইল। সকলেই থুব পরিতোষপূর্বক ভোজন করিলেন। একটি ভাল ব্রাহ্মণকে উৎকৃষ্ট বস্তু দারা একটি সিধা প্রস্তুত করিয়া দান করিলাম। সকলেই আমার প্রতি প্রদন্ন হইয়া আশীর্কাদ করিলেন। কণ্ঠশালগ্রাম পূজার পরে কোটায় করিয়া কঠে ঝুলাইয়া রাখিলাম। ঠাকুরকে বৃকে রাখিয়াছি এই শ্বতিতে শারাদিন আনন্দে অতিবাহিত হইল।

ঠাকুরের নিকট ঘাইতে চিঠি —আমার বিচার।

আজ সকালে তু'খানা পত্ৰ পাইলাম। তু'খানাই গেণ্ডাবিয়া হইতে আসিয়াছে। জনৈক গুৰুত্ৰাতা লিথিয়াছেন—"গোঁদাই বলিলেন, ষ্থনই থাকিতে ইচ্ছা হইবে না—কেবল লজার থাতিরে থাকিতে হইতেছে বুঝিবে, তথনই চলিয়া আদিবে। যতক্ষণ আনন্দ কৃত্তি ততক্ষণ कहे खावन । থাকিবে।" পত্র পাঠ করিয়া মনে হইল, লেখার একট কারিগরি আছে। যোগজীবন লিখিয়াছেন—"গত বাত্তে বাবা আমাকে বলিলেন, 'ব্ৰন্ধচারীকে হরিছার হইতে আদিতে বল।' তাঁরই কথামত লিখিলাম।" যোগজীবনের পত্রধানা পড়িয়া বড়ই আনন্দ হইল। ঠাকুরের সঙ্গলাভের অবোগ্য আমি, ঠাকুর আমাকে আবার ভাকিয়াছেন, ভাবিতেই চকে জল আসিল। সম্প্র কবিলাম অচিবেই গেণ্ডাবিয়া যাত্রা কবিব। মধ্যাহে আসনে বদিয়া কভক্ষণ নাম করার পরে মন আমার ফিরিয়া গেল। ভাবিলাম- ধখন ঠাকুরের অনস্ত আকাশব্যাপী ছায়ারূপ ক্রমশঃ ছোট ও ঘন হইতে হইতে প্রমাণ আকার ধারণ করে এবং উহা ধীরে ধীরে পরিকার ও স্পষ্ট হইতে থাকে, আমি তথন চঞ্চলনয়নে দক্ষিণে, বামে, উর্দ্ধে ও অধোদিকে দৃষ্টি করিয়া কাতরভাবে প্রার্থনা করি, "ঠাকুর দয়া কর—আমাকে দর্শন দিও না। আদরের বস্তু যতদিন আদর করিতে না পারিব দর্শন চাই না। তোমার রূপায় যদি কথনও আ্যার বিখাদ-ভক্তিলাভ হয়, ভোমাতে একান্ত অমুবাগ জন্মে, তোমার যাহাতে যথার্থ আনন্দ ও তৃপ্তি তাহা আমাকে দিয়া করাইয়া নেও – তবেই তোমার নয়ন-মন শ্লিগ্ধকর ঐ ভূবনমোহন রূপ দর্শন করাও, না হইলে তোমার খুতি লইয়াই যেন এ জীবন শেষ হয় আশীর্কাদ করিও।" বিখাদ-ভক্তি-ভালবাদা ঠাকুর যতদিন দয়া করিয়া আমাকে না দিবেন ততদিন এ ঠাকুর দর্শন তো দর্শনই নয়। স্থতরাং নিকটে গিয়া লাভ কি ? এই অবস্থায় ঠাকুরের জিলীমায়ও খাইব না।

আদ শেষ রাত্রি হইতে সন্ধ্যা পর্যান্ত দিনটি ঠাকুরের নামে-ধ্যানে প্রমানন্দে কাটিয়া পেল। নারায়ণের দিকে তাকাইলে শরীর-মন বড়ই শীতল হয়। চিন্তটি সরস ও প্রফুল্ল হয়। সদ্ধার পরে ধূনির হোমাগ্রিতে ডাল ফটি প্রস্তুত করিয়া ঠাকুরকে ভোগ দিলাম। প্রসাদ পাইয়া থুব তৃপ্তি হইল।

ঠাকুরের নামে ও ধ্যানে নিত্য নৃতন অবস্থা সম্ভোগ।

ঠাকুর আমাকে আকাজনমত শালগ্রামটি জুটাইয়া দিয়া, কি যে আমন্দে রাথিয়াছেন, বলিতে পারি না। শেষ রাত্রি হইতে সমস্ত দিনের কার্য্যগুলি নিদিপ্ত সময়ে যথারীতি সম্পন্ন হইয়া যাইতেছে।

১০ই শ্রাবণ,
১০০- সাল।

বেশেষভাবে কুপা করিতেছেন। একটি অন্থ্র্চানের সঙ্গে আনন্দে

যথন বিভার করিয়া ফেলে, কটীন্ মত অপরটি ধরিতে আমার কট হয় না

—আহার করিতে করিতে একটি উপাদেয় বস্ত ত্যাগ করিয়া অপরটি ধরার মত মনে হয়। প্রত্যেকটি

কার্য্যেরই যথন ঠাকুর একমাত্র লক্ষ্য, তথন প্রত্যেকটি কার্যাই তে। তাঁহার দহন্ধে মধুময়। প্রতিদিন মনে হইতেছে, ঠাকুর কতদিন আর আমাকে এই আরামে রাখিবেন। ঠাকুরের নামও প্রতিদিন এক, ধ্যানও এক, অথচ তাহা হইতে নিত্য নৃতন ভাব উচ্ছাদ আনন্দের উদ্ভব—এ বড় অভূত! ঠাকুরের আর এক অপরিদীম কপা এই—নিজিতাবস্থায় স্বপ্নযোগে, দচন্দন তুলদীপত্র ও গন্ধান্ধল দারা ঠাকুরের পূজা করিতে করিতে জাগিয়া পড়ি। প্রায়ই দিবদের নিত্যক্রিয়াগুলি, রাজে নিজিতাবস্থায় করিয়া থাকি। বে কম্মদিন ঠাকুর আমাকে এই অবস্থায় রাখিবেন, এথানেই থাকিব। গেওারিয়া যাওয়ার কোন প্রয়োজন নাই। সাধন-ভজনের প্রতিকৃল যে দকল উপাধি সময়ে সময়ে উপস্থিত হইতেছে তাহা হইতে নিজেকে বাঁচাইয়া চলার যথেই উপায় এখনও আছে। সেজ্যু মহামায়ার আশ্রয় ত্যাগ করিয়া যাইব কেন ? যেদিন শালগ্রাম কঠে ধারণ করিয়াছে, সেই দিন হইতে নিত্যই পর্যাপ্র পরিমাণে নানাবিধ স্থাভ্য আদিতেছে। এই চক্র যাহার নিকটে থাকেন তাহার নাকি বিপুল ক্রিয়ালভ হয়। তা হলে তো বিষম বিপদ।

মহামায়ার শাসনঃ পুনরায় ঠাকুরের আদেশ চিঠিঃ বিষম সমস্তাঃ আসন তোলায় মন উচাটন।

ভগবতী মহামায়া এবার আমাকে তাঁর তুর্বেগ্ন গোলকধাধায় ফেলিয়া ঘুরপাক দিয়া বেশ বদ দেখিতেছেন। কয়েকদিন ধাবৎ কখন কখন আমি তাঁর বিষম ঘুর্ণাবর্ত্তে পড়িয়া চারিদিক অন্ধকার দেখিতেছি। সময় সময় নিজেকে নিজে হারাইয়া ফেলিতেছি। কি ১১ই-২৭শে প্রাবণ।
উপায়ে আমি এই বিপদ হইতে রক্ষা পাইব জানি না।

পালাবের কোন ভদ্রপরিবারের অসামান্ত রূপলাবণাবতী ২০২২ বংসরের একটি যুবজী আমাদের আশ্রমে আসিয়া রহিয়াছেন। স্বামী সম্প্রতি সাধু হইয়াছেন। তাঁহারই অফুসন্ধানে ক্ষিপ্রপ্রায় হইয়া মেয়েটি একাকিনী হরিয়ারে আসিয়াছেন। স্বামী হরিয়ারে নিশ্চয়ই একবার চণ্ডীদর্শনে যাইবেন অফুমানে আমাদের আশ্রমে উপস্থিত হন। এই স্থানে থাকিয়া স্বামীর খবর নেওয়া খুব সহজ; তাই আত্মানন্দ, বরদানন্দ প্রভৃতির নিকট কালাকাটি করিয়া এখানে ২০৫ দিন বাস করিবার অফুমতি নিয়াছেন। আমি এই কার্য্যের তীত্র প্রতীবাদ করা সত্তেও আত্মানন্দ আমাকে শাস্ত্র আওজাইয়া বুঝাইল — দাদা! আত্মদানেও বিপদ্মকে রক্ষা করিতে হয়; কেহ আশ্রম চাহিলে তাহাকে কোন অবস্থাই ত্যাগ করিতে নাই।" আশ্রমস্থ অনেকেরই উহাকে রাখিবার ইচ্ছা বুঝিয়া আর গোলমাল করিতে প্রবৃত্তি হইল না। 'চাচা আপন বাঁচা' ভাবিয়া নিজ কুটারে প্রবেশ করিলাম। এখন দেখিতেছি বিষম উৎপাতে পড়িলাম। মেয়েটির থাকিবার স্থান আমার কুটারের কিঞ্চিৎ ব্যবধানে একটি শূল্য যরে নির্দিষ্ট হইয়াছে। আত্মানন্দ উহাকে বলিয়াছে "আরে তিন চার

দিন এখানে থাকু আমি তোর আদমিকে এনে দিব। আমার বহুৎ দিদ্ধায় জানা আছে। তোর আদুমি ধুমালয়ে থাকলেও, তাকে আমি টেনে আনুব, নিশ্চয় জামিস। তারপর গুণীদাদা একটা গুণ বাৎলাইয়া দিলেই মনদ চিন্নকাল তোর সঙ্গে দক্ষে ভেড়ার মত থাক্বে। গুণীদাদা বড় ক্রোধী, তাঁকে একটু খুদী রাধতে চেটা কর্।" আত্মানন্দ জানে আমি যদি কোনও আপত্তি ন। করি স্ত্রীলোকটিকে ষ্তকাল ইচ্ছা আশ্রমে রাধিতে পারিবে। আত্মানন্দের কথার ভাব বুঝিয়া আমাকে সম্ভষ্ট রাখিতে যুবতী নিপুণতার সহিত নানাপ্রকার কৌশলজাল বিস্তার করিতে লাগিলেন। আমি উহাকে সরাইবার জন্ম প্রত্যহ আশ্রমবাসী ব্রহ্মচারীদের নিকট জেদ করিতে লাগিলাম। কেইই আমার কথায় কর্ণপাত করিল না। কয়দিন উহার স্বামী আসিয়া উপস্থিত হইয়াছে। তাহাকে স্ত্রী লইয়া এস্থান হইতে চলিয়া ধাইতে বলায়, দে আজ যাই, কাল ষাই, বলিয়া দিন কাটাইতেছে। আমি একটু জেদ করিয়া বলায় এখন দে পরিস্কার বলিতেছে—"আশ্রম ত্যাগ করিয়া ধাইবে না। যতকাল ইচ্ছা আশ্রমে থাকিবে।" আমি মহা মুক্কিলে পড়িলাম। বুঝিলাম আত্মানন্দ প্রভৃতি তাহাকে আশ্রমে থাকিতে ভিতরে ভিতরে উৎপাহ দিতেছে। একদিন তুম্ল ঝগড়ার পর, আমি উহাকে জোর করিয়া বাহির করিবার জন্ত কেনেলের ম্যানেজার প্রভৃতির নিকট উপস্থিত হইয়া বলিলাম—দেখুন, আমি বড় বিপন্ন হইয়া আপনাদের নিকটে আদিয়াছি। বহু দ্রদেশ হইতে আমি নির্জনে, নিরাপদে ভগবানের নাম করিব বলিয়া দামপাড় গঙ্গার চড়ায় একটি কুটার করিয়া রহিয়াছি। এতকাল বেশ আনন্দে ছিলাম। সম্প্রতি এক পাঞ্জাবী তাহার যুবতী স্ত্রীকে লইয়া আমাদের আশ্রমে আসিয়া বৃহিয়াছে। তাকে বিপন্ন দেখিয়া আশ্রয় দিয়াছিলাম। এখন সে আর অন্তত্ত যাইতে চায় না। সে ফৌজদারী করিবে, তবু আশ্রম ছাড়িবে না বলিতেছে। এ সময়ে আপনারা দয়া করিয়া যাহাতে নিরাপদে ভজন-সাধন করিতে পারি, তদ্রপ একটু ব্যবস্থা করুন। ম্যানেজারবার্ ও অন্তান্ত ভদ্র-লোকেবা বিস্তৃতভাবে সকল কথা শুনিয়া হুইটি চাপ্রাশি লইয়া আশ্রমে আদিলেন এবং বলপ্রয়োগ-পূর্বক পাঞ্জাবীকে আশ্রম হইতে দরাইয়া দিলেন। দে আশ্রম দীমার বাহিরে, গন্ধায় যাইবার পথে, একটি বৃক্ষমূলে আসন করিয়া বিদল—প্রতিহিংসা নেওয়াই ধেন তার অভিপ্রায়। সন্ধ্যার পর প্রবল ঝড় ও মুষলধারে বৃষ্টি আরম্ভ হইল। অনাবৃত স্থানে গন্ধার উপরে পাঞ্জাবী আছে মনে করিয়া, তাহার জন্ম বড় কষ্ট হইতে লাগিল। অধিক বাত্রিতে হু'বার তাহার অমুসন্ধান কবিলাম। এই তুর্যোগের সময় তাহাদের আনিয়া আশ্রমে রাখিব ভাবিলাম, কিন্তু কোথাও দেখিতে পাইলাম না।

আছ নিতাক্রিয়া সমাপনাস্তে, বাসন মাজা ও কাষ্ঠসংগ্রহের জন্ত বেলা ১১টার সময় কুটীর হইতে যেমন বাহিরে আসিলাম, বরদানন্দ একথানা কার্ড হাতে লইয়া আমাকে দিয়া বলিলেন—ভাই ব্রহ্মচারী, দেখ মহামায়ার কাণ্ড! এ স্থান মহামায়ার, তিনিই সকলকে শাসন করেন। তিনি ভিন্ন আন্তে কাহাকেও শাসন করে, তিনি তাহা সহ্ করিতে পারেন না। দেখ কাল তুমি একজনকে তাড়াইয়াছ, আত্তই তোয়ার নামে সমন জারী হইয়াছে। কার্ডথানা পড়িয়া দেখিলাম—কোন



স্ধীকেশ মন্দির

পৃষ্ঠা ৬১



গুরুজাতা লিখিয়াছেন, "ভোমার ঠাকুর বলিলেন 'ব্রহ্মচারী ঢাকা চলিয়া আহ্বক।' তুমি পত্র পাঠ ঢাকা রওনা হইবে। তুমি আর যাহা যাহা জানিতে চাহিয়াছ তাহা ঢাকাতে আদিলে জানিতে পারিবে।" পুঃ—আদিতে বিলম্ব করিও না।

গুরুত্রাতাটির পত্র পড়িয়া অবাক্। এইপ্রকার পত্র হঠাৎ আবার কেন লিগিলেন ভাবিতে লাগিলাম। ইতিপুর্ন্ধে ঐ গুরুত্রাতা যাহা লিখিয়াছিলেন তাহাতে একটু ছ'মনা হইয়াছিলাম— ঠাকুরের ঘণার্থ অভিপ্রায় বৃঝিতে পারি নাই। বোধ হয় ঠাকুর আমার মনের ভাব জানিয়াই গুরুত্রাতাটিকে পুনরায় পরিফার করিয়া চিঠি লিখিতে বলিয়াছেন। তাই ঢাকা যাইতে এই আদেশ।

ঠাকুরের আদেশপত্র পাইয়া বিষম সমস্তায় পড়িলাম। গেগুরিয়া ষাওয়ার কথা মনে হইলে বুক আমার কাঁপিয়া উঠে। পাহাড়ে আদিবার সময়ে ঠাকুর গুরুভাতাদের বলিয়াছেন-"ব্রহ্মচারী এবার হয় এদিক্, না হয় ওদিক্ হবে। হরিদ্বার গিয়ে ঠিক মত চলতে পার্লে খাঁটি ব্নাচারী হ'য়ে সন্যাসী হবেন, না হ'লে গৃহস্থলী কর্তে হবে।" এবার গেগুরিয়া গেলে ঠাকুর আমাকে গৃহস্থ হইতে বলিবেন, না সন্মাদ পথে চালাইবেন - জানি না। দে যাহা হউক, উপস্থিত হরিদার ছাড়িয়া যাইতে আমার একেবারেই ইচ্ছা হইতেছে না। এখানে দিন দিন শরীর আমার স্কন্থ হইতেছে। সাধন-ভজনে উৎসাহ আনন্দ দিন দিন বৃদ্ধি পাইতেছে। ঠাকুরের নামে, ধ্যানে প্রমানন্দে সারাদিন কাটাইতেছি। আশ্রমে কোন প্রকার উৎপাত অশাস্তিও আর নাই। স্কলদিকে এত আরামে রাখিয়া, ঠাকুর কেন আবার আমাকে আহ্বান করিতেছেন. বুঝিতেছি না। ভজনের এমন উৎকৃষ্ট স্থান ত্যাগ করিয়া কি প্রকারে যাইব মনে করিয়া কালা পাইল। আমি ঠাকুরকে বলিলাম, 'গুরুদেব ! কি জন্ম তুমি কি করিতেছ কিছুই বুঝি না। বোগী ডাজারকে হিতকারী জানিয়াও পাকা ফোড়ায় অস্ত্রোপচারকালে, যেমন অনিচ্ছা ও আতঃ প্রকাশ করে এবং 'আহা-উহ' চীৎকার করিয়া ডাক্তারকে গালি দেয়, আমারও অবস্থা সেই প্রকার হইয়াছে। আমার কিছুতেই এই স্থান ভ্যাগ করিয়া যাইতে ইচ্ছা হইতেছে না, দারুণ ক্লেশ হইতেছে। এই স্থানের উপর যাহাতে আমার বিরক্তি জন্মে তাহা করিয়া দেও। না হ'লে এ স্থান ত্যাগ করা আমার অতিশয় ক্লেশকর হইবে। মনের তুঃখ ঠাকুরকে জানাইয়া নিয়ম মত নিত্যক্রিয়া করিতে লাগিলাম-কিন্তু সময় সময় ঠাকুরের আদেশ সারণ করিয়া মনে বিষম উদেগ হইতে লাগিল। এই স্থানে আমার যতই আদক্তি হউক না কেন-এখানে ভজনে আমি যতই আনন্দ পাই না কেন, ঠাকুরের আদেশ কি প্রকারে অগ্রাহ্য করিব, এই ভাবিয়া স্থানের উপরে বিরক্তি জন্মাইতে আসনটি তুলিয়া ফেলিলাম এবং কুটীরের বাহিরে বিৰমূলে, কথনও বা শিংশপাতলে বসিয়া নিত্যকর্ম করিতে লাগিলাম। আসন তোলার সঙ্গে সঙ্গে প্রাণ অস্থির হইয়া উঠিল। ঠাকুর বলিয়াছেন—"সাধুদের আসন তুলিলে, সেই

স্থানে আর টিকিতে পারেন না। অন্যত্র গিয়ে আসন না করা পর্য্যন্ত স্থিরও হইতে পারেন না।" বিষম উদ্বেগে আমারও ভজন-সাধন ছুটিয়া গেল। অবিলম্বে ঢাকা প্রছিব স্থিব করিলাম।

হৃষীকেশ যাত্রাঃ ব্রহ্মকুণ্ডে স্নানঃ ভীমগড় ও সপ্তব্যোত দর্শনঃ তপস্বী সাধু।

এই স্থান ত্যাগ করিবার জন্ম আসন তুলিয়া ফেলিয়াছি। একদিনও আর এখানে থাকিতে ইচ্ছা নাই। শ্রীপ্রিক্তদেবের নিকটে যাইব বলিয়া ভিক্ষা করায় ৬॥০ টাকা আমার জুটিয়াছে। এখন এই স্থান ত্যাগ করিলেই হয়। এতদিন হরিদারে রহিলাম, হরিদারের নিকটবর্তী তীর্থগুলি একবার দর্শন করিলাম না। এমন কি আসন ছাড়িয়া হরিদাবেরও ঠাকুর-বিগ্রহাদি কিছুই পর্যান্ত দেখি নাই। ত্'চার দিন এই সকল তীর্ধস্থান দেখিতে ইচ্ছা হইল। সেই মত আমি ঝোলাঝুলি বাঁধিয়া স্বধীকেশ, লছমন্ঝোল। প্রভৃতি দেখিতে প্রস্তুত হুইলাম। অতি প্রত্যুবে আসনের অবশ্য কর্ত্তব্য কার্যাগুলি শেষ করিয়া চা পান করিলাম। তৎপরে বরদানন্দ প্রভৃতিকে লইয়া একা গাড়ীতে হুষীকেশ যাত্রা করিলাম। হৃষিকেশে যাওয়ার সময়ে ব্রহ্মকুণ্ডে স্নান করিতে ইচ্ছা হইল। আমি ব্রহ্মকুণ্ডের ধারে একা রাথিয়া ধাত্রীদের স্নানের তামাদা দেখিলাম। অদংখ্য পাঞ্জাবী যুবতী চিরন্তন প্রথাঅন্থসারে সম্পূর্ণ নগ্ন শরীরে, স্বামী, খণ্ডর, ভাস্থ্রের সহিত এক ঘাটে স্থান করিতেছে দেখিয়া অবাক হইলাম। পাঞ্জাবী মেয়েরা লজ্জাশীলা হইলেও, পরিধেয় বল্প উপরে রাখিয়া সম্পূর্ণ উলঙ্গ অবস্থায় জলে নামে। পরিচিত অপরিচিত যে কেহ থাক্ক না কেন, জ্রাক্ষেপ নাই। পুরুষ ছেলেরাও তাহাদের পানে তাকায় না। দেখিয়া বড়ই আশ্চর্য্য বোধ হইল। আমি ব্রহ্মকুণ্ডে স্নান তর্পণ করিয়া স্ব্যীকেশ ধাত্রা করিলাম। হরিদার হইতে হ্বীকেশ যাওয়ার সময়ে পাহাড়ের গায়ে স্থাৰ স্থাৰ গোচা দেখিতে পাইলাম। এই সকল গোচাতে এক সময়ে কত ভজনাননী সাধু সাধন-ভজন করিয়াছিলেন। এখন এ সব স্থান শৃত্য-জনপ্রাণী কিছুই নাই। দেখিয়া এ সকল গোফায় থাকিতে লোভ জন্মিল। কিছুদ্ব চলিয়া ভীমগড়ে উপস্থিত হইলাম। এখানে নাকি প্রবল পরাক্রমশালী ভীম নিজের অসাধারণ শক্তিপ্রভাবে ভাগীরথী-গন্ধার প্রবাহ স্থগিত রাখিয়াছিলেন। ভীমের নয়নরঞ্জন শিষ্ট, শাস্ত প্রফ্ল মৃত্তি দর্শন করিয়া বড়ই আনন্দ হইল। ভীমের মন্দিরের সম্মুথে একটি পুকুর। এই পুকুরে গঙ্গার জল নলের ভিতর দিয়া আদিয়া অপর দিকে অবিরাম চলিয়া যাইতেছে। শুনিলাম, দেড় লক্ষ টাকা ব্যয়ে সরকার বাহাত্রই নাকি এই ব্যবস্থা করিয়াছেন। স্থানটি বড়ই মনোরম। ভীমগড় হইতে সপ্তমোতে চলিলাম। সপ্তমোতে পঁহছিতে রাস্থা একটু হুর্গম; কিন্তু মনের উৎসাহ-আনন্দে পথের ক্লেশ কিছুই অহুভূত হইল না। পতিতপাবনী গঙ্গা জগীরথের পশ্চাৎ পশ্চাৎ এই স্থানে আদিয়া দপ্তর্ষিগণের আশ্রম দেখিতে পাইলেন। জগজ্জনপূজ্য

লছমন ঝোলা

श्रुकी ७२

. 4 d

ঋষিগণের মর্যাদা করিতে তিনি সপ্তধা বিভক্ত হইলেন এবং ঋষিগণের সাতটি আশ্রমই পরিক্রমা-পূর্বক আবার এক ধারায় মিলিত হইয়া নিম্নদিকে প্রবাহিত হইলেন। সপ্তস্তোতের চারটি ধারা আমি দেখিতে পাইলাম। সংযোগন্তলে স্নান করিয়া, সন্ধ্যা ও দেবদেবী, ঋষি, মুনি, পিতৃপুরুষ প্রভৃতির তর্পণ করিলাম। গঙ্গার উপরে পাহাড়ের ধারে কয়েকটি সাধু কুটার করিয়া রহিয়াছেন দেখিলাম। তাঁহাদের মধ্যে একটি ব্রহ্মচারীকে দেখিয়া বড়ই ভাল লাগিল। তিনি সম্ম্থ প্রজলিত ধুনি বাথিয়া জপে মগ্ন রহিয়াছেন। এক একবার জপ শেষ করিয়া অগ্নিতে আহতি প্রদান করেন—সমন্ত দিন এইভাবেই জ্বে অতিবাহিত হয়। কাহারও সঙ্গে কথা বলেন না – মৌনী। আর একটি জটাজুটধারী ক্লাকায় দীর্ঘাকৃতি উদাসী গন্ধার ভিতরে একটি প্রস্তরের উপরে স্থ্যা-ভিমুথে উর্দ্ধবাহ হইয়া দাঁড়াইয়া আছেন। শুনিলাম, ইনি উদয় হইতে স্থাের গতির সঙ্গে সঙ্গে তাঁহার দিকে অনিমেষ দৃষ্টি রাখিয়া অন্তকালে স্থাকে দাগ্রান্ধ প্রণাম করিয়া নিজ কুটারে চলিয়া যান। সাধুদের ভজন-নিষ্ঠা, কঠোর তপস্থা ও অধ্যবদায় কেথিয়া নিজ জীবনে ধিকার আসিল। সাধুদের প্রণাম করিয়া হ্রষীকেশ যাত্রা করিলাম। সপ্তব্যোতের পাহাড়শ্রেণী দেথিয়া অশ্রসংবরণ করিতে পারিলাম না। মনে হইল, এই সকল পাহাড়ের কোন একটিতে শোকসন্তথ্য ধৃতরাষ্ট্র আসিয়া কঠোর তপস্তা করিয়াছিলেন। ধৃতবাষ্ট্রের প্রার্থনায় ভগবান্ বেদব্যাদ এই স্থানেই সমর-নিহত কুরুগণকে আনয়ন করিয়া তাঁহাকে দর্শন করাইয়াছিলেন। অবশেষে এই স্থানেই পূর্ণকাম ধৃতবাষ্ট্র গান্ধারি ও কুস্তীর দহিত হোমাগ্নিতে কলেবর আছতি দিয়া অক্ষয়লোক লাভ করিয়াছিলেন। এই স্থানেই ধর্মাবতার মহামনা বিত্র — দূর হইতে পর্বতোপরি ধর্মরাজ যুধিষ্টিরকে অবলোকন করিয়া স্বীয় তেজঃ তাঁহাতে দঞ্চারপূর্বক কলেবর পরিত্যাগ করিয়াছিলেন। আত্ত আমি এই সপ্তত্সোতের সাধু-সন্ন্যাসী-গৃহস্থজনগণ ও বৃক্ষলতা প্রভৃতিকে সাষ্টাক্ষ প্রণাম করিয়া ধল্ল হইলাম। তৎপরে বেলা অবদানে হুষীকেশ প্ৰছিলাম।

হ্বীকেশে প্তছিয়া একটি ধর্মশালায় আশ্রয় লইলাম। ধর্মশালার ম্যানেজার আমাদিগকে খুব যত্ন করিয়া দোতালায় থাকিবার ব্যবস্থা করিয়া দিলেন। স্বক্তন্দে রাত্রিযাপন করিয়া পরদিন দকালবেলা হ্বীকেশের নানাস্থান দর্শন করিলাম। ছোট ছোট হুটীরে সাধুরা আপন আপন সাধন-ভজনে রত দেখিয়া বড়ই আনন্দ হইল। হ্বীকেশের গন্ধায় স্থান তর্পণ করিয়া বড়ই আরাম পাইলাম। একটু বেলায় সামাত্র জলযোগ করিয়া লছমন্ঝোলায় রওনা হইলাম। লছমন্ঝোলায় দেখিলাম—সাধুদের থাকিবার কোন ব্যবস্থা নাই। লছমন্ঝোলায় কিছুক্ষণ বিশ্রাম করিয়া লছমন্জীকে দর্শনান্তে পুনরায় হ্বীকেশে প্তছিলাম। হ্বীকেশে রাত্রিবাদ হইল।

বিল্পকেশ্বর পাহাড়ে বিল্পকেশ্বর মহাদেব।

প্রভাবে উঠিয়া স্নান-তর্পণাস্তে হরিলারে যাত্রা করিলাম। কতক দূর যাইয়া সতীর তপোবন দেখিতে পাইলাম। এ সকল পাহাড়-পর্বতের প্রভাব এতই অভূত, মনে হয়, যে কেহ শুধু পড়িয়া থাকিলে ফুতার্থ হইয়া যাইবে। একটি নিষ্ঠাবান বৃদ্ধ গ্রাহ্মণ বলিলেন--

"হরিদ্বারে কুশাবর্তে বিবকে নীলপর্কতে। স্নাদ্ধা কনগলে তীর্থে পুনজে নি ন বিচতে।"

আমি কনগলে প্রছিয়া দতী দেখানে দেহত্যাগ করিয়াছিলেন দেই দক্ষম্ঞ্ছান দর্শন করিলাম—এবং দেই সময়ের চিত্র স্থাবন করিয়া দেবদেবী, ঋষিম্নি প্রভৃতিকে নমস্থার করিলাম। পরে বিবকেশবে উপস্থিত হইলাম। এই স্থানের অসাধারণ দৌল্ঘা ও প্রকৃতির গঠনদৌর্চ্রব দর্শন করিয়া বিস্মিত হইলাম। তপোধন মৃনি ঋষিগণেব তপস্থার স্থবিধার জন্মই মেন এই স্থানটি নিস্মিত হইয়াছে। হরিছারের সম্মুখে উচ্চ পর্বতের মধ্যস্থলে বিলকেশ্বর মহাদেব প্রতিষ্ঠিত; বিস্তৃত পর্বতের অভ্যন্তরে হইলেও এই স্থানটি সভন্ত পাহাড় বলিয়া মনে হয়। অভি গভীর পরিখা দারা এই স্থানটি মণ্ডলাকারে বেষ্টিত। পরিখার ধারে পর্বতের গায়ে অনেক স্থলর ক্ষেত্র গোফা রহিয়াছ। পরিখার অপর পারে নিবিড় অরণ্যময় ভীষণ পাহাড়। শুনিলাম পরিখায় গন্ধালল প্রবাহিত হয়। বিলকেশ্বর পাহাড়ে পার্শবর্তী পাহাড় হইতে কোন বন্সজন্তর এখানে আদিবার উপায় নাই। স্থানটি নির্জ্জন,নিস্তর্ক, বহুসংখ্যক প্রাচীন বৃক্ষরাজীতে পরিপূর্ণ। বিরক্ত সাধু সন্ধাদীদের ভঙ্কন-সাধনের পক্ষে এমন একটি স্থানও এপর্যান্ত দেশি নাই। যোগী-শ্বাহ্বদের তীব্র তপস্থার অগ্নি পাহাড়ের স্থল্ম স্তরের স্তরের থাকিয়া এই স্থানটিকে অগ্নিময় করিয়া রাধিয়াছে। এই আগুনের আঁচ অন্তরে আদিয়া স্পর্শ করিতে লাগিল। একটু স্থির হইয়া বিদ্বলেই আপনা-আপনি চিত্তটি জ্মাট হইয়া আদে। বিরক্তেশ্বর মহাদেবকে সাটাক্ষ প্রণাম করিয়া আশ্রমের দিকে প্রস্থান করিলাম।


আজ ঘাদনী, বিকালে কিছু ছোলাভাগা শালগ্রামকে নিবেদন করিয়া দিয়া থাইলাম। ঢাকা চলিয়া ঘাইব বলিয়া বরদানন্দ আমাকে আজ থাওয়াইতে ইচ্ছা করিয়াছেন। আমি আনন্দের দহিত রাজী হইলাম। রাত্রি প্রায় দশটার সময় আশ্রমস্থ ব্রন্ধচারী ভাতাদের সঙ্গে বিদয়া আহার করায় বড়ই তৃপ্তিলাভ করিলাম। বরদানন্দ, শিবানন্দ, ফণিভ্ষণ, ঈশ্বানন্দ প্রভৃতি ব্রন্ধচারীদের মধুর সঙ্গে এতকাল বড়ই আরামে কাটাইলাম। ভগবানকে লাভ করিবার জন্ম হাহার। দংসারস্থা বিস্ক্রন দিয়াছেন—এবং তাঁহারই উদ্দেশ্যে হাহার। দেশে দেশে, পাহাড়ে-পর্বতে ঘুরিয়া
দিন কাটাইতেছেন—এ সংসারে তাঁহারা সাধারণ নন।

হধীকেশে যাওয়ার পূর্বেই আদন ত্রিয়া ফেলিয়াছি। আদন তোলার দক্ষণ আশ্রমে আদিয়া



বিল্ব**কেশ্বর**

পৃষ্ঠা ৬৪



ঘবে মন বসিতেছে না—এত শীঘ্র এই স্থান ত্যাগ করিয়া ঘাইতেছি বলিয়া বিষম অস্থিরতা আদিয়াছে। কথন ঘবে কথন বেলতলায় কথন গদাতীরে বসিয়া কোনমতে বার হাজার নাম ও বার শত গায়ত্রী জপ করিলাম। আজই এই স্থান ত্যাগ করিব স্থির ২৭শে প্রাবণ, করিয়া আদন বাধিয়া ফেলিলাম। বরদানন্দ আদিয়া বাধা দিয়া বলিলেন—

"আজ তোমার যাওয়া হবে না—আজ ত্রাহস্পর্শ।" আমি আর কি করিব ?
কল্য নিশ্চয় ঘাইব স্থির করিয়া রাখিলাম। ফলিদাদা, শিবানন্দ, ঈশ্বরানন্দ প্রভৃতির সহিত ধর্মপ্রসঙ্গে দিনটি অতিবাহিত হইল।

হরিদার ত্যাগঃ গঙ্গার নিকট আশীর্কাদ প্রার্থনাঃ জ্বালাপুর যাতা।

গত কল্য গলাব জল অতিশন্ন বৃদ্ধি পাইয়াছে। আর আট ইঞ্চি উঠিলে পোলের তক্তার সমান হইবে। স্বতরাং আর ৩.৪ ইঞ্চি জল বৃদ্ধি পাইলেই তক্তা তুলিয়া ফেলিবে। কল্যই তক্তা তুলিবার সমস্ত আয়োজন হইয়াছিল। কেনেলের ম্যানেজার বলিয়াছেন— ২৭শে শ্রাবণ। আমাকে সংবাদ না দিয়া পোল খুলিবেন না। আমি নিশ্চিস্ত আছি।

ষ্ঠান আমাকে দংবাদ না দিয়া পোল খুলিবেন না। আমি নিশ্চিস্ত আছি। আজই আমি এস্থান ত্যাগ করিতে প্রস্তুত হইলাম। দারাদিন ঘর-বাহির করিয়া কাটাইলাম। গলার ধারে যাইয়া গলাকে প্রণাম করিয়া বলিলাম, "মা গলে! এতদিন তোমার স্থশীতল চরণতলে আশ্র লইয়া পর্মানন্দে কাটাইলাম; এখন আমার গুরুদেবের নিকট ঘাইতেছি; আমাকে আশীর্কাদ কর। দয়ামিয়ি! যদি দয়া কর, তবে এই আশীর্কাদ কর—যেন আমার ঠাকুরকে আমি দকল তীর্থের মূলাধার, তাঁর চরণযুগলকে দকল তীর্থের দার জানিয়া তাঁহাতেই অনন্তন্মনে ভক্তি করিতে পারি; স্থখ-সম্পদ যাহা কিছু আরাম এ চরণছায়াতেই লাভ করি— তাঁহার চরণ ছাড়া আর কিছুতেই যেন আকৃষ্ট না হই।"

গঙ্গালানের পর ৪টার সময় আহার করিলায়। ঝোলা, বন্ধা বাঁধিয়া ষ্টেশনে ঘাইতে প্রস্তুত হইলাম। এই সময়ে মনে হইল, ঘরের এবং বাহিরের সমন্ত জিনিষ বৃক্ষণতা পর্যন্ত আমার জন্য কাঁদিতেছে। আমি ধ্নচিতে ধৃপধ্না চন্দনাদি জালাইয়া ঘরের ও বাহিরের সমন্ত বস্তুর আরতি করিতে লাগিলাম এবং প্রত্যেকটিরই চরণোন্দেশে নমস্কার করিয়া আশীর্কাদ চাহিতে লাগিলাম—সমন্তই আমার জীবন্ত বোধ হইতে লাগিল। প্রায় এক ঘন্টা আমার এসব কার্য্যে গেল, পরে আশার্মন্ত বন্ধারার জীবন্ত বোধ হইতে লাগিল। প্রায় এক ঘন্টা আমার এসব কার্য্যে গেল, পরে আশার্মন্ত বন্ধারীদের আলিন্ধন করিয়া টেশনে উপস্থিত হইলাম। জালাপুরের টেশন্মান্তার আমাকে তাঁহার সহিত সাক্ষাৎ করিতে বহুবার অন্ধরোধ করিতেছেন। তথায়ই নামিব স্থির করিয়া জালাপুরের টিকেট করিলাম। সন্ধ্যার একটু পরে জালাপুরে ষ্টেশনে পহুছিলাম। রাত্রি ও পর্যনি জালাপুরের ষ্টেশন্মান্টারের সঙ্গে ধর্ম আলোচনায় আনন্দলাভ করিয়া, জালিম সিংহের সহিত সাক্ষাৎ উদ্দেশ্যে

সাহারাণপুর যাত্রা করিলাম। সাহারাণপুরে যাইতে জালিম সিং বিশেষ করিয়া অন্তরোধ জানাইয়া-ছিলেন। ৩০শে শ্রাবণ বেলা ১টার সময়ে সাহারাণপুর পঁত্ছিলাম। জালিম সিং খুব আদর করিলেন। রাত্রে তাঁহার কোয়ার্টারে রহিলাম।

ভজন প্রতিকূল সাহারাণপুর: জ্বালা-যন্ত্রণার কারণ নির্ণয়।

সাহারাণপুর পঁহছিবার পর, জালিম সিং আমাকে খোলা-মেলা, নিৰ্জ্জন ও পরিষ্কার একথানা ঘরে থাকিবার ব্যবস্থা করিয়া দিলেন। আমি নিশ্চিন্ত হইয়া আদ্ন করিয়া বদিলাম। জালিম সিং আমাকে অত্যন্ত ভালবাদেন, তাই কয়েক দিন তাঁহার নিকটে ১-৩রা ভাক্তে, शांकि चाकान्या करत्रन। किन्न अन्तर्भात এकिन शांकिनार वृद्धिनाम, ३७०० मान । থাকা দহজু নয়। দকল প্রকার স্থবিধা দত্তেও, এইস্থানে ভজনে মন বলে না। এরপ কেন যে হয় জানি না। আসনে স্থির হইয়া বসিতে উদয়ান্ত চেটা করিতেছি; কিন্তু > • মিনিটের জন্ম ও এ পর্যান্ত পারিলাম না। ভঙ্গন-দাধন ছুটিয়া গেল; মাথা আগুন হইয়া উঠিল। আসনের অবশ্য কর্ত্তব্য কাজগুলি কোন রকমে সমাধা করিয়া বাহিরে ঘুরিয়া বেড়াইতে লাগিলাম। বেড়াইয়াও আরাম নাই। কি যে ঘম-যাতনা ভোগ হইতে লাগিল, প্রকাশ করার জো নাই। আমি জালিম সিংকে স্কল কথা খুলিয়া বলায় তিনি বুঝিলেন। তিনিও বলিলেন, "ভদ্ধন-সাধনের ভাব-বিরোধী এইপ্রকার স্থান আমিও ইতিপূর্কো কোথাও দেখি নাই। বোধ হয় ছনিয়াদারী ছাড়া এই স্থানে ধর্মের কোন অষ্ঠান হয় নাই। জালিম দিং আমাকে একথানা বহুলাখর দিলেন। আরও কম্বলাদি অনেক জিনিষ নিতে জেদ করিতে লাগিলেন, অনাবশ্যক বলিয়া তাহা গ্রহণ করিলাম না। আমাকে দাহারাণপুরে রাখিতে জালিম সিংএর অতিশয় আগ্রহ দেখিয়া ৪।৫ দিন রহিলাম। কিন্তু বহু চেষ্টা-মত্ব সত্ত্বেও, একটি দিন এক ঘণ্টার জন্ম হৃষ্টির হইতে পারিলাম না। নাম করা যায় না, খাদ রুদ্ধ হৃষ্যা আদে। ধ্যানের বিষয় কোথায় গিয়াছে, থোঁজ-খবর পাইতেছি না। অনর্থক রাজসিক ও তামসিক ভাব সকল কোথা হইতে আদিয়া মনটিকে অস্থির করিয়া তুলিয়াছে। চিত্তও মলিন হইয়া পড়িয়াছে। এই জালা-মন্ত্রনা অস্থিরতার কারণ কি, অমুদন্ধান করিতে ইচ্ছা হইল। আমি খুব দৃঢ় হইয়া আদনে বিদিলাম। বছ চেটায় খাদ-প্রখাদের স্বাভাবিক গতি ধরিয়া প্রবেশ করিয়া দেখি, নাভিমূল হইতে একপ্রকার উত্তাপ উঠিয়া মেক্দণ্ডে গিয়া লাগিতেছে। মেক্দণ্ডের দেই স্থান স্থর্ করিয়া একপ্রকার জালার সৃষ্টি করিতেছে। এ জালার গ্যাস্ বুকে ও মন্তকে গিয়া সমস্ত শরীরে ছড়াইয়া

পড়িতেছে, তাহাতে প্রাণ-মন অন্থির করিয়া সময় সময় ক্ষিপ্তবং করিয়া তুলে। এ সমস্তই শারীরিক। কাম, ক্রোধ প্রভৃতি রিপু সকলের উৎপত্তি ও উত্তেজনা শুধু শারীরিক ব্যাপার বলিয়াই মনে হয়; কিন্তু তাহা হইলেও এ সকলের এতই পরাক্রম যে, উহারা স্ক্রাদপি স্ক্র চিত্তকেও আকর্ষণ করিয়া স্থাতে পরিণত করে। ঠাকুর, এসব উৎপাত আর কতকাল ?

স্বপ্নে ঠাকুরের অপাকৃত প্রদাদ।

৭ই ভাদ্র অপরাত্ন ৬টার সময়ে ফয়জাবাদের টিকেট করিয়া গাড়িতে উঠিয়া বিদিলাম। বাত্রে কোন কট্ট হইল না। অত্যস্ত গ্রম বোধ হইতেছিল। একজন বৈঞ্ব দারারাত্রি বিদিয়া আমাকে বাতাদ করিলেন। বছবার নিষেধ করাতেও তিনি থামিলেন না। অপরিচিত দাধুর এই প্রকার দয়া আমার উপরে কেন হইল জানি না—সকলই ঠাকুরের থেলা মনে করি। শেষ রাত্তিতে একটি স্থন্দর অপ্র দেখিয়া জাগিয়া পড়িলাম।

খপুটি এই,—"পশ্চিমাঞ্চলে নানা স্থানে ঘুরিয়া এক দিন বেলা অবসানে ঠাকুরের নিকটে উপস্থিত হইলাম। যোগজীবন আমার জন্ম ঠাকুরের প্রসাদ রাধিয়াছিলেন। তাহা আনিয়া দিলেন। ঠাকুর নিজ হইতে না বলিলে প্রসাদ পাইব না, হির করিয়া আমি ঠাকুরের নিকটে বিদিয়া রহিলাম। কিছুক্ষণ পরে ঠাকুর আমাকে প্রসাদ পাইতে বলিলেন। আমি ঠাকুরের নিকটে বিদিয়া উহা পাইতে লাগিলাম। আশ্চর্যের বিষয় এই, প্রসাদে কোন স্থান্ট পাইলাম না। কোন রসই প্রসাদে নাই কেন ভাবিতে লাগিলাম। এই সময়ে একপ্রকার গন্ধ প্রসাদ হইতে বাহির হইতে লাগিল। গন্ধ ঠাকুরের গাত্রগন্ধের ন্যায়—শরীর মন স্থিয়কর পদ্ম-গন্ধের অন্থর্কণ। এই গন্ধ এতই মধুর যে, আমি উহাতে মুগ্ধ ও অবদম হইয়া পড়িলাম। আমার সমন্ত চিত্তবৃত্তি, এই গন্ধে আকর্ষণ করিয়া লইল। আমি অতিশন্ধ আগ্রহের সহিত প্রচুর পরিমাণে প্রসাদ পাইতে লাগিলাম। এমন সময়ে নিজাভদ হইল।" স্থাট দেখিয়া অন্তর্গ প্রসাদে যদি পাওয়া যায়, তাতে কোন আস্থাদই পাবে না—এক প্রকার সুগন্ধ মাত্র পাবে।

বস্তি যাতা।

বেলা প্রায় ৯টার সময় ফরজাবাদ ষ্টেশনে পঁছছিলাম। ষ্টেশন্যান্তার শ্রীযুক্ত মহেন্দ্রবাৰু আমাকে দেখিয়াই আগ্রহের সহিত আদিয়া ধরিলেন এবং তাঁহার বাদায় লইয়া গেলেন। মহেন্দ্রবাব্র সঙ্গে পরমানন্দে দিনটি কাটাইলাম। নিত্যকর্মের কোন বিদ্ন ঘটিল না। সন্ধ্যার পর রান্না করিয়া আহার করিলাম।

প্রত্যুষে উঠিয়া শৌচান্তে মহেজ্রবাবুর সহিত সাক্ষাৎ করিয়া অযোধ্যাঘাটে পঁছছিলাম। সরযুর শীতল জলে সান করিয়া ঠাঙা হইলাম। স্ক্রা তর্পণ সারিয়া ষ্টেশন্ঘাটে উপস্থিত হইলাম। অসংখ্য লোকের ভিড় দেখিয়া হতাশ হইয়া পড়িলাম। সংখ্যাতিরিক্ত লোক জাহাজে উঠিয়া পড়ায়, লাঠি চালাইয়া একদল লোক সাধারণকে জাহাজে উঠিতে বাধা দিতে লাগিল। আমি নিকপায় দেখিয়া, একজন উচ্চ কর্মচারীকে ভাকিয়া বলিলাম, "বাবু দাব্! হাম পড়ে রহেঙ্গে ?" কর্মচারীটি আমাকে বলিলেন, "আপ সাধু হায়, চলা আইয়ে সিধা, কই নেহি রোথেগা।" যাহার। লাঠি মারিতেছিল, আমাকে রান্তা ছাড়িয়া দিল। আমি জাহাজে উঠিয়া বন্তির টিকেট করিয়া বদিলাম। অল্লক্ষণ পরেই লকরমণ্ডী ঘাটে পঁছছিলাম। কিছুক্ষণ হাটিয়া বালিচড়া পার হইয়া টেন পাইলাম। ট্রেনে বসিয়া জপ করিতে আরম্ভ করিলাম। বেলা প্রায় ১০টার সময়ে বস্তি টেশনে প্রছিলাম। একজন ভদ্রলোকের সঙ্গে একখানা একাগাড়ি ভাড়া করিয়া হাঁসপাতালের দিকে চলিলাম। ভদ্র-লোকটি রান্তায় নামিয়া পড়িলেন। হাঁদণাতাল কম্পাউণ্ডের বাহিরে, দরজার সম্মুখে একা রাখিয়া আমি নামিয়া পড়িলাম। রাস্তার পাশে জলাশয় দেখিয়া প্রয়োজনে তথায় গেলাম। একাওয়ালা গাড়ি নক্ষত্রবেগে ছাড়িয়া দিল। আমার ঝোলা-ঝালী, গাঁট্রী-বন্তা সমস্ত লইয়া একাওয়ালা পলায়ন করিল। আমি একার পিছনে পিছনে একটু ছুটিয়া হয়বাণ হইলাম। আর বুধা চেষ্টা না করিয়া হাঁদপাতালে চলিয়া আদিলাম। দাদা আমাকে দেখিয়া ধুব সম্ভষ্ট হইলেন। একাওয়ালাকে ধরিতে আর কোন বিশেষ চেষ্টা হইল না। আবশুকীয় বস্তাদি দাদা ধরিদ করিয়া দিলেন। কণ্ঠশালগ্রাম কণ্ঠে ছিলেন। কথলাদি কতকগুলি জিনিষপত্র জালাপুর হইতে দাদার নামে পার্যেল করিয়া পাঠাইয়াছিলাম। স্থতরাং কতকগুলি জ্বিনিষ চুবি যাওয়াতেও বিশেষ কোন অস্থবিধা হইল না। দাদার নিকট ৩। ও দিন থাকিব সংকল্প করিয়াছিলাম, কিন্তু দাদার এই মমতায় এতই আরাম বোধ হইল যে অধিক দিন বস্তিতে থাকিতে হইল।

কলিকাতা অভয়বাবুর বাড়ীতে ঠাকুরের সংবাদ।

বন্ধিতে কয়েক দিন কাটাইয়া কলিকাতা রওনা হইলাম। রাস্তায় বেশ আরামে কাটাইয়া বেলা প্রায় ১০টার সময়ে হাওড়া ষ্টেশনে উপস্থিত হইলাম। বৃষ্টি হওয়ার খুব সস্তাবনা দেখিয়া একখানা ১৮ই ছাত্র, গাড়িতে ভাগিনেয়দের বাসায় ঝামাপুকুরে আসিয়া উঠিলাম। ছেলেরা ১৯০০ সাল। স্থলে গিয়াছে। আমার অত্যন্ত ক্ষ্ধা বোধ হওয়ায় অবিলম্বে সান-আহ্নিক সমাপন করিয়া শালগ্রামকে এক পয়সার মটরভাজা ও সরবৎ নিবেদন করিয়া দিয়া প্রসাদ পাইলাম। শুক্ত বাসায় ভাল লাগিল না। এখানে সৎসঙ্গীও পাইব না জানিয়া, নিকটে শ্রীযুক্ত অভয়নারায়ণ রায় মহাশয়ের বাসায় চলিয়া আদিলাম। তিনি খুব আদর যত্ন করিয়া আমার থাকার ব্যবস্থা করিয়া দিলেন। নীচে একখানা পরিষ্ণার ঘরে আমি আদন করিলাম। শ্রীযুক্ত অভয়বারু আমার গুরুপ্রাতা, পূর্বপরিচিত, দংদলী ও পরম স্কর্থ। কলিকাতায় যে হ'চার দিন থাকিব, এই স্থানেই অবস্থান করিয়া ঢাকা ঘাইব, মনে মনে স্থির করিলাম; কিন্তু অভয়বার্ব মুধে গুনিলাম, ঠাকুর ঢাকা হইতে কলিকাতা আদিয়া লাখ্টিয়ার জমিদার শ্রীযুক্ত রাধালচন্দ্র রায় চৌধুরী মহাশয়ের ৪১ নং স্থাকিয়া খ্রীটের বাড়ীতে আছেন। দঙ্গে গেগুরিয়া আশ্রমের প্রায় দকলেই আদিয়াছেন। অভয়বার্কে জিজ্ঞানা করিলাম,—"ঠাকুরের এদময়ে অকস্মাৎ কলিকাতা আদিবার কারণ কি ?"

অভয়বাব বলিলেন — গত শ্রাবণ মাদে গোঁদাইজীর গলায় ঘা হইয়া কয়দিন রক্ত পড়িয়াছিল। রামক্বফ পর্মহংসদেবের গলায় ক্যান্দার হওয়াতে কিছুদিন পূর্বে তিনি দেহত্যাগ করিয়াছেন। গোঁদাইয়েরও গলার ঘা যদি বৃদ্ধি হয়, এই আশ্রাম শিয়েরা অতিশয় বাস্ত হইয়া চিকিৎসার্থে কলিকাতা লইয়া আসিয়াছেন। কিন্তু ডাক্তার কবিরাজ দারা তাঁর চিকিৎসা করাইতে হয় নাই। তিনি স্বস্থ হইয়াছেন। রাথালবার্ থ্ব আগ্রহের সহিত নিজ্ব বাড়িতে রাথিয়াছেন। আমি জিজ্ঞানা করিলাম, — ঠাকুরের কি বিনা চিকিৎসায়ই গলার ঘা সারিয়া গেল ? অভয়বার্ উত্তর করিলেন, — গেণ্ডারিয়া হইতে কলিকাতা আসার সময়ে গোয়ালন্দ স্থীমারে পরলোকগত প্রাদিম তুর্গাচরণ ডাক্তার মহাশয় প্রকাশ হইয়া গোঁদাইজীকে বলেন, আপনার গলার ঘা সাধারণ অস্ব্যুথ, কালকচুর রদ ক্ষতস্থানে লাগাইয়া দিবেন সারিয়া ঘাইবে। গোঁদাই কলিকাতা আদিয়া তাহাই করিলেন। ঘাও সারিয়া গিয়াছে। এখন বেশ স্বন্থ আছেন। ঠাকুরের স্কিয়া স্থাটে অবস্থিতির বিষয় শুনিয়া প্রাণ অস্থির হইয়া পড়িল। কতক্ষণে ঠাকুরের নিকটে ঘাইব তাহাই মনে হইতে লাগিল।

ঠাকুর দর্শনঃ সঙ্গে থাকার অনুমতি।

বেশা প্রায় ২টার সময়ে অভয়বাবুর সহিত স্থকিয়া খ্রীটে রওনা হইলাম। স্থকিয়া খ্রীটের প্রায়
শেষভাগে রাস্তার দিকে গাড়িবারালাওয়ালা প্রকাণ্ড অট্টালিকা। ঠাকুর এই বাড়ীর দোভালায়
আছেন ভনিলাম। অভয়বাবুকে অগ্রগামী করিয়া পশ্চিমদিকের বাহিরের লোহার ঘুরান পিঁড়ি দিয়া
দক্ষিণদিকে গাড়িবারালায় উপস্থিত হইলাম। আহারাস্তে ১২টা হইতে ৪টা পর্যাস্ত ঠাকুর হলঘরের
কতকাংশ পরদা ধাটাইয়া একাকী আসনে বিসয়া থাকেন; স্বতরাং ওপান হইতেই ঠাকুরকে দর্শন
করিয়া সাপ্তান্ধ প্রণাম করিলাম। মনে মনে প্রার্থনা করিতে লাগিলাম — "ঠাকুর! দয়া করিয়া
পাহাড় হইতে যেমন টানিয়া আনিলে, তোমাতে বিশাদ-ভক্তি দিয়া অবশিপ্ত দিন তোমারই সঞ্চে
রাথ—এই আকাঞা করি।" ঠাকুর এই সময় ময়াবস্থায় ছিলেন, অপ্লপ্ত 'হুঁ হুঁ' শব্দে আমার
প্রার্থনায় সায় দিয়া মাথা তুলিয়া বিদলেন, এবং আমাকে দেখিয়া স্নেহপূর্ণ হাসিমুথে ইন্ধিতে জিজ্ঞাসা
করিলেন—"এখন কোথা হ'তে এ'লে ? হরিদ্বার হ'তে করে এসেছ ? আজ আহার
হয়েছে কিনা ?" আমার আহার হয় নাই বলাতে, ঠাকুর ষোগজীবনকে ভাকিয়া বলিলেন—"কিছু

খাবার এনে দে।" বোগজীবন উৎকৃষ্ট খাবার আনিয়া ঠাকুারের নিকট ধরিলেন। ঠাকুরের আদেশ-জনে দিবাভাগে আহার, বিশেষতঃ মিষ্টি খাওয়া আমার পক্ষে নিষেধ থাকিলেও, ঠাকুরই আমাকে সন্মুধে বসাইয়া বসগোলা সন্দেশ প্রভৃতি স্বহন্তে প্রদান করিয়া পরিতোষপূর্বক খাওয়াইলেন। পরে একটু সময় চুপ করিয়া রহিলেন।

ঠাকুরের এত আদর-যত্ন পাইয়াও আমি উদেগশৃত হইতে পারিলাম না। ঠাকুরের কথা মনে হওয়ায় ভিতরে বিষম তোলপাড় আরম্ভ হইল। ঠাকুর বলিয়াছিলেন,—"এবার ব্রহ্মচারী হয় এদিক্ না হয় ওদিক্ হবে। হরিদ্বারে গিয়ে ঠিক মত চল্তে পার্লে খাঁটা ব্রহ্মচারী হ'য়ে সন্ত্যাদপথে চলবে, না হয় গৃহস্থালী করতে হবে।" এবার আমার অদুষ্টে কি আছে জানি না। পাহাড়ে থাকা আমার দার্থক হইয়াছে কি না, ঠাকুর আমাকে প্রীচরণে আশ্রয় দিয়া চিরকালের মত সন্ন্যাদপথে চালাইবেন কি না অথবা গৃহস্থালী করিতে পাঠাইবেন ঠাকুরই জানেন। এ বিষয়ে ঠাকুরের পরিষ্কার কথা না পাওয়া পর্যান্ত আর শান্তি নাই। আমি এ সকল ভাবিতেছি এমন সময় ঠাকুর থাতায় লিধিয়া আমার হাতে দিলেন। আমি পড়িলাম—"তোমাকে যে উদ্দেশ্যে পাহাড়ে পাঠান হয়েছিল তাহা সফল হইয়াছে। এখন তুমি আমার সঙ্গে অথবা যেখানে ইচ্ছা থাকিতে পার। আজই তুমি এখানে আসন আনিতে পার।" ঠাকুরের দয়া দেখিয়া আমার চক্ষে জল আসিল। ঠাকুর আমার শালগ্রামটি দেখিতে চাহিলেন। আমি কণ্ঠ হইতে উহা খুলিয়া ঠাকুবকে দেখাইলাম। ঠাকুব একটু সময় উহার দিকে চাহিয়া থাকিয়া বলিলেন—"চক্রটি থুব ভাল।" আমি আজই স্থকিয়া দ্রীটে আদিব স্থির করিয়া, ঠাকুরকে জানাইলাম এবং প্রণাম করিয়া অভয়বাব্র দক্ষে তাঁহার বাদায় আদিলাম। ভাতে দিদ্ধ ভাত কোন প্রকাবে বালা করিয়া ঠাকুরকে ভোগ দিলাম। অপরাহ্ন টোর সময়ে প্রদাদ পাইয়া ঝোলাঝুলি সহিত স্থাকিয়া খ্রীটে উপস্থিত হইলাম। ৪১নং বাড়ীর পশ্চিমদিকের গলিপথে কয়েক ফুট উত্তরদিকে চলিয়া ঘুরান লোহার সিঁ ড়ি পাইলাম। উপরে উঠিয়া পশ্চিমদিকের সরু বারান্দা দিয়া বাড়ীর দক্ষিণে প্রকাও গাড়ীবারান্দায় পঁত্ছিলাম। বাড়ীর পশ্চিমের কোঠাখানা রাখালবাবুর বৈঠকখানা ঘর। উহার ভিতরে টেবিল, চেয়ার, দাজদজ্লা, আদ্বাব্দেখিয়া অবাক্ হইলাম। এই বৈঠকখানাঘরের সংলগ্ন পূর্ব্বদিকে উহা অপেক্ষা বড় একখানা হলক্ষা। ঠাকুর এই হলক্ষের দক্ষিণ-পূর্ব্ব কোণে গাড়ীবারান্দায় যাওয়ার দরজার ২।৩ ফুট উত্তরে দেওয়াল ঘেঁসিয়া পশ্চিমমূখে আদন করিয়াছেন। আমি গাড়ীবারান্দার উপর গিয়া দেখি—বহুলোক দাঁড়াইয়া রহিয়াছেন; হলরুমও লোকে পরিপূর্ণ। আমি ঘরের সমূখে বারান্দায় সাষ্টাঙ্গ হইয়া পড়ামাত্র ঠাকুর আমাকে দেখিয়া 'হুঁ হু' করিয়া ডাকিতে লাগিলেন। নিকটে যাইতে ঠাকুর আমাকে তাঁর বামপার্যের দরজার পশ্চিমধারে দেওয়ালের গা র্ঘে সিয়া উত্তরমূপে আসন পাতিতে বলিলেন। ঠাকুরের আসন হইতে প্রায় চারি হাত অস্তরে উত্তর-



৪১নং স্কিয়া ষ্ট্রীট (রাখাল বাব্র বাড়ী)



মূথে আমি আসন করিয়া বিদিলাম। ঠাকুর ইঙ্গিতে বলিলেন—"দিনরাত তুমি এখানেই থাকিও।" ঠাকুরের এই অসাধারণ দয়া দেখিয়া আমার বড়ই আনন্দ হইল। আমি স্থির হইয়া বিদিয়া নাম করিতে লাগিলাম।

পরলোক সম্বন্ধে কথা : গীতা ও ভাগবতের ধর্ম।

আজ গুরুজাতারা ঠাকুরকে পরলোক সম্বন্ধ জিজ্ঞাদা করিলেন—"মৃত্যুর পরে সকলকেই কি একস্থানে যাইতে হয়? মৃত বন্ধ্বান্ধবরা কেহ পরলোকের পরিচয় দেন না কেন ?"

ঠাকুর লিখিলেন—"মানুষ যতদিন জীবিত থাকে, পরলোক জানিতে ব্যাকুল হয়। পরলোকের কথা শুনে, বলে। কিন্তু মরিয়া গেলে সে ব্যক্তি নিজের বন্ধুদের নিকট আসিয়া কোন কথা বলিতে যত্ন করে না।—ইহাতে এই সিদ্ধান্ত হয় যে, পরলোক সকলের পক্ষে এক প্রকার নহে। ধার্ম্মিক, যিনি নানা কামনা করিয়া ধর্ম্ম করিয়াছেন তাঁহার পরলোক এক। যিনি নিজাম ধর্ম্ম করিয়াছেন তাঁহার অন্য প্রকার। পাশীদিগের প্রকৃতি অনুসারে নানাপ্রকার পরলোকের অবস্থা। এজন্য যাঁহারা পরলোকে যান, সক্ষম হইলেও, পৃথিবীর লোকদিগকে তাহা বলা প্রয়োজন মনে করেন না।—বলিলেও কেহ বিশ্বাস করে না।"

প্রশ্ন — 'গীতার ধর্ম ও ভাগবতের ধর্ম কি এক ? ইহাতে কি একই অবস্থা লাভ হয় ?'

ঠাকুর লিখিলেন —"ভগবদগীতা ও প্রীমন্তাগবং এই ত্ইখানি গ্রন্থ উপনিষ্দের ভাষ্য স্বরাপ। গীতা এবং ভাগবতের প্রণালীমত সাধন করিলে ঋষিদিগের প্রাণের কথা—'সত্যং জ্ঞানমন্তং ব্রহ্মা প্রভৃতি বাক্যের সত্যতা প্রত্যক্ষ করা যায়; তাহাতে সন্দেহ নাই। ব্রন্ধোর ত্ইটি ভাব নিত্য এবং লীলা। নিত্য সাধন গীতা দ্বারা হয়; লীলা সাধন ভাগবং দ্বারা হয়। 'ব্রন্ধবিং পরমাপ্নোতি, শোকং তরতি চাত্মবিং। রসোব্রন্ধা রসং লক্ষানন্দি ভবতি নাত্যথা॥' ব্রন্ধবিং পরমপদ লাভ করেন, আত্মাবং শোক হইতে মৃক্ত হন। রসম্বর্গপ ব্রন্ধোর রস লাভ করিয়া আনন্দিত হয়—অত্য উপায়ে আনন্দ হয় না। ব্রহ্মজ্ঞান, যোগ, ভগবত্তত্ব,—এই তিন প্রকার সাধন ইহার অভ্যন্তরে।"

ভক্তি ভালবাদা নয়ঃ ভক্তি গোপনীয়া।

প্রশ্ন—'ভক্তি ও ভালবাসা, সবই কি মামা ?' ঠাকুর—"ভক্তি ভালবাসা নয়। ভক্তি ভজন, ভালবাসা আসক্তি। পুত্রকে স্নেহ করি, বন্ধুকে ভালবাসি, এ সকল মায়া। পুত্রকে পূজা করি, কন্যাকে পূজা করি, দ্রীকে ভক্তি করি, পূজা করি। পূজা কি।—ভগবানের পাদপদ্ম সেই ভাবে পূজা করিলে—ভক্তি। এ সব মায়া নয়।"

প্রশ্ন—'ভক্তি কি প্রকারে লাভ হয় ? রক্ষাই বা কি প্রকারে করা যায় ?'

ঠাকুর—"ভক্তি সাধ্য সাধনায় হয় না। যাহার হয় সেই ধন্য। ভক্তিতে বিচার নাই। পুত্র ধুলি মাখা থাক্, আর পরিকার থাক্—পিতা অমনি তাকে কোলে তুলে নেন। পুত্র হওয়ার পূর্বের অপত্যক্ষেহ কেমন কেহই বুঝে না। ভক্তি অহৈতুকী—ভাল-মন্দ বিচার করেন না। ভক্তি, জ্ঞান, বৈরাগ্য—তিনজন বুদ্ধ ছিলেন। ভক্তিদেবী বৃন্দাবনে যাইয়া যুবতী হইলেন। জ্ঞান, বৈরাগ্য বৃদ্ধই রহিলেন। ভক্তিকে কৃপণের ধনের তায়ে গোপনে রাখিতে হইবে। শান্ত্রকারেরা যুবতীর স্তনের সহিত উহার তুলনা করিয়া থাকেন। বালিকা মুক্তদেহে ঘুরিয়া বেড়ায়, যুবতী হইলে স্তন বন্ত্র দ্বারা আচ্ছাদন করিবে। স্বামী ব্যতীত পিতা মাতা গুরুজন কেহ তাহা দেখিতে পান না—ভক্তিও ভদ্ধপ। ভগবান ব্যতীত সকলেরই নিকট সম্তর্পণে গোপনে রক্ষণীয়া। প্রথম প্রথম যখন ভাবের উচ্ছাদ আরম্ভ হইল, একটু চক্ষু দিয়া জল পড়িতে লাগিল, তখন ভাবিতাম—লোকে দেখুক। পরে দেখি— ইহা কি করিয়া গোপন করিব ? তখন ইহা ছদয়ের নিভৃত স্থানে গোপন করিতে ইচ্ছা হইত। ভক্তি গোপনীয়া।"

কবিরাজ গোস্থামী বলিয়াছেন—"প্রতিষ্ঠা শূকরী বিষ্ঠা," লোকে অঙ্গুলি দিয়া দেখাইলেই ক্ষতি। যেমন কোন বৃক্ষে ফল ধরিলে, কালো হাঁড়িতে চুণের দাগ দিয়া অথবা খড়ের মানুষ দিয়া রাখে, সেই রকম সাধনের অবস্থা লাভ হইলে বালক, উন্মত্ত ও পিশাচবৎ আবরণ দিয়া রাখিতে হয়। ইহা অপেক্ষা একজন যদি গালাগালি দেয়, তাহাতেও উপকার হয়। ভাব ইত্যাদি চেপে রাখাই ভাল। খুব চেষ্টা করিতে হইবে, না পারিলে নিরুপায়। মোটে কিছু না হয়, চুপ করে বসে থাকে সেও ভাল, কিন্তু কিছু হ'য়ে অহঙ্কার হইলেই সর্বনাশ। কুকুর বানরকে লাই দিলেই ঘাড়ে চড়িবে। আসামাত্রই যদি শাসন করা যায়, তবে দূরে গিয়ে বসে থাকে, কিছু খাবার দিলে ত খেলে। প্রতিষ্ঠাও তদ্ধেপ।

সন্ধ্যার সময়ে সংকীর্ত্তন আরম্ভ হইল। সংকীর্ত্তনের আনন্দে সকলেই মাতিয়া গেলেন। ঠাকুর

নির্ব্বাত প্রদীপের মত একই ভাবে সমাধিস্থ। কীর্ত্তনান্তে ঠাকুর স্বহস্তে হবিরলুটের বাতাসা চারিদিকে ছড়াইয়া দিলেন। কিছুক্ষণ গুরুজ্রাতারা ধর্মপ্রসঙ্গে আনন্দ করিয়া আপন আপন আবাসে চলিয়া গোলেন। আমি ঠাকুরের তিন চারি হাত অস্তরে নিজ আসনে শয়ন করিয়া স্থথে রাত্তি কাটাইলাম।

শেষ বাত্রি ৪টার সময় জাগিলাম। উঠিয়া দেখি সকলেই নিজায় অভিভূত। ঠাকুর নিজ আসনে সমাধিত্ব হইয়া রহিয়াছেন। গত কল্য সন্ধ্যার সময়ে আসিয়া বাড়ীর কোথায় জল, কোথায় কল্, কোথায় পায়খানা, কিছুই জানিয়া নিতে পারি নাই। স্বতরাং ১৯-২০ ভাজ।

মেছুয়াবাজার দ্রীটে অভয়বাবুর বাসায় চলিয়া গেলাম। দেখানে শোঁচান্তে সান করিয়া শালগ্রামের জন্ম তুল তুলসী গলাজল সংগ্রহ করিয়া স্থকিয়া দ্রীটে আসিলাম। নিয়মিত সন্ধ্যা, তর্পণ ও ন্থাস করিয়া শালগ্রাম পূজা আরম্ভ করিলাম। বেলা স্টা হইতে ওটা পর্যান্ত শালগ্রামকে গলাজল তুলসীপত্র অর্পণ করিলাম। ঠাকুরের নিকটে বসিয়া শালগ্রাম পূজার বড়ই আনল্প পাইলাম। সাড়ে তিনটার সময়ে অভয়বাবুর বাড়ী যাইয়া ভিক্ষার বায়া করিয়া শালগ্রামকে ভোগ দিলাম। আহারান্তে সন্ধ্যার সময় স্থকিয়া দ্রীটে আসিলাম। দর্শনার্থী বছলোক ঠাকুরের আসন্ধ্র (হলক্র্মটি) পরিপূর্ণ করিয়া বহিয়াছে দেখিলাম।

শাদনে নয়, ভালবাদায় সংশোধন ঃ অতিথির অবৈধ আব্দার পূরণ করা উচিত কি না ?

একটি অবস্থাপন্ন কৃতবিভ গুরুত্রাতা ছেলের হৃশ্চরিত্র ও অবাধ্যতায় ক্লেশ পাইয়া ঠাকুরকে জিজ্ঞানা করিলেন—"ছোট ছোট ছেলেপিলেরা কু-অভ্যাদে অভ্যন্ত হ'লে তাদের কিভাবে শাসন করা যায় ?"

ঠাকুর—"শাসন করা জোধপূর্বেক করিলে শাসনের ফল হয় না। ধীরভাবে বিচারকের স্থায় বালকদের শাসন করা প্রয়োজন। তাহাদের বিরুদ্ধে কিছু শুনিলে, বিশেষ অনুসন্ধান না করিয়া বিশাস করা উচিত নহে। ছেলে-পিলেদের সর্ববদা জাসং সঙ্গে যাইতে নিষেধ করা, অসং সঙ্গের দোষ নানা পুস্তক হইতে দেখান;—ইহাতে না শুনিলে অন্থ প্রকার শাসন—প্রহার নহে। কঠোর শাসনের দ্বারা ভাল হইবে না। এ কলির ধর্ম্ম—কালগুণে এসব হইবে। উহাদিগকে পিতামাতা সর্ববদা ঐ অন্থায় কার্য্যের বিষময় ফল দেখাইবেন। এ যুগে শাসনের দ্বারা কোন ফল হইবে না—ভালবাসিয়া সংশোধন করিতে হইবে। পিতামাতার কথায় যদি সন্তানের মর্ম্যে আঘাত লাগে, তাহাতে প্রায়ই মৃত্যু হয়—নতুবা গৃহত্যাগ করে।"

একজন গুরুত্রাতা ঠাকুরকে জিজ্ঞদা করিলেন—'গুরুজ্ঞানে অতিথি-দেবা করিতে বলিয়াছেন, কিন্তু অতিথি যদি মদ গাঁজা ধাইতে চাহেন, অথবা একপ একটা অন্তায় জেদ করেন, তাহার কোন প্রতিবাদ করিব কি না ?'

ঠাকুর—"অতিথির ধর্মমতে জ্রম থাকিলে তাহার সংশোধন করিয়া অতিথি-সেবা করিবে না। তথন তাঁহার প্রয়োজনীয় অর্থাৎ ধর্মতঃ ঘাহা প্রয়োজন, তাহা প্রদান করিতে হইবে। তাহার পর যদি তিনি থাকেন, তবে তাঁহার মতের অবৈধতা ব্রুইয়া দেওয়া কর্ত্তব্য। অতিথির অর্থ—যিনি কোন দিন আসেন নাই, অথচ ক্ষুণার্ত্ত্ব। অতিথি গুরু, তিনি যাহা সেবা করেন তাহা দিতে বাধ্য। অতিথির নাম-ধাম কিছু জিজ্ঞাসা করিবে না। ক্ষুধার সময়ে তাঁহাকে সংশোধন করিতে বসা, নিষ্ঠুরতা। ধর্মতঃ প্রয়োজন না হইলে যিনি নেশার জন্ম মাদক সেবন করেন—সে অতিথিকে মাদক দ্বব্য দিতে বাধ্য নহি। বাহিরের মদ শরীরের উপর কার্য্য করে। যদি নেশা না হয় তবে ইহাধর্ম্মপথের বাধক নহে। কিন্তু কাম ক্রোধ—ইহার মন্ত মাদক আর নাই। এই মাদকে ধর্ম্ম নষ্ট হয়; ভগবান হইতে বঞ্চিত হইতে হয়। ইহা যিনি ত্যাগ না করেন তিনিই মাদক সেবন করেন।"

সন্ধ্যার সময়ে সংকীর্ত্তনের ধোল করতাল বাজিয়া উঠিল। রাত্রি প্রায় ১টা পর্য্যন্ত কীর্ত্তনে আনন্দ করিয়া গুরুত্রাতারা চলিয়া গেলেন।

কলিকাতায় ভিক্ষায় অস্কবিধাঃ ঠাকুরের ভাগুার হইতে ভিক্ষা নিতে আদেশ।

আজও শেষ বাত্রে উঠিয়া অভয়বাব্র বাড়ী গোলাম। শোচাদি সম্পন্ন করিয়া সানান্তে ফুল-তুলমী সংগ্রহ করিয়া ঠাকুরের নিকট আদিলাম। দদ্ধা, তর্পণ, হোম এবং ত্থাস করিতে বেলা ৯টা হইল। চণ্ডী, গীতা প্রভৃতি ঠাকুরের ৩।৪ হাত অন্তরে বিদিন্না পাঠ করিতে সক্ষোচ বোধ হয়। বিশেষতঃ তিনি ১১টা পর্যন্ত নানা শাল্পগ্রন্থ পাঠ করেন। আমি ৯টা হইতে ১১টা পর্যন্ত গায়ত্রী জপ করিয়া ১২টি সচন্দন তুলসীপত্র ও গন্ধাজল শালগ্রামকে প্রদান করিলাম। পরে অপরাহে ৩টা পর্যন্ত নাম জপের সদ্দে ঠাকুরের রূপ শালগ্রামে ধ্যান করিয়া তুলসী গন্ধাজল ঠাকুরের চরণে দিলাম। আহারের জন্ম বড়ই অন্থবিধা উদ্বেগ বোধ হইতেছে। কলিকাতা সহরে ভিক্ষার বড় অন্থবিধা। অপরিচিত স্থলে নিন্দা ও অবজ্ঞা ভোগ হয়, পরিচিত স্থলেও লচ্জা, সক্ষোচ ও অভিমানে বাধা দেয়। সাড়ে তিনটার সময়ে আসন ছাড়িয়া উঠিলাম এবং ভিক্ষার বাহির হইলাম। গুরুল্রাতা শ্রীযুক্ত মহেন্দ্রনাথ ঘোষের বাড়ী ভিক্ষা করিয়া, তথায়ই রাল্লা করিয়া প্রসাদ পাইলাম। কল্য আবার কোথায় ভিক্ষা করিব ভাবনা আসিন, উদ্বেগও বোধ হইতে লাগিল। আমি মনে মনে ঠাকুরকে ভিক্ষার অন্থবিধা

জানাইলাম। সন্ধার কিঞিৎ পূর্বে ঠাকুরের নিকট উপস্থিত হওয়ামাত্র, ঠাকুর একখানা কাগজে লিখিয়া যোগজীবনকে দিলেন এবং উহা দিদিমাকে জনাইতে বলিলেন। যোগজীবন আমাকেও পড়িয়া জনাইলেন—"ব্রহ্মচারী যতদিন কলিকাতা থাকিবেন, অহাত্র ভিক্ষা করিবার প্রয়োজন নাই। এখান হইতে নিজের প্রয়োজন মত বস্তু গ্রহণ করিয়া পাক করিয়া খাইবেন। এখানকার সমস্তই ভিক্ষার। এজন্য অন্য স্থানে ভিক্ষা নিপ্রয়োজন। যদি ইচ্ছা হয়, মধ্যে মধ্যে ভিক্ষা করিতে পারেন। আহারের মাত্রা ও সময় স্থির না থাকিলে শরীর ভগ্ন হয়। শরীর অসুস্থ হইলে সাধন-ভজন কিছুই হয় না। সমস্ত নিপ্ত হয়া যায়।" ঠাকুরের বিশেষ রুপা আমার উপরে দেখিয়া বড়ই আনল হইল। আগামী কল্য হইতেই ঠাকুরের ভাগুর হইতে আমি একপাকে রায়া করিবার মত বস্তু গ্রহণ করিয়া প্রসাদ পাইৰ স্থিব করিলাম।

যোগজীবন কর্ত্তৃক ঠাকুরমার শ্রাদ্ধ ঃ ঠাকুরের তিন গণ্ডুয জলদান।

এই কয়েক দিন শালগ্রাম পূজার পর অপরাহে শ্রীযুক্ত অভয়নারায়ণবাব্র বাড়ীতে ভিক্ষা করিয়াছি। তথার মেরেরা আমাকে বড়ই ষত্ন করেন। উননটি ধরাইয়া ভিক্ষার উপকরণ সন্মুখে আনিয়া দেন। নিজের প্রয়োজন মত একপাকে বানার বস্ত গ্রহণ করিয়া অবশিষ্ট দামগ্রী দকল ফিরাইয়া দেই। ভাতে ভাত, কথনও বা থিচুড়ী বাল্লা করিয়া তৃপ্তির সহিত ভোজন করি। ঐ সময়ে ঐ বাসায় অনেক গুরুত্রাতার সহিত দাক্ষাৎ হয়। অভয়বাবু প্রভৃতির ম্থে ঠাকুরের অনেক কথা শুনিলাম। আমি হরিদারে ছিলাম বলিয়া এ সকল কথা কিছুই জানি নাই। ঠাকুরের লীলা-কাহিনী, কথাবার্তা ও কাৰ্য্যকলাপ ভনিতে ও ভাবিতে বড়ই আনন্দ পাই। তাই অতীত কয়েকটি ঘটনার বিষয় যেমন শুনিলাম, ডায়েবীতে লিখিতেছি। শুনিলাম, গভ চৈত্রমাসের শেষ ভাগে আমাদের প্রমারাধ্যা ঠাকুরমাতা ৺স্বর্ণমন্ত্রী দেবী ঢাকা গেগুরিয়া আশ্রমে ঠাকুরের সন্মুথে দেহত্যাগ করেন। ঠাকুর দল্লাদী; স্ত্তরাং মাতার আদ্ধকার্য ও পিওদানে অধিকার নাই বলিয়া, পুত্র যোগজীবনকে লইয়া কলিকাতা আদিলেন এবং মেছুয়াবাজার ষ্ট্রাটে কেশববাবুর নববিধান মন্দিরের পশ্চাৎদিকে ৯০।৫ নম্বর প্রীযুক্ত অভয়নারায়ণ রায় মহাশয়ের বাসায় উঠিলেন। তথায় থাকিয়া একাদশ দিবদে যোগজীবনকে লইয়া গঙ্গাতীবে প্রদল্পমার ঠাকুবের ঘাটে উপস্থিত হইলেন। তৎপরে স্বধ্মনিষ্ঠ, শ্রদ্ধাবান্ গুরুলাতা শ্রীযুক্ত অচিষ্ঠ্যকুমার চক্রবর্ত্তী মহাশয়কে পৌরোহিত্যে বরণ করিয়া যোগজীবন দার। কুলপ্রথা অসুসারে যথাশাস্ত্র প্রাদ্ধকার্য্য সমাধা করিলেন। এ সময়ে ঠাকুরও স্বয়ং তিন গও,য গঙ্গাজল লইয়া মাতৃদেবীর উদ্দেশ্যে প্রদান করিলেন। ঠাকুর তথন লিথিয়াছিলেন,—"মাঠাকরুন যোগজীবনের প্রাদ্ধ ও আমার প্রাদত্ত তিন গণ্ডুষ গঙ্গাজল আগ্রহের সহিত গ্রহণ করিয়া পরম তৃপ্তিলাভ করিলেন।" প্রাদ্ধান্তে ঠাকুর যোগজীবন প্রভৃতিকে লইয়া বাসায় আসিলেন।

শ্রাদ্ধবাদরে মুকুন্দের কীর্ত্তনঃ কীর্ত্তনে শক্তি-সঞ্চার।

ইতিমধ্যে শ্রন্থের গুরুত্রাতাগণ বাদার সংলগ্ন সমুখের বিস্তৃত জমিটি পরিষ্কার করিয়া তাহাতে ছাউনি দিয়া কীর্তনের আসর পাতিয়া বাথিয়াছিলেন। ঠাকুর বাসায় প্রছিবামাত্র, ভক্ত কীর্তনীয়া মুকুন্দাদের মুদ্ধ করতাল বাজিয়া উঠিল। চতুর্দ্দিক হইতে দর্শকরুন্দ আদিয়া কীর্ত্তনন্থল পরিপূর্ণ করিল। ঠাকুর শিয়গণ সহিত কীর্ত্তনন্থলে উপস্থিত হুইলেন এবং ভূমিতে লুটাইয়া সাষ্টাল প্রণামপুর্বক কর্যোড়ে দাঁড়াইলেন। ঠাকুরকে দর্শন করিয়া সমাগত ভক্তবৃন্দ মুহুমু হুঃ হরিধ্বনি করিতে লাগিল। ঠাকুর উদ্ধদিকে হস্তোভোলন পূর্ব্বক ভাবাবেশে বিভোর হইয়া উচ্চৈ:স্বরে বলিতে লাগিলেন,— "জয় শচীনন্দন! জয় শচীনন্দন! হরেনাম হরেনাম হরেনাটমর কেবলম। काली नात्छाव नात्छाव नात्छाव गणितराथ। -- किलीत्व छय नाहे, छय नाहे, ভয় নাই।" ঠাকুরের এই হৃদয়স্পর্শী মধুর বাণী বালক-বৃদ্ধ-বণিতা সকলেরই অন্তরে প্রবেশ করিল। সকলেরই গণ্ড বহিয়া অশ্রুবর্ধণ হইতে লাগিল। অপূর্বব দৃষ্ঠা শ্রুবণমন্ধল মধুর সংকীর্ত্তন আবস্ত হইল। ঠাকুর ভাবাবেশে বিহ্বল হইয়া পড়িলেন। তাঁহার সর্বাঙ্গ পুথক পুথক কম্পিত হইতে লাগিল। মন্তকের লম্বিত জ্বটাভার খাড়া হইয়া উঠিল। ঠাকুর সম্মুখে পশ্চাতে ঘুরিয়া-ফিবিয়া উদ্দণ্ড মৃত্য আরম্ভ করিলেন। চতুর্দ্ধিকে উচ্চ হরিধানি হইতে লাগিল। সমাগত ব্যক্তিগণ বিশ্বয়ের দহিত ঠাকুরের দিকে চাহিয়া রহিলেন। ঠাকুরের গদ্গদ্ কঠের হরিধ্বনিতে কি জানি কি এক মহাশক্তি সঞ্চারিত হইল। দর্শকমণ্ডলী নানা স্থানে ভাবে অভিভূত হইয়া পড়িলেন। সংকীর্ত্তন উত্তরোত্তর বুদ্ধি হইয়া বহুক্ষণ সমান উভমে চলিল। মহাভাবের বভায় ভক্ত গুরুজাতারা দিশাহারা হইলেন। ঠাকুর কভক্ষণ নৃত্য করিতে করিতে অকমাৎ দাঁড়াইয়া পড়িলেন। চারিদিক হইতে গগনভেদী হরিধ্বনি উত্থিত হইল। ঠাকুর ভূমিতে পড়িয়া লুটাইতে লাগিলেন। তথন সংকীর্তনের মধুর ধ্বনি थीरत थीरत नीयत रहेन।

কীর্তনান্তে ঠাকুর নিমন্ত্রিত ব্রাহ্মণদের স্থাত্ ভোজনে পরিতৃথ্য করিয়া কালানীদের চাউল,ডাল ও প্রদা বিতরণ করাইলেন। সহরের গুরুস্রাতাভগ্নিগণ পরিতোষপূর্বক প্রদাদ পাইয়া ঠাকুরের সঙ্গলাভে ধন্ত হইলেন। বিবিধ ধর্মপ্রসংক দিন অতিবাহিত হইল।

চাকুরমা'র মৃত্যুতে তত্ত্ব প্রকাশ ঃ জীবাত্মার ক্ষ্ণা-তৃষ্ণা ভোগ ঃ প্রাদ্ধে ব্রাহ্মণ-ভোজনের ব্যবস্থা কেন ?

শুক্তবাতারা ঠাকুরকে জিজ্ঞাসা করিলেন—"ঠাকুরমা দেহত্যাগের পর কি করিলেন? সাধারণ লোকের দেহত্যাগের পর কি হয়?" ঠাকুর লিখিলেন—"মাতার মৃত্যুতে অনেক তত্ত্ব প্রকাশ হয়। মৃত্যুর তিন ঘণ্টা পূর্বের আত্মা দেহ হইতে বাহির হইয়া, ঘরের মধ্যে অতি কণ্টে ঘূরিতে থাকেন। দেহ ঘর হইতে বাহিরে আনিলে প্রশস্ত আকাশে আত্মা উদ্ধিদিকে দৃষ্টি করেন। তথন ভাঁহার পূর্ব্বপুরুষণণ আসিয়া তাঁহাকে গ্রহণ করেন। ঘদি পুণ্যাত্মা হয় তবে পিতৃলোকে অথবা মাতৃলোকে লইয়া যান এবং তাঁহাকে লইয়া এক বংসর কাল আনন্দ করেন। এক বংসর পরে যাঁহার যেরূপে কর্ম্ম সেইরূপ অবস্থা লাভ করেন। এই এক বংসর প্রাদ্ধের ফল ভোগ করেন। পাপাত্মা হইলে এক বংসর উংকট পাপ-যন্ত্রণা ভোগ করেন।—এই প্রকার অনেক ঘটনা মাতা জানাইতেছেন। ইহা আমার পক্ষে আনন্দজনক ঘটনা।"

একটি ব্রাহ্মভাবাপির গুরুত্রাতা ঠাকুরকে জিজ্ঞাসা করেন—জীবাত্মা পরলোকগত কি ক্ষ্ধা-তৃষ্ণা ভোগ করে। তৃঃখী-দরিদ্র, কালালীদের না খাওয়াইয়া শ্রাহ্মে ব্রাহ্মণ ভোজনের ব্যবস্থা কেন। ঠাকুর লিখিয়া জানাইলেন—"জীবের স্কুল, স্কুল, কারণ,— এই ত্রিবিধ দেহেতেই ক্ষুধা-তৃষ্ণা আছে। স্কুল দেহে ক্ষুধা-তৃষ্ণা হইলে তাহা স্কুল দেহ গ্রহণ করে। উত্তম পদার্থ হইলে প্রতিগ্রাদেই তৃপ্তি, ক্ষুধা নিবৃত্তি ও পুষ্টি হইয়া থাকে। স্ক্মাদেহে কেবল আহারের বস্তু দর্শনমাত্র তৃপ্তি, ক্ষুধা নিবৃত্তি ও পুষ্টি হইয়া থাকে। কারণ শরীরে, শরীর নিজে কিছু করিতে পারে না। কোন ব্রহ্মবিদ্ ব্রাহ্মণ যদি খাছবস্তু দারা স্বীয় জঠরাগ্মিতে হোম করেন, তদ্দারা পরলোকবাসীর কারণ দেহের তৃপ্তি হয়,—ক্ষ্ধা নিবৃত্তি ও পুষ্টি হয়। এইজন্মই শ্রাদ্ধপাত্র, য়ৃত, পায়স ব্রাহ্মণকে দেওয়ার প্রথা আছে।" ঠাকুর পরলোক আত্মার তৃপ্তি, পুষ্টি ও মৃত্তি বিষয়ে অনেক কথা বলিলেন।

ঠাকুরমা'র প্রাদাদি বিষয়ে ঠাকুরের লেখা—"ঘথাবিধি গয়ায় পিগুদানে প্রেতাত্মার মুক্তি হয়। মাতাঠাকুরাণীর মৃত্যুর পর পিতৃলোক মাতৃলোকদিগের সহিত আসিয়া সকলেই আমাকে বলিলেন ঘে, একাদশ দিবসে ঘোগজীবন তাঁর প্রাদ্ধ করিবে,—
তাঁর নামে দ্রব্যাদি উৎসর্গ করিবে, ব্রাহ্মণ-বৈষ্ণবদিগকে ভোজন করাইবে ও

তুঃখাকে দান করিবে। অপর পক্ষে গয়ায় গিয়া পিগুদান করিবে। অপর পক্ষে, আশ্বিন মাসে দান – যথাসাধ্য তণ্ডুল, বস্ত্র, জলপাত্র, ফল-মূল, খাছাবস্তু ইত্যাদি। শাস্ত্রমতে এখন পিগুদান হইতে পারে না। উন্মাদ রোগের সময় যে সকল কার্য্য করিয়াছেন, তাহার প্রায়শ্চিত্ত না হইতে মৃত্যু হইয়াছে। এজন্ম হয় এক বৎসর পরে কৃশ-পুতল করিয়া শ্রাদ্ধ করিবে, অথবা অপর পক্ষের সময় গয়ায় গিয়া পিগুদান করিতে হইবে। এখন মাত্র-তণ্ডুল, বস্ত্র, ভোজনপাত্র, জলপাত্র এবং অন্যান্থ বস্তু তাঁহার নামে উৎসর্গ করিয়া, ব্রাহ্মণ বৈষ্ণব ছঃখাদিগকে দান করিতে হইবে।"

ঐ সময় ঠাকুরমার দেহত্যাগ দহকে ঠাকুর আরও লিখিলেন—"আমার মাতাঠাকুরাণী বিধুর কোলে তুধ খাইতেছিলেন, এমন সময়ে আমাকে ডাকিলেন। আমি গিয়া দেখি এখন বাহিরে নেওয়া কর্ত্তব্য। বাহিরে নিয়া শোয়াইলাম। মুখের সুন্দর শোভা হইল। মনে হইল যেন সমস্ত কন্ত দূর হইয়া শান্তি পাইলেন। ঠিক এই সময় আমার পানে তাকাইয়া রহিলেন। চারিদিকে হরিনাম হইতেছিল। কেলে কুকুর তাঁহাকে সান্তাক্ত প্রণাম করিল।

পরমহংদদেবের উৎদবে নিমন্ত্রণ।

আছ জনান্তমী। বামকৃষ্ণ প্রমহংসদেবের সমাধিস্থানে আজু খুব সমাবোহের কীর্ত্তনোৎসব।
ঠাকুর সশিয়ে তথার নিমন্ত্রিত হইয়াছেন। গুরুল্রাতারা সকলে ঠাকুরের সঙ্গে তথার যাইতে প্রস্তুত ১৯৫৭ ভার, মক্লবার,
হইলেন। আমাকে সকলে বাইতে বলিলেন। ঠাকুর না বলিলে আমি
১৯০০ সাল। নিজ হইতে বাইতে সাহস পাই না, সকলকে জানাইলাম। শ্রীযুক্ত
বাধালবাব্ আমাকে অত্যন্ত স্নেহ করেন। তিনি ঠাকুরকে জিজ্ঞাসা করিলেন—সকলেই তো
আপনার সঙ্গে উৎসবে ঘাইবে, বন্ধচারী ঘাইবে না ? ঠাকুর বলিলেন,—"যেতে আর আপত্তি
কি! তবে শালগ্রাম পূজা শেষ করে, ইচ্ছা হলে যেতে পারে।" ঠাকুরের কথা
ভানিয়া ব্রিলাম; আমার যাওয়া হবে না। আমি ৩টা পর্যান্ত শালগ্রামকে তুলসী ও গলাজল দিয়া
নিয়ম মত পূজা করিলাম। পরে শূল্য বাসায় থাকিতে আর ভাল লাগিল না। শ্রীযুক্ত অভয়বাব্র
বাসায় গোলাম। অভয়বাব্র বাসার ছোট ছেলেপিলেগুলিও ঠাকুরের কুপালাভ করিয়াছে।
পরিবারটিতে ধর্ম যেন সর্ব্বলাই বিরাজমান। থেলা করিতে করিছে পার্থবর্ত্তী বাসার একটি ছোট
বালিকা, অভয়বাব্র ভাইনি—বাধারাণীকে জিজ্ঞাসা করিল,—"হাঁ ভাই, তোর গুরু তো ভগবান,
আমার গুরু ভগবান নন ?" বাধারাণী উত্তর করিল—"হাঁ ভাই, সকলেরই গুরু ভগবান; তবে কারো
ভেবে চিন্তে, কারো সত্যি সত্যি!" মেয়েটির বয়স ৬ বৎসর মান্ত।

সত্যদাসীর অলোকিক অবস্থা ও দীকা।

অভয়বাবুর ভাগিনেয়ী বালিকা সত্যদাসীর কথা গুনিয়া অবাক্ হইলাম। ভাগাক্রমে পূর্বজন্ম দে কোন পাহাড়বাদী মহাপুরুষের ক্লপালাভ করিয়াছিল। তাঁহারই ক্লপায় দময় দময় বালিকার গুরুত্মতি হয়। তথন সে ফুল চলন দংগ্রহ করিয়া গুরুর আদনের দম্ধে স্থাপনপূর্বক পূজা করে। এই পূজার সময়ে কখন কখন ভক্তিভাবে বাহাসংজ্ঞাবিলুপ্ত হয়। ৩।৪ ঘণ্টাকাল সমাধিস্থ হইয়া থাকে। যুক্তবর্ণের ব্যুৎপত্তি না থাকিলেও বিশুদ্ধ সংস্কৃত ভাষায় গুরুর স্তব-স্থৃতি করে; তথন গুরুর চরণ-চিহ্ন পরিকাররূপে আসনে পড়ে। মহাপুরুষের আবির্তাবের লক্ষণ সমস্ত পুনঃপুনঃ দেখিয়া বাসাব সকলেই শুন্তিত হইয়াছেন। ঠাকুরের এই বাদায় আদিবার ৪।৫ দিন পূর্বে সত্যদাসীকে তাঁহার গুরু বলিলেন—"মা, এখানে খুব শীঘ্রই এক মহাপুরুষ আদিতেছেন। তুমি তাঁহার নিকটে দীক্ষাগ্রহণ করিও।" সত্যদাসী গুরুকে বলিল—"আপনি তো রয়েছেন, আবার অন্তের কাছে দীক্ষা কেন?" মহাপুরুষ বলিলেন—"বর্ত্তমান যুগে কতকগুলি লোক ইহার আশ্রয় পাইয়া মোক্ষলাভ করিবে—ইহাই ভগবানের বিধান।" ঠাকুর মাতৃশাদ্ধ করাইতে যোগজীবনকে লইয়া ৪া৫ দিনের মধ্যেই এই বাসায় আসিয়া উপন্থিত হইলেন। তথন সভাদাসী ঠাকুরের নিকট গুরুর আদেশ জানাইয়া দীক্ষা প্রার্থনা ক্রিল। ঠাকুর বলিলেন—"তোমার গুরুর আদেশ আমার শিরোধার্য্য। অবিলম্থেই তোমাকে দীক্ষা দিব।" অচিরেই ঠাকুর সত্যদাসীকে সাধন দিলেন। সাধনের সময়ে গুরুশক্তি প্রভাবে সত্যদাসী আসন হইতে কিঞ্চিৎ উদ্ধে উত্থিত হইয়া ঘরের ভিতরে শৃক্তে অবস্থান করিয়াছিল। ধতা সত্যদাসী! ধতা গুরুদেবের অসাধারণ কুপা। এই কুপাই আমাদের একমাত্র ভর্সা।

সত্যদাসীর নানাপ্রকার অলৌকিক অবস্থা দেখিয়া, তাহার পিতামাতা রোগ অন্থমানে ব্যম্ভ হইয়া পড়িলেন এবং সন্ত্যদাসীর কল্যাণের জন্ম প্নঃপুনঃ ঠাকুরের নিকট প্রার্থনা জানাইলেন। ঠাকুর তাহাতে লিখিলেন —''সত্যদাসীর পিতামাতা তাহাকে চিনিতে পারিতেছেন না। কারণ ইহারা কখনই এরপে অবস্থা দেখেন নাই। সংসারের সমস্ত লোক পীড়া বলিয়া চীৎকার করিতেছে। একজন কি ছ'জন যদি বলে পীড়া নহে, তাহাতে কোন ফল হয় না। তবে রোগ বলিয়া মহাত্মাদিগকে আরাম করিয়া দেও বলিয়া, পুনঃপুনঃ অনুরোধ করিলে অবজ্ঞা করা হয়। মহাত্মাগণ 'রোগ নয়' বলিয়া দৃঢ়তার সহিত বলিতেছেন, সেকথা না শুনায় লাভ কি ? পীড়া কোথায় ? জ্বর আছে ? ভেদ বমি কি হয় ? উদরে ব্যথা আছে ? স্থৎপিণ্ড, কুস্কুস্, যকুৎ, প্লাহা, পাকাশয়, মূত্রাশয়, গর্ভাশয়, এ সম্বন্ধে শারীরিক পীড়া আছে ? যদি না থাকে, তবে পাড়া নাম কেন ?

মোহিনীবাবুর দীক্ষায় অনুভূতি।

ভনিলাম, এই বাদায় ছগলী জেলার অন্তঃপাতী বণবাজপুর নিবাদী, ব্রাহ্মধর্মাবলম্বী, দত্যনিষ্ট, পরমোৎদাহী ব্রাহ্ম শ্রীযুক্ত মোহিনীমোহন রায় মহাশয় ঠাকুরের নিকট দীক্ষা গ্রহণ করিয়াছেন। ঠাকুরের কপা তাঁহার উপরে অসাধারণ। সাধন গ্রহণের পর তাঁর অবস্থা বড়ই অভূত ইইয়াছিল।—ভনিয়া আনন্দ হইল। দীক্ষাগ্রহণের পরই মোহিনীবাবুর যে অবস্থালাভ ইয়াছিল, ছোড় দাদার ডায়েরী হইতে অতি দংক্ষেপ তাহা আমি এই স্থানে তুলিয়া দিলাম। মোহিনীবাবু লিখিয়াছেন—"আমি রাত্তি ১টার দময়ে দীক্ষা পাইয়া, পরদিন প্রভাষে যেমন নীচে নামিয়াছি, আমার হঠাৎ সমস্ত শরীরে এক অপূর্ব্ব তড়িৎপ্রবাহ সর্ সর্ করিয়া প্রবাহিত হইতে লাগিল। সমস্ত শরীরের প্রতি অগ্-পরমাণুতে আপনা আপনি গুরুদন্ত নাম, মিই হইতে মিই হইয়া চলিতে লাগিল। আমি এক আনন্দদাগরে ডুবিয়া পেলাম। যে দিকে তাকাই দমন্তই আনন্দ ক্ষরণ করিতেছে; পাছ, লতা. পাতা, দমন্ত পৃথিবী স্বর্ণবর্গ দৃষ্ট হইতে লাগিল।—আমি মধুময় হইয়া পেলাম। আর আনন্দবেগ ধারণ করিতে পারিলাম না। পাধীগুলি ডাকিতেছে, যেন মধুবর্গণ করিতেছে; দমন্তই মধুরং, মধ

মোহিনীবাব্র স্তানিষ্ঠা, সরলতা, বিনয়, উপাদনায় ভাব-উচ্ছাদের প্রবণতা দেখিয়া সাধারণ ব্রাহ্মসাজের ব্রাহ্মেরা ইহাকে ব্রাহ্মধর্মপ্রচারক করিতে চেষ্টা করিতেছিলেন। মোহিনীবাব্র হারা ঠাকুরের প্রবক্তিত যোগ-ধর্মের যথার্থ পর্থ হইবে, ব্রাহ্মেরা অনেকে এরপ মনে করিয়াছিলেন। মোহিনীবাব্র সম্পলাতে তাঁহারা উপকৃত ও পরিত্থ হইয়া ঠাকুরের প্রতি আকৃষ্ট হন। কিছুকাল হয় ভাঁহারাও ঠাকুরের নিকট দীক্ষা গ্রহণ করিয়া কৃতার্থ হইয়াছেন।

জ্ঞানবাবুর দীক্ষা।

শুনিলাম বর্দ্ধমান জেলার অন্তঃপাতী আনগুণ। গ্রাম নিবাদী শ্রীযুক্ত জ্ঞানেক্রনাথ হাজর। মহাশয়ের দীক্ষাও এই বাদায় হইয়াছিল। তাঁহার দীক্ষা সংক্রান্ত ঘটনা সকল বড়ই স্কল্ব। সংসারে নানা প্রকার বিম্ন বিপত্তির ভিতরেও ঠাকুর নিজজনকে কি ভাবে আকর্ষণ করিয়া চরণতলে স্থান দেন, জ্ঞানবাবুর দীক্ষাগ্রহণ তাহার একটি নিদর্শন। এই দম্বন্ধে জ্ঞানবাবুর নিজে যাহা ছোটদাদার ভায়েরীতে বিস্তৃতভাবে লিখিয়া দিয়াছেন, অতি সংক্ষেপে ভাহার কিয়দংশ এই স্থানে উদ্ধৃত করিলাম। জ্ঞানবাবু লিখিয়াছেন—"আমি রাক্ষ্মতাবলম্বী ছিলাম। পদ্ধতি মত উপাদনায় অঞ্চ পুলকাদি ভাব হইত, কিন্তু কোন ভাব স্থায়ী হইত না, প্রাণের অভাবও মিটিত না। এ সকল বিষয় গোঁদাইয়ের শিশ্র আমার আত্মীয় শ্রীযুক্ত দেবেক্সনাথ সামস্তকে জানাইলে তিনি বলিলেন—"গুরুকরণ না হ'লে ধর্ম্মের কোন ভাব স্থায়ী হয় না।" তিনি গোঁদাইয়ের নিকট দীক্ষা লইতে উপদেশ দেন। গোঁদাই তথন শ্যামবাজারে ছিলেন। আমি দেবেনদাদার সক্ত্বণে গোনাইয়ের প্রতি এতদ্ব আকৃষ্ট হইয়াছিলাম

ষে, প্রত্যন্থ কলেজে না যাইয়া বেলা ১২টা হইতে ৫টা পর্যন্ত তাঁহার নিকট বিসয়া থাকিতাম। গোঁদাইয়ের নিকট দীক্ষার আকাঞ্চা দেবেনদাদাকে জানাইতে বলিলাম। দেবেনদা গোঁদাইকে আমার কথা জানাইলে, গোঁদাই বলিলেন—"উহার বীর্য্য অত্যন্ত তরল হইয়াছে। শীঘ্র পড়া ছাড়িয়া কলিকাতা ত্যাগ করিয়া না গেলে, পাগল হইয়া যাইবে।" তাহাতে দেবেনদা জিজ্ঞাসা করিলেন—তবে এখন ইহার কি কর্ত্তব্য ? গোঁসাই বলিলেন— ''উহার পক্ষে এখন কাশী ঘাইয়া বিশ্বেশ্বর ও তাঁহার আরতি দর্শন, গঙ্গাস্নান ও সাধু-দর্শন কত্র ব্য।" আমি গোঁদাইয়ের আদেশমত ভামাচরণ লাহিড়ী মহাশয়ের এক শিল্পের সঙ্গে কাশী প্রছিলাম। লাহিড়ী মহাশ্য বলিলেন--সাধু-দর্শন মানদে আপনি আমার নিকট আসিলেন, আমি আপনাকে দীক্ষা দিব—এই অভিপ্রায়ে গোস্বামী মহাশন্ন আপনাকে কাশী পাঠাইয়াছেন। আমি তাঁহার কথায় বিশ্বাস ক্রিয়া, তাঁহাদের প্রথামত পাঁচ টাকা প্রণামী দিয়া তাঁহার নিকট দীক্ষা লইলাম। তৎপরে বাণীগঞ্জ আসিয়া দেড়মাদ রীতিমত সাধন করিলাম। কিন্তু তাহাতে অন্তবের সমন্ত সরম ভাব শুকাইয়া গেল। প্রত্যুত প্রাণে অত্যন্ত জালা উপস্থিত হইল। এই স্ময়ে আমি ব্রাহ্মস্মাজের আচার্য্য নগেক্রবাবুর পরামর্শে গোঁদাইকে সমস্ত অবস্থা লিখিয়া জানাইলাম, কিন্তু কোন উত্তর পাইলাম না। ১২৯৮ সালের চৈত্র সংক্রান্তির দিনে গলাজলে এই সাধন ত্যাগ করিলাম। বৈশাথ মাদে ভূতানন্দ স্বামী কলিকাতায় আদিলেন। আমি বাত্তি ১২টা প্ৰ্যান্ত তাঁহার নিকট বসিয়া থাকিতাম। গভীর রাাত্রিতে তাঁহাকে জীবনের ব্যাকুলতার পরিচয় দেই এবং লাহিড়ী মহাশয়ের নিকটে দীক্ষা পাওয়ার কথা বলি। তিনি উত্তরে বলিলেন—"আবে বেটা তোম এইছা বুরবাক্ হায়। পাঁচ ক্রপিয়ামে যোগ মিল্ডা হায়, যো লাথ ক্রপিয়ামে নাহি মিল্ডা হায় ?" গোস্বামী মহাশয়ের নিকট দীক্ষা লইতে ইচ্ছা করিয়াছি শুনিয়া তিনি থুব সম্ভষ্ট হইয়া বলিলেন—"হো যায়গা।"

তৎপরে গোম্বামী মহাশয় এই বংশর বৈশাথ মাদে কলিকাতায় আসিয়া অভয়বাব্র বাসায় উঠিলেন। আমি দেবেনদার নিকট থবর পাইয়া তথায় ষাই এবং নৃসিংহ চতুর্দ্ধশীর দিনে ভারে রাজি ৪টার সময়ে সাধন পাই। সাধন পাইবার সময় ভিতরে বেন একটা বৈহাতিক স্রোতের মত অহতব করিলাম। তাহাতে আমাকে অবসয় করিয়া ফেলিল। এখন আমার মনে হয় য়েন আমার প্রাণের অভাব পূর্ণ হইয়া গিয়াছে। লাহিড়ী মহাশয়ের নিকট দীক্ষা পাওয়ার বিবরণ ঠাকুরকে বলাতে তিনি বলিলেন—''ইহা তোমার পক্ষে প্রয়োজন ছিল। ইহাতে তোমার কল্যাণই হইয়াছে।"

সদাশিবরূপে ঠাকুরকে দর্শনঃ ভাণ্ডার অফুরন্ত।

এই বাদায় ঠাকুরের অবস্থানকালে দহরের গুরুভগিনীরা মধ্যাতে আদিয়া ঠাকুরকে ফুল-চন্দনাদি দারা পূজা করিতেন। এই পূজার সময়ে গুরুভগিনীরা কথন কথন ভাবাবেশে দংজ্ঞাশূত হইয়া

পড়িতেন। একদিন ব্রাক্ষভাবাপন্ন গুরুপ্রতা শ্রীযুক্ত নবকুমার বিশ্বাদ মহাশন্ন, মেয়েদের পূজা দেখিতে কৌত্হলাক্রান্ত হইয়া দরজা যেমন একটু ফাঁক করিলেন, দেখিলেন—ঠাকুর সদাশিবরূপে বসিয়া আছেন। শুল্র জ্যোতিঃ তাঁহার শরীর হইতে বিকীর্ণ হইতেছে, তিনি ধ্যানস্থ। ইহা দেখিয়াই গুরুপ্রতিটি বম্ বম্ বলিয়া মূর্চ্ছিত হইয়া পড়িলেন। শুনিলাম, গুরুত্গিনীরা কেহ ঠাকুরের চরণে ফুল-চন্দনাদি দিতে পারিতেন না; —কেবল মস্তকে ও সর্বাঞ্চে সচন্দন পূজ্মাল্যে ঠাকুরকে সাজাইতেন।

প্রতিদিনই মধ্যাতে অভয়বাব্র বাদায় মহোৎদব ব্যাপার হইত। ৪০।৫০ জন লোক প্রদাদ পাইতেন। একদিন ঠাকুরের পার্মবর্ত্তী বারান্দায়, মেয়েরা পরস্পর বলাবলি করিতেছেন—'আজ কি হইবে, ভাগুরে যে চাউল বাড়স্ত'। ঠাকুর অমনি মেয়েরের ডাকিয়া বলিলেন —''জালায় চাউল আছে, দেখ গিয়ে।'' মেয়েরা বলিলেন—"আমরা দেখিয়া আদিয়াছি, কিছুই নাই।" ঠাকুর বলিলেন—''আচ্ছা, আর একবার গিয়া দেখ না।'' ঠাকুরের কথামত তাঁহারা গিয়া জালায় হাত দিয়া দেখিলেন—অর্জ জালার অধিক চাউল রহিয়াছে। অভয়বার্ ও হরিনারায়ণবাব্র শ্রীর ম্থে শুনিলাম—যতদিন গোঁদাই ঐ বাড়ীতে ছিলেন, জালার চাউল আর ফুরাইল না। ঠাকুর ১৫।১৬ দিন ঐ বাদায় থাকিয়া ঢাকা গেলেন। শ্রীমৃক্ত রাধালবার্ ঠাকুরকে নিজ বাড়ীতে নিয়া ঘাইতে থুব আগ্রহের দহিত অন্ধরোধ করিয়াছিলেন। ঠাকুর স্বীকার করিয়াছিলেন, আবার ধথন কলিকাতা আদিবেন, রাধালবারুর বাড়ী যাইয়া থাকিবেন। তাই, এবার স্থকিয়া খ্রীটে।

গ্রীমৎ রামকৃষ্ণ পর্মহংদদেবের কথা।

বেলা অবসানে অভয়বাবুর বাড়ী হইতে অকিয়া খ্রীটে আসিলাম। কিছুক্ষণ পরে গুরুভাতাদের লইয়া ঠাকুর আসিয়া উপস্থিত হইলেন। পরমহংসদেবের উৎসব থ্ব অলবরূপে সম্পন্ন হইয়াছে। বাসায় আসিয়া সকলেই পরমহংসদেবের মহিমা বর্ণন করিতে লাগিল। ঠাকুরও অনেক কথা বলিলেন। গয়াতে দীক্ষা গ্রহণের পর, ঠাকুর কলিকাতা আসিয়া বরাহনগর মনি মলিকদের বাগানে পরমহংসদেবের দহিত সাক্ষাৎ করেন। পরমহংসদেব ঠাকুরকে দেখিয়াই বলেন "একি! তোমার যে সর্ভলক্ষণ হ'য়েছে!" ঠাকুর তথন তাঁহাকে দীক্ষালাভের সমস্ত পরিচয় দেন। পরমহংসদেব শুনিয়া খ্ব আনন্দ প্রকাশ করিলেন। আর একবার ঠাকুর দক্ষিণেশ্বরে পরমহংসদেবের দর্শন-মানসে বান। পরমহংসদেব একটু অল্লম্ব ছিলেন। শিশ্রেরা ঠাকুরকে নিকটে ঘাইতে বাধা দিতে লাগিল। পরমহংসদেব তথন হাতে তালি দিয়া ঠাকুরকে ডাকিতে লাগিলেন। ঠাকুর সন্মুধে যাওয়ামাত্রেই পরমহংসদেব বলিলেন, "আহা! তোকে দেখে যে আমার হৃদ্পন্নটি ফুটে উঠ্ল!" এই বলিয়াই সমাধিস্থ হইলেন। একবার ঠাকুর পশ্চমাঞ্চলে বছ স্থান ঘ্রিয়া কলিকাতা আসিলেন। এক াদন



শ্রীশ্রীরামকৃষ্ণ পরমহংসদেব

शृष्टी ४२



পরমহংসদেবকে দর্শন করিতে দক্ষিণেখরে গেলেন। পরমহংসদেব ঠাকুরকে জিজ্ঞানা করিলেন—"এত তো ঘুরে এলি, কোথায় কি রকম দেখ্লি বল দেখি?" ঠাকুর কহিলেন—"কোথাও চার আনা, কোথাও আট আনা, কোথাও বার আনা, কোথাও চোদ আনাও দেখেছি, কিন্তু যোল আনা এখানে।" পরমহংসদেব শুনিয়া ভাবাবেশে জ্ঞানশূক্ত হইলেন।

রামকৃষ্ণ পরমহংদদেব দয়দো ঠাকুর লিখিলেন—একদিন পরমহংদদেব কেশববাবুকে দেখিয়া আদিয়া বলিলেন যে, "আজ কেশব আমাকে পূজা করেছে, কিন্তু ঘরের দরজা বন্ধ ক'রে, উহার লোকেরা পাছে টের পায়। তা দরজা বন্ধই থাক্বে।" কেশববাবু প্রকাশ্যে উঁহাকে গুরু বলিয়া স্বীকার করিলে, এতদিন সকলে উদ্ধার হইয়া যাইত।

ইহার পরে ঠাকুর আবার লিখিলেন—"কেশববাব্র মৃত্যুর এক মাস পূর্বেব তাঁহাকে দেখিতে গিয়াছিলাম। দেখিলাম, শরীর মৃতদেহের হ্যায় প্রভাহীন হইয়াছে। তজ্জ্য তঃথ প্রকাশ করিয়া বলিলেন—'গোঁসাই! যাহা ভাবিয়াছিলাম তাহা সম্পন্ন হইল না। পথহারা হইয়া ঘুরিয়া ঘুরিয়া যথন পথের সন্ধান পাইলাম বিলয়া আশা হইতেছিল, এমন সময় এই পীড়া।' আমাকে বলিলেন—'তুমি নাকি নৃতন মত অবলম্বন করিয়াছ?' আমি বলিলাম—'নৃতন পুরাতন বুঝি না। ভগবানকে লাভ করিব বলিয়া ব্রাহ্মসমাজে আসিয়াছ। এখন কত পরিবার ব্রাহ্মসমাজে, তখন কিছুই ছিল না। সুতরাং সামাজিক বাহিরের বিষয় লইয়া গোল করিছে আসি নাই। ভগবানকে পাইলাম ইহা প্রত্যক্ষ বোধ না হইলে কিছুতেই ফিরিব না, যে কোন উপায় ধরিতে হয় ধরিব। বাহিরের উপায় কিছুই নয়। মৃত্যুকালে আমি কৃতার্থ, আমার আশা পূর্ণ হইয়াছে, প্রভু তুমি সত্য—ইহা বলিয়া মরিব, এই আকাঙ্খা, আশীর্বাদ করুন।' কেশববাবু বলিলেন—'এ সম্বন্ধে আমার অনেক বলিবার আছে। যদি আরোগ্যলাভ করি তোমাকে ডাকাইব।' ছঃখের বিষয় তাঁহার লালাসংবরণ হইল।''

এঁড়েদহে ও সপ্তগ্রামে অস্বাভাবিকরপে মন্দিরের দার উদ্ঘাটন।

এক দিন ঠাকুর পরমহংদদেবের দলে ধর্মালাপ করিতে করিতে বলিলেন—'ভগবানের বিগ্রহাদি ও চিত্রপট, এখন ভাবশুদ্ধরাপে প্রায়ই অঙ্কিত হয় না।'' পরমহংদদেব শুনিয়া বলিলেন,—"তুমি, এতৈ দহে মন্দিরের বারান্দায় যে চিত্রপট আছে, তা দেখেছ ?" ঠাকুর বলিলেন "না।" পরমহংসদেব বলিলেন—"ঐ চিত্রপট খুব ভাবগুদ্ধরূপে আঁকা হ'য়েছে। এক সময়ে গিয়ে দেখে এস না ?"

ঠাকুর বলিলেন—"আপনি সঙ্গে ক'রে নিয়ে গেলে হ'তে পারে।" তখন পরমহংদদেব ষাওয়ার একটা দিন স্থির কবিয়া দিলেন। ঠাকুর ঐ দিন প্রমহংসদেবের সহিত এভেদহে উপস্থিত হইলেন। মন্দিরের সম্মুথে গিয়া দেখিলেন, দরজা বন্ধ। তথন উহারা বাহিরে থাকিয়া, ঠাকুরকে নমস্কার করিয়া সমীপবত্তী (মহাপ্রভুর সময়ের। একটি বৈষ্ণবের সমাধি দর্শন করিলেন। ঠাকুর ভাবাবেশে তথায় লুটাইতে লাগিলেন। পরে ঐ স্থান হইতে আদিয়া বিগ্রহের আদ্বিনার পাশে একখানা ঘরে বসিয়া রহিলেন। ঠাকুরকে ভাবাবেশে বিহ্বল দেখিয়া প্রমহংসদেব গান ধরিলেন। <mark>ঠাকুর ঐ সময়ে আঙ্গিনায় পড়িয়া গ</mark>ড়াইতে লাগিলেন। কিছুক্ষণ পড়িয়া থাকার পর ঠাকুরের বাহজান হইল। তথন তিনি বিগ্রহ দর্শনের জন্ম মন্দিরের নিকটে আসিলেন। দেখিলেন, তথনও **দবজা বন্ধ। পূজারী ভিতর দিক হইতে সম্মুথের দরজা বন্ধ করিয়া পশ্চাদ্দিকের দরজায় তালা বন্ধ** করিয়া চলিয়া গিয়াছেন। ঠাকুর দরজার সমূখে সাষ্টাঙ্গ হইয়া পড়িলেন। অক্সাৎ অমনি দরজাটি খুলিয়া গেল। সকলেই দেখিয়া অবাক! সকাবা সকলে মন্দিরের চতুদ্দিকে ঘুরিয়া দেখিলেন, অপর কোন দিকে দরজা খোলা আছে কিনা ? কিন্তু সকলেই মন্দিবের পশ্চাৎ দিকের দরজা তালাবন্ধ দেখিলেন। কিছুক্ষণ পরেই পূজারী আসিয়া দরজা খোলা দেখিয়া অত্যস্ত বিশ্বিত হইলেন এবং व्यमानी भाना পत्रभरःमानव ও ঠाकूरतव भनाम भवादेया नितन। भव्रभरःमानव वात्रान्ताव राष्ट्र स्नव চিত্রপটথানা ঠাকুরকে দেখাইয়া চলিয়া আদিলেন। এই প্রকার ঘটনা আর একবার বৈপাড়ায় **ट्रि**शिष्टिल ।

শ্রীধরের মুখে শুনিলাম—ঠাকুর একদিন মহেন্দ্রবার্, শ্রীধর প্রভৃতি গুরুলাভাদের লইয়া,সপ্তগ্রামে উন্ধারণ দত্তের পাটে, ষড়ভূজ মহাপ্রভূব বিগ্রহ দর্শন করিতে গিয়াছিলেন। পূজারী দূর হইতে উাহাদিগকে দেখিতে পাইয়া, ভিতর হইতে মন্দিরের দরজা বন্ধ করিয়া আদিনায় আদিয়া দাঁড়াইলেন। দরজা খুলিরা দিতে অমুরোধ করায় বলিলেন—"পাচ দিকা প্রণামী না দিলে, দরজা খুলিব না।" ঠাকুর পূজারীর জেদ দেখিয়া বলিলেন—"তা হ'লে দর্শন কর্ব না।" ঠাকুর আর কিছু না বলিয়া মন্দিরের আফিনায় সাষ্টাক হইয়া পড়িলেন। আক্রেগ্রের বিষয় এই—মন্দিরের দরজা তথন অক্সাৎ খুলিয়া গেল। ঠাকুর বলিলেন "মহাপ্রভূ দরজার পাশে দাঁড়ায়ে আমাদিগকে উকি মেরে দেখুছেন।" ভিতর হইতে খিল দেওয়া দরজা অক্সাৎ আপনা-আপনি খুলিয়া গেল দেখিয়া, পূজারী নিভান্ত অপ্রন্থত ইয়া পড়িলেন, এবং ভয়ে ও বিশ্বয়ে ঠাকুরের নিকট পুনঃপুনঃ ক্ষমা চাহিলেন। মহেন্দ্র মিত্র মহাশয়ও ঐ ঘটনা এই প্রকারই হইয়াছিল, বলিলেন।

ঠাকুরকে রামকৃষ্ণ পরমহংসদেবের শিখ্য বলিয়া রটনা করায় জনৈক শিখ্যকে ঠাকুরের শাসন।

শ্রীশ্রীরামক্লফদেবের মাহাত্ম্য বলিতে বলিতে ঠাকুরের সমবয়স্ক আমাদের একটি ব্রাক্ষগুরুলাতা বলিলেন-"গোৰামী মহাশয়ের যাহা কিছু লাভ হয়েছে সমস্তই রামকৃষ্ণ পরমহংসদেবের কুপায়। পরম-হংসদেবের নিকটেই উনি দীক্ষা নিয়াছেন। 'মান্স সবোবরের পর্মহংস পর্মহংস' যে উনি বলেন,ও কথা কিছু নয়। আমি তো বছকাল ওঁর দলে দলে। গয়াতেও দলে ছিলাম। মানস দরোবরের পরমহংদের নিকট দীক্ষা নিলে, আমি কি জানিতাম না ?" গুরুলাতা শ্রীযুক্ত মহেস্ত্রনাথ মিত্র মহাশয় এ সকল কথা শুনিষ্বা প্রাণে অত্যন্ত ব্যথা পাইলেন। তিনি ভাবিলেন, পর্মহংসদেবের,শিল্প বলিয়া যাঁহারা পরিচিত, তাঁহারা গোঁদাইকে নিজেদের দলভুক্ত বলিয়া প্রচার করিতেছেন। এখন গোঁদাইয়ের শিশুরাও যদি এরপ মিধ্যা কথা বলেন, তাহা হইলে গোঁদাইরের কথায় দাধারণের দন্দেহ আদিতে পারে। স্থতরাং এই বিষয়ে পরিছার মীমাংসা নিতান্তই আবশুক। এই ভাবিয়া মিত্র মহাশয় সকলের সাক্ষাতে ঠাকুরকে গিয়া সমন্ত কথা বলিলেন। ঠাকুর গুরুত্রাতাটিকে ডাকিয়া আনাইলেন এবং অত্যন্ত বিরক্তির সহিত বলিলেন---'মানস সরোবরের পরমহংসজীর নিকটে আমি দীক্ষা নেই নাই, রামকৃষ্ণ প্রমহংদের নিকটে দীক্ষা নিয়েছি,—একথা আপনি কোথায় পেলেন ? আপনি অত্যন্ত মিথ্যাবাদী। আপনি এখনই এখান থেকে চ'লে যান। আপনার মুখ দেখুতে নাই।"—সকলের সমক্ষে গুরুলাতাটিকে এই প্রকার অনেক কথা বলিয়া শাসন করাতে, গুরুত্রাতাটি অভিমানে দারুণ আঘাত পাইলেন এবং মেছুয়াবাজার খ্রীটে অভয়বাবুর বাসায় যাইয়া আশ্রম লইলেন।

আমার শালগ্রাম দম্বন্ধে ঠাকুরের কথাঃ শালগ্রাম পূজা।

শেষ বাত্রে উঠিয়া শৌচান্তে, গলায় ঘাইয়া স্নান, সন্ধ্যা, তর্পণ সমাধা করিয়া আসিতে ভোর হইল।
বান্তায় যাতায়াতে প্রায় হাজার গায়ত্রী জপ করিলাম। আজ একাদশী
২ংশে ভাত্র, ব্ধবার।
—হরিবাসর। ভগবানের নাম করিয়া দিনটি কাটাইব মনে করিয়া আনন্দ
ইল। গ্রাসান্তে নির্দিষ্ট সংখ্যা জপ করিয়া গলাজল তুলসীপত্র শালগ্রামকে অর্পণ করিতে লাগিলাম।
বেলা প্রায় ওটার সময় পূজা শেষ হুইল।

ঠাকুর আজ বেলা ওটার সময়ে অকস্মাৎ আসন হইতে উঠিয়া আমার শালগ্রামটি চাহিলেন। আমি উহা ঠাকুরের হাতে দিলাম। ঠাকুর শালগ্রামটি লইয়া বারান্দায় গেলেন। বামহন্তের তালুতে উহা রাখিয়া একদৃষ্টে উহার পানে ভাকাইয়া বহিলেন। পরে দক্ষিণ হস্ত উদ্ধে উত্তোলনপূর্ব্বক ভূড়ি দিতে দিতে "হরি বোল, হরি বোল" বলিয়া নৃত্য করিতে লাগিলেন। কিছুক্ষণ পরে শালগ্রামটি আমার হাতে দিয়া নিজ আসনে গিয়া বসিলেন। ঠাকুর একটু স্থিরভাবে থাকিয়া একখানা খাতায় লিখিয়া সকলের নিকট ধরিলেন। সকলে পড়িলেন—"ব্রহ্মচারীর শালগ্রামে স্থ্যুমগুল মধ্যবর্তী মহাবিফু, চারিদিকে ক্ষীরোদসমুদ্র, গলে বনমালা, কর্ণে কুণ্ডল।" অক্টম্বরে বলিলেন—"ভারতবর্ষে এইরূপে শালগ্রাম আর হু'টি আছেন; একটি কোন সাধুর নিকটে আর একটি নর্ম্মণার ভীরে। ইনি ক্ষীরোদার্ণবশায়ী অন্তভুজ মহাবিফু।"

ঠাকুর শালগ্রামের অনেক মাহাত্ম্য বলিলেন—ঠাকুর বলিলেন—'এটি বড় উৎকৃষ্ট চক্র।
এরূপ চক্র বড় ছল ভ। মহাবিষ্ণু ইহার ভিতরে থাকিয়া নিজের ভিতর হইতে
একটি একটি করিয়া দশটি অবভার প্রকাশ করিয়া আমাকে দেখাইলেন। দেখাইয়াই
আবার উহা ভিতরে নিলেন।''

ঠাকুরের কথা শুনিয়া আমি ভাবিলাম—এ আবার কি ় শালগ্রামের মধ্যে আমি তো একমাত্র গুরুদেবেরই পূজা করি। তিনি কি তবে মহাবিঞু! মহাবিষ্ণু তো অনস্তদেব। অনস্তদেব তো স্বয়ং ভগবান নন ? এই ভাবিয়া মনটি একটু উদিগ্ন হইল। তথন ঠাকুরের দিকে চাহিয়া দেখি ঠাকুরের রূপটি থুব স্থলর গৌরবর্ণ হইয়াছে। মনে হইয়াছিল, গৌরাদপ্রভূই স্বয়ং ভগবান। নিত্যানন্দই অন্ত। শালগ্রামে বুঝি গৌরাক নাই। গুরুদেব বুঝি নিত্যানন্দ প্রভূ। আমার এই সন্দেহ দুর করিবার জন্ম বোধ হয় ঠাকুর গৌর হইলেন। এমন স্থন্দর গৌরবর্ণ ইতিপূর্ব্ধে কথনও ঠাকুরকে দেখি নাই। আর আর দিন ঠাকুর আমার দিকে বাম পার্খ রাখিয়া এমনভাবে বদেন যে, ঠাকুরের শ্রীঅঙ্কের বামদিকই মাত্র আমার দৃষ্টিতে পড়ে; কিন্তু অভ দেখিলাম, ঠাকুর আমার দিকে মুখ করিয়া সোজা হুইয়া বসিয়া আছেন এবং সময় সময় আমার পানে সরল স্লিগ্ধ দৃষ্টি করিতেছেন। ঠাকুর আমাকে বলিয়াছিলেন—"গুরুর চক্ষুতে বা ভ্রুদ্বয়ের মধ্যে দৃষ্টি রাখিও।" ঠাকুর আড় হইয়া বদাতে তাঁহার সমস্ত ললাট বা চকুর্ব য় দেখিতে পাইতাম না ; এজন্ম অন্ত সকালে ঠাকুরকে সাম্নাসাম্নি দেখিতে মনে মনে প্রার্থনা করিয়াছিলাম। ঠাকুর বৃঝি তাহাই মনে করিয়া এখন আমার আশা পূর্ণ করিলেন। শালগ্রাম মধ্যে আমি গুরুদেবেরই পূজা করি। মহাবিষ্ণু, জিফু, আমি বুঝি না। ঠাকুর শালগ্রামে স্বয়ং আমার পূজা গ্রহণ করেন কি না, পরিস্কার বৃঝিবার জন্ম, অভ আমি ফুল-তুলদী ঠাকুরের শ্রীচরণোদ্ধেশে শালগ্রামে অর্পণ করিতে করিতে মনে মনে বলিলাম—'ঠাকুর! বান্তবিকই যদি তুমি ইহার ভিতরে থাকিয়া আমার পূজা গ্রহণ কর, তবে এই তুলদী তোমার চরণে দিতেছি, তুমি যে ইহা পাইলে তাহা আমাকে জানাও'। এই কথা বলিয়া তুলদী দেওয়ামাত্র, ঠাকুরের দিকে চাহিয়া দেখি, ঠাকুর চঞ্চলদৃষ্টিতে শালগ্রামের দিকে তাকাইয়া তাকাইয়া থপ করিয়া নিজের পদার্গুষ্ঠ দক্ষিণ করে

ধরিলেন এবং বাম করে করন্ধ হইতে জল লইয়া শালগ্রামের পানে দৃষ্টি স্থির রাখিয়া, দক্ষিণ পদাসুষ্ঠ ছু'তিন বার ধুইয়া ফেলিয়া আবার চক্ষ্ বুজিলেন। আমি পদাসুষ্ঠেই তুলদী দিয়াছিলাম। তুলদী দেওয়ার দময়ে আমার চক্ষে জল আদিয়াছিল। মনে হইতেছিল—ঠাকুর যেন আমাকে আশীর্কাদ করিলেন।

কেহ জিজাদা করিলেন—ভিন্ন ভিন্ন শালগ্রাম পৃজায় কি একই ফললাভ হয় ? শালগ্রাম পৃজায় কি ওকই ফললাভ হয় ? শালগ্রাম পৃজায় কি উপকার হয় ? ঠাকুর লিখিলেন—"সত্ত্ব, রজঃ, তমঃ মহুয়োর এই তিন গুণ। এই তিন গুণের সঙ্গে প্রত্যেক শালগ্রাম চক্রের মিলন আছে। যে চক্রের সহিত সাধকের অধিক মিল, সেই চক্র সম্মুথে রাখিয়া পূজা করিলে, ব্রহ্মশক্তির প্রকাশ দেখা যায়।"

নিরমু একাদশীর নিয়ম ও ফল।

সন্ধ্যার একটু পূর্ব্বে ঠাকুর আকার-ইঙ্গিতে আমার সহিত আলাপ আরম্ভ করিলেন এবং একাদশী নিরম্ব করি বলিয়া খুব সম্ভষ্ট হইলেন। পুন:পুন: সম্মেহদৃষ্টিতে আমার দিকে তাকাইয়া খুব উৎসাহ দিতে লাগিলেন। হরিছারে নিরম্ব একাদশী করিতে বহু চেষ্টা করিয়াও পারি নাই, তাহা ঠাকুরকে বলায়, ঠাকুর বলিলেন—"তাতে কোন ক্ষতি হয়নি।" জনৈক গুরুত্রাতা জিজ্ঞানা করিলেন—'একাদশী করায় যথার্থই কি কোন ফল হয়?'

ঠাকুর বলিলেন—প্রকৃতরাপে একাদশী কর্তে পার্লে তার ফল পাওয়া যায়।
প্রকৃতরাপে একাদশী কর্তে হ'লে পূর্বিদিনে সংযম কর্তে হয়। একাদশীর
দিনে নিরম্ব্ থাক্তে হয়। তার পরদিন পারণ কর্তে হয়। কিন্তু একাদশী
কর্তে প্রথম প্রথম ত্'একবার কষ্টবোধ হয়। পরে অভ্যাস হ'য়ে গেলে
থ্ব আমোদ বোধ হয়। একাদশীর ত্'রকম উপকার। প্রথমতঃ, অনেক দিনের
ম্যালেরিয়া ইত্যাদি জরের এবং অভ্যান্ত অনেক রোগের উপকার হয়। দ্বিতীয়তঃ,
মনের সঙ্গে শরীরের এবং শরীরের দঙ্গে তিথি-নক্ষত্রের যোগ থাকাতে, একাদশীতে
নাম সাধন-ভজন কর্তে বেশ মনোনিবেশ হয়। একদশীর দিন জল খেতে
হ'লে গাছ থেকে ছি'ড়ে নিয়ে ফল খাওয়া উচিত নয়। ডাব-নারকেল বা অভ্যান্ত
ফল থাওয়া ভাল নয়। বেল একটু ভাল, কিন্তু তাও প্রশন্ত নয়। পাহাড়ে ফুটি,
শিক্ষাড়া ভাল—তা খুব হাল্কা ও কোষ্ঠ-পরিক্ষারক। অতি অল্প জল খেতে হয়।
স্মান্ত ও বৈষ্ণব ছ'মতের একাদশীর উপবাস। গৃহীদের দশমী-বিদ্ধ একাদশী অর্থাৎ
স্মান্ত মতে করা ভাল। ভেকধারী বৈষ্ণবেরা দ্বাদশীযুক্ত একাদশী করেন। শান্তিপুরের

গোস্বামী মহাশয়েরা প্রথমোক্ত একাদশী করেন এবং স্মৃতিমতে চলেন। নিত্যানন্দ বংশের গোস্বামীরা বৈষ্ণবমতে একাদশী করেন।"

মুক্তি, পরলোক, গ্রাদ্ধ-তর্পণ ও রুগ্ণাবস্থায় অলোকিক দর্শনাদি বিষয়ে প্রশ্নোত্তর।

আজ বহুলোক আদিয়া হ্লঘর পরিপূর্ণ করিয়া বদিল। অনেকে ঠাকুরকে অনেক প্রশ্ন করিলেন। ত্রুপ্রে চ্পানিটি কথা লিখিয়া রাখিতেছি। একজন প্রশ্ন করিলেন—'বাহারা মৃক্ত হ'ন তাঁহারা আবার সংসারে আদেন কি?' ঠাকুর লিখিলেন—'মৃক্তি অনেক প্রকার। স্থূল হইতে স্ক্র্ম এবং স্ক্র্ম হইতে কারণ-দেহ। বাসনা লয় হইলে স্থূল-দেহের লয় হয়, কিন্তু স্ক্র্ম এবং কারণ-দেহ থাকে। স্ক্র্মদেহ যে যে বাসনা দারা উৎপন্ন হয়, তাহা লয় হইলেও কারণ-দেহ থাকে। সমস্ত বাসনার একেবারে নির্ত্তি না হইলে কারণ-দেহের লয় হয় না। এই কারণ-দেহের লয়েই সম্পূর্ণ মৃক্তি। কারণ-দেহের বিনাশ না হওয়া পর্য্যন্ত নির্বিল্ন অবস্থায় পর্যন্ত পারে। কারণ-দেহ গেলেই সে সর্ব্বদা সচিদানন্দের আনন্দ-সাগরে ডুবিয়া যায়। সেখানে স্বর্ব দাই তার ভগবানের লীলা দর্শন হইয়া থাকে। ইহাকে গোলকধান-কৈলাস বলে। নাম করিতে করিতে প্রকৃতই এসব অবস্থা লাভ হয়।

শাস্ত্রকর্তারা মুক্তিলাভ বিষয়ে কি সুন্দর নিয়মই করিয়া গিয়াছেন! গয়ায় পিওদানে লোকের উপকার হয়। যাহার এ সম্বন্ধে কোন সংস্কার নাই, তাহার উপকার না হইতে পারে। বিশ্বাস অনুরূপ কার্য্যই উপকারী। গয়ায় পিও দিলে উপকার হয়, তাহা প্রত্যক্ষ হইয়াছে। চেহারা পর্যান্ত বদল হইয়া যায়। স্ক্র্ম দেহের দর্শনে পুষ্টি হয়, স্থুল দেহের আহারে পুষ্টি হয়; কারণ-দেহ কেবল লোকের শুভ ইচ্ছায় পুষ্টিসাধন করে। এখানে পুষ্টি শব্দে সন্তোষ বৃন্ধিতে হইবে। গয়ায় পিও,—দেখিয়া স্ক্র্মদেহের বাসনা নিবৃত্তি হইয়া থাকে। কেবল মনের শুভ ইচ্ছা হইতে কারণ-দেহের নাশ হইয়া থাকে।

জিজ্ঞাসা করা হইল—এই সাধন ঘাহারা লাভ করিয়াছেন, তাঁহাদের সকলেরই কি উপকার হইতেছে? – তাঁহাদের সকলেরই মুক্তিলাভ হইবে?

ঠাকুর নিখিলেন—"সকলেই উপযুক্ত সময়ে এই সাধন পাইয়াছেন; তাহাতে সন্দেহ নাই। দীনহীন কাঙ্গাল বলিয়া বোধ হইলে, দীনবন্ধু দয়া করেন। অভিমানী দয়ার পাত্র নহে। বাহিরের উয়তি প্রকৃত উয়তি নহে। প্রত্যেকেই কোন-না-কোন সময়ে এ সাধনের উপকারিতা অকুতব করিবে। জন্মান্তরের অবস্থার উপর ইহা নির্ভর করে। কার্য্য করুক আর নাই করুক, ভিতরে যে বীজ পড়িয়াছে, তাহাতে সময়ে অবশ্যই ফললাভ করিবে। পূর্বের যে পাপ অতি সহজে করা গিয়াছে, তাহাতে যদি এখন বোধ হয় যে, কে যেন বাধা দিতেছে, তাহা হইলেই বুঝিতে হইবে যে, এ সাধনে তাহাকে ধরিয়াছে। পূর্বের যে সকল শুভ ইচ্ছা ছিল না, তাহা যদি এখন হইয়া থাকে, তাহা হইলেও উহা সাধনের ফল বুঝিতে হইবে। এমন কোন কল-কৌশল নাই যে, হাতে হাতে মুক্তি হইবে।"

একজন গুরুলাতা বলিলেন—পিতৃলোকে সকলেরই কি ষাইতে হয় ? ঠাকুর—"ঘাহাদের কর্মা আছে, তাহাদেরই পিতৃলোকে যাইতে হয়।"

প্রশ্ন—যাহাদের গয়াতে পিও দেওয়া হইয়াছে, তাহাদের আর শ্রাদ্ধের প্রয়োজন আছে কি ?
ঠাকুর—"যাহাদের গয়াতে পিওদান যথাবিধি হইয়াছে, তাহাদের পুনরায় শ্রাদ্ধ মাটিতে
জল ঢালার আয়।"

প্রশ্ন—তবে তর্পণকে নিত্যকর্মের মধ্যে ধরেছে কেন?

ঠাকুর—"নিত্য তর্পণের কথা ভিন্ন; উহা অবশ্যকর্ত্ব্য। প্রত্যেক বংশে এক একজন ক'রে পিতৃদেবতা আছেন। এই তর্পণ করাতে তাঁদের তৃপ্তি হয়। সকলেরই তর্পণ করা বিশেষ প্রয়োজন।"

প্রশ্ন–মৃত্যুর পরে ভূত কাহারা হয় ?

উত্তর—"অনেক দিন রোগে ভুগিতে ভুগিতে একটি অবিশ্বাস জন্ম। সাধারণতঃ তাহারাই ভূতযোনী প্রাপ্ত হয়।"

একটি গুরুত্রাতার অত্যন্ত কঠিন পীড়া হইয়াছিল। সেই সময়ে তাহার কতকগুলি অলোকিক অবস্থা হইয়াছিল। তাহা ঠাকুরকে বলায় ঠাকুর লিখিলেন—"পূর্বর্ব শরীরের পুরাতন প্রমাণু পরিবর্ত্ত নের সময়ে নানাপ্রকার অবস্থা হয়। এই সময়ে কোন কোন দেহে, জ্বর-বিকার, কোন কোন দেহে উদরি, কোন দেহে নিউমোনিয়া, এইরূপ অবস্থা হয়। প্রালয় হইতে স্প্তি, সৃষ্টি হইতে প্রলয় যাহা হইবে তাহা প্রত্যক্ষ হয়। বেদ, পুরাণ,

विकृत्यम सम्बद्धाः।

et e strang. De magenesterana unteratar a na ambuta afec a महोद्दे हुंद स मधाव चाम बामब वहेंदर मा वह न सामा चन १० मामित विमान मु STOR HIS WHO SHE STORE WILL GOOD THEF WAS "THE REPORT OF THE CONTRACTOR WHEN GITT STAS SHE GODE SP. Dr. WER, a land of forging stages, and tage sequesting at a grates since where it is a pro-मात्र मात्र वर्ष देश वृष्टात मात्राच मात्र वत्र प्रवृत्त वृत् वृत्य है. that ye lo go or the go is a true to or by a military to a sin which san end granted and others for more ordered and the sand ent als open seems a game a st tales of classes a s क्षा के मिलित के विकास के देवां की अपने के देवां की अपने के किया है। उन्हें के देवां की कार्या की किया की किया delicated and the died and all the second ear start and wife eight and it come to a contract. aging a gad cool care a rote or a material professor a a record 医水水 化工作工工程中的中央 化原 医阿拉斯氏 建氯化铝矿 医原生 医一种医心管膜炎 grigt an all aufwar wints of their main to be fait for to a contract to the state of t

1 2 64 521 1 417 84 63 105 miles 1

q , a que la forma e la completa de la respecta de la completa del completa de la completa de la completa del completa de la completa del la completa del la completa de la completa del la completa de la completa de la completa de la completa de la completa del la compl

THE RESIDENCE OF THE PROPERTY OF THE PROPERTY

দেখা যায়। দিবা নিদ্রা বিশেষ অপকারী—ভাহাতে বৃদ্ধিনাশ ও সাধনের অনিষ্ট হয়। রাত্রিতেও নিদ্রা বেশী উচিত নহে। বসিয়া সাধন করিবার সময়ে, কিছুক্ষণ পরে আলস্য তন্দার আবির্ভাব হয়,—তাতে কিছু অপকার করে না। এরূপ বসিয়া বসিয়া যোগনিদ্রায় অনিষ্ট হয় না। তখন অনেক তত্ত্ব প্রকাশিত হয়,—দর্শন প্রভতিও হয়। তবে, জোর করিয়া এরপ করিবে না। যদি কেহ কখনও কোন স্বপ্নে কোনও তত্ত্বাভ করেন, তাহা কি প্রকাশ করিতে আছে ? যে বলে এবং যে শুনে—উভয়েরই অনিষ্ট। স্বপ্নে কোন আশ্চর্য্য কিছু দেখিলে, গুরু সম্বন্ধে কোন শক্তির কিছু প্রকাশ দেখিলে, তাহা প্রকাশ করা উচিত নহে। সব কথাই কি ঢাক-ঢোল লইয়া বাজারে বলিয়া বেডাইতে হইবে ? ঘতটুকু বিশ্বাস করিবে, ভতটকু ফল পাইবে। ভগবান নিজে আদিয়াও যদি বলেন, 'আমি ভগবান আসিয়াছি' তাহা হইলেও সন্দিগ্ধ আত্মা সে কথা বিশ্বাস করিয়া উঠিতে পারে না। স্বপ্নের কথাই যদি বিশ্বাস করিত, তবে এতদিনে সকলে উদ্ধার পাইত। কেহ কিছু বিশ্বাস করে না। পূর্বের অনেকানেক স্বপ্ন দেখান হইত। দেখিতে পাই, কেহ কিছু বিশ্বাস করে না। এজন্য এখন আর দেখান ঠিক মনে হয় না। বিশ্বাসের কেহ কিছু পাইলে, তাহা প্রকাশ করিলে অবিশ্বাস আসে; এবং তজ্জ্য ভূগিতে হয়। স্বপ্নে কেন, প্রত্যক্ষ দেখিয়াও কেহই কিছু বিশ্বাস করিতেছেন না, বলিলেও বিশ্বাস হয় না।"

দেব দেবী কল্পনা নয়ঃ সাধনের সপ্ত দোপান ঃ ত্রিবিধ কর্মঃ উদ্ধারের উপায়।

ঠাকুরকে সকলে জিজ্ঞাসা করিলেন,—'কালী, ঘুর্গা প্রভৃতি কি কল্পনা, না, সত্য সত্যই কিছু ?'
ঠাকুর লিখিলেন,—"এ সমস্ত কিছুই কল্পনা নহে। সাধনের অবস্থার সঙ্গে সঙ্গে
প্রকাশিত হয়। প্রত্যেক সাধকেরই তিনটি অবস্থার ভিতর দিয়া ঘাইতে হয়।
প্রথম ব্রহ্ম, দ্বিতীয় আত্মা, তৃতীয় ভগবান। প্রথমাবস্থায় মনুষ্যু সমস্তই ব্রহ্মময়
দর্শন করেন,—সর্বব্রেই ব্রহ্ম-স্কৃত্তি হয়। দ্বিতীয় অবস্থায় সে দেখিতে পায় যে,
সে কোন এক অনির্বিচনীয় শক্তিদ্বারা চালিত হইতেছে। তাহার প্রত্যেক অঙ্গপ্রত্যঙ্গ পর্যান্ত সেই শক্তিতে ব্যাপ্ত এবং চালিত হইতেছে। ইহার পরেই ভগবৎ

দর্শনের অবস্থা লাভ হয়। তখন ব্রহ্মের লীলা দর্শন হইতে থাকে; — কালী, তুর্গা প্রভৃতি সমস্ত দেবতা প্রভাক্ষ হয়, — রামকৃষ্ণ প্রভৃতি অবতারগণ দৃষ্টিগোচর হন। সমস্ত ঋষিগণ এবং কলিযুগে শাক্যসিংহ প্রভৃতি অবতার ও সাধকগণ ইহার প্রমাণ দিতেছেন। ইহা জল্পনা-কল্পনা নহে।"

প্রশ্ন—'মমুস্থ-জন্ম গ্রহণ করিয়া জীব কি প্রকারে ক্রমোন্নতি লাভ করে ?'

ঠাকুর লিখিলেন—"নৃতন মনুষ্য জন্ম—তাহারা কৃকি, ভীল প্রভৃতি নিরক্ষর বস্ত লোকের মধ্যে দশ জন্ম পর্যান্ত অবস্থিতি করে;—পরে নিকটবর্ত্তী লোক-সমাজে জন্মগ্রহণ করে। এইরূপ অনেক জন্ম পরে তত্ত্বজ্ঞানের বিকাশ হইতে থাকে। বিষয়জ্ঞান প্রথম জন্ম হইতেই লাভ হইতে থাকে। মনুষ্যের মধ্যে জড়ত্ব, বৃক্ষত্ব, জাবত্ব, মনুষ্যত্ব, দেবত্ব, একত্ব ও রস।—মনুষ্যের এই সমন্ত সোপান, অথবা সপ্ত ভূমি। যেরূপ ক্ষুদ্র বটবীক্র হইতে প্রকাণ্ড বটবৃক্ষ প্রকাশিত হয়; মনুষ্যাত্মা সেইরূপ প্রথম প্রথম সপ্তসোপান আরোহণ করিয়া, 'রসোবৈ সঃ' এই শব্দ সবর্ব দা গান করে।

প্রশ্ন—সঞ্চিত ও ক্রিয়মান কর্ম কাহাকে বলে? কি উপায়ে এই সকল কর্ম কাটাইয়া জীব উদ্ধার হয় ?

ঠাকুর—"চৌরাশি লক্ষ যোনী ভ্রমণ করিয়া একবারই মগুয়ু হয়। সেই জন্ম যে কর্মা করে তাহাকে প্রারন্ধ, সঞ্চিত, বর্তমান বলে। এই ত্রিবিধ কর্মা শেষ করিতে অনেকবার জন্ম মৃত্যু হয়; তাহা মানব জন্মের ঘটনা মাত্র। এইরূপ কর্মাফল ভোগ করিতে করিতে স্থূল, স্ক্র্মা, কারণ,—এই ত্রিবিধ দেহ নষ্ট হইয়া মায়া হইতে মুক্ত হয়। মহুয়ু জন্ম পাইয়া যদি ভগবানের ভজন পূজন না করে—তবে পুনবর্বার অধোগতি আরম্ভ হইয়া পুনঃ চৌরাশি লক্ষযোনী ভ্রমণ করিতে থাকে। মহুয়ু জন্ম পাইয়া যদি একবার ভগবানের নাম শুনার মত শুনে ও বলার মত বলে, ডাকার মত ডাকে, অর্থাৎ যেমন শিশু মা শব্দ শুনে, মা বলিয়া ডাকে, তাহাতে মা শিশুর নিকট দৌড়িয়া আবেন।"

শালগ্রানে ধ্যান রাথিতে আদেশ—না পারায় চাকুরের ভরদা দান।

গত কল্য শালগ্রাম পূজার সময়ে একবার ঠাকুরকে জিজ্ঞাস। করিয়াছিলাম,— ধ্যানটি কোণায় রাখিব ? ঠাকুর বলিলেন,—''শালগ্রামে।'' এতকাল আমি নাভিম্লে ধ্যান করিয়া আসিয়াছি।

এখন আমার ইচ্ছা হয়, সময়ে সময়ে হদয়ে ধ্যান করি। যাহাতে হদয়ে ধ্যান করিতে অমুমতি পাই, ভাহারই অভিপ্রায়ে প্রশ্ন করিয়াছিলাম ৷ শালগ্রামে ধ্যান রাধার কথা শুনিয়া, আজ ভাহা চেটা করিতে লাগিলাম। কিন্তু কোন প্রকারেই চিত্ত নিবেশ করিতে পারিলাম না। বারংবার আপনা-আপনি অজ্ঞাতদারে নাভিচকে ধ্যান আদিতে লাগিল। বারংবারই আবার শালগ্রামে মন স্থির ৱাধিতে চেষ্টা করিতে লাগিলাম। এই প্রকারপুন:পুন: চেষ্টায় অতিশয় খাস্ত ও বিরক্ত হইয়া পড়িলাম। প্রায় দেড় ছুই ঘণ্টা এই প্রকার চেষ্টা যত্নেও শালগ্রামে ধ্যান রাখিতে অসমর্থ হওয়ায়, ঠাকুরের উপর ক্রোধ জ্মিল। ধ্যান-ধারণা, পৃজা-অর্চনা কিছুই হইল না। মনে হইতে লাগিল যেন ভিতরের একটা নাড়ি ছি ড়িয়া গেল। এ সময় এক একবার ভিতরের অসহ জালায় ও বিরক্তিতে কায়া আদিয়া পভিল। কখনও বাধ্যান ছাজিয়া চুপ করিয়া রহিলাম। মনে করিলাম চুপ করিয়া বিদিয়া থাকিয়া ঠাকুরের নিকট যা' তা' কল্পনা করিব। ঠাকুরকে না ভাবিয়া, দহজে যাহা ভাবিতে পারি শালগ্রামে তাহাই ভাবিব। ঠাকুর যেমন আমার অন্তরের বস্তু লইয়াছেন, ঠাকুরকেও আমি তেমনই স্থানম্রট করিব,—তাঁহার আদনে স্থীমৃত্তি বদাইব,—শিলাচক্র হইতে ঠাকুরকে দরাইব। আবার মনে হইল, এত গোলমালের প্রয়োজন কি ্ শালগ্রামটিকে একটা আঘাতেই চুরমার করিয়া ফেলি না কেন ? এই ভাবিয়া অসহ যন্ত্ৰণায় অস্থির হইয়া, দাঁত কড়মড় করিতে লাগিলাম; এবং **হবিদাবের পাথবটি হাতে লইয়া ঘা মারিতে উন্তত হইলাম।** কিন্তু ভিতরে অকস্মাৎ বাধা পাইয়া বিরত হইলাম। তথন ভাবিলাম, ঠাকুরকে জিজ্ঞাদা করা যাউক্ – 'হাদয়ে বা আবার নাভিতে ধ্যান করিতে পারি কি না ? শালগামে ধ্যান আমা দারা হইবে না। এই সময়ে ঠাকুর মিশ্ব দৃষ্টিতে আমার পানে তাকাইলেন। আমার চক্ষ্রক্তবর্ণ ও ভিতরের জালায় মাধা অত্যস্ত গ্রম হইয়াছিল। মাধায় যন্ত্রণা এবং দর্কে শরীর 'ছন্ ছন্' করিতেছিল। ঠাকুর আমার দিকে স্নেহ-দৃষ্টি করিয়া আমাকে কথা বলার অবদর দিলেন। আমি অন্ধ কালার স্বরে বলিতে লাগিলাম—বিস্তর চেটা করিয়াও আমি শালগ্রামে ধ্যান রাখিতে পারিতেছি না। শালগ্রামে ধ্যান রাখিতে না পারায় আজ আমার পূজা হুইল না। দিনটা আমার বুণা গেল মনে হুইভেছে। আর নাভিচক্রে ধ্যান ছাড়িয়া, শালগ্রামে ধানের চেষ্টায় যেরূপ কট পাইয়াছি, — জীবনে এমন কট কখন পাইয়াছি বলিয়া মনে হয় না। আমার মনে হয় ষেন প্রাণের একটা বস্তু আপনি ছি ডিয়া নিয়াছেন।

ঠাকুর বলিলেন—"প্রথম প্রথম শালগ্রামে ধ্যান রাখ্তে পার্বে কেন ? শালগ্রামে ধ্যান করার অবস্থা অনেক পরে হয়। শালগ্রামে ধ্যান কর্তে না পার্লে ভিতরেই ধ্যান ক'রো। শালগ্রামে ধ্যান করার চেষ্টা ধীরে ধীরে কর্তে কর্তে পরে ক্রমে ঠিক হ'য়ে যাবে।" একটু পরে ঠাকুর লিখিলেন—"শালগ্রাম পূজা বড় কঠিন। কারণ মূলাধার প্রভৃতির কেবল একচক্রে সহজে মন স্থির করা যায়, কিন্তু শালগ্রাম চক্রে মন স্থির


করা সহজসাধ্য নহে। সাধক দৃষ্টি সাধন অর্থাৎ যোগ অভ্যাসের পর শালগ্রাম চক্র ভেদ করিতে পারিলে, এই ক্ষুদ্র প্রস্তরখণ্ড মধ্যে অসীম ব্রহ্মাণ্ড প্রকাশিত হয়। তখন প্রভ্যেক প্রমাণুতে বিফু দর্শন করা যায়। এই কারণে প্রাচীন কাল হইতে ব্রাহ্মণগণ শালগ্রাম চক্র পূজা ও ধ্যান করিয়া আদিতেছেন।"

ঠাকুরের এই সকল কথা শুনিয়া আমি স্কুস্থ হইলাম। স্কুদয়ে বা দেহস্থ অন্ত কোন চক্তে ধ্যান করা অপেক্ষা শালগ্রামে ধ্যান করা উৎকৃষ্ট, শ্রেষ্ঠ ও শক্ত জানিয়া, শালগ্রামেই ধ্যান ধ্যন করিতে পারি এই ইচ্ছা হইল। কিন্তু ইচ্ছা হইলে কি হইবে ? চেষ্টা-সাধ্যে তো কুলায় না।

চাকুরের দয়ায় শালগ্রামে ধ্যান ও তাহাতে আনন্দ।

অত মধ্যাহে শালগ্রাম পূজার সময়ে একবার ভাবিলাম, ধ্যানটি কোথায় রাখি! শালগ্রামে ধ্যান রাখা তো হয়ই না, কিন্তু উহাই নাকি উৎকৃষ্ট। স্কুতরাং নাভিচক্রে ধ্যান করিলেও, সময় সময় ছু'পাঁচ মিনিটের জন্ত শালগ্রামেও দৃষ্টি করিব। তারপর ঠাকুর ধর্বন হয় করাইয়া २ ८८ म छोज । দিবেন। আমার চেষ্টা-যত্নে কিছুই হইবে না। এই স্থির করিয়া শালগ্রামকে প্রণামান্তর, উহাতে যেন ধ্যান রাখিতে পারি, ঠাকুরের চরণে মনে মনে প্রার্থনা করিয়া শালপ্রামে দৃষ্টি করিলাম। এই সময়ে গুরুদেবের আশ্চর্য্য দ্যা দেথিলাম। ঠাকুরকে শালপ্রামে একবার ভাবিয়া, যেমনই উহাতে ধ্যান রাখিতে চেটা করিলাম, ঠাকুরের অপরিশীম রূপায় উহাতে থেন নিবিষ্ট হইয়া পড়িলাম; — চক্ষু আর অক্সদিকে আনিতে পারিলাম না। মনটি শালগ্রামের ভিতরে ঠাকুরের রূপে আবদ্ধ হইয়া পড়িল ;—অত্য কোন দিকে টলিল না। একইভাবে তিনটি ঘণ্টা আমার কাটিয়া গেল। আমি এই অবস্থা দেখিয়া একেবারে অবাক হইয়া গেলাম। নাভি বা হৃদয়ের দিকে সময় সময় তথন ইচ্ছা করিয়া দৃষ্টি দিতে লাগিলাম ; কিন্তু দেখিলাম, তাহাতে আর ভাল লাগে না। শালগ্রামেই অধিক আনন্দ। বুঝিলাম ঠাকুর প্রত্যক্ষভাবে দয়া করিলেন। কল্য যেভাবে ধ্যানের চেষ্টায় আমার মাথা ধরিয়াছিল, শরীর গরম ও মন অত্যস্ত উদ্বেগে অস্থির হইয়াছিল, আৰু অনায়াদে আপনা-আপনি তাহা হইয়া গেল; কোন চেষ্টাই করিতে হইল না। ইহা কি কম আশ্চর্য্যের বিষয়? আমি ঐ স্ময়ে ঠাকুরের চরণে নমস্কার করিয়া মনে মনে একাস্কভাবে বিশ্বাস ও প্রেম প্রার্থনা করিতে লাগিলাম। ঠাকুরের পাশে বদিয়া শালগ্রামে ঠাকুবের পূজা—এ যে কত আনন্দ, তাহা বলিতে পারি না। পূজার সময়ে ঠাকুর আমার পানে সময়ে সময়ে আড়চোথে তাকাইতে লাগিলেন। সে সময়ে ঠাকুরের চোথের ও মুথের যে কি শোভা ভাহা প্রকাশ করা যায় না। কথন কথন ত্'এক সেকেণ্ডের জ্যু চোথে চোথ পড়াতে আমি একেবারে মুগ্ধ হইয়া পড়িলাম! আমি উচ্ছ্যুস কোন প্রকারে চাপিতে পারিলাম বটে কিন্তু অঞ্চনীরে ভাসিয়া ষাইতে লাগিলাম।

এইভাবে ৩টা পর্যান্ত পূজা করিয়া ভাগবত পাঠ আরম্ভ করিব উল্লোগ করিতেছি, ঠাকুর ইন্দিতে আমাকে বলিলেন—"শালগ্রাম পূজা শেষ হ'লে তুমি স্তব পাঠ কর না ? নমস্কার মন্ত্র প'ড়ে শালগ্রামকে নমস্কার কর না ?'' আমি কহিলাম—এখানে উচ্চৈ:স্বরে ন্তব পড়িতে আমার দক্ষোচ বোধ হয়। ঠাকুর বলিলেন—"শালগ্রাম পূজা ক'রে উচ্চৈঃস্বরে স্তব পাঠ ক'রো, আর নমস্কার মন্ত্র প'ড়ে শালগ্রামকে নমস্কার ক'রো, এতে সঙ্কোচ ক'রো না।" শালগ্রাম পূজার পর মনে মনে 'নমন্তে সতে তে' ইত্যাদি তত্ত্ব আমি প্রতিদিনই পড়িয়া থাকি. কিন্তু নমস্বার মন্ত্রটি অনেক সময় মনে থাকে না। আমার মনে হইল উহা পড়িয়া শালগ্রামকে নমস্বার করিতেই ঠাকুর আমাকে ইন্দিত করিলেন। হরিদারে যাওয়ার পূর্বের ঠাকুর গেণ্ডারিয়ায় একদিন একটি নমস্কার মন্ত্র স্বহন্তে লিখিয়া আমাদিগকে দিয়া বলিয়াছিলেন—"রাত্র শয়নকালে এবং ঘুম হতে উঠ্বার সময়, সাধন কর্তে ব'সে এবং সাধনের পর উঠ্বার সময় ভগবানকে স্মরণ ক'রে এই মন্ত্র প'ড়ে নমস্কার ক'রো। ভগবংবৃদ্ধিতে যেখানে যথন নমস্কার কর্বে এই মন্ত্র প'ড়ে ক'রো। ভগবানের অন্তর্দ্ধানকালে বিশ্ব-ব্রহ্মাণ্ডের ঋষি মুনি দেবদেবী প্রভৃতি যাবতীয় প্রাণী এই মন্ত্র প'ড়ে ভগবানকে নমস্থার ক্রেছিলেন। এই মন্ত্র প'ড়ে ভগবানকে নমস্কার কর্লে-সেই নমস্কার ভগবানের চরণে পৌছাবে এরপে বর আছে।" এই বলিয়া ঠাকুর স্বহন্তে লিখিত নম খার মন্ত্রটি আমাদিগকে দিলেন এবং গুরুজাতাদের দকলকে ইহা জানাইতে বলিলেন। মন্ত্রটি এই:—



আমি মন্ত্র পড়িয়া শালগ্রামকে নমস্কার করিলাম।

চারিদার রক্ষার উপায়।

অপরার ৪টার সময়ে গুরুলাতারা আদিয়া ক্রমে ক্রমে হলঘরটি পরিপূর্ণ করিলেন। বাহিরেরও অনেক লোক আদিলেন। তাঁহারা ঠাকুরকে জিজাদা করিলেন—যে দকল ইন্দ্রিয় দারা আমর। অহরহ পাপ দঞ্য় করি, কি উপায়ে তাহা দংযত রাখা যায় ? ঠাকুর লিখিয়া দিলেন—

- ১। যে ব্যক্তি, অক্ষঃক্রীড়া, পরস্বাপহরণ ও নীচ জাতির যাজন পরি-ত্যাগ করেন এবং ক্রোধবশতঃ কাহাকেও প্রহার করেন না—তাঁহার হস্ত-দার রক্ষিত হয়।
- ২। যে ব্যক্তি সভ্যব্রত, মিতভাষী ও অপ্রমন্ত হইয়া ক্রোধ, মিখ্যা বাক্য, কুটিলতা ও লোকনিন্দা পরিত্যাগ করেন—তাঁহার বাক্-দার সুরক্ষিত হয়।
- ৩। যে ব্যক্তি অতি ভোজন ও লোভ পরিত্যাগ করিয়া দেহ রক্ষার জন্য যংকিঞ্চিৎ আহার ও প্রতিনিয়ত সাধুগণের সহিত সহবাস করেন, তিনিই জঠর-দ্বার রক্ষা করিতে পারেন।
- ৪। যে ব্যক্তি এক পত্নী সত্ত্বে সম্ভোগের জন্ম স্ত্রীর পাণিগ্রহণ ও পরস্ত্রী-গমন না করেন, এবং ঋতুকাল ব্যতীত স্বীয় স্ত্রী-গমন না করেন তিনি উপস্থ-দার রক্ষা করিতে পারেন।

যে মহাত্মা ঐরূপে চারিদার রক্ষা করিতে পারেন তাঁহাকে ব্রহ্মবিদ্ বলিয়া গণ্য করা যায়। যাঁহার ঐ চারিদার রক্ষিত না হয় তাঁহার সমস্ত কার্য্য বিফল হয়।

ভিন্ন ভিন্ন বস্তুর আহারে ভিন্ন রিপুর উত্তেজন। ঃ আহারে ধর্মের যোগ।

জিজ্ঞাস৷ করা হইল, কি কি বস্তু আহারে কোন্কোন্রেসে কোন্কোন্রেপুরুদ্ধি হয় ? রিপুদের হাত হইতে নিজ্ঞতি পাইতে হইলে, আমাদের আহারাদি বিষয়ে কি নিয়মে চলা উচিত ?

ঠাকুর লিখিলেন —বালক শৈশবে নিজে মলত্যাগ করিয়া নিজে ভক্ষণ করে, এবং অতি আনন্দে হাস্থ করে; কিন্তু পিতা-মাতা ঘৃণায় নাকে হাত দেন। সেই প্রকার ক্রোধী যদি লক্ষা সর্ঘপ পিত্তবৃদ্ধিকর উত্তেজক বস্তু ভোজন করে; কামুক যদি মংস্থা, মাংস, ঘৃত, মধু এবং মিঠাই ইত্যাদি খায়; লোভী যদি অধিক ভিক্ত খায়; অহঙ্কারী যদি অধিক মসুরের ডাল খায়; সংসারমোহে আসক্ত ব্যক্তি যদি অধিক

অম্বল খায়; অভিমানী যদি অধিক লবণ খায়; তাহা হইলে এ শিশুর স্থায় আহার করা হয়। জ্ঞানী পুরুষগণ দেখিয়া অবাক্ হন।

মংস্ত, মাংস, অধিক লঙ্কা, অধিক সর্যপ, অধিক অমু, অধিক মিট, মধু ইত্যাদি, ক্ষীর এই সমস্ত আহার এবং মতুর ডাল মাসকড়াই, এ সকল কামোদ্দাপক। কাম-ক্রোধ মনের কার্য্য। মন শারীরিক পরিণতি। যাহাতে শরীরের উত্তেজনা হয় এমন বস্তু আহার না করা ভাল। আহার যাহা অভ্যস্ত তাহা হঠাৎ ত্যাগ করা উচিত নয়। যাঁহারা অধিক লঙ্কা খান, হঠাৎ লঙ্কা ছাড়িলে পীড়া জন্মে। এ সম্বন্ধে বৈত্যশাস্ত্রের ব্যবস্থা অতি উত্তম। শুক্রাত, চরকে অভ্যস্ত আহার কিরূপ এবং রোগ বিনিশ্চয় গ্রন্থ (যাহাকে নিদান বলে, তাহার টিকা - বিজয় রক্ষিতের টিকাতে) অভ্যস্ত পথ্যাপথ্যের বিষয় লেখা আছে। এ বিষয় অন্য শাস্ত্রে লেখা নাই।

আহারের সঙ্গে ধর্মের যোগ আছে। কারণ, শরীর ও আত্মা একত্র আছে। এই আহার অতি সাবধানে না করিলে ধর্ম নষ্ট হয়। এক ব্যক্তি লঙ্কা থায় না, তাঁহাকে লঙ্কা দিলে সমস্ত দিন শরীরে জালা হইবে, ধর্ম্মসাধন রহিত হইবে।

কেহ জিজ্ঞাসা করিলেন—মৎশু আহারে কি অপরাধ হয় ?

ঠাকুর লিখিলেন—যাহার যাহা আহার তাহাতে দোষ হয় না। কিন্ত যদি আমার মনে মংস্থা মাংস আহার দোষ জ্ঞান হয় তবে ত্যাগ করিতেই হইবে।

কাম-ক্রোধ অধর্ম নহেঃ ধর্ম-অধর্ম মনের অভিসন্ধি অনুসারে।

ঠাকুর এ বিষয়ে আরও লিখিলেন—কাম-ক্রোধ অধর্ম নহে। তাহা হইলে মহুয়ের আত্মার প্রকৃতির মধ্যে থাকিত না। কাম-ক্রোধের অবৈধ ব্যবহারই পাপ। যাহার প্রকৃতি যেরাপ, সে তদকুরাপ কার্য্য করে। সত্ত্ব, রজ, তম—প্রকৃতির তিনটি অবস্থা এই তিন অবস্থা যতদিন থাকিবে, তাহার সহিত সংগ্রাম হইবে। কাম-ক্রোধ যদি বৈধভাবে চালিত হয় তাহা অধর্ম্ম বলিয়া গণ্য হয় না। ক্ষত্রিয় যুদ্ধ করে, তাহাতে শত শত নরহত্যা হয়, তথাপি তাহা অধর্ম্ম নহে। যতদিন কাম-ক্রোধ থাকিবে, সময়ে সময়ে মনে উদয় হইবে। মনে উদয় হইলেই অপরাধী নহে। মনে উদয় হইলে যদি নিবারণের চেষ্টা করি, তাহা হইলে পাপ নহে। তাহাতে ইচ্ছা পূর্বক, আনন্দসহ যোগ দেওয়াই পাপ। সংগ্রাম করিতে গিয়া পরাস্ত হই, তাহাও

অপরাধ নহে। যতদিন ত্রিগুণের অধীন থাকিব, ততদিন গুণ অনুসারে আমাকে বাধ্য হইয়া চলিতে হইবে। যদি তোমার ভগবানের নাম অবলম্বন থাকে, তবে ত্রিগুণ নষ্ট হইয়া শুদ্ধ আত্মতত্ত্ব প্রকাশ পাইতে থাকিবে। ধর্ম্ম-অধর্ম মনের অভিসন্ধি অনুসারে। মন্ত্র্যু সমাজ যাহা পাপ-পুণ্য স্থির করিয়াছে ভগবান তাহার দারা তাহা দেখিয়া সে ভাবে বিচার করেন না;—তিনি মনুষ্যের হৃদয় দেখিয়া বিচার করিয়া থাকেন।

নিমের পাতায় উত্তেজনা কমে। রোজ ৩টি কোমল নিমপাতা চক্রণ করিয়া অল্প একটু জল খাইতে হয়।

শালগ্রাম আরতির আদেশঃ কাম ও প্রেম।

বিকালে ঘড়ি দেখিয়া ঠাকুর আমাকে রাল্ল। করিতে ঘাইতে বলিলেন। দেড় ঘণ্টার মধ্যে উনন ধরান, রালা, হোম, আহার ও ঘর-ধোয়া, বাসন-মাজা সমস্ত করিতে হইবে। আমি ভিতর বাড়ী যাইয়া দিদিমার নিকট হইতে ডাল, চাউল নিয়া উনন ধ্রাইয়া রায়া করিলাম। প্রম তৃপ্তিতে আহার করিয়া, বাসন মাজিয়া যথাসময়ে ঠাকুরের নিকট উপস্থিত হইলাম। প্রত্যহ সন্ধ্যার সময়ে ঠাকুর আমাকে শালগ্রামের আরতি করিতে বলেন। আহতির সরঞ্জাম আমার কিছু নাই, স্বতরাং ধুপুধুনা দিয়া সাধারণভাবে শালগ্রামের আরতি করিতে লাগিলাম। সন্ধ্যার একটু পরেই সংকীর্ত্তন আরম্ভ হুইল। শংকীর্ত্তনের পর ঠাকুর—"হরেন মি হরেন মি হরেন বিমব কেবলম। কলো নাল্ড্যেব নাল্ড্যেব নাম্ভ্যের গতিরভাধা। 'হরে ক্লফ হরে ক্লফ কুফ কুফ হরে হরে। হরে রাম হরে রাম রাম রাম হরে হবে ॥' 'জন্ন জন্ম শ্রীকৃষ্ণচৈততা জন্ম নিত্যানন্দ। জ্মাহিত চক্র জন্ম গৌর ভক্তবৃন্দ'॥"—এই ৩টী শ্লোক পাঠ করিয়া 'হরিবোল হরিবোল হরিবোল' বলিয়া হরিলুটের বাতাদা স্বহন্তে ছড়াইয়া দিলেন। প্রসাদ পাইয়। গুরুজাতাগণ ঠাকুরের দল্পে বদিয়া সং-প্রদক্ষ আরম্ভ করিলেন। কাম দম্বন্ধ নানা-প্রকার প্রশ্ন উঠিল। ঠাকুর লিখিলেন—"কাম শারারিক গুণের সামিল। বহিন্মুখ থাকিলেই কাম, শরীর হইতে বিচ্ছিন্ন হইয়া অন্তশু্থ হইয়া পড়িলেই প্রেম। তখন আত্মার অঙ্গ অথবা আত্মা। শারীরিক গুণ সহজে ছাড়েনা। আহার সংযম একমাত্র ব্যবস্থা ৷ যাঁহারা বিষয়-কর্মা করেন তাঁহারা, এ নিয়ম পালন করিতে পারেন না। কিন্তু বিষয়-কর্ম্ম না থাকিলেও বাসনা, কামনা, পাপ যায় না।"

বাত্তি প্রায় ১টার সময়ে ঠাকুর আমাকে শয়ন করিতে ঈঙ্গিত করিলেন। ঠাকুরের চরণতলে শয়ন করিলাম।

দৈনিক কাৰ্য্য।

এবার আদিয়া দেখিতেছি, ঠাকুর ৪টার সময়ে একবার শয়ন করেন মাত্র। সাড়ে চার ফুট আসনের উপরে ঠাকুর হাত পা ছড়াইয়া লমা হইয়া শোন না; দক্ষিণ পার্মে কাত হইয়া পা হু'টি গুটাইয়া লয়েন এবং উত্থিত বাম পদের উব্ধ এবং হাঁটুর উপরে দক্ষিণ পদের ৪১নং হুকিরা ষ্ট্রাট্ট, পাতা স্থাপনপ্রবাদ, ভান হাতের বাহুপরি মন্তক রাথিয়া বিশ্রাম করেন। এই কলিকাতা। একট ভাবে শয়ন, গেগুরিয়া হটতে দেখিয়া আদিতেছি। এক দিনের জন্ত অন্তপ্রকার দেখি নাই। গেণ্ডাবিয়ায় ঠাকুর ৪টার সময়ে অর্দ্ধ ঘণ্টার জন্ত শয়ন করিতেন। তথন কিছুক্ষণ নিঞ্জিত হইতেন। ট্রেনের শব্দ পাইয়া ঠিক দাড়ে চারটার সময়ে আদনে উঠিয়া বৃদিতেন; কিন্তু, এখন ঠাকুর নিদ্রিত হন বলিয়া মনে হয় না। কারণ, ঘড়িধরা ঠিক ১০মিনিট পরেই নিজ হইতে আসনে উঠিয়া বনেন, এবং ভোরকীর্ত্তন করতাল বাজাইয়া করিতে থাকেন। ঠাকুর কীর্ত্তন আরম্ভ করিলে আমি নীচে চলিয়া যাই। শোচাতে গন্ধায় জগনাথঘাটে উপস্থিত হইয়া স্থান সন্ধা। তর্পণ করিয়া বাসায় আসি। রান্তায় এক ভদ্রলোকের বাগান হইতে ফুল-তুলদী শালগ্রামের জন্ম সংগ্রহ করিয়া আনি। সাতটা হইতে সাড়ে সাড্টার মধ্যে ঠাকুর চা সেবা করিয়া থাকেন। আমি চা বহুকাল যাবং থাইয়া আদিতেছি; কিন্তু এথানে চা চাহিলে পাইব না, ইহা বুঝিয়াই ৰঝি ঠাকুর ছ'একবার চা মুখে দিয়া নিজ পাত্র হইতে প্রায় অর্দ্ধেক চা আমাকে ২।০ দিন দিলেন। গুরুত্রাতার। মহামুদ্ধিলে পড়িলেন। ঠাকুর আমারই জন্ম পরিমাণের কম, চা পেবা করেন ভাবিয়া গুরুলাতারা আমাকে অগত্যা চা দিবেন স্থির করিলেন। ঠাকুরকে চা দিয়া আমার চা আনিতে একট বিলম্ব হইলেই ঠাকুর আমাকে চা দিয়া ফেলেন—ইহা দেখিয়া দকলেই আমার উপর অতিশয় বিরক্ত ও রুষ্ট হুইলেন; এবং ঠাকুরকে চা দেওয়ার সঙ্গে সঙ্গেই আমাকেও চা দিতে লাগিলেন। আমার চায়ের ব্যবস্থা করিতে ঠাকুরের এই কৌশল দেখিয়া বড়ই আনন্দ লাভ কবিলাম। চা পানের পর ভাদ সমাপন করিয়া শালগ্রাম পূজা আবন্ধ করি। ঠাকুরের মিকট 'শ্রীচৈতন্তচরিতামৃতাদি' গ্রন্থ পাঠ হইতে থাকে। এই পাঠ প্রায় এক ঘণ্টাকাল হয়। তৎপরে ঠাকুর 'গ্রন্থদাহেব' ও শাস্ত্রগ্রন্থদি প্রায় ১১টা পর্যান্ত পাঠ করেন। এই পাঠ বড়ই মধুর। এগারটার সময়ে ঠাকুর ভিতর-বাড়ী চলিয়া যান। শৌচান্তে স্থান করিয়া প্রায় ১২টার সময়ে আহারে বদেন। দিদিমা, শাস্তি ও কুতুর্ড়ি মাত্র আহারের সময়ে ঠাকুরের নিকট থাকিতে পারেন। ১২টার পরে আদনে বদিয়া ঠাকুর ৩টা কখনও বা ৪টা পর্যন্ত একই ভাবে অবস্থান করেন। এই সময়ে ঠাকুরের গও বাহিয়া তৈলধারার ন্তায় অশ্রুবর্ধণ হইয়া থাকে। প্রায় ৪টার সময়ে গুরুহাতাগণ ও সহরের মন্ত্রান্ত ভদ্রলোকসকল আসিয়া পড়েন। তাহাদের সঙ্গে ঠাকুর আকাবে-ইন্দিতে আলাপাদি করিতে থাকেন। আমার রান্নার সময়টি কিন্তু, ঠাকুর কথনও ভোলেন

না। ঘড়ি দেখিয়া প্রতাহই বলেন—"ব্রহ্মচারী! তোমার সময় হয়েছে, রালা কর্তে যাও।" আমি অমনি রালা করিতে বাড়ীর ভিতরে চলিয়া যাই। উনন ধরাইয়া ভাতে সিদ্ধ ভাত রালা করিতেও এক ঘণ্টার কমে হয় না। তৎপরে হোম, আহার, বাসন-মাজা প্রভৃতি শেষ করিতে নিদ্দিষ্ট সময় প্রায় অভিবাহিত হইয়া যায়। কুতু আমাকে ডাল কথন বা তরকারী রালা করিতে জেদ করে। আমার সময়ে তাহা কুলায় না দেখিয়া, ৪টার সময় উননটি ধরাইয়া রাখে। রালার সামগ্রী দকলও প্রায়ই সংগ্রহ করিয়া দেয়। কুতুর অসাধারণ সহাত্বভৃতি ও মমতায় দিন দিন উহার প্রতি বড়েই আকৃষ্ট হইয়া পড়িতেছি।

আহারতি ঠাকুরের নিকট উপস্থিত হইতে প্রায়ই সন্ধ্যা হয়। ঠাকুর তথন আমাকে শালপ্রামের আরতি করিতে বলেন। আমি ধুপধুনা জালাইয়া ঘণ্টাধ্বনি করিতে করিতে ত্রিদীপ দারা শালপ্রামের আরতি করি। আরতি শেষ হইলে সন্ধ্যা কীর্ত্তন আরম্ভ হয়। আমিও বারান্দায় যাইয়া সায়ংসন্ধ্যা আরম্ভ করি। সংকীর্ত্তনের গোলমালে সন্ধ্যা ঠিকমত হয় না। বড়ই বিরক্তি বোধ হয়। সংকীর্ত্তন প্রায় দেড় ঘণ্টায় শেষ হইয়া যায়। আমি তথন নিজ্ব আসনে আসিয়া বলি। রাত্তি ন্টা হইলেই ঠাকুর আমাকে শয়ন করিতে ইন্ধিত করেন। ঠাকুরের আহারের পূর্ব্বেই আমি নিন্ত্রিত হইয়া পড়ি। গুকুলাতারা প্রায় ১১টা পর্যান্ত ঠাকুরের সন্ধ করিয়া আপন আপন আবাসে চলিয়া খান। কেহ কেহ

রাত্রি প্রায় ১২টার সময়ে আমি জাগিয়া পড়ি। তখন হাত ম্থ ধুইয়া আসনে বসি এবং একখানা বড় পাখা হাতে লইয়া ঠাকুরকে বাতাস করিতে থাকি। ঠাকুর এই সময়ে একবার শোচে যান। এই সময়ে প্রায় ঠাকুরের সঙ্গে অনেক আলাপ হয়, গল্প হয়, নানা প্রশ্নের মীমাংসা হয়। নিজ হইতে ঠাকুর সমাধি অবস্থায় যাহা যাহা বলেন তাহা শুনিয়া থাকি। তৎপরে রাত্রি সাড়ে তিনটার সময়ে একটু মিষ্টি মুথে দিয়া জলপান করেন। পরে ৪টার সময়ে আসনে কাত হইয়া ১০মিনিটের জন্ত বিশ্রাম করেন।

গুরু সম্বন্ধে প্রশোতর।

আদ্ধ অবদর পাইয়। ঠাকুবকে জিজ্ঞাদা করিলাম—শাঁহারা দদগুরুর নিকট দীক্ষালাভ করিয়াছেন, তাঁহারাও কি গুণের অধীন ? আমার মনে মনে এই তাব ছিল যে, দদগুরুর আশ্রিত ব্যক্তির। দদগুরুরই অধীন নয়—ঠাকুর এই প্রকারই বলিবেন। কিন্তু আমার প্রশ্ন শুনিয়া ঠাকুর লিখিলেন,—"হাঁ, দকলেই গুণের অধীন। গুরুর অধীন মানুষ অনেক পরে হয়। অতি অল্প লোকেই গুরুর অধীন।" একটি গুরুলাভা জিজ্ঞাদা করিলেন—কি প্রকারে চলিলে গুরুতে বিশাদ জ্বে ? ঠাকুর লিখিলেন—"গুরুতে বিশ্বাদ হওয়া অতি কঠিন। বিশ্বাদ

হইলেই কার্য্য দিদ্ধ হয়। আশ্চর্য্য কার্য্য দেখিলে—বিশ্বাস হইবে, মনে হইল; আশ্চর্য্য দেখিলাম, তখন মনে হইল, ইহা আর আশ্চর্য্য কি ? যদি বিশেষ কিছু আশ্চর্য্য দেখিলাম, মনে হইল, এ লোকটা ভেল্কি জানে আমাকে ভেল্কি দেখাইতেছে! এই উপায়ে বিশ্বাস হয় না। একজন বিসিয়া, সেই ব্যক্তি দাঁড়াইয়া, ঘরে সেই বেড়ায়, একই সময়ে এইরূপ বিবিধ ঘটনা—সাধারণ মহুস্তকে দেখাইলে কি বুঝাইলে, বুঝানা। এজন্য নিজে সাধারণ লোকের মতই চলিবে, নতুবা গোলমাল হয়। এ সকল বিষয় গোপন রাখাই ভাল। খুলে বলা ভাল নয়। বিশ্বাস হইবার একমাত্র পথ এই,—গুরু যাহা উপদেশ দেন তাহা আচরণ করা। আচরণ করিতে করিতে হাদয়ের বিকাশ হইলেই, বিশ্বাস হইবে।"

একটি লোক জিজ্ঞাদা করিলেন—ভগবানের উপাদনা করিতে কি গুরুর একাস্তই প্রয়োজন ? গুরু ছাড়া কি তব্জ্ঞান লাভ হয় না ?

ঠাকুর লিখিলেন—মানব-জীবনে যাহা কিছু শিক্ষা করি, ভাহাতেই গুরুর প্রয়োজন। সংসারের মধ্যে যাহা দর্শন করি, প্রাবণ করি, ঘাণ করি, স্পর্শ করি, আস্বাদ করি, এই সমস্ত ইন্দ্রিয় দারা ভোগ করিয়াও যদি সেই সমস্তের ভত্ত জানিতে হয়, তবে এ সকল বিষয় যিনি অবগত আছেন তাঁহার নিকট শিক্ষা করিতে হয়। সেইরূপ ঈশ্বর আছেন, আমি আছি, জগৎ আছে—এগুলি সহজ জ্ঞানে সকলেই জানে। যদি কেহ সহজ জ্ঞানে সন্তুষ্ট না হইয়া তাহার উত্তর জানিতে চান, তবে তত্ত্ব্ব্ গুরুর নিকট শিক্ষা করিতে হইবে। ব্রহ্মবিদ ভিন্ন অন্য পণ্ডিত ব্রহ্ম বিষয়ে উপদেশদানে অধিকারী নহেন। এজন্য গুরু ভিন্ন তত্ত্ব্বান লাভ হয়না।

ঠাকুব আবার লিখিলেন—হরিদ্বারে কুন্তমেলায় প্রায় লক্ষ সাধুর সমাগম হইয়াছিল। তন্মধ্যে ৩ জন যথার্থ তত্ত্বদর্শী। আর সকলে বেশভূষা সম্প্রদায় ও
মতামত লইয়া ব্যস্ত। ঐ তিনজনের একজনকে জিজ্ঞাসা করিলাম—'সাধুরা
এত কঠোরতা করিয়াও তত্ত্বলাভ করেন না কেন ?' তিনি হিন্দিতে বলিলেন—
'বাবা, আমি ক্ষুদ্র কাট কি বলিব ?' অনেক ব্যগ্রতা প্রকাশ করাতে বলিলেন—
এখন কেহ ভগবানকে চায় না। মান, মর্য্যাদা, মহাস্তগিরি চায়। তাহা পায়।
"ধর্ম্মপ্র তত্ত্বং নিহিতং গুহায়াং। মহাজনো যেন গতঃ স্পন্থাঃ॥''

প্রমান কি প্রকারে গুরুর আশ্রয় গ্রহণ করিতে হয় ? সাধারণ গুরুর নিকট দীক্ষা গ্রহণে উপকার হয় না ? তাদের বাক্যে তো বিশ্বাস হয় না ?

ঠাকুর—"দেববেত্তা ও ব্রহ্মজ্ঞানী, যিনি ব্রহ্মেতে শান্তিলাভ করিয়াছেন—এইরপ গুরুকে অবলম্বন করিবে। যিনি ব্রাহ্মণ, বাসনাহীন, সমস্ত রিপু যাঁহার নষ্ট হইয়াছে, যাঁহার সমস্ত শরীর নিম্মল অর্থাৎ অঙ্গহীন নহে, প্রীকৃষ্ণপাদপদ্মে গরিষ্ঠা ভক্তি যিনি লাভ করিয়াছেন—এমন গুরুকে আশ্রয় করিবে।"

ঠাকুর আবার লিখিলেন—"যাঁহার। যথার্থ মহাজন, তাঁহাদের আশ্রের লইতে হইবে। লোকের মুখে শুনিয়া যে অমুক ব্যক্তি ধান্মিক কি সাধু, তাহাতে উপকার হয় না। বিশেষতঃ প্রকৃত সাধু কে, তাহা শুনিলে বুঝা যায় না। এজন্য পূর্ববপুরুষদিগের পথে চলিতে চলিতে প্রকৃত সাধুর সহিত দেখা হইলে সকল দিকে নিরাপদ্। প্রত্যেক গুরুরই বাক্যের সহিত একটা-না-একটা শক্তি আছে; বিশ্বাসপূর্বক করিলে তাহা নিশ্চয়ই কার্য্য করিবে। গুরুবাক্য বোধ হইয়াও বিশ্বাস হয় না। প্রত্যেক বাক্যে বিশ্বাস হওয়া,—পূর্বজন্মের সাধনের সঙ্গে বিশেষ যোগ আছে। শাস্তের বিরুদ্ধে অর্থাৎ ঋষিবাক্যের বিরুদ্ধে উপদেশ যিনি দেন তিনি আর্য্য ঋষি-শাস্ত্র মতে গুরুর নহেন।"

জিজাদা করা হইল – গুরুর নিকট নাকি অন্তের পূজা করিতেই নাই ?

ঠাকুর লিখিলেন—"গুরুর অনুমতি থাকিলে করিতে পারে। গুরুতে স্কর্বদেবের অধিষ্ঠান দর্শন হইলে, পৃথক স্থানে গুরু ভিন্ন পূজা নিষেধ।

আন্ধ বছক্ষণ ধরিয়া গুরু বিষয়ে আলোচনা হইল। ঠাকুরকে শালগ্রামে পূজা করি, ঠাকুরেরই আদেশমত। না হ'লে শিববাক্যমতে আমার নরক হইত—

"গুরু সন্নিহিতে যন্ত প্জয়েদন্ত দেবতাং। স যাতি নরকে ঘোরে সা পূজা বিফলা ভবেৎ॥"

ঠাকুরের মৌন থাকা সম্বন্ধে অভিমত।

স্থিকিয়া খ্লীটে আদিয়া দেখিতেছি, বিস্তাবিত ভামেরী লেখা আমার পক্ষে অসম্ভব হইয়া দাঁড়াইল।

উদয়ান্তের মধ্যে ১৫ মিনিট সময়ও আমি অবসর পাই না। বিকালে ও

ংলত গৈছিল।

রাত্রে ঠাকুরের ধে সকল অমূল্য উপদেশ শুনিয়া থাকি, পেন্দিল ছারা
আল্গা কাগজে তাহা লিখিয়া রাখি। কিন্তু দিন তারিখ অনেক সময় জানা না থাকায়, ঠিকমত
স্থান্তাবে, তাহা ভায়েবীতে তুলিয়া নেওয়া যাইতেছে না। স্থতবাং উপদেশ ও

ঘটনা ঠিক ঠিক হইলেও, দময়ের উলট-পালট অনেক স্থলে হওয়া সম্ভাবনা। মধ্যাহে শৌচ, স্থান ও ভোজনার্থে ঠাকুর যথন ভিতর-বাড়ী যান, তথন অবসর ও নির্জ্জন পাইয়া আল্গা কাগজে লেখা ও ঠাকুরের লিখিত খাতার নকল, যথাসাধ্য করিতেছি।

পরমারাধ্য পরমহংসজীর আদেশ মত ঠাকুরের মৌন থাকার কাল বছদিন হয় অতীত হইয়াছে।
ঠাকুর এখনও কেন মৌন আছেন, তাহা জিজ্ঞাসা করায় লিখিলেন—"মৌন থাকিতেই
ভাল লাগে। কথা বলিতে প্রবৃত্তি হয় না।" দিনের বেলা ঠাকুর সকলেরই
কথার উত্তর সাদা ধাতায় পেন্দিলে লিখিয়া দেন রাত্রে অক্ট্র করে, কখন বা আমাদের
মত পরিকারভাবে কথা বলেন। স্কৃতরাং ঠাকুরের লিখিত ভাষা ও মুখের উপদেশ যাহা লিখিয়া
রাখিতেছি, একপ্রকার হইতেছে না। আমরা ঠাকুরের একটি মুখের কথা শুনিতে পাইলে কৃতার্থ
হইলাম মনে করি। আবার অনেকে ঠাকুরের মৌনবস্থাই আকাছা করেন। ব্রাক্ষধর্ম-প্রচারক
শ্রীযুক্ত নগেক্তনাথ চট্টোপাধ্যায় মহাশয় সে দিন আসিয়া ঠাকুরের লেখা থাতা পড়িয়া বলিলেন—
"গোঁসাই যদি আরও কিছুকাল মৌন থাকেন, বড় কল্যাণ হয়,—আমরা অনেকগুলি নৃতন জিনিস
পাইব। গোঁদাই মৌনই থাকুন। এই থাতা অপ্র্বে একখানা গ্রন্থ হইবে।"

শালগ্রামের ধর্মঃ শালগ্রাম পূজায় সাধারণের বিদ্বেষ!

আজ উনন ধরাইয়া রারা করিতে একটু বিলম্ব হইল। যথাসময়ে ঠাকুরের নিকটে বাইতে পারিব না ভাবিয়া ব্যন্ত হইয়া পড়িলাম। হ্রভরাং, আগুন আগুন থিচুড়া শালগ্রামকে নিবেদন করিয়া আমনি কৌটায় বন্ধ করিলাম। প্রতিদিনই ভোগ নিবেদনের পর শালগ্রামের সম্থেধুপধুনা জ্ঞালাইয়া একটু সময় বিদ্যা থাকি। আজ আর তাহা করিতে অবদর পাইলাম না। তাড়াতাড়ি আহার করিয়া, ঠাকুরের নিকট উপস্থিত হইলাম। ঠাকুর ঐ সময়ে থুব ব্যন্ততা দেখাইয়া বলিলেন,—"শীভ্র শালগ্রাম খোল। ভোগ দিয়াই শালগ্রামকে কৌটায় বন্ধ ক'রে রেখেছ, গরমে ঠাকুর যে অত্যন্ত ক্লেশ পাচ্ছেন,—হাত গুটায়ে ব'দে কন্ত প্রকাশ কচ্ছেন! শীভ্র বাতাস কর—এই পাথা নেও।" এই বলিয়া ঠাকুর আমাকে পাথা দিলেন। আমি তংকণাৎ কৌটা হইতে শালগ্রাম খুলিয়া দেখি, শিশিরবিন্দুর মত শালগ্রামের সর্ব্বান্ধে ঘর্ম রহিয়াছে। দেখিয়া আমি আশ্বর্য হইলাম। আমার চক্ষে জল আদিয়া পড়িল। হায়, ঠাকুরকে আমি এত ক্লেশ দিলাম। তথন কাদিয়া কাদিয়া বাতাস করিতে আরম্ভ করিলেন। রাত্রি ৭টা পর্যন্ত বাতাস করায়, ঠাকুরের শরীর শীতল হইল। যাম গুকাইয়া গেল। তথন ঠাকুর বলিলেন—এখন শালগ্রামকে কৌটায় রাখ। শালগ্রামকে ভোগ দিয়ে আরেতি ক'রো। একখানা চামর আনায়ে

নেও। চামরের হাওয়া বড় ঠাওা। উহা দ্বারাই শালগ্রামকে বাতাস কর্তে হয়।''

হ'দিনের মধ্যেই চামর আসিল। এখন আবার কাঁসরের জন্ম বারংবার বলিতেছেন। ভগবানের

ইক্ষায় একথানা ছোট কাঁসর অভয়বাবু আনিয়া দিলেন। আরতির সময় ঠাকুর অয়ং উহা
বাজাইয়া থাকেন।

আজকাল সন্ধ্যার সময়ে শালগ্রামের আরতিতে বড়ই ধুমধাম হয়। ধোল করতাল তালে তালে বাজিতে থাকে। আমি পরমানন্দে আরতি করি। এই আরতি দেখিয়া অনেকেই ধুব আনন্দ-উৎশাহ প্রকাশ করেন। আবার কেহ কেহ বিরক্তও হন। গুরুভাতাদের মধ্যে ঘাঁহারা রান্ধভাবাপর, ঠাকুরকে কাঁদর বাজাইতে দেখিয়া তাঁহারা বড়ই ছুঃখিত ও বিন্দিত। আর হিন্দুদের মধ্যেও অনেকে অসন্তোষ প্রকাশ করিতেছেন। ব্রান্ধেরা বলেন, "একি ? গোঁসাইয়ের কাছে পৌভলিকতা আরম্ভ হইল ? তিনিই বা কেন ইহা প্রশ্রম দিতেছেন ?" গোঁড়া হিন্দু গুরুভাতারা বলিতেছেন—"এ আবার কেমন পূজা, গুরুদেবের নিকটে শালগ্রামের আরতি! দেখে গা জ'লে বায়। আরতি কর্তে হয়, গুরুরই আরতি কর। গুরুর কাছে শালগ্রামের আরতি কেন ?" সাধারণের এ সকল বিরক্তির ভাবে আমি বিষম ফাঁপরে পড়িলাম। বান্ধ বা হিন্দু কেহই আমাকে সহামুভ্তি করিতেছেন না; বরং যাহাতে শালগ্রামে আমার অপ্রদা হয়, এমনই সব কথা বলিতেছেন। সকলের বিরুদ্ধভাবে আমার যে কি অবস্থা ঘটিবে, বলিতে পারি না। গুরুদেবই আমার ভরসা। দেখা যাক্, কতদুর কি দাঁড়ায়।

দদ্গুরু দম্বন্ধে নানা কথা।

কয়েকটি ভদ্রলোক ঠাকুরকে জিজ্ঞানা করিলেন—দীক্ষা গ্রহণ বিষয়ে শান্তে কি প্রকার ব্যবস্থা আছে ? সদ্গুকর নিকটে যে দীক্ষার ব্যবস্থা আছে, দেই সদ্গুক কি প্রকার ? আপন আপন গুরুকে তো সকলেই সদ্গুক বলে ? ঠাকুর লিখিলেন—দীক্ষা সম্বন্ধে ছই প্রকার ব্যবস্থা । বৈদিক নিয়মে, বে-বেদান্ত-বেত্তা, আশ্রমী— অর্থাৎ ব্রহ্মচর্য্য, গার্হস্থ, বানপ্রস্থ ও সন্ন্যাস এই চারি আশ্রমের কোন আশ্রমের যিনি নিয়মিত আচার প্রতিপালন করেন,— এমন বেদজ্ঞ, সদাচারী, আশ্রমী ব্রাহ্মণ সদ্গুরুক শব্দ-বাচ্য । বৈদিক সদ্গুরুর নিকট কেবল ব্রাহ্মণ ওঁকার মন্ত্র গ্রহণ করিতে পারেন,—অন্ত জাতির অধিকার নাই । দ্বিতীয় তান্ত্রিক । কলিতে যে সকল ছবর্বল ব্রাহ্মণ, বৈদিক আশ্রম ও সদাচার প্রতিপালনে অক্ষম, সেই সকল ব্রাহ্মণদিগের জন্ম মহাদেব দয়া করিয়া তন্ত্র শান্ত্রের ব্যবস্থা প্রণয়ন করিয়াছেন । তন্ত্রে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্যা, শূদ্র,— এই চারিবর্ণের এবং সমস্ত বর্ণশঙ্কর মন্ত্রেয়ের অধিকার আছে । তন্ত্র সাধনের তিনটি সোপান,—পশু, বীর, দিব্য । এই ত্রিবিধ সাধনে কৃতকার্য্য হইয়া যে ব্যক্তি

মন্তার্থের সহিত মন্ত্র-চৈততা করিয়াছেন, তাঁহার মন্ত্র সিদ্ধ হইয়াছে। এই সিদ্ধ মন্তের সহিত ওঁকার যোগ হইয়া থাকে। সিদ্ধমন্ত্রে যিনি সিদ্ধি লাভ করিয়াছেন তिनिरे मन्छक। এই मन्छक মহাদেবের আজ্ঞানুসারে সর্ব্বর্ণকে ওঁকারযুক্ত মন্ত্র প্রদান করেন। তাহা সাধন করিলে নিতান্ত প্রদ্ধাহীন ব্যক্তিও তিন জন্মে মুক্তিলাভ করেন। সত্য, সত্য, সত্য, —শিববাক্য।

প্রশ্ন—আমাদের দেশে পঞ্চ উপাদনা প্রচলিত আছে। আমাদের কি প্রকার উপাদনায় কল্যাণ হইতে পারে ?

ঠাহ্ব-পঞ্চ দেবতার পূজা বিষয়ে, ব্রহ্মবৈবর্ত্ত পুরাণে ইহার মীমাংসা আছে। অতদুর অমুসন্ধান করিতে অভিলাষ না হইলে, প্রচলিত প্রণালীমত চলিলেই হইতে পারে। উপাসনা হুই নিয়মে প্রচলিত—বৈদিক ও তান্ত্রিক। বঙ্গদেশে বৈদিক উপাসনা প্রচলিত নাই বলিলেই হয়, কেবল গায়ত্রী-সন্ধ্যা ব্রাহ্মণগণ করেন। তাহার উপর ভান্ত্রিক দীক্ষা লইয়া থাকেন। শাক্ত, শৈব, বৈষ্ণব, গাণপত্য ও সৌর এই পঞ্চ দেবতার কোন এক দেব-মন্ত্রে দীক্ষিত হয়। প্রতিদিন পূজার সময় ঐ পঞ্চ দেবতার পূজা অত্রে করিয়া, পরে ইষ্টদেবতার পূজা করিতে হয়। ইহাতে নিষ্ঠা হইলে সমস্তই লাভ করা যায়। 'নারদ-পঞ্চরাত্রে' ও অক্তান্ত গ্রন্থে আছে-—'হরেণ্মি, হরের্ণাম, হরের্ণামের কেবলম্। কলো নাস্ত্যের নাস্ত্যের গতিরভাগা।' নিরপরাধে হরিনাম গ্রহণ করিলেই ভববন্ধন হইতে মুক্তি হয়। মূল কথা,—শাস্ত্র ও সদাচারের অনুগত হইয়া ধর্মাচরণ করিলে ধর্মলাভ হয়।

শ্রশ্ল-বিশ্বাস-ভক্তি নাই, অপচ দীক্ষাগ্রহণ করিয়া ধর্মলাভ করিবার আকান্ধা,—এই অবস্থায় কি করা কর্ত্তব্য ?

ঠাকুর-নিজের বিশ্বাস না হইলে মস্ত্রাদি লওয়া কেবল সমাজের নিয়ম রক্ষা করা। সমস্ত ধর্মসম্প্রদায়, ধর্মশাস্ত্রে শ্রদ্ধা করিয়া, ক্রমে শাস্ত্রান্তুসারে চলিতে চলিতে একটি কিছু ধরিয়া বিশ্বাস করে। নতুবা ভগবান্ মানবাত্মাতে যে ধর্মভাব দিয়াছেন তাহাতে স্বাভাবিক বিশ্বাস হইলে চলিতে পারে। শাস্ত্রে অথবা আত্ম-প্রত্যয়ে বিশ্বাস না থাকিলে, যদি ধর্মালাভের জন্ম ব্যাকুলতা হয়, তবে প্রবিপুরুষগণ, দেশের প্রসিদ্ধ ধার্মিকগণ, যে পথ অবলম্বন করিয়া ধর্মলাভ করিয়াছেন সেই মহাজনদিগের পথ অমুসরণ করা কর্ত্তব্য।

ভীষণ স্বপ্ৰ—মাতৃহত্যা।

আজ দকালবেলা হইতে মাকে দেখিবার জন্ম প্রাণ বড়ই অন্থির হইয়া উঠিয়াছে। কিন্তু কোন্
প্রাণে মার নিকট যাইব—মাকে দেখিব ? স্বপ্নে মার উপরে যে বিষম ব্যবহার করিয়াছি—ভাষা স্মরণ
হইলে বুক কাঁপিয়া উঠে—ক্লেশে প্রাণ ফাটিয়া যায়। মধ্যাহ্নে আহারাস্তে ঠাকুর আসনে আসিলেন,
পরে ঠাকুরকে বলিলাম—ফরজাবাদ হইতে চণ্ডীপাহাড়ে যাওয়ার দিন আমি একটি ভয়ন্তর স্বপ্ন
দেখেছিলাম। ওক্লপ স্বপ্ন আমি দেখ্লাম কেন—মনে হ'লে প্রাণ বড় অস্থির হয়।

ঠাকুর আমার কথা শেষ না হইতে সমন্ত জানেন এরপ ভাব প্রকাশ করিয়া ঈষৎ হাল্তম্থে আমার দিকে চাহিয়া মাথা নাভিতে নাভিতে বলিলেন—"হাঁ, হাঁ, স্বপ্লটি বল না—শুনি।" আমি কহিলাম—কুতু, মাঠাক্রণ ও যোগজীবনের সহিত আপনার নিকটে ব'সে আছি—অকস্মাৎ দেখ লাম আমার মা একটু দ্রে আভাল থেকে আমাকে উকি মেরে দেখছেন—আপনি তথন মাকে দেখে বলুলেন—'ভোমার এ মাকে বধ কর্তে পার? নেও এই খাঁড়াখানা নেও।' আপনি বলা মাত্র আমি খাঁড়া হাতে নিয়ে মাকে বধ কর্তে ছুট্লাম—ভাব্লাম আপনার আদেশমত মাকে এখন বধ করি—পরে আপনার পায়ে পড়ে কেঁদে মাকে প্নজ্জীবিতা কর্বো। মার নিকট পইছিয়া এক ঘায়ে মাকে হ'ভাগ ক'রে ফেল্লাম। তথনই আমি কেমন যেন হ'য়ে গেলাম। খাঁড়াখানা হাতে ল'য়ে নৃত্য কর্তে লাগ্লাম। এ সময়ে আপনি আসন হ'তে উঠে—ছুটে আমার নিকটে এলেন এবং আমাকে ব্কে জড়ায়ে ধর্লেন। আমি অমনি স্থির হলাম। আপনি বল্লেন—এর চিহুও বাধ ছে নাই। মাটিতে পুঁতে ফেল। আমি অবিলমে একটি গর্জ ক'রে মাকে পুঁতে ফেল্লাম। তথন আপনি আমাকে হাত ধরে বাড়ীর বাইরে নিয়ে গেলেন—আর অমনি জেগে পড়্লাম। ঠাকুর স্বপ্লটি শুনিয়া সস্ভোষ প্রকাশ করিয়া বলিলেন—"সুন্দর স্বপ্ল দেখেছ—ও ভেবে উছেগ কেন ? এ মা তোমার গর্ভধারিণী নয়। মায়া পিশাটী মাতৃরূপে আড়াল থেকে তোমাকে উকি মেরে দেখ্ছিল—তাকেই বধ করেছ।"

ঠাকুবের কথা শুনিয়া আমার প্রাণটি ঠাণ্ডা হইয়া গেল। ক্লেশের আর লেশমাত্ত রহিল না। আমি
ঠাকুরকে জিজ্ঞাসা করিলাম—শ্বপ্রে কি জীবনের ষ্থার্থ উন্নতি লাভ হইতে পারে ? ঠাকুর বলিলেন—
"থুব পারে। একটা স্থলীর্ঘ জীবন জন্ম হ'তে মৃত্যু পর্য্যান্ত ২।৫ মিনিটের স্বপ্রে কাটিয়া
যায়। সব স্বপ্রই অলীক নয়।" শুক্লভাতা প্রীযুক্ত মনোরঞ্জন গুহুঠাকুরতার কথা মনে হইল।
ভিনি বলিয়াছিলেন—তিন রাত্রি শৃক্ষালামত পর পর একই স্বপ্র দেখিয়াছিলাম। জন্ম হইতে
সমস্ত বাল্যকাল প্রথম রাত্রে, পরে যৌবনকাল দ্বিতীয় রাত্রে, তৎপরে বুদ্ধাবস্থা মৃত্যু পর্যান্ত
ভৃতীয় রাত্রে—এইপ্রকার একজন্ম শিশুকাল হইতে ৬০।৭০ বৎসরে মৃত্যু পর্যান্ত—এক দিন
এক দিন করিয়া স্বপ্রে ভোগ হইয়াছে। আজ অপরায়ের বৈষ্ণবভাবাপের কয়েকটি ক্বতবিভ ভদ্রলোক
ঠাকুরের নিকট উপস্থিত হইলেন। তাঁহারা কিছুক্ষণ বৈষ্ণবধর্ম বিষয়ে পরস্পর আলোচনার পর

ঐশ্বৰ্য্য ও মাধুৰ্য্যভাবে উপাদনা কি ?

জানিতে চাহিয়া ঠাকুরকে জিজাসা করিলেন—রাধাকৃষ্ণ উপাসনার অধিকার কথন হয়? পঞ্চদেবতার উপাসনার পরে কি রাধাক্তফের উপাসনা?

ঠাকুর লিখিলেন—ব্রহ্মবৈবর্ত্ত পুরাণে আছে, অনেক জন্মগ্রহণ করিতে করিতে জীবের ধর্ম্মে মতি হয়। প্রথম গণেশ উপাসনা, পরে স্থ্য্যের উপাসনা, পরে শৈব, তৎপরে বৈষ্ণব অতঃপর শাক্ত,—এই শক্তি উপাসনার পর মৃক্তি। তথন রাধাকৃষ্ণ উপাসনার অধিকার জন্মে। ঐ সময়ে যদি সদ্গুরুর কৃপা হয়, তবে রাধাকৃষ্ণ তত্ত্বস্থধা পান করিয়া কৃতার্থ হয়। ঐশ্বর্য্যভাবের উপাসক, সৌর, গাণপত্য, শাক্ত, শৈব। মাধ্র্য্যভাবের উপাসক বৈষ্ণব। রাম-সীতা, লক্ষ্মীনারায়ণ, রাধাকৃষ্ণ উপাসক যদি ঐশ্বর্য্যভাবের উপাসক হন, তবে তাঁহাদিগকে শাক্ত, সৌর, শৈব, গাণপত্য মতই, ঐশ্বর্য্য উপাসক বলিতে হইবে। কালী, হুর্গা, শিব, স্থ্য্য, গণপতি, নারায়ণ উপাসক যদি মাধ্র্য্যভাবের উপাসক হন, তবে তাঁহাদিগকে প্রকৃত বৈষ্ণব বলিতে হইবে। ব্রহ্মসংহিতা তাহার প্রমাণ। শিব পাব্বর্তী, রাম সীতা, লক্ষ্মীনারায়ণ,—এই সমস্ত যদি মাধ্র্য্যভাবের হয়, তাহা হইলেই পরাধর্ম্ম হইবে। আর ঐশ্বর্য্যভাবের হইলে ঈশ্বরোপাসনা হইবে। রামপ্রসাদের মত বৈষ্ণব কোলা, হুর্গা এ সব নাম শাক্ত নহে। শাক্ত ঐশ্বর্য্যে।

'দেবা, বন্দনা আউর অধীনতা'।

কয়েকটি গুরুত্রাতা ঠাকুরকে জিজ্ঞাস। করিলেন—প্রতিদিন আমরা গান করি, 'সেবা, বন্দনা আউর অধীনতা, সহজে মিলওয়ে গোঁসাই'— এ কথার অর্থ কি ?

ঠাকুর উত্তর দিলেন,—দীনহীন, বিনীত হওয়া অপেক্ষা ভগবানকে লাভের আর সহজ উপায় নাই। দেবা-বন্দনা ও অধীনতা,—ইহাই সকল প্রকার সাধন হ'তে শ্রেষ্ঠ ও সহজ। অনেক লোককে, অনেক মহাত্মাকে জিজ্ঞাসা করা গিয়েছে কিন্তু তাঁরা ইহা হ'তে ভগবান লাভের আর সহজ উপায় বল্তে পারেন নাই। আমারও বিশ্বাস, ইহা হ'তে আর সহজ কিছু নাই। এই শ্রেষ্ঠ সাধন ও সহজ সাধন। এতে ভগবানের প্রতি মহাভাব এনে দেয়। কায়মনোবাক্যে সকলের অর্থাৎ মহুষ্য, পশু, পক্ষী, কীটপতঙ্গ, বৃক্ষলতা ইত্যাদির সাধ্যাতুসারে সেবা কর্তে হবে। দয়া-

সহাত্ত্তি না হ'লে যথার্থ সেবা হয় না। যেমন নিজের প্রয়োজন হ'লে তা পূর্ণ কর্তে ইচ্ছা হয়, সেই প্রকার অন্তের প্রয়োজন যদি মনে লাগে, তবে তা পূর্ণ কর্তে ব্যাকুলতা জন্মে। মা শিশুর সেবা করেন — ঐতাবে। শিশুর অভাব দেখলে মা অস্থির। এরই নাম সেবা। না হ'লে ভিতরে অন্থরাগ নাই, দেখা-দেখি কিছু খেতে দিলাম, অথবা অন্থ প্রকার সাহায্য, কর্লাম—তাহাকে যথার্থ সেবা বলে না। বৃক্ষ-সেবা, পত্তি-সেবা, সন্থান-সেবা, প্রভু-সেবা, ভৃত্য-সেবা, পত্নী-সেবা— ঐতাবে হ'লেই সেবা, নইলে সেবা নাম করা উচিত নয়। যেখানে সেবা কর্তে গিয়ে অভিমান হয়,—নিজের বিশেষ অনিষ্ট হয়— সেখানে সেবা কর্বার কোন প্রয়োজন নাই, তাতে অপকার হবার বিশেষ সম্ভাবনা আছে।

বন্দনা—সকলের বন্দনা কর্তে হ'বে। যেখানে যতটুকু সত্য পাওয়া যায়, সেখানে ততটুকু গ্রহণ কর্বে। যার মধ্য হ'তে বা যে কোন স্থান হ'তে সত্য পাওয়া যায়, কি উপদেশ শুনা যায়, সেই স্থানকে, সেই বস্তু কি সেই ব্যক্তিকে বিশেষরাপে বন্দনা কর্তে হবে। ভগবানের নিকট পুনঃপুনঃ প্রার্থনা কর্বে, যাতে সেই সত্য পালন কর্তে পার। এতে যদি ব্যাকুলতা না আসে, তা হ'লে যাতে ব্যাকুলতার জন্ম ব্যাকুলতা আসে তজ্জন্ম ভগবানের নিকট প্রার্থনা কর্তে হবে। তবেই সত্য হৃদয়ে প্রকাশিত হবে। নিজের শক্তিতে কোন সত্য পাওয়া যায় না। যে সময়ে নিজে অতি দীনহীনভাবে ঐ সত্য প্রাপ্তির জন্ম ব্যাকুল হয় এবং আত্মা অতি দীন ভাব, বিনীত ভাব ধারণ করে তখনই ভগবানের অসীম দয়াতে সেই সত্য হৃদয়ে প্রকাশিত হ'য়ে জীবনকে ধন্ম করে। এ রকম না হ'লে সত্য পাওয়া যায় না; পরিবর্ত্তনও ঘটে না।

বন্দনা তিন প্রকার—কায়িক, বাচনিক ও মানসিক। কায়িক বন্দনা—ভূমির্চ হয়ে প্রণাম, হাতজোড়, নমস্কার ইত্যাদি। বাচনিক বন্দনা—তাঁকে বা সেই জিনিষকে স্তব-স্তুতি ইত্যাদি। মানসিক বন্দনা—মনেতে ঐরূপ বন্দনার ভাব।

যাঁর নিকট হ'তে এরপ সত্য পাওয়া যায়, তাঁকে অনাদর কিম্বা হাস্থ-বিদ্রূপ ক্রা উচিত নয়। গুরুজ্ঞানে সক্র্বদা তাঁর নিকট বিনীত থাক্তে হবে। তবেই বিশেষ ফল পাওয়া যাবে।

অধীনতা—সবাই গুরুজন। সকলেরই অধীন হবে। তাঁদের নিকট বিনীত

ও অধীন থাক্তে হবে। সকলকেই প্রভু মনে কর্বে। তাঁদের দেখে ভীত হবে। তাঁদের মহিমা কীর্ত্তন কর্বে। সকলেই যেন তোমাকে আপন বলে মনে কর্তে পারে। এরূপ কর্লে আর দেরী নাই। এসব বিষয় কোথাও বল্তে নাই;—এসব ভাব গোপন রাখ্লেই বিশেষ ফল পাওয়া যায়।

এক দিবদ ঢাকা ব্রাক্ষসমাজে আলোচনা সভায় ডাজার পি, কে, রায়ের প্রশ্নের উত্তরে ঠাকুর বিলিয়াছিলেন—"বিশ্বাস লাভ কর্তে হ'লে বিশ্বাসীর পদানত হ'তেই হবে।"— সে কথা মনে হইন। ঠাকুর একটু অপেক্ষা করিয়া নিধিলেন—

(২) ঋষিমার্গ –পথ। (২) শুদ্ধি—পরম সাধন। (৩) জ্ঞানমিশ্রাভক্তি—জীব নিস্তারের উপায়। (৪) বিশ্বাস – ধর্ম্ম-ভিত্তি। (৫) জীবন-গঠন —ব্রত। (৬) সত্যপথ — অবলম্বনীয়। (৭) প্রেম ও প্রীতিকথা – যথার্থ কথা। (৮) একজনই উপাস্ত। (১) একাগ্রতা — সুস্থাবস্থা। (১০) সংশয় —পীড়া। (১১) সাধুসঙ্গ — ঔষধ।

ঠাকুর 'দেবা, বন্দনা আউর অধীনতা' এবং এই প্রকার প্রয়োজনীয় অনেক বিষয়ে আরও অনেক কথা বলিলেন শুনিয়া, গুরুত্রাতারা খুব তৃপ্তিলাভ করিলেন ৷

श्रुत्थ जानीर्वात ।

কিছুদিন যাবৎ ভিতরের ত্রবস্থা দেখিয়া বড়ই উদেগ ভোগ করিতেছি। ঠাকুর আমাকে এত আদর করিতেছেন, এত ভালবাদিতেছেন, চতুর্দিকে বিদ্বেষাগ্নির তাপে নিজ শ্রীঅদের ফ্রণীতল ছায়ায় আমাকে এত ভাবে ঠাণ্ডা রাখিতেছেন কিন্তু আমি ঠাকুরের জন্ম কি করিতেছি ? ঠাকুরের অবিবল কপাধারা, যাহা নিয়ত আমার উপরে বর্ষিত হইতেছে, তাহা অম্ভবের অবস্থা আমার এখনও হইল না। বছকাল যাবৎ হ'টি অবস্থা লাভের জন্ম অন্তব্যে স্বর্মাণ প্রার্থনা করিয়া আদিতেছি। কিন্তু ঠাকুরে তাহা প্রণ করিতেছেন কই ? ঠাকুরের কুপায় অসাধারণ অবস্থা লাভ করিয়া তাহা সজ্যোগ করিবার বৃত্তি যদি আমার না জন্মিল তাহা হইলে ঠাকুরের এই কুপাবর্ষণের প্রয়োজন কি ? আজ খ্ব আফুলভাবে মনে মনে ঠাকুরের চরণে জানাইলাম—গুরুদেব! তুমি আমাকে এত দয়া করিতেছ, কিন্তু বিশাস-ভক্তি অভাবে তাহা আমি ভোগ করিতে পারিতেছি না। যদি ঘণার্থই তুমি আমাকে স্থী করিতে চাও, কৃতার্থ করিতে চাও, তাহা হলে তোমাতে স্বাভাবিক স্থির বিশাস ও একান্ত ভক্তি ভালবাদা দিয়া আপনার করিয়া লও। না হ'লে তোমার স্থতি ও সংশ্রবের চিত্র চিরকালের জন্ম অন্তর হইতে কাড়িয়া লও। এই অবিশাস ও ভ্রমতার জালা আর আমি সহু করিতে পারি না। সারাদিন নামের সঙ্গে এই ভাবে প্রার্থনা করিছেত জরিতে আমার দিন কাটিয়া গেল।

রাত্রে যথাসময়ে শয়ন করিয়াও নিজা হইল না। বড়ই ক্লেশ হইতে লাগিল। অধিক রাত্রে নিজিত

হইয়া পড়িলাম। স্তবাং আব আব দিনের মত ঠিক সময়ে জাগিতে পারিলাম না। ঠাকুর পুন:পুন: আমাকে হাতে তালি দিয়া জাগাইলেন। আমি একটি স্বপ্ন দেখিয়া এ সময়ে ঘূমের ঘোরে কাঁদিতেছিলাম। হাত তালির শব্দ পাইয়া জাগিয়া পড়িলাম। ঠাকুর জিজাদা করিলেন—"কি দেখ্লে ?" আমি বলিতে লাগিলাম—'দেখিলাম, আমি একটি আকস্মিক আপদ হইতে বক্ষা পাওয়ার জন্ম প্রাণপণ চেষ্টা করিয়াও বিফল হইলাম। তথন একান্ত নিরাশ ও লবসন্ন হইয়া "জন্ম গুৰু, জয় গুৰু" বলিয়া কাঁদিতে লাগিলাম। তথনই দেখিলাম, আপনি আমার সমূথে সমাধিষ্থ হইয়া বসিয়া আছেন। একটু পরেই আপনার সমাধি ছুটিতে লাগিল। তথন একবার আমার দিকে তাকাইলেন এবং 'টো টো' শব্দে তালু হইতে জ্বিহ্ব। টানিয়া স্বান্ডাবিক অবস্থায় আনিতে লাগিলেন। আমাকে নিকটে দেখিয়া নমস্বার করিলেন এবং পদ্ধৃলি নিতে হাত বাড়াইলেন। আমার তথন মনে হইল, পদ্ধূলি দিব কি না? গুকুকে পাদম্পর্শ করিতে দেওয়া তো মহাপাপ। তখনই আবার ভাবিলাম, আমি তো দিতে চাইনা, তিনিই নিতে চান। তাঁর যাহাতে তৃপ্তি তাহাতে আমি বাধা দিব কেন ? গুৰু দাবা আমাৰ কোন প্ৰকাৰই অনিষ্ট বা অকল্যাণের সন্তাবনা নাই। গুৰু কোন কাৰ্য্যে কি ভাবে কাহার কল্যাণ করেন তাহা আমি কি জানি ? নিশ্চয়ই আমারই কল্যাণের জন্ম ঠাকুর ইহা করিতেছেন। এই ভাব আদামাত্র, আর আমি আপত্তি করিলাম না। আপনাকে অনায়াদে পায়ের ধূলি দিলাম। আপনি উহা মন্তকে ধারণ কবিয়া, আমাকে কোলে নিতে হাত বাড়াইলেন। আমি তথন ঝাঁপাইয়া আপনার কোলে যাইয়া শিশুর মত শুইয়া পড়িলাম। আপনি আমার মাথা হইতে পা প্ৰান্ত হাত বুলাইতে লাগিলেন। আমি কাঁদিতে কাঁদিতে বলিতে লাগিলাম—আপনি আমাকে আশীর্কাদ করন। তথনই আপনার হাতের তালিতে আমি জাগিয়া পড়িলাম। ঠাকুর স্বপ্ন ভনিয়া 'হু' হু' করিয়া মাথা নাড়িতে নাড়িতে স্বপ্ন-কথায় দায় দিলেন। আমি হাত মুধ ধুইয়া ঠাকুরকে বাতাদ করিতে লাগিলাম। একটুকু পরেই দেখি ঠাকুর ফু পিয়া ফু পিয়। কাঁদিতেছেন এবং আমার দিকে এক-একবার তাকাইতেছেন। আমি ঠাকুরের চরণে দৃষ্টি রাথিয়া নাম করিতে লাগিলাম।

জীবের স্বাধীনতার দীমা।

আজ শনিবার। বহুলোক ঠাকুরকে দর্শন করিতে আদিলেন। জনৈক গুরুলাতা ঠাকুরকে জিজ্ঞাদা করিলেন—'মাকুষের কি কিছু স্বাধীনতা আছে ?'

ঠাকুর লিখিলেন—হাঁ, স্বাধীনতা কিছু আছে। যেমন একটা গরুর গলায় দড়ি বাঁধা থাকিলে দড়ি যতটা লম্বা, ঘুরিতে-ফিরিতে পারে,—দড়ির অতিরিক্ত যাইতে পারে না, সেইরাপ মনুষ্যুও আপন প্রবৃত্তির বিষয় যতটুকু, মাত্র ততটুকুই স্বাধীনভাবে করিতে পারে। চক্ষুর দৃষ্টি, কর্ণের শ্রেবণ, নাসিকার আণ, যতদ্র হইতে দৃশ্য দেখে, শব্দ শুনে, তাহার উপরে যাইবার ক্ষমতা নাই। নিজের ছেলেকে যেমন ভালবাসে অন্তের চেলেকে তেমন ভালনাসিতে পারে না। হাজার চেষ্টা করিলেও অধ্যের সে প্রকার ভাব আনিতে পারে না; সুতরং মহুমা বাঁধা গরুর মত স্বাধীন। মে'হ অজ্ঞানতা যতানে, তেওদিন জাব আপনাকে কর্তা মনে করিয়া সুখ হংগ ভোগ করে। প্রত্যেক জাবের এক একটি কার্যা আছে। সেই কার্যা সাধনের জ্ঞা গতাক প্রাধানতা প্রয়োজন ভাগ আছে। গেমন গরুর গলায় যতটুকু দড়িবাঁধা চলিতে পারে। সমস্ত জাব কেবল উপাধিতে আরত বলিয়া অস্তর্থ আছে। উপাধি যত কারত করিয়া অস্তর্থ আছে।

ধ্যের জন্ম সারভ্যাগ কি দোষ ? ধ্যের লক্ষণ।

একখন ভদ্বোক ভিজাপ। কবিলেন -সংসাবের জালা-মহণায় সাধন-ভজন কিছুত্তই করা যায়না, প্রত্যা ধ্যের জন্ত সংসাব ভাগে করা কি খোষ চ

মাকু কে বলেন মতুম কিছুকিন সংসারে পাকিয়া সাধন করিলে এবং ভাপে

। ত তলে, থাল পরাক্ষিত তরলে, যেখানে যাউক, কেত নই করিতে পারে না।

মান বৈশ্বলা আক্ষিন্দান যদি যায়, তবে আনক পতনের করেণের মধ্যে পতিত

তরতে তয়। সেই সম্যে সাব্ধান না তহলেই স্কর্নালা। ধর্মপ্রে পাকিবে।

ইবাত সংসার পাকে পাকুক না তয় যাউক। অসতা অসলম্বন করিয়া ক্যানই

কেত অধ করিবে না, বরং ভিজ্ঞা করিয়া জাবন কটোইবে ধর্মে সভার মত, দাতার

মত, ভাকুর মত এবং বারের মত রক্ষা করিতে হউবে। যে স্থানে ধর্মে, সে স্থানেই

ক্ষা মান্ত্রা কি করিতে পারে গ্রহণ ক্ষা ভগবান ধর্মকে রক্ষা করিয়া পাকেন।

কের বলিলেন—"ৰাজ পুরাণাখিতে তো ধণের কাত লক্ষণ দিয়াছেন। প্রকৃত ধণা কি তাহাতো কিছুট বৃথি না।"

মানুধ - "উকো, শরার, ধর্ম। উচালের উপবৃক্ত ব্যবচারই ধর্ম। সকল বিষয়ের অপবাৰহার, অপবায়েই পাপ। কার্ত্তনে একটু নৃত্যু করিল, একটু ভাব হইল, ইতাকেই এখন ধর্ম বলে। ইয়া ধর্ম সম্পেহ নাই: কিন্তু ধর্মের প্রধান অজ, — সভা, তাত, ভাবে দয়া, পিতানাভা ও প্রক্রজনকে ভক্তি, সংসদ্ধে স্পৃহা, প্রস্ত্রা দশানে সাবধানতা, পরধনে অংশাভ, —এইগুলি প্রথম অঞ্চ। হরিনামের ফল ধ্রিতে আরম্ভ হউলে প্রাপ্তম ঐশুলি দেখা যায়। উচা না চট্লে ঐশুনে ধ্যের আরম্ভই হইলানাঃ

একদিন অন্নপ্ৰাৰ মা গোদাইকে বলিকেন—'বাৰা আমি বড় টাকা হাৰাই, আমাৰ কি হবে ।' গোদাই বলিলেন—"যি'ন টাবা হারান, তিনি স্বত হারান, তিনি ধ্র্মণ্ড হারান। টাকা হারাবার জিনিয় নহে, দান কর। আমি গৌজে ক'রে টাকা লায়ে যাই, খরচ হ'য়ে গেলে নিশ্চিম্ন হই।"

কেং জিজাসা করিলেন শান্তে ভগবান লাভেং বাবস্থা ও সাধন-প্রণালী দির ভির প্রকার কেন ? গৈছর —"শিশুর আহার একপ্রকার, বাপকের একপ্রকার, মুবকের এবপ্রকার, বৃদ্ধের একপ্রকার, আবার রোগার একপ্রকার প্রভাবে আলান আহারে পুষ্টিলাভ করে। একজনের আহার অফ্রজনকে দিলে ভাবন নষ্ট হয়। সকলের এক নিয়মে হয় না। শরীরের প্রকৃতি মানসিক প্রকৃতি ভির; সুভরাং নিয়মও ভিন্ন ভিন্ন।

ঋষিবাকাই সার।

শেষা সাঁকুবের রাজস্মাকের প্রমন্ত্র শিযুক্ত প্রভাগচন্ত মন্মগর মহালয়, সাঁকুবের দেশিতে আদিলেন। অনেক কথার পর হিনি আকেশ ক'বয়া ব'ললেন—' গাঁসাই। মান্তবের মূল চেয়ে, লোকলভা ক'রে দিবন নাই কর্লাম। এখন লোকে বড়লোক বলে, সেই অ'লমানেই মারালোম ঘলার্থ দেশ হ'ল না। লোকের সজ্জায় দাই হারালাম, কিন্তু লোকের কিছুই হ'ল না। আই আমারই হ'ল। সাঁহুর প্রভাগবার্থ কথা শুনিয়া বলিজ্নে—'আলেনি গৈছা ও আমিদ্বান্তর পাঠি কার্বেন। কেবল ইবর্জি ভাবে পাক্রেন না। উপকার পাবেন।"

রাধ্যমান্তের কর্মকটি লোকের পতিকে, আধুনিক রাখ্যম, বাধ্যমান্ত এবং পাছ্যমান্তার বিবছে কিছুক্ষণ আলোচনার পর, সকুর লিবিলেন 'ব্যুগ্র নূতন কথা বাল্ডে সেই প্রিনিগ্রেইট নাজি ছিল। ভিরোৱা নয়া করিয়া যে সকল ধ্যমিত লাহ্যমাণ স্থাপন করিয়া গিয়াটেন, ভাষা বুলিতে পারি, জমন ক্ষমতা আমেন্দের নাই। তেবে 'ইংগাদের উপ্রেম যুগাধান্তে পালন করিতে ইচ্ছে: হয়। এখন লার্গরিক, সামাজিক ও অধ্যান্ত আনেক কার্ণে প্রকৃত লাহ্য, সম্ভাবের অনুগত হত্যাও করিন ব্যাণ হত্তিছে। অমিবাকাই সার,—এখন ইহাই বুলিতেছি।

सालव कि त व करन सावशांता साम मा । शांवा के क्षि मंत्रीता सावशांत का सावशांक कर सावशांक

कार्य केल अभारत मा कि किस के अनुवाद स्कार ।

क्षण्य एक गांव 'व्याप वर्षणा मान प्रवास प्राप्त व्याप प्राप्त व्याप व्याप 'क्ष्रू' गर्द वर्षः

हु स्वयं क्ष्य क्ष्य विद्या समान प्रति स्वयं स्ययं स्वयं स्ययं स्वयं स्ययं स्वयं स्ययं स्वयं स

Toggle of the state of the stat

কাৰেল বা বাজামে ধৰ্মাল কেলা হালা এত নাত্ত ল চাচুন লাপ্তিক কৰ্মাই। তথ্য নাত্

कर (2001) के दिस्ता निष्ण स्वराधना कर राष्ट्र के नार्थ स्वराधनी कि कर स्वराह का नृ रहे । ""क इन व्याहान दक्षणकान, तमानन दक्षणकान, ह्राह्म हर्णां के दक्षणकान, इ.स. हरारावान, व्याहान दुक्षणि दक्षणकान स्वराह व्याह्म व्याह्

क्षिताकाष्ट्रे मात्र।

नश्च ३ वृद्ध इ स्वत्वाद्ध स्वत्वाद्ध विद्वा स्वाप्त्य व्यव्या विद्वा तर महा १ वृद्ध र प व स्व विद्वा विद्वा स्व विद्व स्व विद्वा स्व विद्व स्व विद्वा स्व विद्वा स्व विद्वा स्व विद्व स्व विद्वा स्व विद्व स्व स्व विद्व स्व विद्व स्व विद्व स्व विद्व स्व स्व विद्व स्व विद्व स्व विद्व स्व विद्व स्व स्व विद्व स्व विद्व स्व विद्व स्व विद्य

द्ष्राम्बद्धावद्धाः स्व विषय स्य स्व विषय स्य स्व विषय स

একাগ্রতা লাভের উপায়।

কিছুদিন হয় দেশপ্রসিদ্ধ ব্যারিষ্টার ও ব্যাঙ্গ লার শ্রীযুক্ত আনন্দমোহন বস্থ মহাশয় ঠাকুরের নিকট আসিয়াছিলেন এবং ঠাকুর সকলকে কিছু সময়ের জন্ম অন্ত ঘরে ঘাইতে বলিয়া নির্জনে ওাহার সহিত আলাপ করিয়াছিলেন। ঠাকুর লিখিলেন—"যাওয়ার সময় তিনি তঃখ করিয়া বলিয়া গেলেন, 'গোঁসাই জীবন বৃথা গেল। মনে করিতাম ধর্ম হইয়াছে; এখন দেখি, কিছুই হয় নাই। এই কষ্ট নিবারণের উপায়'।" ঠাকুর উত্তর কি দিয়াছিলেন, তিনিই জানেন। বস্থ মহাশয় খ্ব তৃথিলাভ করিয়া চলিয়া গেলেন।

অন্বিভীয় দার্শনিক পণ্ডিত আছেয় গ্রীযুক্ত ব্রক্তেন্দ্রনাথ দীল মহাশয় এক দিবস ঠাকুরকে দর্শন করিতে আসিয়া বিবিধ বিষয় আলোচনা করিলেন। সে সকল কথা কিছুই বুঞ্জিতে পারিলাম না। ব্রেজেন্দ্রবাব্ যাওয়ার সময়ে রাখালবাব্ প্রভৃতিকে বলিয়া গেলেন—"সমন্ত 'ফিলস্ফির' উপর গোঁলাই হেগে দিয়েছেন। কোথায় দাঁড়িয়ে যে তিনি কথা বলেন কিছুই বুঞ্লাম না, সে অগাধ সম্ক্রেপ্রবেশও করিতে পারিলাম না।"

আজ নিষ্ঠাবান কয়েকটি গুরুত্রাতা ঠাকুরকে জ্ঞিজাসা করিলেন—'মন তো কিছুতেই স্থির হয় না ? একাগ্রতা কি প্রকারে লাভ করা যায় ?'

ঠাকুর নিখিলেন—একাগ্রতা অভ্যাস অনেক প্রকার। কিন্তু যতপ্রকার আছে, সমস্তই সাময়িক। যতক্ষণ উপায় অবলম্বন করিয়া থাকা যায়, ততক্ষণই অল্প অল্প মনঃস্থির হয়, এ জন্ম বাহিরের উপায় সাময়িক মাত্র। মনের সংকল্প-বিকল্প নষ্ট না হইলে চিন্তের একাগ্রতা হয় না। ভগবান আছেন, এটি সর্ববদা স্মরণ করিতে হইবে। স্মরণ, মনন, নিদিধ্যাসন,—এই তিনটিই একাগ্রতা লাভের শ্রেষ্ঠ উপায়। প্রথমে স্মরণ—সর্বস্থানে, সর্ব্বেটনায় স্মরণ, দ্বিতীয় মনন—অক্তিত্ব বোধ হইলেই মন সেই দিকে আপনা হইতে যায়,—যেমন সর্পেরা আলো দেখিলে চোখ আর ফিরাইতে পারে না। তৃতীয় নিদিধ্যাসন—গরু যেমন জাওর কাটে। স্মরণে, মননে যাহা স্বাদ পাইয়াছে পুনঃপুনঃ তাহা ভোগ করা। এই তিনটিই একাগ্রতা লাভের বিশেষ উপায়।

প্রশ্ন-মনের উপরে আমাদের কর্তৃত্ব হয় না কেন ?

ঠাকুর—"মনের সংকল্প-বিকল্প সর্ব্বদাই হইতেছে। ইহাতে মন অস্থির হয়, মনের উপর কর্ত্ত্ব আদে না। ইহার প্রধান কারণ, ছুইটি ইন্দ্রিয় প্রবল,—জিহ্বা ও উপস্থ। উপস্থ অনায়াসে লোকে দমন করিতে পারে, কিন্তু জিহ্বাকে সহজে বশে আনা যায় না। কেহ নিন্দা করিল, কটু বাকা বলিল, জিহ্বা তৎক্ষণাৎ প্রতিবাদ করিল। এই জিহ্বা বশীভূত হইলে নিন্দা প্রশংসায় চঞ্চল করিতে পারে না।"

ঠাকুর আবার লিখিলেন—সাধুসঙ্গ, সর্বাদ। নিত্যানিত্য বিচার অর্থাৎ সংসারের অসারতা চিন্তা এবং মনে মনে সর্বাক্ষণ ভগবানের নাম জপ করা,—এই সকল উপায় গ্রহণ করিলে ক্রমে ক্রমে চিন্তের একাগ্র তা লাভ হয়—মনের উপর কর্তৃত্ব জন্মে।

মণিবাবুর মা ও ভগ্নীর কথা।

মণিবাবুর মা ও জগ্নীর ঠাকুর-দর্শনের কথা সংক্ষেপে ছোটদাদার ভায়েরী হইতে এই স্থানে তুলিয়া দিলাম:—

মণিবাবু—এই বাটীতে গোস্থামী মহাশয়ের অবস্থানকালে আমাদের অঞ্চলের অনেক স্থীলোক ও পুরুষ তাঁহাকে দেখিতে যান। কিন্তু আমার মায়ের দর্শন হইল না। তিনি চলিতে অসমর্থা এই কথা গোঁদাইকে বলায় তিনি বলিলেন—"আমি বাতুড্বাগান যাবার সময় তোমাদের বাড়ী হ'য়ে যাব।" আমি আফিসে গেলাম মা'কে বলিয়া গেলাম যে, গোঁদাইকে ঠাকুরঘরে বদাইও। এক টাকার সন্দেশ আনাইয়া তুমি স্বহন্তে ঠাকুরকে খাওয়াইও। আফিস হইতে আসিয়া মা'কে জিজ্ঞাসা ক্রিলাম—'মা, গোঁদাই এদেছিলেন ? তাঁকে কেমন দেখুলে ?' মা বলিলেন—'তোমার গোঁদাই বেশ। তিনি ঠাকুরঘরে আদনে বদিবামাত্র ঠাকুরঘর আলোকময় হইয়া উঠিল। ঠাকুর দিংহাসন হইতে নামিয়া গোঁদাইর দমুধে দাঁড়াইলেন। পরে সিংহাদনে উঠিলেন।' আমি বলিলাম—'মা ! এও কি হয় ?' পরে গোঁদাইকে জিজ্ঞানা করাতে তিনি বলিলেন—"মা কি কখন মিণ্যা কথা কন ?" মণিবাবুর ভগ্নী শ্রীমতী ভোগমায়। আৰু আমার নিকটে ঠাকুরের দম্বদ্ধে গল্প করিলেন—আমি ও ডাক্তার অমৃত মজুমদার মহাশয়ের স্ত্রী (ব্রন্ধজ্ঞানী) ও আমার ভা'জ (গুরুভগ্নী) সৌরীক্রের মাতা তিনজনে একদিন বেলা ২টার সময় বাত্ডবাগানের ৩৩নং গোপান মিত্রের ভাড়াটিয়া বাড়ীতে গোস্বামী মহাশয়কে দর্শন করিতে গিয়াছিলাম। সেইদিন তিনি একটি গান গাহিয়াছিলেন সেটী এই—'ধরম্ করম্ সকলি গেল লো, ভামাপুজা আর হ'লোনা।' গানের পর মাঠাক্রণকে লইয়া মাণিকতলার মা'র বাড়ীতে যাই। তিনি আমার মাঠাকুরাণীকে একটি গান গাহিতে বলেন। মাঠাক্ফণ গাইলেন — হৈরি হে তুমি আপনি নাচ, আপনি গাও, আপনি বাজাও তালে তালে, তোমার মহিমা ভক্ত ভিন্ন কে আর জানে।

তৎপরদিন আমরা পুনরায় গোস্বামী মহাশয়কে দর্শন করিতে আসিয়া তাঁহার পুর্কদিনের

সঙ্গীতের মর্ম্ম ব্ঝিতে চাই। তিনি বলিলেন—"রাধারাণী স্থীদিগকে বল্ছেন—(আয়ান ঘোষের ইষ্টদেবী কানী) আমি শ্যামা-পূজা কর্তে চাই কিন্তু শ্যাম আসিয়া দর্শন দেন। আমি আর কি করব ? আমার ধর্ম-কর্মা কিছু হয় না, শ্যামা পূজাও হয় না। সূতরাং আমার কিছু হ'ল না!" গোস্বামী মহাশয় আবার বলিলেন—"যখন তোমরা নিজের ইষ্টদেবকে বা গুরুকে ধ্যান কর্বে তখন তিনি যে মৃত্তিতে দর্শন দিবেন তাকেই আদর কর্বে। যদি কুকুর বিড়াল আসেন তা'হলে তাকেও আদর কর্বে – ধ্যান ভঙ্গ কর্বে না।" তারপর অমৃতবাবুর খ্রী বলিলেন—'এক ব্রহ্ম দ্বিতীয় নান্তি' তবে কি ক'রে অভ মূর্টি আস্বে? গোস্বামী মহাশয় বলিলেন—"আপনারা যে এক ব্রহ্ম বলেন সেই ব্রহ্মই গুরু। এই মন্তকেই গুরু আছেন। ব্রহ্মতালুতে গুরু রয়েছেন। আপনারা যে নিরাকার মূর্ত্তি ধ্যান করেন, তাঁকে ডাকেন, তিনিও এই গুরু। তিনি অনন্ত, তাঁর অন্ত নাই। যখন ধ্রুব বনে গিয়ে তাঁকে ডেকেছিলেন তখন তিনি ধ্রুবের পেছনে থেকে তাঁকে রক্ষা করেছিলেন। যখন বাঘ আস্ছেন—তখন ধ্রুব তাকে বল্ছেন—তুমি আমার ইষ্টদেব এলে ? কিন্তু সে বাঘটাও গ্রুবের কোন হিংসা ক'রল না। তারপর সেই অনন্ত নারদ মুর্ত্তি হ'য়ে এসে তাঁকে দীক্ষা দিলেন। আপনারা যা করেন তাও ঠিক। কিন্তু গুরু না কর্লে শীঘ্র দেখা পাওয়া যায় না।" তখন অমৃতবাবুর স্থী বল্লেন—গুরুর মৃর্ত্তি কিরূপ ভাব বে ? গোস্বামী মহাশয় উত্তর করিলেন—"শিবের যে মূর্ত্তি সেই মূর্ত্তি ধ্যান কর্বে।" আমি আবার জিজ্ঞানা কর্লাম—'যে গুরু বর্ত্তমান আছেন সেই গুরুকেই ধ্যান কর্ব ?' তাতে তিনি বল্লেন—"মন্তকে ধ্যান কর্বেন শিবমূর্ত্তি জটাজুটধর, গঙ্গা জটায় কুলুকুলু কর্ছেন, সাপ জড়ায়ে আছেন। আর এ ধ্যান কর্তে পারেন তো আরো ভালই হয়, যে মা ভগৰতী পাৰে ব'সে আছেন।"

আমি সেই সময় দেখ তে পেলাম গোস্বামী মহাশয়ের মৃত্তি শিবমৃত্তি, তুই স্কল্কে তু'টি সর্প ফণা ধ'রে আছেন, একটি সর্প মন্তকের উপর কুগুলী পাকাইয়া ফণা ধরিয়া রহিয়াছেন এবং বাম উরুর উপরে মাতাঠাক্রুণ অন্নপূর্ণারূপে ব'সে আছেন। হাতে গলে রুল্রাক্ষের মালা, পরনে লাল শাড়ী। চরণ ছ'ধানি রাক্ষা টুক্টুক্ কর্ছে—এই মৃত্তি আমরা তিনজনেই দেখ লাম।

দেবদেবীর আবির্ভাব।

আজ ৫টার সময়ে বান্না করিতে ধাইয়া দেখি, কুতু আমার বান্নার ধোগাড় করিয়া রাখিয়াছে। কুতুর এই প্রকার নিঃমার্থ সেবার ভাব দেখিয়া বড় আনন্দ হইল। উহার গুণে উহার প্রতি দিন দিন আকৃষ্ট হইয়া পড়িতেছি। পাহাড় হইতে এবার আসার পর শাস্তি, দিদিমা প্রভৃতি সকলেই আমাকে থুব আদর-যত্ন করিতেছেন। ইহা আমার পক্ষে নৃতন।

গতরান্তি প্রায় ৩ ঘটকার সময়ে আমি ঠাকুরের সমূথে বিদয়া বাতাস করিতেছি দেখিলাম, ঠাকুর পা ত্টা ছড়াইয়া দিয়া নিজেই টিপিতেছেন। ঐ সময়ে আমি গিয়া পা ত্টা ধরিলাম এবং টিপিতে লাগিলাম। ঠাকুর একটু সময় পরে আমাকে বলিলেন—''একি। একি! তোমার সঙ্গে সঙ্গে তোমার নারায়ণটিও যে! এ কেন? (নারায়ণকে) তুমি কেন? আহা কি সুন্দর, কেমন সুন্দর স্র্যামণ্ডল,—তার মধ্যে নারায়ণ। এমন উৎকৃষ্ট চক্র বড় দেখা যায় না। গোপালভট্টের যে শালগ্রাম চক্রে ছিলেন,—যিনি বিগ্রহ হ'য়ে এখনও শ্রীবৃন্দাবনে রাধারমণ নামে পুজিত হ'তেছেন, তাহাও এইরপে অপ্তভুজ মহাবিফু-চক্রে।" ঠাকুর বহক্ষণ ধরিয়া এই শালগ্রামের মাহাক্ম্য বলিলেন। আমি ঠাকুরকে জিজ্ঞামা করিলাম,—আমি চতুর্ভুজ অপ্তভুজ বৃঝি না। আমি যাঁকে ধ্যান করি তিনি উহাতে আছেন কিনা এবং উহাতে থাকিয়া আমার পূজা গ্রহণ করেন কিনা? ঠাকুর লিখিলেন—হাঁ নিশ্চয়। শ্রাজাপুর্বক পূজা কর্তে কর্তে সকলই প্রকাশ হ'য়ে পড়্বে। চতুর্ভুজ অপ্তভুজও প্রকাশ পাবে। এ সংসারে চতুর্ভুজ পর্যান্তই প্রকাশ। গৃহস্বেরা চতুর্ভুজ বিফুরই পূজা করেন। বৈকৃষ্ঠ পর্যান্তই তাঁরা যেতে পারেন। অপ্তভুজ লাভ কারো কারো তাগো হয়।"

এই প্রকার অনেক কথার পর, একটি আশ্চর্য্য ঘটনা ঘটল। ঠাকুর ভাবাবেশে অধীর হইয়া একবার দক্ষিণে একবার বামে ঢলিয়া পড়িতে লাগিলেন এবং আওড়াইয়া আওড়াইয়া বলিতে লাগিলেন—"কি, তুমি কোথা হ'তে এসেছ ? গুষ্করা থেকে ? বেশ! গৃহস্থেরা ভোমার সেবাপূজা কেমন কচ্ছেন? তুমি আবার কোথা থেকে ?—ভোমার সিংহাসন কোথায় ? শ্যামসুন্দর! লোকে ভোমাকে শ্রন্ধাভক্তি করেন তো ?" এই প্রকার বহু ঠাকুর-দেবতার নাম করিয়া ভাকিয়া ভাঁহাদের সঙ্গে আলাপ করিতে লাগিলেন। এসব আলাপ কাণে শুনিলাম বটে, কিন্তু কিছুই বুঝিতে পারিলাম না। আমি উহাদের অস্থবিধা হইভেছে ব্রিয়া, গুরুদদেবের চরণ ছাড়িয়া সরিয়া পড়িলাম এবং নিজ আসনে গিয়া বিদলাম। কিছুক্ষণ পরে ঠাকুর শ্রামসুন্দর, রাধাগোবিন্দ ও লক্ষ্মীনারায়ণ প্রভৃতি ঠাকুরদের সহিত আলাপ করিয়া কোথাকার কোন্ ঠাকুর পরিচয় গ্রহণ করিয়া প্রণামান্তর বিদায় দিলেন। আমি ষেন নেশাচ্ছয় অবস্থায় অবাক্ হইয়া রহিলাম। ঠাকুরের এসব কি, কিছুই ব্ঝিতেছি না।

অলৌকিক দৰ্শনে লাভ কি ?

এই সময়ে ঠাকুর আমার দিকে তাকাইয়া কচি বালকটির মত 'হ' হ' করিয়া মাথা নাড়িতে লাগিলেন এবং আন্ধারে ছেলের মত হাত পাতিয়া পুন:পুন: থাবার চাহিতে লাগিলেন। আমি ঠাকুরের হাতে একটু মিষ্টি ও কমণ্ডলুর জল দিয়া জিজ্ঞাদা করিলাম - "এবার কি আমার শ্রদ্ধা-ভক্তি লাভ হইবে আবে বিখাস জ্মিৰে । ঠাকুর বলিলেন— "হাঁতা নিশ্চয়ই। তোমার কেন, যাঁরা অত্যস্ত তৃঃখকষ্টের ভিতরে নিভান্ত ত্রবস্থায় আছেন, তাঁদেরও হ'বে। তু'দিন আগে আর পরে, হ'তেই হবে।" আমি বলিলাম—'একটিবার এক মুহুর্ত্তের জন্মও যদি ভক্তি-বিখাদ-ভালবাদার চক্ষে আপনাকে দেখে আমার মৃত্যু হয়; জীবন আমার দার্থক মনে কর্ব। **ঠাকুর** বলিলেন—"যে ভাবে চল্ছ, যেরূপ ধ্যান, পূজা কর্ছ; সেইরূপ ক'র। ভাতেই ক্রমে ক্রমে সব হ'য়ে আস্বে,--বিশ্বাস-ভক্তি সব জনাবে।" বিশ্বাস কখনও দে'খে-ও'নে হয় না। অনেকে বলে যে, অলৌকিক একটি কিছু দেখ্লেই বিশ্বাস হ'বে। কিন্তু তা' ভুল। অনেককে অনেক দেখান গিয়েছে। তাতে তাদের কোন লাভ তো হয়ই নাই, বরং ক্তিই হ'য়েছে। বিশ্বাস যে জিনিস, তা দেখ লে-শুন্লে হয় না। উহা ভগবানের কুপাতেই লাভ হয়। তুমি অলোকিক কিছু দেখ্তে চাও ?" আমি বলিলাম—'অমুত বা অলৌকিক আমি কিছু দেখ্তে চাই না। আমি কিছু দেখে ষদি তা আপনা অপেক। আমার অধিক ভাল লাগে, তাহ'লেই তো আমার সর্পনাশ! স্বল্য কিছু तिथ तात्र को कृत्न आभात अखटत एथन छिनिछ ना हत्र ।'

ঠাকুর—তুমি যেমন কর্ছ করে যাও,—ওতেই সব হবে। আপন সাধন-ভজনের কথা কোণাও প্রকাশ কর্লে থাকে না,—অনিষ্ট হয়। সাবধানে থেকো। যার যেরূপ ভজন, তিনি নিষ্ঠাপূর্বক কর্বেন। প্রত্যেক সাধক আপন আপন মর্যাদা, রক্ষা ক'রে চল্বেন;—ইছা শিব বাকা।

এই বলিয়া ঠাকুর চোধ বৃদ্ধিলেন। আমিও বাতাস করিতে লাগিলাম।

मा कामी ७ ठाकूत।

কিছুকণ পরে ভাবাবেশে ঠাকুর বলিতে লাগিলেন—মা, বৃড়ি মা, ভূমি এমন কেন ? ভোমার বৃদ্ধি-শুদ্ধি নাই কেন ? সারা দিন রাত ছেলেকে ফেলে কোথায় থাক ? চবিবশ ঘণ্টা ভোমার দর্শনাকাজফায় ব'সে থাকি। এত সময় ব'সে থাক্লেও ভোমার

একবার ছেলে ব'লে মনে হয় না ? লোকে আবার তোমায় বলে 'দ্যাময়ী'! দ্যা তো তোমার ভারি। চবিবশ ঘণ্টা ছেলে ফেলে থাক। ছেলে দিনরাত ব'সে থাকে। আবার এসেও কথাবার্তা নাই। কেবল খেতে দে, ক্ষুক্ষা পেয়েছে, ব'লে গোলমাল কর। যদি কোন দিন খাবার কিছু না থাকে, দিতে না পারি, তাহ'লে অমনি আমার রক্ত থেয়ে যাও। আমার রক্ত না খেলে কি ভোমার পেট ভরে না ? সাধে কি তোমায় নির্বেধাধ বলি ? মেয়েমাকুষের কোন কালে বৃদ্ধি নাই: বৃদ্ধি থাকলে দশ হাত কাপড প'রেও কাছা দেওনা কেন? বুদ্ধি নাই ব'লেই ছেলের কষ্টও বোঝ না ইত্যাদি—প্রতিদিন শেষ রাত্রে ঠাকুর মা কালীর শুব-শ্বতি করেন। কথনও বা খ্রামা বিষয়ক গান করেন। যথা--

> "ভবে সেই সে পরমানন্দ, দে যে না ধায় ভীর্থ প্রাটনে: সন্ধ্যা-পূজা কিছুই না মানে, যে জন ভামার চরণ ক'রেছে রূল, সহজে হ'য়েছে বিষয়েতে ভূল। ভবাৰ্ণৰে পাৰে সে কল, রাজা রামকৃষ্ণ কয় তেমনি জনে, লোকে নিন্দা ভন্বে কেনে। ভার আথি চুলু চুলু বল্পনা দিনে, খামা নামায়ত পীয়ৰ পানে।"

বে জন প্রমানন্দময়ীরে জানে ঃ খ্যামা নাম বিনা না খনে খবণে। भए। उट्ट फांचांत हत्व थारिन । বল ভার মূল হারাবে কেমনে।

আবার কোন কোন দিন কালীর সঙ্গে ঝগড়াও করেন। গেওারিয়া থাকিতেও প্রভাই শেষ বাবে মা কালীর আবিভাব হেতু ঠাকুবের নানাপ্রকার ভাব দেখিয়াছি। এ দুময় ঠাকুর প্রায়ই ভাষাবেশে চুলু চুলু অবস্থায় থাকেন।

ঠাকুরের চাহনি।

গুক্লাতারা অনেকে প্রতিদিন বতই আমার শালগ্রামে নিষ্ঠা ভঙ্গ করিবার জন্ম নানা কথা বলিতে লাগিলেন, ঠাকুর ততই আমাকে দয়া করিতে লাগিলেন। প্রতিদিনট ঠাকুর আমাকে ঠাওা বাথিতে বিশেষভাবে কুপা করিতেছেন। শালগ্রাম পুঞার দহামুভূতি দেখাইতে কখনও নিজ হতে ঠাকুর আটা চিনি মৃত মাবিয়া ভোগের জন্ম শালগ্রামকে দিয়া থাকেন; কথনও বা ভাব সরবৎ আনাইয়া শালগ্রামের জন্ম রাবিয়া দেন। শালগ্রাম পূঞা প্রায় আড়াইটা তিনটার সময় শেষ হয়। ঐ সুময়ে আমারও কথন কুধা, কখন পিপাদা পার। বোধ হয় এইজন্তই ঠাকুর ঐ সময়ে কিছু ধাৰার শালগ্রামকে দিয়া প্রসাদ পাইতে বলেন। কোন কোন দিন ধাবার-মিষ্টি আল্মারী হইতে বাহির করিয়া আমার ছাতে দিয়া বলেন—"থেয়ে নেও। শালগ্রামের প্রেসাদ হ'য়েছে,—থেয়ে ফেল।" ওসব বস্তু শালগ্রামকে নিবেদন করিতে হইলেই তৃ'পাঁচ মিনিট অস্ততঃ বিলম্ব হৈবৈ। এই বিলম্বটুকুও ঠাকুরের যেন দহ্ম হয় না। তিনি নিজেই শালগ্রামকে নিবেদন করিয়া আমাকে দিয়া থাকেন। ঠাকুরের এসব দয়াতে যেমনই আমি উৎসাহ আনন্দে প্রফুল রহিয়াছি,—গুল্লাতারা তেমনই বিরক্ত ও বিমর্থ হইয়া পড়িতেছেন। শালগ্রাম-পূজার সময়ে ঠাকুর কথনও কথনও আমার পানে নানা ভাবে, নানা ভলিতে চাহিয়া, আমাকে একেবারে মুগ্ধ করিয়া কেলেন। সম্প্রের জটা মুখের উপর ধরিয়া, উহার ভিতর দিয়া 'তৃঙু' ছেলের মত তাকাইয়া আমার দৃষ্টি পড়া মাত্র, আবার মৃথ ঢাকিয়া জেলেন। ঐ সময়ে ঠাকুরের চক্তে চোধ পড়িলেই কেমন যেন হইয়া পড়ি। সারাদিন ঐ চাহনি আর ভুলিতে পারি না, কি যে আনন্দে ঠাকুর আমাকে রাথিয়াছেন, বলিতে পারি না।

নিত্য ভদ্ধনে সম্বন্ধ।

কিছদিন যাবং ঠাকুরকে একটি বিষয় জিজাসা করিবার জন্ম ব্যস্ত হইয়া রহিয়াছি। নাম করার সংক্ষে নামী অর্থ হৈ ইট্রমূর্ত্তি ষধন স্থাপত প্রতি নিয়ত অন্তরে উদয় হইতে থাকেন, তথন ঘন ঘন ঘনিষ্ঠতা হেতু তাঁহার সহিত একটা সম্বন্ধ স্থাপন করিবার প্রবৃত্তি জয়ে। সংসারে যাহা সর্কাপেক। মনোরম ও আনন্দজনক, ইষ্টদেবে দেই ভাবই আরোপ করিয়া ভদ্ধন করিতে ইচ্ছা হয়। ইষ্টদেবের মেহ মমতা ভালবালার ভিতর দিয়া যে ভাব অন্তরে আদিয়া স্পর্শ করে, দর্বদা তাহারই ধ্যান-ধারণা দাবা ইষ্টদেবের সহিত একটা স্থায়ী সম্পর্ক দাঁড়াইয়া যায়। আমার কিন্তু আজ পর্যন্ত ঠাকুরের উপর কোন একটা ভাবই স্থির হইল না! বৈঞ্বদের শান্ত, দাশু, দখ্যাদিভাব ব্যতীত, অল্প কোন ভাব মানব-প্রকৃতিতে আছে কি না, জানি না। ঠাকুরের সদয় ব্যবহারে যথন যে ভাব অস্তরে জাগিয়া উঠে তখনই তাহা লইয়া ভজনে দিন কাটাই। স্বতরাং কোন একটি নিৰ্দ্দিষ্ট ভাব এ পর্যাস্ত দাঁড়ায় নাই। এইভাবেই থাকিব, না কোন একটা নিৰ্দিষ্ট ভাব বাধিয়া উপাসনা করিব – তাহা জানিবার জন্ম ঠাকুরকে জিজ্ঞাসা করিলাম—'কি ভাবে দাধন করিব ? যখন যে ভাব ভাল লাগে, তখনই শে ভাব লইয়া দাধন করিব, না দর্জদ। একটা নির্দ্দিন্ত ভাব অন্তরে রাথিয়া, দেই ভাবে করিব ?' ঠাকুর লিখিলেন—"যথন যাহা ভাল লাগে তাহা লইয়া সাধন করিলে একটি কোন অবস্থা দাঁড়ায় না; যাহা সর্বাপেক্ষা ভাল লাগে, সর্বদা ভাহাই অন্তরে পোষণ করিয়া সাধন করিবে।" আমি ঠাকুরের কথায় বুঝিলাম—ঠাকুর যথার্ধই আমার সহিত একটা সম্বন্ধ স্থাপনপূর্ব্বক, নিজের করিয়া লইলেন। অনেক দিন ধাবৎ ঠাকুর, হাব-ভাবে, আকার-

ইন্ধিতে, কথায়-বার্ত্তায় ও ব্যবহারে আমার অন্তরে যে ভাব ফুটাইয়া তুলিতেছেন, বুঝিলাম—
ঠাকুরের দলে দেই ভাব লইয়াই আমার দল্প। আজ আমি নিশ্চিন্ত হইলাম। দয়াল ঠাকুর! দয়া
করিয়া আমাকে বিশ্বাদ ভক্তি—ভালবাদা দেও। দুরে থাকিয়া ভালবাদিতে চাই না—যদি কথনও
ভালবাদি ভবে ধেন মনে প্রাণে এক হয়ে ভালবাদিতে পারি। যভদিন লজা, ভয়, সঙ্কোচ থাকিবে
তভদিন ভালবাদার ঐকান্তিকভা জয়ে না। লজ্জা, ভয়, সঙ্কোচ দ্র হইলেই ভোমার উপরে প্রকৃত
ভালবাদা ও প্রেম জ্লিবে। এই প্রেমই চাই। যাঁকে ভালবাদিব, তাঁকে লইয়া মাথামাথি করিব—
কথনও তাঁকে কোলে করিব, কথনও তাঁর কোলে বদিব—কথনও তাঁর পায়ে লুটাব, তাঁকে মাথায়
রাথিব আবার কথনও তাঁর কাঁধে উঠিব,—ইহা যে পর্যান্ত না হবে সে পর্যান্ত ভালবাদা কেথায়?
ঠাকুর কবে আমাকে দয়া করিয়া সে অবস্থা দিবেন ?

সাধন সক্ষেত।

আজ একজন গুরুত্রতা জিজ্ঞাসা করিলেন—ধর্মজীবন গঠনের প্রকৃষ্ট প্রণালী কি ?

ঠাকুব লিখিলেন—চিত্তের স্থিরতা লাভ করাই ধর্মার্থীর প্রধান ও প্রথম লক্ষ্য। উপাদনা, আরাধনা, ধ্যান, ধারণা, জপ, তপ, দমস্তই এই স্থিরতা লাভের উপর নির্ভর করে। সাধুগণ স্থিরতা লাভের নানা উপায়ের কথা বলিয়াছেন। তন্মধ্যে নাম সংকীর্ভন, উল্পেখ্যরে স্তব পাঠ আশু ফলপ্রদ। এই জন্ম সাধকদিগকে প্রতিদিন প্রাভঃসদ্যা, তগবানের নাম কীর্ভন ও স্তব-স্তুতি পাঠ করিবার উপদেশ দেওয়া হয়। চঞ্চলমতি বালককে যেমন উল্পেখ্যরে আপনার পাঠ আবৃত্তি করিয়া ভাষা অভাস্ত করিতে হয়, চঞ্চলমতি সাধককেও সেইরূপ সজনে নির্জ্জনে প্রথমাবস্থায় উচ্চৈঃস্বরে স্তব স্তুতি ও সঙ্গীতাদি করিয়া ভগবানের পূজা করিতে হয়। নাম সাধন ও প্রাণায়াম প্রভৃতিও চিত্তের স্থিরতা লাভের প্রকৃষ্ট উপায় বলিয়া বণিত আছে।

প্রতিদিন একই ন্তব পাঠ, একই সংকীর্ত্তন গান, একই নাম জপ করা বিধেয়।
সঙ্গীত সংকীর্ত্তনাদি সম্বন্ধে অনেকে নিত্য নূতন সঙ্গীত সংকীর্ত্তন করিয়া থাকেন।
যেদিন যেরূপে ভাবের উদয় হইল, সেদিন তদকুরূপ কীর্ত্তনাদি করেন। ইহার
ফল এই দাঁড়ায় যে, সাধক ভাবের অধীন হইয়া পড়েন, ভাব তাঁহার অধীন কখনও
হয় না। ভাবস্রোত বন্ধ করা কখনও উচিত নহে সত্য, কিন্তু ভাবের বশ হওয়া
অকর্ত্তব্য—একে ত ভাব বিকাশের ব্যাঘাত, অপর চরিত্র গঠনের ব্যাঘাত জন্মিয়া

থাকে। প্রবল ভাবাবেশ হইলে সে ভাবকে অসক্ষৃতিতভাবে বর্দ্ধিত হইতে দেওয়াই উচিত; কিন্তু সর্ব্বনাই আপনাকে এরপে ভাবের অধীন হইতে দেওয়া উচিত নয়—যাহাতে ভাব আসিলে পূজা আরাধনা প্রভৃতি হইবে, না আসিলে হইবে না। কিন্তু যেদিন যেরপে ভাব আসে, সেদিন কেবল সেরপে ভাবের সঙ্গীত পাঠাদি করিলে পরিণামে সাধক বস্তুতই একেবারে আত্মশক্তিহীন হইয়া ভাবের বশীভূত হইয়া পড়েন। এই কারণেই একটি নির্দ্দিপ্ত সময়ের জন্য নির্চ্চা সহকারে, একটা নির্দ্দিপ্ত পাঠ ও কতিপয় নির্দ্দিপ্ত সঙ্গীত কীর্ত্তনাদি করা কর্ত্তব্য। ইহাতে চিত্তের স্থিরতা, ভাবের গাঢ়তা এবং চরিত্রের শক্তি সাধিত হইয়া থাকে।

যেমন পাঠ ও সঙ্গীত সম্বন্ধে, তেমন আসন সম্বন্ধেও একটা স্থিরতা থাকা ভাল। প্রতিদিন সাধনের সময় একই আসনে, একই গৃহে, একই দিকে অভিমুখী হইয়া উপবেশন করিবে। যেমন শয্যা বা শয়নগৃহ পরিবর্ত্তন করিলে সকলেরই প্রথম প্রথম অল্লাধিক পরিমাণে স্থনিদ্রার ব্যাঘাত জন্মিয়া থাকে, সেইরূপ আসন, স্থান বা অভিমুখ পরিবর্ত্তন করিলে, সাধনের কালে চিত্ত-স্থৈর্যের ব্যাঘাত জন্মে। প্রাচীন কালে গুরূপদেশ হইতে সাধনার্থিগণ ধর্মাজীবনের প্রারন্তেই এই সকল সাধন সক্ষেত্ত শিক্ষা করিতেন। বর্ত্তমানের বৈপ্লাবিক ভাবে সে সকল শিক্ষা-প্রণালী বিলুপ্ত হইয়া যাওয়াতে, অনেকেরই পক্ষে এই সকল সামান্য সাহায্যুও তুর্লভ ইইয়াছে। বিশেষতঃ যাহারা আত্ম চেপ্লাতে ধর্মাসাধন করিবার প্রয়াসী, তাহাদিগকে এ সকল সক্ষেত্ত বলিয়া দেয় এমন কেহই নাই, অথচ এ সকল সক্ষেত্ত নাজানাতে যে সাধন তিন সপ্তাহে হইত, তাহা তিন বৎসরেও হইতে পারে না। এই সকল অতি সামান্য উপদেশের অভাবেই অনেক সরল ধর্মাপিপাত্ম ব্যক্তি বহুকালব্যাপী চেষ্টার পরেও স্ব স্ব ধর্মাজীবনে বিশেষ উন্নতি পরিলক্ষিত্ত করিতে পারেন না।

খাদ দম্বন্ধে জিজাদা।

আজ নির্জন পাইয়া ঠাকুরকে জিজ্ঞাদা করিলাম—'আপনি আমাকে চতুরিবংশতি তত্ত্বে তাদ করিতে বলিয়াছিলেন, কিন্তু কোন্ তত্ত্বের তাদ কি ভাবে করিতে হয়, তাহা জিজ্ঞাদা করিয়া নিতে অবদর পাই নাই। স্কতরাং শ্রীমন্তাগবৎ দেখিয়া নিজের বৃদ্ধিমত ত্তাদ করিয়া যাইতেছি। ঠিক মত হইতেছে কি না, তাহা ব্রিতেছি না—সন্দেহ হয়। তাহাতে ঠাকুর লিখিলেন—"ত্যাদ কিরূপ কর ? কিসে সন্দেহ বল ?" আমি যে ভাবে পঞ্চ কর্মেন্দ্রিয়, পঞ্চ জ্ঞানেন্দ্রিয় ও পঞ্চ মহাভূতের ভাগ করিয়া থাকি, ঠাকুরকে পরিষ্কার করিয়া বলিলাম। ঠাকুর শুনিয়া বলিলন—"এসব ঠিকই হ'চ্ছে। তারপর।" আমি—'পঞ্চন্মাত্রের ন্তাস—শব্দের—কর্ণে, স্পর্শের—হৃদয়ে, ক্লণের—নাভিতে, রসের জিহ্বাতে, ও গদ্ধের—পায়ুতে করিয়া থাকি।'

ঠাকুর বলিলেন—"না, ওরাপ নয়। শব্দ-তন্মাত্রের—কৃষ্ণবর্ণে, স্পর্শের—নীলবর্ণে, রাপ-তন্মাত্রের—রক্তবর্ণে, রস-তন্মাত্রের—শ্বেতবর্ণে, এবং গন্ধ তন্মাত্রের—পীতবর্ণের রাপধ্যানে কর্তে হয়।"

আমি—এ সব রূপের ধ্যান কি সমন্ত অঙ্গপ্রতাঙ্গে, না কোন বিশেষ বিশেষ স্থানে বাধিব ?

ঠাকুর—হাদয়ে, ললাটে অথবা সহস্রারে।" মন, বৃদ্ধি, অহন্ধার ও চিত্তের ন্থাস বে ভাবে বে যে স্থানে করি, ঠাকুরকে বলায় ঠাকুর কহিলেন—"ঠিক্ ঠিক্ই হ'তেছে, তবে চিত্তের সহস্রারে কর্তে হয়।"

আজ আমার অনেকগুলি দন্দেহের বিষয় সংশোধিত হইয়া গেল। ঠাকুরকে জিজ্ঞাসা করিলাম—
কিরপ ধ্যান সর্বাদা রাধ তে চেষ্টা কর্ব ? ঠাকুর আমার প্রশ্নের উত্তর দিয়া বলিলেন—"এসব খুব
গোপনে কর্তে হয়,—কোথাও প্রকাশ ক'র না।" জ্বয়, দ্যাল ঠাকুর! এ সব সাধন
তুমি আমাকে কেন দিতেছ, জানি না। ভোমার রূপ ধ্যান করিতে করিতে কবে আমি, তুমি হইব!

গুরুব্রন্ম অর্থ কি ? আমাদের গুরু কে ?

আজ অপরাক্তে বহু গুরুত্রাতা ঠাকুরের নিকট আদিলেন। তাঁহারা ঠাকুরকে খাদ-প্রখাদে নাম ও গুরুষম্বন্ধে বিবিধ প্রশ্ন করিতে লাগিলেন। ঠাকুর লিথিয়া কথন বা অফ্টম্বরে বলিয়া তাঁহাদের কথার উত্তর দিতে লাগিলেন। একটি গুরুত্রাতা জিজ্ঞাদা করিলেন—গুরুত্রন্ধ এ কথার অর্থ কি ?

ঠাকুর দিখিলেন—খাস-প্রশ্বাসে নাম করিতে করিতে এক অবস্থা আসে, তাহাতে গুরু দর্শন হয় এবং গুরুর মধ্যে নামের চৈতন্যরূপ দর্শন হয়। তখনই গুরু ও বন্দ এক হইয়া যান। যাহাদের ঐরপে অবস্থা ও দর্শনলাভ হয়, তাঁহাদেরই নিকটে গুরু বন্ধা।

জিজ্ঞাদা করা হইল—আমাদের গুরু কে ? আপনি কধন কধন প্রমহংস্কীর কথা বলেন।
উত্তর—তোমরা গুরু বলিতে আমাকে বৃঝিবে। প্রমহংস্জী আমার গুরু। তিনি
আমাকে নাম দিয়াছেন, আর আমি তোমাদের নাম দেই।

নাম-সাধনে কি অবস্থা হয় ? অধৈতবাদ কি ?

প্রশ্ন —খাদে-প্রখাদে নাম করিলে কি অবস্থা লাভ হয় ? ভগবানকে লাভ করিয়া কি তাঁহার সঙ্গে মিলিয়া যায় ?

ঠাকুর লিখিলেন—খাদে-প্রস্থাদে এই নাম-সাধনই যথার্থ সাধন। ইহাতে কামাদি সমস্ত রিপুর বিনাশ হইবে। প্রেম, ভক্তি, পবিত্রতা আসিবে, বিশ্বাস পাইবে। শ্বাদে-প্রশ্বাদে নাম করিতে করিতে নানাপ্রকার দর্শন হইয়া থাকে। ভগবান যে আমাদের অনেক দূরে আছেন, তাহা নহে,—তিনি সর্ব্বদাই আমাদের কাছে বর্তুমান। শ্বাস-প্রশ্বাসে নাম করিতে করিতে পাপরাশি জ্বলিয়া গেলে, তাঁহার দর্শনলাভ হয়। এই ভাবে নাম করিতে করিতে দম্মুখে একথানা আরশীর মত প্রকাশিত হয়। গ্রহ-উপগ্রহাদি সমস্তই স্পষ্টভাবে দৃষ্টিভূত হয়, ক্রমে অন্তরের ময়লানাশের দজে সজে সমস্তই বুঝিতে পারা যায়। তথন মনুয়া-জনা সফল হয়। মনুষা যতই কেন উন্নত হউকু না, একেবারে ভগবানের সঙ্গে মিশিয়া যায় না। কেহ যদি সমুদ্রগর্ভে, সমুদ্র পরিমাণ করিবার জন্ম অহন্ধার করিয়া ডুব দেয় এবং যদি তাহার পৃথক ভাব জ্ঞান থাকে তাহা হইলে তাহার যেরূপ অবস্থা—মন্ত্রয় চিদানন্দ-সাগরে ডুবিলেও তাহার সেই প্রকার অবস্থা হয়। অন্ত লোক মনে ভাবে যে, সে ভগবানের সঙ্গে মিলিয়া গিয়াছে। কিন্তু তখনও তাহার পার্থক্য বোধ থাকে, তখন সে ভগবানের রাস-লীলা সর্ব্বক্ষণ দেখিতে থাকে এবং ধন্ত হয়। যথন জীবাত্ম। ব্রহ্মানন্দ লাভ করে তখন সে কখনও মধুর সাগরে, কখন বা চিনির সাগরে ডুবিয়া থাকে।—ইহা কেবল কল্পনামাত্র, কেননা দেই আনন্দের তুলনা নাই। তথন জীবাত্মা যেন আনন্দে বিহ্বল হইয়া পড়ে। মনে হয় যেন, কেন এই जानत्न थाकिनाम। मधुतः, मधुतः, मधुतः !

ঠাক্র আবার লিখিলেন—"অছৈতবাদ মত নহে, আত্মার একপ্রকার অবস্থা। জীবাত্মা ও পরমাত্মার মিলন হইলে তখন আত্মা আপনাকে ভূলিয়া যান। যাহা দেখেন, ব্রহ্মসন্তাই দেখেন। অনন্তসাগরে একটি জল-কণা প্রবেশ করিলে সে চারিদিকে হিল্লোল কল্লোল দেখে, কখনও ভূবে, কখনও ভাসে। আত্মার অন্তিত্ব নষ্ট হয় না। ইয়া না হইলে ঋষিগণ, মুনিগণ এত পরিশ্রম করিয়া সাধন করিবেন কেন? ইয়াই পরম গতি, পরম সম্পদ।

পঞ্চোষ ভেদের লক্ষণ।

জ্বিক গুরুলাতা ঠাকুরকে জিজ্ঞাসা করিলেন—'জীবাত্রা পঞ্কোষের ভিতরে আছেন শুনিতে পাই। পঞ্কোষের কোন্ কোষ ভেদ হইল তাহা কি লক্ষণ দেখিয়া বুঝা ঘাইবে ?'

ঠাকুর লিখিলেন—"অল্লময় কোষ ভেদ হইলে পার্থিব বস্তুতে আকর্ষণ থাকে না।
প্রাণময় কোষভেদে, শারীরিক উত্তেজনা থাকে না। মনোময় কোষভেদে সঙ্গন্ধবিকল্প যায়। বিজ্ঞানময় কোষভেদে সংশয়-বৃদ্ধি থাকে না; আর আনন্দময় কোষভেদে পার্থিব আনন্দে মুগ্ধ করিতে পারে না।" যে সকল চক্র আমাদের শরীরে আছে
তাহার দহিত আত্মার কোন সংদ্ধ আছে কি না জিজ্ঞাসা করায়, ঠাকুর লিখিলেন—"চক্র শরীরে
ছয়টি। ইহার সহিত বাহিরের শক্তির যোগ। স্থূল শরীরে, স্ক্র্ম শরীরে, কারণ
শরীরে তারপর আত্মাতে। গ্রন্থ পাঠ করিয়া অথবা উপদেশ শুনিয়া ইহার প্রকৃত
তত্ত্ব বুঝা যায় না।"

অতি-নিদ্রায় ঠাকুরের অনুশাসন।

কলিকাতা আদিয়া এতদিন বড়ই আবামে কাটাইয়াছি। দিনরাত ঠাকুরের অবিচ্ছেদ সদলাতে, একটানা সাধন-ভজন করিয়া কি যে আনন্দলাভ করিয়াছি প্রকাশ করিবার ভাষা নাই। কিন্তু,

কিছুদিন যাবৎ বড়ই উদ্বেগভোগ হইতেছে। প্রতাহই গুরুলাতার কেহ :লা আঘিন, কেহ আফিস-আদালত হইতে একেবারে স্থানিয়া দ্রীটে আসিয়া উপস্থিত ৪১নং হকিয়া ট্রাট, হন। সন্ধ্যা-কীর্ত্তনের পর তাঁহারা আপন-আপন বাড়ী-ঘরে চলিয়া যান। কলিকাতা। আবার অনেকে আফিস হইতে বাসায় যাইয়া আহারাস্তে সাড়ে আটিটা

ন'টার মধ্যে এখানে আদিয়া থাকেন। রাত্তি প্রায় এগারটা পর্যন্ত, তাঁহারা ঠাকুরের দক্ষে নানা বিষয়ে গল্পাদি করিয়া, ঠাকুরের ঘরেই শয়ন করেন। এই শ্রেণীর গুরুত্রাতাদের সংখ্যা দিন দিনই বৃদ্ধি পাইতেছে। ঠাকুর হলঘরের এককোণে নিজ আদনে বিদিয়া থাকেন, বাকী সমস্ত ঘরই খালি থাকে। স্থিতরাং ম্যাটিং-করা হলঘরে যাহার যেথানে ইচ্ছা পড়িয়া থাকেন। আজকাল প্রায় ৮০১০টি লোক থেই ঘরে নিত্য শয়ন করিতেছেন। আমি রাত্রি সাড়ে এগারটা বারটার সময় যথন উঠি, সকলকেই এই ঘরে নিত্য শয়ন করিতেছেন। আমি রাত্রি সাড়ে এগারটা বারটার সময় যথন উঠি, সকলকেই নিদ্রায় অভিভূত দেখি। মহেক্রবার্, মণিবার্, অচিন্তাবার্ প্রভৃতি ৩৪টি গুরুত্রাতার এক সময়ে বিবিধ জাণিয়া থাকেন। রাত্রি ১১টা হইতে সাড়ে চা'রটা পর্যন্ত ৮০১০টি গুরুত্রাতার এক সময়ে বিবিধ

প্রকার নাক ডাকার 'ঘড্ ঘড়্,' 'ফড় ফড়' বিরক্তিকর শব্দে আমার মাথা আগুন হইয়া যায়। ঠাকুর বাহজানশৃত্ত অবস্থায় থাকেন বলিয়া, তাঁহার এই দকল শব্দে কোন উদ্বেগই বোধ হয় না। দমন্তটি ভোগ আমাকেই ভূগিতে হয়। গুরুলাতাদের 'ঘড়্ ঘড়ানি' শব্দে—নামে মন বদে না, ঠাকুরের ভাবাবেশের ও দমাধির কথাগুলি পরিষার গুনিবারও স্থবিধা হয় না। পাথা করিতে করিতে এক-একবার উঠিয়া কোন গুরুলাতাকে চিৎ হইতে কাৎ করিয়া দেই, কাহাকেও হাত ধরিয়া টানিয়া পাশ ফিরিতে বলি, আবার কারো কারো 'ঘড়্ ঘড়ানি' কিছুতেই থামাইতে না পারিয়া নাকে-মৃথে, কাপড়, জামা, চাদর মাহা পাই চাপা দিয়া দরিয়া পড়ি। দারা রাত আমাকে ভাণ বার আদন হইতে উঠিয়া এই দব নিয়া থাকিতে হয়। স্থির হইয়া অর্জঘন্টাও এক ভাবে বিদয়া নাম করিতে পারি না। ঠাকুর ওটার দময়ে বাহ্দংজ্ঞা লাভ করিয়া একটু মিষ্টি মৃথে দিয়া জল থান এবং গুরুলাতাদের নাকের 'ঘড় ঘড়ানি' শব্দে বিরক্তি প্রকাশ করিয়া, অতি-নিজার অশেষ দোষ বলিতে থাকেন। গুরুলাতারা অনেকে তাহা শুনিয়া অথবা প্ন:পুন: আমার টানা হেঁচ্ ড়ানিতে উদ্বান্ত ইয়া পার্থবর্জী রাখালবাবুর বৈঠকখানা ঘরে, স্থেধ নিজা যাওয়ার ব্যবস্থা করিয়াছেন। তাহাতে আমার আরো অস্থবিধা হইয়াছে। যথন তখন ধাকা দিয়া উহাদের শন্দ কন্ধ করার স্থবিধা পাইতেছি না।

ঠাকুর স্কলকে ৩টার সময়ে উঠিয়া সাধন করিতে, বহুবার বলিয়াছেন। কিন্তু কেহু তাহা গ্রাহ্ ক্রিতেছেন না। অবশেষে ঠাকুর সন্দেশ, রস্গোল্লার লোভ দেখাইয়া কাহাকেও বাগে আনিতে পারিতেছেন না। প্রতাহই শেষ বাত্তের জন্ম অর্দ্ধনের তিনপোয়া দন্দেশ রদগোলা আদে। ঠাকুর তাহা হইতে কিঞ্চিৎ গ্রহণ করিয়া আমাকে দিয়া বলেন—"সকলকে দিয়া দেও।" আমি নিস্তিত গুরুত্রাতাদের সম্মুথে বসিয়া, 'রসগোলা' 'রসগোলা' বলিতেই কেহ কেহ ধড় মড়িয়া উঠিয়া বসেন এবং ব্দগোলা লইয়া বাহিবে চলিয়া যান। কেহ কেহ চোধ-বুজা অবস্থায়ই বিছানায় বদিয়া বদগোলা মুধে দেন এবং হাতথানা মাথায় পুঁছিয়া আবার শয়ন করেন। আবার কোন কোন গুরুত্রাতা মাথাও না তুলিয়া চোখ-বুজা অবস্থায়ই রসগোল্লা পাওয়ার জন্ম ঘন ঘন হাতখানা নাজিতে থাকেন এবং রসগোলা পাইয়া উহা মূথে দিয়া আবার পূর্ববৎ নাক ডাকাইতে থাকেন। আর যে সকল গুরুত্রাতারা 'রসগোলা' শব্দে, উহা পাইবার জ্বন্ত শুধু হাঁ করিয়া পড়িয়া থাকেন, আমি দর্কশেষ রদগোল্লা তুলিয়া তাঁহাদের নাকের উপরে বস নিঙ্ডাইয়া দিয়া, সজোরে বসগোলা মূখে ফেলিয়া দেই। খাস টানিতে ঘাইয়া নাকের ভিতরে রদ যাওয়ায় কেহ কেহ দমবন্ধ হইয়া উঠিয়া পড়ে এবং রাগিয়া যা ইচ্ছা তাই গালি দিতে দিতে বাহিরে চলিয়া থায়। আমি ঠাকুরের নিকটে বসিয়া থাকি বলিয়াই রক্ষা পাই। সকল কার্য্য আমি ঠাকুরের অভিপ্রায়ের অমূকুলেই করিতেছি মনে করিয়া তৃপ্ত ধাকি। কয়দিন এদের ভাব দেখিয়া ঠাকুর নিদ্রিত ব্যক্তিদের ডাকিয়া প্রদাদ দিতে বারণ করিয়াছেন। এখন জাগ্রত গুরুলাতাদের প্রসাদ বর্ণীন করিয়া অবশিষ্ট আমিই খাইয়া থাকি। সকালে গুরুলাতারা ইহা লইয়া আমার সঙ্গে ঝগড়া করেন। গত রাত্রে ঠাকুর ইহাদের শাসন করিয়া বলিলেন—

"মান্নুষের নিদ্রা দেখে বুঝা যায়, তার ভিতরে কোন্ গুণ প্রবল। নিদ্রাকে জোর করে ত্যাগ করতে হবে। জোর ক'রে ত্যাগ না কর্লে, সহজে ত্যাগ হয় না। জীবন মানুষের কয়টি দিনের জন্ম। ৫০।৬০ বৎসরের জীবন, অর্দ্ধ সময়ই চাক্রী-বাক্রী বাহিরের কাজে যায়, ভারপর যে সময়টুকু থাকে তা'ও আহারাদি কাজে অধিকাংশ সময় বায় হয়। অবশিষ্ঠ যে সময় থাকে, তা' নিদ্রায় বায় কর্লে, অবস্থায়ই সময় যাচ্ছে। ভগবানের নাম কবে কর্বে! যাদের দিবসে আহারের চেষ্টা কর্তে হয় না, তারাও নাম করেনা; কেবল গলাবাজী কর্বে আর রাত্রে প'ড়ে প'ড়ে ঘুমাবে। বাবুদের সাধন কর্তে বল্লে, প্রাণায়াম কর্তে বল্লে, বলেন — 'মহাশয় প্রাণায়াম কর্তে হাঁপ ধরে, দম বন্ধ হ'য়ে আসে, বড় কন্ত হয়'। যদি বলি ব'সে নাম কর, বলে—'মশায় ঘুম পায়, বিরক্তি বোধ হয়, নাম মনে আদে না।' যদি বলি, শুধু আসনে ব'সে থাক, বলে—'মশায় বড় চুল পায়।' এরাপ কর্লে আর সাধন নেওয়ার প্রয়োজন ছিল কি ? সাধন-ভজন কর্বে না, কেবল পরনিন্দা, পরালোচনা কর্বে আর বল্বে-- 'আমার কাম যায় না কেন ! তোমরা কি কর ? একটি ঘণ্টাও যদি স্থির হ'য়ে বদে নাম কর, তা'হলেও কথা বল্তে পার। এক ঘণ্টা নাম কর্লেও সাধনের একটি উপকারিতা বুঝ্তে পার,— তা কর কই ? রাত্রে এদের নিদ্রাবস্থা দেখ লে বড়ই কষ্ট হয়। নিদ্রায় নিদ্রায়ই দিন কেটে গেল। যাদের মোহ বেশী,—তমগুণ বেশী,—তাদেরই নিদ্রা বেশী। মোহেতে নিজা হয়। নিজাত্যাগের সঙ্গে সঙ্গে মোহও নষ্ট হ'য়ে যায়।" এইরূপ প্রায় ১৫।২০ মিনিট বলিয়া ঠাকুর নিজিত লোকদের জাগাইতেই যেন উচ্চৈঃস্বরে একটি গান করিতে লাগিলেন, গানটি ভাড়াভাড়ি সমন্ত লিখিতে পারিলাম না, মধ্যের একটুমাত্র এই : —

— অলসে ঘুমাবে যত, অজ্ঞানে ঘেরিবে তত,
জীবনের সত্য জ্যোতিঃ নয়নে আর ছেরিবে না।
হাসিছে শমন দেখ
এখনও সময় আছে, উঠে গাও শ্রামা গুণ।

প্রায় প্রতিরাত্তেই ঠাকুর নিজাত্যাগের বিষয় কিছু-না-কিছু উপদেশ করিয়া থাকেন, কিছু এ সময়ে অধিকাংশ লোকই নিজাবস্থায় থাকেন।

দিবানিজার অপকারিতাঃ যোগতজার লক্ষণ।

ক্ষেক দিন হয় একটি গুরুলাতা ঠাকুরকে আসিয়া বলিলেন—নিবিষ্টভাবে নাম করিতে করিতে আমার তন্ত্রার মত হয়। বাহাজ্ঞান থাকে না। কিন্তু ভিতরে পরিষ্কার জ্ঞান থাকে। নাম যে করিতেছি, তাহা ব্বিতে পারি—এ আবার কি অবস্থা, এমন হয় কেন? ঠাকুর লিখিলেন—"এই প্রকার অবস্থা হ'লে, তুমি ভাগ্যবান—একে যোগতজ্ঞা বলে—সাধারণ নিদ্রা নয়। যোগনিদ্রা হ'লে, ক্রমে সমাধি অবস্থা লাভ হয়।"

গুরুস্রাতাটি ঠাকুরের কথা শুনিয়া খুব সম্ভই হইলেন। আহারাস্তে প্রতাহই তিনি রাধানবারর বৈঠকথানা ঘরে ইজি-চেয়ারে বিষয়া নাম করিতে করিতে ঘুমাইয়া পড়েন। ২০০ ঘন্টা সময় নাক ডাকিয়া স্বছন্দে ঘুমাইয়া থাকেন। তার নাকডাকা বন্ধ করিতে, কেহ যদি তাঁহাকে ডাকে, তিনি অত্যন্ত বিরক্তি প্রকাশ করিয়া, ধমক দিয়া বলেন—'আমাকে জাগালে কেন? আমার নিজা কি তোমাদের মত নিজা? গোঁদাই বলেছেন—আমার এ সাধারণ নিজা নয়; যোগতজ্ঞা। কিছুকাল এই ভাবে চল্লে শীঘ্রই আমার সমাধি হবে। সাবধান! আমাকে যোগতজ্ঞা অবস্থায় কথনও তোমরা বিরক্ত করিও না।"

দিনের বেলায় যাহারা ঠাকুরের ঘরে বদিয়া একটুকু নাম কবিতে ইচ্ছা করেন, এই গুরু ল্রাভাটির নাক ভাকার শব্দে ভাহাদের বড়ই বিশ্ব হয়। আদ্ধ মহেন্দ্রবাব্ গুরু লাভাটির কথা উল্লেখ করিয়া, ঠাকুরকে দিক্জাশা করিলেন—"এই ব্যক্তির নাক ভাকার শব্দে আমরা একটু হির হ'য়ে নাম করিতে পারি না। আমরা সময় সময় উহার নাক ভাকার শব্দ বন্ধ করিতে ভাকিলে, আমাদের ধমক দিয়া বলেন, 'গোঁদাই ব'লেছেন—এ আমার খোগভন্তা, শীঘ্রই সমাধি হবে।" এ যে বিষম উৎপাত। ঠাকুর লিখিলেন,—"উহার এ যোগনিজা নয়—রোগ। চিকিৎসা প্রয়োজন। ব'লে দিবেন,—এখানে দিনের বেলা ব'দে ব'সে না ঘুমায়। দিবানিজা গুরু তর অপরাধ। ব্রাহ্মণ বালকদের উপনয়নের সময় প্রতিজ্ঞা কর্তে হয়, 'মা দিবান্ধাপ্সী—আমি দিবসে নিজা যাব না।' দিবানিজায় আয়ুক্ষয় হয়, বুদ্ধি নষ্ট প্রাণ নষ্ট হয়। বংশ লোপ হয়। যত প্রকার উৎকট পীড়া, দিবানিজা ভাহার আদি কারণ। এত যে দোষ, এত যে ক্ষতি, তবু কয়জন লোক দিবানিজা যায় না ?"

প্রশ্ন করা হইল—যোগভন্দ্রা কি কি লক্ষণ দারা বুঝা বাবে ?

ঠাকুর লিখিলেন—"প্রথম নাম করিতে করিতে সমস্ত ইন্দ্রিয়ের ক্রিয়া রহিত হইয়া নিদ্রার স্থায় হইবে। দ্বিতীয় নিদ্রাভাব আসিলে মধ্যে মধ্যে একরূপ ভাষার কোন কোন কথা শুনা যাইবে। তৃতীয়—ভবিশ্বৎ অবস্থার দর্শন স্বপ্নের স্থায় হইবে। শরীরে কোন জ্ঞান থাকিবে না কিন্তু ভিতরে জ্ঞান থাকিবে।" একট্ পরে ঠাকুর আবার লিখিলেন—প্রয়োজন থাকিলে নিদ্রার অভাবে পীড়া হয়, ইহা সত্য। কিন্তু সমস্ত রাত্রি নিদ্রা না গিয়া, ৪টার পর যদি অর্দ্ধ ঘন্টা বিশ্রাম করে তা'তে নিজের জীবনের ঘটনা জানা যায়।

তপস্থা ও পুরুষকার।

একজন গুরুত্রতি ঠাকুরকে জিজ্ঞাদা করিলেন—'ভগবং কুপায়ই ষ্থন সমস্ত হয়, তথন তপস্তা ও পুরুষ্কারের প্রয়োজন কি ?'

ঠাকুর লিখিলেন—পুরুষকার যদি কার্য্য না করে, তবে প্রকৃত আত্ম-পরিচয় হয় না। রামায়ণে বিশ্বামিত্রের তপস্থা পাঠ করিলে, এ বিষয় উত্তমরূপে হাদয়সম হয়। পুরুষকার কৃষিকার্য্যে কৃষকের কার্য্যের স্থায়। কৃষক ভূমি প্রস্তুত করে, শস্ত রোপণ করে, এই পর্য্যন্ত তাহার কার্য্য—তাহার পরে আর তাহার ক্ষমতা নাই। আকাশ হইতে জল বর্ষণ না হ'লে, সে জল সেচন করিয়াও কিছু করিয়া উঠিতে পারে না। আন্তরিক উত্থম—তপস্থা। ইহা প্রযুক্ত হইলেই মেঘ হইতে জল বর্ষণের স্থায় কৃপা বর্ষণ হয়।

ঠাকুর একটু থামিয়া আবার নিখিনেন— "তপস্থা ঘারা আত্মা যত নির্মাল হইবে, ততই নিজেকে নিকৃষ্ট মনে হইবে। শরীর হইতে আপনাকে ভিন্ন দেখিয়া আত্মপৃষ্টি প্রবল হইবে। কিন্তু তপস্থা ঘারা নিজকে নিকৃষ্ট মনে করিলেও শরীর, মনকে শাসন করিতে একপ্রকার অহঙ্কার জন্মে, তাহাতে মনে হয় আমি স্বাধীন, আমি মুক্ত, আমি নহুয় এই ভাব প্রত্যেক মহুয়ের ভিতরে আছে, তপস্থা ঘারা ইহা প্রবল হয়। এই সময়ে আত্ম-সমর্পণ করিতে ইচ্ছা হয়। কিন্তু পারি না। মনে করিয়া গেলাম— আমার সমস্ত অর্পণ করিয়া আসিব। কিন্তু অমনি ভিতর হইতে যেন রোদন আসে। কে যেন নিষেধ করে, পারিবে না। এখন যদি বলে মর, তবে কি করিবে? যদি বলে স্ত্রী-পুত্র ত্যাগ করিয়া কৌপীন পরিধান করিয়া বনে যাও তখন কি করিবে? এইজন্ম সম্পূর্ণরূপে আপনাকে তন্ন তন্ন করিয়া বিচার করিয়া দেখিবে। ডাক্টোর যেমন পাচা ঘা কাটিতে কাটিতে অস্থি ভেদ করিয়া মজ্জার মধ্যে যে বিষম রোগ তাহা

ধরিয়া, কাটিয়া ফেলিয়া দেয়, সেইরূপ শুনা কথায় অথবা প্রন্থের উপদেশে হঠাৎ কিছু স্থির করিবে না। আপনাকে বিচার করিয়া যাহা যথার্থ আমার অবস্থা, তাহার প্রেতি দৃষ্টি করিয়া থাকিবে। যদি আমার আত্মার ভাব হয়, অবস্থা হয়; তবে চুপ করিয়া তাহার গতি দেখিলে পরমানন্দ লাভ করিব। ধর্ম্মভাব পাপ হইতে মুক্ত করিয়া আমাকে দেবতা করিল। আমি সেই পতিত, এইরূপ হইলাম কিরুপে? অতি আশ্চর্য্য! আর যদি পাপ ভিতরে চোরের মত লুকাইয়া থাকে, তবে সমস্ত দিন সাধন-ভজন করিতেছি, ইহার মধ্যে আমাকে নরকে আনিল কিরুপে—ইহা দেখিয়া আশ্চর্য্য হইব! শ্রেয়, প্রেয়, ছইটি ক্রিয়া মানুষের অভ্যন্তরে কার্য্য করে। তপস্থা দ্বারা, সৎসঙ্গ দ্বারা আত্মার ধর্ম্মবল প্রবল হয়—তথন নিস্তেজ হইয়া পড়ে। এই অবস্থায় ভগবৎ আশ্রেয় লাভ হইয়া থাকে।

চন্দন ঘদা ও উপাদনা।

আর আর দিনের মত বাত্তিতে ১২টার সময়ে জাগিয়া আদনে বদিলাম। নিয়মিতরূপে সকালবেলা পর্যান্ত নাম একটানা চলিল না। কখনও তক্রা, কখনও নাম, কখনও বা ঠাকুরের কথা শুনিয়া সময় কাটান গেল। শেষ বাত্তে আবৃতির সময় প্রত্যুহই যেরূপ হয়—আৰুও সেই প্রকারই হইল। ঠাকুর কাশর বাজাইলেন। তৎপরে ঠাকুর রমগোলা হু'টি আমাকে দিয়া শালগ্রামকে ভোগ দিতে বলিলেন। আমি উহা ঠাকুরের ভোগ লাগাইয়া রাধিয়া দিলাম। থ্ব ভোরে স্নান, সন্ধ্যা তর্পণাদি সারিয়া ফুল সংগ্রহ করিলাম। বিশুর ফুল জুটিল। বাদায় আদিয়া ঠাকুর পূজার আয়োজন করা গেল। চন্দন ঘদিবার সময়ে গত কল্য ঠাকুর ঘাহা বলিয়াছিলেন, তাহা সারণ হইল। ঠাকুর ৰলিয়াছিলেন—"দশমাসের গর্ভবতীর মত ধীরে ধীরে চন্দন ঘস্তে হয় এবং তাতে নিজেকে মিশাইয়া দিতে হয়।" আজ চন্দন ঘদার দঙ্গে দক্ষে ঠাকুরের কুপায় থুব একটি ভাব আদিয়া পড়িল। মনে হইল, এই চন্দনই ধন্ত-ইহা ঠাকুরের শ্রীঅফে লাগিয়া থাকিবে। বারংবার আমি চন্দনকে নম্পার করিতে লাগিলাম, এবং চন্দনের সঙ্গে মিশিয়া যেন ঠাকুরের চরণে লাগিতে পারি--এই প্রাথনা করিতে লাগিলাম। ভাবিলাম, এই চন্দন ঘদাই, সকল পূজা-অর্চনা। অভ পূজার আর প্রয়োজন কি? এই অধিকার পাইলেই আমার পক্ষে ঠাকুরের বিশেষ দয়। ভাবিব। চন্দন ঘদা শেষ হইলে, উহা ঠাকুরের সমূথে ধরিলাম। তিনি আঙ্গুলে করিয়া কিঞ্চিৎ গ্রহণ করিলেন,--অবশিষ্ট শালগ্রাম পূজার জন্ম রাখিলাম। এই সময়ে চা আদিয়া উপস্থিত হইল। ঠাকুর চা দেবার প্রেই আমার পরিমাণ মত চা আমাকে দিলেন। আমি উহা শালগ্রামকে নিবেদন করিয়া

প্রদাদ পাইলাম। গতকল্যের রদগোলা দু'টিও থাইলাম। রদগোলা দু'টি থাইতে আমার লজ্জাবোধ হইতে লাগিল। অফাতকে না দিয়া ঠাকুরের দেওয়া বস্তু নিজে ভোগ করা যেন কেমন লাগিল। কিন্তু কাকে কি দিব ?—বহুলোক,—ভাই নিজেই থাইলাম। জলথাওয়ার পরে তাস করিতে লাগিলাম, খুব আনন্দ হইল। এই সময়ে জনৈক বাউল আসিলেন এবং সন্ধীত আরম্ভ করিলেন। তাঁর সন্ধীত খুব লাগিয়া গেল। সকলেই ভাবাবেশে অভিভৃত হইয়া পড়িলেন।

গত কল্য সন্ধার সময়ে, গুরুজাতা পরেশবাৰু ঠাকুরের ব্যবহারের জন্ম একধানা মলিদা চাদর আনিয়া দিয়াছিলেন। আজ ঠাকুর তাহা মনোহর দাস বাবাজীকে দিয়া সাষ্টাঙ্গ প্রণাম করিলেন। বাবাজী খুব সম্ভষ্ট হইয়া চলিয়া গেলেন। একদিনও ব্যবহার না করিয়া ঠাকুরের এ তাবে মলিদা দান গুরুজাতাদের কাহারই ভাল লাগিল না।

যথার্থ দান ও দানের পাত্র।

কীর্ত্তনান্তে শ্রীযুক্তমনোহর দাস বাবাজীকে ঠাকুর নৃতন মলিদার চাদরখানা দিলেন দেখিয়া অনেকে মনে তৃঃখ পাইলেন। অপরাত্ন প্রায় ৪টার সময়ে একটি গুরুল্রাতা উৎকৃষ্ট একখানা ফ্লানেলের চাদর আনিয়া ঠাকুরকে দিলেন। ঠাকুর খুব আগ্রহের সহিত উহা গ্রহণ করিয়া গায়ে দিয়া বদিলেন। হ'টি গুরুল্রাতা ঠাকুরকে বলিলেন—'এই চাদরখানাই বা কয়দিন আপনি গায়ে দিবেন? বাবাজী কাল আদিলে, তাকেই হয়ত কাল আপনি এখানাও দিয়া ফেলিবেন। আপনি ব্যবহার না করিয়া দিলে, আমাদের বড় কই হয়।' ঠাকুর গুরুল্রাতাদের কথা শুনিয়া চাদরখানা ছু ড়িয়া ফেলিলেন এবং লিখিয়া দিলেন—"সম্পূর্ণ স্বত্ব ত্যাগই দান। যাহাকে দিবে সে অগ্লিতে দক্ষ করিলেও, দাতা কিছু বলিতে পারেন না। কারণ তখন সে বস্তু তাহার নহে। দাতা যদি কিছুমাত্র মনে করেন যে, আমার অভিপ্রায় মত আমার দ্বব্য ব্যবহার করিতে হইবে,—ইহাকে দান বলে না,—ইহাকে গচ্ছিত রাখা বলে। শাস্ত্রে ইহাকে হাস্ত বস্তু বল্লিয়াছেন। স্থস্ত বস্তু অর্থাৎ এক্সেপ দান করা ও গ্রহণ করা উভয়ই পাপ। তোমাদের মনে এ ভাব আছে।

আমি যাচ্ঞা করি না। যদি আমার কোন ব্যবহারে যাচ্ঞার ভাব প্রকাশ হইয়া থাকে তাহা আমার অপরাধ সন্দেহ নাই। আমি ক্ষুদ্র মন্থ্যু ভিন্ন আর কিছুই নহি। স্থতরাং আমার ক্রটী থাকা অসম্ভব নহে। যথনই ক্রটী দেখিবে তখনই বন্ধুভাবে বলিবে,—মনে মনে রাখিও না। যিনি আমার দোষ দেখাইয়া দেন তিনি আমার পরম বন্ধু—আমি তাঁহাকে ভালবাসি। হাজার রসগোল্লা দেও, কাপড় দেও—তাহাতে ভবি ভোলে না, কেবল দোষ দেখাইলে ভোলে। ভগবৎ কুপায় তোমাদের মন্ধল হউক।

জনৈক গুরুত্রাতা কহিলেন—সকলেই কি দানের পাত্র ? যে যাহা চাহিবে তাহাকেই কি তা দিতে হইবে ? আমরা তো দানের পাত্রাপাত্র বুঝি না ?

ঠাকুর—যে সর্বেদা ঘাচ্ঞা করে সে ব্যক্তি দানের পাত্র নহে। যে খোষামোদ করে সে দানের পাত্র নহে। ভয়, স্নেহ, লজ্জা, মান এবং বংশমর্য্যাদা, প্রভ্যুপকার—প্রভ্যাশা,—এ সমস্ত ভাবে দান, অপাত্রে দান,—প্রকৃত দান নহে। স্বর্গ-কামনা, পাপ-মোচন, পরকালের জন্ম সংগ্রহ ইত্যাদি ভাবে দান করিলে তাহা দান মধ্যে গণ্য নহে। দান করিয়া অমুভাপ হইলে, তাহা দান নহে। যেমন পিপাসা হইলে অভি ব্যগ্রভার সহিত জলপান করে—সেইরূপ যিনি প্রকৃত দাভা ভিনি দানের পাত্র দেখিলে দান করিতে অভ্যন্ত ব্যস্ত হইয়া পড়েন। আপনার সর্বেস্থ দিয়াও যদি তুঃখ দূর করিতে পারেন ভাহাতে কৃষ্ঠিত হন না। দান করিলে আনন্দের সীমা থাকে না। উঞ্চ্বৃত্তি ব্রাহ্মণ সর্ব্বাপেক্ষা দাতা,—মহাভারতে বর্ণনা করিয়াছেন।

একটু থামিয়া ঠাকুর আবার লিখিলেন—আমার এখানে যাহারা আসিবে তাহাদিগকে আর কেইই কিছু বলিবে না। অনেক সময়ে তাহাদের অপেক্ষা তোমাদের ছারা অনিষ্ট হয়। আমার এখানে তোমাদের বিশেষ অধিকার নাই। তোমাদের যেমন অধিকার,—তেমন সমস্ত নরনারীর। আমার একটু সেবা-শুক্রাষা কর বলিয়া আপনার, আর সকলে পর,—ইহা কখনও ভাবিবে না। আর আমার এখানে যিনি আসিবেন—তাঁর সমস্ত ভার তাঁরই উপর। যেমন তীর্থাদিতে যায়। 'গোঁসাইয়ের নিকট গোলাম, কেহ খাইতে দিল না,'—এখানে কুটুম্বিতা নাই—চক্ষ্কুলজ্জা নাই। আমি এই ভাবে আছি—যে প্রতিদিন ভিক্ষারূপে যাহা দেন তাহা গ্রহণ করি। এখানে আমার নিজের কিছুই নাই; যথন যাহা ঘটে, পরামর্শ দি। অনেক সময় আমার স্বপাক খাইতে ইচ্ছা হয়; অসুবিধা বলিয়া তাহা করি না। যাহারা টাকা-কড়ি দিয়া তুই করিতে যায়, তাহারা চিরদিনই ধর্ম্মরাজ্যে নিন্দিত। ভগবান তাহাদের দোষ তাহাদের অন্তরে মাখাইয়া অহন্ধারের স্পৃষ্টি করেন;— তাহাতে তাহারা ঐহিক, পারত্রিক হইতে ভাই হয়। ইহা অপেক্ষা আর শান্তি কি ? যাঁহারা ভগবৎ-ভক্ত তাহারা একটু জানিতে পারিলে আর তাহাদের গৃহে পদার্পণ করেন না। ইহাও অল্প শাস্তি নহে।

অবিশ্বাদ ও ধ্যানেতে জ্বালা।

বাবাজী বিদায় হইলে ঠাকুর স্নানাহার করিতে ভিতর বাড়ী চলিয়া গেলেন। আমি শালগ্রাম পূজা আরম্ভ করিলাম। ঠাকুরের নিকটে শুনিয়াছি, গোপালভট্ট গোশ্বামী যে চক্র পূজা করিয়া ধ্যান প্রভাবে তাহা হইতে রাধারমণ বিগ্রহ প্রকাশ করিয়াছিলেন—আমার এই চক্রও তাহাই। ইহা শুনিয়া অবধি মনে মনে আমার দৃঢ়দহল্প আসিয়াছে, এই শালগ্রাম চক্রে ঠাকুর পূজা করিতে করিতে, ইহার উপরে ঠাকুরের শ্রীরূপ প্রকট করিব। আমি একান্তপ্রাণে ঐ ভাবে শালগ্রামে গঞ্চাজন তুলদীপত্র অর্পণ করিতে লাগিলাম। এই সময়ে ঠাকুর আহারাত্তে আদনে আদিয়া বসিলেন এবং শালগ্রামের দিকে একদৃষ্টে চাহিয়া থাকিয়া আবার পূজা দেখিতে লাগিলেন। ঠাকুর আমার অধিনত্রদ্ধাণ্ডপতি, সর্বাশক্তিমান, স্বয়ং পর্যেশ্বর, সম্মৃথে থাকিয়া ক্রাদ্পি ক্তে আমি, আমার পূজা হাষ্টাস্কঃকরণে গ্রহণ করিভেছেন—এই ভাবটি প্রাণে উদয় হওয়ায়—ভাবাবেশে বিহবল হইয়া পড়িলাম। ঠাকুরের নিকট বিখাদ-ভক্তির জন্ম, অত্যস্ত ব্যাকুলঅন্তরে প্রার্থনা করিতে লাগিলাম। এই সময়ে অবিখাদ বিষম বিষ মনে হইতে লাগিল। যত প্রকার ক্লেশ আছে অবিখাদ দর্বাপেক। গুরুতর বোধ হইতে লাগিল। আমি থুব একান্তপ্রাণে কত কি প্রার্থনা করিলাম। এই সময়ে ঠাকুর এক একবার আমার পানে তাকাইতে লাগিলেন। আমার কিন্তু ঠাকুরের উপর বড়ই অভিমান জিমিল। আমি ঐ অভিমানে মনে মনে ঠাকুরকে না বলিলাম এমন কিছুই নাই। অবশেষে স্থির করিলাম—এই অপরাধী জীবন রাধিয়া লাভ কি ? আত্মহত্যা করাই ভাল। অবিখাদ জনিত ক্লেশ আর সহ্য করিতে পারিব না। কিছু বিষ আনিয়া রাখিব। ঠাকুরের রুপায় ঠাকুরের প্রতি যথন ছিটা ফোঁটা বিখাসও জন্মিবে, সেই সময়ে বিষ পান করিয়া ঠাকুরকে দেখিতে দেখিতে ঐ ভাব লইয়া দেহত্যাগ করিব। মনের ক্লেশে কতপ্রকার যে আত্মহত্যা করার সকল আদিল ও এই বিষয়ে দৃঢ়তা জ্মিতে লাগিল তাহা বলিতে পারি না। ষ্থনই হউক আত্মহত্যা আমার করিতেই হইবে। অবিশাস লইয়া লক্ষ বৎসর জীবিত থাকাও কিছুই নয়; বিশাস লইয়া এক মিনিট বাঁচিলেও জীবন ধন্য। আজ ু সর্বাদা এই ভাবেই প্রার্থনা চলিল। 'ঠাকুর । একবার আমাকে এক মিনিটের জ্ঞা বিখাস দেও— বিখাস ভক্তির দহিত এক মিনিট তোমার শ্রীরূপ দর্শন করিয়া দেহপাত হউক, —পরে সহস্র বৎসরের জন্ত নরকে যাইতে প্রস্তুত আছি। আর অপরাধী করিও না। অবিশাদ দুর কর। আমার আর কিছু চংহিবার নাই। এইভাবে কাঁদিয়া কাঁদিয়া নামের সহিত প্রার্থনা করিতে করিতে শরীর আমার অবসন্ন হইমা পড়িল, অত্যন্ত প্রান্তিবোধ হইতে লাগিল। শরীরে শীতের দক্ষে দক্ষে দর্মাদ ভিজিয়া গেল। একটু পরে ঠাকুরের শ্রীমৃত্তি মনিপুরে ধ্যান করিতে করিতে ঐ স্থানে উত্তাপ বোধ হইতে লাগিল; যেন কেহ থাকিয়া থাকিয়া আগুনের সেক দিতেছে। নিঃশন্ধ প্রাণায়ামের দমের দকে স্কে এই উত্তাপ অত্যন্ত বৃদ্ধি হইয়া পড়িল। ক্রমশ: এই জালা আগুনে পোড়ার মত এতই বৃদ্ধি হইল যে,

শাধন ছাড়িছা দিভে ইচ্ছা হইল , কিন্তু তাহাও পাবিলাম না। জালা তীত্ৰ হইলেও দেই দকে দকে একটা আবাম আদিতে লাগিল। এই আবাম কাল গাইছা আবামের মত বা চুলকাইছা যুখ পাওয়ার মত। কটবোধ হইলেও ছাড়িতে প্রবৃত্তি হইল না। আজ দহলারে ধ্যানকালে গাড়ীর চাকার মত জ্যোতিখন্ন থেত বৈহুটিত চক্র কৰে কৰে দৰ্শন কবিতে লাগিলাম।

ক ডক্ষন এই অবস্থার পর, ঠাকুর রাধানবাবৃকে দেখিয়া আমার জন্ত গত মিশ্রিত গরম তুধ আনিতে বলিলেন। উহা পাইয়া আমি একটু ক্ষা হইলাম। ঠাকুর আজ সময় সময় আমার প্রতি এক এক ভাবে দৃষ্টি করিতে লাগিলেন। সেই দৃষ্টিতে যে কত ক্ষেত্র, কত দ্যা প্রকাশ পাইতে লাগিল তাহা বলা বার না। আমি প্রার্থনা করিতে লাগিলাম -- 'ঠাকুর! আর তুমি আমার প্রতি এইভাবে তাকালক না। তোমার এই দৃষ্টি আমার প্রতি কেন ? আমি ঐ দৃষ্টি ভোগ করার, ঐ স্নেহ-মমতা ধারন করার সম্পূর্ণ অমুপ্রক। যদি ভোমাতে বথার্থ বিধাস ও একার ভক্তি না দেও তবে আর এ জীবনে আমার পানে তুমি চাহিত না, এবং আমিও ধেন আর ভোমাকে না দেখি। আমার চম্ম আম হইলা দাইক।' এই প্রকার প্রার্থনার সহিত্ত নাম করিতে করিতে দিন্টী বড়েই স্ব্রেখ শতিবাছিত হইল।

गांश कि ? गांश्य व्यवधा भावनीय डेभएम्स ।

আহাবের পরে সন্ধার সময়ে আসনে ঘাইলা খেলি গর-ভরা লোক। ধর্ম সহন্তে নানা প্রকার প্রশ্ন চটভেছে, সাকুর ভাগার উত্তর সিভেছেন। একজন প্রশ্ন করিলেন 'যোগ কাহাকে বলে ? যোগ বা ভাকিবোল-সর যোগই কি এক ?'

ঠাকুর যদ্ধেরা ভগবানকে লাভ করা যায়,—সমস্তই যোগ। সংযোগ হোগানিছাকে ভীবাল্লা পরমাল্লনা, ভাবাল্লা ও পরমাল্লার যে সংযোগ ভাবাকেই যোগ বলে। ইবা ভিল্ল যে মোগ, ভাবাকে বঠযোগ করে। কেবল নাম জপ, প্রারণ, কার্ত্তন, আরণ ভাতাকের অক। কেবল প্রার্থার নাম জপ, ইবাও যোগ। প্রাণায়াম প্রভৃতি যোগের বহিরক। ইবা করিলেও হয়, না করিলেও হয়। বৈক্ষর স্মৃতি —ভিরিভক্তি বিলাসা প্রায়ে গোলামিগণ এ সহক্ষে যাহা লিখিয়াছেন, নেবিৰেন। গুরুদেবের নিকট প্রারতির নাম দীক্ষা গ্রহণ করিবে; ভবে ভাবা ফলনারক বইবে,—ইবাই লাগ্রের লাসন। শাল্ল ও সদাচার না মানিলে অধিদের প্রের অকুসরণ হয় না।

একটি ওকলাত। ঠাকুবকে জিজালা করিলেন—গাঁহাবা যোগলাধন করেন—কি কি জনিটকর তাব উহিছের সাধন বিষয়ে জ্ঞাবায় ? ঠাকুর বলিলেন ১। লজা, ১। ঘূলা, ৩। ভয়, ৪। শোক, ৫। জুগুগা, ৬। ফুল, ৭। শাল, ৮। জাঙি এই অটপাল যোগের বিশেষ অধ্রায়। আমাদের স্থেনে ধে সকল বিষয় বিশেষ অনিপ্রকর ঠাকুর ভাহা বিদ্যুতভাষে বলিতে লাগিলেন।

প্রশ্ন গাং। বলিলের কিছু বৃত্তিলাম না। লক্ষাণ কি অভবায় ?

ঠাকুর লিখিলেন—লক্ষা অভিক্রম করিভেট হটবে। লক্ষা পাকিলে কাহারও কিছু হটবে না। লক্ষার মাপা একেবারে খাইয়াই আমার মহুগ্রহ লোপ হটগ়াঙে। আমার পাপ পুণা কিছুই নাই। আমার ছেলে, আমার অমুক, এইরূপ সংকার চলিয়া গিয়াছে।

পর সেবাই ধর্ম। একজানে মাঁহারা থাবিবেন উহারা পরস্পরে পরস্পরের সাহায় করিবেন। একজনের থারা কার্যা আদায় করিবে অপরাধ হটবে। অভিমান কি সহজে যায় ? কাম ছাড়িব, কোধ ছাড়িব, লোকে সাধু বলিবে,— এই অভিমান সকলের অপেকা শক্র। অভিমানকে কেবল পর সেবা ও পরোপকার থারা তয় কারতে হটবে। সংসারে ভোমানের চেয়ে মাহাফিগ্রকে ছোট মনে কর, ভাহাদের সেবা করিছে হটবে। আমার সেবা করিয়া কোন ফল নাই- কেবল ভামে মূর্য দিতেছ। সেবায় বিরক্ত হতলে, সে সেবায় কোন ফল হতবে না।

কাতারও প্রতি থেম তি সা করিবে না। 'অতি মা পর্মো দর্মা তি সা অথ, তনন করিবার হাতা। হন্ শর্মে আঘাত বুকায়। কোন বাকির প্রাণে আঘাত না লাগে এরপ্রাবে বলিতে হহবে। মারিলেই যে তিগো হয় হোতা নতে। তি সা মান অঞ্বর থাকে এবং কোমপুর্বক অথবা প্রায় 'ছুপ্রির ক্রা বন করিলে তি সা হয়। অথবে তি সা প্রকিলে লিখা দর্শন হয় না। মান কিছু সময়ের ক্রম্থ কর্মা হিংসাশুসা হয়, হথনও লালা দর্শন হইটে পারে। বাহিরে অনেক পূজা-অর্জনা, তপ কর্প করিয়াও মনি তি সা পাকে, ভোহা ধর্ম নহে। অহি সা না হইলে ধর্ম হয় না। কান, ক্রোধেও এই অপ্রকার করে না। ক্রমনও আ্লের দেয়ে দ্বিবে না, কেবল নিক্রের দোম দেবিতে হয়। আহিছায় অজনের দেয়ে, সংশোধনারে দেখান মায়,—কিন্ত পূলা করিবে না। নিক্রেক স্বর্গেই অভি নাচ বলিয়া দেখিতে হইবে। ক্রমনও যেন অহমার ভাব মনে না আলে। অন্য স্থাকে দেখিয়া নম্বার করিতে হয়। পথে চলিতে প্রয়ের বুদাস্থালির দিকে দৃষ্টি করিয়া চলিবে। প্রভোক

নাম কবিয়া গল পাই না ্কন গ অভায়োগ ভাইবা ।

too a construction of a goal or of the construction of the constru

die, to, to fig. for a live o e. al.

प्रकृत परिच्या व्यवस्था । एक अस्त्र स्था के अस्त्र के स्था के प्रकृत कर स्था विकास स्था के प्रकृत कर स्था विकास स्था के प्रकृत कर स्था कर

ENG \$150 500 100 100 4 20 100 1

ett. Lebri wa mar e e en eletta e marte ma e e el estra en en el estra en el estra en el estra en el estra el e

Constitution to a second to a second to a second to a second seco

বর্ত্মান ছেলার কতকওলি লোক ঠাকুরের নিকট দীক্ষাগ্রহণ করিলেন। তাঁহারা ঠাকুরের নিকট বিদায় হইয়া বাওরার দমর ঠাকুর বলিলেন—"বর্দ্ধমানে আমার একটি বন্ধু আছেন—দেবেন্দ্র সামস্থ। আপনারা ভাঁহার সহিত সাক্ষাৎ করিবেন,—উপকার পাবেন। দেবেন্দ্র দৈত্যকুলে প্রহলাদ অমনটি বড় দেখা যায় না।"

আন্ধ বালা করিতে ঘাইতে একটু বিলম্ব হইল। ভিতর বাড়ীতে মাইয়া দেখি, কুতু ও হরিনারায়ণ বাব্ব শী আমার উনন ধরাইলা রালার যোগাড় করিয়া রাথিয়াছেন। তাড়াতাড়ি থিচুড়ি রালা করিয়া শালগ্রামকে ভোগ দিয়া হোমান্তে প্রদাদ পাইলাম এবং যথাসময়ে ঠাকুরের নিকট উপস্থিত চইলাম। সন্ধার পর আর আর দিনের মত শালগ্রামের আরতি করিয়া আমি বারান্দায় শয়ন করিলাম। গুরুধাতারা সংকী ইন আরম্ভ করিলোন।

প্রার্থনায় চাকুরের দহাকুছতি।

সকাল বেলাপ্রান্ধ, সন্ধান, তপ্পান্তে ফুল সংগ্রহ কবিয়া বাসায় আধিলাম। শালপ্রামটিকে নমস্বাব কবিয়া আদানে বলামান্ত, সাকুব আনাকে জবিগ্ন প্রেচপুণদুস্তিত লয়। কবিলেন। প্র ভাবের লগি ও লাগানি কবিয়া পুলা আবন্ধ কবিলাম। আবন্ধ গুলাবান্ধ অবভান্ত চলিল। মনে মনে সাকুবকে জানাইতে লাগলাম। নামের সংল প্রার্থনা অবিভান্ত চলিল। মনে মনে সাকুবকে জানাইতে লাগলাম। সাকুব। আব এই কেল নিজ না। তুমি ভো দুয়াল, দুয়াল হ'য়ে একল নিজ য় কিবলে হ'লে গুলাবান্ধ বিবাস ভাকি দিয়ে, বে কই ইছা, দেও; আপতি কবুব না। ভোমাতে বিবাস ও ভালবান্ধ। না অনান প্রান্থ ভোমার দুয়াই ধর্তে পার্ভি না। প্রাত্ত গারিতে আমাকে সন্দেশ বলগোলা গাল্যাইয়া ভূগাও কেন স্বলগোলা দিতে পার, বিবাস-ভক্তি দিতে এত কুপণতা কেন স্বেশব ভারতে ভোমার অভাব নাই। গে বস্তব অভাব থাকে ভাহা দিতে আপতি হ'তে পারে। ভোমার অভাব কিবের প্রার্থ বিবাস, এ তু'টির মধ্যে ভারত্ন্য আমার নিকটে। কিন্তু ভোমার নিকট ভো এ ছু'টিই অভি ভুক্ত বা স্মান, তবে দিতে এত ক্রাক্যি কেন স্ব

বঙ্কণ এ প্রকার প্রথিনার সহিত নাম চলিল। ঠাকুর এই সমন্ত্র মধ্যে মধ্যে আমার দিকে আড়চৌৰে ভাকাইতে লালিলেন। আজ এমন জ্বনর জ্বনর সব প্রার্থনা আসিয়া পড়িল বে, এবন আর
হাহা লিলিবার সাধ্য নাই। সেই প্রার্থনা আমার বিদলে পেল না। ৪টার সময়ে ঠাকুর আমার
পানে হাকাইলা চকু টিপিলা ও ঘাড় নাভিলা আমার ভাবে সহাস্কৃতি জানাইলেন। আমিও চক্কের
কল মুহিতে মুছিতে বালা করিতে ভিতরবাটা চলিলা পেলাম। অল সমলের মধ্যেই ভাতে সিদ্ধ ভাত
বালা করিলাম এবং শাল্যামকে নিবেদন করিয়া প্রসাদ পাইলা অবিলম্বে ঠাকুরের নিকট চলিলা
আসিলাম।

আক্রাসমাজ ত্যাগের হেতু। মহাপ্রভুর ধর্ম আধুনিক কি পুরাতন ?

বত ওলপান। ও বাহিবের ভদলোক সকুরের নিক্স উপদ্বিত দেশিলাম। তাহালা সাকুরের সহিত নানা প্রথালাপ করিতেহিলেন। তাহাদের ঠাকর লিখিয়া জানাইলেন—"শাস্ত্র ও সদাচার ধরিয়া পাকিলে ঠকিতে হয় না। পুরাতন লইয়া বসিয়া পাকিলে লাভ আছে। আমি যে ব্রাহ্মসমান্ত ইউতে ফিরিলাম, নিজের বুদ্ধিতে নয়। একদিন সীতানাপ মহা প্রভূবে লইয়া গোলেন; গিয়া বলিলেন, -'ওরে ব্রাহ্মসমান্তের কাল হইয়াছে,— এখন মহাপ্রভুৱ শরণপর হ'।' এখন দেখিতেছি নিউবই একমান্ত শাস্তি। কিন্তু এমনই মান্তানের তালিগা, কিন্তুতে নিউর হয় না। ঘুরে ফিরে নানা কট পেয়ে কিন্তুত কর্তে পারে না। চারিদিকে লোকে নিভর হ'তে দেয় না। নিজের চেইায় কিন্তুত হয় না; এটি বিশ্বাস হ'লেই ম্বাণ উপকার।"

গাকুৰ শাৰাৰ লিখিলেন — প্ৰথমে বটভলায় যে চৈত্ৰ ভাগৰত ছাপান চইত, ভাতাতে

আছে যে, একদিন মহাপ্রভু নিত্যানন্দ প্রভুকে নির্জ্জনে ডাকিয়া বলিলেন—'তোমাকে বিবাহ করিতে হইবে।' তিনি বলিলেন—'তুমি দেশে দেশে এইরূপে ঘুরিবে, আর আমি বিবাহ করিয়া ঘরকল্পা করিব?' মহাপ্রভু বলিলেন—ইহার কারণ আছে। তুমি যতই প্রেমভন্তি বিলাও না কেন, আমাদের অন্তর্ধানের পর, ইহার আর মাহাত্ম্য থাকিবে না। যদি আমাদের বংশধর থাকে, তবে তাহারা তাহাদের পূর্বপুরুষের ধর্ম্ম বলিয়া ইহার বিশেষ আদর করিবে; তাহা হইলেই সব ঠিক থাকিবে। আমি সন্ধ্যাস লইয়াছি, গৃহী হইতে পারিব না। তোমাকে ও অত্ত্বৈত প্রভুকে সন্তান জন্মাইতে হইবে। এজন্ম নিত্যানন্দ প্রভু বিবাহ করেন। ইহা আজকালকার চৈতন্ম ভাগবতে নাই। সংক্ষেপ করিবার জন্ম অনেক বৃত্তান্ত বাদ দিয়া বর্তমান বহি ছাপান হয়। নিত্যানন্দ প্রভু সন্ধ্যাস নিয়াছিলেন না। তিনি সন্ধ্যাসীর বেশে ঘুরিয়া বেড়াইতেন।

গৈরিক গ্রহণ করাতে কোন গুরুভগ্নীকে নিষেধ উপদেশ।

ভবত মিলন, কুককেত্র মিলনাদি বারার প্রণেতা শ্রীযুক্ত কৃষ্ণকমল গোসামী মহাশয় তাঁহার বিধবা ক্যাটিকে লইয়। ঠাকুর দর্শন করিতে আদিয়াছেন। মেয়েটি থ্ব অল্পবয়দে বিধবা হইয়াছেন—আমাদেরই গুকতানি । বিত্ততাবে সদাচাবসমত জীবন যাপন করিবার অভিপ্রায়ে, তিনি ব্রন্ধচর্বের নিয়মাদি প্রতিপালন করিয়া চলিতেছেন। পরিধানে গৈরিক বসন। সদ্ধ্যা কীর্ত্তনের সমরে দিলিয়া ও শান্তি প্রভৃতির সহিত তিনি হলমরে চিকের আড়ালে থাকিয়া ঠাকুরকে দর্শন করিতেছিলেন। ঠাকুর কীর্ত্তনাত্তে ঘর হইতে সকলকে সরাইয়া দিয়া, মেয়েটিকে ভাকাইয়া আনিলেন এবং মেয়েটির পিতার নিকটে তাঁহাকে বলিতে বলিয়া কহিলেন—"দেখ মা, গেরুয়া বস্ত্র যোগ বস্ত্র। উহা গৃহীদের পর্তে নাই। তুমি ঐ গেরুয়া বস্ত্র পার না। আর কোন সাধু মহাত্মার নিকট কিছু শিক্ষা লইতে যেও না। নিজে গীতা পাঠ ক'রো না,—গীতা অল্যের মুথে প্রবণ কর্তে হয়। বহু শাস্ত্র পাঠ ক'রো না। প্রিশীটিভতন্যচরিতামুত পূনঃপুনঃ পাঠ ক'রো। আমি ৩২ বার প'ড়েছি। তৈতন্যচরিতামুতই তোমার একমাত্র সঙ্গী জেনো। সাধন ভজন সম্বন্ধে কাহাকেও কোন কথা জিল্পানা ক'রো না। কোন বিষয় জান্বার জন্য বেণী উদ্বেগ হ'লে, আপনিই জান্তে পার্বে।" মেয়েটি বলিলেন—আমি ষেধানে থাকি, সাধনের লোক কেছ আমার্ত্রনেশী নাই।

ঠাকুর বলিলেন—মা, তোমার চৈত্রচরিতামূতই সঙ্গী, আর কোন সঙ্গার দরকার নাই। ভাল করে নাম কর,—সকলই জান্তে পার্বে।

বীর্ঘারণ ব্যতীত যোগদাধন হয় নাঃ উর্নরেতাদের ভিন্ন ভিন্ন অবস্থা।

দংকীর্ত্তনাম্ভে আজ গাকুর নিজ হইতে গুরুল্লাভাদের কভকগুলি উপদেশ দিলেন। সংক্ষেপে লিখিতেছি। গাকুর বলিলেন—"আজকাল যোগ করা কঠিন হ'য়ে পড়েছে। যোগ করতে হ'লে বীর্যাধারণ তাঁর কর্তেই হবে। বীর্যাধারণ না কর্লে যোগ সহজ্ঞসাধ্য হয় না। এজন্ম পূর্বকালে যোগাভ্যাস কর্বার জন্ম মূনি ঋষিরা নির্জন বনে ও পাহাড় পর্বতে, যথায় জ্রীলোকের কোন প্রকার উৎপাত নাই, তথায় গিয়া বীর্যাধারণটি প্রথমেই অভ্যাস করে নিজেন। যোগ কর্তে হ'লে বীর্যাধারণ কর্তেই হবে; না হ'লে হবে না। বীর্যান্তির হ'লে চিন্তটি স্থির হয়। বীর্যা চঞ্চল হ'লে, মন করেপে স্থির হবে? মন স্থির হ'লেই, ক্রমে সব হয়ে আসে। প্রেম ভক্তি বীর্যাধারণের উপর নির্ভর করে না বটে, কিন্তু বীর্যাধারণে যোগের বিশেষ সাহায্য হয়। প্রেম ভক্তি স্থত্তর বস্তু, উহা ভগবানের কুপায়ই লাভ হয়ে থাকে। বীর্যাধারণ করা সহজ নয়। ইহা একবার হয়ে গেলে দেহের আর কোন অনুখ থাকে না। ভবে প্রেম হ'তে যে সকল রোগ থাকে ভা' অবশ্য একেবারে যায় না।"

একটু থামিয়া ঠাকুর আবার বলিতে লাগিলেন—গৈরিক বসন ও জটা মাঁহারা ধারণ কর্বেন তাঁদের বীর্ঘধারণ করা চাই। বার্ঘাধারণ না হওয়া পর্যস্ত ঐ সকল ধারণ কর্লে অপরাধ হয়। ঐ সকল গ্রহণ ক'রে যদি বার্ঘাপাত হয় তবে চৌদ্দপুরুষ নরকে যায়,—খ্যমিরা এরূপ অভিশাপ দিয়ে গেছেন। কেবল ইহা নয়,—যে ব্যক্তি গুলারণ করে সেও পশুপক্ষা ইত্যাদি যোনাতে গিয়া জন্ম নিতে বাধ্য হয়।

জিজ্ঞাসা করিলাম খাছারা উর্জরেতা হর, তাদের সকলেরই কি একই প্রকার অবস্থা ? ঠাকুর বলিলেন-—"খাঁরা বীর্যাধারণ করেন তাঁদের সকলের এক অবস্থা হয় না। খাঁরা ভক্তি পথে চলে উর্জরেতা হন তাঁদের এক প্রকার অবস্থা, আবার জ্ঞানপথে চলে খাঁরা উর্জরেতা হন তাঁহাদের অহ্য অবস্থা। হঠাযোগ করেও উর্জরেতা হয়; তাঁদের আবার উর্জরেতা হন তাঁহাদের অহ্য অবস্থা। হঠাযোগ করেও উর্জরেতা হয়; তাঁদের আবার তাত্য প্রকার অবস্থা।" আত্ সংক্রিনের পর একটু অধিক রাজে শহুন করিলাম। গুরুহাতারা বহুক্রণ ঠাকুরের সঙ্গে ধর্ম বিষয়ে কথাবার্তা বলিলেন।

ঠাকুরের গেণ্ডারিয়া ত্যাগের পূর্ব্বাভাষ রহস্তপূর্ণ আসন ত্যাগ ঃ মহাশধ্যমালা।

ঠাকুব গেওাবিদ্যা আশ্রমে আর বাইবেন কি না, গেওাবিদ্যা ঘাইদ্যা আর থাকিবেন কি না, এই বিষয় লইদ্যা গুলুলাভালের মধ্যে নানাপ্রকার আলোচনা চলিদ্যাছে। আমারও ধারণা ঠাকুব গেওাবিদ্যা গেণেও ওথার বেশিন্ধন আর বাস কবিবেন না। গেওাবিদ্যা বাসের বাধ্যবাধকত। ঠাকুবের শেষ হট্যাছে। ঠাকুবের পরম মনোরম ভন্তন কুটীরের গোদাঘরে রহস্তমন্ন যে অভুভ আসনটি ছিল অক্যাথ একটি বিশ্বয়কর কারণে ঠাকুর ভাগা ভ্যাণ করিদ্যাছেন। ঠাকুর যথন এ আসনে আর বিস্বেন না, তথন গেওাবিদ্যান্ন থাকার প্রয়োজনই বা কি আছে ভাই আমার সন্দেহ হ্ন। ঠাকুবের এই আসন ভাগের ঘটনার সহিত্ত আমার ভিটা কোটা সম্বন্ধ আছে অক্সমানে সেই সমন্বের ঘটনাটি আল এই খানে ভাগেরীতে লিপিতেতি—

চতীপাহাড়ে বওছানা হওছার ছ'চার দিন পুর্বে ঠাকুর আমাকে মাতাঠাকুরাণীর লিচরণদর্শন ও আৰিবাহ গ্ৰহণ কবিতে ৰাড়ী পাঠাইলাছিলেন। ছই তিন দিন ৰাডীতে থাকিয়া মাতাঠাকুৱাণীর আৰী গাদ গ্ৰণাশ্বৰ ধৰন আমি গেওাবিছা বৰ্ঘানা হচলাম, চলন মূপে মা আমাকে স্বকারী বাড়ী পালগাম নম্পার করাইতে লইয়া গেলেন। পালগাম পাগামের পর ঐ বাড়ীর ভিতর একথানা কোঠাছবে মা আমাকে বহুলা পিয়া আমাদেব একটি পিছুক খুলিলেন এবা একগাড়া মালা বাহির কবিয়া আমাৰ চাতে দিয়া বলিলেন—'ভোব ঠাকুংকে কন্তার এই জলের মালাভড়াটি দিস্। তিনি এই মালাটি পভার আকিককালে অপ কবৃতেন। এতকাল এটি আমি গোপনে বেংগছি— কেত ইতার ধবর আনে না। কল্লন বাবৎ ভোৱ ঠাকুবকে দিব ভোবে বেবেডি। আমি বলিলাম—সা। এ যে হাড়ের মাল। ঠাকু: ইছা নিছা কি ক্রুৰেন গুমাৰলেন—'তুই ভা ৰুঙ্বি না। এটি ধাধারণ হাড় নয় মহাশ্ৰের মাল। প্রিম্পশবার অমারণায় চ্ঞাল মত্লে ভার অধি দিয়া এই মালা হয়। এ বড় মুল্ভ বস্তা। এ বিনিদ कि ভা ভোগ ঠাকুব ব্যুবেন।' আমি মালাচড়া লটয়া গেডাবিয়া প্রভিলাম। নিজনে গ্ৰহণক পাইছা গ্ৰাকুংকে বলিলাম—এই মালাচড়া আমাৰ বাবার কপের ছিল—মা আপনাকে দিতে দিখেতেন। সাকুর হাত পাতিরা উচা নিরা পুর আনন্দ প্রকাশ কবিরা বলিকেন-"কিচুদিন যাবং একপ একচ । মালার ইচ্ছে ক্রেছিল। আশ্চর্যা, দেখ ভগবান জুটায়ে দিলেন। উৎকৃত্ত মহাল্ছের মালা।" ঠাকুব মালাভড়া হাতে বাখিলেন। সময় সময় ভাগা সংলগ্ন কৰিখা ছকি॰ বাৰতে উহা ধাৰণ কৰিতে লালিলেন। ঠাকুৰ প্ৰভাহই গোদাঘৰেৰ আগনে কিছু শ্মতের ভক্ত বশিদ্ধা থাকেন-এই মালা ছড়া লইয়া স্কু তীর দিনে বদার পর মালাগাঙটি আদনে বাধিয়া আদিলেন। প্রকিন দকালে ত্রিযুক্ত কুঞ্চ ঘোষ মহাশ্র আব দিনের মত ঐ আদনের সমূলে ধুনি

+

জালিতে এবং আদনের ভয়ন্বর কালদর্গকে ত্রকলা ধারার দিতে গোফাছরে প্রথেশ কবিলেন। তিনি দেখিলেন — আদনের উপরে প্রান্থ কৃতি উত্ত উই িলি (উইমাটির ভূল) ডিরিয়া ববিষাটে। মহাশজ্যের মালাটিও ভাষারই মধ্যে পড়িয়াটে। কুলবার তথনই ঠাকুবকে গিলা জানাইলেন। ঠাকুব কহিলেন "ভালই হয়েছে, উহা আর পরিদার ক'রে দরকার নাই। যেমন তেমনই থাক।" দেই দিন হইতে ঠাকুবের গোফাদনে বদা বন্ধ হইয়াটে।

ঠাকুবকে মালাটি দিয়া জিজাসা কবিয়াছিলাম মহাশন্তের মালা কণন ধাবণের অধিকার জরে ।
ঠাকুব বলিয়াছিলেন—"সর্বত্রে সমবৃদ্ধি ছ'লে এ মালা ধারণের অধিকার হয়।" আজ
শুনিলাম উইল্পুণটি প্রথম দিনে খতটা হইয়াছিল- তাহা অপেকা আব এক ইঞ্চিও র্ছি পায় নাই—
পাথবের মত শক্ত হহয়া রহিয়াছে। জানি না এতকালের আসন মহাশন্তের মালা বাপাব চক্রণই
এইলেপ হইল কি না। আমার কিন্তু এই মালাই ঠাকুবের আসন ভ্যানের ছেতু বলিয়া মনে হয়।

তান্ত্রিক দাধনের উপকারিতা।

ঠাকুরকে জিজাসা কবিলাম—'বেদ্মতে বত বংশর শাধন ক'বে যে বছ লাভ ংগ, জ্ছনতে কিছুকাল সাধনেট কি সেট ফল লাভ হয়ে থাকে ?'

ঠাকুর বলিলেন—"শিববাক্য কি কখনও মিথা। হ'তে পারে গ—িশ্চণট পাত হয়। জাবের প্রতি দ্য়া ক'রে মহাদেব তাদেরট কলাদের জন্ম এই 'হস্ত সঞ্চলন ক'রে গেছেন।"

আমি বলিল্যে – ডাঃ ভো কেবল মাবামাতি, কাটাকাটি ও বা'লচার লংশ্বাই সাধন ভালন সু সংঘত ও গুণাতীত হওয়া বিষয়ে তাম কি কোন উপজেল নাই ? ডাছ কি সমস্থালকেমতে পু

ঠাকুর তন্ত্র কেবল শক্তি বিষয়ে ত'বে কেন্দ্র পঞ্চান্তভাৱত হয় ভিন্ন ভিন্ন আচে। বৈদ্যুব তন্ত্র, শৈব ভন্তর, বেই প্রকার সকল উপস্কারই তন্ত্র আছে। সংম্যাদি বিষয়ে তন্ত্র মধ্যে পুর আছে। 'জ্ঞান-সম্বলনী' ভন্তরণা একবার পড়ে দে'খো। তন্ত্রের উদ্দেশ্য ও অর্থ কেত বোজে না। ভাই না বু'কে সামন কব্যুত্র গিয়ে মারা পড়ে।

শান্ত্ৰ বুকা হুকঠিন।

কয়েকটি শিক্ষিত ভদ্ৰলোক ঠাকুবকে বিজ্ঞাস: কবিলেন—'শাস্ত্র চাড়। আমাণের শো আব উপায় নাত । কিন্তু শাস্ত্রত ডো কিছুই বুলি না, কোন বিষয়েই ভো পাবছার মীনাংসা কোন শাস্ত্রে পুরাবে পাই না ?' ঠাকুর লিখিয়া দিলেন—বেদ ও উপনিষদে বিশেষ জ্ঞান না থাকিলে, হিন্দুশাস্ত্র বৃঝিতে পারা সুকঠিন। অষ্টাদশ পুরাণ, রামায়ণ, মহাভারত, এ সমস্ত তন্ন তন্ন করিয়া না দেখিলে, ধর্মের জটিল প্রশ্ন মীমাংসা করিতে পারে না। আদি পর্বের একটি বিষয় লিখিত হইয়াছে, তাহার মীমাংসা শাস্তি পর্বের রহিয়াছে। ব্রহ্মাণ্ড পুরাণে একটি বিষয়ের উল্লেখ আছে, তাহার সমগ্র অংশ মার্কণ্ডেয় পুরাণে। মহু-দংহিতায় এক বিষয়, তাহার ব্যবস্থা 'বৃদ্ধ গৌতম সংহিতায়'। নির্বাণ তত্ত্বে এক বিষয় উল্লিখিত হইয়াছে, তাহার সমগ্র ভাগ রুদ্র্যামলে। যজুর্বেদ সংহিতায়, সামবেদ সংহিতায় একটি আখ্যায়িকা তাহা শ্রীমন্তাগবতে, বিষ্ণুপুরাণে ইত্যাদি। সুতরাং সমস্ত শাস্ত্র না পড়িলে, শাস্তের মত বলা বিড্সনা ও অজ্ঞানতা মাত্র।

ভদ্দনানন্দ সম্ভোগে অভিমানের বিষম আক্রমণঃ অবিশ্বাদের আগুনে সমস্ত ছারথারঃ ঠাকুরের অ্যাচিত প্রসাদলাভে শান্তি।

রাত্তি ১২টার সময়ে হাত মুধ ধুইয়া আসনে বিদলাম। ঠাকুরকে বাতাস করিতে লাগিলাম।
১২টা হইতে ৩টা পর্যন্ত ঠাকুর একই ভাবে সমাধিষ্ট অবস্থায় বিসিয়া থাকেন। দেবদেবী, ঝিষম্নি,
মহাত্মা ও প্রেতাত্মা সকল এই সময়ে আসিয়া উপস্থিত হন। তাঁহারা আসিয়া কি করেন—ঠাকুর
তাঁহাদের সলে কিরুপ ব্যবহার করেন—তাহা আমি পরিষ্কার ব্ঝিতে পারি না। ঠাকুর কখনও
ত্তব-স্তুতি করেন, কখনও ধমক দিয়া শাসন করেন—কিন্তু কাহার প্রতি কি ব্যবহার করেন ভাহাও
জানি না। স্কুরাং এ সব ভাবাবেশের কথা লিখা বড়ই কঠিন দেখিতেছি। ভাবাবেশের কথা যখন
পরিকার ব্ঝিতে পারিতেছি না, তখন উহা আর লিখিব না সংকল্প করিলাম।

রাত্রি সাড়ে চা'রটার সময়ে আসন হইতে উঠিয়া স্নান তর্পণাদি সমাপনাস্তে পুপ্প চয়ন করিয়া বাসায় আদিলাম। চা পানের পর বেলা ১০টা পর্যস্ত ফ্রাসাদি কার্য্যে অতিবাহিত হইল। এগারটার

সময় ঠাকুর ভোজনার্থে ভিতরে গেলেন—আমি শালগ্রাম পূজা আরম্ভ করিলাম। আজ শালগ্রাম পূজার সময়ে নানাপ্রকার ভাব অন্তরে উদয় হওয়ায়, খুব প্রস্কাইমনে ঠাকুরকে গঙ্গাজল তুলদীপত্র অর্পন করিতে লাগিলাম। ঠাকুর ১২টার সময়ে নিজ আসনে আদিয়া বিসলেন। আমি তথন ভাবিতেছিলাম—বছজন্মের সাধন ভজন সত্ত্বেও যে ফুর্লভ বস্তু ধোগীজনেরও অগোচর রহিয়াছে—তেত্রিশ কোটী দেবতা মাহারা নরলীলা দর্শনাকাজ্ফী হইয়া কর্ষোড়ে অমুমতি ভিক্ষা করিতেছেন, অনায়াসে তাঁর রূপায় তাঁর সঙ্গ অহ্রহ করিতেছি!—
আমা হইতে আর ভাগ্যবান কে? এই সব ভাব মনে করিয়া, যখন গদগদভাবে ঠাকুরের পানে

তাকাইতেছিলাম, দেই দ্ময়ে ঠাকুর আমার দিকে একদৃষ্টে চাহিয়া নিজ হইতেই আলাপ আরম্ভ করিলেন। আমি তথন ভাবে অতিশয় অভিভূত ছিলাম। ভাবিতে লাগিলাম- এ আবার কি? আমি মহা অপরাধী তথাপি মৌনাবস্থায়ও ঠাকুর আমারপানে তাকাইয়া মুথ নাড়িয়া কত কথাই বলিতেছেন। আমি কিন্তু কোন কথাই বুঝিলাম না। কানেও সকল কথা পহঁছিল না। কেবল ঠাকুরের মুখণানে একদৃট্টে তাকাইয়া তাঁহার হাতম্থ নাড়ার অপূর্ক শোভা দেখিতে লাগিলাম এবং তাহাতেই মুগ্ধ হইয়া রহিলাম। ঐ সময়ে আমার ওঠছয় ঘন ঘন কম্পিত হইতেছিল। চকু হইতে অবিরাম ধারায় অঞ্চ পড়িতে লাগিল। খেদ, কম্প, অশ্রুপুলকাদি ভাবে শরীরটিকে একেবারে অবদর কবিয়া কেলিল। ঠাকুর ৪.৫ মিনিট আমার দিকে চাহিয়া রহিলেন। আমি আর ঠাকুরের দিকে চাহিতে না পারিয়া চোথ বৃজিলাম। ঐ সময়ে ঠাকুরের অহুপম রূপের ধ্যানে বাহ্যজ্ঞান বেন বিলুপ্ত হইয়া আদিল। কতক্ষণ এইভাবে ঠাকুর আমাকে রাখিলেন, জানি না। ঠাকুরের স্বৃতি-পৃত, তর্ত্ব-শৃত্য, নির্ম্মল অন্তরে কতক্ষণ নিবিষ্টভাবে নামে মগ্ন ছিলাম, ঠাকুর জানেন। এই সময়ে আমার অজ্ঞাতসারে অভিমান-অস্থ্র, কোন্ তুর্ণকা স্ত্র ধরিয়া শারীরিক বিকারের দিকে দৃষ্টি করিল, বুঝিলাম না। আমি ভাবিতে লাগিলাম – অঞ্চ, কম্প, পুলকাদি ভাব বহুভাগ্যে ভগবৎ কুপায় মহুস্থের ভিতরে স্ঞারিত হয়। আজ আমার তাহা হইয়াছে। নিশ্চয়ই ইহা খুব উন্নতির লক্ষণ। নিশ্চয়ই আমার এই সাত্তিক ভাব দেশিয়া ঠাকুর খুব সম্ভুষ্ট হইয়াছেন। এই ভাব যাহাতে আরো বৃদ্ধি পায়, চেষ্টা করিয়া দেখি। এই মনে করিয়া খুব তেজের সহিত নাম করিতে আরম্ভ করিলাম। কিন্ত কিছুতেই আর মনটি ঠাকুরের দিকে নিতে পারিলাম না। অতলজলে প্রবল স্রোতে পড়িলে যে দশা ঘটে, আমার তাহাই হইল। স্রোতের প্রতিকৃলে দাড়াইতে আর ঠাই পাইলাম না। ক্ষীণ অভিমান শগ্রীবের সাত্তিক বিকারের দিকে নজর করিয়া, 'রক্তশোষার' মত পুষ্ট হইয়া পড়িল, – ইহাতে পূর্বের সরস ভাবটি চলিয়া গেল। যতই সময় যাইতে লাগিল ততই শুক্ষতা বৃদ্ধি পাইতে লাগিল। অবশেষে অকস্মাৎ একটি ঘটনাকে হেতু করিয়া ঠাকুরের উপর আমার অবিশাস ও সন্দেহ আসিয়া পড়িল। পার্যবর্তী ঘরে শ্রীধর 'সটক্' জরের ষম্ত্রণায় 'ছট্ফট্' করিতেছেন। সময় সময় মৃচ্ছা হইতেছে। ঠাকুরের নাম লইয়া চীৎকার করিতেছেন। ঠাকুর পরম দয়াল, সাম্থা হুইলে তাঁর একান্ত ভক্ত গ্রীধরের এ অবস্থায় উদাসীন বহিয়াছেন কি প্রকারে ? এই বিষয়টি আপনা আপনি ভিতরে উঠিয়া অস্করটিকে তোলপাড় করিয়া তুলিল। ঠাকুরের উপরে অবিশাস-সন্দেহের ভাব আসিয়া পড়িল; পরে একটির দহিত আর একটি ধরিয়া ঠাকুরের উপরে সংশয়ের কত কারণই কলনা করিতে *লাগিলা*ম, দেখিতে দেখিতে নেশাখোর মাত্রের মত নিজের ঝুঁকিতে চলিতে চলিতে দিশাহারা হইয়া পড়িলাম। অবিশ্বাস ও সন্দেহের ঘর্ষণে ভিতরে আগুন জলিয়া উঠিল। এ সময়ে ব্ঝিলাম, কোথা হইতে কোথায় আসিয়া পড়িয়াছি। ভিতরে দৃষ্টি করিয়া দেখি অবিখাদের বিষম জালা উঠিয়াছে এবং দেখিতে দেখিতে 'হুছ' করিয়া দেই অনিবার্য্য আগুনের শিথা বৃদ্ধি পাইতেছে।

ভাহাতে ঠাকুরের শ্বতি ও ধ্যান ভশ্ম করিয়া উড়াইয়া দিয়াছে,—নামটি সময় সময় চলিতেছে বটে, কিন্তু তাহাতে অহুভব নাই,—অসার শুভ বায়্র 'ফোঁস ফোঁসানি' মাত্র হইতেছে। অল সময়ের মধ্যেই জালা এত বাড়িয়া গেল ধে, যন্ত্ৰণায় ছট্ফট্ কবিয়া নাম পধ্যস্ত ছাড়িয়া দিতে ইচ্ছা হইল। অসহ যাতনায় স্থির থাকিতে না পারিয়া নিজের চুল, দাড়ি টানিয়া ছি'ড়িতে লাগিলাম, হাত কামডাইতে লাগিলাম, শরীরের নানাস্থানে আঘাত করিতে লাগিলাম—ঠিক যেন পাগলের মত। কোন কোন গুরুভাতা আমার ক্ষিপ্তপ্রায় অবস্থা দেখিয়া বাহিরে ষাইতে ইন্দিত করিতে লাগিলেন। ঠাকুর আম। হুইতে তিন চার হাত অন্তরে সমাধি অবস্থায় উপবিষ্ট ; কিছু ভিতরের অস্থ্য বন্ত্রণায় অস্থির হুইয়া তাহাও ভুলিয়া গেলাম। এই সময়ে শাল গ্রামের উপরে ক্রোধ জন্মিল। শাল গ্রাম পূজা তো বন্ধ করিয়া-ছিলাম। আর উহা পূজা করিব না স্থির করিয়া, প্জোপকরণ, ফুল-তুলদী প্রভৃতি কুড়াইয়া লইয়া শালগ্রামের উপরে সজোরে ছুঁড়িতে লাগিলাম। এই সময়ে ৫। মিনিটের জন্ত নামগু বন্ধ হ'য়ে গেল। কিন্তু ঠাকুরের কুপায় তথনই আবার উহা আপনা-আপনি অত্যন্ত ফ্রতভাবে চলিল ৷ আমার জালা ষ্থন নিবারণ হইল না, — অবিশ্বাস সন্দেহও দ্র হইল না দেখিলাম, তথন ঠাকুরের উপর ক্রোধ জ্মিল। ঐ সময় আমি অতিশয় দৃঢ়তার সহিত আদনে বসিয়া একদৃষ্টে ঠাকুরের পানে তাকাইয়া ভিতরের সমস্ত জালা-ষন্ত্রণা, অশাস্থি-উদ্বেগ, নাম দারা ঠাকুরের উপরে চালাইতে লাগিলাম। ভিতরের আবেগ ধারণে অসমর্থ হইয়া অতিশয় উত্তেজিতভাবে কট্মট্ দৃষ্টি দারা এক-একবার ঠাকুরকে টলাইতে চেটা করিলাম; কিন্তু ঠাকুর নিজভাবে স্থির আছেন দেখিয়া আমার আফ্রিক তেজ আরও বৃদ্ধি পাইল। কোধ ও অভিযানে একেবারে আচ্ছন্ন হইয়া পড়িলাম। অবিবাদের জালা কত ভয়ানক,—আমিই ব্ঝিলাম। এরপ ষন্ত্রণা আর পাইয়াছি বলিয়া অরণ হয় না। কেবল জালাতেই দগ্ধ হইলাম তাহা নহে, উহার সঙ্গে দকে ভিতরে এক প্রকার উত্তাপ উঠিল,—তাহা ক্ষণে ক্ষণে হ্রদয়ে গিয়া ধান্ধা দিয়া ছু'তিন সেকেণ্ড অন্তর অন্তর ঝিলিক্ মারিতে আরম্ভ করিল। এই ঝিলিকে আমার হৃদয় খেন ছি'ড়িয়া ষাইতে লাগিল। তারপর ঠাকুরের উপর তীত্র দৃষ্টি করিয়া আরও বিপদে পড়িলাম। ভাবিয়াছিলাম ঠাকুরকে আজ আমার সকল জালা-পোড়া দিয়া জালাইয়া মারিব; কিন্তু দয়াল ঠাকুর আমাকে স্থলবন্ধণে দেই বেয়াদবির শান্তি দিলেন। ৫।৬ মিনিট ঠাকুরের দিকে একদৃষ্টে চাহিয়া থাকাতে আমার চক্ষে একপ্রকার বেদনার অমুভব হইল। অল্লক্ষণ মধ্যেই সেই বেদনা এত বৃদ্ধি পাইল বে, আর এ দিকে চাহিতে পারিলাম না; -- চক্ 'টন্টন্' করিয়া ফাটিয়া যাইতে লাগিল। আমার বোধ হইল, চক্ষে অতিরিক্ত রক্ত একস্রোতে আদিয়া পড়াতে, চোখের ভিতরের পদ্দা বৃঝি ফাটিয়া ঘাইতেছে। তথন চক্ষের যন্ত্রণা ৰুকের ঝিলিক্ অপেক্ষা অধিকতর ক্লেশদায়ক বোধ হইতে লাগিল। যন্ত্রণায় অস্থির হইয়া চোথ বৃজিলাম এবং নিরুপায় হইয়া ঠাকুরের শ্রীচরণ স্মরণ করিতে লাগিলাম। এই সময় ঠাকুর 'হরিবোল হরিবোল' বলিয়া বাহ্নংজ্ঞা লাভ করিলেন। শ্বেহভাবে আমার দিকে চাহিয়া বলিলেন—"কি ব্রহ্মচারী, ক্ষুধা পেয়েছে ?

নেও—এই সম্পেশ শালগ্রামকে নিবেদন ক'রে প্রসাদ পাও। পরে রান্না কর্তে যাও।"

ঠাকুরের অসাধারণ স্বেহদৃষ্টি ও স্বহন্তে প্রদত্ত দন্দেশ পাইয়া, আমার ভিতর ঠাণ্ডা হইয়া গেল। আমি দন্দেশ খাইয়া রালা করিতে চলিলাম। এক ঘণ্টার মধ্যে রালা, হোম, আহার, কোন প্রকারে সমাপন করিয়া ঠাকুরের নিকটে উপস্থিত হইলাম।

প্রেতের আক্রোশে শুভকার্য্যে বিম্নঃ পিগুদানে ব্যবস্থা।

অন্ত মধ্যাকে গুরুত্রাতা শ্রীযুক্ত অধিনীকুমার গুহুঠাকুরতার জ্যেষ্ঠ সহোদর ঠাকুরের নিকট আদিয়া
বলিলেন—'অনেক দিন যাবং অধিনী কাজকর্ম্মের চেষ্টায় আছে, কিন্তু
শ্বী আধিন।
কিছুতেই হইয়া উঠিতেছে না। অনেক বড় বড় লোক উহার চাকরীর
চেষ্টা করিতেছেন। কাজ হ'য়ে হ'য়েও সামান্ত কারণে বাধা পড়িতেছে। এরূপ হইতেছে কেন ?'
ঠাকুর বলিলেন—"প্রেতের আক্রোশ আছে বলিয়াই উহার কাজকর্ম্ম হইতেছে না।
প্রেতের শান্তি না হ'লে, কাজের স্থ্রিধা হ'বেও না।"

অধিনীর দাদা বলিলেন—'কেন আমার মাতার তো পয়াতে পিও দেওয়া হ'য়েছে। তাঁর আর আক্রোশ থাক্বে কেন? আর অধিনীর উপরই বা আক্রোশ কেন?'

ঠাকুর—"যে পিণ্ড দেওয়া হ'য়েছিল, তাহা সে পায় নাই। এ বিষয়ে স্বপ্নে অশ্বিনীকে বলা হ'য়েছিল,—অশ্বিনী তাহা স্মরণ রাথিয়া প্রতিবিধানের চেষ্টা করে নাই। এজন্মই অশ্বিনীর উপর আক্রোশ।"

অধিনীবাৰুর দাদা বলিলেন—'না, অধিনী কোন স্বপ্ন দেখে নাই তো ?'

ঠাকুর -- "আচ্ছা, তাকে গিয়া জিজ্ঞাসা করুন।"

অধিনীবাব্ব দাদা অধিনীবাব্কে ডাকিয়া জিজ্ঞাসা করিলেন। অধিনীবাব্ বলিলেন—'এক দিন রাত্রে স্বপ্রে মাতার ক্লেশস্চক চীংকার শুনিয়াছিলাম। কি যে বলিয়াছিলেন—ব্ঝিতে পারি নাই, পরে ভূলিয়া গিয়াছি।' ঠাকুর প্রেতের ক্লেশ শান্তির জন্ম পুনরায় পিও দিতে বলিলেন। আমি জিজ্ঞাসা করিলাম—'গয়াতে পিও দিলেই প্রেতাত্মার উদ্ধার হয়, ইহাই তো জানিতাম। পিও দিলেও পিও পায় না এমনও হয় নাকি ?'

ঠাকুর—"একজনার পিণ্ড পুত্র গিয়া দিলেও, পৌত্র, পৌত্রাদিরও আবার পিণ্ড দেওয়ার ব্যবস্থা আছে। যদি কারো পিণ্ডদান প্রেতাত্মা না পায়, এজন্ম বংশের যে কেহ গয়ায় যাবে তারই পূর্ববপুরুষগণের ও জ্ঞাতি-স্বজনের পিও দেওয়ার নিয়ম।"

জিজ্ঞাসা করিলাম—পিও দিব, অথচ প্রেভাত্মা তাহা পাইবে কি না, নিশ্চয় নাই,—এরপ সন্দেহ লইয়া পিও দিতে উৎসাহ হইবে কেন ?

ঠাকুর লিখিলেন—যথাবিধি পিণ্ড দিলে নিশ্চয়ই তাহাতে প্রেতাত্মা উদ্ধার হয়;
কিন্তু দে মত তো দেওয়া হয় না। যিনি পিণ্ড দিবেন তিনি যান আরোহণ করিবেন
না, পদব্রজে গয়া পঁছছিবেন। পরে, একাহার হবিয়্যু করিয়া শুচিশুদ্ধভাবে, সংযত
হইয়া ভজন-সাধনে এক মাস কাল গয়া বাস করিবেন। মৃত্তিকায় বাহু-উপাধানে
শয়ন করিবেন। তৎপরে শাস্ত্র ব্যবস্থামত পিশুদান করিবেন।—এইভাবে
পিশুদান হ'লে নিশ্চয়ই তাহা প্রেতাত্মা পায় ও উদ্ধার হয়। ইহার অত্যথা হইতে
পারে না,—ঋষিবাক্য। কিন্তু সেভাবে তো পিশু দেওয়া হয় না। তবে গদাধর
বড়ই দয়াল; তাই যিনি যেভাবে দিন না কেন, তিনি গ্রহণ করেন। তাই,
প্রেতাত্মা উদ্ধার হয়। বিশেষ কোন অনিয়ম-অনাচার হইলে—গদাধর যদি তাহা
গ্রহণ না করেন;—এজত্যই বারংবার দিতে হয়; দিতে দিতে যদি কোন বার কারো
দেওয়া লেগে যায়।"

আজ আমার একটি বিষম সংশয় দ্ব হইল। নিতান্ত ত্রাচারী ব্যক্তি, হেলায়-শ্রন্ধায়, যেন-তেন প্রকারে, একবার গয়াতে গিয়া পিওদান করিলেই যদি পূর্ব্বপুরুষগণ অনায়াদে উদ্ধার হয়, তাহ'লে তো মুজিলাভ বড়ই সহজ হইয়া যায়। মুজি সদাব্রত ভারতবর্ষের যেখানে-দেখানে, কিন্তু অসংখ্য কণ্টকাবরণ ভেদ করিয়া তাহাতে প্রবেশ ও বাদাধিকার তেমনই ঋষিরা তৃত্রহ করিয়া গিয়াছেন।

নরক আছে কি না ? পরলোকে পিতৃপুরুষের কার্য্যঃ বাসনারূপ জন্ম।

একজন জিজ্ঞাসা করিলেন—'শাস্ত্রপুরাণাদিতে যে নরকের বর্ণনা রহিয়াছে, বাস্তবিক তাহা আছে কি না ? ধমদূত কি ?'

ঠাকুর নিখিনে— "শাস্ত্রে যেরূপ নরকের বর্ণনা আছে, নরক প্রকৃতই তদ্ধেপ। যমদূত, বিষ্ণুদ্ত সকলই সত্য। মৃত্যুর পরে ইহাদের সহিত বিচার হয়। পিতৃ-পুরুষও মৃত্যু সময়ে উপস্থিত থাকেন। যাঁহার আত্মা নরকে যাইবে, পিতৃপুরুষগণ

তাঁহাকে সাস্ত্রনা দেন। পিতৃপুরুষগণও একেবারে মায়ার অতীত নহেন। তাঁহারাও তিগুণের অধীন।"

একটু থামিয়া আবার লিখিলেন—"পূর্বেপুরুষগণের মধ্যে যাঁহারা মৃক্ত, কেবল তাঁহারা উপস্থিত হইয়া, মৃত আত্মাকে পিতৃলোকে লইয়া যান। যাহাদের অল্প কর্মা থাকে, তাহারা শৈশবে দেহত্যাগ করে। যাহারা নরহত্যাকারী, মনুষ্যদোহী, এইরূপ পাতকী, তাহারা জন্মে আর মরে—পুনঃপুনঃ গর্ভ-যাতনা শান্তি। যেমন এই পৃথিবী, সেইরূপ এমন গ্রাহ উপগ্রহ আছে, — যেখানে স্বর্গ, নরক ভোগ হয়।"

প্রার-মৃত্যুর পরে আবার কখন জন্ম হয়?

উত্তর—মৃত্যুর পরে সমস্ত লোকই পিতৃলোকে গমন করে। তথায় ক্রমে ক্রমে তাহার বাসনা বৃদ্ধি হয়। পিতৃলোকে প্রত্যেক বংশেরই একজন পিতৃপুরুষ থাকেন। লোকের মৃত্যুর পরে, তিনি ভাহার যে অবস্থা, তাহা ভাহাকে বলিয়া দেন। বাসনার অত্যন্ত বৃদ্ধি হইলে জন্মের ইচ্ছা হয়। জন্ম যে কেবল এই পৃথিবীতে হইবে, এমত নহে। সৌরজগৎ বলিয়া আমরা যাহাকে জানি, এরাপ অসংখ্য সৌরজগৎ আছে। বিষ্ণুলোক, চল্রলোক প্রভৃতি স্থান আছে। ভাহাদের অধিষ্ঠাত্রী দেবভা আহেন। বাসনা অমুসারে জন্মের অত্যন্ত ইচ্ছা হইলে, পিতৃপুরুষ কোন্ স্থানে ভাহার জন্ম হইবে, বলিয়া দেন। সে ভদমুযায়ী প্রার্থনা করে। প্রার্থনা পূর্ণ হইলে, অবস্থা অমুসারে নানা গ্রহে ভাহার জন্ম হয়। এই পৃথিবীতে জন্ম না হইলে যে একজন মৃক্ত হইল তাহা নহে। অন্যান্থ গ্রহ ও উপগ্রহে থাকিবার বাসস্থান আছে। প্রী-পুরুষ সম্পর্ক এরূপ নহে। কিন্তু ভাহারাও মোহের অধীন; সেখানেও বাসনা আছে। এইরূপ গ্রহ হইতে গ্রহান্তরে জন্মগ্রহণ করে। অবস্থামুসারে জন্ম হইলেও সকলের বাসনা এক রকম নহে। সেই বাসনার ভারতম্যে নানাবিধ গ্রহে জন্ম হয়। সকলের ত এক প্রহে হয় না।

ন্ত্রী-পুরুষের মেশামেশিতে শাসন।

পূজার ছুটী আরম্ভ হইয়াছে। নানাস্থান হইতে শুক্তলাতারা ঠাকুর-দর্শনাকাজ্যায় কলিকাতা আসিয়া উপস্থিত হইয়াছেন। শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ দামস্ত, পাগ্লা সতীশ, বিধু মজুমদার, ললিত গুপ্ত, ছোড়দাদা ও কুল্ল ঠাকুরতা প্রভৃতি গুক্তলাতারা অনেক দমম্ম ঠাকুরের দক্তে স্থাকিয়া খ্রীটেই থাকেন।

ইহাদের মধ্যে অনেকে এথানেই আহারাদি করেন। আবার যাঁহাদের কলিকাতায় বার মাস থাকা হয়, তাঁহারা আহারের জন্ম একবার মাত্র বাসায় যান। সকাল বেলা ১১টা পর্যান্ত ঠাকুরের ঘর লোকে পরিপূর্ণ থাকে। মেয়েরা ঠাকুরকে দর্শন করিতে, দলে দলে মধ্যাক্তে আসিয়া ১২ই আখিন। পড়েন। বেলা ১২টার পর ঠাকুর আহারান্তে আসনে আদিয়া বদিলে মেরের। ধীরে ধীরে হলঘরে প্রবেশ করেন। হলঘরের দক্ষিণ-পূর্ব্ব কোণে ঠাকুরের আসন। এই ঘরের উত্তর-পূর্ব্ব কোণে দরজা দিয়া ভিতর-বাড়ীতে প্রবেশ করিতে হয়। মেয়েমহলের সংলগ্ন, হলফমের উত্তরাংশে ৬।৭ ফুট স্থান লইয়া চিকের আড়ালে মেয়েদের বিশ্বার স্থান। মধ্যাক্তে ঠাকুরের নিকট তিনটা পর্যান্ত পুরুষেরা কেহ বড় থাকেন না। তাঁহারা পার্শ্ববর্তী রাখালবাবুর বৈঠকখানা-ঘরে বিশ্রাম করেন। পুরুষেরা ঠাকুরের ঘরে না থাকায় মেয়েদের সংখ্যাধিক হইলে, কখন কখন চিকের আবরণ খুলিয়া দেওয়া হয়; তথন তাঁহারা স্বচ্ছলে ঠাকুরকে দর্শন করিয়া থাকেন। কোন কোন স্ত্রীলোক ঠাকুরের নিকট আসিয়া পদ্ধূলি গ্রহণ পূর্বক, ঠাকুরের আসনের পাশেই বসিয়া পড়েন। ঠাকুর ইহাতে বিবক্তি প্রকাশ করেন। তাহাদিগকে দূর হইতেই নমস্কার করিয়া চিকের আড়ালে বলিতে বলেন। ঠাকুরের সমাধি অবস্থায় কেহ তাঁহাকে স্পর্শ করিলে, আমার দলে তাহার ঝগ জা হয়। আমার ভাষা অতিশয় কর্মশ ও অপমানজনক মনে করিয়া, অনেকে দিদিমা'র নিকট আমার বিরুদ্ধে নালিশ করিয়া থাকেন। তাহা ঠাকুরের কানেও আসে। বাবুরা আদিয়া পড়িলে, মেয়েরা অগত্যা চিকের আড়ালেই থাকেন, অথবা ভিতর-বাড়ী চলিয়া ধান। সন্ধ্যা-আরতি শেষ হইলে, সংকীর্তনের সময়ে ঘর লোকে পরিপূর্ণ হয়। মেয়েরাও চিকের ভিতরে অতি কট্টে স্থান লইয়া থাকেন। সংকীর্ত্তন বেশ জ্যাট হইলে, ঠাকুর মত্ত হইয়া নৃত্য ক্রিতে আরম্ভ করেন। তথন ঠাকুরকে দর্শন করিতে মেয়েরা কথন কথন চিক তৃলিয়া দেন। ভাবোচ্ছাপের আধিক্যে অনেক সময়গুরুলাতারা বেহুঁস অবস্থায় নৃত্য করিতে করিতে মেয়েদের দিকে গিয়া পড়েন। কথন কখন স্ত্রী-পুরুষের ভেদাভেদ না থাকার মত হয়। ঠাকুর কিছুদিন যাবৎ এই বিষয়ে সাবধান হইতে গুৰুভাতাদের পুন:পুন: বলিতেছেন। কিন্ত কেহই তাহা মানিয়া চলিতে পারিতেছে না। অন্ত ঠাকুর এ বিষয়ে বহুলোকের মধ্যে সকলকে শাসন করিয়া বলিলেন,— "স্ত্রী পুরুষ সর্ববদাই খুব সাবধানে না থাক্লে চল্বে না। যে ভাবে বর্তমান সময়ে ন্ত্রী পুরুষে মেশামেশি দেখা যাচেছ তা' কিছুকাল চল্লে শেষে বাউলদের মত ক্রমে নানাপ্রকার ব্যভিচার আমাদের ভিতরেও আরম্ভ হ'বে। এখন হ'তে সকলেরই খুব সাবধান হ'য়ে চলা আবশ্যক। এসব বিষয়ে শিথিল হ'লে, বিষম অনর্থ ঘট্বে। স্ত্রী পুরুষ কখনও একাসনে বস্বে না। এমন কি ভগিনী ও কন্মার সঙ্গেও বস্তে সাবধান হ'বে। বয়স্থা কন্মার সঙ্গেও পিতার বাভিচার হ'তে পারে। অনেক ঘটনা হ'য়েছে। তোমাদের চরিত্র ভাল হ'লেই যে এরপ ব্যভিচার তোমাদের

দারা অসম্ভব তা' মনে ক'রো না। সহস্র ভাল হ'লেও এ বিষয়ে বড়াই চলে না। স্বয়ং ব্রহ্মা পর্য্যন্ত তাঁর কন্সার পিছনে কামোন্মত্ত হ'য়ে ধাবিত হ'য়েছিলেন। যোগীশ্বর মহাদেবও এই পাকে ঘুরেছেন। ইহা কেবল একটা কল্পনা নয়। সত্য সত্যই এ বিষয়ে কেহ অভিমান কর্তে পারে না। চুম্বক ও লোহার যেমন পরস্পর সন্নিকর্ষে মিলন হয়, ঠিক দেইরূপে সহস্র ভাল হ'লেও স্ত্রী পুরুষ একত্র হওয়া মাত্র একের দেহ অন্সের দেহকে আকর্ষণ কর্বে। তোমরা ইচ্ছা না কর্লেও দেহের ধর্মো, দেহের স্বভাবে, দেহের গুণে অক্য দেহকে যে আকর্ষণ কর্বে তা' তোমরা কি প্রকারে বাধা দিবে ? স্ত্রী ও পুরুষের শরীরে এমন উপাদান আছে যে, তা'তে উভয় দেহ নিকটবর্ত্তী হ'লেই একে অক্তকে চা'বে--টান্বে। কোন স্ত্রীলোকের নিকট কোন পুরুষের থাকা উচিত নয়। জ্রীলোকদেরও কখনও পুরুষদের সঙ্গে মেশা ঠিক নয়। আমি এথানে বস্লে অনেক সময়েই দ্রীলোকেরা এসে আমাকে স্পর্শ ক'রে নমস্কার করে। কতদিন নিষেধ করেছি,—কেহই কথা গ্রাহ্য করে না। আমি কি জিতকাম হ'য়েছি? আমার কি কাম হ'তে পারে না? আমাকে বিশ্বাস কি? দূরে থেকে, যার ইচ্ছা হয় নমস্কার কর্রে, আর পর্দার আড়ালে স্ত্রীলোক বস্বে। সর্বদা এখানে বস্বারই বা প্রয়োজন কি? সংকীর্তনের সময় ভাবে স্থির থাক্তে না পে'রে জ্রী-পুরুষ একত্র হ'য়ে যায়। যাঁরা সংকীর্ত্তনে যোগ দেন তাঁরা সকলেই যে সাধু তা' তো নয়,—বাহিরের অনেক খারাপ লোকও এসে থাকে। স্নুতরাং এসব বিষয়ে পুৰ্ব হ'তে সভৰ্ক হ'য়ে না চল্লে, একটা গোলমাল ঘট্তে কভক্ষণ ? বহুস্থানে দেখা গিয়েছে, প্রথম প্রথম ভাবের সময় স্ত্রী-পুরুষের ভেদ না থাকায়, পরস্পর পরস্পরকে ধর্তে থাকে; পরে সেই ভাব চলে যায়,—নকল ভাব দেখায়ে ব্যভিচার আরম্ভ করে। খুব সাবধান হও, সকলেই খুব সতর্ক হও। না হ'লে ধর্ম কর্ম্ম সমস্ত নষ্ট হ'য়ে যাবে, ধর্মের নামে ব্যভিচার ও বদমায়েদী আরম্ভ হবে। এ সম্বন্ধে খুব কড়াক্কড়ি হ'য়ে চলা আবশ্যক। যদিও পাপভাবে নয়, তাহ'লেও স্ত্রী-পুরুষে মিশ্তে দিতে সাহস হয় না। অনেকস্থলে সামাজিক সম্ভ্রম নষ্টের ভয়, সুনাম নষ্টের ভয়, এ সকল না থাক্লে সহজেই ব্যভিচার কর্তে পারে। যেখানে ধর্মভয় সেখানে আশক্ষা অল্প। আজকাল ধর্মভয় নাই বল্লেই হয়।

পাপ-পরিত্রাণের উপায়।

কেহ বলিলেন—'পাপ কি? এ দখদ্ধে একটা পরিষ্কার সংস্কারপ্ত তো আমাদের নাই। কি উপায়ে পাপ হইতে রক্ষা পাওয়া যায়?' ঠাকুর কহিলেন—"স্বভাবের বিপরীত কার্য্যই পাপ। আধ্যাত্মিক পাপ, শারীরিক পাপ, মানসিক পাপ, সামাজিক পাপ, অপ্রেম, নির্চুরতা, নীচতা ইত্যাদি। সামাজিক—চুরি, ব্যতিচার ইত্যাদি। আধ্যাত্মিক, শারীরিক, মানসিক, এই তিন প্রকার পাপ লোকে দেখে না। সামাজিক পাপ, ইহা নিবারণ জন্ম রাজশাসন, সমাজশাসন। পরমেশ্বর এই সমস্ত হইতে রক্ষা কর্বার জন্ম লজ্জা, ভয়, ঘৃণা, নিন্দা, প্রশংসা এই সমস্ত মহুদ্যের আত্মায় দিয়াছেন। ডাকাত, লম্পট, এমন লোকও যদি কাহাকে অন্যায় কর্তে দেখে, তবে তৎক্ষণাৎ তাহার শাসন করে। এই অবস্থা আছে ব'লেই রক্ষা পাওয়া যায়।

ভোগে ভোগক্ষয় ঃ দৈহিক ও আত্মিক সম্বন্ধ ঃ স্ত্রীজাতির প্রতি সম্মান।

কোন একটি শিক্ষিত পদস্থ গুরুজাতা, স্ত্রী-বিয়োগে অভিশন্ন সম্বস্থ হইনা, ঠাকুরের নিকটে আদিলেন এবং নিজের ত্রবদ্ধা, জ্ঞাতি-বন্ধু বাদ্ধবদিগের তুর্ব্যবহার প্রভৃতি বলিয়া, বিবাহ করা সক্ষত কি না এবং বিবাহ করিলে সাধনের বিদ্ন ঘটিবে কি না, জ্ঞাজান করিলেন। পরলোকগত স্ত্রীর সলে পুনর্ম্মিলনের সম্ভাবনা আছে কি না জানিতে ব্যন্ত হইলেন। ঠাকুর তাঁহার ত্বংগে সহাস্কভৃতি করিয়া বলিলেন—"এখন হঠাৎ স্থির হওয়া কঠিন! বিবাহ কর্লেই যে সাধনের অনিষ্ট তা নয়; বরং অবস্থাসুসারে বিবাহ কর্লে উপকার হয়। নিজের যে বিষয় ভোগ, তা না হ'লে বিষয়ে পুনঃপুনঃ টানে। এখন শোক আছে, তা যখন থাক্বে না—তখন বার্দ্ধক্যে নিজের প্রবৃত্তির সহিত সর্বদা সংগ্রাম করা ছঃলাধ্য। এজন্য অনেক সম্যাসী বহু বংসর বনে, গুহায় অনাহারে তপস্থা করেও, পুনরায় সংসারী হ'তে বাধ্য হয়েছেন। তবে নিজের চিত্ত বুঝা কঠিন। এজন্য শাস্ত্রকাররা ব'লেছেন যে, গৃহস্থাশ্রম সাধকের তুর্গ। স্ত্রী-পুরুষে সংসার করা পাপ নয়। সংসার ক্ষয় কর্বার জন্য সংসার কর্লা উপকার হয়। লাভ কিছুই নাই, কিন্তু প্রয়োজন আছে,—নিজের নিজের ভোগ কাটাবার জন্য। ভোগ ক'রে ভোগ ক্ষয় সহজ। কুপার পথে একটু আসন্তি থাক্লে, তা যদি একটু ছিঁতে, তখন বড় বেশী লাগে।"

একজন প্রার্থনা কর্ল, 'প্রভা! তুমি আমার সর্বেম্ব, আমার বল্তে আমার আর কিছু যেন না থাকে,—সমস্তই ভোমার।' পরমেশ্বর উত্তর কর্লেন, 'হে মানব, এমন কথা ব'লো না, আমাকে যৎকিঞ্চিং দেও,—অবশিষ্ট সমস্ত ভোমার থাক্। তুমি জান না যে, তুমি কি কথা বল্ছ।' মামুষটি কাতর হ'য়ে বল্ল, 'প্রভা! তা' হ'বে না, আমার আর যেন কিছুই না থাকে—সব ভোমার হো'ক। তথন পরমেশ্বর সেই মামুষটির বাড়ী-ঘর, আজীয়-বন্ধু একে একে সমস্ত নষ্ট ক'রে পুজটিকেও যথন নিয়া যান, তথন সে কেঁদে বল্ল, 'প্রভা, কি কর্ছ! আমি যে আর সহ্য কর্তে পারি না।' তথন ভগবান তার সমস্ত প্রভার্পণ করে বল্লেন—'এই নেও!—আগেই বলেছিলাম, এ ভোমার কর্ম্ম নয়। এজন্য কৃপার প্রার্থী হওয়া বড়ই পরীক্ষার পথ। যদি আসক্তিবদ্ধ না থাকে তবে কষ্ট হয় না। ভোমার বয়স অল্ল, এখনও অনেক দিন সংগ্রাম করতে হ'বে।'

এখন আমাদের দেশে ঠিক নিয়ম মত চল্ছে না। বৈল্পান্তে আছে—নারী
১৪ হইতে ১৬ ও পুরুষ ২৫ হইতে ৩০, এই বয়দে বিবাহ মঙ্গলের কারণ। একটু
সময় যাক্,—বিবাহ কর্লে কি মঙ্গল, পরে বুঝ্তে পার্বে। এখন শোকের সময়,—শোক-মোহ দৈহিক সম্বন্ধ-জনিত। সম্বন্ধ তুই প্রকার,—দৈহিক ও আত্মিক। আত্মিক
সম্বন্ধ সহজে হয় না। একবার হ'লে আর সে সম্বন্ধ কখনও নষ্ট হয় না। আত্মিক সম্বন্ধ
অতি বিরল। যে উভয় আত্মার একমাত্র লক্ষ্য তা'দেরই আত্মিক সম্বন্ধ হয়। দৈহিক
সম্বন্ধ-জনিত শোক-মোহ অন্থায়ী, অনিত্য,—এজন্ম অশৌচ বলে। অশৌচ-কালগত না
হ'লে উভয় দিকে স্থির হয় না। অশৌচ কাল-গত হ'লে ক্রমে সম্বন্ধ অমুভব হ'য়ে
থাকে। আত্মিক সম্বন্ধ শোক নাই,—বিরহ। সে বিরহ আশা-জনক এবং নিত্যকাল
স্থায়ী। এরূপ আত্মিক সম্বন্ধ শোক নাই,—বিরহ। দে বিরহ আশা-জনক এবং নিত্যকাল
স্থায়ী। এরূপ আত্মিক সম্বন্ধ হ'লে মিলন হয়। দূরে থাক্লেও উভয়ের মধ্যে একটি
স্বত্রে বন্ধন থাকে,—তাতে সর্বাদা মিলিত মনে হয়। এসব দেখ লৈ বিশেষ উপকার হয়।
সংসার বাস্তবিক অসার। সহোদর ভাই-ভগিনী, এ যদি আপনার না হয় তবে সংসারের
আকর্ষণ কি ? বনের পশুতে ও মানুষে প্রভেদ কি ? পশু প্রতিবাদীকে সেবা কর্তে
জানে না, মানুষ প্রতিবাদীর তৃঃথে তৃঃথী, সুথে সুখী। যে নিরাশ্রয়কে সেবা না ক'রে সে

একটু পরে ঠাকুর আবার বলিলেন—"স্ত্রী-জাতিকে যত সম্মান কর্বে তত নিজে পবিত্র

থাক্তে পার্বে। যাঁকে সম্মান করি তাঁকে কুৎসিত, দৃষিতভাবে দৃষ্টি করা যায় না। বঙ্গদেশে স্ত্রী-জাতিকে সম্মান করা যেন একটা উপহাসের বিষয়। উত্তর-পশ্চিমে স্ত্রী-জাতির প্রতি সম্মান আছে। বোদ্বাই, মহারাষ্ট্রদিগের মধ্যে নারী জাতির সম্মান অধিক, তাতেই সব বীর জন্মগ্রহণ করেন। ইংরাজ জাতি কেবল নারী জাতিকে সম্মান ক'রে জগতের মধ্যে প্রধান জাতি হয়ে উঠ্ল। পুরাণে আছে যেখানে নারী জাতির সম্ভ্রম সেথানে লক্ষ্মী-নারায়ণ বর্তাজ জাতির সম্ভ্রম সেথানে লক্ষ্মী-নারায়ণ বর্তাজ কর্ছেন। যদি এখন বাবুদের বল যে, নারী জাতিকে সম্মান কর, তখনই তাঁরা 'হো, হো' ক'রে হেসে উঠ্বেন। বুংদারণ্যক উপনিষদে আছে, জনকের সভায় গার্গী উপস্থিত হ'লে সমস্ত ঋষিগণ উঠে সম্ভ্রমে তাঁহাকে নমস্কার কব্লেন। গার্গীর পূর্ণ-ব্রহ্মজ্ঞান, পরিধানে বন্ত্র নাই, উলঙ্গিনী। শান্তিল্যা-তপম্বিনী, গরুড় তাঁর প্রভাব দেখে মনে কর্লেন,—রাত্রি প্রভাত হ'লে এঁকে পিঠে ক'রে বৈকুঠেনিয়া যাব। শান্তিল্যা তাঁর অন্তর জান্লেন। অমনি গরুড়ের তু'টি পক্ষ খ'সে পড়ল। গরুড় স্তব কর্তে লাগ্লেন। এই উপলক্ষে নারীকে সম্মান কর্বার উপদেশ দিয়েছেন। স্কুল-কলেজে, এখন শিক্ষা হচ্ছে কেবল চাকরির জন্ম, চরিত্র গঠন কর্বার জন্ম কে শিক্ষা করে।

কল্পনাতীত দহাসুভূতি—এ কি মানুষে পারে ?

ঠাকুরের মুথে শুনিয়াছিলাম,—"মায়াতীত না হওয়া পর্যান্ত সুখ ও শান্তি স্থায়ী হয় না; লক্ষ্মী বড়ই চঞ্চলা।" ঠাকুরের নিকটে আদিয়া মনে করিয়াছিলাম ঘতদিন ঠাকুরের কাছে থাকিব ততদিন আর কোনপ্রকার উৎপাতগ্রন্ত হইতে হইবে না। কিন্তু ঠাকুর আমার শান্তির অবস্থা অধিক দিন রাখিলেন না। হায়! আজ আমি কোথা হইতে কোথায় আদিয়া পড়িলাম! পাহাড় হইতে যথন ঠাকুর-দর্শনে আদিলাম, ঠাকুর দয়া করিয়া আমাকে তাঁহার বাম দিকে ৩।৪ হাত অন্তরে আসন করিতে বলিলেন। সেই হইতে আজ পর্যান্ত দিন রাত প্রান্ত আয় অবিচ্ছেদে ঠাকুরের সঙ্গলাভ করিয়া আসিতেছি। পরম পবিত্র আনন্দময় গুরুদদেবের সম্মুথে থাকিয়া, তাঁর পূজা অর্চ্চনায় কি যে আনন্দ, তাহা প্রকাশ করিবার তাষা নাই। নিত্য নৃতন তাব ও অমুভূতিতে মৃয় হইয়া দিনরাত যেন নেশাথোরের মত অভিভূত ছিলাম। আজ কয়দিন হয় কর্মদোষে সে অবস্থা আমি হারাইয়াছি। হৢদয় আমার শ্রশান হইয়াছে;—অহর্নিশি চিতানলে দয় হইয়াহা-ছতাশে সময় কাটাইতেছি। ভোরবেলা দেড় ঘন্টাকাল ঠাকুরের কাছ-ছাড়া থাকিতে হয়; কিন্তু তথনও আমি গঙ্গামান, সন্ধ্যা, তর্পণ ও

ঠাকুর পূজার পুপাচয়নে ব্যাপৃত থাকি। মধ্যাহ্নে ঠাকুর ষথন ঘণ্টা দেড়ঘণ্টার জন্ম সান ভোজনার্থে ভিতর-বাড়ি চলিয়া যান তথনও আমি শালগ্রাম-পূজায় নিযুক্ত থাকি। তৎপরে অপরাহে দেড্ঘণ্টা সময় ঠাকুর আমাকে আহারের জন্ত ছুটী দেন। ঐ সময়ের মধ্যে উনন ধরাইয়া রান্না, হোম, আহার, বাদন মাজা ও ঘর 'মৃক্ত' করিয়া যথাদময়ে ঠাকুরের নিকটে উপস্থিত হইতে হয়। স্থতরাং ২৪ ঘণ্টার মধ্যে কোন সময়েই আমার ধর্মামুষ্ঠান হইতে অবসর নাই। অবসবের মধ্যে রালা করিতে যে সময়টুকু লাগে তাহাই মাত্র। কিন্তু তথনও ঠাকুর দর্শনাকাজ্ফী গুরুভগিনীদের সমাগমে মেয়েমহল পরিপূর্ণ থাকে। স্থতরাং রাল্লা করিতে বদিয়াও অনেক সময়েই হেঁটমগুকে শালগ্রামের দিকেই দৃষ্টি করিয়া থাকিতে হয়। এতটা দত্তেও একটি দিন মাত্র ২।৩ মিনিটের জন্ম কুতুর দিকে দৃষ্টি করিয়া অস্থিপঞ্জর আমার ভাশিয়া গিয়াছে। এখন উহার ছবি আর এ অন্তর হইতে কিছুতেই সরাইতে পারিতেছি না। নিয়মিত সাধন-ভদ্ধন স্বই করিতেছি,—জ্বস্ত পাবক-স্বব্ধপ গুরুদেবের শ্রীক্ষকের প্রভাবও নিয়ত সজোগ করিতেছি, ইহা সত্ত্বেও আমার এই দশা! অস্তরের উত্তেজনা কিছুতেই দমন করিতে পারিতেছি না। আজ ১২টার পর শালগ্রাম-পূজায় মন লাগিল না, কোনপ্রকারে নিয়মরক্ষা করিলাম। বিষম উত্তেজনা দেখিয়া আমি থ্ব নাম কবিতে লাগিলাম। প্রাণায়াম কুক্তকও থ্ব তেজের সহিত চালাইলাম; কিন্তু কিছুতেই স্থির হইতে পারিলাম না। উত্তেজনার প্রবল স্রোত যথন আদিতে লাগিল তথন নাম-ধ্যান, দাধন-ভজন দমন্তই ভাদাইয়া নিয়া চলিল। তুফানের ঝাপ্টা যেমন ক্রমশঃ বৃদ্ধি পাইতে থাকে উত্তেজনাও আমার তত্রপ বাড়িয়াই চলিল। ক্রমে ক্রমে উহা এতই বৃদ্ধি পাইল যে, ঠাকুরের নিকটেও আর আমি বদিতে পারিলাম না,—একবার ঘর, একবার বাহির করিতে লাগিলাম। অবশেষে স্থির থাকিতে না পারিয়া, ঠাকুরকে বলিলাম,—'কয়দিন যাবং কুতুর উপরে আমার ভয়ানক আকর্ষণ আদিয়া পড়িয়াছে। এখন আর বহু চেষ্টাতেও আমি স্থির থাকিতে পারিতেছি না। কখন কি করিয়া ফেলি বলিতে পারি না। আপনাকে জানাইয়া রাখিলাম।' আমার কথা শুনিয়া ঠাকুর আমার দিকে একদৃষ্টে স্নেহভাবে চাহিয়া বলিলেন,—"যে বয়স, তা'তে এতো হ'তেই পারে। এ'তো কিছু অস্বাভাবিক নয় ৷" একটু ধামিয়া আবার বলিলেন—"একটু দূরে দূরে থাক্তে পার না ?"

আমি বলিলাম—'না, এখন আর পারি না। আমার চেষ্টা এখন নিয়ত কাছে কাছে যাওয়া, দ্রে থাক্ব কিরপে ? আমি সর্বাদাই স্থযোগ খুঁজ ছি। সাম্লা'তে না পার্লে, আমি সজন-নির্জনতার কোন অপেক্ষা কর্ব না, পরে যা' হয় হবে।'

ঠাকুর বলিলেন—"কর্ত্তা ভগবান। তাঁরই ইচ্ছায় সব ! দেখ, কি হয়।"
এই বলিয়া ঠাকুর চোখ বুজিলেন। একটু পরে বলিলেন—

"কামের উৎপাত তোমা অপেক্ষাও আমি অধিক ভুগেছি। বাহ্মধর্ম প্রচার কর্তে

একবার আমি পাঞ্জাবে গিয়াছিলাম। তখন একদিন আমি ধর্ম্মোপদেশ কর্ছি,—জনতায় স্থান পরিপূর্ণ,—একটি ৮।৯ বৎসরের বালিকা নিকটে উপবিষ্ট ছিল। ঐ সময় আমি তাকে দেখে এতদ্র মোহিত হ'য়েছিলাম যে, বহুলোকের মধ্যেও আমি ঐ বালিকাটিকে আক্রমণ কর্তে অস্থির হ'য়ে পড়্লাম,—কোন চেষ্টাতেই চিত্ত সংযম কর্তে পার্লাম না। সংক্ষেপে বক্তৃতা শেষ কর্লাম। বক্তৃতার পরে মেয়েটি যখন বাড়ী চল্ল আমি তার পশ্চাৎ পশ্চাৎ তার বাড়ীর দরজা পর্যাপ্ত গেলাম। তারপর এ বিষয় মনে করে এত অন্থতাপ হল যে, আমি আত্মহত্যা কর্তে রাত্রি দ্বিপ্রহরের সময়ে 'রাভী' নদীর ধারে উপস্থিত হ'লাম। সদ্পুরু লাভ হ'ল না,—বৃথা জীবনে এসব উৎপাত ভোগের প্রয়োজন কি মনে ক'রে, দেড়মণ ত্'মণ একখানা পাথর কোমরে বাঁধলাম। নদীতে ঝাঁপিয়ে পড়তে যেমন উত্তত হ'লাম,— পিছন দিক্ থেকে একটি বৃদ্ধ ফ্কির অক্ত্মাৎ এসে আমাকে জড়ায়ে ধর্লেন এবং বল্লেন, 'বাচ্চা ঘাব্ডাও মং,—গুরু তোমারা হ্যায়,—ব্যথৎমে মিল্ যায়েগা। এইছা মং কর।'—এই বলিয়া ফ্কির সাহেব অস্ত্র্জান কর্লেন,—আমি আর তাঁকে দেখ্তে পেলাম না। এ ঘটনার পরই আমি একটি গান লিথ্লাম—

"মলিন পদ্ধিল মনে কেমনে ডাকিব তোমায়? পারে কি তৃণ পশিতে জ্বলন্ত পাবক যথায়। তৃমি পুণ্যের আধার, জ্বলন্ত অনল সম, আমি পাপী তৃণসম, কেমনে পৃদ্ধিব তোমায়। শুনি তোমার নামের গুণে, তরে মহাপাপীজনে, লইতে পবিত্র নাম কাঁপে হে মম হাদয়। অভ্যন্ত পাপের সেবায়, জীবন চলিয়া যায়, কেমনে করিব আমি, পবিত্র পথ আশ্রয়? এ পাতকী নরাধমে, তার যদি দয়াল নামে, বল ক'রে কেশে ধ'রে দেও চরণে আশ্রয়।"

ঠাকুবের কথা শুনিয়া অবাক্ হইলাম। ভাবিলাম—নিজ জীবনের দৃষ্টান্ত দেখাইয়া আমাদিগকে ঠাতা করিতেই বৃঝি ঠাকুর এদব পাকচক্রে ঘুরিয়াছিলেন। আমি ভিতরের আরও অনেক ত্রবস্থার কথা জানাইয়া খ্ব আক্ষেপ করিয়া ঠাকুরকে বলিলাম — 'আমার ধেরূপ কু-অভ্যাদ ও ভিতরের ছ্রবস্থা, তাতে এ জীবনে বে কিছু হবে, এমন আশা কর্তে পারি না। আর এতদিন সাধন-ভজন করে কিছু যে আমার হ'য়েছে তা'ও মনে হয় না।' ঠাকুর আমার কথা গুনিয়া বড়ই ছয়েত হইলেন এবং আমাকে খ্ব ধমক্ দিয়া বলিলেন,—"কি ? কি বল্লে? এতদ্র অকৃতজ্ঞ ? বল্ছ কিছু হয় নাই ? ব্রহ্মলোক, বিষ্ণুলোক, ইন্দ্রলোকের সমস্ত সুথ সম্পদ এখিয়্য পেলে তা' নিয়ে কয়িদন থাক্তে পার একবার ভেবেছ ? যে তুর্লভ বস্তু পেয়েছ তা' যখন প্রভাক্ষ কর্বে তথনই ব্রাবে কি হয়েছে। অভাব আর কিছুই নাই; তবে ইহা নিজে প্রত্যক্ষ না করা পর্যান্ত বলা ঠিক নয়। একেবারে নির্ভয় হ'য়েছ। শুধু তুমি কেন, য়াঁয়া সদ্গুরুর আশ্রা পেয়েছেন তাঁরা সকলেই নির্ভয় হয়েছেন। তারপর এটি নিশ্চয় জেন— নরকেও যদি যাও সেখানেও বুকে ক'রে রাখবার একজন আছেন। আমি সমস্ত শক্তি দিয়ে তোমাদের চেপে রেখেছি, যদি একটু আল্গা দিই তাহ'লে সমস্ত প্রী-পুরুষ মৃহুর্ত্ত মধ্যে 'জয় রাম, জয় রাম' বলে রাস্ভায় বের্ হ'য়ে পড়বে।"

ঠাকুরের কথা শুনিয়া আমি একেবারে ঠাণ্ডা হইয়া গেলাম। সর্বদা ঠাকুরের কথাই মনে হইতে লাগিল। আহারাস্তে রাত্রে আর নিদ্রা হইল না। ঠাকুরের অলোকসামান্ত সহাত্বভূতির বিষয় ভাবিয়া আমি একেবারে শুভিত হইয়া গিয়াছি। এই প্রকার সহাত্ত্তি কোথাও দেখি নাই, শুনি নাই বা শাল্প পুরাণাদিতে পড়ি নাই। ঠাকুরের চতুর্দশ বর্ষীয়া যুবতী কুমারী কলা, নানাস্থানে তাঁহার বিবাহের পাত্র অফুসন্ধান হইতেছে। এই সমন্ধে এই পরিবারের মধ্যে থাকিয়া আমি তাঁহার প্রতি যে জঘল পৈশাচিক অত্যাচার করিতে সর্বক্ষণ সচেষ্ট – ইহা পরিষ্ঠার দ্বানিয়াও ঠাকুর কিছুমাত্র বিচলিত হইলেন না বা উদ্বেগ বোধ করিলেন না। আমাকে ত অনায়াদে সরাইয়া দিতে পারিতেন অথবা দিদিমাকেও একবার বলিতে পারিতেন যে, ব্রহ্মচারীর চাল-চন্সনের একটু দৃষ্টি রাখিবেন—তাহাও করিলেন না। এ বিষয়ে বিন্দ্বিদর্গ কাহাকেও জানিতে দিলেন না, বরং আমার ক্লেশ প্রাণে এতই অমুভব করিলেন যে, সাধারণ আচার ভূলিয়া গিয়া, নিজ জীবনের ঘটনা দকল বলিয়া আমাকে ঠাওা করিয়া দিলেন। একি কোন ঋষি মুনি বা দেবদেবী এ পর্যান্ত পারিয়াছেন ? সারারাত্তি আমি এ বিষয় ভাবিয়া কাটাইলাম। কামভাব বা দাধন-ভজনের ত্রবস্থা আমি একেবারে ভুলিয়া গেলাম। কেবল মনে হইতে লাগিল—'ঠাকুর এ কি করিলেন ? যাহা কোনকালে কেহ কল্পনা করিতে পারে নাই, ঠাকুর এবার তাহাই যে দেখাইলেন। ধতা দয়াল ঠাকুর! তোমার এই অসীম দয়া, দরদ ও সহামুভূতি যেন আমি কোনকালে কোন অবস্থায় বিশ্বত না হই,—এই আশীর্বাদ কর।' সেই দিন হইতে কৃত্ব উপবে কুভাব আমার সম্পূর্বরূপে তিরোহিত হইয়া পেল।

ঠাকুরের প্রার্থনা—তুমিই সব।

আৰু মধ্যাহে ঠাকুরের হাতের লেখা খাতাতে একটি হুন্দর প্রার্থনা ও ত্' একটি উপদেশ লেখা রহিয়াছে দেখিতে পাইলাম। ঠাকুর লিখিয়াছেন—"হে প্রভা! কত যে তোমার করণা ভুনিব না এ জীবনে! হে ঠাকুর, ভুমিই সব! সমস্ত ব্রহ্মাণ্ড তোমার রচনা, তোমার দয়ার পরিচয়! ভূমি পিতা, মাতা, ভাই, ভগ্নি, প্রভু ভূমি, দাস ভূমি, রাজা প্রজা, স্বামী স্ত্রী সকলই ভূমি! চোর ডাকাত, সাধু লম্পট, সকলই ভূমি। সমস্ত প্রশংসা, স্তব-স্তুতি ভালবাসা, সকলই তোমার! ভূমি বাজীকর কেবলই ভেন্ধি খেল! সার ভূমি, বস্তু ভূমি, প্রয়োজন ভূমি! ইহলোক, পরলোক, স্বর্গলোক, যমলোক, সত্যলোক, জনলোক, তপলোক, ব্রহ্মলোক, পিতৃলোক, মাতৃলোক, বৈকুঠ, গোলোক সকলই ভূমি! আমি কিছু না! কিছু না, ছাই-ভঙ্ম; কিছুই না! ভূমি আমার ঘরবাড়ী, ভূমিই আমার দর্পণ! মধুর ভূমি, মধুর ভূমি, মধুর ভূমি! মধুরং মধুরং মধুরং মধুরং!"

ইহার পরই ঠাকুর লিথিয়াছেন—ভগবান আমাকে বলিলেন,—"আমার জিনিদ যেখানে ইচ্ছা রাখ্বো—হয় নরকে না হয় স্বর্গে—তাতে ভুই কিছু বলতে পার্বি না।"

"নিজে কিছুই স্থির কর্তে নাই। ভগবৎ ইচ্ছায় নির্ভর ক'রে থাক্তে হবে। নিজের হাতে ভার নিলেই কষ্ট। যে ঘটনা ভগবৎ ইচ্ছায় হয়, সে ঘটনার বিশেষ প্রয়োজন আছে।"

"একটি মনুস্থাকে বিশেষরূপে ভালবাসা, ধর্ম্মসাধনের সর্বপ্রধান অঙ্গ। যতদিন ভিতরে রোগ আছে তাহা নিবারণের যত্ন করিতে হইবে। কিন্তু যদি নিজের ক্ষমতায় নিবারিত না হয় তাহাতে আমি দায়ী নহি। একটু চিন্তা করিলেই দেখা যায়, জগদীশ্বর নিজে সমস্ত স্ষ্টির একমাত্র খেলুড়ে। পঞ্চভূত, গ্রহ-উপগ্রহ, সাগর-নদী-পর্বত, বন-উপবন, মরুভূমি, বৃক্ষলতা, কীট-পতঙ্গ, পশুপক্ষী, নিজে হইয়া আমোদ করিতেছেন। পিতামাতা, ভ্রাতাভগিনী, স্ত্রী-পুত্র, স্বামী-কন্সা, বেশ্যা-লম্পট, চোর-ডাকাত, পণ্ডিত-সাধু, রাজা-প্রজ্ঞা, উপাস্থা-উপাসক, মৃক্তিদাতা,—সমস্তই তিনি!!"

সাধনের ক্রম ও তাহার উপকারিতা।

আজ ঠাকুরকে জিজ্ঞাসা করিলাম—"ব্রশ্বচর্যাদিতে প্রতি বংসর যে সকল নৃতন ব্রত নিয়ম দেন, তাহার সঙ্গে পূর্কের নিয়মগুলিও কি প্রতিপালন করিয়া চলিতে হইবে ? সাধনের ক্রম কি ?"

ঠাকুর লিখিয়া জানাইলেন,—ক, খ অভ্যাস করিয়া পড়িতে শিখিলাম,—পরে যে পুস্তক পড়ি, প্রত্যেকের মধ্যে ক, খ আছে। ক, খ ত্যাগ করিয়া পড়িতে পারি না। ধর্মা সম্বন্ধেও সেইরূপ। এক একটি প্রণালী ধরিয়া চলিতে হইবে। প্রথমে এই দেহই আমি, এই জ্ঞান ভেদ করিয়া শরীর-তত্ত্ব জানিবার জন্ম প্রাণায়াম, ন্যাস, মুদ্রা, এ সমস্ত করিতে হয়। যিনি না করেন তিনি দেহ ও আত্মা যে কি তাহার প্রত্যক্ষ জ্ঞানলাভ করিতে পারেন না। পরে, সৃষ্টিতত্ত জানিতে হইলে দেবত। সকলের জ্ঞানলাভ করিতে হইবে,—তজ্জ্জ্ঞ দেবোপাসনা। স্থাষ্টিতত্ত্ব জ্ঞানিলে তখন ব্রহ্মজ্ঞান হয়। ব্রহ্মজ্ঞান হইলে,—আর সমস্ত কিছু নহে,—এরূপ বোধ হয়। আমি এবং ব্রহ্ম—এক কি ভিন্ন, ইহার জন্ম যোগ। এই যোগ,—প্রাণায়াম প্রভৃতি নহে. আত্মাতে প্রমাত্মা দর্শন। যথার্থ যোগ সাধিত হইলে, ভগবান কিরূপে জগতে বিরাজ করেন তাহা প্রত্যক্ষ হয়,—তখন ইহলোক, পরলোক এক হয়। পুর্ব্বকালে ঋষিগণ অনেক পরিশ্রম করিয়া, এইরূপ ক্রম, সাধন-প্রণালী লাভ করিয়াছেন। ক্রম অনুসারে না হইলে, যেটুকু সাধন করিবে তাহারই ফল পাইবে। পরের অবস্থা বঝিতে পারিবে না। এখন সমস্ত বিশৃঙ্খল। কিছুই প্রকৃতরূপে হয় না। মৃত্তিকায় বীজ রোপণ করিলে অঙ্কুর হয়—ইহা কৃষকের গুণ নহে, সৃষ্টিকর্তার নিয়মের গুণ। সাধন ক্রমও তদ্ধেপ। মহুয়োর প্রাকৃতির মধ্যে যত ধর্ম্মভাব আছে. সম্ভ ভাবের পোষণ এই সাধনে হয়। সুতরাং ঈশ্বরোপাসনা, পরাধর্ম, সমস্তই ইহার অন্তর্গত,—ইহারই মধ্যে সমস্ত।

রাখালবাবুর হোম করিতে আগ্রহঃ 'দেবতার ছাঁচ দর্শন'।

আজ আমাদের বাড়ীর মালিক লাখুটিয়ার জমিদার, ঠাকুরের পুরাতন বন্ধু ও ভক্তশিশু শ্রীযুক্ত রাধালচক্র রায় চৌধুরী মহাশয় ঠাকুরকে বলিলেন—'ব্রন্ধচারী যে হোম করে, বড় স্থন্দর; আমারও ক্রিপ করিতে ইচ্ছা হয়। করিতে পারি কি ?

ঠাকুর—"থুব পারেন, তবে প্রায়শ্চিত্ত ক'রে আবার উপবীত গ্রহণ কর্তে হ'বে।

এমনি নেওয়ায় হবে না। ত্রিসন্ধ্যা না কর্লে, হোম করার অধিকার হয় না।"
রাধালবার ঠাকুরের কথা শুনিয়া আর কিছু বলিলেন না। রাধালবার এক সময়ে ঠাকুরেরই পদার্ক
অফ্সরণ পূর্বক রাক্ষমতাবলমী হইয়াছিলেন, আবার এখন তাঁরই কুপায় অগ্রপ্রকার হইয়া নিয়াছেন।
প্রত্যহ সকালে তিনি রাক্ষণোচিত গায়ত্রীজ্ঞপ ও পিতৃপুরুষের তর্পণাদি কার্যা নিয়মিতরূপে পরম
শালার সহিত সম্পন্ন করিয়া থাকেন। আমার নিত্যক্রিয়া এবং শালগ্রামপ্রাদি দেখিয়া, তিনি অত্যস্ত
সম্ভত্ত হইয়াছেন এবং আমার প্রতি সর্বাদাই বিশেষরূপে সহাফুভূতি করিতেছেন। তাঁহার অসাধারণ
স্মেহ-মমতায় এই তৃদ্ধিনেও আমার প্রাণ বড়ই আরামে আছে। শ্রীয়ুক্ত রাধালবার তাঁহার বাড়ীর
চতুদ্দিকে অস্তরীক্ষে একটি জ্যোতির্ময় গোলাকার চক্র দর্শন করিয়া ঠাকুরকে আদিয়া বলিলেন।
তাহা শ্রনিয়া ঠাকুর কহিলেন,—

"উহা দেবতার ছাঁচ। বিশেষভাবে স্থিরদৃষ্টিতে দেখ্লে, ওর মধ্যে সেই দেবীর মৃত্তি দেখা যায়। বিশেষ স্থিরতার দরকার।" দাধনকালে রাখালবাব্ দময় দময় ধূপধ্না গুণ্জলের গন্ধ পাইয়া থাকেন। ঠাকুরকে বলায়, ঠাকুর কহিলেন—"কোন মহাপুরুষ আস্লে ঐরূপ স্থান্ধ পাওয়া যায়। এ মহাত্মাদের পরীক্ষা মাত্র। একথা প্রকাশ করা উচিত নয়। প্রকাশ কর্লে কিছুদিনের মত বন্ধ হ'য়ে যায়। পরে আবার সেইরূপ হ'তে থাকে। মহাত্মাদের গাত্রগন্ধে মন প্রফুল্ল হয়। ক্রমে তাঁরা মনের উপর আধিপত্য বিস্তার করেন; শেষে উপকার ক'রে থাকেন। যখনকার ঘটনা, তখন প্রকাশ না ক'রে পরে প্রকাশ কর্লে কোন অপকার করে না।"

রাখালবাবুর মহত্ত্বঃ উদ্বেগে আবার দেবকুমার।

আর আর দিনের মন্ত বেলা ১১টার সময়ে ঠাকুর আজ ভিতর-বাড়ী চলিয়া গেলেন পরে মহেন্দ্রবার্ ঠাকুরের ঘর পরিস্কার করিতে লাগিলেন। ঠাকুরের আসনের তিনধারে রাশীকৃত ফুল মালা পাতা ছিল, মহেন্দ্রবার্ তাহা কুড়াইয়া ফেলিলেন—পরে বামহন্তে আসনের কতকাংশ উর্দ্ধে তুলিয়া ঝাঁটা দারা আসনের নীচ পরিস্কার করিতে আরম্ভ করিলেন। ঐ সময় রাথালবার্ উহা দেথিয়া মহেন্দ্রবার্কে বলিলেন—ওকি মশায়—ঝাঁটা যে ঠাকুরের আসনে লাগ্বে—কি কচ্ছেন? মহেন্দ্রবার্ রাথালবার্ব কথা গ্রাছই করিলেন না। রাথালবার্ আবার বলিলেন—মশায়! আসনে যে ঝাঁটা লাগ্ছে। তথন মহেন্দ্রবার্ ঝাঁটা লইয়া একেবারে লাফাইয়া উঠিলেন এবং সজোরে কয়েক ঘা চটাচট্ রাথালবার্কে মারিয়া আবার নিজ কাজে নিযুক্ত হইলেন। রাথালবাব্র খ্ব লাগিল কিন্ত তিনি একটি কথাও না বলিয়া চোথের জল মৃছিতে মৃছিতে উপরে চলিয়া গেলেন।

আহারান্তে ঠাকুর আদনে আদিলেন পরে ঠাকুরের নিকট এই কথা উঠিল। ঠাকুর মহেন্দ্রবার্ব কার্যে মর্মান্তিক ক্লেশ প্রকাশ করিয়া বলিলেন—"মহেন্দ্রবাব্র ওরূপ করা অতিশয় অত্যায় হইয়াছে। রাখালবাব্ ইচ্ছা করিলে অনায়াসে দ্বারবানকে হুকুম দিলে যথেষ্ট প্রতিশোধ নিতে পার্তেন—তাহা করেন নাই। ইহাতে রাখালবাব্র অসাধারণ ধর্য্য ও স্বভাবের মহত্ব প্রকাশ পেয়েছে।" রাখালবাব্র উপরে এই প্রকার ব্যবহারে গুলভ্রাতারা দকলেই অত্যন্ত তৃঃথিত হইলেন। মহেন্দ্রবাব্ বিজ্ঞ ও বুদ্ধিমান ব্যক্তি—যাহার বাড়ীতে থাকা—তাহাকেই বাঁটা মারা মহেন্দ্রবাব্র এই বিষম সাহদের হেতু কি কিছুই কিন্তু ব্রিলাম না।

স্থিয়া খ্রীটে আদিয়াছি পরে গুরুলাতাদের দক্ষ করার অবদর আমার ঘটে না। সমস্ত দিনরাত্রে ঠাকুরের দক্ষে ত্'চারটি কথা যাহা হয়—তাহা ছাড়া মৌনই থাকি। একটি কথা বলিবার লোক পাই না। ভগবান গুরুদেবের কুপায় কয়েক দিন যাবৎ কথা বলিবার আমার একটি উৎকৃত্ত দক্ষী জুটিয়াছে। শ্রদ্ধের গুরুলাতা শ্রীযুক্ত রাখালবাবুর পুত্র শ্রীমান দেবকুমার নিতান্ত বালক হইলেও তাহার দক্ষে আমি দিন দিন মুগ্ধ হইয়া পড়িতেছি।

বেলা ১১টার সময়ে ঠাকুর যথন সানভোজনার্থে ভিতর-বাড়ী চলিয়া যান, দেবকুমার প্রতাহই আমার নিকট আসিয়া থাকে। শালগ্রাম নমস্বার করিয়া আমার সম্থুবে বিসন্থা এমন মমতার সহিত আমার পানে তাকাইতে থাকে যে, আমি উহাকে টানিয়া আসনের পাশে না বসাইয়া পারি না। কথাবার্ত্তা বিশেষ কিছু বলে না বটে কিছু ষতক্ষণ কাছে থাকে, পায়ে-গায়ে-মাথায় হাত বুলায়। গা ঘেঁসিয়া বসিতে আরাম পায়, আমারও উহাকে এত ভাল লাগে যে, শালগ্রামের পূজা ছাড়িয়া উহাকে গায়ে জড়াইয়া নিয়া আদর করিতে থাকি। উহার নির্মাল কোমল অক্ষের স্পর্শ এতই আরামপ্রদ যে, তাহাতে আমার শরীর-মন শীতল হইয়া ষায়, চিত্ত প্রকুল হইয়া উঠে। যেদিন দেবকুমার আমার নিকট আসিতে একটু বিলম্ব করে আমার প্রাণ ছট্ফট্ করিতে থাকে। ভাগ্যবান দেবকুমারের জয় ১১ই মাঘ শুভ মাঘোৎসবের দিনে হয়। উহার অয়প্রাশনের সময় ঠাকুর সহত্তে উহার মূথে অয়প্রদান করেন এবং আদর করিয়া 'দেবকুমার' নাম রাখেন। দেবকুমারের চেহারা যেমনই স্থান্তর, স্থা ও লালিত্যময়, প্রকৃতিও তেমনই অসাধারণ মোলায়েম ও মমতাপূর্ণ। দেবকুমার ছয় সাত বৎসরের বালক হইলেও ইহার সঙ্গলাতে বড়ই আরামে আছি।

হরিনামে প্রেমলাভের ক্রম।

আজ কয়েকটি গুরুলাতার প্রশ্নে ঠাকুর হরিনামে প্রেমলাভের ক্রম সম্বন্ধে লিখিলেন—
(১) পাপ বোধ (২) পাপ-কর্ম্মে অমুতাপ (৩) পাপে অপ্রবৃত্তি (৪) কুসঙ্গে ঘৃণা
(৫) সাধু-সঙ্গে অমুরাগ (৬) নামে রুচি ও গ্রাম্য কথায় অরুচি (৭) ভাবোদয়

(৮) প্রেম। ঠাকুর এ বিষয়ে আরও অনেক কথা বলিলেন। মুখে যাহা বলিলেন, লিখিবার অবসর পাইলাম না—তাঁহার মৌনাবস্থার থাতাতে যাহা পাইলাম,—মাত্র তাহাই নকল করিয়া রাধিলাম।

অদ্বৈত্রবাদী ফকির: জাতিভেদ কাহাকে বলে ?

আজ ঠাকুর গুরুত্রাতা শ্রীষ্ক্ত মহেল্রনাথ মিত্র, শ্রীধর ঘোষ এবং শ্রীষ্ক্ত রেবতীমোহন সেনকে দক্ষে লইয়া বাহির হইলেন। মূজাপুর দ্বীট্ ষে স্থানে সারকুলার রোডে মিশিয়াছে, তাহার কিঞ্চিৎ পূর্বাদিকে একটি মস্জিদের দোতালায় উপন্থিত হইলেন। তথায় এক মূসলমান ফকির নির্জ্জনে আপন ভব্জনে ময় ছিলেন। ঠাকুর সশিষ্যে তাঁহাকে সাষ্টাক্ত প্রণাম করিয়া ফকির সাহেবের নিকট বিসমা রহিলেন। ফকির সাহেবে কিছুক্ষণ পরে বিলালন—'এই মস্জিদে যেমন কথার প্রতিধ্বনি হয়, এই বিশ্বব্রমাণ্ডও তদ্রুপ ভগবানেরই একটি প্রতিধ্বনি।' ঠাকুর ফকির সাহেবের সঙ্গে কোন কথা না বলিয়া চুপ করিয়া তাঁহাকে দর্শন করিতে লাসিলেন। পরে রাস্তায় আদিয়া ঠাকুর ফকির সাহেবের প্রশংসা করিয়া গুরুত্রাতাদের বলিলেন—"ফকির সাহেবে অদৈত্ববাদী। জগৎ ও ঈশ্বর এক—এই দৃঢ়জ্ঞান হওয়া মুখের কথা নয়। এই সমস্ত উপাসনা কলির মনুষ্যের পক্ষে কঠিন। এজন্য কেবল নাম অবলম্বন প্রত্যেক উপাসনার ব্যবস্থা।"

বাসায় আসিয়া মহেন্দ্রবাব্ বর্ত্তমান জাতিভেদ সম্বন্ধে ঠাকুরকে জিজ্ঞাসা করিলেন। ঠাকুর লিখিলেন—"ব্রাহ্মণ বংশে জন্মগ্রহণ করিয়া কেহ শূদ্র প্রকৃতি এবং শূদ্রকুলজাত হইয়া কেহ ব্রাহ্মণ প্রকৃতি হইতে পারেন। কিন্তু এ সমস্ত ভেদ বৃন্ধিবার শক্তি সর্ব্বদর্শী মহাপুরুষ ভিন্ন অপরের নাই। এজন্ম প্রকৃত জীবের পক্ষে সমাজগত জাতিভেদ মানিয়া চলাই কর্ত্তব্য। ব্রাহ্মণবংশে শতকরা হয়ত ৩০টি শূদ্র জন্মগ্রহণ করিতে পারে কিন্তু শূদ্রবংশে ব্রাহ্মণ প্রকৃতি জীবের সংখ্যা হয়ত শতকরা ২০ জনও হইবে না। এইজন্ম ধর্ম্মরক্ষার্থে এবং বিশুদ্ধি রক্ষার অভিপ্রায়ে জন্মগত প্রকৃতি অধিকারের ভেদ মানিয়া লওয়াই নিরাপদ। সম্পূর্ণরূপে নিরাপদ্ থাকিতে হইলে স্বপাকে আহারই প্রশস্ত্ত। অধিকাংশ স্থলে তুঃসাধ্য।"

একটু থামিয়া ঠাকুর আবার লিখিলেন—"জাতি কেবল ব্রাহ্মণ শৃদ্র নহে। গ্রী-পুরুষ জাতি, পশু-পক্ষী, কাট-পতঙ্গ, ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, ব্যোম এসকলও জাতি।
এই জাতিভেদ যখন যাইবে— তখনই জাতিভেদ গেল। শুকদেবের জাতিভেদ
ছিল না, বেদব্যাসের জাতিভেদ ছিল। ব্রাহ্মসমাজে গেলে বা উপবীত ত্যাগ করিলে,

বাহ্মসমাজে যাওয়া হয় না; যথার্থ ধর্মার্থী হইয়া যাওয়া চাই। যাহার তাহার খাওয়ায় জাতিভেদ নাই, তাহা নহে। জাতিভেদ যাওয়া সমবৃদ্ধি।"

বিভিন্ন শাস্ত্রে আহার-বিহার ঃ গঙ্গাস্তানে জীবের গতি।

জনৈক খ্যাতনামা শাস্ত্রজ্ঞ পণ্ডিত, ঠাকুরকে জিজ্ঞাসা করিলেন—'শরীর মন ও আত্মার কল্যাণকর আহার বিহার সম্বন্ধে উপদেশ আমরা কোথায় পাইতে পারি ''

ঠাকুর লিখিলেন—"সাংখ্যযোগে কপিলদেব পঞ্চতত্ত্বকে বিভাগ করিয়া এবং সমস্ত ইন্দ্রিয় ও মন ইত্যাদি লইয়া চতুর্বিংশতি তত্ত্ব নিরুপণ করিয়া, প্রত্যেক তত্ত্বের সহিত শরীর-মনের কি সম্বন্ধ এবং আত্মার সহিত শরীর-মনের কি সম্বন্ধ তাহা ঠিক করিয়া আহার বিহার সকল ঠিক ঠিক রূপে দেখাইয়া দিয়াছেন। শ্রীমন্তাগবত তৃতীয় ক্ষম্প্রে এ সম্বন্ধে অনেক কথা বলিয়াছেন। বিষ্ণুপুরাণ, মার্কণ্ডেয় পুরাণ, যোগবাশিষ্ঠ, মহাভারত—শান্তি পর্ব্বর, পাতঞ্জল দর্শন, মৈত্রেয় উপনিষদ্, শ্রীমন্তগবদগীতা, তন্ত্ব, রুদ্র্যামল ইত্যাদি গ্রন্থে এ বিষয়ে অনেক লিখিয়াছেন। তাহা দেখিয়া ক্রমে ক্রমে আহার-বিহার অভ্যাস করা কর্ত্ব্য।"

আদকাল আমরা অনেকগুলি গুরুস্রাতা একসন্ধে অতি প্রত্যুবে গদামানে যাই। জগন্ধখনটে একসন্ধে সকলে প্রমানন্দে স্নান করিয়া বাসায় আসি। গদামানে কি যে আনন্দ হয় বলিতে পারি না। আজ বাসায় আসিয়া গুরুস্রাতারা ঠাকুরকে জিজ্ঞাসা করিলেন—'গদামানে যথার্থই কি জীব উদ্ধার হয় ?'

ঠাকুর লিথিয়া উত্তর দিলেন—"যদি শাস্ত্র মান্ত কর তবে 'গঙ্গা গঙ্গেতি যো ব্রুয়াৎ, যোঘনানাং শতৈরপি। মূচ্যতে সর্বপাপেভ্যো বিফুলোকং স গচ্ছতি॥'—গঙ্গা হইতে চারিশত ক্রোশের মধ্যে 'গঙ্গা, গঙ্গা' বলিয়া যেখানে স্থান করিবে, তাহাতে উদ্ধার হইয়া বিফুলোকে গমন করিবে, এরপে যাহার বিশ্বাস সে নিশ্চয়ই তাহা লাভ করে। গঙ্গাজলের অশেষ মহিমা। গঙ্গা হিমালয়ের অতি উচ্চ শিখর হইতে নামিয়াছেন। অনেকানেক ঔষ্ধি ইহার মধ্যে আছে। গঙ্গা মৃত্তিকা সর্বাঙ্গে মাথিয়া, পরে গঙ্গাজলে স্থান করা উচিত।"

শিয়োর অপরাধে ক্ষমা ভিক্ষাঃ দোষদৃষ্টি দূষণীয়।

একজন গরীব ত্রাহ্মণ আজ আসিয়া কিছু ভিক্ষা চাহিলে কোন গুরুলাতা তাঁহাকে গালি দেন এবং তাড়াইয়া দেওয়ার চেষ্টা করেন। ঠাকুর উপরে থাকিয়া তাঁহার তু'এক কথা শুনিতে পাইয়াই থুব ব্যস্ত হন এবং ত্রাহ্মণকে আনাইয়া তাঁহার পায়ে পড়িয়া নমস্বার করিয়া গুরুত্রাতাটির অপরাধ
ক্ষমা করতে প্রার্থনা করেন। পরে সাদরে ত্রাহ্মণকে তিক্ষা দিয়া সম্ভুষ্ট করিয়া বিদায় দেন।

আমাদের একটি বিশিষ্ট গুরুলাতা কাহারও প্রতি কোন অপরাধ করায় তাহা ঠাকুরের কর্ণগোচর হয়।

ঠাকুর তাহা শুনিয়া বলিলেন—"এই সকল উৎকট দোষের তারেই তো তিনি উঠ্তে পারছেন না, কিন্তু তাঁহার ভিতরে কতগুলি অসামান্য গুণও আছে। তোমাদের সকলের ভিতরই কতকগুলি উৎকৃষ্ট গুণ আছে। শুধু সে গুণমাত্র থাক্লে, তোমরা এতদিনে কোণায় উ'ড়ে যেতে,—জগৎ তোমাদের ধর্তে পার্ত না। কিন্তু ভগবানের এমনই কৌশল যে, কতকগুলি দোষের বোঝা মাণায় দিয়া তিনি তোমাদের টে'নে রেখেছেন, উড়ে যেতে দিচ্ছেন না। লোকের দোষের দিকে ক্ষুদ্র দৃষ্টি না রে'থে গুণের দিকে লক্ষ্য রাখাই ভাল।"

জাতিস্মর বালক।

আমাদের ভবানীপুরের গুরুলাতা শ্রীযুক্ত সতীশচক্ত মুখোপাধ্যায়, এম. এ., বি. এল. মহাশয় কালীঘাটের শ্রীস্থরেন্দ্রনাথ দাসগুপ্ত নামে একটি ৬।৭ বৎসরের ছেলেকে লইয়া ঠাকুরের নিকটে উপস্থিত হইলেন। ছেলেটি বয়দ অমুক্ষপ একট চঞ্চম্বভাব হইলেও ২০শে আখিন। ঠাকুরের নিকটে আদিয়া ঠাকুরকে স্থিরভাবে দর্শন করিতে লাগিল। ঠাকুর ছেলেটিকে থুব আদর করিয়া সম্মুখে বসাইলেন এবং নানা কথা জিজ্ঞাসা করিতে লাগিলেন। এই সময়ে থিয়োসফিট্ শ্রীযুক্ত ঘোণেক্সনাথ ঘোষ সাব্জজ এবং ব্রাহ্ম শ্রীযুক্ত চণ্ডীচরণ সেন মুন্সেফ প্রভৃতি কয়েকটি দেশ-বিধ্যাত, স্থানিক্ষিত ভদ্রলোক ঠাকুরকে দর্শন করিতে আসিলেন। তাঁহারা আশিয়া ঠাকুরকে নানাপ্রকার প্রশ্ন করিতে লাগিলেন। ঠাকুর তাঁহাদিগকে বলিলেন— "বাপনারা যাহা ইচ্ছা প্রশ্ন করুন। এই ছেলেটি আপনাদের প্রশ্নের উত্তর দিবেন।" ভদ্রলোকেরা প্রথমে ঠাকুরের কথা শুনিয়া একট ষেন হঃখিত হইয়াছিলেন; পরে ছেলেটির মুধে ত্র'চারটি জটিল প্রশ্নের মীমাংশা শুনিয়া একেবারে অবাক হইয়া রহিলেন। এ সকল প্রশোতর শুনিয়াও কিছু বুঝিলাম না। একজন ভদ্রলোক জিজ্ঞাদা করিলেন—'ভগবান অবতীর্ণ হইলে, এবার কি ভাবে তিনি কার্য্য করিবেন ?' স্থরেন্দ্রনাথ বলিল—'এবার যিনি অবতার, তিনি শুধু জ্ঞান বা শুধু ভক্তি লইয়া কার্য্য কর্লে চল্বে না। এবার বৃদ্ধদেবের জ্ঞান এবং মহাপ্রভুর ভক্তি নিয়ে কান্ধ কর্তে रत-ना र'ल ठाँद कथा श्राच र'त ना।'

একটি বৈষ্ণৰ জিজাদা করিলেন—'বাবা! ভক্ত ৰড় না ভগবান ৰড় ?'

হেলেটি বলিল—'বড়, ছোট বল্তে হ'লে ভক্তই বড়।'

বৈষ্ণবটি বলিলেন — 'ভগবান তো অনস্ক, অদীম। তাঁ হ'তে বড় কি প্রকারে হইবে ?'

ছেলেট—'বাঁকে অনস্ত অসীম বল্ছেন, তাঁকে বিনি দ্সীম ক'রে নিজ জ্বদয়ে বন্ধ ক'রে রাখেন, তিনি তাঁর চেয়ে ছোট হবেন কিরপে ?'

ছেলেটি এই প্রকার অনেক প্রশ্নের উত্তর দিলেন— শুনিয়া সকলেই অবাক্ !

ঠাকুর বলিলেন—"ছেলেটি জাতিমার। ভবিয়াতে দেশে একটি বিখ্যাত লোক হবেন। কিন্তু জাতিমারত্ব আর বেশী দিন থাক্বে না।"

গুরুবাক্য লজ্মনে সত্যপালনঃ সমস্থা।

আমাদের গুরুজাতা, পোষ্টাফিদের ডেপুটি কনটোলার জেনারেল শ্রীযুক্ত উমাচরণ দাস মহাশয় ঠাকুরকে আসিয়া বলিলেন, 'আপনি এবার আমার বাড়ী একদিন পদার্পন করবেন বলেছিলেন। আমার বড় আকাজ্ঞা-একদিন আপনাকে নিয়া যাই ৷ কবে যাবেন ?' ঠাকুর উমাচরণবারুর কথা শুনিয়া একটু সময় স্থির হইয়া বহিলেন পরে বলিলেন—আচ্ছা, আপনি যেদিন বল্বেন সেইদিনই যাব।" উমাচরণবারু একটা দিন ঠিক করিয়া ঠাকুরকে জানাইয়া চলিয়া গেলেন এবং বাড়ী ষাইয়া দম্ভরমত একটি উৎসবের আয়োজন করিলেন। পরে যথাকালে ঠাকুরকে নিতে আদিলেন। ঠাকুর অপরায়ে বাহির হইয়া প্রথমে কালীঘাটে যাইয়া মা-কালী দর্শন করিলেন। পরে মনোরঞ্জন-বাবুর অমুরোধে তার বাদায় গেলেন। মনোরঞ্জনবাবুর একটি ছেলের ৪।৫ ডিগ্রি জ্বর-বিকারের অবস্থা। ঠাকুর তাহার বিছানার ধারে গিয়া বসিলেন। মনোরমা ছেলেটকে আশীর্কাদ করিতে বলিলেন। ঠাকুর ছেলেটির মাথায়-গায়ে হাত বুলাইয়া চলিয়া আদিলেন এবং উমাচরণবাবুর বাড়ী গিয়া উপস্থিত হইলেন। মুকুল্দানের কীর্ত্তন আরম্ভ হইল কিন্তু ঠাকুর বেশীক্ষণ থাকিতে পারিলেন না, হঠাৎ তাঁহার প্রবল জ্বর হইল। ঠাকুর বাদায় আদিতে ব্যন্ত হইলেন। উমাচরণবাৰু কিছু জল খাওয়াইতে খুব আগ্রহ প্রকাশ করিতে লাগিলেন। ঠাকুর অগত্যা একগ্রাস সরবৎ খাইয়া চলিয়া আদিলেন এবং ১০৫ ডিগ্রি জ্বে অবদন্ন হইয়া পড়িলেন। ক্রমে এই জব অত্যস্ত প্রবল হইয়া উঠিল। ঠাকুর তিন দিন তিন রাত্রি প্রায় বেহুঁদ অবস্থায় কাটাইলেন। পরে আপনা-আপনি ধীরে ধীরে স্বস্থ হইয়া উঠিলেন। এই জ্বে ঠাকুর এতই ষন্ত্রণা পাইয়াছিলেন ষে, সাধারণ শরীর হইলে বোধ হয় তাহাতে মৃত্যু হইত। রোগ উপশমের পর ঠাকুর বলিলেন—"কড়াতে ঘৃত চাপাইয়া তা' ফুটা'লে যেমন গরম হয়, শরীরটি সেইরাপ দগ্ধ হ'তে লাগ্ল। নিতান্ত অসহা হওয়ায় দেহ থেকে স'রে বস্লাম। অম্নি মনে হল দেহের ভোগটি ক'রে নিতে হবে,— আল্গা থাকা ঠিক নয়। তাই আবার প্রবেশ কর্লাম। তিন বার এরকম ক'রে ভূগতে হ'ল। পূর্ব্বে শরীরের একটু পীড়া হ'লেই মন খারাপ হ'ত। এখন দেখি, শরীর ও আত্মা, সম্পূর্ণ পৃথক্ ছুইটি বস্তা। যেমন হিমালয়ের নিকটে গেলে শরীরে শীত বাধ হয়, সেইরূপ শরীরে কোন ব্যথা কি পীড়া হ'লে জানা যায় মাত্র, ভোগ হয় না,—ভোগ শরীরেই হয়।"

এই প্রকার বিষম ভোগের হেতু কি জিজ্ঞাসা করায় ঠাকুর বলিলেন—"ঐ সময়ে পরমহংসজী একটা নির্দ্দিষ্ট দিন পর্যন্ত আসন ত্যাগ ক'ব্তে নিষেধ করেছিলেন (বোধ হয় এই ভোগটিই কাটিয়ে দিবার জন্ম)। কিন্তু উমাচরণবাবু এ'সে আমাকে অগুরোধ করায়, ভাবলাম,—এখন কি করি? নিজের বাক্য রক্ষা ক'রে সত্যপালন করি, না,—পরমহংসজীর আদেশ পালন ক'রে ঐ বাক্য অগ্রাহ্য করি। সত্য-পালন কর্ব, ইহাই স্থির ক'রে উমাচরণবাবুর বাড়ী গেলাম। গুরুবাক্য লজ্ঘন ক'রে সত্যপালনও যে অপরাধ এবার তাহাই বুঝাইলেন।"

মহরমে ভিত্তি বারা ঠাকুরের জল দান ঃ অহিংদা ত্রাহ্মণের ধর্ম।

মৃদলমানের মহরম পর্কের ঘটনা বড়ই মর্মভেদী। কোন ব্যক্তি উহা শুনিয়া অশ্রু সংবরণ করিতে পারে না। মহাপুরুষ হজরৎ মহম্মদের নাতি হাদেন ও হোদেন সপরিবারে দৈল্লদামস্ক দহিত কার্বালা প্রাস্তরে বিপক্ষের চক্রাস্তে জল অভাবে দারুণ পিপাদায় মৃত্যুম্বে পতিত হইয়াছিলেন। নিষ্ঠাবান মৃদলমানগণ শোকাকুল প্রাণে তাঁহাদের স্মরণ করিয়া দলে দলে রাস্তায় বাহির হন এবং কাঁদিয়া কাঁদিয়া 'হাদেন হোদেন, হাদেন হোদেন' বলিয়া চিৎকার করিতে করিতে দজোরে বক্ষঃস্থলে করাঘাত পূর্কেক রাস্তায় চলিতে থাকেন। হাদেন হোদেনের পিপদা শাস্তির জন্ম রাস্তায় জল ঢালিতে ঢালিতে তাঁহারা অগ্রসর হন। ঠাকুর বারান্দায় দাঁড়াইয়া উহা দেখিয়া হাদেন-হোদেনের তৃপ্ত্যুর্পে ভিন্তি ঘারা জল আনাইয়া রাস্তায় রাস্তায় ঢালাইতে লাগিলেন। হাদেন-হোদেনের মৃত্যু বিবরণ শুনিয়া প্রাণের যে কি অবস্থা হয়, বলা যায় না। একটি গুরুহাতা জিজ্ঞাদা করিলেন—'ধর্ম কি এক এক জাতির এক এক রক্ষ ?'

ঠাকুর লিখিলেন—"অহিংসাদি ব্রাহ্মণের ধর্ম। ব্রাহ্মণ, যিনি ভগবস্তুক্ত,—ভাঁহার ধর্ম আহিংসা। ক্ষত্রিয় ধর্মে, রাজ্যশাসন। মারামারি, কাটাকাটি করিয়া, বহুজন্ম ঘুরিতে ঘুরিতে যদি ব্রাহ্মণ হয় তবেই তাহার ঐ অবস্থা। মনুষ্যুত্ব যেমন উন্নত হইবে, তদ্রুপ তাহার কার্য্য সাধারণ মনুষ্যু হইতে ভিন্ন হইবে।"

"ধর্ম্মদাধন ছুইপ্রকার। যাঁহারা প্রবৃত্তির অধীন তাঁহাদিগের প্রবৃত্তি-ধর্ম্মকে শাক্তধর্ম নাম দিয়াছেন; নিবৃত্তি ধর্মকেই বৈষ্ণবধর্ম বলে—শ্রীমদ্ভাগবতে আছে।"

বলির অভিমানে বামন অবভার।

ঠাকুর আজ কথায় কথায় বামনদেবের কথা খাতায় লিখিলেন—"ভগবান প্রথমে বামনাবতার হইয়া, বলি নামে মানবাজারূপ অসুরের যজ্ঞে গমন করেন। মহুয়্ম সংসারে ধর্ম্ম করিতে বিসয়া অত্যন্ত অভিমান প্রকাশ করে, আমি দাতা, আমি জ্ঞানী, আমি ভক্ত, আমি সমস্ত ইল্রিয়রূপ দেবগণের রাজা। মহুয়্মের এই ধর্ম্মাভিমান দেখিয়া পরমেশ্বর বামন হইয়া অর্থাৎ আত্মার আত্মা হইয়া মহুয়্মের নিকট ত্রিপাদভূমি প্রার্থনা করেন। ত্রিপাদ শুনিতে সামান্ম, কিন্ত উহাই জীবের সর্বর্ষ। সন্থঃ, রজ, তম,—ভগবান এই ত্রিপাদ অধিকার করিলে, তখন বিরাটমূর্ত্তি ধরিয়া জীবের সর্বর্ষ অধিকার করিয়া সর্বর্দা তাঁহার সঙ্গে পাকেন। বামনদেব বলির দ্বারে দ্বারী হইয়া পাতালে ছিলেন। এইরূপ যে ব্যক্তি ভগবানে সম্পূর্ণ আত্ম-সমর্পণ করেন, ভগবান তাঁহার জন্ম সর্ব্বদাই ব্যস্ত। জীবকে আর ভাবিতে হয় না।

মনোহর দাস বাবাজীর আখ্ড়ায় সংকীর্ত্তন ঃ সাত্ত্বিক, রাজসিক ও তামসিক নৃত্য।

শ্রীযুক্ত মনোহর দাস বাবাজী আজ ঠাকুরের নিকট আসিয়া কর্ষেণ্ডে প্রার্থনা করিয়া বলিলেন—
"প্রভু দয়া ক'রে এ কালালের জীর্ণ আথ ড়ায় একবার পদধূলি দিতে হবে।" বাবাজী বড়ই নিজিঞ্চন,
মহাপ্রভুর একান্ত ভক্ত। ব্রাক্ষধর্মের ভূতপূর্বে আচার্য্য কেশবচন্দ্র সেন
থই বাবাজীকেই তিনি লইয়া গিয়াছিলেন। সেই সময় হইতেই বাবাজী ঠাকুরের পরিচিত। ঠাকুর
বাবাজীর অহুরোধে সমত হইলেন এবং ষথাসময়ে তথায় ঘাইতে প্রভত হইলেন। গুরুজ্রাতারা
জনেকেই নিমন্ত্রিত হইয়া ইতিপূর্বের তথায় গিয়া দমবেত হইলেন। শ্রীযুক্ত রাখালবার তাঁহার ল্যাণ্ডো
গাড়ীতে করিয়া ঠাকুরকে নিয়া চলিলেন। আখ ড়ার কিঞ্চিৎ ব্যবধানে বহুসংখ্যক বৈহুব দুশটি মাদল
লইয়া সংকীর্ত্তন মানসে রাস্তার উপরে ঠাকুরের অপেক্ষা করিতেছিলেন। ঠাকুর ঐ স্থানে উপস্থিত
হইবামাত্র কীর্ত্তনের বাত্য বাজিয়া উঠিল। ঠাকুর গাড়ী হইতে অবতরণ করিয়া ভূমির্চ হইয়া সাম্ভাক্ত
প্রণাম করিলেন এবং উচ্চৈ:ম্বরে "জয় শচীনন্দন, জয় শচানন্দন" বলিয়া ভাবেরত্বত—শাল,
খালিতপদে কীর্ত্তনম্বলে অগ্রসর হইতে লাগিলেন। যাহার যে কিছু উৎকৃষ্ট গাত্রাবরণ—শাল,

বনাত, মলিদা ইত্যাদি ছিল ঠাকুরের গমনপথে আগ্রহের দক্ষে দকলে তাহা পাতিয়া দিতে লাগিলেন। বৈঞ্ব বাবাঞ্জীরা ঠাকুরকে দর্শন করিয়া ভাবাবেশে আকুল হইয়া গান ধরিলেনঃ—

বুঝি প্রেম-দাতা নিতাই এসেছে,—
নইলে প্রাণ জুড়াবে কিলে!
ঐ আমাদের প্রেমদাতা নিতাই এসেছে!
জেনে আয় জাহুবী-তীরে—হরি বলে কে;
হরি বলে কেরে—জয় য়াধে বলে কে
বুঝি প্রেমদাতা নিতাই এসেছে।
ভবের, নইলে প্রাণ জুড়াবে কিলে?

গানের ছ'একটি পদ গাইতে গাইতে সকলে বিহলে হইয়া পজিলেন। নৃত্য করিতে করিতে সকলে বাবাজীর আবাজায় প্রবেশ করিলেন। ঠাকুর বাবাজীর বিগ্রহকে সাষ্টান্ধ প্রণিপাত করিয়া ভূমিতে লুটাইতে লাগিলেন। বহুক্ষণ ধরিয়া দশ মাদল বাজাইয়া মহাসমারোহের সহিত সংকীর্ত্তন আরম্ভ হইল। ভাবাবেশে বহুলোক সংজ্ঞাশ্ত হইলেন। ঠাকুর কীর্ত্তনাস্তে হরিরলুঠ বাতাদা প্রদান করিয়া সশিয়ে বাদায় আদিলেন।

একটি গুরুত্রাতা ঠাকুরকে বলিলেন—'সংকীর্ত্তনকালে যে ভাবোচ্ছাদে লোক নৃত্য করে— অনেক সময় তাহা বিরক্তিকর বোধ হয়।'

ঠাকুর লিখিলেন—"কীর্ত্তনে ভাব তিন প্রকার হয়। সত্তভাবে উপস্থিত লোক উপকৃত হয়। রজঃভাবে অন্য লোকের কখনও উপকার, কখনও অপকার হয়। এজন্ম সংবরণ করিবে। তমভাবে উপস্থিত লোকদিগের উৎপাত বোধ হয়। কারণ, তমোগুণের নৃত্যু অধিকাংশ বেতালা হইয়া লক্ষ্ণক্ষ হয়। নৃত্যুকারীর পা লাগিয়া অনেকে খোঁড়া হয়, ঘরের দ্রব্যাদি নষ্ট হয়,—বালকগণ ভয় পাইয়া চীৎকরে করে। কেহ কেহ ভক্তিভাব প্রকাশ করিবার জন্য শরীর সঙ্কোচ করে। এই ভাব বর্ত্তমান বৈষ্ণব সমাজে অত্যন্ত প্রবল—শরীর সঙ্কোচ করা, নত করা, বাক্যু সঙ্কোচ করা ইত্যাদি। ভক্তির বভাব হইতে যাহা হয় তাহা সুন্দর। দেখাইবার জন্য হইলে দৃষ্টিকটু হয়। শান্ত, দাস্য প্রভৃতি ভাব ভিন্ন সংকীর্ত্তনে যে ভাব হয়—তাহা নামোন্মন্ততা। না মাতিয়া নাচিলেই দোষ,—যেমন মদ না খাইয়া মাত,লামী।"

প্রমেশ্বর সাকার না নিরাকার।

একটি বিশিষ্ট ভদ্রলোক খুব আগ্রহের সহিত ঠাকুরকে জিজ্ঞাদা করিলেন-পরমেশ্বর দাকার না নিরাকার ?

ঠাকুর—শান্তে আছে, তিনি নিরাকার এবং তিনি সাকার। এই বিশ্ববন্ধাও কিছু ছিল না। পরব্রহ্ম স্বীয় শক্তি দারা এই অথও ব্রহ্মাও সৃষ্টি করিয়াছেন। স্ষ্ট পদার্থ জড় ও চেতন। ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম এই সকল পদার্থ এবং তত্তদ্যোগে যত কিছু পদার্থ হইয়াছে, সমস্তই জড়। কীট, পতঙ্গ, পশু, পক্ষী, মনুষ্য ইহারা চেতন। সৃষ্টিকর্তা এই উভয়বিধ পদার্থ হইতে স্বতম্ত্র। যিনি স্ষ্ঠি করিয়াছেন-কর্ত্তা নিজে স্বতন্ত্র। কাহারও সহিত তাঁহার তুলনা হয় না। এজন্ম তিনি নিরাকার, নিরাকার বলিতে শৃত্য নহে। তিনি সচিদানন্দ তাঁহার রূপ আছে। সে রূপ নিত্যরূপ। সে রূপ সচিদানন্দময়। জ্ঞানচক্ষু—ভক্তিচক্ষু প্রস্ফুটিত হইলে পরমেশ্বরের নিত্যরূপ দর্শন করা যায়। যতদিন তাঁহার নিত্যরূপ দর্শন না হয়, ততদিন ভাঁহাকে সাকার, নিরাকার বলিয়া যাহা প্রকাশ করিবে তাহা তোমার কল্পনা অথবা শোনা কথা। চিরকাল ভক্তসাধকগণ ভগবানকে দর্শন করিয়া অপার আনন্দ ভোগ করিয়া আসিতেছেন। সেই রূপমাধুরী যে একবার দেখিয়াছে, সে আর তাহা ভুলিতে পারে না। বাগানের কর্তা বাগানে আদিলে বাগানের মালি যেমন দূরে গিয়া দণ্ডায়মান হয়, দেইরূপ দীনবন্ধ প্রভু হৃদয় উত্তানে উপস্থিত হইলে, অহস্কার-মালি দূরে গিয়া কড়যোড়ে অবস্থান করে। "প্রভো! আমি দাদ," মালির মুখে কেবল এই কথা। প্রভুর আগমনে মালি বন্দনা করিলে শরীরের রোমগুলি ভক্তিভাবে দাঁড়াইয়া প্রভুর স্তব করে, নয়ন তাঁর চরণ ধৌত করে।

দীক্ষাপ্রার্থী ব্রাহ্মের প্রতি উপদেশ।

একজন ব্রাহ্ম-সমাজের ভদ্রলোক ঠাকুরের নিকটে আসিয়া দীক্ষা প্রার্থনা করিলেন। ঠাকুর লিখিলেন—"ব্রাহ্মসমাজের প্রণালী মত উপাসনা, এতদিন যাহা করিয়াছেন, তাহাতে সম্পূর্ণ পরিতৃপ্ত না হইলে সেই প্রণালীতে যাঁহারা তৃপ্তিলাভ করিয়াছেন, তাঁহাদিগকে জিজ্ঞাসা করা প্রয়োজন। হঠাৎ অন্থ সাধন প্রহণ করা কর্ত্তব্য নহে। মহর্ষি মহাশয়কে জিজ্ঞাসা করুন। ধর্মা সাধন কোন প্রকার কল কৌশল নহে যে,

তদনুসারে কার্য্য করিয়া হাতে হাতে ফল পাবেন। ধর্ম্ম-সাধন করিবার জন্ম জগতে নানাপ্রকার প্রণালী আছে। সেই অসংখ্য প্রণালীর একটিমাত্র অবলম্বন করিয়া আমরা ধর্ম্মলাভ করিতে যত্ন করিয়া থাকি। এই প্রণালীতে সাধন করিলে, কেহ শীঘ্র, কেহ বিলম্বে ফললাভ করিয়া থাকেন। অনেক বিলম্ব দেখিয়া কেহ কেহ নিরাশ হইয়া ইহা পরিত্যাগ করিয়া অন্য প্রণালী মত কার্য করেন। ভগবৎ কৃপা ভিন্ন কোন প্রণালী দ্বারা সহজে কিছু হয় না। যখন একটি পরা অবলম্বন করিয়াছেন, তখন হঠাৎ কিছু করা ভাল নহে। আমাদের কার্য্য-কলাপ ভাল করিয়া আলোচনা করুন—পরীক্ষা করুন। লোকের মুখে কিছু প্রবণ করিয়া হঠাৎ তাহাতে প্রবেশ করা উচিত নহে।"

একটু থামিয়া ঠাকুর আবার বলিলেন—"আমরা যে সাধন করি তাহা স্থপনহে,—প্রত্যক্ষ ঘটনা। তবে সময় না হইলে ইহা কেহই পান না। যদি আপনার জমি প্রস্তুত হয় এবং সময় হয়, আপনি যেখানেই থাকুন ঘরে বসিয়াই পাইবেন। কিছু হওয়া, জমি প্রস্তুত নহে। জমি প্রস্তুতের অর্থ ভিন্ন। তাহা সাধন পাইলে বুঝা যায়; নতুবা বুঝা যায় না।"

এই ভন্তলোকটি দীক্ষার জন্ত নিতান্ত কাতরতা প্রকাশ করিলে সময় নির্দেশ করিয়া দিয়া, ঠাকুর লিখিলেন—"পরে আসিবেন, এখন আমার শরীর সুস্থ নয়। শরীর, মন, আত্মা সুস্থ থাকিলে, শক্তি-সঞ্চার বিশুদ্ধরূপে হয়। প্রদীপ যদি প্রজ্বলিত থাকে, তাহা হইতে সহস্র প্রদীপ জ্বালান যায়। কেবল তৈল, শলিতা, তৈলাধার এ সমস্ত আছে কিন্ত প্রদীপ না জ্বলিলে তাহা হইতে একটি প্রদীপও জ্বলে না। অগ্নি সর্ব্বে আছে, ইহা বলিলে দীপ জ্বলে না। যে উপায় দ্বারা অগ্নি জ্বলে, তাহা না করিলে কিছুতেই দীপ জ্বলে না। মানবীয় শক্তিও এইরূপ।"

এ সাধনে ব্রাহ্মসমাজের লোক অধিক কেন? শক্তি-দঞ্চার।

একটি গুরুত্রাতা ঠাকুরকে বলিলেন—"আমাদের এই সাধন তো ঋষি-পন্থা—সনাতন ধর্ম। ব্রাহ্মসমাজের লোকদের ইহাতে এত আকর্ষণ হইতেছে কেন ? ব্রাহ্মভাবের লোকই বোধ হয় এই সাধনে অধিক ?"

ঠাকুর বলিলেন—"যাঁহারা পূর্বেজনে সাধন দারা ব্রহ্মজ্ঞানের আভাস পাইয়াছিলেন

তাঁহারাই বাহ্মদমাজের মধ্য দিয়া আসিয়াছেন। বাহ্মদমাজ সম্বন্ধে আমার মনে হয়, কতকগুলি ভাল বৃক্ষের বীজ একত্র হইয়াছে। তাহার মধ্যে অপূর্বে বৃক্ষ আছে। কিন্তু বীজ হইতে বৃক্ষ বাহির করিতে হইলে যে প্রণালী অবলম্বন করিতে হয়, তাহা হইতেছে না।"

গুরুজাতারা জিজ্ঞানা করিলেন—"ছেলে-পিলে যাহারা ধর্ম কিছু বুঝে না, বর্ণজ্ঞান পর্যন্ত নাই— শিশু, তাহাদিগকে সাধন দেওয়া কিরুপ ?"

ঠাক্র লিখিলেন—"শক্তি সকলের মধ্যেই আছে। সকল সময়েই সেই শক্তিকে জাগরিত করিয়া দেওয়া যায়। নায়দ শুকদেবকে গর্ভাবস্থায় শক্তি দিয়াছিলেন। চক্ষুতে পীড়া হইলে তজ্জ্য ঔষধ সেবন করিলেন। শরীরের অন্য কোন অঙ্গে সে ঔষধের ক্রিয়া হইবে না। কেবল চক্ষুতেই প্রকাশ পাইবে। সেই প্রকার ঘাহাকে শক্তি-সঞ্চার করিবেন, নাম তাহারই উপর ক্রিয়া করিবে, গুরুকে মনে রাখিতে পারে, এমন অবস্থায়ই দেওয়া উচিত।"

প্রশ্ন —'শক্তি-সঞ্চার কি ?'

ঠাকুর লিখিলেন—"ঈশ্বরের শক্তি সকলের মধ্যেই আছে। একটি মহাপুরুষের শক্তি—তাহা দ্বারা সেই শক্তিকে, যাহাকে পরমাত্মা বা কুলকুগুলিনী শক্তি বলে,— জাগরিত করিয়া দেওয়াকেই শক্তি-সঞ্চার বলে। ঐ শক্তি সাধারণতঃ নিদ্রিতাবস্থায় আছে। তাহা শক্তি-সঞ্চার দ্বারা জাগরিত করিলেও পুনরায় নিদ্রা ঘাইবার জন্ম চেষ্টা করে। যাহারা অনবরত শ্বাস-প্রশ্বাসে নাম করিয়া, উহাকে আর ঘুমাইতে দেয় না, তাহাদের শক্তি বেশ খেলিতে থাকে।"

ঠাকুর কথায় কথায় লিখিলেন—"এবার অনেক লোককে অনেকপ্রকার কার্য্য করিতে হইবে। কিন্তু লোক স্থির হইতেছে না। এবার মহাপুরুষগণ নিজেরা কিছু করিবেন না;—উপযুক্ত শিস্তোর দারা করাইবেন।" ঠাকুর এ বিষয়ে অনেক কথা বলিলেন। মহা-পুরুষেরা নাকি এখন হইতে নানাভাবে কার্য্য আরম্ভ করিয়াছেন।

মহাপ্রভু কি আবার অবতীর্ণ হইবেন ? মহাপ্রভুর শিষ্যাদি সম্বন্ধে কথা।

একটি গুরুত্রতাতা ঠাকুরকে জিজাদা করিলেন—'এই যুগে নাকি আরো তুইবার মহাপ্রতু অবতীর্ণ হইবেন !

ঠাকুর লিখিলেন—"চৈততা ভাগবতে বৃন্দাবন দাস লিখিয়াছেন যে, মহাপ্রভু আর ছইবার শটীমাতার গর্ভে জন্মাইবেন। সেই সময়ের বৈষ্ণবগণ, তাহার এই অর্থ জানিতেন যে, আর ছই কলিযুগে এই শটীমাতার গর্ভে জন্মগ্রহণ করিবেন। এইজতা যখন শ্রীনিবাস আচার্য্য, রামচন্দ্র কবিরাজ ও নরোত্তম ঠাকুর হরিনামে সমস্ত দেশ প্লাবিত করেন, তখন তাঁহাদিগকে তিন প্রভুর আবেশ অবতার বলিয়াছিলেন। আবেশ. আবির্ভাব, প্রকাশ—এই কলিতেই হইতেছে ও হইবে। শ্রীবৃন্দাবনে একদিন গৌর শিরোমণি মহাশয় আমাকে হঠাৎ ডাকিয়া লইয়া বলিলেন যে, 'এখন মহাপ্রভুর অবতার বলিয়া হুজুগ, উঠিবে। কিছুকাল পূর্বের পাবনা জেলায় একবার উঠিয়াছিল। এ সকল হইতে সাবধান থাকিবেন।' কেহ কেহ বলেন, গীতায় আছে,—'ঘদা ঘদাহি ধর্মান্ত' ইত্যাদি। যত অবতার হইয়াছেন, সেই যুগে একবারই হইয়াছেন। মৎস্থা, কুর্ম্ম, রুসিংহ প্রভৃতি একবার মাত্র, শ্রীরামচন্দ্র একবার, দ্বাপরে শ্রীকৃষ্ণচন্দ্র একবার মাত্র। কলিতেও মহাপ্রভু শ্রীকৃষ্ণ হৈততা একবার মাত্র অবতীর্ণ হইয়াছেন। এ কলি যতদিন বর্তান, তিনি ততদিন কলির জীবের উন্ধার করিবেন। তাঁহার কি মৃভ্যু হইয়াছে যে, আবার জন্মাইবেন হ যখন যেখানে কুপা করিবেন, আবেশ, আবির্ভাব, প্রকাশ, এই তিন ভাবে কার্য্য করিবেন এবং করিতেছেন।"

প্রশ্ন করা হইল—'মহাপ্রভুর কি কোন শিষ্ক ছিলেন ?

ঠাকুর নিখিলেন — "হাঁ, তাঁহার কতকগুলি শিয়া ছিলেন। সাড়ে তিনজন বলা হইয়াছে। তাঁহারা শুধু শিয়া নহেন, তিনি তাঁহাদিগকে অন্তরঙ্গ সাধন শিক্ষা দিতেন এবং সাধারণ হইতে কিছু অন্যভাবে সাধন প্রণালী শিখাইয়াছিলেন।"

'অমিয় নিমাই চরিত' গ্রন্থে শিশিরকুমার ঘোষ মহাশয় এটিচততা মহাপ্রভুকে পূর্ণব্রদ্ধ ভগবান বলিয়া স্বীকার করেন নাই; অথচ 'এটিচততাচরিতামৃত' গ্রন্থে যাহা অবলম্বন করিয়া শিশিরবাব্ লিথিয়াছেন, তাহাতে তিনি পূর্ণব্রদ্ধ সনাতন। শিশিরবাব্ লিথিয়াছেন—'প্রীচৈতত্তার ভিতরে সময় সময় ভগবানের আবেশ হইত। এই পুস্তকের নাকি শিক্ষিত স্মাজে খুব প্রচার। এই পুস্তক পাঠের ফলে, দকলেই নাকি এখন মহাপ্রভূ সম্বন্ধে অহুসদ্ধান করিতেছেন এবং প্রস্থাদি পাঠ করিতেছেন।' ঠাকুর শুনিয়া খ্ব হুঃখ প্রকাশ করিয়া লিখিলেন—"ঘাঁহারা মহাপ্রভূর উপাসনা করেন, তাঁহারা উহা স্পর্শপ্ত করিবেন না। জগতের সকলে একবাক্যে আবেশ আবির্ভাব বলিলেও মহাপ্রভূর উপাসক ভক্তেরা তাহা প্রাহ্ম করিবেন না—শুনিবেন না। ঘাঁহারা চৈতন্ম-মন্ত্রে সাধন করেন, সেই সকল বৈষ্ণবের ধ্যান করিতে করিতে একটি ভাব-মৃত্তি মুদ্রিত হয়। যেমন ভাবময় মৃত্তি হুদ্রে মুদ্রিত হয়, সেইরূপ বাহিরের কতকগুলি উদ্দাপনের অবস্থা আছে,—যেমন নবদ্বীপ ধাম। এখন যদি মৃত্তির সঙ্গেনা মিলে এবং ধাম নবদ্বীপ না হয়, তবে সেই সকল বৈষ্ণব নৃতন কিছু কখনই গ্রহণ করিবেন না। যাহারা হুজূগ্ করিতেছে, তাহারা যথার্থ শ্রীচৈতন্য উপাসক নহে।"

একটু থামিয়া ঠাকুর আবার লিখিলেন—"কোন কোন ব্যক্তি, মহাপ্রভু সম্বন্ধে তুই একখানি পুস্তক লিখিয়া বলিতেছেন যে, 'আমরাই প্রীগোরাঙ্গকে উদ্ধার করিয়া জগতে প্রচার করিলাম।'—ইহার ভায় ধৃষ্টভার কথা আর কি আছে ? সূর্য্য অম্বকারে পড়িয়াছিল, শিশিরবিন্দু সূর্য্যকে জগতে প্রকাশ করিল। সার্বভৌম ভট্টাচার্য্য মহাপ্রভুর নিন্দা করিতেন। মহাপ্রভুর একজন সঙ্গী বলিলেন—'ভট্টাচার্য্য, আমি যাহা মহাপ্রভুর বিষয়ে বলিতেছি, কিছুদিন পরে তুমিও ভাহাই বলিবে। বাস্তবিক ভাহাই হইল।"

আজ মহাপ্রভু সম্বন্ধে এবং তাঁহার ভক্তদের প্রতি ব্যবহার সম্বন্ধে অনেক আলোচনা হইতে লাগিল। মুকুল ও দামোদরকে মহাপ্রভুর শাসন করা বিষয়ে, ঠাকুর লিখিলেন—"মুকুলকে বাস্তবিক দণ্ড করা হয় নাই। অন্য লোক মুকুলকে না বুঝিয়া নিলা করিত যে, মুকুলের কিছুতে দৃঢ়তা নাই। সেইটি লোকের ভ্রম। তাহা দেখাইবার জন্মই মহাপ্রভু মুকুলকে বলিলেন যে, লক্ষ জন্মের পরে পাইবে। মুকুল ঐ কথা শুনে, 'পেয়েছি, পেয়েছি' বলিয়া হাতে তালি দিয়া নাচিতে লাগিল। তখন মহাপ্রভু সকলকে বুঝাইলেন যে, মুকুলের মত কাহারও দৃঢ়তা নাই। অনেক সময় দামোদর, বৈষ্ণবদের অপমান করিতেন। দামোদর না বুঝিয়া অনেক সময় রসভঙ্গ করিতেন,—এই জন্মই নবন্ধীপে পাঠাইলেন। যখন শ্রীনিবাস পুরুষোত্তমে গেলেন—মহাপ্রভুর অন্তর্ধানে স্বরূপ দামোদর প্রভৃতিকে মৃতপ্রায় দেখিলেন।"

শালগ্রাম পূজায় উপাধির সৃষ্টি—লোকের বিষদৃষ্টি।

পুজার ছুটা প্রায় ফ্রাইয়া আদিল। ঢাকা, বরিশাল, ফরিদপুরের যে সকল গুরু লাভারা ঠাকুরের সক্ষমানদে আদিয়াছিলেন, তাঁহারা শীপ্তই সকলে আপন আপন স্থানে চলিয়া যাইবেন। এতদিন ইহাদের সক্ষে বড়ই আনন্দে কাটাইলাম। আমারও বোধ হয়, আর ফলা-ই কার্ত্তিন।

অধিক দিন এস্থানে থাকা হইবে না। শালগ্রাম পূজা করিয়া এতকাল বড়ই আনন্দে ছিলাম, কিন্তু গ্রহবৈগুণ্যে ধীরে ধীরে উৎপাত আদিয়়৷ আমার সেই শান্তি দূর করিয়া দিতেছে। বহুলাকের বিষদৃষ্টিতে, আমাকে বড়ই উত্তপ্ত করিয়া তুলিল। শালগ্রাম পূজা করি বিলয়া, রাক্ষবন্ধুগণ আমাকে আর প্রের মত দেখেন না। কুসংস্কারী হইয়াছি ভাবিয়া নিকটেও খেনেন না, অথচ আমাকে শুনাইয়া শুনাইয়া একে অন্তের নিকটে আমার সংস্কারের জন্ম আক্ষেপ করেন। যাহারা গোঁড়া হিন্দু, ঠাকুরের নিকট দীক্ষা পাইয়াছেন, তাঁহারা আরও ভয়ানক। ঠাকুরের নিকট শালগ্রামের আরতি করি, স্তরাং শালগ্রামকে ঠাকুর অপেকা বড় মনে করি, এইরূপ ভাবিয়া আমার প্রতি বক্রদৃষ্টি করেন। ঠাকুর এদব দেখিয়া-শুনিয়া হুতিন দিন আমাকে বলিয়াছেন—

"ব্রহ্মচারী, তুমি কাশীতে অথবা গ্রাতে কিন্বা অযোধ্যাতে গিয়া নির্জনে সাধন কর। তাহ'লে ঠিকমত কাজ চল্বে,—উপকারও খুব পা'বে। এদব স্থানে হট্ট-গোলের মধ্যে লোকের চোখের উপর তোমার সাধনে তেমন স্থবিধা পা'বে না।"

এই সময় আমার সাধনের অবস্থা থ্ব ফুল্পর চলিতেছিল। ঠাকুরের দয়ায় সর্কাদাই সরস ভাব থাকিত। তা'ই ঠাকুবের কথা শুনিয়াও বিশেষ কিছু ক্ষতি হইবে, মনে করিলাম না। ঠাকুরকে বলিলাম—"যতদিন আপনার কাছে থাকিয়া সাধন-ভন্তন ঠিকমত চালাইতে পারি, ততদিন আর অন্তক্র যাইতে ইচ্ছা হয় না। তেমন বিল্ল ঘটিলে অন্ত দিকে চলিয়া যাইব।'

ঠাকুর আমাকে বারংবার সাবধান করিয়া বলিয়াছিলেন যে—"যেভাবে পূজা কর কারো
নিকটে তাহা প্রকাশ ক'রো না। ভজনের বিষয় গোপন রাখ্তে হয়। প্রকাশ
কর্লে ক্ষতি হ'য়ে থাকে।" অর্থাৎ, শালগ্রামে যে ইষ্টদেবের পূজা করি, তাহা মেন কেছ
জানিতে না পারে। 'আপন ভজন-কথা, না কহিবে যথাতথা'—এই কথা সর্ব্বেই প্রচারিত আছে।
এখন শুনিতেছি, শালগ্রাম-পূজা গোস্বামী মহাশয়ের নিকট তাঁহারই একটি শিশু করে, অথচ
তিনি তাহাতে কোন বাধা না দিয়া বরং ঐ পৌত্তলিকতার প্রশ্রায় দিতেছেন,—এইরূপ কথা তুলিয়া
সাধারণ বান্ধদের নাকি একটি কমিটি বসিয়াছে। যে সকল গুরুলাতা বান্ধসমাজভূক্ত, তাঁহারা এই
কমিটিতে যোগ দিতে বাধ্য হইয়াছেন, এবং ঠাকুরের বিরুদ্ধে নানা কথা শুনিয়াও কোন প্রকার প্রতিব

দময়ে সহতে কাঁদর বাজাইয়া থাকেন। এজন্ত বাদাগুক্ত ভাগিব ভারি ক্লেশ পাইতেছেন। তাঁদের এই অশান্তির মূল, আমি বলিয়া, দিন দিন তাঁহারা আমার উপর বিরক্ত হইতেছেন। যথন তাঁহারা আমার নিষ্ঠা ভঙ্গ করিবার জন্ত নানাকথা বলিয়া থাকেন, তথন এক কথায়ই তাঁদের মূখ বন্ধ করিয়া দেই। বলি, তোমাদের গুক্জীর হকুম মতই আমি শালগ্রাম পূজা করিতেছি, ইহা আমি নিজের ইচ্ছামত করিতেছি না। এই কথা শুনিয়া তাঁহারা মর্মান্তিক যাতনা পান, অথচ আমাকে কিছু বলিতে পারেন না। বাহ্মদের এবং গোড়া হিন্দের যতই আমার উপর ভীর দৃষ্টি পড়িতে লাগিল, ঠাকুরও ততই শালগ্রাম পূজার সহাহভ্তি করিয়া ও শালগ্রামের নানা মাহাত্মা বলিয়া, আমাকে নিষ্ঠা পূর্বক পূজা করিতে খুব উৎসাহ দিতে লাগিলেন। এক একদিন তিনি নির্জনেন বলিতেন— "কারো কথা কিছুমাত্র গ্রাহ্ম ক'রে৷ না। কারো কথায় জবাব না দিয়া নিজমনে নিষ্ঠাপূর্বকৈ শালগ্রাম পূজা ক'রে৷ না। কারো কথায় জবাব না দিয়া নিজমনে নিষ্ঠাপূর্বক শালগ্রাম পূজা ক'রে যাও। লোকের কথা গণ্য ক'রোনা।" সাধারণের বিরক্তিজনক দৃষ্টিতে আমাকে যেটুকু গ্রম করিত, ঠাকুরের এক মূহর্তের প্লিয়দৃষ্টিতে তাহা একেবারে ঠাণ্ডা করিয়া দিত। ঠাকুরের সম্মেহদৃষ্টি অরণ করিয়া পরমানন্দে, অশ্রুপাতে সারাদিন কাটাইতাম।

যোগ-দঞ্চট।

এই সময় ঠাকুরের রূপায় নানাপ্রকার অবস্থা আমার অস্কুভবে আদিতে লাগিল। কোন দিন
নাম করিতে করিতে নাভিস্থলে উত্তাপ বোধ হইত। পরে ক্রমে ক্রমে তাহা এত বৃদ্ধি হইত যে নাভির
ভিতরে জালা বোধ হইত। কখনও বা ঐ জালার উত্তাপ নাভির বরাবর মেকদণ্ডে গিয়া লাগিত।
তখন তথায় একরূপ দাহ অস্কুত হইত, যাহা অত্যন্ত রেশ্দায়ক। যেদিন মেকদণ্ডে ঐ প্রকার উত্তাপ
লাগিত, দেইদিন দর্কাঙ্গ যেন জলিতে থাকিত, তখন কিছুই আমার দ্বির থাকিত না, --শরীর, মন
সমন্তই অতিশয় চঞ্চল হইয়া পড়িত। ভিতরের বিষম জালায় অদ্বির হইয়া হাত-পা কামড়াইতে
ইক্রা হইত। অঙ্গপ্রতাঙ্গে আঘাত করিতাম। কখন কখন জালা নিবারণের জন্ত বাহিরে যাইয়া
বাতাস করিতাম, কিন্তু কোন উপায়েই এই যন্ত্রণা নিবারণে সমর্থ হইতাম না। শারীরিক জালার
সঙ্গে সঙ্গে মানসিক উদ্বেগ বৃদ্ধি পাইতে থাকিত। বড়ই ক্রেশের অবস্থা। কোন দিন নাম খ্ব ক্রত
চলিলে, কাঁধ হইতে চক্ষু পর্যান্ত ড্'পাশের তু'টা শিরায় টান ধরিত এবং নাম চলার সঙ্গে উহা আরো
বৃদ্ধি পাইত। নাকটিও শিরার টানে ধরিয়া ঘাইত। কোন দিন মাথা অত্যন্ত গ্রম হইয়া পড়িত;
চক্ষু বেদনা হইত।

আজ্ঞাচক্রে ধ্যান রাথিয়া গায়ত্রী জপের সময়ে দেইস্থানে একপ্রকার স্বড়্স্ড্ অমুভব হইতে থাকিত। পরে ঐ স্থানে জ্ঞালা আরম্ভ হইত। এই জ্ঞালা এতই বৃদ্ধি হইত যে, যেন আগুন লাগাইয়া

দিয়াছে; এই প্রকার সময় সময় অয়ভব হইত। কিন্তু জপ না করিলে এই জালা ধীরে ধীরে কমিয়া আদিত। ঠাকুর ইতিপূর্ব্বে একদিন বলিয়াছিলেন—"নাম কর্তে কর্তে একটা সময় আসে যখন শরীরে ও মনে নানাপ্রকার জালা হ'তে থাকে। উহা সাধনেরই একটা অবস্থা। এই সময় কখন কখন শরীর আগুনে পুড়্লে ঘেমন জালা হয় তেমনই জালা হ'তে থাকে। সময় সময় হাত, পা, নাক, মৄখ, চোখ, কান ও নাড়ি ভুড়ি টান্তে থাকে। এই ক্লেশ বড় সহজ ক্লেশ নয়।—অনেকে এই যন্ত্রণায় সাধন-ভজন ছেড়ে দেয়। ইহাকে ঘোগ-সঙ্কট বলে। খুব সাবধানতার সহিত এই সময়টা ভালমতে কাটায়ে দিতে পার্লেই হয়। এই সয়য় মিপ্রির সরবৎ, ডাব ও ঠাওা ঠাওা জিনিস খেতে হয়। শরীর ঠাওা ও অবসয় হ'য়ে পড়লে, গরম ঘি সৈম্বর্ব দিয়া পান কর্তে হয়। এয়প কর্লেই এ সকল যন্ত্রণার শান্তি। ঘোগ-সঙ্কট অবস্থা একবার কাটায়ে ঘতে পার্লে আর কোন উৎপাতই থাকে না। সাধন কর্লে উহা সকলেরই একবার ভুগ্তে হ'বে। পূর্বের মূনি-ঋষিরা শিয়্মদের দেহ মন ওচ্ছা করতে তুষানল কর্তেন। এখন আর ভাহা চলে না। নামানলেই দয় ক'রে এখন সেই কাজ করায়েনেন।"

আমার যখন এই সকল জালা আরম্ভ হইল, তখন ঠাকুর এক একদিন ঘৃত গরম করিয়া থাইতে বলিতেন। কোন দিন সরবৎও থাওয়াইতেন! নাম ছাজ্য়া শুইয়া থাকিতেও কোন কোন সময় বাধ্য করিতেন। এ সমস্ত উপাধি উপস্থিত হইলে, ঠাকুর ষখন যাহা করিতে আদেশ করিতেন, তাহা করিলেই ঐ যম্ভণার উপশম হইত। এই সকল জালা-যম্ভণা, মখন আমার আরম্ভ হইল, তখন দেই সঙ্গে সজে অভিমানের ভাবও আদিতে লাগিল। মনে হইতে লাগিল—ব্ঝি আমার যোগসঙ্গটের অবস্থা হইয়াছে। যোগ-সঙ্কট অবস্থা সাধকদের যোগ আরম্ভের পরেরই একটা অবস্থা—তবে আমি ব্ঝি যোগী হইলাম। এইপ্রকার অভিমান ভিতরে ভিতরে চলিতে লাগিল।

দ্বিতীয়তঃ, শালগ্রাম পূজা দেখিয়া গুরুলাতারা অনেকে মনে করিতেছেন, দিন দিন আমার অবনতি হইতেছে। তাঁহারা বলেন, তোমার রাগমার্গ ধরিবার অবস্থা আদিতে এখনও বছকাল দেরী। বিধিমত শালগ্রাম পূজা করিতে করিতে রাগ জ্মিলে তখন আপনা আপনি এ দকল পূজা ছুটিয়া ঘাইবে। আমরা বিধিকার্য্য গতবারই শেষ করিয়া আদিয়াছি। তাই এবার আর বাহু পূজার ধার ধারি না। এ দকল কথা বলিয়া, কেহ কেহ আমাকে থ্ব নির্যাতন করিতেন। তাই, যথন শালগ্রাম পূজা করিতে করিতে আমার অশ্রুপাত হইত তখন দময়ে সময়ে মনে হইত,—আমার এই অশ্রুপাত ও ভাবের অবস্থা, শালগ্রাম পূজাদ্বেষীরা একবার দেখিলে ব্যুক্ত যে, শুধু শুক্ষ কাষ্ঠ

চিবাই না, তাতে রদ পাই ? এ সকল বিদ্বোরা নিকটে আদিলে, জাের করিয়া ভাব আনিয়া অধিক পরিমাণে অশ্রণাত যাহাতে হয়, তাহার জন্ত চেষ্টা করিতাম। ভগবানের চকু দর্বত্র। তিনি আমার প্রতিষ্ঠার উপরে ম্বলাঘাত করিলেন। এইরপ চেষ্টায়, আমার কোন ভাবই রৃদ্ধি পাইত না; বরং ষেটুকু ভাব পূর্বে হইতে চলিয়া আদিত, তাহা একেবারে শুকাইয়া যাইত, —চিহ্নও থাকিত না। ম্বমণ্ডলে গদগদভাবের আভা যাহা থাকিত, তাহাতে বিরক্তির ছায়া পড়িত। ঠাকুর আমাকে এই সময়ে একদিন বলিলেন—"প্রশংসার ভাবে তোমার ভিতরের রস শুকায়ে যাচেছ,—সতর্ক থেকা।" আমার বর্তমান হুরবস্থার ইহাও একটি কারণ।

তৃতীয়ত:, ঠাকুর শালগ্রাম পূজার প্রকৃত রহস্ত বা গুরুপূজার তত্ত্ব গোপন রাখিয়া যথাবিধি পূজা করিতে বলিয়াছিলেন, কিন্তু তাহা আমি পারিলাম না। যথন নানাজনে নানা কথায় আমাকে জব্দ করিতে লাগিল এবং পূজার উপরে নানা কুৎদিত কথা বলিয়া আমাকে মর্মান্তিক যাতনা দিতে লাগিল, তথন তাহাদিগকে জল করিতে, পূজার বহস্ত বলিতে লাগিলাম। একদিন একটি গুকতাই বলিলেন, 'তুমি যে শালগ্রামে পূজা কর, আমি তাহার উপরে প্রস্রাব করি।' আমি বলিলাম— 'তোমার ইচ্ছা হয়, তুমি প্রস্রাব কর; আমার ইচ্ছা হইতেছে, আমি পুদা করি। কিন্তু আমার ঠাকুরকে চিনিতে না পারিয়া এদৰ কথা বলায়, তোমার অপরাধ হইতেছে। তুমি ধাঁহার পূজা কর, খাঁহাকে গুৰু বল, তাঁবই হুকুম মত এই শিলাতে তাঁবই পূজা করি।' আর একজনে বলিল, 'তুমি ষাহা পূজা কর, তাহা আমরা একটি রাস্তার পদদলিত হুড়ি হইতে বেশী কিছুই মনে কবি না। এসব পূজা, আমরা অতিশয় তুচ্ছ বলিয়াজানি। নিতাস্ত অজ্ঞের জন্তই এদব বহিরক দাধন।' আমি বলিলাম,—'পাথরটিকে আমিও পাথর বিনা আর কিছুই মনে করি না, কিন্তু ঐ পাথরের অণু-পরমাণুতে ওতোপ্রত ভাবে ষে চৈতন্ত্রপক্তি — গুরুদের পূর্ণ অবয়বে রহিয়াছেন, যাহাকে তুমি পুজা কর,—আমিও তাঁহারই পূজা করি। বহিরক, অন্তরক বৃথিতে তোমার এখনও বহু দেরী। নাম সাধনও বহিরক দাধন। ঠাকুরের মুখে শুনিয়াছি, তিনি একদিন গেণ্ডারিয়া আমতলায় বলিয়াছিলেন—"এমন অবস্থা আদে, যখন নামটিও ছু'টে যায়।" অস্তবন্ধ একমাত্র ভগবান। সাধন-ভন্ধনাদি ভগবানকে লাভের উপায়—সমস্তই বহিরস্থ। যাহার যাহাতে কল্যাণ হয়, গুরুদেব তাহাই তাহাকে করিতে আদেশ করেন। গুরুর আদেশে ইতর-বিশেষ নাই।

কোন কোন গুরুভাই বিরক্তির দহিত উত্তেজিত হইয়া বলেন, "গুরৌ সন্নিহিতে যম্ভ পুজয়েদগুদেবতাং, স যাতি নরকে ঘোরে সা পূজা বিফলা ভবেং।' আপনার এসব কুর্দ্ধি কেন ? গুরুর
নিকটে পাথর পূজা কেন ? এতে আপনার অপরাধ হইতেছে। ইহা দেখাতেও আমরা অপরাধী
হইতেছি। শেষ রাত্রিতে ঘণ্টা কাঁশরের ধ্বনিতে গোঁসাইয়ের উদ্বেগ করেন, ইহা আমরা সহু করিতে
পারিব না। আপনি সাবধান হইবেন আমরা গুরু ছাড়া অন্ত কিছু জানি না।' আমি বাধ্য

হইয়া বলিলাম—কাঁশর, ঘণ্টা ইল্ছা করিয়া নাড়ি না, ঠাকুর আমাকে এরপ করিতে বাধ্য করিয়াছেন। শালগ্রামকে আমি গুরু ছাড়া আর কিছুই মনে করি না। শালগ্রামে আমি গুরুদেবেরই পূজা-আরতি করি।' ঠাকুর আমাকে পরিজার বলিয়াছেন—"শেষ রাত্রে ১টার সময় আরতি কর্তে হবে। যদি কথনও আমার অনুস্থাবস্থায় ঐ সময়ে শুয়ে পড়ি—আরতি বন্ধ রাখবে না। কাঁশর ঘণ্টার শব্দে আমার কোন উদ্বেগ হয় না।" ঠাকুরের এপব কথা শুনিয়াই আনি নিয়ম মত আরতি করিতেছি। আপনারা বিরক্ত হইলেও আমার প্রতি ঠাকুরের ধাহা আদেশ, লজ্যন করিতে পারি না।

এই প্রকার প্রত্যহই গুরুলাতারা, নানাপ্রকার অপ্রীতিকর কটুবাক্যে আমার প্রতি বিরক্তি ও বোষ প্রকাশ করিতে লাগিলেন। কিন্তু ঘথনই তাঁহারা গুনিতেন যে শালগ্রামে আমি গুরুদেৰেইই পূজা করি, লজ্জিতভাবে নির্ব্বাক হইয়। থাকিতেন। এটি যে আমি মহা অপরাধ করিয়াছি, তথন বুঝিতে পারি নাই। ঠাকুর দর্ম্বদাই পূজার ভাব ও রহস্ত গোপন রাখিতে বলিয়াছিলেন। এই প্রকার শালগ্রাম পূজা লইয়া, গুরুহানে বহু অপরাধ করিতে লাগিলাম। অবশেষে সকল অপরাধের আগুন একেবারে দপ্করিয়া জলিয়া উঠিল। সাধন-ভন্জন নিম্নিত চলিলেও, এই আগুনের জ্লালা হইতে অব্যাহতি পাইলাম না। গুৰুভাতাদের প্রায় দকলেরই তীত্র বিষদৃষ্টিতে আমার জালা-যন্ত্রণা দিন দিন বৃদ্ধি পাইতে লাগিল। আমি মহা বিপদে পড়িলাম। সাধন-ভন্ধনের সময় আবো বাড়াইরা লইলাম। কিন্তু কিছুতেই আর মানাইল ন।। যে আগুনে ধরিল, তাহা শিখা বিস্তার করিয়া আমাকে অহরহ: দগ্ধ করিতে লাগিল। যতদিন আশা ছিল, ততদিন ধৈর্যাও রহিল। ষ্থন ভিতরের অবস্থা বুঝিয়া, একেবারে হতাশ হইয়া পড়িলাম, ভিতরে বিষম হাহাকার উঠিল,—অসহ্য যাতনায় পীড়িত হইয়া কিপ্তবং হইলাম। এই সময়ে ৫।৭ মিনিটের জন্ম প্রাণে শান্তি আদিত না; স্থতরাং, কোন প্রকারে নিত্যকর্মগুলি স্মাপন করা হইত মাত্র। ভিতরের আরাম নষ্ট হইয়া, ষতই বিরক্তি ও জালা জনিতে লাগিল, ততই নিত্যকর্মণ্ড সংক্ষেপ হইতে লাগিল। আসনে বদিতে ইচ্ছা হইত না, নীব্দপ্রাণে ঠাকুবের দিকে তাকাইয়াও আরাম পাইতাম না, বরং বিরক্তি বোধ হইত। একদিন বাজি ৩টার সময় ঠাকুরকে বলিলাম—'ভিতরের যন্ত্রণা আর আমি সহ্য করিতে পারি না। নাম. ধান, সাধন-ভজন সমস্ত আমার ছুটিয়া গিয়াছে। দিনরাত আমি ঋলিয়া-পুড়িয়া মরিতেছি। এবার বোধ হয় নান্তিক হইলাম। এখন কি করিব ?' ঠাকুর বলিলেন—"নান্তিক হ'বে না, তবে এ সময়ে স্থানাস্করে যাওয়া ভাল। এখানে লোকের দৃষ্টিতে তোমাকে শুক ক'রে দিতেছে। যতই এখানে থাকবে তত্তই এই শুক্ষতা বৃদ্ধি পাবে। লোকের पृष्टि বড় বিষম। জায়ন্ত গাছ লোকের দৃষ্টিতে শুকায়ে যায়—দেখ নাই ?

আমি বলিলাম—'একথা আমি বৃঝি না। সহস্র লোকের ক্লক্ষ্টিতে আমাকে শুফ কর্বে

কিরূপে ? আমি যে আপনার দৃষ্টিতে সর্বদা বহিয়াছি! গুরুলাতারা আমাকে যে শালগ্রাম পূজার জ্যু নানাপ্রকার বলিত—এখন আর তেমন বলে না। তাদের মুখ বন্ধ করিয়া দিয়াছি। ইউদেবের পূজা শালগ্রামে করি শুনিয়া তাহারা এখন নির্বাক হইয়াছে ; কিন্তু পূজায় আমার পূর্ববৎ শ্রদ্ধা-ভক্তি আদিতেছে না। নামে বিষম শুষতা। ধ্যানও ছুটিয়া গিয়াছে!

ঠাকুর—"শালগ্রামে চতুভুজ বিষ্ণুমুত্তি ধ্যান ক'রো। শালগ্রামের ধ্যান শাস্তে যেমন আছে, ভূমি তেমন কর না ?"

আমি—"না, আমি তো অন্ত কিছুরই ধ্যান করি না। নিজের ইউদেবেরই ধ্যান করি। অন্ত কিছুতে আমার প্রবৃত্তিও হয় না।"

ঠাক্র—"তবে তুমি মাতুষের পূজা কর ? শালগ্রামে মাতুষের পূজা অপরাধ। শালপ্রামে চতুর্জ বিফুর ধ্যান যথাশান্ত্র করতে হয়। তোমাকে পুর্বেই স্থানান্তরে যেতে বলেছিলাম তথন সে কথা গ্রাহ্য কর্লে না। এখন এখানেই যতই বেশী কাল থাক্বে ততই ক্ষতি হবে। কাল থেকে যথাশাস্ত্র শালগ্রামের পূজা ও ধ্যান ক'রো।"

পূজার ভেদ প্রকাশে গুরুতর শাসনঃ শালগ্রাম ত্যাগ।

ঠাকুরের কথায় আমার মাধায় যেন বজ্র পড়িল। ভাবিলাম—এ কি হইল ? ঠাকুর যে পলকে যুগ-প্রলয় করিলেন! কিন্তু তথনই বুঝিলাম যে, ষেধানে-দেখানে শালগ্রামে গুরুদেবের পুজা করি বলাতে ঠাকুর ঐ পূজা ছাড়াইয়া দিলেন। হায়। আমি ঠাকুর পূজার বিশেষ অধিকার পাইয়াছিলাম। লোকের নিলা হইতে নিজেকে বাঁচাইতে, ঠাকুরের উপর সাধারণের অপ্রদা ও বিরক্তি আনিতেছিলাম এবং ঐ প্রকার ভেদ প্রকাশ করিয়া ভবিশ্বতে বিষম অশাস্তির সৃষ্টি করিতেছিলাম। তাই, ঠাকুর সহজে চারদিক্ রক্ষা করিলেন! আমি কিন্তু মারা পড়িলাম, ইহা পরিষ্কার বোধ হইতেছে। ঠাকুর আৰু আমাকে খুব তেজের সহিত অন্তত্র ষাইতে বলিলেন। আমি ঠাকুরের কথা শুনিয়া নিতাস্ত অন্থির হইয়া পড়িলাম এবং কলাই এথান হইতে চলিয়া ষাইব স্থির করিলাম। হায়! বদি ছু'চার দিন পূর্বে স্থানান্তরে চলিয়া যাইতাম, তবে আর এদব সম্বটে পড়িয়া, ধাকা খাইয়া, সরিতে হইত না।

ষে রাত্রিতে ঠাকুর আমাকে এই প্রকার শাসন করিলেন, তাহার পর্যনি প্রাতঃকালে কোন প্রকারে নিত্যকর্ম দমাপন করিয়া প্রস্তুত হইলাম; এবং শ্রীযুক্ত রাথালবার্কে আমার অভিপ্রায়

জানাইলাম। তিনি আমার অগোচরে ঠাকুরকে বলিলেন—'ব্রন্ধচারী বড় ক্লেশ পাইতেছে। বোধ হয়, সে আর এখানে থাকিবে না। আপনি যদি বলেন তাহা হইলে উহাকে আমি নির্জ্জনে থাকার বন্দোবন্ত তেতালায় করিয়া দিতে পারি—আপনি কি বলেন?'

ঠাক্র কহিলেন—"উহার নির্জনে থাকাই ভাল। মানুষের চক্ষু ভাল নয়। ছেলেটিকে দৃষ্টিতে দৃষ্টিতে এমন শুক্ষ ক'রে দিয়েছে যে এই অবস্থা কিছুদিন থাক্লে অনায়াসে আত্মহত্যা ক'রে ফেল্বে। সর্ববনা একজনের উপরে ওরূপ বহুলোকের তীব্র দৃষ্টি পড়্লে সাধ্য কি যে সে ঠিক থাকে। মানুষের দৃষ্টিতে বৃক্ষলতাকে পর্যান্ত শুকায়ে ফেলে এমনই ভয়ানক। মানুষ আর কি ? আমি এজন্য পূর্বে হ'তেই উহাকে স্থানান্তরে যেতে বলেছিলাম। ছেলেমানুষ তখন বুঝে নাই—এখন ভয়ানক বিপদে পড়েছে। তেতালায় উহার ইচ্ছা হ'লে থাক্তে পারে—আমার আপত্তি নাই।"

ঠাকুর যথন এ সকল কথা, বাধালবাবৃকে বলিতেছিলেন তথন আমি বারান্দায় থাকিয়া সমস্ত শুনিলাম। শালগ্রাম পূজা করিতে হইলে উহাতে চতৃর্জ বিষ্ণুমৃতি ধ্যান করিতে হইলে ঠাকুরের এই কথা শুনিয়া অবধি, আমার প্রাণে ধেন 'হু হু' করিয়া আগুন জ্ঞালিতেছে। সজন-নির্জ্জনে আমার কি হইবে ? ঠাকুরের নিকটে চতুর্জ বিষ্ণুর ধ্যান, আমি করিতে পারিব না। যদিও মহুয়—পশু, পক্ষী, কটি, পত্রু, বৃক্ষলতা, স্থাবর-জ্বুসম, ব্রহ্মা, বিষ্ণু, শিব, চতুর্জ, বিত্তুল, বড়ভুজ সমস্তই আমার ভগবান গুরুদেবের একমাত্র চৈত্যুময় শক্তির আলোড়নে বিচিত্রভাবে তাঁহারই স্থুলত্বে বিকাশ,— আকার বিভিন্ন হইলেও মূলে সকলেই এক,—তথাপি ঠাকুরের যে দ্ধেরে সহিত, আমার চিত্তের আরাম, আনন্দ ও শান্তির বিশেষ সম্বন্ধ তাহা ত্যাগ করিয়া অন্যটি ধরা দারুণ ক্লেশকর। নিজেকে প্রবোধ দিবার জন্ম মনে করিলাম, যে কোন বস্তুর পূজাতে মূলে একমাত্র ভগবান গুরুদেবেরই উপাদনা হয়,—এইজন্মই বৃন্ধি, ঠাকুর আমাকে বিষ্ণুমৃত্তি ধ্যান করিতে বলিয়াছেন। বিষ্ণুমৃত্তি ধ্যান করিতে বলায়, ঠাকুরের উপাদনা হইতে যে আমাকে ছাড়াইয়া দিলেন, তাহা মনে হয় না। কোনও শান্তি ধে দিলেন—তাহাও মনে করি না। কিন্তু কি করিব!—উহা যে আমার দাধ্যাতীত ও ক্রিবিক্ষা।

বেলা ১১টার সময় আর আর দিনের মত ঠাকুর স্নানে যাওয়ার পর, আমি আমার আসন তুলিয়া, জিনিস-পত্র লইয়া ঝামাপুকুর ভাগিনেয়দের বাদায় গেলাম। স্থকিয়া স্ত্রীট ত্যাগ করিয়া আদার সময়ে পৃষনীয় রাধালবার আমাকে তাঁহার তেতলায় নিয়া রাধিতে থুব চেন্টা-যত্র করিলেন; কিন্তু ঐ বাড়াটি আমার নিকট আগুনের মত বোধ হইতে লাগিল। ঠাকুরের উপর অত্যন্ত অভিমান জন্মিল। স্থতরাং কারো কোন কথা না শুনিয়া একেবারে ঝামাপুকুরে পাঁহছিলাম। কিছুক্ষণ পরে মেছুয়া-

বাজার খ্রীটে, অভয়বাবুর বাদায় গেলায়। তথায় মহেন্দ্রবাবুকে দেখিলাম। তিনি আমাকে গোঁদাইয়ের দক্ষ ছাড়িয়া আদার হেতু কি জিজাদা করিলেন। আমি মহেন্দ্রবাবৃকে, স্থযোগ পাইয়া সমস্ত কথা বলিলাম। শাস্ত্রীয় প্রণালীমত, ঠাকুর শালগ্রামে বিষ্ণুষ্তি ধ্যান করিতে বলিয়াছেন,— তাহা আমি পারিব না। তাই শালগ্রাম কাহাকেও দিয়া দিব স্থির করিয়া আদিয়াছি। মহেন্দ্রবাবু বলিলেন,—তোমার শালগ্রাম পূজা দম্বদ্ধে গোঁদাইকে আমি জিজাদা করিয়াছিলাম। তিনি বলিয়াছিলেন—"য়েভাবে পূজা কর্ছে ওরূপ নির্বিত্রে ক'রে যেতে পার্লে বিশেষ উপকার হ'বে—এ পূজা তুমি ছাড়িবে কেন?"

আমি—'শালগ্রামে, মাস্থবের পূজা করা না কি অপরাধ ? কিন্তু আমি তো মান্থবের পূজা করি না। আমার তো মনে হয় আমি শাল্লদমত পূজাই করিতেছি। 'গুরুর্জা গুরুবিষ্ণু গুরুদ্দের মহেশবর:। গুরুদের পরং ব্রহ্ম তব্মৈ প্রীপ্তরবে নমঃ ॥'—ইছা তো শিববাক্য,—মিধ্যা হইবে কিরপে ? চতুরুজি বিষ্ণুই হউন, আর দিভুজ ম্রলীধরই হউন, সকলেই তো গুরুর অলীভূত বা তাঁর সহিত অভিন্ন। একমাত্র গুরুর পূজাতেই তো তেত্রিশ কোটী দেবতা, সমস্ত বিশ্বহুলাও ও সাক্ষাৎ ভগবানের পূজা হয়। স্কতরাং শালগ্রামে গুরুর পূজাতে, বিষ্ণু বাদ পড়িলেন, কিরপে ? অশাল্লীয়ই বা হইল কিরুপে ?' ঠাকুর বলিলেন—"শালগ্রামে চতুতুজি বিষ্ণুর ধ্যান পূজা কর।—না হ'লে শালগ্রাম পূজা ছেড়ে দেও।" আমি এখন উহা ছাড়িতে পারিতেছি না, রাখিতেও পারিতেছি না,—বিষম সমস্তায় পড়িয়াছি। মহেন্দ্রবারু আমার সমস্ত কথা ঠাকুরকে বলিবার জন্ত স্থিক্যা খ্রীটে রওনা হইলেন। আমি অভ্যবারুর বাদান্নই ভিক্ষা করিয়া যথাসময়ে রান্না ও আহার করিয়া ঝামাপুকুর আদিলাম।

পরদিন সকাল বেলা, নিতাক্রিয়া কোনমতে সম্পন্ন করিলাম। বেলা নটা হইতে না হইতেই, ঠাকুরের জন্ম প্রাণ কাঁদিয়া উঠিল। ভাবিয়াছিলাম, ঠাকুরের নিকট আর যাইব না, কিন্তু ভাষা পারিলাম না। নটার সময়েই স্থকিয়া খ্রীটে, ঠাকুরের নিকট উপস্থিত হইলাম। সকলেই আমার জন্ম অত্যন্ত আক্ষেপ করিতেছিল। ঠাকুরও আমার হুংথে হুংথ প্রকাশ করিয়া, গুরুহাতাদের নিকট আমার প্রতি অনেক সহায়ুভ্তি প্রকাশ করিয়াছিলেন। আমি ওথানে পঁছছিবামাত্র, ঠাকুর একমুখ হাসিয়া আমাকে বলিলেন—''আসন কোথায় নিয়েছ ?'' আমি বলিলাম—'ঝামাপুক্রে'। ঠাকুর আমাকে কি খেন বলিতেছিলেন, কিন্তু আমি অভিমানে ফুলিয়া ঠাকুরের দিকে একবার তাকাইলামও না। ঠাকুরও চুপ করিয়া রহিলেন। কিছুক্ষণ পরে ঠাকুর শোচাদিতে গেলেন। কি সময়ে আমার নিকট অনেক গুরুত্রাতা আসিয়া আমার ক্লেশে হুংথ প্রকাশ করিতে লাগিলেন। আই আমি শালগ্রামের একদিক করিব শুনিয়া, তাঁহারা কেহ কেহ খ্ব আগ্রহের সহিত চক্রটি চাহিলেন। আমি অবাক হইলাম। কারণ তাঁহারাই শালগ্রামের প্রধান বিরোধী ছিলেন।

আহারাস্তে ঠাকুর আসনে আদিলেন। তথন ঘর নির্জন হইল। সকলেই আহার করিতে গেলেন। অমিও ঠাকুরকে নির্জনে পাইয়া বলিলাম—'কয়েকট কথা আমি বলিতে চাই।'

ঠাকুর কহিলেন—হাঁ, খুব বল। আমি বলিতে লাগিলাম—'শালগ্রাম পূজা আমি নিজ ইচ্ছায় ধরি নাই। আপনি গেণ্ডারিয়াতে তাসের যখন ব্যবস্থা করেন, তখনই'—এইমাত্র বলার পরেই ঠাকুর বলিলেন—''হাঁ, তা জানি। তারপর মোট কথা কি বল।" আমি বলিলাম—'দেবদেবী আমি কিছু ব্ঝি না। এতদিন ঘেতাবে শালগ্রাম পূজা করিয়া আসিয়াছি সেরূপ পূজা করিতে যদি নিষেধ করেন, তবে উহা আমি পূজা করিতে চাই না। শালগ্রামটিকে ধাহা করিতে বলেন—করিব।'

ঠাক্র বলিলেন — "তবে তুমি শালগ্রাম পূজা ছেড়ে দেও। পূর্বের যাহা কর্তে তাহাই কর। শালগ্রামটি কারোকে দিয়ে ফেল। যাকে দিলে শালগ্রামের সেবা-পূজা হবে তাকেই দেও। আমাদের এই পথে এক নামেই সব হয়। শালগ্রাম পূজার যাহা প্রয়োজন তাহা তোমার হ'য়েছে। এখন উহা না কর্লে কোন ক্ষতিই নাই। পূজা কর্তে যদি ইচ্ছা হয় শাস্ত্রমত ক'রো।"

সন্ধ্যা, গায়ত্রী, হোমাদির আবশ্যকতার উপদেশ।

আমি—'তবে শাৰপ্ৰাম পূজা ছাড়িয়া দেই? আর অন্তান্ত বিষয়েও দাধারণ হইতে কিছু বিশেষত্ব রাথিতে চাই না। আর দশজনকে যেমন রাথিয়াছেন, আমাকে সেই ভাবে রাথুন। সন্ধ্যা, পূজা ইত্যাদি কিছুরই আমার ইচ্ছা নাই। দশজনার মত মাত্র নাম করিব, আর আপনার নিকটে পড়িয়া থাকিব।'

ঠাকুর বলিলেন—"ভাল, দশজনার মতই চল। তবে গায়ত্রী জপ ও সন্ধ্যাটি ছেড়ে। না। সন্ধ্যা করায় কেহ ভোমাকে ধার্কা দিবে না। সহস্র লোকের মধ্যেও অনায়াসে দাঁড়ায়ে দাঁড়ায়ে যেখানে-সেখানে শুধু মন্ত্র প'ড়ে সন্ধ্যা কর্তে পার্বে। ইহাতে কারো মনে বাজ্বে না। সন্ধ্যা তর্পন ও গায়ত্রী-জপ ব্রাহ্মণের নিত্যকর্ম। এসব ঠিকমত ক'রো; বিশেষ উপকার পাবে।"

ঠাকুর আবার বলিলেন—"একদিন পরমহংসঞ্জীকে জিজ্ঞাসা করেছিলাম—নানা— প্রকার যথেচ্ছাচারে আমি এতকাল চলেছি, সমস্তই তো উড়ায়ে দিয়েছিলাম, তবে এমন কি করেছিলাম সদ্গুরুর কুপালাভ হ'ল ? প্রমহংসঞ্জী বল্লেন—এক গায়ত্রী তুমি ত্যাগ কর নাই, তাতেই এই শক্তি লাভ কর্লে। ব্রাহ্মসমাজে প্রবেশ করেও আমি একদিনের জন্মও গায়ত্রী-জপ ছাড়ি নাই।"

আমি—আচ্ছা, দন্ধ্যা, তর্পণ, গায়ত্রী-জপ করিতে বলিতেছেন, করিব। হোমটি না করিয়া পারি কি না ? হোম কর্তে নট্থট্ অনেক ?

ঠাকুর বলিলেন—"হোমটিও ক'রো। ওটি তোমার পক্ষে আবশ্যক। বেশী কিছু না ক'রে, একখানা কাঠ জ্বালায়ে একটু ঘৃত দিয়ে কয়েকবার আহুতি দিতে মুস্কিল কি ? হোম ছেড়ো না।"

আমি—ভিকা করিতে অনেক সময় নট হয়, আর উদ্বেগও হয়। অহারের নিয়মও ঠিক থাকে না। ভিকানা করিয়া পারি কি না ?

ঠাকুর—"ভিক্ষার প্রয়োজন কি ? যথন যেখানে থাক্বে তথন সেখানে আহারাদি কর্বে। ভিক্ষায় দরকার নাই।"

আমি—আহার অক্তাক্তের দক্ষে করিতে পারি কি না ?

ঠাকুর—"আহারটি স্বপাকেই ক'রে। ইহাতে সুস্থ থাক্বে আরো আনেক উপকার পাবে। অন্যের রাল্লা থেও না। আহারের পরিমাণ ও সময় ঠিক রেখে স্বহস্তে রাল্লা করে খেও। ভিক্ষা নাই কর্লে।"

আমি বলিনাম—শালগ্রাম-পূজা যথন করিব না, তথন আপনার সঙ্গে থাকিতে পারিব কি না ? ঠাকুর—"তা পার্বে না কেন ? শালগ্রাম পূজা নিয়া সঙ্গে থাকা অসম্ভব। গেণ্ডারিয়া হ'লে পার্তে। এসব স্থানে নানাভাবের লোক। তাই তাদের দৃষ্টিতে নিজেকে রক্ষা করে চল্তে পার্বে না।" এসব কথা বলিয়া ঠাকুর আমাকে পুনরায় ওথানে আসন আনিতে বলিলেন। ঠাকুরের কথামত অমনি আমি ঝামাপুকুরে উপস্থিত হইয়া, ঝোলাঝুলি জিনিসপত্রসহ আসন লইয়া হকিয়া দ্বীটে পঁছছিলাম। হ্বকিয়া দ্বীটে গঁছছিবার পূর্বে ভাইপো শ্রীনিস্বাকান্ত বন্দ্যোপাধ্যায়কে শালগ্রাম পূজার বাধা-বিদ্নের সমন্ত বিবরণ জানাইয়া, শালগ্রামটি তাহাকে দিয়া আসিলাম। সজনী, উহা পূজা করিবে বলিয়া থ্ব আগ্রহের সহিত গ্রহণ করিল। আমি গত কল্য হ্বকিয়া স্থীট ত্যাগ করামাত্রই জনৈক গুকুলাতা, আমার স্থানে আসন পাতিয়াছিলেন। আমি ঠাকুরের নিকট উপস্থিত হওয়ামাত্রই ঠাকুর বলিলেন—"ঐ আসন তুলে রাখ,—তুমি ওখানে আসন কর।"

শালগ্রাম পূজায় ইষ্টানিষ্ট বিচার।

আমি ঠাকুরের কথামত তাহাই করিলাম। আমার অবশিষ্ট নিত্যকর্ম ঠাকুরের পূজা শালগ্রামে যেমন করিতাম, এখনও সেইপ্রকারই মনে মনে করিতে লাগিলাম। শিলাচক্টি এতকাল সন্থে ছিল, এখন তাহারই অভাব হইল মাত্র। এই অভাবে আমার কিছুমাত্র অস্বিধা হইল না। শিলাচক্র থাকাতে সর্বদা শিলাতেই দৃষ্টি স্থির রাখিতে হইত; কখন কখন মাত্র ঠাকুরকে দেখিতাম। এখন উহা না থাকাতে সর্বদ। ঠাকুরের উপর দৃষ্টি রাধিবার স্থোগ হইল। শালগ্রাম পূজা ছাড়াইয়া ঠাকুর আমার কল্যাণই করিলেন। শালগ্রাম পৃঞ্জা ছাড়াইয়া দিয়া ঠাকুর আমার কি কি কল্যাণ করিলেন, এবং উহা ধরিয়া থাকিলে কি কি অনিষ্টের সম্ভাবনা ছিল, তাহা মনে আসিতে লাগিল—শালগ্রাম পুজার সঙ্গে সঙ্গে আমার ভিতরে একটা অভিমান জনিয়াছিল। আমি ভাবিতেছিলাম —ঠাকুব তে। দীক্ষা বহুলোককে দিয়াছেন। অবস্থাও তাহাদের মধ্যে প্রায় সকলেরই আমা অপেকা উত্তম সন্দেহ নাই। কিন্তু এ পর্যন্ত কাহাকেও শালগ্রামে বয়ং ঠাকুরের পূজা করিতে অধিকার দেন নাই। আমার প্রতি ঠাকুরের বিশেষ রুপ। না থাকিলে, এই প্রকার পূজার ব্যবস্থা, আমার উপরেই বা হইল কেন ? হ'দিন পরে শ্রীরাম, শ্রীকৃষ্ণ এবং ব্রহ্মা, বিষ্ণু, শিব প্রাভৃতি দেবদেবীর মত যে ঠাকুর আমার ঘরে ঘরে পুঞ্জিত হইবেন, ঠাকুর বর্ত্তমানে, আমি তাঁকে শালগ্রামে সর্বপ্রথমে প্রতিষ্ঠা করিলাম। এক সময়ে ষেমন গোপালভট্ট গোসামী শালগ্রাম পূজা করিয়া ইজামত শালগ্রাম হইতে বিগ্রহ স্বাষ্ট করিয়াছিলেন, ঠাকুর বর্ত্তমান থাকিতে আমিও সেইপ্রকার, এই শালগ্রামে ঠাকুরের আকৃতি ফুটাইয়া তুলিব। শালগ্রামে এই অল্লকাল, ঠাকুরের ধ্যান-ধারণার ফলে পরিণামের সূত্র যাহা প্রত্যক্ষ করিতেছি, তাহাতে আমার সঙ্কল বার্থ হইত না, মনে হয়। গুরুদেবের দয়ায়, নিবিড় কৃষ্ণবর্ণ শালগ্রামের কলেবরে আমার ঠাকুরের তাম্রবর্ণ আভা বিকাশিত হইয়াছে, দেখিয়াছি। ক্রমে উহা বৃদ্ধি পাইয়া নিশ্চয়ই ঠাকুরের আকারে পরিণত হইত। ভাবিলে বড় তুঃথ হয় যে, আমা ধারা তাহা আর হইলনা। শালগ্রাম পূজা করিতে গিয়া, কতকগুলি কু-অভ্যাদে অভ্যন্ত হইয়া পড়িয়াছি। ঠাকুবকে ছ'তিনবার ষাহা ভোগ দেই, তাহা প্রদাদ পাইতে পাইতে আমার আহারের পরিমাণ ছুটিয়া গিয়াছে। ঠাকুর আমাকে যে দকল জব্য পান ও ভোজন করিতে নিষেধ ক্রিয়াছিলেন, তাহা দমন্ত ঠাকুরেরই দাক্ষাতে প্রদাদ বলিয়া পাইতেছি। এই প্রকার আহারের অনিয়মে আমার শরীর ধারাপ হইয়াছে। মনটিও শরীরের গুণে বাধা হইয়া বিক্ষিপ্ত, উত্তেজিত ও আরত হইয়া পড়িয়াছে। তারপরে ঠাকুর-পূজা করিতে গিয়া বহু রাজিদিক ভাব আনিতে বাধ্য হইয়াছি। ঠাকুরকে থ্ব সাজাইব, থ্ব ধ্মধাম করিয়া পূজা-আরতি করিব, সকলে যাহাতে এই ঠাকুরকে ভক্তি করে এমন দব বাহ্ন আড়ম্বর করিব,—ভাবিয়া রজোগুণে বদ্ধ হইয়া পড়িতেছিলাম। নানাপ্রকার রাজিদিক ভাব, যাহা আমার মনে পূর্বের কথনও উদয় হয় নাই,—শালগ্রাম প্জার দক্ষণ

ভাহ। আদিয়া দিন দিন অস্তবে আবদ্ধ হইতেছিল, শালগ্রাম আমায় পূজা করিতে হইলে, কতকগুলি রাজদিক কাণ্ডে যে জড়িত ইইয়া পড়িতাম, তাহাতে আর সন্দেহ নাই। ঠাকুর শালগ্রামের জন্ত আমাদ্বারা কয়দিনের মধ্যেই কাঁশর, ঘণ্টা, চামরাদি পূজার সরঞ্জাম ধরিদ করাইয়া আনিয়াছেন। আবার বলিয়াছেন, তাঁবুর মত একটি ছোট খাট আবরণ হইলে ভাল হয়। এ সকল দেখিয়া শুনিয়া কখন কখন আমার ভয়ও হইতেছিল। ঠাকুরের মুখে ঠাকুর পূজার প্রয়োজনীয় দ্বোর কথা শুনিয়া, আপত্তি করিতে পারিতাম না। কিন্তু ভয় হইতেছিল পাছে পরিণামে পূজার উপকরণ হেতু বিষম বিপাকে পড়িতে হয়। গুরুদেব বাহুপূজা বন্ধ করিয়া এ সকল আশহা হইতে রক্ষা করিলেন। জয় শুকুদেব। তোমারই জন্ন!

কলিতে ধান্মিকের ছুঃখ, অধান্মিকের স্থ ঃ ছুভিক্ষাদি অনর্থের হেতুঃ কলিতে ব্রহ্মনাম।

আজ সকালে বহুলোক ঠাকুরের নিকটে আসিয়া উপস্থিত হইলেন। শ্রীশ্রীচৈতস্তচরিতামুত প্রভৃতি পাঠের পর ঠাকুরকে তাঁহারা বলিলেন—'যাহারা দাধন-ভত্তন করে, ভগবানের নাম লয়, সভাপথে চলে, ধার্মিক ও সদাশয়, সংসারে তাঁহাদেরই যত কট। যাহারা ১২ই কার্ত্তিক। জাল, জুয়াচুরি করে, অন্তের সর্ব্তনাশ করে, জ্রপ্রকৃতি, ধর্মের নামগন্ধও জানে না, তাহারা বেশ স্থ্যেই আছে দেখিতেছি। ইহার কারণ কি?

ঠাকুর লিখিলেন—"এখন রাজা কলি। ধর্ম্ম কর্লে পুরস্কার নাই। রাজাকে যদি ভূমি অমাত্য কর, সাজা পাইবে। যদি অধর্ম কর, তাঁর আজ্ঞা পালন করা হইবে। ভূমি সত্যা, ত্রেতা, দ্বাপরের আফুগত্য করিতেছ, তবে কলিকে আশ্রয় করিলে কই ? যে কলির মতে চলিবে, তার পুরস্কার। কলি রাজা;—এখন সত্যপথে চলিলে মানাবে কেন ? যে দিনকে রাত ও রাতকে দিন করিতে পারে, এ যুগে তারই পক্ষে লাভ। এমন কতই দেখা যাইতেছে। তাই বলিয়া কি ভগবানের রাজ্য উঠিয়া গিয়াছে ? মহাভারতের একটি আখ্যায়িকায় আছে যে, কলির রাজত্ব আরম্ভ হইলে ধার্ম্মিকগণ ক্লেশ পাইতে লাগিলেন; অধার্ম্মিক পুথে আছেন। কলিকে যে মাত্য করিবে—সে সুথে থাকিবে; কিন্তু সময় সময় যথন কলির প্রজাগণ অত্যন্ত পাপাচরণ করিবে—তথন ভগবান প্রথমে সাবধান করিয়া দিবেন। তাহাতে ক্ষান্ত না হইলে নানাপ্রকার শান্তি,—তুভিক্ষ, মহামারী প্রভৃতি আনাইবেন; তাহাতেও যদি নিবৃত্তি না হয়, তবে তুইদিগকে ধ্বংস করিবার জন্ম

অবতীর্ণ হইবেন। অতিবৃষ্টি, অনাবৃষ্টি, ছভিক্ষ, মহামারী, জলপ্লাবন, ভূমিকম্প হইয়া কলির প্রজাগণ নষ্ট হইবে। যাহারা ইংরাজী পড়ে, তাহারা এসব শুনিয়া হাসিবে, তাহা আশ্চর্য্য নহে; কিন্তু ত্রাহ্মণ পণ্ডিত, অধ্যাপক—তাঁহারাও কলির পক্ষ হইয়া শাস্ত্রবাক্যে উপহাস করিবে।"

একট্ থামিয়া ঠাকুর লিখিলেন—"এদেশে পূর্বের বড় কথনও ছভিক্ষ হয় নাই। ছভিক্ষের চেহারা ঠিক পিশাচের মত,—দেখিলে মনে হয় যেন ভূত, প্রেত, পিশাচে দেশ ব্যাপ্ত হইয়াছে। মহাভারতে আছে,—'একবার ছভিক্ষ হয়, ঋষিগণ জলের সেওলা খাইয়া জীবনধারণ করিতেন। বিশ্বামিত্র ক্ষুধায় কাতর হইয়া চণ্ডালের পচা মাংস চুরি করিয়া খাইতে বসিয়া নিবেদন করিবেন, তথন ইল্র প্রভৃতি দেবগণ আসিয়া, নিষেধ করিলেন এবং বারি বর্ষণ করিলেন। তথন মাংসাহার প্রচলিত ছিল। গোধুম, ধাত্য এবং ফলমূলও অনেক প্রকার খাত্য ছিল। এক প্রকার খাত্য অভ্যন্ত হইলেই, শীত্র শীত্র ভূতিক্ষ হয়। তাহা কলিতে হইবে। কারণ মমুয়ের পাপে অত্যাত্য খাত্য হাস হইবে। ভূমির উৎপাদিকা শক্তিও কমিবে, গাভীর ত্ব্ধ হাস হইবে। এজন্য পুনংপুনঃ ছভিক্ষ হইবে; তাহতে কাতর হইয়া যদি ভগবানকে ডাকে ভবেই মঙ্কল।"

প্রশ্ন-বর্ত্তমানে চ্ভিক্ষের হেতু কি ?

উত্তর—"এখন দহজে ছভিক্ষ হয়। কারণ পূর্বের ন্যায় দ্রব্যের বিনিময় হয় না।
পূর্বের ব্যবসা নির্দিষ্ট ছিল, এখন তাহা নাই। অধিকাংশ লোক কোন শিল্পকার্য্য
না করিয়া চাকুরী করিতেছে। কলিকাতার দিকে অনেক কল-কারখানা হওয়াতে,
কেহ কৃষি প্রভৃতি কার্য না করিয়া টাকা দিয়া চাউল ক্রয় করে। রেলওয়ে, কয়লার
খনি প্রভৃতি অনেক স্থলে টাকা উপার্জ্জন করিয়া, পূর্বেকার কৃষকেরা কৃষিকার্য
ভূলিতেছে। মনে করে, টাকা দিয়া চাউল ক্রয় করিব। কেবল বর্দ্ধমান, বীরভূম,
নোয়াখালি, বরিশাল, রংপুর, মৈমনসিং, ত্রিপুরা, চট্টগ্রাম এইরূপ কতকগুলি স্থানে
কৃষিকার্য্য হইতেছে। তাহা সমস্ত বঙ্গদেশ ভাগ করিয়া লইতেছে। সূতরাং চাউলের
মূল্য কিরূপে কমিবে ? ইহার উপর আবার বিলাতে চাউল যায়।"

প্রশ্ন—কলির জীবের উদ্ধারের জন্ত কি প্রকার দীক্ষামন্ত্রের ব্যবস্থা আছে ? ঠাকুর—"কলিতে ব্রহ্মনামের দীক্ষার প্রয়োজন। ইহা ভিন্ন কলিজীবের গতি নাই;—ইহা মহাদেব পার্ববতীকে বলিয়াছেন। কিন্তু তাঁহার উপদেশ মত দীক্ষিত হইতে হইলে হৃদয় প্রস্তুত কিনা দেখিতে হইবে। এইজন্ম মহানির্বাণ তন্ত্র যাঁহাদের দেববাক্য বলিয়া বিশ্বাস আছে, কেবল তাঁহারাই সেই উপদেশের অনুসরণ করিতে পারিবেন।"

'ভূমৈব স্থম্' ঃ সত্যই আদর্শ।

একটি লোক জিজাদা করিলেন—'সংদারে স্থথ কিদে পাওয়া যায় ?'

ঠাকুর লিখিয়া জানাইলেন—'ভূমৈব সুখং নাল্লে সুখমস্তি।' ভূমা, অর্থাৎ—যাহার জন্ম-মুত্যু নাই,—তাহাতেই সুখ। অস্ত-বিশিষ্ট বস্তুতে সুখ নাই। যাহার অস্ত আছে, একদিন তাহা থাকিবে না; সুতরাং তাহাতে আসক্ত হইলে, নিশ্চয়ই ছঃখ পাইবে। ভগবান স্বয়ং অবতীর্ণ হইয়া ধর্মের দৃষ্টান্ত হইয়াছেন। রামচন্দ্র সত্যানিষ্ঠার আদর্শ। শিতৃ-সত্য পালন জন্ম ১৪ বংসর বনে বাস করিলেন। রাজধর্মা প্রজারঞ্জন জন্ম দীতাত্যাগ করিলেন। সত্যরক্ষার জন্ম লক্ষ্মণকেও বর্জন করিলেন। একি মহুয়্মের সাধ্য ? সীতাতে সম্পূর্ণ অমুরাগ; তখনকার রাজারা হাজার হাজার বিবাহ করিতেন। কিন্তু শ্রীরামচন্দ্র এক-পত্নীক, যজ্জন্থানে স্বর্ণ-সীতা! সীতা যে সতী, তাহাতে রামের সম্পূর্ণ বিশ্বাস ছিল। সমস্ত দেবতা তাহার সাক্ষী দিয়াছিলেন। এই সত্য যখন জাতীয় ধর্ম্ম হয় তখন ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ গৃহে বিরাজ করে।

চিত্রে চন্দন প্রদান ঃ অদুত রহস্ত।

প্রত্যুষে শৌচাস্তে ঠাকুর যথন আদনে আসিয়া বদিলেন, গুরুস্রাভারা কেছ কেছ উৎকৃষ্ট ফুল, তুলদী, চন্দনাদি আনিয়া ঠাকুরের নিকট ধরিলেন। ঠাকুর দে দমন্ত গ্রহণ করিয়া নিতাপাঠা গ্রন্থাদির উপরে ছড়াইয়া দিলেন। পরে চন্দনের বাটিতে অঙ্গলি ডুবাইয়া ঘরের দেওয়ালে টালান রাধাক্রফ, দীতারাম, হরগৌরী, কালীছুর্গা প্রভৃতি দেব-দেবীর ছবিতে ছিটাইয়া দিতে লাগিলেন। কিছুক্ষণ পরে দেখিলাম--রাম-দীতা, রাধাক্রফ প্রভৃতি দমন্ত ছবির চরণেই ঐ চন্দন গিয়া পড়িয়াছে। ১৫।২০ ফুট অন্তরে চান্ন ফুট উর্দ্ধে ঐ দকল ছবি রহিয়াছে। ঠাকুর আসনে বিদয়া তাঁহাদের চরণোদ্দেশে চন্দন ছিটান মাত্র এতদ্বে কি প্রকারে তাঁহাদের ঠিক চরণেই গিয়া তাহা পড়িল, ব্ঝিলাম না। আরও আশ্চর্যের বিষয় এই যে লক্ষণের

গান্ধে বা পান্ধে এক ফোঁটাও চন্দন পড়ে নাই। ঠাকুরকে ইহার কারণ জিজ্ঞাসা করায় ঠাকুর বলিলেন,—"লক্ষণের গান্ধে পান্ধে চন্দন পড়বে কেন? লক্ষণ যে ব্রহ্মচারী।" এই বিষয়টি ভাবিয়া বড়ই বিশ্বিত হইলাম।

ঠাকুরের উপদেশ ঃ জীবনের কথা— শংসারে কেহ স্থখী নয়।

কথায় কথায় ঠাকুর লিখিলেন — "ঘাঁহারা সাধুর নিকট উপদেশ শুনেন, — কিন্তু উপদেশ মত কার্য্য করেন না,—তাঁহার। চক্মকি পাথরের মত। চক্মকি পাথর জলের মধ্যে ফেলিয়া রাখ, অথবা প্রতিদিন সহস্র কলস জল তাহাতে ঢাল, তথাপি যখন ঠুকিবে, তখনই আগুন বাহির হইবে। যতদিন মনের কার্য্য থাকে, ততদিন ন্ত্রী-পুরুষে, অথবা বিষয়-বিষয়ীতে আকর্ষণ থাকে। মন লয় হইলে কর্ম্মেন্দ্রিয়, জ্ঞানেব্রিয় আছে; কিন্তু কার্য্য স্বভস্ত্র। দ্রীলোকের সঙ্গে আক্র্রণ থাকে না। এ সম্বন্ধে আমি শান্ত্রের কথা বলি না। নিজে আমি অত্যস্ত কাম্ক, ক্রোধী ছিলাম। এই তুই রিপু আমার খুব প্রবল ছিল। ত্রাহ্মদমাজে কত চেষ্টা করিলাম,—গেল না ; পরে সাধন লইয়াও অনেক কণ্ট পাইলাম। সেবার যখন সমস্ত রাত্রি জাগিতে লাগিলাম, কেন জাগি তাহা জানি না, "শুইতে ইচ্ছা হয় না,—একদিন বৃন্দাবনে ভোরে শুইয়া আছি,—আমার সমস্ত শরীরে ছারপোকা ধরিয়াছে,—হাজার হাজার ছারপোকা। মনে হইল, একি আমার বোধ নাই কেন ভারপর দেখি কাম কোধ বোধ নাই। বেড়া একটি,—–একপাশে আমি অপর পাশে শ্রীধর। শ্রীধরের দিকে একটি ছারপোকাও নাই। ঐ সময়ে শরীরের সমস্ত পরমাণু পরিবর্ত্তন হইতেছিল। পুর্বেব শুনিয়াছিলাম, উর্দ্ধরেতা হইলে বড় লাভ। চেষ্টা করিতে গিয়া যখন তাহার কার্য্য আরম্ভ হইল, তখন দেখি মহাক্ষ্ট। কারণ মেরুদণ্ড অস্থি যেন করাত্ দিয়া কাটিতে থাকে—যতদিন পথ প্রস্তুত না হয়।

মায়া—বাস্তবিক মায়া কি ? যদি বল, সংসারে পরম সূথে আছি, ইহা ছাড়িয়া কোথায় যাইব ? সংসারে কে ভোমাকে ভালবাসে ?—একটু বিচার করিরা দেখ ? অধিকাংশ স্থানে ভয়ানক প্রভারণা কোন স্থানে স্ত্রী স্বামীকে কৃত্রিম প্রণয় দেখাইয়া অন্তকে ভালবাসিতেছে; কোন স্থানে স্বামী স্ত্রীকে প্রভারণা করিয়া অন্য স্ত্রীতে আসক্ত। কোন স্থানে পুত্র পিতাকে বধ করিয়া বিষয় লইতেছে, কোন স্থানে পিতা পুত্রকে বঞ্চিত করিয়া সুথী হইতেছে। তবে সংসারে মধ্যবিত্ত লোকদিগের ভিতর কৃষকদিগের মধ্যে কিছু কিছু ভালবাসা ও ভক্তি দেখা যায়। ষেখানে অর্থের সম্বন্ধ সেখানে যথার্থ ভালবাসা ছর্লভ। বস্তুতঃ ধনীদিগের স্থায়, যথার্থ বন্ধুহীন লোক অতি বিরল। সকলেই টাকার জন্ম ভালবাসিতেছে, হাসিতেছে, মুখপানে চাহিয়া আছে;—রোগে শুক্রমা অর্থের জন্ম! এইরূপ সংসারে ভ্রমণ করিয়া দেখিলে সংসারে যথার্থ সুখী কে, ইহা বাহির করা সুকঠিন। তবে সে-ভালবাসার মধ্যে কোন প্রকার স্বার্থ নাই,—এরূপ লোক যদি সংসারে থাকে তাহারাই সুখী। ইহাদের সংসার, সংসার নহে—স্বর্গ। আর সকলই অসার! অসার! অসার! এক হরিনাম ভিন্ন সহজ সুথের বস্তু আর কিছুই নাই। যথার্থ ভালবাসা হইলে মায়া হয়। সে ভালবাসা কোথায়? বরং বিচার করিয়া সংসার দেখিলে, অসারই বোধ হইবে। প্রকৃত মায়া হরিনামে, সংসারে কোন্ সুথের জন্ম মায়া হইবে ?"

গুরুপরিবারের দীক্ষার কথা।

আৰু অপরাহে রামা করিতে করিতে দিদিমাকে তাঁহার ও মা-ঠাক্রণের দীক্ষা বিষয়ে জিজ্ঞাসা
করিলাম। দিদিমা বলিলেন—ঢাকা ব্রাহ্মসমাজে প্রচারক নিবাসে
১৮ই কার্ত্তিন।
থাকার সময়ে একদিন মাঠাক্রণ ঠাকুরকে বলিলেন—"মেয়েরাও তো
সাধন নিচ্ছে—আমি কি পেতে পারি না ?"

ঠাকুর-- "পাবে না কেন ? চাইলেই পাও!"

দিদিমা—গুরু কর্লে তাঁকে তো নমস্বার করতে হয় ? প্রসাদ পাইতে হয় ?

ঠাকুর—"তা কেন ? পঞ্চ রসের একটি ফুটে উঠ্লে আর সকল তাবেরও স্বাদ পাওয়া যায়। বৃদ্ধদেবও তো এরপ দিয়াছিলেন।" দাধন মাঘোৎদবের পরে কোন সময়ে হয়। উপদেশ দেন—"মাংস উচ্ছিষ্ট মাদক খাইতে নিষেধ। যাজ্ঞবল্ধ ঋষি যে নামে সিদ্ধিলাভ ক'রেছিলেন তাই আপনারা গ্রহণ করুন। সদাসর্বদা নাম কর্বেন।" মাঠাক্ষণ নাম শ্রবণ মাত্র—দর্শনলাভ করিয়া সংজ্ঞাশ্ভ হইলেন। প্রাণায়াম দেখিবারও অবসর হইল না। সন্ধ্যার সময় প্রাণায়াম দেখাইতে ঠাকুর মাঠাক্ষণ ও দিদিমাকে উপরে লইয়া গিয়া ব্দিলেন তখন মাঠাক্ষণ ঠাকুরকে বলিলেন—"শান্তিপুরে দিঁ ড়িতে, আমি বাঁকে দে'থে ভয় পেয়েছিলাম, পাকাদাড়ি লালমুখ,—আজ তাঁকেই তো দেখ লাম।"

ঠাকুর বলিলেন—''তুমি ভাগ্যবতী। এই বে পাকাদাড়ি লালমুখ, তিনি অদ্বৈত প্রভূ! সেই সময়েই তোমাকে শক্তিসঞ্চার করেছিলেন। আমি তো তথন ওসব বিশ্বাস কর্তাম না —পাষণ্ড ছিলাম।" কিছুদিন পরে শান্তি কুতু ফণী, স্বরো প্রভৃতির দীক্ষা হয়। শুনিলাম, খ্রীযুক্ত ষোগজীবন গোস্বামীর দীক্ষা বর্দ্ধমানে রাজার নন্দনকাননের শিবমন্দিরে ফান্তুন মাদে হইয়াছিল। ঠাকুর তথায় ব্রাহ্মসমাজের উৎসবোপলকে গিয়াছিলেন। দীক্ষাকালে যোগ-জীবনের অভুত অবস্থা প্রকাশ পাইয়াছিল।

मত্য, যিখ্যা, পাপ-পুণ্য সকলের পক্ষে এক নয়।

একটি গুরুত্রতি। ঠাকুরকে বলিলেন—সত্য-মিথ্যা কি, পাপ-পুণ্য কি অনেক হলে ব্রিতে

ঠাকুর লিখিয়া দিলেন—"মিথ্যা—যাহার লক্ষ্য অসং। সভ্য—যাহার লক্ষ্য সং। কর্ম্ম ছাড়িয়া অনেক সময় নাম করিতে পারা যায় না। নাম না করিয়া বসিয়া থাকিলে হয় পরনিন্দা, না হয় পরচিন্তা, কিম্বা বৃথা চিন্তা, অথবা বিবাদে দিন কাটিবে। শেষে তাস, পাশা, দাবা, পরনিন্দা ইহাতেই সময় যায়। সন্ন্যাসীদের আশ্রমে যাইয়া দেখিয়াছি—কোন স্থানে তাস, কোন স্থানে বিবাদ, কোন স্থানে গল্ল, কোন স্থানে হু'একজন ধ্যানে মগ্ন, জপে মগ্ন। 'পাপ পাপ' কথা—শেখা কথা। পাপ বোধ হইয়াছে কি না ? – একটু পাপ-চিন্তা হইলে অমুতাপে ছট্ফট্ করিতে হয়। এ কার্য্য পাপ, এ কার্য্য পুণ্য—ইহা সকলের পক্ষে এককথা নয়। যে কার্য্যে আমার ধর্মভাবের স্ফুর্ত্তি নষ্ট হয়—তাহাই পাপ; যাহাতে স্ফুর্ত্তি হয়, তাহাই পুণা। বাল্যকাল হইতে শুনিয়া শুনিয়া এবং গ্রন্থাদি পড়িয়া,—ইহা পাপ, ইহা পুণ্য—এই সংস্কার হইয়াছে। কিন্তু বাস্তবিক পাপ কি, পুণ্য কি ? নরহত্যা করিলে পাপ হয়। চট্টগ্রামে সেদিন একটি মেয়ে নরহত্যা করিল। সকলে বলে, 'থুব ক'রেছে, উত্তম কার্য্য হ'য়েছে। এথানে নরহত্যা গণ্য হইতেছে না। চুরি পাপ,—কোন স্থানে পুণ্যও হয়। বাহিরের কার্য্য মানুষে দেখে। ভগবান অন্তরের উদ্দেশ্য দেখেন। চুরি লোকে পাপ বলিতেছে—কোন স্থানে ভগবানের চক্ষে চুরি পুণ্যও হইতেছে। যদি চুরি ডাকাতি, লম্পটতা এ সকল মন্দ জানিয়াও করে, তবে তাহাকে লোকে নিন্দা করিবে। কারণ তাহা ভগবানের ব্যবস্থা। ঐ নিন্দাতে তাহার উপযুক্ত সময়ে আত্মদৃষ্টি আসিবে।"

স্ত্রী-বৃদ্ধি প্রালয়ঙ্করী: শীতল-ষষ্ঠীর কথা: স্বামীর অমর্য্যাদায় উৎকট রোগ।

আজ গুরুলাতারা ঠাকুরের সহিত বিবিধ বিষয়ে আলাপাদি করিতে করিতে সামান্ত লেখা-পড়া শিবিয়া স্থালোকদের স্বামীর প্রতি তুর্নিনীত ভাব সম্বন্ধে বলিয়া আন্দেপ করিতে লাগিলেন। একটি গুরুলাতা নিজের স্থার উৎকট বোগ কিসে আরোগ্য হইবে, জিজ্ঞাদা করিলেন। ঠাকুর শুনিয়া একটি গল্প বলিলেন (শীতল ষ্টার গল্প)—"ব্রহ্মার সঙ্গে ঝগড়া ক'রে সরস্বতী পলাইয়া-ছিলেন। ব্রহ্মা খুঁজে খুঁজে এক মাঠে এলেন। সেখানে আমের বাগান তাতে মুকুল হয়েছে। সম্মুখে যবের আবাদ—তাতে শিস্ ধরেছে। সেখানে ষ্ঠাদেবী বসে আছেন। 'ও ষ্ঠা! আমাদের তাকে দেখেছ ?' 'কেন ঠাকুর, তিনি কি পালায়েছেন ?' 'হাঁ গো, সে হুংখের কথা আর কি বল্ব।' 'বলি, দেখছ ?' 'তাকে দেখালে কি দিবেন ?' 'তুমি আমাকে শীতল কর্বে, তোমাকে 'শীতল্মস্ঠা' ব'লে পূজা চালাবো।' 'ঐ দেখ ঠাকুর আমগাছে। আগেই আমরা বলেছিলাম—'মেয়েন মানুষকে লেখাপড়া শিখাইও না। এই শীতল-ষ্ঠা। অল্প লেখাপড়া শিখে 'জ্রীবৃদ্ধি প্রলয়ন্থরী' হয়।"

পরে লিখিলেন—"পতির প্রতি অসদ্যবহার করিলে, পতিকে সর্বদা কটুবাক্য বলিলে নারীর যন্ত্রণাদায়ক পীড়া ভোগ করিতে হয়;—ইহা শাস্ত্রকর্ত্তরা পুনঃপুনঃ বলিয়াছেন। এ রোগের একমাত্র ঔষধ পতির পদানত হওয়া এবং কৃত অপরাধের জন্ম ক্ষমা চাওয়া। পতি দেবতা, পতি অত্যস্ত ছঃখ-দারিদ্যাতায় পতিত হইলেও নারীর পূজনীয়। পতিও নারীকে ভগবং শক্তি জানিয়া শ্রন্ধার সহিত ব্যবহার করিবেন। এজন্ম আয়ুর্বেবদ চিকিৎসায় কতকগুলি বিশেষ বিশেষ রোগে প্রায়শ্চিত্ত করিয়া থাকেন। কিন্তু এখনকার কবিরাজেরা তাহা জানেন না। সুশ্রুত, চরক বাগভটো ব্যবস্থা আছে।

ন্ত্রী-পুরুষের ভগবং লক্ষ্য হইলে, তাঁহারা সতী ও সং। যথার্থ সতী অতি ছুর্লভ।
—সতী হইলে তবে পতিব্রতা। স্ত্রী যদি স্বামীকে নিঃস্বার্থ ভালবাসে তবে স্বামীর মৃত্যুর পর তাহার শরীর আপনা হইতে মৃত হইবে; সাধু সাধুতে—শান্ত, সেবক-সেব্যে—দাস্য; বন্ধু বন্ধুতে—সখ্য; পিতামাতার—বাংসল্য এবং স্ত্রী-পুরুষে—মধুর।
নিজের কর্মা সকলেই করিতেছে, সম্বন্ধ বোধ,—আমার আমার,—এই মোহ।"

শ্রীধরের কীর্ত্তি।

১। আজ শ্রীধর দ্বিপ্রহরের সময় আহার না করিয়া প্রচণ্ড রোজে রান্তায় বাহির হইয়া পড়িলেন।
মাথার কিছু ঠিক নাই। পথে-বিপথে ঘুরিতে ঘুরিতে বেলা ছ'টার সময়ে ঘর্মাক্ত কলবরে ভবানীপুর
শিবনাথ শাল্পী মহাশয়ের বাদায় উপস্থিত হইলেন। আচার্য্য মহাশয় শ্রীধরকে দেখিয়া ত্রান্ত হইয়া
দরজার নিকট আদিলেন। শ্রীধর অমনি শাল্পী মহাশয়ের পায়ে পড়িয়া নমজার করিয়া জিজ্ঞাদা
করিলেন, মশায়? আপনার কাম গেছে? শিবনাথবাবু বলিলেন প্রায়া এত ব্যন্ত কেন? এসো,
বিশ্রাম কর। এ সময়ে এই দাকণ রোজে এসেছ কেন? শ্রীধর কহিলেন এই কথাটি জিজ্ঞাদা
কর্তে। এখন আমি চল্লাম। আমার অনেক কাজ আছে—এই বলিয়া শাল্পী মহাশয়কে নমজার
করিয়া তিলার্থ্য নিলিয়া আদিলেন। শিবনাথবাবু অবাক?

২। ঠাকুর যথন অভয়বাব্র বাসায় ছিলেন, প্রীধর একদিন অভয়বাব্র ঘরে গিয়া বিদলেন।
অভয়বাব্ কোন প্রয়েজনে তাঁহার একটি বাক্স খুলিলেন প্রীধর অমনি তাঁহার নিকটে গিয়া হাত
পাতিয়া বলিলেন—'দেও টাকা দেও'। অভয়বাব্ কিছু না বলিয়া অমনি ৫টি টাকা প্রীধরের হাতে
দিলেন। প্রীধর উহা টোঁকে গুঁজিয়া বাহির হইয়া পড়িলেন। বেলা প্রায় তিনটার সময়ে প্রীধর
বাসায় আসিয়া একেবারে ঠাকুরের ঘরে প্রবেশ করিলেন। মহেক্রবার্ প্রীধরকে জিজ্ঞাসা করিলেন—
কি প্রীধর ? টাকা নিমে কি কর্লে ? ঠাকুর জিজ্ঞাসা করলেন কিসের টাকা। মহেক্রবার্ তথন
অভয়বাব্র টাকা দেওয়ার কথা বলিলেন। ঠাকুর কহিলেন "কিছু জিজ্ঞাসা না ক'রে চাওয়া
মাত্র প্রীধরকেক টাকা দেওয়া ঠিক হয় নাই। সকলেরই একটা মর্য্যাদা আছে,
প্রয়োজনেই টাকা ব্যয় করিতে হয়। না হ'লে উহার মর্য্যাদা নম্ভ করা হয়।
অভয়বাব্ এভাবে টাকা অপব্যয় কর্লে, টাকার অভাব ভোগ কর্বেন।"
প্রীধর ঠাকুরের কথা শুনিয়া খল্থল্ করিয়া হাদিয়া উঠিলেন এবং টাকা গাঁচটি টোঁক হইতে খুলিয়া
লইয়া অভয়বাব্র হাতে দিয়া বলিলেন—নেন্ মশায়, টাকা নেন্। অভয়বাব্ জিজ্ঞাসা করিলেন—ভবে
নিয়েছিলে কেন ? প্রীধর বলিলেন টাকা সঙ্গে থাক্লে কি প্রকার ভড়িৎ থেলে, তাতে শরীর মনের
কিরপ অবস্থা হয় দেশ্বার জ্ঞ টাকা নিয়েছিলাম। এখন আপনার টাকা আপনি নিন্ আমিও
বীচলাম।

৩। একদিন শ্রীযুক্ত খামাকাস্ত পণ্ডিত মহাশয় একটি উৎকৃষ্ট কাঁটাল পাইয়া তাহা খাওয়ার জ্বন্ধ একধানা পাথরের থালায় ছাড়াইয়া রাখিতে লাগিলেন। শ্রীধর তথন অগ্র ছিলেন। হঠাৎ আসিয়া দ্ব হইতে উহা দেখিয়া পণ্ডিতের ঘরের দ্বারে পাঁহছিয়া অস্ত হইয়া বলিলেন—হায় পণ্ডিত ? তুমি যে ঠ'কে গেলে উৎকৃষ্ট পাতক্ষীর ঠাকুর হাতে ধ'রে সকলকে দিচ্ছেন, জ্বিজ্ঞানা কর্লেন পণ্ডিত

মশায় কোথায়? আর তুমি এথানে কাঁটাল ছাড়াচ্ছ? পণ্ডিত মহাশয় শুনিয়া অমনি লাফাইয়া উঠিলেন এবং ছুটিয়া ঠাকুরের নিকট চলিলেন ঠাকুর ধ্যানস্থ ছিলেন। পণ্ডিত মহাশয় ঠাকুরের ঘরের ঘারে পঁছছিবামাত্র ঠাকুর মাথা তুলিয়া ঈষং হাস্তম্থে পণ্ডিতের দিকে তাকাইয়া আবার চোথ ব্ঝিলেন। পণ্ডিত তথন লচ্ছিত হইয়া নিজ কুটিরের দিকে আদিতে লাগিলেন—দ্র হইতে দেখিলেন শ্রীধর ছাড়ান কাঁঠালগুলি গপ্ গপ্ করিয়া মুখে কেলিতেছেন আর চঞ্চলদৃষ্টিতে পণ্ডিতের পানে তাকাইতেছেন। পণ্ডিত শ্রীধরের কীন্তি দেখিয়া দরজায় পম্কিয়া দাড়াইলেন এবং বলিলেন— একি প্ তুমি একি কর্ছ প কাঁঠালগুলি দব মেরে দিলে। শ্রীধর অবশিষ্ট ওাও কোয়া কাঁটাল পণ্ডিতের দিকে ছুড়িয়া দিয়া খ্ব তেজের সহিত বলিলেন—'নেও আর খাব না—খাওয়ার জিনিসেন নজর দিলে।' এই বলিয়া লাফাইয়া উঠিলেন। পণ্ডিত বলিলেন—উঃ! তুমি এমন বিষম লোক প্ মিথাা কথা বল্তে একটু ভাব লেনা। শ্রীধর বলিলেন—'কি বল্লে পণ্ডিত প মিথাা কথা! আরে কথা আবার সত্য হয় কিরপে প কথা তো মায়ার কার্যা—মায়া নিজেই মিথাা, কথা কিরপে সত্য হবে প্ শুকর নামই সত্য, আর সব মিথাা, যাও এখন ব'দে নাম কর— আর কাঁটাল খাও।'

ন্ত্রী-বিয়োগে শোকার্ত্তকে জন্ম-মৃত্যু দম্বন্ধে উপদেশ ঃ নিজের ইচ্ছায় কিছুই হয় না—ঠাকুরের আত্মজীবনের কথা।

আন্ত একটি গুরুত্রাতা স্ত্রী-বিয়োগে শোকার্ত হইয়া ঠাকুরের নিকটে আক্ষেপ করিতে লাগিলেন।
ঠাকুর লিথিলেন—"বিপদে অধৈর্য্য হইলে, ততই বিপদ চাপিয়া ধরে। অধীর হইলে
কিছু লাভ নাই; বরং উপায় গ্রহণে ব্যাঘাত হয়। বিবাহের ইচ্ছা হইলেই যে
করিতে হইবে তাহা নহে। যখন আপনাকে কিছুতে সংবরণ করা যায় না তখন
বিবাহ করা উচিত। লোকের পরামর্শে বিবাহ করা উচিত নহে। কিছুদিন
আপনাকে পরীক্ষা করিয়া পরে স্থির করিতে হয়। স্ত্রী যুবতী হয়—পুরুষের বয়স
অধিক হয়—স্ত্রী কখনই সম্ভাষ্ট থাকে না। প্রায় স্থলেই ব্যভিচার দেখা যায়—
কোন ঘটনা ভালও দেখিয়াছি।"

ঠাকুর একটু থামিয়া আবার লিখিলেন—"জন্ম হইলে মৃত্যু হইবেই হইবে। রাজা পৃথু, জনক, মান্ধাতা, হরিশ্চন্দ্র, দশরথ, ছর্য্যোধন, রাবণ, কংশ,—ইহারা কত দিগ্বিজয় করেছেন, কিন্তু তাঁহারাও শ্মশানে ভশ্মীভূত। যাঁরা অবতার—জীরামচন্দ্র, জীকৃষ্ণ, বলরাম,—ইহারাও দেহত্যাগ করিয়াছেন। জন্ম-মৃত্যুর যে কি রহস্য জানিয়াও নিস্তার নাই। এই মৃত্যু কত মঙ্গলের জন্ম তাহা অনেকে চিন্তা করেন না। একজন

চিররোগী, অসহ্য যন্ত্রণা—যদি মৃত্যু না হয়, তাহার উপায় কি ? কত জীব-জন্ত মরিতেছে, কে তাহার খবর লয় ? কতস্থানে কত নরনারীর মৃত্যু হইতেছে, তাহা কে জানে ? আমার বাটীর ঘটনা হইলেই আমার চিন্তা। রোজ এক লক্ষ লোক জন্মায়, এক লক্ষ মরে। প্রদীপের তৈল ফ্রাইলে নিবিয়া যায়,—মৃত্যুও সেইরূপ। সংসারে যাদের আসক্তি, তাদেরই মৃত্যু ভয়।

এই পাখা যদি যত্নপূর্বেক রাখ, শত বর্ষ থাকিবে, কিন্তু মানুষ থাকিবে না,—
ইহা কখনই মনে হয় না। আমার যখন ১২ বংসর বয়স, সেই সময়ে, আমাদের
একজন খেলিবার সঙ্গী মরিয়া যায়। আমাদের একটি মেটে-দেল্কো ছিল,
তাহাতে প্রদীপ রাখিয়া রাত্রিতে পড়িতাম ও খেলা করিতাম। এ সঙ্গীটি মরিলে,
একদিন ঐ দেল্কো দেখিয়া মনে হইল যে, এই মাটির বস্তাটি আছে,—দে নাই, ইহা
হইতে পারে না। তাহার পর যে কাঁটালভলায় খেলা করিতাম, সেই গাছটি
দেখিয়াও মনে হইল,—কাঁটাল গাছ আছে, সে কোথায় ? অবশাই আছে। ঐ
সকল ভাব মনুয়োর সভাবে আছে—ইহার পরের অবস্থা যাহা, তাহা প্রত্যক্ষ না
হ'লে হয় না।

মৃত্যু দিন-রাত্রির মত স্বাভাবিক কার্য্য। জন্ম-মৃত্যু—একই মোহ। যথন জন্মমৃত্যু, বৃক্ষের পত্র পতিত হওয়া ও গজান-বং বোধ হইবে, তথনই আমি কি, যথার্থ
বৃঝিতে পারিবে। নিজের ইচ্ছায় কিছুই হয় না। অনেক সময় নিজের ইচ্ছা দেখে
এমন মনে হয়—উহা কিছুই নহে। মনে যদি শুভ ইচ্ছা আসে তখন ভগবানের
সেবা উদ্দেশ্য করিলে, বন্ধন কাটিয়া যায়। যখন যাহা প্রয়োজন; ভগবং ইচ্ছাতে
সম্পন্ন হয়। যথার্থ যদি শিশুর মৃত থাকিতে পারি, তাহা হইলে মাতা সর্ববদাই
দৃষ্টি রাখেন।"

নিজের ইচ্ছা-চেষ্টায় কিছুই হয় না, ভগবৎ ইচ্ছায়ই দব,—ইহা ব্ঝাইতে ঠাকুর নিজ জীবনের কথা লিখিয়া দিলেন—"যখন চিকিৎসা করিতাম, এই ঔষধটি দিলেই ঐ রোগ আরাম হইবে। ক্রমে দেখি তাহা হয় না। ঐরপ দেখিতে দেখিতে তখন বৃঝিলাম যে, ঔষধ কিছুই নহে। ভগবানের কৃপা চাই। প্রচার করিতে গেলাম, প্রথম যেখানে যাই,—সমস্ত লোক এক মনে শোনে, সাহায্য করে। ক্রমে দেখি, লোকের সেভাব, আমার কথায় কিছু হয় না। তখন বুঝিলাম,—আমার শাস্ত্রজ্ঞান, বক্তৃতার

ক্ষমতা কিছুই নহে,—ভগবৎকৃপাই সমন্ত। এইরূপে পুরুষকারে আঘাত খাইয়া খাইয়া এখন বুঝিতেছি—আমি কিছুই নই; অসারের অসার! ভগবানই সর্বক্তর্গা,—ঐহিক পারত্রিক বিধাতা। আমার নিজের জীবন চিন্তা করিয়া দেখি, আমি ইচ্ছাপুর্বক ভাবিয়া-চিন্তিয়া কিছুই করি নাই। টোলে পড়িতাম, গোঁড়া হিন্দু ছিলাম। হঠাৎ সংস্কৃত কলেজে গেলাম। অজ্ঞাতসারে বৈদান্তিক হইলাম। পরে ব্রাহ্মসমাজে গেলাম। প্রচার করিলাম, চিকিৎসা করিলাম। আবার ঘ্রিয়া-ফিরিয়া বর্ত্তমান অবস্থায় আসিয়া পড়িয়াছি। নিজের ইচ্ছা কিছুই নহে। যাহার যখন সময় হয়, মরিয়া যায়। মৃত্যুর পর জন্ম হইলে তখন প্র্বের কিছুই মনে থাকে না। তাহাতে আর হুঃখ কি? যতক্ষণ না জন্ম হয়, ততক্ষণ প্রেবর কথা মনে থাকে। সমস্ত ঘটনাই মঙ্গলের জন্য—ইহাতে সন্দেহ নাই।"

একটু পরে ঠাকুর নিজ হইতে লিখিলেন—"এখন যে 'আমি' এই 'আমি' পড়িয়া থাকিবে; ভগবং ভাব বা স্বরূপ যথার্থ 'আমি' গুরুশক্তি লইয়া উঠিয়া থাইবে। স্বরূপের তাৎপর্য্য শাস্ত, দাস্তা। শাস্ত্রেই আছে যে, যেরূপ চিস্তা, কার্য্য সমস্ত জীবনে করে, মৃত্যুকালে তাহারই চিস্তা আসে। দৃষ্ঠান্ত ভরত। মৃত্যুকালে হরিশ্বৃতি সকলের ভাগ্যে হয় না। জীবনে যেমন চিস্তা, স্বপ্নেও সেইরূপ—মৃত্যুকালেও ঐরূপ। গুরুতর পাপ করিলে অথবা কোন বস্তুতে কি জন্ততে অত্যন্ত আসক্তি হইলে, অধোগতি হয়। ভরত হরিণ হইতে ব্যহ্মণ হইয়া সমস্ত সঙ্গ ত্যাগ করিয়া জড়ের মত রহিলেন। এইবারই মৃক্ত হইলেন। আত্মা নির্ম্মল হইলেও সেই মৃহুর্তে জন্ম হইতে পারে,—নির্ম্মল কিন্তু বাসনা আছে।"

সকল বাসনাই কি অনিষ্টকর ?

ঠাকুরের কথা শুনিয়া দকলেই অবাক্ হইয়া রহিলেন। ধীরে ধীরে একটি গুরুলাতা জিজ্ঞাসা করিলেন—বাদনা কাকে বলে ? দকল বাদনাই কি আত্মার উন্নতির পথে অনিষ্টকর ?

ঠাক্র লিখিলেন—"আমার থুব ধর্ম্ম হউক—লোকে মান্ত করিবে; স্বর্গভোগ হউক, আমি ধর্ম্মপ্রচার করিয়া জগৎ উদ্ধার করি, ধন দেও, যশ দেও, পুত্র-কন্তা দেও ইত্যাদি বাসনা। তোমার দাস কর, সথা কর, ভক্ত কর, সমস্ত বাসনা হইতে মুক্ত কর। নিজের সুখের ইচ্ছা ভোগ। যতক্ষণ নিজের সুখ-ইচ্ছা আছে—সে . 1

দাস কি স্থা হইতে পারে না। আমিও নাশ একেবারে হয় না। উহা বাসনা। নিজের জ্ঞা তাই বাসনা। আমাকে মুক্ত কর, ইহাও বাসনা,—কিন্তু এ বাসনা ভাল।"

অসামান্ত শক্তিলাভের উপায় : মহাপুরুষের বত্রিশ লক্ষণ।

আমি ভাবিয়াছিলাম, শালগ্রাম পূজা ছাড়িয়া দেওয়াতে সাধন-ভজনে আমার অস্থবিধা ও ক্ষতি হইবে, কিন্তু ঠাকুরের কুপায় দেখিতেছি, আমার কোন অনিষ্টই হয় নাই; বরং ঐ পূজা ছাড়িয়া দেওয়াতে পূর্বাণেক্ষা আরো ভাল আছি। পূর্ববং নিয়মিত সন্ধ্যা তর্পণ হাসাদি কার্য্য প্রতিদিন করিতেছি। শালগ্রাম নাই বটে কিন্তু মনে মনে ফুল, চন্দন, তুলসী প্রভৃতি পূজোপকরণ সংগ্রহ করিয়া রীভিমত ঠাকুরপ্জা করিয়া থাকি। বাহ্যপূজা অপেক্ষা মানসপূজায় অধিক আনন্দ পাই-তেছি। গুক্লভাতারাও এখন আর কেহ আমার বিক্ষ নন্। বেশ আরামে আছি। সাধন-ভজন, নামধ্যান ছুটিয়া যাওয়ায় যে বিয়ম অবস্থায় পড়িয়াছিলাম,রিপুর উভেজনাও অত্যাচারে উভপ্তইয়াছিলাম, ঠাকুরের কুপায় বিনা চেটায় আপনা-আপনি তাহা প্রশমিত হইয়াছে। ক্তদিন ঠাকুর এ অবস্থায় রাথিবেন জানি না।

অত্যাত্ত দিনের মত অপরাত্নে গুরুত্রাতারা সকলে আদিয়া উপস্থিত ইইলেন। একজন ঠাকুরকে জিজ্ঞাসা করিলেন—"যোগ-সাধন করিলে নানাপ্রকার অলৌকিক শক্তিলাভ হয়,—শুনি। আমরা এতদিন সাধন পাইয়াছি,—কিছুই তো বুঝিলাম না ? ষাহা বলিয়াছেন, যতটা পারি করিতেছি, কিন্তু বেন্ধান কি, ভগবান কি, —কিছুই তো বুঝিলাম না ।"

. ঠাকুর বিথিয়া উত্তর দিলেন—"পূর্ব্বে আচার্য্যগণ সাধকদিগকে শেষ যে লক্ষ্য তাহা বলিতেন না কেবল পথের উপদেশ দিতেন। এজন্য তাঁহারা গোলে পড়িতেন না। এখন আমরা অনেক বিষয় জানিয়াছি, অথচ প্রকৃত জানা হয় নাই। পথে চলিলে, ক্রুমে দেখা যায় যে, গম্যুস্থানের নিকট যাইতেছি। প্রথমে সে বিশ্বাস হয় না। মুখে বলিলে ফল নাই। ঠিক সময় মত যাহা, তাহা না হইয়া, অসময়ে কিছু হইলেই বিশৃজ্বল। কর্ম্ম নিস্কাম হইলে আর উপার্জন করা কঠিন। ভগবানের ইচ্ছায় সমস্ত; প্রারক্ষ কেবল কথা।"

ঠাকুর আবার লিখিলেন—"উপনিষদে আছে, বরুণের নিকট তাঁহার পুত্র জিজ্ঞাসা করিল—'ব্রহ্ম কি ?' উত্তর—'তপস্তা কর।' তপস্তা করিয়া যাহা জানিল,—বলিল যে, 'ব্ৰহ্ম অন।'। উত্তর—'তপস্থা কর।' তপস্থা করিয়া বলিল—'ব্ৰহ্ম প্রাণ।' 'তপস্থা কর।' তপস্থা করিয়া বলিল—'ব্ৰহ্ম মন।' 'তপস্থা কর।' তপস্থা করিয়া বলিল—'ব্ৰহ্ম বলিল—'ব্ৰহ্ম বলিল—'ব্ৰহ্ম বলিল—'ব্ৰহ্ম বলিল—'ব্ৰহ্ম বলিল—'ব্ৰহ্ম বলিল—'ব্ৰহ্ম বলিল—'ব্ৰহ্ম বিভার অধিকার হইল। তখন উপদেশ।

লোকে কোন কাজ করিবে না,—কেবল শক্তি চায়। তোমরা এক বংসর বীর্যরক্ষা কর এবং মিথ্যাকথা বলিও না,—মিথ্যা কল্লনাও করি না; আমি নিশ্চয় বলিতেছি, তোমাদের বাক্সিদ্ধি হইবে। লোকে শক্তি শক্তি করে, শক্তিলাভ অতি তুচ্ছ পদার্থ। যাঁহারা ঈশ্বরকে চান এবং সেইদিকে অগ্রসর হইতে থাকেন—তাঁহাদের পিছে পিছে শক্তি সকল আসিতে থাকে,—কিন্তু তাঁহারা ঘূণা করিয়া তাঁহাদের প্রতি একবার দৃষ্টিও করেন না। যেদিন ২৪ ঘণ্টায় একটি শ্বাস-প্রশ্বাস বৃথা না হইয়া, নাম চলিবে, সেইদিনই সিদ্ধিলাভ হইবে। আমার বলা উচিত নয়, কিন্তু তথাপি বলিতেছি—আমি সাধন পাইয়াছি পর ৩ বংসর পর্যান্ত এইরপ শ্বাস-প্রশ্বাসে নাম ঠিক হইয়াছিল না। কিন্তু হঠাৎ একদিন ঠিক হইয়া যায়। আমাদিগের সাধনপথ—সত্যুর্গের ঋষিপথ। এই পথে ধর্ম্ম সম্বন্ধে সকল সম্প্রদায়ের সহিতই আমরা মিশিতে পারি। কিন্তু গৃহীদিগের সামাজিক রীতি-নীতি রক্ষা করিয়া চলিতে হইবে। আত্ম-প্রশাংসা না করা, কাহারও স্থামী বিশ্বাস নম্ভ না করা, ধর্মের বুজ ফুগী না করা,—সাধুর সামাত্ম লক্ষণ। সাধু-বেশীর ঐগুলি লক্ষ্য রাথিতে হইবে। যাঁহার নিকটবর্ত্তী হইলে, হ্রদয় নিহিত ধর্ম্মভাবগুলি প্রস্কৃটিত হয়, আপনা হইতে ভগবানের নাম রসনায় উচ্চারিত হয় এবং পাপ সকল লজ্জিত হইয়া পলায়ন করে,—তিনিই সাধু।"

একজন জিজ্ঞাসা করিলেন—বাহিরে, শরীরের কোন লক্ষণ দারা কি মহাপুরুষদের ধরা যায় না ? ঠাকুর—"শাস্ত্রে মহাপুরুষের ৩২টি লক্ষণ দিয়াছেনঃ—

পঞ্চ দীর্ঘঃ পঙ্চসূক্ষাঃ সপ্তরক্তং যড় সতঃ। . ত্রিহ্রস্ব পৃথু গন্তীরো দ্বাত্তিংশৎ লক্ষণোমহান্॥

নেত্র, পাদ, করতল, অধর, ওষ্ঠ, জিহ্বা, নখ,—এই সাত অঞ্চ রক্তিম। বক্ষ, ক্ষা, নখ, নাসিকা, কোটি ও মুখ,—এই ছয় অঙ্গের তুঙ্গতা (উচ্চতা)। কোটি, ললাট, বক্ষ,—এই তিন অঞ্চ বিস্তার। গ্রাবা, জ্বজ্বা, শিশ্ন,—এই তিন অঞ্চর খর্ববতা। নাসা, তুজ, নেত্র, হত্নু (গণ্ডদেশের

উপরিভাগ—চোয়াল) ও জানু,—এই পাঁচ অঙ্গের দীর্ঘতা। ত্বক, কেশ, লোম, দন্ত অঙ্গুলিপর্ব্ব,—এই পাঁচ অঙ্গের সূক্ষতা। এ সমস্ত মহাপুরুষের লক্ষ্মণ।

পালনীয় উপদেশ।

প্রশ্ন—'উপদেশ তো অনেক শুনিলাম, আমাদের বিশেষ পালনীয় কি, বুঝিতেছি না ?'
ঠাকুর—"(১) শারীরিক ও মানসিক পরিশ্রম চাই। (২) বল বৃদ্ধি চাই! (৩)
রেভঃরক্ষা চাই।"

প্রশ্ন—শারিরীক পরিপ্রম কি ?

७खत्र-"थागाग्राम- १'(तना।"

প্রশ্ন-'মানদিক পরিশ্রম কি ?' উত্তর—"এক নাম জপ, কীর্ত্তন সদালাপ।" প্রশ্ন—'বলবৃদ্ধি কিরপ ?' উত্তর—"শারিরীক বল ও মানদিক বল।" প্রশ্ন—রেতঃ-রক্ষা কিরপ ?' উত্তর—"আসন করা, মূদ্রা করা, স্ত্রীলোক দর্শন না করা, ম্পর্শ ও আলাপ না করা। (৪) সকল গুরুত্রাতাদের ভালবাসা, সাধনের প্রধান অল । (৫) গুণ দেখাই ভাল। দোষ দেখিলে, নিজে দোষী সাব্যস্ত হইবে। (৬) ধৈর্য্য চায়। (৭) গুরুত্রাণে ভবেৎ মৃত্যুঃ। (৮) সংসার বৃক্ষ ছেদন না করিলে কৃষ্ণ পাওয়া কঠিন। (৯) খৃষ্টানের স্থায় বিশ্বাসী, বৈষ্ণবের স্থায় ভক্ত এবং মুসলমানের স্থায় নিষ্ঠবান হইতে হইবে।"

অপবিত্র হাতে ঠাকুরকে খাবার দিতে উল্যোগঃ বিনিময়ে ঠাকুরের বরদান।

ক্ষেকদিন হয় কি ভয়ানক অপরাধজনক কার্য্য হইতে দয়াল ঠাকুর আমাকে রক্ষা করিয়াছেন ভাবিতে শরীর শিহরিয়া উঠে। একদিন রাত্রি প্রায় ভিনটার সময়ে অকমাৎ ঘুমাইয়া পড়িলাম। অমনি ম্বপ্রদোষ হইল। তথনই জাগিয়া উঠিলাম। মনটি বিরক্তিপূর্ণ হইল, মাথা গরম হইয়া গেল। ভাবিতে লাগিলাম—এতকাল সাধন, ভজন, তপস্থাদি করিয়া আমার আর কি হইল। এক বীর্য্যধারণের জন্ম থে এত করিলাম তাতো কিছুই হইল না। ব্রক্ষচর্য্য গ্রহণের সঙ্গে এক পরিমাণে আহার করায় পেট ভরিয়া একদিনের জন্মও ধাই নাই। বহুকাল যাবত এক-চতুর্পাংশ জল দারা পূর্ণক্ষ্ধা নির্ত্তি করিছেছি। সারাদিন সাধন-ভজনে কাটাই। বাজে আলাপ, বাজেকাজে সময় নই করি না। ২৪ ঘণ্টা নতশিরে থাকিয়া ঠাকুরের সন্ধ করিভেছি, তাঁর শরীরে আঁচ সর্বন্য পাইভেছি। এত করিয়াও আমার এ দশা। মনের বিকার গেল না, দেহ শুদ্ধ হইল না। আমার সমস্ত চেষ্টাই তো ব্যর্থ হইল

দেখিতেছি। ঠাকুরের দ্যার উপরে নির্ভর করিয়াই বা কি হইতেছে। তিনি তো আমা সম্বন্ধে সম্পূর্ণ উদাদীন। না হ'লে তাঁর ৩।৪ হাত অন্তরে নিজিত অবস্থায় আমার বীৰ্যাপাত হয়, আর তিনি মন্ত্রা দেখেন। ইচ্ছা করিলে কি এ আপদে তিনি আমাকে রক্ষা করিতে পারেন না ? ইচ্ছা করা বাতীত তাঁর কি এতে কোন পরিশ্রম করিতে হয় ? এ সকল ভাবিয়া ঠাকুরের উপরে অভিশয় অভিমান জন্মিল। তিনিই আমাকে ভোগাইতেছেন মনে করিয়া তাঁহার উপর ক্রোধ হইল। এই সময়ে ঠাকুর আমাকে ডাকিয়া বলিলেন—"ব্রহ্মচারী চু'খণ্ড মিপ্রি দেও, আমি জল খাব"। আমি বিরক্তিপূর্ণ মনে অপবিত্র হন্ত স্বন্ধেও উহা থাক্গিয়ে মনে করিয়া ঠাকুরকে মিশ্রি দিতে আলমারীর নিকট গেলাম। ঠাকুর তথন আমাকে বলিলেন—"ব্রহ্মচারী! খাবার দেবার পুর্বেব হাত ধু'য়ে নিতে হয় : এই জল নেও।" এই বলিয়া কমগুলুর জল দিতে হাত বাড়াইলেন। আমি সামাগু মাত্র ব্দল হাতে দইয়া উহা মেকেতে ছড়াইয়া ফেলিলাম এবং মিশ্রি দিতে উত্তত হইলাম। হাত কিছুই পরিষার হইল না। ঠাকুর তথন আবার বলিলেন — "হাত একটু ভাল ক'রে ধু'য়ে নিলে হয় না।" আমি তথন লজ্জিত হইয়া বাহিরে চলিয়া গেলাম এবং হাত পরিষার করিয়া ধুইয়া আদিয়া ঠাকুরকে মিশ্রি দিলাম। ঠাকুর মিশ্রি মূথে দিয়া জলপান কবিলেন। তিন চাবদিন বাবং নিয়ত এই বিষয় মনে হওয়ায় আমি জলিয়া-পুড়িয়া যাইতেছি। কথায় কথায় আজ আমি মহে জবার, মোহিনীবাৰু প্রভৃতি গুরুভাতাদের নিকট এই বিষয় বলিলাম। তাঁংবা ভনিয়া অগ্নিমৃতি হইলেন এবং অত্যন্ত গালাগালি করিতে লাগিলেন। জাঁহারা কহিলেন—'তুমি এইভাবে ঠাকুরের পেবা কর বলিয়াই ঠাকুরের যত অহার। ঠাকুরের নিকটে ধাহাতে আর তুমি থাকিতে না পার আঞ্চই আমরা তা করিব।' এই বলিয়া উহারা ঠাকুরের নিকট উপস্থিত হইলেন এবং আমার ত্লাগ্যের কথা ঠাকুরকে বলিয়া কহিলেন —'ব্ৰহ্মচারী যধন এত নোংবা তখন তার হাতে আপনি কোন সেবা গ্রহণ না করেন আমাদের ইচ্ছা। আপনার যত রোগ সমস্ত বন্ধচারীর সেবার দক্ষণ। বিষ্ঠা, মুত্র, রক্ত, ভক্র বে অনারাদে গুরুকে থাওয়াইতে পারে, গুরুর নিকটে তাকে এক মিনিটও থাকিতে দেওয়া যায় না।' মহেজবাৰু যথন এ সকল কথা ঠাকুবকে বলিতে লাগিলেন আমি বারান্দায় দাড়াইয়া ভনিতেছিলাম। উহার কথা শেষ হইতেই আমি ঘরে প্রবেশ করিলাম। ঠাকুর আমাকে বলিলেন—"ব্রহ্মচারী! মহেন্দ্রবাবু যা বল্লেন তা ঠিক ? তুমি যথাথই কি ওরূপ করেছিলে ?" আমি বলিলাম—'মহেন্দ্ৰবাৰু যাহা বলিলেন তাহা সমন্তই সত্য, মধাৰ্থই আমি নোংবা হাতে আপনাকে মিল্লি দিতে গিয়াছিলাম।' ঠাকুর আমার সত্য কথা ভনিয়া ধ্ব আনন্দলাভ করিলেন, ছলছলচকে সংগ্রহ-দৃষ্টিতে আমার পানে তাকাইয়া বলিলেন—"এখন থেকে ডোমার ঐ হাতে যা' আমাকে দিবে প্রম প্রিত্র মনে ক'রে আমি তা' গ্রহণ কর্বো। একটি কাজ ক'রো—্যা' নিজে খেতে পার না তা' আমাকে দিও না।"

হায়! আজ আমি কি করিব ? মাথা খুঁড়িয়া মরিতে ইচ্ছা হয়। দেখিতেছি এমন কোন পাপকার্য তুর্ব্যবহার করিতে পারি না যাহাতে ঠাকুরের স্নেহ-মমতা-দ্যাকে অভিক্রম করিতে পারি । ধন্ত ঠাকুর ! এই দ্বণিত পাযওকেও তুমি আপনার বলিয়া গ্রহণ করিয়াছ! তোমার এ দ্যা যে আমার অনহ হইল! এখন আমি কি করি! বছজন্মের ভজন, দাধন, ভীত্র তপস্থায় যে অবস্থা মান্ত্রের লাভ হয় না, আমার জ্বন্ত কার্ধের প্রতিফলে তাহা তুমি অনায়াদে আমাকে দিলে! তোমার প্রতি অত্যাচারের দণ্ড, অত্যাচারীর প্রতি তোমার সঙ্গেই দ্যা ব্যবহার—একি অভ্ত কাণ্ড!

প্রকৃত স্বভাব হুর্কোধ্য।

ঠাকুর রাহ্মধর্ম-প্রচারক অবস্থায় হিজ্ লি-কাঁথি, এক দস্থার বাড়ী বিপন্নাবস্থায় গিয়া আশ্রয় নিয়াছিলেন। কথায় কথায় তাহা লিখিলেন—"আমি এবং আরো তুইজন হিজ্ লি-কাঁথি গিয়াছিলাম। যথন কাঁথিতে পঁছছিলাম তখন রাত্রি, ঘোর অস্ককার, মেঘগর্জেন, বৃষ্টি। আমরা পথ না পাইয়া এক ব্যক্তির বাড়ীর মধ্যে গিয়া ঘরের ভিতরে প্রবেশ করিলাম। পায়ে একটি মানুষ ঠেকিল; দেটি ক্রীলোক। হঠাৎ উঠিয়া আলো জ্রালিয়া এক পাশে দাঁড়াইয়া রহিল। এমন সময়ে পুরুষটি আসিল। ভীমের মত। জিজ্ঞাসা করিল—'তোমরা কে?' আমি বলিলাম—আমরা পথিক, পথ হারাইয়াছি। মাষ্টারের বাসায় যাইব। সে আমাদিগকৈ সঙ্গে করিয়া দিয়া আসিল। যতদিন ছিলাম;—আলাপ করিত। তাহাকে দেখিয়া স্থানীয় ভদ্রলোকেরা বলিলেন—'ইহাকে কোথায় পাইলেন ?' এ দিনের বেলায় ডাকাতি করে! পথে লোকের সঙ্গে বাগড়া করা ইহার স্বভাব।"

একজন বলিলেন—'নাছ্যের সাধারণ কাণ্য দেখিয়া ভিতরের অবস্থা ব্যা যায় না। স্থভাব মাছ্যের এই এক রকম, পরেই আর এক রকম দেখা যায়। যথার্থ স্থভাব যে কি; — কার্য দেখিয়া ধরা যায় না।' ঠাকুর—"যতক্ষণ শরীর, মন, আত্মার ঐক্য না হয়়, ততক্ষণ আমার পক্ষে ভাহা স্বাভাবিক নহে। স্বভাবই ধর্ম। সমস্ত মন্ত্য়া-স্থভাবে, একভাও আছে, স্বতন্ত্রভাও আছে। কেবল মন্ত্য়া বলিয়া কেন, স্প্ত বস্তার প্রত্যেকেরই স্বভাবে একভাও বিচিত্রভা আছে। আমি যেমন সকলের সঙ্গে কতকগুলি বিষয়ে এক—তেমনই আবার ভিন্ন। এজন্ম, মন্ত্য়া রুচি বিভিন্ন। আমার শরীর, মন, আত্মার যথন ঐক্য হইবে তাহাই স্বভাব, তাহাতেই আমার মঙ্গল। সমস্ত জগতের যে সকল বস্তু স্বভাবে আছে তাদেরই আনন্দ। চন্দ্র, স্থ্যা, পর্বেভ, সমুদ্র, বৃক্ষ-লতা, ফল-মূল,

পশু-পক্ষী সমস্ত আনন্দময়। মহুষ্যও যত্টুকু স্বভাবে থাকে তত্টুকু আনন্দ পায়।
মহুষ্যের স্বভাব যত বিকশিত হয়, আনন্দও তত প্রকাশ হয়। যাহারা পাপ চিন্তা,
পাপ কার্য্য দ্বারা স্বভাবকে বিকৃত করিয়াছে, তাহারা নিরানন্দ ভোগ করে। পাপে
শরীর রুগ্ন হয়,—মন অপবিত্র হয়; পুণ্যলাভ করিয়া, স্বভাব লাভ না হইলে
আনন্দ পায়না। রোগ ও পাপ যন্ত্রণায় জীবন গত হয়।

ধর্ম্ম হইতে ভ্রষ্ট হওয়া, ইহাও একপ্রকার উন্মন্ততা; — বৈগুলাস্ত্রে লিখাছেন।
মন্তিক্ষের মধ্যে মনের ভাব প্রকাশ করিবার জন্ম অংশ সকল আছে। তাহার যে
অংশে পীড়া হয়—তাহারই বিকৃত অবস্থা। যেমন অন্ধ্য দেখে না; কিন্তু আত্মার
দেখিবার শক্তি আছে।

পরে ঠাকুর আবার লিখিলেন — "দেবতা ও অসুর উভয়ে একই পিতার সন্তান। দেবতা যিনি, তিনিও অসুর হইতে পারেন,—অসুরও দেবতা হইতে পারেন। বৃহদারণ্যক উপনিষদে আছে— 'দেবাসুরা প্রজ্ঞাপত্যাঃ'। যাঁহারা শাস্ত্র মানিয়া চলেন তাঁরা দেবতা। যাঁরা নিজের বুদ্ধিতে চলেন তাঁরা অসুর।"

আৰু দীপাৰিতা—সমন্ত সহর আলোকময়। যাহার যেমন সাধ্য নানা প্রকার দীপমালার আপন আপন বাড়ীঘর স্থমজ্জিত করিয়া, মা কালীর আনন্দ বর্দ্ধন করিতেছে। আজ সকলেরই মনে আনন্দ-উৎসাহ। কলিকাতা সহর আজ সকলকে লইয়া যেন নৃত্য করিতেছে। আমাদের বাড়ীতেও আজ খুব সংকীর্তনোৎসব। সন্ধ্যার পরই কীর্ত্তন আরম্ভ হইল। ঠাকুর ভাবাবেশে মন্ত হইয়া নৃত্য আরম্ভ করিলেন। শ্রীধর, বিধু ঘোষ প্রভৃতি গুরুত্রাতাগণ সকলেই মাতিয়া গেলেন। বছক্ষণ পর্যান্ত কীর্ত্তন হইল। সংকীর্তনের পর হরিল্ট বিতরণ করিয়া ঠাকুর আসনে বসিলেন।

'নেদং যদিদমুপাসতে।' ভগবৎলাভের প্রকৃষ্ট উপায়।

একজন প্রশ্ন করিলেন—'দেবদেবীর উপাসনা ছারা কি মৃক্তি লাভ হয় না ? ভগবানে কি উপারে ভালবাসা জন্মাবে ?—ভগবানের উপাসনা কথন করিতে পারিব ?'

ঠাকুর—চন্দ্র, সূর্য্য, বরুণ, অগ্নি, ইন্দ্র, ব্রহ্মা, বিষ্ণু, শিব,—এ সমস্ত দেবভার যাহারা পূজা করে তাহারা সকাম পূজা করে। তাহারা এই সকল দেবতা ভিন্ন আর কিছু পাইবে না। ব্রহ্মকেও দেবতা বলিয়া পূজা করিলে দেবতাই লাভ করিবে। 'যে যথামাং প্রপাত্তম্ভে তাংস্তথিব ভজাম্যহম্।' যে আমাকে যেরূপে

ভজনা করে, আমি তাহাকে সেই ভাবে প্রাপ্ত হই। উপনিষদে—'নেদং যদিদমুপাসতে'—ইহার তাৎপর্য্য যে কর্ম্পেন্দ্রিয় ও মন দ্বারা লোকে যে সকল বস্তুর উপাসনা করে, অর্থাৎ—ইত্রিয় ও মনের যত বিষয়, তাহা আমি নহি। আমি ইন্দ্রিয়গ্রাহ্য, মনগ্রাহ্য বস্তু হইতে অর্থাৎ স্তু পদার্থ হইতে ভিন্ন। বাক্য, মন চক্ষু, কর্ণ, প্রাণ, এই সমস্ত দার। যাহা উপাসনা করে, তাহাও আমি নহি। অর্থাৎ— আমি সৃষ্ট বস্তু নহি। উপনিষ্দে যে বলিয়াছেন 'নেদং যদিদ্মুপাসতে' এটি উপদেশ মাত্র বোধ হয়। যত দিন চক্ষু কর্ণ ইন্দ্রিয়গেণ বহিবিষয়ে আকৃষ্ট হয়, ততদিন শরীর ছাড়াইয়া ভিতরে প্রবেশ করা যায় না। ভিতরে প্রবেশের ছুটি পথ; উপায় এক। কোনও উপায়ে একবার ভগবানকে দর্শন করিলে, তথন শরীরে দৃষ্টি থাকে না। সহজেই শরীর মনে থাকে না। কিন্তু এ অবস্থা সকলের ঘটে না। এজন্য কোন ব্যক্তিকে ভালবাসিতে হইবে। এ ভালবাসা লাভ করিবার জন্ম অহিংসা অভ্যাস করিতে হইবে। কায়মনোবাক্যে কাহাকেও কষ্ট দিব না; কেহ আমাকে প্রহার করিলে, গালি দিলে, এমন কি সর্বনাশ করিলেও তাহার অমঙ্গল কামনা করিব না। এইরপে দ্বেন-হিংদা নষ্ট হইলে প্রাণে ভালবাদা আদে। সেই ভালবাদা কোন স্থানে অর্পণ করিয়া, তাহাকে ভাবিতে ভাবিতে সমস্ত বিশ্বত হইয়া যায়। এই অবস্থা হইলে সহজে ভগবানকে লাভ করা যায়।

মগ্রাবস্থার কথা।

শেষ বাত্রে মা কালীর আবির্ভাবের পর মগাবস্থায় ঠাকুর বলিতে লাগিলেন---বিধু মজুমদার ও
কুঞ্চ ঠাকুরতা লিখিলেন--

নূতন নূতন ঘট স্থাপন করা হ'ল, জীবের আর ভয় নাই, মৃত্ মন্দ বাতাসে পতাকা ছল্ছে। স্ত্রী-পুরুষ সকলের পদধূলি গ্রহণ কর।

্ উজ্জন নিশান উভ্ছে, ডঙ্কা পড়েছে। শিশুদের কাঁচা ঘুম ভেঙ্গো না, তাহলে পুনরায় ঘুমিয়ে পভ্তে পারে।

যাহার। প্রথমে এসেছে, তাহারা পাছে যাবে, যাহারা পাছে এসেছে তাহারা প্রথমে যাবে।

मञ्जनहाीत शृका राष्ट्रेक व्यानन्त्रमशीत घट ज्ञालन कत्र, घरत घरत मञ्जनहाीत शृका

কর। দেহে ঘট স্থাপন কর, পূজা কর, মর্য্যাদা কর, সেবা কর, মর্য্যাদা না কর্লে মা চলিয়া যান, পূজা না কর্লে থাকেন না।

স্ত্রীলোক সকল মায়ের মত দেখ্তে হবে, মা জননী, সেই বিশ্বজননী মা, গর্ভধারিণীর সমান। স্ত্রীলোকের মধ্যে মাকে দেখে প্রণাম কর। মা আনন্দময়ী যদি
সমস্ত নরনারীর মধ্যে দেখ, কি একটি নারীকে যদি সেই ভাবে ভালবাস্তে পার,
সে দেবী! দেবী! তাঁহাকে প্রণাম কর্লে পাপ দূর হয়। এরূপ যদি
পার, এক দিনে সিদ্ধিলাভ কর্তে পার। চণ্ডীদাস যেমন রজ্ঞকিনীর দ্বারা করেছিল। লোকে দোষ দেয়, ও কিছু নয়, মিথ্যা কথা, নারীর প্রতি যে কুদৃষ্টি করে,
তার মরণ ভাল।

ধূলি হতে হবে, মাটি হতে হবে, জ্যান্তে মরা হতে হবে, যতদিন ভিতরে আহং ভাব আছে, তত দিন মাথার উপর পাহাড় পর্বত, ভগবান দর্পহারী, কোন রকমে একটু আহংকার হলেই এগালে এক চড় ওগালে এক চড়, নাকমলা, কানমলা, মারে বাপ্রেও বল্তে দেবে না, এতে যদি হ'লো তো হ'লো, নতুবা ঘাড় ধরে একেবারে কোথার ফেল্বে তার ঠিকু নাই।

সাধন ভজন করে আমার এই অবস্থা লাভ হয়েছে, আমার এত উন্নতি হয়েছে এই ভাব যদি মনে হয়, তাহা হলেও রক্ষা নাই, ভগবানের বিচার নিজির কাঁটার মত। লক্ষ্মণ, সীতার পায়ের দিকে মাত্র তাকাইতেন, তিনি কি আর কিছুই দেখিতেন না ? তাহা নহে, তিনি সমস্তেরই পায়ের দিকে তাকাইতেন, মহুয়, পশু, পক্ষী, কীট, পতঙ্গ, বৃক্ষ, লতা সকলেরই নিকটে অবনত হবে। এই প্রকার হতে পার্লেই কৃতকার্য্য হওয়া যায়, ইহা হ'লে আকাশে অল্প সাদা মেঘ থাক্লে যেমন বিছাত দেখা যায়, দেইরূপ দেখা। তখন ধছুকধারী রামচদ্র সঙ্গে থাকেন।

অজ্ঞাত অপরাধে লীলা দর্শন বন্ধ,—রূপ গোস্বামী ও থোঁড়া বৈষ্ণবের কথা।

ষথার্থ ধর্মলাভের পথ ক্র্ধারের স্থায় কত ফ্ল্ন, ভগবং দঙ্গ লাভ হইলেও তাহা দীর্ঘকাল ভোগ করা কত কঠিন ঠাকুর তাহা বুঝাইতে অনেক কথা বলিলেন। হিংদা, বিছেম, পরনিন্দার প্রবৃত্তি অন্তরে থাকিতে ধর্মলাভ কথনও হয় না। অজ্ঞাতদারেও যদি একনিষ্ঠ ভগবংভক্তের কোন প্রকার কার্যা ব্যবহার কাহারও অপ্রীতিকর বা উদ্বেগকর হয় তন্ত্রুত্তে তিনি ভগবং দক্ষ হইতে বঞ্চিত হন। এ বিষয়ে দৃষ্টান্ত দেখাইতে ঠাকুর শ্রীরূপ গোস্বামীর একদিনের একটি ঘটনা বলিলেন—শ্রীরূপ গোস্বামী যথন রাধাকুণ্ডে ভগবৎ ভলনে অহনিশি মগ্ন থাকিতেন তথন তাঁহার অদাধারণ মাহাত্মা শ্রবণ করিয়া মথুরাবাদী একটি বৈঞ্চব তাঁহাকে দর্শন করিতে ব্যাকুল হইয়া উঠিলেন। বৈঞ্ব বাবাজী বৃদ্ধ এবং থোড়া ছিলেন। প্রাণের একান্ত অহুগাগে তিনি যষ্টি অবলগন পূর্বাক খোড়াইতে খোড়াইতে মথুবা হইতে প্রায় ১৪।১৫ মাইল চলিয়া বাধাকুতে উপস্থিত হইলেন। সেই সময়ে রূপ গোস্থামী রাধাকুও তীরে উপবিষ্ট থাকিয়া রাধাকুফের জলকেলী দুর্শন করিতেছিলেন। শ্রীমতী গোপীগণ সহিত শ্রীকৃষ্ণকে পরিবেষ্টন পূর্বক জল ছিটাইয়া ব্যতিবাস্ত করিয়া তুলিলেন। শ্রীকৃষ্ণ উহাদের চক্র ভেদ করিয়া পালাইবার ফাঁক পাইলেন না দেখিয়া রূপ গোস্বামী খল খল ক্ৰিয়া হাসিয়া উঠিলেন। বৈষ্ণব বাবাজী তথন কিঞ্চিং ব্যবধানে থাকিয়া উহা দেখিয়া ভাবিলেন—'আমি থোঁড়া চলিতে আমার আঁকা বাঁকা অঙ্গ ভঙ্গী দেখিয়া ব্লপ গোসামী বিদ্রূপ করিয়া रांत्रितन। एजतार हेरात निकृष बाहेन्ना आत कि रहेरत!' वावाकी मृत रहेराज ज्ञान शासांभीरक भोंडोक व्यनाम कवित्रा मनजुः एवं मधुवात्र हिन्त्रा त्रात्नन । धिन्तिक ज्ञान त्रात्रामी वर्ष कीना हर्नन वृक्ष हहेत्रा গেল। রূপ গোস্বামী লীলা দর্শন অক্সাৎ বন্ধ হইল দেখিয়া চমকিয়া উঠিলেন এবং কোন কারণ স্থির করিতে না পারিয়া জ্যেষ্ঠ সংহাদর স্নাতন গোস্বামীর নিকট উপস্থিত হইলেন। তাঁহাকে সমন্ত বিষয় বলিয়া, এখন উপায় কি জিজ্ঞাসা করিলেন। সনাতন গোস্বামী শুনিয়া কহিলেন,—'নিশ্চয়ই কোন বৈঞ্বের নিকট অপরাধ হইয়াছে, না হ'লে এমন হয় না।' রূপ গোস্বামী বলিলেন—'নির্জন স্থানে থাকিয়া লীলা দর্শন করিতেছিলাম। দেখানে কেইট তো ছিল না।' পনাতন গোষামী বলিলেন—'অমুদন্ধান কর'। রূপ গোষামী আদিয়া অমুদন্ধানে জানিলেন—বৃদ্ধ একটি বাবাজী থোঁড়াইতে থোঁড়াইতে রূপ গোস্বামীকে দর্শন করিতে মথুরা হইতে আদিয়াছিলেন। কিন্তু তিনি দুর্শন না করিয়া আবার স্বস্থানে চলিয়া গিয়াছেন। রূপ গোস্থামী তথনই মধুরায় যাত্রা করিলেন, এবং অহুসন্ধানে বাবাজীর থোঁজ পাইয়া তাঁহার নিকট উপস্থিত হইলেন। বাবাজীকে দাষ্টাঙ্গ প্রণাম পূর্বক তাঁহার ওভাবে দেখা না করিয়া ফিরিয়া আদার কারণ জিজাসা করিলেন। বাবাজী তথন সমস্ত বলিলেন। রূপ সোম্বামী তথন তাঁহার হাসির কারণ প্রকাশ করিয়া বলাতে বাবাজী লজ্জিত হইলেন। রূপ গোস্বামী তাঁহার অজ্ঞাত অপরাধের জন্ম ভিক্ষা করিয়া চলিয়া আদিলেন। পরে তাঁহার আবার লীলা দর্শন আরম্ভ হইল। ঠাকুরের কথায় গীতার ছাদশ অধ্যায়ে "লোকামোদিজতে চ यः —স চ মে প্রিয়ং" কথার তাৎপর্য ব্ঝিলাম।

শাস্ত্র-সদাচারের অনুসরণই একমাত্র নিরাপদ।

একজন গুরুত্রতা জিজ্ঞাদা করিলেন,—"বাঁহারা শাস্ত্র সদাচার মানেন না, অথচ মহাত্মা মহাপুরুষ, তাঁদের ব্যবস্থা অমুসারে চলিলে কি আত্মার উন্নতি হয় না ?" ঠাকুর—"শান্ত্র ও সদাচার ভিন্ন অন্তপথে যদি ব্রহ্মলোকে লইয়া যায় তাহাও যাইবেনা। কারণ দৈবাৎ তুই এক ব্যক্তি পূবর্ব জন্মের স্কুক্তিবলে অন্তপথে সদ্গতি পাইতে পারেন। কিন্তু যাদের প্রথম আরম্ভ, তারা মহাঘোর অন্ধতামদে ঘূরিয়া বিভায়। শাস্ত্র অবলম্বন নিতান্ত প্রয়োজন। শাস্ত্র বিশ্বাস করিলে আর ভয় থাকে না। ঋষি-প্রণীত শাস্ত্র এবং ঋষিগণ যেরূপ সদাচার প্রতিষ্ঠা করিয়া গিয়াছেন, তাহার অনুসরণ করিলে নিশ্চয়ই উপকার হয়। শাস্ত্র পাঠে প্রতারণা হইতে রক্ষা পাওয়া যায়। শাস্ত্র না জানিলে সমস্তই অবিশ্বাস হয়। যদি জানা থাকে তবে সত্য-অসত্য প্রভেদ করা যায়। একব্যক্তি জ্বরে কুইনাইনে উপকার পাইয়াছে, আমার জ্বর নাই,—আমি, কেবল বড়লোকের কথা বলিয়া, কুইনাইন খাইব কেন ? এজন্ম যুক্তি ও আত্মপ্রত্যয়ের সঙ্গে মিলাইয়া প্রত্যেক বিষয় গ্রহণ করা কর্ত্তব্য যাহারা শাস্ত্র বিশ্বাস করেন, তাঁহাদেরও যুক্তি আত্মপ্রত্যয়ের সঙ্গে শাস্ত্রকে গ্রহণ করিতে হইবে।—ইহা শাস্তেরই উপদেশ। আমরা ঋষিবাক্য ও সদাচারের দাসামুদাস।

বন্ধুহীন জীবনের হুর্গতি।

ঠাকুর গুকলাতাদের প্রশ্নের উত্তরে বন্ধ্ছীন ব্যক্তির কত হর্দশা লিখিলেন—"পুত্র অপেক্ষাও বন্ধ্ শ্রেষ্ঠ। 'পুত্রং পিণ্ড প্রয়োজনাৎ,'—বন্ধু চিরদিনই বন্ধু। বন্ধুর স্বার্থ নাই,—প্রয়োজন নাই। বন্ধুর স্বথে স্থী, হুংথে হুংখী, তৃপ্তিতে তৃপ্তি। এমন বন্ধু যাহার নাই সেই বন্ধুনি। পূবর্ব কালে বন্ধু সকলেরই হুই একজন অবশ্যই থাকিত। এমন বন্ধু পাওয়া এখন অতি অসম্ভব। মতে মতে মিলনে বন্ধুতা নহে; এক উদ্দেশ্য, এক প্রয়োজন, এক বাণিজ্য,—ইহা বন্ধুতা নহে। বাস্তবিক বন্ধুলাভ অসম্ভব হইয়াছে। বন্ধু পাওয়া দূরের কথা,—মনের কথা বলিয়া প্রাণ খোলসা করা যায়,—এক্লপ বিশ্বাসী লোকই হুর্লভ। বিশ্বাস করিয়া অতি গোপনে যাহা বলিয়াছ,—তাহা বাজারে শুনিতে পাইবে; তাহা লইয়া উপহাস করিতেছে। ইহা কালের অবস্থা। নিজের মনের স্থুখ হুংখ লোকে যদি ব্যক্ত করিতে না পারে, হুদয় ক্রমে কুটিল হইতে থাকে। কুটিলতা মহাপাপ। লোকে যদি কোন প্রকার সাধন ভজন না করে, কেবল সরলতার প্রভাবেই মুক্তিলাভ করিতে পারে। সরল হুদয় স্বর্থণা স্বর্ব ক্ষণ সত্যবাদী। কপট

ন্তদায় সহত্র যাগ-যজ্ঞ, সাধন ভজন করিলেও নরকগামী হয়। কপটছাদয় স্বর্বদাই অসত্য চক্র্ণ করে; অসত্য রোমস্থন করে। এক বন্ধহীনতায় এত তুর্গতি।

সম্ভোচ এই জন্ম মাজে প্রবেশ ক'রেছে যে পরিচিত কি অপরিচিত,--যদি তিনি সমত্থী না হন;—তবে এক ঘটনাকে অক্সক্লপে বৃঝিয়া দেশে দেশে নিন্দা প্রচার করে।

মতান্তরে বিশেষ অনয়বন্ধুর সহিত বিরোধ হয়; -- বন্ধু শত্রু হ'ন। বিরোধী মতকে ঘূণিত করিবার জ্ব্য সেই মতের লোকদিগকে মিথ্যা মিথ্যা দোষারোপ করে,—চরিত্রে কলঙ্ক দেয়। এজন্য খুষ্ট সমাজে কত নরহত্যা হইয়াছে, এহ্মসমাজেও অনেক হইয়াছে, হইতেছে। সকল দেশে, সকল সম্প্রদায়ে, ধর্মের বহির্ভাগ অর্থাৎ কর্ম্ম কাগু লইয়া দলাদলি। এই অবস্থা ভেদ করিয়া প্রকৃত ধর্মা,—যাহা জীবনে মরণে সহায়,—তাহার প্রতি দৃষ্টি পড়িলে, ধর্মের মতামত লইয়া বিবাদ অনেক পরিমাণে চলিয়া যাইবে। এই মতধর্ম্ম বিদায় না হইলে, সত্যধর্ম্মের শোভা বিস্পার হইবে না।

একটু থামিয়া ঠাকুর আবার লিখিলেন—"যে বস্তু ভালবাসি, তাহার সম্বন্ধে যত ভাল কথা শুনিয়াছি, বলিতে ইচ্ছা স্বাভাবিক। নিজের অবস্থা বলিয়া, বলিলে দোষ হয়-প্রশংসা প্রচারে দোষ নাই। যাহার প্রতি যে আদর কর্ত্তব্য তাহা না হইলে সংসারে সে বস্তু থাকে না। বৃক্ষ রোপণ কর, পশু পালন কর,—যদি আদর না হয় তাহাও থাকে না।

कीर्डरन ভाराविके मूननमात्नव नमानव।

ঠাকুর শান্তিপুরের একটি ঘটনা লিখিলেন—"নীলকণ্ঠের গানে অনেক উপকার হইয়াছে। নাস্তিক বিশ্বাদা হইয়াছে। শান্তিপুরে আমি স্নানে যাইতেছি, শুনিলাম গান হইতেছে। একটু গান শুনে যাই। বেলা ৪টার সময় শান্তিপুরে এক ঠাকুরবাড়ীর নাট মন্দিরে গান হইতেছে। একটি মুসলমান মগ্র হইয়া শুনিতেছে, চক্ষে জল পড়িতেছে। একজন গোস্বামী গিয়া—'ওঠ বেটা, তুই এখানে কেন? একি হাট বান্ধার ?' নীলকণ্ঠ হাত যোড় করিয়া বলিল, 'প্রভু, একি! কৃষ্ণনামে আবার জাতি বিচার! হরিদাস যবন হইয়াও হরিনামে জগৎপূজ্য হইয়াছিলেন। এই

ব্যক্তি—যাঁহাকে আপনি 'ওঠ বেটা, বলিতেছেন, এখন দেবতারা উহার চরণধূলি প্রার্থনা করিতেছেন।' এক গান রচনা করিয়া গাহিলেন।"

সমাজের উন্নতি পথে ইংরাজী শিক্ষা ও ব্রাক্ষধর্ম

আজ ঠাকুর সমাজের উন্নতির পথে ইংরাজী শিক্ষা ও ত্রাহ্মধর্ম বিষয়ে লিখিলেন—"ভারতবর্ষে স্বাধীন রাজত্ব নাই। ইংরাজ রাজত্ব তারা অনেক উপকার হইয়াছে ও হইতেছে। তবে সময়ে সময়ে যে অত্যাচার দেখা যায়, তাহা রাজত্বের দোষ নহে, রাজ-কর্মচারীর দোষ। যথন ইংরাজী শিক্ষা বিস্তার হয় নাই, তখন টোলের ছাত্রদের যেরূপ ভয়ানক অবস্থা দেখিয়াছি তাহা মনে করিতেও ভয় হয়। সধারণের গুরু-মহাশয়ের পাঠশালায় পড়িতেন। জমিদারের অথবা রেসমের বা নীলের কুঠিতে চাকুরী করিতেন। তাহাদের অধিকাংশ ঘুষ লওয়া, ব্যভিচার, প্রজা উৎপীড়ন, মিথা। সাক্ষ্য,--এ সমস্ত কার্যকে গৌরব মনে করিতেন। মামা বাড়ীতে বেশ্যা আনিয়াছেন; আমাকে মামী ঠাকুরাণী ডাকিয়া বলিলেন। আমরা ৫৬ ভাই, মাসতুতো ভাই একত্র হইয়া লাঠী লইয়া 'মার মার' করিয়া উপস্থিত। তাহাতে লজ্জা নাই, বরং ভয় প্রদর্শন করিলেন। এখন সেই লোক কেবল বয়সের পরিবর্তনে ভাল, তাহা নহে। সময়ে একটা শাসন আছে;—তাহাতে অনেকের সংশোধন হয়। এই পরিবর্ত্তনের কারণ, ইংরাজী শিক্ষা এবং ত্রাক্ষদমাজের চেষ্টা। অনেক ইংরাজীওয়ালা বাবুলোকও শাস্ত্র ও মহাত্মাদিগকে বিশ্বাস করিতেছেন। শাস্ত্র-চর্চচা আরম্ভ হইয়াছে। যথন তাহারা ক্রিয়াশীল হইবে, তখন অপূর্বে ঘটনা হইবে। এখন ইংরাজের কথা বাবুরা শুনেন---এজন্স ^{ইং}রাজ দারা কার্য্য করান হইতেছে।"

প্রশ্ন। 'বামমোহন বায় কি নৃতন একটা ধর্মপ্রচার করিয়া গিয়াছেন ?'

ঠাকুর লিখিলেন—"যাহার যাহা শাস্ত্র, তাহা অবলম্বন করিয়া রামমোহন রায় মহাশয় ধর্ম প্রচার করিতেন। রামমোহন রায় ধর্ম ছই ভাগ করিয়া বিচার করিতেন। ব্যক্তিগত ধর্ম ও সামাজিক ধর্ম। ভারতবর্ষে হিন্দুদিগের ব্যক্তিগত ধর্ম,—খৃষ্টান ও মুসলমানদিগের সামাজিক ধর্ম। রামমোহন রায় মহাশয় ঋষি-দিগের পদ্বা অকুসরণ করেন। এখন সেই পথ-হারা হওয়াতেই নানা দিকে গতি।"

ঠাকুরের মুখে শুনিলাম তিনি প্রচারক অবস্থায় একদিন চলিতে চলিতে সন্ধ্যার সময়, এমন

একটা স্থানে গিয়া পড়িলেন যেখানে ধারে-কাছে কোন লোকালয় নাই। সম্প্রথ প্রকাণ্ড মাঠ। অন্ধকার রাত্রি রান্তা দেখা যায় না। আকাশে মেঘ উঠিল। খন ঘন বিহ্যুৎ চম্কিতে লাগিল। দেখিতে দেখিতে প্রবল ঝড় বৃষ্টি আরম্ভ হইল। বহুদুরে একটি আলে। জলিতেছে দেখিয়া ঠাকুর পথে বিপথে চলিয়া এক জমিদার বাড়ী উপস্থিত হইলেন ৷ ঠাকুর যথন জমিদার বাড়ী উপস্থিত হইলেন জমিদার তথন প্রচুর পরিমাণে মদ খাইয়া বৈঠকখানার ঘরে মাত্লামি করিতেছিলেন। বাড়ীতে অতিথি আসিয়াছে শুনিয়া তিনি বিবক্ত হইলেন এবং নেশার ঝোঁকে গালাগালি করিতে লাগিলেন। ঠাকুর তথন জমিদারের নিকটে উপস্থিত হইলেন, ঠাকুরের কম্বল জড়ান প্রকাণ্ড চেহারা, হাতে লাঠি, মাথায় পাগ দেখিয়া জমিদার বলিলেন—'কে হে তুমি এখানে কেন ?' ঠাকুর বলিলেন,—দেখছ ্না ? আমি যমদৃত। মাতাল তথন ভয়ে জড়সড় হইয়া কাঁদিতে কাঁদিতে বলিলেন—আমাকে নিও না বাৰা ক্ষা কর, আমি আর মদ থাব না, ঠাকুর অবশিষ্ট বাত্রি বিশ্রাম কৃতিয়া প্রদিন গ্রামের দশটি লোক জমিদারের বাডীতে একত করিলেন এবং বান্ধধর্ণের উপদেশ দিতে লাগিলেন। সকলেই শুনিয়া খুব সন্ধৃষ্ট হইলেন। জমিদার ৩।৪ দিন ঠাকুরকে নিজ বাড়ীতে খুব আগ্রবের দহিত আদর এত্ন করিয়া রাখিলেন এবং ধর্মোপদেশ শুনিতে লাগিলেন। ঠাকুরের উপদেশ শুনিয়া তিনি এত মুগ্ধ হটলেন যে জীবনে আর কথনও মদ থাইবেন না, প্রতিজ্ঞা করিয়া ব্রাহ্মধর্মে দীকা গ্রহণ করিলেন। ঠাকুর দীকা দিয়া চলিয়া আসিলেন। এক বৎসর পর ঠাকুরের হঠাৎ একদিন তার কথা স্মরণ হইল। ভাবিলেন - "জমিদারট বান্ধর্মে দীকা নিয়াছেন, কি অবস্থায় আছেন একবার দেবে আসি।" ঠাকুর অনেক কণ্টে জমিদারের বাড়ী উপস্থিত হইয়া শুনিলেন জমিদার মদ ধাইয়া নেশায় বিভোর। ঠাকুর তাঁহার নিকটে পঁছছিয়া দেখিলেন তিনি নেশার ঘোরে মন্ত হইয়া উললাবস্থায় বসিয়া আছেন, আর আপন মনে কি বলিতেছেন। ঠাকুর তাহাকে বলিলেন,—"কি, এ অবস্থা কেন ? আমাকে চিনতে পারেন ?" জমিদার বলিলেন আপনাকে আবার চিনতে পারবো না ?' আপনার কথায় তেত্তিশ কোটি দেবতাকে তাড়ায়ে দিয়ে একটা নিয়েছিলাম। এবার দেখুন দেই একটাকেও তাড়ায়ে দিয়ে পরমহংস হ'য়ে বসে আছি।'

ঠাকুর কয়েকদিন জমিদারের নিকটে থাকিয়া ভাহার কুঅভ্যাদের পরিবর্ত্তন করিয়া চলিয়া আদিলেন। জীবনের অবশিষ্ট দিন জমিদারটি দদ্ভাবে কাটাইয়াছিলেন।

শুনিলাম ঠাকুরের আশ্বর্ধর্ম প্রচারের প্রথামাবস্থায় শান্তিপুরের অবস্থা অতিশন্ধ শোচনীয় ছিল। আফিং, গাঁজা, চণ্ডু, গুলি এবং মহাপানাদি ভন্তলোক ছোটলোক কেহই দোষণীয় মনে করিত না। বেশা রাথাও একটা গোরবের কার্য্য মনে করিত। আন্ধেরা দেখিলেন এই অবস্থার অচিরে পরিবর্ত্তন না হইলে দেশ উজাড় হইয়া যাইবে। ভগবানের নাম কেহ নেয় না, ধর্মের কথা কেহ শুনে না। সংশোধন হইবেই বা কি প্রকারে? সকলে যুক্তি করিয়া ঠিক করিলেন মাতাল নেশাধোর্দের

ত্'আনা একআনা, তিন আনা করিয়া দিয়া উপাসনালয়ে নিবে। তাহারা অস্কতঃ এক ঘণ্টাকাল স্থির হইয়া বিসিয়া উদ্বোধন প্রার্থনাদি শুনিবে এই প্রকার যুক্তি করা হইবে। নেশাথোরেরা অনেকে প্রসার লোভে উপাসনায় যোগ দিতে সম্মত হইল। উপাসনা-ঘর লোকে পরিপূর্ণ দেখিয়া ব্রাহ্মদের খুব আনন্দ। সকলেই মনে করিলেন তাহাদের উপদেশ শুনিয়া বিশেষ উপকার হইবে। তু'পাচদিন সকলেই খুব স্থিব হইয়া উপাসনায় যোগ দিলেন। পরে একদিন উদ্বোধন শেষ হইতেই একটি বৃদ্ধ নেশাথোর হাই তুলিতে তুলিতে আলুলে তুড়ি দিয়া বলিয়া উঠিলেন—'আঃ কি অপূর্বে জ্ঞান লাভ কর্লাম!' একটু তলাৎ থাকিয়া আলুল মট্কাইতে মট্কাইতে আর একজন বলিলেন – যা' বল্লি ভাই; আমারও ঐ কথা।' অপর একটি লোক মিট্ মিট্ করিয়া উহাদের পানে তাকাইয়া বলিল 'উপাসনা তো হ'য়ে গেল, আর কেন প চল্না এখন আনন্দ করি গিয়ে প' তখন নেশাখোরেরা সকলে বাহির হইয়া পড়িল। ২া৪ দিন ব্রাক্ষেরা এই প্রকার কাণ্ড দেখিয়া পয়সা দিয়া উহাদের আনিবার সকল তাগে করিলেন। পরে বহুচেটায় মিউনিদিপ্যালটির সাহায্য লইয়া সমাজের তুনীতি নিবারণে অনেকটা কৃতকার্য্য হইয়াছিলেন।

বস্তুতঃ বেদ বিভিন্ন নয়ঃ পরা ও অপরাবিচ্যা।

একজন সংস্কৃতজ্ঞ পণ্ডিত গুরুত্রাতা—ঠাকুরকে জিজ্ঞাদা করিলেন, ঋষিরা লিখিয়াছেন ;—'বেদা বিভিন্না শ্বতয়ো বিভিন্না, নাদৌ মৃনির্থশু মতং ন ভিন্নম্। ধর্মশু তবং নিহিতং গুহায়াং মহাজনো যেন গডঃ দ পন্থাঃ।'

বাস্তবিক কি এক বেদের দক্ষে অক্ত বেদের সংশ্রব নাই ? তাঁরা পরব্রহ্মকে কি উপায়ে লাভ করিতেন ? পরাবিস্থা কাহাকে বলে ?

ঠাকুর লিখিয়া দিলেন,—"ঋক্, য়জু, সাম ও অথর্ক বেদ এক। তাহার শিক্ষার জন্ম তাহাকে চারি ভাগে ভাগ করা হইয়াছে। সমস্ত চারি বেদ শিখিতে হইলে ৩৬ বৎসর সময় আবশ্যক। সূত্রাং সকলে সম্পূর্ণ বেদ অধ্যয়ন করিতে পারে না। এক ভাগ কি তুই ভাগ অধ্যয়ন করে। সূত্রাং যিনি যে অংশ অধ্যয়ন করেন, তিনি তাহারই আচার্য্য হন। এজন্ম 'বেদা বিভিন্নাঃ'। বেদ যে ভিন্ন তাহা নহে,—যেমন হাতের সঙ্গে পা ভিন্ন, বস্তুতঃ এক শরীর মাত্র। যিনি সাম বেদের আচার্য্য, তিনি যজুর্বেদ শিক্ষা দেন না; অথবা যজুর্বেদের মধ্যে সামবেদের বিষয় নাই। যজুর্বেদ শিক্ষা কর,—য়জুর্বেদার নিকট যাইতে হইবে। যদি সম্পূর্ণ বেদ-বেত্বা পাওয়া যায়, সেখানে 'বেদা বিভিনাঃ' নহে। বাাস—বকরাণী ধর্ম্মে লিখেছেন,—ধর্মের তত্ত্ব গুহাতে নিহিত।—গুহা শব্দের অর্থ, মানুয়োর হাদয়। এই শ্লোক উপনিষ্বদের

একটি শ্লোকের ব্যাখ্যা। ঋক্বেদ, যজুর্বেদ, সামবেদ, অথব্বিদে, শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দ, জ্যোতিষ—এ সমস্ত অপরাবিল্ঞা। যাহা দ্বারা পরব্রহ্মকে প্রভ্যক্ষ করা যায় ভাহাই পরাবিল্ঞা, অর্থাৎ ব্রহ্মবিল্ঞা। ভাহা মনুয়্যের অন্তরে নিহিত আছে। এক এক ঋষি এক এক বেদ বিষয়ে শিক্ষা দিবেন। ভিন্ন ভিন্ন স্থানে শিক্ষা করিতে হইবে। মানবাল্মার ভিতরে যদি প্রবেশ করিতে পার তবে সমস্ত লাভ হইবে। যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রভ্যাহার, ধ্যান, ধারণা, সমাধি —এই অষ্টাক্ষ যোগ দ্বারা আ্মামধ্যে পরমাত্মাকে লাভ করা যায়। বেদ শব্দে ব্রহ্ম, পরমাত্মা, পরব্রহ্ম।"

একটু থামিয়া আবার লিখিলেন—"জীব সমষ্টির মধ্যে যে ঈশ্বর, তাহাকেই হিরণ্যগর্ভ বলে। জড় উপাসনা,—পঞ্চভূত। হিরণ্যগর্ভ উপাসনা,—জীব সমষ্টি, বাসুদেব। ঈশ্বরোপাস্না—ব্রহ্মা, বিষ্ণু, শিব। পরব্রহ্ম উপাসনা—নির্গুণ। এই চারি ভিন্ন আরো আছে,—দে অবস্থা মৃক্তির পর। জড়, হিরণ্যগর্ভ, ঈশ্বর, নিগুণ, এ সমস্ত উপাসনা জন্ম-জন্মান্তর করিতে করিতে পরাধন্মে অধিকার হয়। কিন্তু পরাধন্ম লাভ হইলেও প্রের্বর ঐ উপাসনা চতুষ্টয় নষ্ট হইবে না। প্রত্যেক উপাসনাতে সে পরাধন্ম দেখিতে পায়। মৃক্তির পরে যে অবস্থা হয় তাহাকে পরাধন্ম বলে। কেবল ঋষিদের মধ্যে ছিল। এজন্ম উপনিষদে, ঋক্বেদ, পুরাণে, তন্তে, ধর্ম্ম সংহিতায় পরাধর্মের উল্লেখ আছে। তাহার অধিকারী সকলে নহে; এজন্ম সাধারণ ভাবে উল্লেখ করেন নাই। শাস্ত্রজ্ঞান বিশেষ ভাবে থাকিলে তবে পরাধন্ম কি তাহা বুঝা যায়।"

একজন প্রশ্ন করিলেন—ভাস্ত্রিক সাধনে তুলদী ব্যবহার নিষেধ কেন ?

ঠাকুর লিখিলেন—"বামাচার মতে যাহারা মহাশভাের মালায় কারণ ব্যবহার করেন, তুলসী ও গঙ্গাজলে তাহার প্রেভশক্তি নষ্ট হয়। তাহাতে তাদের সাধন হয় না। ক্রমে বীরভাব হইতে যখন দিব্যভাবে যায়, তখন কোন প্রভেদ থাকে না।"

১৬ই আশ্বিনের ঝড়ঃ ঠাকুরের সত্যনিষ্ঠা।

বিখ্যাত ১৬ই আখিনের ঝড়ে যে যুগপ্রলয় ঘটিয়াছিল ঠাকুর সে সম্বন্ধে লিখিলেন—
'১৬ই আশ্বিনের ঝড় বুধবার। তথন আদি সমাজ ঝড়ে উল্ট্-পালট্ হইতেছে।

সন্ধ্যাকালে ছাদের উপরে গিয়া মনে হইল, অত বুধবার। কোমর বেঁধে বাহির হইলাম। হালিডে খ্রীটে গিয়া একগলা জল,—ক্রমে সাঁতার। পথের তুই ধারে মৃতদেহ অগণ্য ভাসিতেছে। সমাজে গিয়ে দেখি, সমস্ত ভেঙ্গে-চুরে গিয়াছে! পরদিন মেডিকেল কলেজে মৃতদেহ রাশীকৃত করিয়ছে। ইংরাজ, ইহুদি, কাফ্রী, মগ, উড়ে, বাঙ্গালী, স্ত্রী-পুরুষ ভিন্ন ভিন্ন। গঙ্গাভীরে গিয়া দেখি, নোকা নাই। নোকার কাঠ ও পেরেক পড়িয়া আছে। জাহাজ রাস্তার উপরে রহিয়াছে। পরদিন নোকা করিয়া শান্তিপুর গেলাম। পথে অসংখ্য নোকা ডুবিয়াছে। মৃতদেহ ভাসিতেছে। সর্ব্বাঙ্গে অণ্ডিয়া আছেন। গরু, ছাগল, ভেড়া, কুকুর, শৃগাল জলে ভাসিতেছে, রাস্তায় পড়িয়া আছে—ভয়য়র দৃশ্য!"

ঠাকুরের কথা শুনিয়া গুরুলাতারা জিজ্ঞাদা করিলেন—ঘরে মাত্র্য স্থির থাকতে পারেনা, এমন তুর্যোগে ঝড়, বৃষ্টি তুফান মাথায় লইয়া, গলাজলে গাঁতরাইয়া আপনি আফসমাজে গেলেন কেন?

ঠাকুর—"আমরা যে কয়টি ব্রাহ্ম ছিলাম—দেবেন্দ্রনাথ ঠাকুরের নিকট স্বীকার করিয়াছিলাম—সপ্তাহে বুধবার ও রবিবার—উপাসনায় সমাজে গিয়া যোগ দিব।"

প্রশ্ন – ঐ দিনে অন্ত সব ত্রাক্ষেরাও কি গিয়াছিলেন ?

ঠাকুর—"না আর কেহ ঘাইতে পারেন নাই। যখন ফিরিয়া আসি, দেখি কেশব বাবু পাল্কাতে যাচ্ছেন। তখন তু'জনে একসঙ্গে গিয়ে আবার উপাসনা কর্লাম।"

ঠাকুরের কথা শুনিয়া আমর। অবাক্ হইলাম। আকস্মিক জীবন মরণ সন্ধটে মৃত্যু স্বীকার করিয়া বাক্য রক্ষণার্থে বিপদ দাগরে ঝাঁপ দেওয়া বড়ই অভূত মনে হইল।

বিবেক দংস্কার-গতঃ ভগবৎ আদেশ—অতি চুর্লভ।

অপরাক্তে সহরের অনেক গণ্যমান্ত লোক ঠাকুরের নিকট আসিলেন। ধর্ম সহদ্ধে নানা প্রশ্নের পর একটি নববিধান সমান্তের রাহ্ম ঠাকুরকে জিজ্ঞাসা করিলেন—'বিবেক কি ঈশরের আদেশ নয় ?' উত্তরে ঠাকুর লিখিলেন—"বিবেক ব্যক্তিগত জ্ঞানের উপরে প্রতিষ্ঠিত। কোন ব্রাহ্মণ যদি কোন চণ্ডালের ছায়া মাড়ায় তাহা হইলে সে পাপ মনে করে। বিবেক বলে, ছায়া মাড়াইও না। কিন্তু সেই ব্রাহ্মণ যদি পরে ব্রাহ্ম হয়, তবে তাহার বিবেক উল্টা বলিবে। তাহাতেই দেখা গেল, যে বিবেক প্র্কে তাহাকে নিষেধ করিত, এখন আবার সেই বিবেকই তহোকে প্রস্তুত করিতেছে।"

ব্রান্ধটি আবার ঠাকুরকে জিজ্ঞাসা করিলেন—'আজকাল অনেকেই আদেশ, প্রত্যাদেশের দোহাই দেন। প্রমেশ্বের আদেশ কি প্রকারে বুঝা যায় ?'

ঠাকুর লিখিলেন—প্রত্যাদেশ নানাপ্রকার হয়। পরলোকের আত্মা উপদেশ করিলে এবং কোন মহাত্মা স্ক্র্ম দেহে থাকিয়া উপদেশ করিলে, তাহাকেও প্রত্যাদেশ বলে। কিন্তু প্রকৃত প্রত্যাদেশ ভগবং-আদেশ। বিশেষ চিন্ত-শুদ্ধি না হইলে ভগবং আদেশ শুনা যায় না। ভগবং আদেশ বিবেক নহে, মনের ভাব নহে ভগবং আদেশ আত্মাতে প্রবণ করা যায়। প্রকৃত প্রত্যাদেশ জীবনে তুই একটির অধিক হয় না। একটি হইলে তাহার সঙ্গে সঙ্গের সমস্ত শন্তি থাকে। 'অহিংসা পরমোধর্ম্ম'—ইহা বৃদ্ধদেব শুনিয়া জগংকে জাত্রত করিয়াছিলেন। শ্রীচৈতন্ত্র, 'জীবে দয়া, নামে রুচি'—ইহা শুনিয়া, জগংকে মন্ত করিয়াছিলেন। খৃষ্ট 'ভগবং সেবাতে জীব উদ্ধার হয়—একজন তুই প্রভুর সেবা করিতে পারে না।'—এইরূপ যিনি যে প্রত্যাদেশ প্রবণ করেন, তাহা গৃহের কোণে লুক্কাইত থাকে না; তাহা জগংময় ব্যপ্ত হয়। শ্বায়ণ যে প্রত্যাদেশ শুনিয়াছিলেন, তাহাই উপনিষদ্বাপে বর্ত্তমান। প্রত্যাদেশ সত্য, পতিতপাবন, জ্লেন্ড, উৎসাহপূর্ণ, মধুর। তাহার সহিত কাহারও অনৈক্য হয় না।

বাল্যকালে একজনের সঙ্গে বন্ধুতা ছিল। সেই ব্যক্তির সহিত ঘটনাক্রমে ২০ বৎসর দেখা হয় নাই। একদিন সেই বন্ধু নাম ধরিয়া ডাকিলে, ভাহার স্বর কিরাপে চিনিতে পারি—ইহা যেমন প্রকাশ করিতে পারি না—তদ্রপ ঈশ্বরাদেশ কিরাপে জানা যায় ভাহাও কেহ বুঝাইতে পারে না।

ঠাকুরের লেখা খাতাদেখিতে দেখিতে একস্থানে একটি স্থন্দর করিতা দেখিলাম। ঠাকুরকে উদ্দেশ করিয়া কোন্ গুরুস্রাতা বা ভগ্নির এলেখা জানি না। ভাল লাগিল তাই ডায়েরীতে তুলিয়ারাখিলাম।—

ভূবক ভোষার প্রেমে জগৎ-সংসার,
মাতৃক ভোষার প্রেমে জীবন সবার।
প্রেমময়! প্রেমময় কর এ ভূবন
আলোকিত কর নাথ আমার জীবন।
সকল জীবেরে প্রাভূ, করিবারে পার
নিজে হ'লে ভূমি নাথ মাছ্যাবতার।
আঁধারে আলোক ভূমি, অসারের সার।
তোষায় ভূলিয়া মোর কিসের সংসার।

ঠাকুরের বন্য মহিষ ও ব্যাভ্র হইতে রক্ষাঃ মনঃ দংযমে অহিংসা।

প্রচারক অবস্থায় ঠাকুর একবার বাঘ ও বন্তু মহিষের সন্মধে পড়িয়া, যে ভাবে আশ্রহ্যরূপে রক্ষা পাইয়াছিলেন, দে অন্তত ঘটনা বলিলেন। - শ্রামাকান্ত পণ্ডিত মহাশয় ঐ বিষয় লিখিয়া রাখিলেন-যথা—'ঠাকুর ময়মনদিংহ হইতে দেরপুর, বগুড়া অঞ্চলে ঘাইতেছিলেন। দলে একজন পথ-প্রদর্শক ছিল। কিছুদুর ষাইয়া পথ ভুলিয়া কেশেবনের মধ্যে পড়িলেন। দেখিলেন, প্রকাণ্ড এক বস্তু মহিষ লক্ষপ্রদান করিতে করিতে তাঁহাদিগকে লক্ষ্য করিয়া আদিতেছে। তথন কি করিবেন চিম্বা করিতেছেন, এমন দময়ে হঠাৎ বাতাদে কেশেবন ফাঁক হওয়াতে, এক গর্ত দেখিতে পাইলেন। সঙ্গের লোকটিকে বলিলেন,—"চল শীঘ্র গর্ত্তে প্রবেশ করি।" সে বলিল - এ গর্ষ্তে হয়ত কোন হিংস্ৰ জম্ভ আছে উহার মধ্যে ঘাইয়া কি মারা ঘাইব ? তথন ঠাকুর বলিলেন—"উপরে থাকিলেও তো মারা যাইব ? উহার ভিতরে গেলে সুস্থিরভাবে ভগবানের নাম ছই একবারও তো করিতে পারিব !"—এই বলিয়া সঙ্গীকে দঙ্গে লইয়া গর্ডে প্রবেশ করিলেন। কিছুকাল পরে মহিষ দেখানে আদিয়া উপস্থিত হইল; এবং উহাদিগকে না পাইয়া ক্রোধে শিং ও ক্র বারা দেই ত্বানের ভূমি একেবারে চষিয়া চলিয়া গেল। পরে তাঁহারা আত্তে আতে গর্ভ হইতে উকি মারিয়া বক্তমহিষ না দেখিয়া বাহির হইলেন এবং বান্তায় চলিতে লাগিলেন। কিছুদ্র ঘাইয়া দেখিলেন, দৌড়াইয়া এক হরিণ আদিতেছে। তথন দকের লোকটি বলিল,—'এই হরিণের পেছনে বাঘ আছে। এক বিপদ হটতে রক্ষা পাইলাম, আর এক বিপদ উপস্থিত!' এই কথা শুনিয়া, ঠাকুর নিরুপায় দেথিয়া, হাততালি দিতে লাগিলেন। হরিণ তাঁহাদের দিকে আদিতেছিল,—তালি ভনিরা অন্ত দিকে চলিয়া গেল। কিছু পরেই বাঘ দেখা যাইতে লাগিল। দেও তাহাদের দিকে না আসিয়া হরিণের পশ্চাৎ পশ্চাৎ ছুটিল। এই ভাবে এই বিপদ হইতে রক্ষা পাইলেন। পুনরায় সেই সঙ্গীসহ চলিতে চলিতে এক বাগানে আসিয়া সন্ধ্যাকালে উপস্থিত হটলেন। বাগানের লোক উহাদিগকে জলবোগ করাইয়া, এঁথানে স্থান নাই আমরা টকে থাকি—বিশেষতঃ এই স্থান অত্যস্ত বিপদসক্ষ বলিয়া, তাঁহাদিগকে এক নিরাপদ স্থানে রাধিয়া আদিলেন। এই ঘটনাতে ভগবানের বিশেষ কুপা উপলব্ধি করিয়া, ঠাকুর ইহা প্রতিদিন স্মরণ করিয়া থাকেন, এইরূপ বলিলেন।

একটি গুরুপ্রাতা ঠাকুরকে জিজ্ঞাসা করিলেন,—'চেটা তো ষডটা পারি করিতেছি, কিছু মন: সংযম হয় না কেন ?'

ঠাকুর—"যাহাকে অপকারী, শত্রু বলিয়া মনে কর, যাহার অনিষ্টচিন্তা কর;—
অকপটে তাহার সেবা কর। যাহাতে তাহার হিত হয়, এরূপ আচরণ কর। স্থদয়ের

অভ্যন্তরে শত্রুতা থাকিলেই কিছুতেই মনঃ স্থির হইবে না। ভিতরে পচা ঘা রাখিয়া উপরে মলম দিলে, সমস্ত শরীর পচিয়া যায়।"

অর্থ বুঝিয়া নাম করার ফলঃ কর্মা ও নির্ভরতা।

একজন প্রশ্ন করিলেন,—অন্ত দাধন-ভজন না করিয়া শুধু যদি ভগবানের নাম করা যায়— ভাহাতে কি কল্যাণ হয় না? ভগবানের নাম করার অধিকার তো দকলেরই আছে?

ঠাকুর লিখিয়া উত্তর দিলেন,—"পাঁচ বংসরের শিশু, ভাহাকে ক্ষেত্র-ভত্ কিংবা জ্যোতিয শিক্ষা দিলে ফল হইবে না। অথচ সাধারণ সভ্যে সকলেরই অধিকার আছে। জগংকে একমাত্র নাম উপদেশ দিলেই যথেষ্ট হয়। কিন্তু কাহার নাম,—ইহা দৃঢ়রূপে বিশ্বাস করিতে হয়। এক নামে অনেক বস্তু বুঝায়। যেমন হরি শব্দে সূর্য্য, চন্দ্র, অশ্ব, সিংহ, বানর, এ সমস্ত বুঝায়, এবং পাপহারী ভগবানকেও বুঝায়। এজন্ম নামের সঙ্গে সেই নামের বাচ্য কে, ভাহা স্থন্দররূপে বুঝাইতে হয়। বন্ধনামে—জগং বন্ধাণ্ডে, আত্মা, জ্ঞান, বেদ এরূপ অনেক অর্থ আছে। এজন্ম প্রথমেই বস্তুজ্ঞানের প্রয়োজন। এই জগতের একজন কর্তা আছেন.—এই বিশ্বাস যাহার আছে তাহাকে কেবল নাম উপদেশ দিলেই হয়; অন্ম উপদেশের প্রয়োজন হয় না। সকলেই মুথে বলে, একজন কর্তা আছেন;—ইহা বিশ্বাস নহে। কারণ, একটু বিপদ্ আপদ্ হইলেই আর কর্ত্তার প্রতি বিশ্বাস রাথিতে পারে না। শিশু যেমন মাতার প্রতি নির্ভর করে, সেইরূপে স্বাভাবিক নির্ভর হইলে, তখন যুক্তিত্বর্ক অন্তর্থিত হয়। যে আর কিছু জানে না—কেবল শিশুর ন্যায় রোদন করে,—সেই শিশুর ন্যায় অন্তরের অবস্থা হইলেই,—এক নামেই নামীকে প্রাপ্ত হওয়া যায়।"

একটু অপেক্ষা করিয়া ঠাকুর নিজ হইতেই আবার লিখিলেন—"লক্ষ্য ঠিক রাখিয়া নিজাম-ভাবে কর্মা করিলে, তাহাতে ক্ষতি হয় না, উপকার হয়। তবে নিজের বিবেক মত না চলিয়া যদি মহুয়োর মতে ও আজ্ঞানুসারে ধর্ম্ম করি, তাহাতে হৃদয় ফুর্তিহীন হইয়া ক্ষতি হয়। ঈশ্বরের আজ্ঞা জানিয়া নিজের বিবেক মত চলিলে বিশেষ উপকার হয়। ধর্ম্মের জন্ম যাহা ভাল লাগিবে তখনই তাহা করিবে।—মানুষের দিকে চাহিবে না। মানুষ যখন অধর্ম্ম করে, প্রথমে নারায়ণ তাহাকে নিবারণ

করেন।—যখন কিছুতেই শুনেন না, তখন নারায়ণ পলায়ন করেন। নারায়ণের পশ্চাৎ পশ্চাৎ লক্ষ্মী ঠাকুরাণীও ধীরে ধীরে চলিয়া যান। থাকে কেবল পূর্বর গৌরব। পুরাতন গৌরব বহন করিতে করিতে মস্তকে ক্ষত হয়—ক্ষতের তুর্গন্ধে লোকে নিকটে যাইতে দেয় না, তাহাতে হয় বিবাদ! লোকেরা দূর দূর করিয়া তাড়াইয়া দেয়; ঘরে এসে গৃহিণীকে প্রহার করে। নল-রাজা পর্যাস্ত ঘোল খাইয়াছেন। সুরাপান, জুয়া-খেলা, ব্যভিচার হুংখের মূল। নাম যত করিবে ততই উপকার পাইবে। মসুয়োর নিজের ক্ষমতা যতক্ষণ আছে, তাহাকে পরিশ্রম করিতেই হইবে। এখন 'নির্ভর'—ও সব কথা কিছু নয়।

দাবানল হইতে মহাপুরুষের রূপায় রক্ষা।

আজ ঠাকুর কথায় কথায় তাঁর জীবনের এক অন্তত ঘটনার কথা বলিলেন। আমরা সকলেই ভনিয়া অবাক হইয়া বহিলাম। ঘটনাটি এই:—'দীক্ষালাভের পূর্ব্বে দদ্ওক্তর অন্তসন্ধান করিতে ঠাকুর একবার চক্রনাথের দিকে গিয়াছিলেন। লোকের মূথে শুনিলেন, নিকটবন্তী পর্বতের সর্বোচ্চ শকে, সময় সময় প্রাচীন মহাপুরুষদের দেখা যায়। নানাপ্রকার বাঘ, ভল্লক, গণ্ডার, হণ্ডী প্রভৃতি হিংল্র জন্ততে পাহাড় পরিপূর্ণ। বিশেষ ব্যবস্থা না করিয়া ঐ পাহাড়ে কাহারও যাওয়া সম্ভব নয়। ঠাকুর মহাপুরুষদের দর্শন করিতে অস্থির হুইয়া পড়িলেন। অদৃষ্টে ধাহা হয় হবে স্থির করিয়া, তিনি একাকী এ পর্ব্যতের সর্ব্যোচ্চ শূলে উঠিলেন। চারিদিক তাকাইয়া দেখিলেন, অসংখ্য পাহাড়শ্রেণী, একদিকে একটি নদী। নদীর উপরে পর্মত দোজাভাবে উঠিয়াছে। স্থানটি অত্যন্ত মনোরম দেখিয়া ঠাকুর স্থির হইয়া বসিলেন এবং ধ্যান্ত্র হইলেন। এই সময়ে হঠাৎ পাহাড়ে আগুন লাগিল। আগুন দেখিতে দেখিতে বিস্তারলাভ করিয়া, পাহাড়ের তিনদিকে ছড়াইয়া পড়িল। ঠাকুর এই বিপদ দেথিয়া উঠিয়া পড়িলেন। অগ্নি বায়ু সংযোগে উর্জনিকে উঠিতে লাগিল। ঠাকুর রান্তার অহুসন্ধান ক্রিয়া দেখিলেন, দাবানলে সমস্ত পাহাড় অগ্নিময় হইয়া গিয়াছে। অসংখ্য বন্ত জন্ত রান্তার উপরে দাঁড়াইয়া স্থির ভাবে অগ্নির দিকে চাহিয়া আছে। অগ্নি ক্রমশঃ ফ্রন্ডগতিতে উদ্ধদিকে 'হহ' শবে উঠিয়া পড়িতেছে। বাদ, ভন্নুক, হাতী, গৰু প্রভৃতি বন্ত জন্ত সকল একটু পরেই পর্বতের উপরে চীৎকার করিয়া ছুটাছুটি করিতে লাগিল। ঠাকুর তথন পর্বতের ধারে নদীর উপরে বসিয়া ভগবানের নাম কবিতে লাগিলেন। অগ্নির উত্তাপ পর্বতের উপরে অসহ হইয়া উঠিল। এই সময়ে অকস্মাৎ কে যেন দৌড়িয়া আদিয়া, ঠাকুরকে বুকে জড়াইয়া ধরিলেন, এবং সহস্রাধিক ফুট উচ্চ পর্বত হইতে লক্ষপ্রদান করিলেন। শৃত্তপথে ঠাক্র সংজ্ঞাশৃত হইলেন। মহাপ্রকষ ঠাকুরকে নদীর পাড়ে রাখিয়া আদৃশ্য হইলেন। সংজ্ঞালাভের পর ঠাকুর নদীর ধারে ধারে চলিয়া লোকলয়ে আদিয়া পঁতছিলেন। ঠাকুর এই মহাপুরুষটিকেও প্রতিদিন স্মরণ করিয়া থাকেন।

नानक ७ कवीरतत धर्म।

প্রশ্ন—'ক্বীর ও নানকের ধর্মে কি কোন পার্থক্য আছে ? যত সাধারণ পোক ক্বীর পথী, নানক সাহীরা সব ভন্তবোক ।—এ কেন ?

ঠাকুর লিণিয়া উত্তর করিলেন—"কবীর ও গুরু নানকের ধর্ম্মে প্রভেদ নাই। কবীর জোলা ছিলেন,—এজন্ম ব্রাহ্মাণ, ক্ষত্রিরের মধ্যে তাঁহার মত গৃহীত হয় নাই। উত্তর-পশ্চিমে মেথর, ডোম, চামার এ সমস্ত জাতি কবীর পন্থী। তাহাদের সঙ্গে আলাপ করিলে, তাহাদের পদধূলি না লইয়া থাকা যায় না। গুরু নানক ক্ষত্রিয় ছিলেন; এজন্ম সকলের মধ্যে তাঁহার মত অবাধে গৃহীত হইয়াছে। গুরু নানক কথায় কথায় বেদ, পুরাণ, স্মৃতি এ সকল মান্য করিয়া তদকুসারে উপদেশ দিয়াছেন। তিনি পুনঃপুনঃ মন্মৃখ অর্থাৎ শান্ত্রহীন পথ,—ইহার অপকারিতা দেখাইয়াছেন।"

প্রশ—'ত্তনিতে পাই অমৃতস্বের মন্দিরে দিনরাত ২৪ ঘণ্টা অবাধে ভজন চলিতেছে ৷—ইহা কি প্রথম হইতেই ?'

ঠাকুর—"গুরু নানকের পর যিনি চতুর্থ গুরু হ'ন—ভাঁহার নাম গুরু রামদাস। তিনি অমৃতসরে গুরুদরবার মন্দির ও সরোবর স্থাপন করিয়া, সমস্ত দিন রাত ভজন প্রচলিত করেন। চার দণ্ডমাত্র অবকাশ থাকে। তথনও মন্দিরে কেহ কেহ ধ্যানস্থ থাকেন। সমস্ত দিন—রাত্রি সঙ্গীত, পাঠ, স্তব, আরতি, একদঙ্গে মিলিত হইয়া সংকীর্ত্তন,—এই চার শত বংসর সমান উৎসাহে চলিতেতে।"

দেখিতে দেখিতে কাণ্ডিকমাস শেষ হইতে চলিল। মফ:স্বল হইতে যে সকল গুরুত্রাতারা পূজার ছুটিতে ঠাকুর দর্শনে আসিয়াছিলেন, ছুটি শেষ হওয়াতে, একে একে ওঁহোরা সকলেই স্ব স্ব হানে চলিয়া গিয়াছেন। শুনিতেছি ঠাকুর এখন আর গেণ্ডারিয়া ঘাইবেন না। গেণ্ডারিয়া আশ্রম এখন প্রোয় শৃত্ত। শ্রীযুক্ত কুল্ল ঘোষ মহাশয় আশ্রম দেখাশুনা করেন। ঠাকুর যখন গেণ্ডারিয়া হইতে অস্ক্রাবস্থায় কলিকাতা আদেন, তখন শাস্তি, জগবন্ধ্বার্, কুত্, দিদিমা, যোগজীবন, শ্রীধর, বিধৃভ্ষণ ঘোষ মহাশয় কালিকাতা আদেন, তখন শাস্তি, জগবন্ধ্বার্ কিশাস ওশ্যামাকান্ত পণ্ডিত মহাশয় গয়া আকাশগঙ্গা পাহাড়ে থাকা অস্ববিধা বোধ করিয়া পূর্বে হইতে কলিকাতা আসিয়া রহিয়াছেন। ঠাকুর কলিকাতা আসার প্র তাঁহারা ঠাকুরের সঙ্গেই ছিলেন। কিছুকাল যাবৎ বিশাস মহাশয় অভয়বার্র

বাসায় অবস্থান করিতেছেন। সামান্ত বেতনে একটি চাকরী জুটাইয়া নিয়াছেন। পণ্ডিতমহাশয় আহারাদির ব্যবস্থা অন্তর্জ রাখিয়া, অবশিষ্ট সময় এখানেই থাকেন। প্রীযুক্ত বিধৃভূষণ ঘোষ মহাশয় ঠাকুর অস্ত্র ছিলেন বলিয়া তাঁহার সেবা করিতে সক্ষে আসিয়াছিলেন; কিন্তু ঠাকুর অস্ত্র বলিয়া তাঁহার কোন সেবারই এখন প্রয়োজন হয় না। প্রতাহ সকালে ঘণাসময়ে চা প্রস্তুত করিয়া দেওয়াই, বিধুবাবুর নির্দিষ্ট কার্যা। শুনিতেছি, পরিবারাদি গেণ্ডারিয়ায় রাখিয়া আসিয়াছেন বলিয়া শীছই তিনি একবার তথায় যাইবেন। আমারও একবার বাড়ী ষাইতে ইচ্ছা হইতেছে মাতাঠাকুরাণী আমাকে দেখিতে ব্যন্ত হইয়াছেন। আমারও সময় সময় মাতাঠাকুরাণীর কথা মনে হইলে দেখিবার জ্যা প্রাপি অস্থির হয়। ঠাকুরের ইচ্ছা হইলে এই মাদের শেষাশেষি একবার বাড়ী ঘাইব মনে মনে স্থির করিয়া রাখিলাম।

শক্ষারাচার্য্যের পরিবর্ত্তন।

আৰু গুৰু হাতা প্ৰীযুক্ত কুণ্ডবিহারী গুহ ঠাকুরকে বলিলেন—'শঙ্করাচার্য্য তো অবৈতবাদী, কিন্তু তাঁহার ডোত্রের ক্যায় সরস মধুর ও স্থলিত স্থোত্ত তো খুঁজিয়া পাই না ?'

ঠাক্র লিখিলেন—"তিনি প্রথমে অদ্বৈত্বাদ অবলম্বন করিয়া, তাহাই প্রচার করিয়াছিলেন। পরে হালে পানি না পাইয়া যখন দ্বৈত্তাব আশ্রেয় করিলেন, তথনই তাঁহার প্রাণ সরস হইল। আমাকেই কেন দেখ না। কালাপাহাড় তো ইইয়াছিলাম। কেবল বলিতাম 'ভাঙ্গ্রে ভাঙ্গ্রে! ঠাক্র-দেবতা কিছু নয়, কোন অবতার কিছু নয়—কোন তীর্থ কিছু নয়। এখন দেখ কি অবস্থায় আসিয়া পড়িয়াছি। দেখিতে পাইয়াছি, ইহা সমস্তই সত্য। শুক্ষ মতের উপর মানুষ কতদিন দাঁড়াইয়া থাকিতে পারে?"

সাধন ভজনের উপযুক্ত স্থান নির্দেশ।

সাধন, ভজন, তপস্থার উপধােগী স্থান কোথায়—জিজ্ঞাসা করায়. ঠাকুর লিখিলেন—সাধনভজনের স্থান, যথার্থ উপযুক্ত হিমালয়। তারপর নর্মাদা, গোদাবরী, গঙ্গা, যমুনা
এই সকল নদীতীরে প্রস্তরময় স্থান ভাল। পাঞ্জাবে রাজী নদীর তীরে স্থান
ভাল। বঙ্গদেশ নানা কারণে উপযুক্ত নহে। জল, বায়ু, মৃত্তিকা—সমস্তই বিরোধী।
প্রথমতঃ বঙ্গদেশে কেবল অনার্য্য লোকের বাস ছিল। এদেশে যে সকল আর্য্য
আসিলেন, তাঁহারা শাপগ্রস্ত হইয়া আসিয়াছিলেন। ব্রাহ্মণদের বাসস্থান গঙ্গা

যমুনার মধ্যবর্তী স্থান। ত্রিশ বংসর প্রের ঢাকা হইতে বরিশাল ঘাইতে যে খাল ছিল, তাহা এখন কীর্ত্তিনাশা হইয়াছে। কীর্ত্তিনাশা পদ্মার শাখা। নদীর নাম 'হাউলিয়া'।

তিপুরার অস্থি প্রস্তর হইয়াছে। কতক অস্থি, কতক প্রস্তর এরূপও আছে। ত্রিপুর অসুর ছিল। তিনটা পুরী নির্মাণ করিয়াছিল;—লোহপুরী, রৌপ্যপুরী, স্বর্ণপুরী। এজন্ম তাহার নাম ত্রিপুর হইয়াছিল। মহাদেব, ব্রহ্মা, বিষ্ণু, ইন্দ্র চন্দ্র প্রভৃতি সমস্ত দেবতার সঙ্গে মিলিয়া উহা ভাঙ্গিয়া ফেলেন; এ কারণ মহাদেবের নাম ত্রিপুরারি।

প্রতিপ্রাম ৪ শত বৎসর পরে পরিবর্তন হয়—ইহার মধ্যে জঙ্গল সহর হয়, সহর জঙ্গল হয়। যেখানে পাহাড় ছিল সেখানে নদী। দারজিলিঙ্গে বসিয়া পর্বত দেখিতেছি। দেখিতে দেখিতে হঠৎে বোধ হইল যেন সমুদ্রের টেউ চলিয়া যাইতেছে—এক শৃঙ্গ, শৃঙ্গ, শৃঙ্গ। দারজিলিঙ্গে গিয়া যত নীচে ছিলাম, সমস্ত বৃক্ষলতা ঘর-বাড়ী, নদী প্রভৃতি পৃথক্ পৃথক্ দেখিলাম। ক্রেমে উঠিতে উঠিতে যখন উচ্চ শিখরে উঠিলাম তখন সমস্ত একাকার বোধ হইল। একটি আকাশে যেন সমস্ত আবৃত হইয়াছে। এইরূপ ধর্ম্মের সোপানে সোপানে বান্তবিক সেই অনন্ত, ভূমা পুরুষের নিকটবর্ত্তী হইলে, তাঁহার সত্তাতে সমস্ত ঢাকা, নিশ্চই বোধ হইবে। তখন পৃথক্ পৃথক্ কল্পনা করাও অসাধ্য।

ঠাকুর আজ হিমানয়ে নীলপন্ন বিষয়ে নিখিলেন—"হিমালয়ে বরফের উপর বিক্তর নীল-পদ্মের বন। পদ্ম ফুটিয়া অপূর্বর শোভা হইতেছে। হিমালয়ের ক্ষুদ্র ক্ষুদ্র ছুদ আছে তাহাতে পদ্মবন। বরফ পড়িলে বরফ ভেদ করিয়া প্রকাশ পায়। হিমালয়ের একপ্রকার ঝিঁ ঝিঁ পোকা আছে, তাহাকে দেবঘটি বলে। দূর হইতে মনে হয়, কোন দেবালয়ে ঘন্টাধ্বনি হইতেছে। প্রাতে, মধ্যাকে, সায়াকে,—এই তিনবার শব্দ করে। ঢাকা গেণ্ডারিয়াতে এক প্রকার ঝিঁ ঝিঁ পোকা আছে—তাহারা যথন শব্দ করে, মনে হয় যেন তানপুরা বাজিতেছে।

নরোত্তম দাস ঠাকুরের কথা।

গৌড়ীয় বৈফ্রবর্গণ শ্রীমং নরোত্তম দাস ঠাকুরকে মহাপ্রভুর আবেশাবতার বলিয়া থাকেন। তাঁহার বৈরাগ্যপূর্ণ প্রার্থনাবলী অতুলনীয় মহারত্ব। তিনি সারাজীবন ওক্কপ ব্যাকুলভাবে কাঁদিয়া গেলেন কেন, জানিবার জন্ম কেছ কেছ ঠাকুরকে জিজ্ঞাসা করিলেন। ঠাকুর নরোত্তম দাস ঠাকুরের অনেক কথা বলিলেন। তল্পধ্যে যাহা আমার প্রাণে বিশেষভাবে স্পর্শ করিল মাত্র তাহাই লিখিতেছি।

শুনিলাম, নরোত্তম দাদ ঠাকুর মহাপ্রভুর ষধন পরিচয় পাইলেন এবং সগণে তিনি অন্তর্জান করিয়াছেন জানিলেন, তথন 'হায় কি হইল' ঠার দক্ষ অথবা তাঁর দকীর দক্ষ আমি পাইলাম না, এখন এ জীবনে আর কি কাজ। এই প্রকার আক্ষেপ করিয়া অন্থির হইয়া পড়িলেন। দেই সময়ে মহাপ্রভূগণের ভিতরে একমাত্র শ্রীমৎ লোকনাথ গোস্বামী দ্বীবিত ছিলেন। নরোত্তম ঠাকুর তাঁহার দর্শনাকাজ্ঞায় ব্যাকুল হইয়া উঠিলেন। লোকনাথ প্রভু শ্রীবৃন্দাবনে একথানা কুটিরে নিজ্জন ভজনে অহর্নিশি মগ্ন থাকিতেন। নরোত্তম দাস ঠাকুর রাত্তপুত্র ছিলেন। সেই সমল্লে ১৪ লক্ষ টাক। তাঁর সম্পত্তির আর ছিল। তিনি সেইদিকে ক্রক্ষেপ না করিয়া বিরাগী হইরা সমন্ত বিসর্জন প্র্কক পদত্রকে শ্রীবৃন্দাবনে ষাত্রা কয়িলেন। শ্রীবৃন্দাবনে পঁছছিয়া জানিলেন অতি বৃদ্ধ লোকনাথ গোষামী জীবনে কাহাকেও দীক্ষাদান করেন নাই আর করিবেনও না। নরোত্তম ঠাকুর অনেক কালাকাটি করিয়াও তাঁহার আশ্রম পাইলেন না। পরে স্থির করিলেন—তাঁর আশ্রম দেবায় অবশিষ্ট জীবন অতিবাহিত করিবেন। আশ্রমে যত জলের প্রয়োজন হইত ; নরোত্তম দুর যমুনা হইতে তাহা কলদী ভরিয়া নিয়া আসিতেন। উদয়াতে নরোত্তম দাসের মন্তকের ভিজা বীড়া থুলিবার অবসর হইত না। একদিন লোকনাথ প্রভূ ধ্যানাবস্থায় দেখিলেন নরোত্তমের মন্তকে নিয়ত ভিজা বীড়া থাকার ফলে ভয়ানক ঘা হইয়াছে এবং তাহাতে পোকা পড়িয়াছে। কিছ নরোভ্যের তাহাতে থেয়াল নাই, তিনি তাহা জানিতেও পারেন নাই! দয়ালু লোকনাথ প্রভুর প্রাণ তথন কাঁদিয়া উঠিল। তিনি নরোভমকে ভাকিয়া আনিয়া দীকা দিলেন। এবং একনিষ্ঠ হইয়া একান্ত প্রাণে ভগবানের দেবাপুজা ধ্যান ধারণায় দিন অতিবাহিত করিতে আদেশ করিলেন। নরোত্তম ঠাকুর তাহাই করিতে লাগিলেন। একদিন একটি পিপাসার্ত্ত লোক জ্বলপান করিতে কুঞ্জে আদিয়া চীৎকার করিতে লাগিল। নরোভ্য দাস ঠাকুর তাহা শুনিয়া পূজা ছাজিয়া উঠিলেন; এবং স্থ্নীতল জল পিপাদার্ত্তকে পান করাইয়া ঠাওা করিলেন। লোকনাথ প্রভু নরোভ্তমের ঐ কার্য্য দেখিয়া তাঁহাকে সম্নেহে ডাকিয়া কহিলেন,--বাবা নবোত্তম। তুমি বাড়ী চলিয়া যাও। দেখানে ঠাকুর প্রতিষ্ঠা ক'রে সেবা পূজা কর। আর অতিথি-শালা ক'রে অতিথি, ব্রাহ্মণ, বৈষ্ণব, কালাল, তুংখী, দরিন্দ্রদের পরিপাটী ক'রে সেবা কর। তাহাতেই তোমার যথার্থ কল্যাণ হবে। একনিষ্ঠ হ'য়ে একাস্কভাবে ভগবানের দেবার অধিকার অনেক পরে। সেই অধিকার জনালে তার আর অক্ত কর্ত্তব্য থাকে না। ভগবানের দেবা ছাড়িয়া যাহাদের লোক-সেবার প্রবৃত্তি হয়, লোক-দেবাই তাহাদের কর্তব্য। বৃক্ষের গোড়ায় জল ঢালিলে শাধা প্রশাথা ফুল ফল সকলেরই তাহাতে পুষ্টি হয়। এই জ্ঞান জন্মালে দে আর অন্ত পূজা করিতে পারে না। নরোত্তম দাস ঠাকুর গুরুর আদেশ শিরোধার্য্য করিয়া গৃহে আদিলেন এবং অবশিষ্ট জীবন গুরুর আদেশমত কাটাইলেন। তাঁর প্রার্থনা সকল পড়িয়া কালা সংবরণ করা বাল না।

বিধিহীন ভক্তি উৎপাতের কারণ।

প্রশ্ন- 'সাধারণ বাউল বৈষ্ণব ও সাধারণ লোকদের মধ্যেও থুব ভাব-ভক্তি দেখা ঘায়—অওচ আমাদের তাহা হয় না কেন ?'

ঠাকুর লিখিয়া জানাইলেন—"শ্বাস প্রশাসে নাম জপ করাই পরম সাধন। গোস্থামী পাদগণ লিখিয়াছেন যে, শ্বৃতি-শ্রুতি, পঞ্চরাত্র বিধি বিনা ঐকান্তিকী হরিভক্তি উৎপাতের কারণ হয়। ভক্তিরসামৃতিসিন্ধুতে (বৈষ্ণবদের ভক্তি-দর্শন শাস্ত্র) লিখিয়াছেন যে, বাহিরের মৃত্যাদি দেখিয়া ভাব অহুমান হয় না। ভাবের লক্ষণ,—কর্ম্ম করিতে করিতে যে বিবেক বৈরাগ্য সময় সময় প্রকাশ হয়, সেই সব নিজামভাবে করিতে ইচ্ছা হইতে থাকে।—নিজাম কর্ম্ম করিলে কর্ম্ম শেষ হয়—তথন বিশ্বাসের রাজ্য।"

একট্ থামিয়া ঠাকুর বৈষ্ণবদের ভজন সাধন ও বেশ সম্বন্ধে লিখিলেন—"হরিভক্তি-বিলাসে যে প্রণালীতে ভজন-সাধন ব্যবস্থা দেখা যায়, সে প্রণালী এখন প্রচলিত নাই—বিরল। পূর্ব্বে পণ্ডিতদের মন্তকের মধ্যে শিখা থাকিত,—চারিদিকে ক্ষৌর করা হইত। ইহাই মহাপ্রভুর সময়ে সকলেই ভদ্রপণ্ডিত বেশ বলিয়া ধারণ করিতেন। এখন বৈষ্ণবদিগের বেশের মধ্যে গণ্য।"

বৌদ্ধনাধন প্রণালী শাস্ত্রান্থমোদিত কি না ?

একজন গুৰুত্ৰাতা জিজ্ঞাসা করিলেন —'বৌদ্ধসাধন হিন্দু শাস্ত্ৰাষ্ট্ৰমোদিত কি না ?' কোন বেদে বা প্ৰাণে কি তাহার বিষয়ে উল্লেখ আছে ?'

ঠাকুর—"হিমালয়ের বৌদ্ধ লামাদিগের মঠ আছে। আমি সেখানে গিয়া কিছুদিন ছিলাম। তাহাদের সাধনপ্রণালী দেখিয়া আনন্দ হইল। শাক্যসিংহ প্রথম সাধনে ঐ জায়ার-ভাটা ভোগ করিয়াছিলেন। এই জন্ম তিনি পূর্ব্ব শিক্ষা, যাহা আত্মার অঙ্গ হয় নাই,—তাহা ভুলিতে চেষ্টা করিয়া পুনর্ব্বার তপস্থা আরম্ভ করিলেন। তখন এক একটি সত্য লাভ হইতে লাগিল, এবং তাহাই আত্মার অঙ্গীভূত হইয়া, বৃদ্ধত্ব আলিঙ্গন করিল। এখনও বৌদ্ধ লামাগণ ঐ প্রণালীর অনুসরণ করেন। বৌদ্ধ গ্রন্থ যদি দেখিতে চান তবে পালি ভাষা শিক্ষা করিয়া হিমালয়ে

বৌদ্ধ মঠে গিয়া অধ্যয়ন করুন। অনুবাদে অনেক ভুল। লামা গুরুদিগের আচার ব্যবহার, তাদের সাধন প্রণালী না দেখিলে, বৌদ্ধধর্ম বৃঝিতে পারা যায় না।

বৌদ্দশাস্ত্র সমস্ত যোগমূলক। অথর্ববেদে যোগের উপদেশ অধিক। যত তন্ত্র সে সব তাপনী শ্রুতির অমুগত! বৌদ্দিগের উপাসনা এ তন্ত্রমূলক। যথন বৌদ্দিগের সহিত ব্রাহ্মণদিগের বিবাদ হয়, তখন এক্লপ বচন পুরাণের মধ্যে প্রেক্ষিপ্ত হয়। শাস্ত্রের তাৎপর্য্য বৃঝিতে হইলে, সম্পূর্ণ নিরপেক্ষ হইতে হয়। শাস্ত্র নিজে পড়িলে বুঝা যায় না। অধ্যাপকের নিকট পড়িলে শাস্ত্রের সামঞ্জ্য বুঝা যায়।"

অন্য জীব অপেক্ষা মানুষ বড় কিসে ?

আজ ঠাকুর পশুপক্ষী, কীটপতকাদির কৃতজ্ঞতা ও অম্ভূত কার্ঘাদি বিষয়ে গেণ্ডারিয়ার নানা ঘটনা তুলিয়া জানাইলেন; —"পশু-পক্ষী,—ইহাদের মধ্যে কৃতজ্ঞতা মনুষ্য অপেক্ষা অধিক। এজন্য নিকটে যে মনুষ্য দ্বারা একটি অন্নও পাইয়াছে, তাহাকে তাহারা স্মরণ করে। মৃতব্যাক্তির জন্ম যতক্ষণ ছঃখ থাকে, ততক্ষণ তাহারা নীরব থাকে—ইহাই স্বাভাবিক অশৌচ। ইহারা অশৌচান্তে স্নান করে। বড় ইন্দুর, বাচ্চা ইন্দুরকে আহার আনিয়া দিতেছে। মাকড্দা তাহার জাল পাতিয়াছে—খাবার পড়িবার জন্ম। জালের এক অংশ বাচ্চা মাকড়সাদের খেলিবার জন্ম, খাবার সংগ্রহের জন্ম অ্পুর অংশ। ঢাকার কুটীরের মধ্যে ইন্দুর পিণীলিকা মাকড়সা এবং অস্থান্ত কীট কিছু খাবার আমার জত্যে কৃটীরে আনিলে, ইন্দুর বাহিরে আসিয়া কিচ্কিচ্ করে —একখানা রুটা দিলে তবে যাইবে—নতুবা কিচ্কিচ্ করিয়া কাঁদিতে থাকিবে। পিঁপড়া সকল থাবার না পাইলে আসনে, শরীরে উঠিয়া বিরক্ত করে। মাকড়সা জালে তুলিতে থাকে। অল্ল কিছু পাইলে সম্ভষ্ট হইয়া চলিয়া যায়। মামুষ ও ইহাদের মধ্যে সন্তাব আছে। সেইরূপ সর্প, ব্যাঘ্র ইহাদের সন্তেও মাহুষের সন্তাব আছে। সমস্ত জীব জস্তু, নিজের নিজের কার্য্যে তাহারা শ্রেষ্ঠ। আমি মাকড্সার মত জাল বুনিতে পারি না; বাবুই পক্ষীর মত বাদা করিতে পারি না। চিনি ও ধূলা মিশাইয়া পৃথক করিতে আমার ক্ষমতা নাই, কিন্তু পিপীলিকার আছে।"

ঠাকুর মাকড়সা দম্বন্ধে গেণ্ডারিয়ায় একদিন লিথিয়াছেন,—"আমগাছতলায় তুলসী-গাছে একটি মাকড়সা বহুদিন পর্য্যন্ত আছে। তুই দিবস হইতে বাসা পরিবর্ত্তন করিয়া আমগাছের অড়ালে আসিয়াছে। কেন বাসা সরাইল বুঝিতে পারি নাই। কল্য রাত্রিতে যথন ঝড় হইল তখন বুঝিলাম যে, ঝড় হইবে পূর্বের জানিতে পারিয়া, এমন স্থানে বাসা করিয়াছে যেখানে ঝড় না লাগে। ছই তিন দিন পূর্বের ঝড় হইবে জানিয়াছে। কোন্ দিক হইতে ঝড় বহিবে তাহাও জানিয়াছে। এখন দেখ, মাকড়সা মহুয়া হইতে কিসে ক্ষুদ্র। ভগবানের অনন্তরাজ্যে কেহ ছোট বড় নহে। সকলে এক শক্তির দ্বারা পরিচালিত হইতেছে। প্রত্যেক জীবজন্তর স্বীয় স্বীয় জবীন যাপনে উপযোগিতা প্রত্যেককে প্রদান করিয়াছেন মহুয়া বুথা অহন্ধার করে।"


রেবতীবাবুর কীর্ত্তন ঃ অসাধারণ কণ্ঠধ্বনি।

ঠাকুর যথন ঢাকা ব্রাহ্ম স্মাজে প্রচারক নিবাদে ছিলেন দেই সময় হইতেই দেখিয়া আসিতেছি,— একটি দিনের জন্তও ঠাকুরের সন্ধ্যা কীর্ত্তন বাধা যায় নাই। প্রত্যুহ সন্ধ্যার সময়ে ধৃপধুনা গুগ্ গুল চন্দনাদি আলাইয়া, ধৃনচি ঠাকুরের দৃশ্বের রাখিয়া দেওয়া হয়। ঠাকুর উহা নমস্কার করিয়া নিজে-নিজে করতাল বাজাইয়া গাহিয়া থাকেন—"হরি সে লাগি রহরে ভাই, ভেরা বনত বনত বনি যাই"; "প্রভুজি য়্যায়দা নাম তোঁহার, পতিত পবিত্র লিয়ে কর আপনার।" ঠাকুরের নিয়মিত সন্ধ্যাকীর্ত্তন হইয়া গেলে সম্মিলিত গুরুত্রাতৃগণ সংকীর্ত্তন আরম্ভ করেন। এই কীর্ত্তনে এক এক এক প্রকার ভাবোচ্ছাদ ও আনন্দ দেখা গিয়াছে। ঠাকুরের একাস্ত প্রিয় শিশু শ্রীযুক্ত রেবতীমোহন দেন মহাশয় ধখন খোলে তালি দিয়া সংকীর্ত্তন আরম্ভ করেন – গৃহস্থিত বিক্ষিপ্ত, চঞ্চলচিত্ত শ্রোত্মগুলীর অস্তর ক্ষণকালের জন্ম যেন স্তন্তিত হইয়া পড়ে; তথন তাহারা উৎকণ্ঠার সহিত অনিমেষ নয়নে ঠাকুরের পানে তাকাইতে থাকেন। বেবতীবাবুর কণ্ঠনাদের সহিত ঠাকুরের অন্তরের কি যোগাযোগ আছে জানি না। তাঁহার সংকীর্ত্তন আরম্ভ হইলেই ঠাকুরের স্থির কলেবের চঞ্চল হইয়া পড়ে; এবং উহা দক্ষিণে বামে হেলিতে ত্লিতে থাকে। সমস্ত অদ প্রত্যক্ত এবং **দেহ**স্থিত ভিন্ন ভিন্ন মাংশপেশী থর থব কম্পিত হওয়ান্ন, ঠাকুরকে অস্থির করিবা তোলে। তিনি আর আসনে বসিয়া থাকিতে পারেন না।—একেবারে লাফাইয়া উঠেন এবং নৃত্য করিতে আরম্ভ করেন। তাড়িত যম্বের সহিত স্ক্ষ তার সংযোগে বিবিধাকার পুতৃন যেমন ভিন্ন জিল রূপে নৃত্য করিতে থাকে, বেবতীবাবুর ভাবোদ্দীপক অসাধারণ কণ্ঠধনি ঠাকুরের শ্রীচরণ বন্দনায় পরিপুষ্ট হইয়া, অলক্ষিত প্রে 'ভজবুদের চিত্ত ঠাকুরের দিকে আকৃষ্ট করিয়া ভাবাবেগে প্রমন্ত করিয়া তোলে। তথন গুরুলাতারা ভাবাবেশে মন্ত হইয়া, নানা প্রকার নৃত্য করিতে আরম্ভ করেন। ঠাকুর হরিধ্বনি করিয়া দক্ষিণ হস্ত যথন প্নঃপুনঃ সমূখের দিকে সঞ্চালন প্রকি নৃত্য করিতে থাকেন, তথন এক অনির্বাচনীয় শক্তির



শ্রীযুক্ত রেবতীমোহন সেন





আনন্দ প্রবাহ উত্তরোজর বৃদ্ধি পাইয়া সকলকে অভিভূত করিয়া ফেলে। গুরুলাতারা নানা প্রকার ছন্ধার গর্জন এবং অভূত আফালন করিতে করিতে ভাবোনান্ত অবস্থায়, ঠাকুরকে পরিক্রমণ পূর্কক উদ্দণ্ড নৃত্য করিতে থাকেন। নানাভাবের সমাবেশে ঠাকুরের শ্রীঅঙ্গ অবসন্ন হইয়া পড়ে। তিনি ক্ষণকাল কম্পিত কলেবরে দাঁড়াইয়া সংজ্ঞাশূক্তাবস্থায় পড়িয়া যান। সংকীর্ত্তনের আনন্দ কোলাহলও ক্রমশঃ নীরব হয়। গুরুলাতারাও ধীরে ধীরে প্রকৃতিস্থ হন।

আছ ছুটীর দিন। সকালেই আজ বহু স্ত্রীলোক পুরুষ ঠাকুর দর্শনার্থে স্থকিয়া খ্রীটে আদিয়া উপস্থিত হুইলেন। দেখিতে দেখিতে প্রকাণ্ড হলরুমটি লোকে পরিপূর্ণ হুইয়া গেল। বারান্দায়ও দাঁড়াইবার স্থান রহিল না। রেবতীবার গান করিবেন গুনিয়া, সকলেই অভিশয় আগ্রহের সহিত অপেক্ষা করিতে লাগিলেন। ঠাকুরের চা দেবার পর মৃদঙ্গ করতাল বাজিয়া উঠিল। ঠাকুর ছুই একবার উদ্ধিকে দৃষ্টি নিক্ষেপ করিয়া নয়ন মৃদ্ধিত করিলেন। বেবতীবার গাহিলেন:—

তব শুভ দশিলনে, প্রাণ জ্ড়াব হুদর স্থামী।
কবে বদিব একান্তে প্রাণকান্ত, তোমায় নিয়ে আমি ॥
মধ্র শ্রীবৃন্দাবনে,
তোমার নৃত্যপদ সেবি প্রভ্, কুভার্থ হুইব আমি ॥
হুদয়ে ধরি শ্রীপদ,
আমার পাপ-পরিতাপ যাবে, জুড়াব তাপিত প্রাণী ॥
অথিল লীলারসে,
ডুবাব মানস হে,
আমি সকল ভূলিব, কেবল হুদয়ে জাগিবে তুমি ॥
(আমার আঁধার ঘরের মাণিক হ'য়ে।)
পিরীতির সেজ,
হুদয়ে বিছাব হে
রসে মিশামিশি হ'য়ে, হব আমি তুমি, তুমি আমি ॥

গানের ছই এক পদ গাইতেই ঠাকুরের চেহার। অগ্রপ্রকার হইয়া গেল। তাঁহার প্রেম-বিহবল
মুখমণ্ডল রক্তিমাত হইল; ওর্গ্রধর ঘন ঘন কম্পিত হইতে লাগিল, উজ্জ্বল তাম্রবর্ণ শরীরটি গৌরবর্ণ
হইল, হর্ষপুলকে সর্বাল শিহরিতে লাগিল। ঠাকুর দ্বির থাকিতে না পারিয়া উঠিয়া পড়িলেন।
দক্ষিণ হস্ত ললাট প্রাস্তে সংস্থাপন পূর্বকে, নেত্রাবরণ করিয়া দাঁড়াইলেন; এবং বামহস্ত কটিদেশে
বিস্তাস করিয়া মধুরভাবে নৃত্য করিতে লাগিলেন। চারিদিকে স্ত্রীলোক পুরুষের কামার রোল উঠিল।
ঠাকুর তথন আচন্বিতে বহির্বাস মস্তোকোপরি তুলিয়া দিয়া, ঘোমটা টানিতে লাগিলেন; এবং বিবিধ
প্রকারে অন্ধ সঞ্চালন পূর্বক নৃত্য আরম্ভ করিলেন। ঠাকুরের দীর্ঘাকৃতি প্রকাশ্ত শরীরটি, দেখিতে
দেখিতে থর্ব্ব হইয়া পড়িল, একটু পরেই ঠাকুর উপুত্ হইয়া বামহস্তে বহির্বাসের আঁচল ধরিয়া দক্ষিণ

হত্তে টোপর হইতে মৃত্তি মৃত্তিক বাতাসা ছড়ানোর মত সমুধে ও উভন্ন পার্বে কি যেন ছড়াইয়া দিতে লাগিলেন। এই সময়ে কি যে কাণ্ড উপস্থিত হইল প্রকাশ করিবার ভাষা নাই। অপুর্বি দৃষ্ট !

আজ হখার, গর্জন নাই—উদ্বন্ধ লক্ষ্য নাই। নৃতন ভাবে, বিচিত্র প্রকারে ঠাকুরের নৃত্য দেখিয়া, অনেকে মৃদ্ধিত হইয়া পড়িলেন। ঠাকুরও ভাবাবেশে ধরাশাদ্ধী হইলেন—এমনটি আর কথনও দেখি নাই। ধন্ত রেবতীবাবৃ! ধন্ত রেবতীবাবৃ! উহার কীর্তনে ঠাকুরের যে আনন্দ তাহার একদিনের চিত্রও যেন স্মৃতিতে রাথিয়া জীবন শেষ করিতে পারি!—ঠাকুর! এই আশীক্ষাদ করুন।

তনিলাম রেবতীরাব্ব কণ্ঠধন শ্রবণ করিয়া একটি দাধূ আকৃতি, দৌম্য্মৃতি, বৃদ্ধ হিন্দুস্থানী রাস্তায় দহল। থমকিয়া দাড়াইলেন, এবং দরজার পাশে থাকিয়া তিনি কিছুক্ষণ বেরতীবাব্ব গান তনিলেন। পরে ষাওয়ার সময়, দেখানে বাহারা ছিলেন তাঁহাদিগকে বলিলেন—'যিনি গান করিতেছেন, দকীত বিভায় তাঁহার তেমন দক্ষতা না থাকিলেও,—স্বরটি কিন্তু অসাধারণ!—তথু ভগবং ভজনের জন্তই ভগবানের বিশেষ কুপায় কোন কোন ভাগ্যবান এই প্রকার কণ্ঠনাদ লাভ করেন। এই নাদে ভগবান আকৃষ্ট হন,—স্কীত শান্তে আছে।'

ঠাকুর আদ্র কথা প্রদক্ষে লিখিলেন—"ভগবানের কার্য্য দেখিয়া লোক এত অভ্যস্ত হইয়াছে যে ভগবানের প্রশৃংসা করিতে ইচ্ছা হয় না। রবিঠাকুর গান করিলে লোকে কত প্রশংসা করে। ভগবান কি আশ্চর্য্য কৌশলে বাক্যন্ত্রের স্পৃষ্টি করিয়াছেন। তোমার মনের যেমন ভাব হইবে—সেইরাপ বাক্যন্ত্রে শব্দ হইবে। রাগ-রাগিণীর কোন রাপ নাই, মাহুষের মনের ভাব মাত্র। সেই ভাব মনে আসিবামাত্র—নানা রাগ-রাগিণীর কণ্ঠার শিরাতে বাঞ্জিতে থাকিবে। নিরাকার ভাব সাকার হইয়া রাগ-রাগিণীরাপে পরিণত হইতেছে। ইহার প্রশংসা কেহ করে না। কণ্ঠার শিরা কয়েকটিমাত্র—তাহাতে সমস্ত সূর প্রকাশ হয়। উচ্চ, নীচ, হুম্ব, প্র্ত-বিবিধ শব্দ—ঐ শিরাগুলিতে বাঞ্জিতেছে।"

আমার ডায়েরী—ঠাকুরের স্পর্শ।

অন্ত আহারাস্তে মধ্যাহে ঠাকুর আসনে বসিয়া আছেন, ঘন ঘন আমার বাঁধান স্থলর ডায়েরী-খানার উপর নন্ধর করিতে লাগিলেন। পরে আমাকে বলিলেন—'ওখানা কি গ্রন্থ ?' আমি বলিলাম, আমার ডায়েরী। ঠাকুর তথন হাত পাতিয়া বলিলেন—'দেখি'। আমি ঠাকুরের হাতে ডায়েরীখানা দিলাম। ঠাকুর উহার গোড়ার দিকে একবার খুলিয়। অমনি কতকগুলি পৃষ্ঠা উন্টাইয়া দিলেন। সেখানেও ২া৪ সেকেও নন্ধর করিয়া একেবারে শেষ দিকে খুলিলেন। তথনই আবার উহা আমার হাতে দিয়া বলিলেন—'বেশা রেখে দাও।' ঠাকুর পড়িলেন না, অথচ ছ' তিনবার পৃষ্ঠা উন্টাইয়া দিলেন কেন ব্ঝিলাম না। ঠাকুরের অ্যাচিত স্পর্শে ডায়েরী যে আমার পরম পবিত্র হইয়া গেল, সন্দেহ নাই। আমাকে উৎসাহ দিতেই ব্ঝি ঠাকুর এরূপ করিলেন। বহুদিন পূর্বের ঠাকুর একবার বলিয়াছিলেন—'ব্রহ্মচারী যা লিখ্ছেন একশত বংসর পরে তা দেশে শাস্ত্র হ'বে।' ঠাকুরের কথা ভ্রিয়া ভাবিয়াছিলাম, বারদীর ব্রহ্মচারী বোধ হয় কোন গ্রন্থ লিখিতেছেন। ঠাকুর তাঁহারই কথা বলিলেন। এখন পর্যান্ত কিছা ভ্রমণ গ্রন্থের কোন থবর পাই নাই। পরিহাসচ্ছলেও যিনি জীবনে মিথ্যা কথা বলেন নাই, একসময়ে শাস্ত্র-পূরাণের মত তাঁর বাক্য যে লোকে সমাদরে গ্রহণ করিবে, সে বিষয়ে আর সন্দেহ কি ?

চাকুরের কুস্তে গমনের হেতুঃ গোঁদাই-শৃত্য গেণ্ডারিয়া।

প্রমাণে এবার পূর্বকৃষ্ণ। শুনিতেছি ঠাকুর কৃষ্ণমেলায় ঘাইবেন। ঠাকুর কৃষ্ণমেলায় কেন ধাইবেন, জিজ্ঞালা করায় বলিলেন - "অতি প্রাচীন ৩।৪টি মহাপুরুষ এবার কৃষ্ণমেলায় আস্বেন। লোকালয়ে কখনও উহারা আসেন নাই। বদরিকাশ্রম হইতে শত শত ক্রোশ উত্তরে হিমালয়ের তুর্গম স্থলে উহারা থাকেন। আমাকে দয়া ক'রে কৃষ্ণমেলায় যে'তে আদেশ ক'রেছেন,—তাই তাঁদের দর্শন কর্তে যা'ব।"

আমি—মহাপুরুষেরা আস্বেন কেন ? তাঁরা কি কুছে স্নান কর্তে আস্বেন ?

ঠাকুর—সান কর্তে তাঁরা আসবেন না, তাঁদের আসার উদ্দেশ্য স্বতন্ত্র। দেশে সর্বব্রই ধর্ম্মের অবস্থা অতিশয় মান হ'য়ে প'ড়েছে। এক একটি মহাত্মার উপর এক এক দেশের ভার অর্পণ ক'রে তাঁরা চ'লে যাবেন। চৌরাশী ক্রোশ ব্রজমগুলের ভার এবার কাটিয়া বাবার উপরে দিবেন স্থির হ'য়ে আছে।

আমি জিজ্ঞাদা করিলাম—বাঙ্গালা দেশের ভার কার উপরে দিবেন ? ঠাকুর ভনিয়া ঈষৎ হাস্তমুখে আমার দিকে একটু চাহিয়া রহিলেন পরে ধীরে ধীরে বলিলেন—"তা কি এখন বলা যায় ?"

জিজাসা করিলাম—কুম্ভযোগে স্নানের যদি অসাধারণ বিশেষত্ব না থাকে, তাহ'লে মাসব্যাপী এই মেলা কেন? ইহা কি আধুনিক? রামায়ণ মহান্ডারতে কোথাও তো এই কুম্ভমেলার
কথা নাই?

ঠাকুর—আধুনিক নয়—বহু প্রাচীন। রামায়ণে ইহার উল্লেখ আছে। মুনি ঋষিরা মাঘ মাসে প্রয়াগে ভরদ্বাজ আশ্রমে সকলে সমবেত হইতেন। একমাস কাল তাঁহারা প্রয়াগে ভরদ্বাজ আশ্রমে বাস ক'রে কুস্তযোগে ত্রিবেণী সঙ্গমে স্নান ক'রে আপন আপন আশ্রমে চ'লে যেতেন। কুস্তমেলা সাধুদের কংগ্রেস্। কুস্ত- . যোগ সাধুদের সম্মিলনের সক্ষেতকাল। এই সময়ে ভারতবর্ষের সকল সম্প্রদায়ের সাধুরা একটি স্থানে মিলিত হ'য়ে সাধন-ভজনে তপস্তা সম্বন্ধে কোন প্রকার সংশয় সম্পেহ জন্মিলে, পরস্পরের আলাপ আলোচনায় তাহা মীমাংসা ক'রে নিতেন। এই সম্মিলনের ইহাই প্রধান উদ্দেশ্য—এখন সে সব নাই। এখন স্নান লইয়া সম্প্রদায়ে সম্প্রদায়ে রগড়া বিবাদ, মারামারি, কাটাকাটি এই দেখা যায়।

ক্ষমেলা সম্বন্ধে ঠাক্র অনেক কথা বলিলেন। শুনিয়া ব্ঝিলাম, থুব শীঘ্রই তিনি কুস্তমেলায় যাইবেন। প্রয়াণে স্থপ্রদিদ্ধ ডাক্তার গোবিন্দবাবৃকে লিথিয়া একথানা বাড়ী ভাড়া করিতে গুফ্লভ্রাতাদের বলিলেন। এ বিষয়ে চেষ্টা চলিতে লাগিল। আমি ভাবিলাম, বাড়ীতে মাতাঠাকুরাণী আমাকে দেখিতে বড়ই অম্বির হইয়া রহিয়াছেন। তাঁহার পদধূলি ও আশীর্কাদ না হইয়া আদিলে ঠাকুরের নিকট স্থির হইয়া থাকিতে পারিব না। স্থতরাং কালবিলম্ব না করিয়া বাড়ী যাত্রা করি। এই স্থির করিয়া মাতাঠাকুরাণীকে দর্শন করিতে যাইব বলিয়া ঠাকুরের অম্বন্ধতি চাহিলাম। ঠাকুর খুব সম্বন্ধ হইয়া আমাকে বাড়ী যাইতে বলিলেন। কার্ভিকের শেষ সপ্তাহে আমি ঢাকা রওয়ানা হইলাম। খ্রীমান সজনীর নিকটে শালগ্রামটি রহিয়াছেন। বাড়ীতে উহা নিয়া রাখিলে মাতাঠাকুরাণীর গোপালের সহিত উহার দেবা পূজা যথামত চলিবে ব্ঝিয়া শালগ্রামটি সঙ্গে লইয়া চলিলাম। ছোট দালার বন্ধু খ্রীমৃক্ত কুঞ্জবিহারী গুহুঠাকুরতা মহাশয় আর কিছুদিন পরেই বাড়ী যাইবেন। তিনি আমাকে একবার তাঁহার বাড়ী বানরিপাড়া যাইতে বিশেষভাবে অম্বরোধ ও জেদ করিতে লাগিলেন। আমি তাঁহার কথায় সম্বত হইলাম।

বেলা অবদানে দোলাইগঞ্জ ষ্টেশনে নামিয়া গেণ্ডারিয়া আশ্রমে পছছিলাম। আশ্রম জনমানব শৃত্য দেখিয়া আমি ভিতর বাড়ীতে প্রবেশ করিলাম; দেখিলাম কৃঞ্জ ঘোষ মহাশয়ের স্ত্রী দক্ষিণের ঘরের উত্তর বারান্দায় একাকী গালে হাত দিয়া চুপ করিয়া বিদিয়া আছেন। মৃ'টের ঘাড়ে জিনিষ পত্র দেখিয়া আমাকে বলিলেন—'এই ঘরে ছেলে পিলে নিয়ে আমি থাকি—আপনার আসন প্রের ঘরে নিন।' আমি প্রের ঘরে ঠাকুরের আসনের স্থান বাদ দিয়া আসন করিলাম। তৎপরে বারান্দায় বিলাম। আমার খবর পাইয়া পাড়ার সমস্ত মেয়েরা ছুটাছুটি করিয়া আদিয়া পড়িলেন। তাঁহারা আমাকে দেখিয়া কেহ কেহ কাঁদিতে লাগিলেন,—কেহ কেহ অবসাদ হইয়া বিদয়া পড়িলেন, আবার অশ্রুপ্ন নয়নে কেহ কেহ আমাকে জিজ্ঞাসা করিলেন—'গোঁসাই কি আর গেণ্ডারিয়া আসিবেন না? আপনি আসিলেন গোঁসাই কই?' কেহ বলিলেন—'গোঁসাই স্থ্য আছেন তো? আমাদের কি মনে করেন?' আমি তাঁহাদের মলিন বেশ, জীর্ণ শীর্ণ অবস্থা ও নিস্তেজ ভাব দেখিয়া বড়ই তৃংখ পাইলাম। গোঁসাই ছাড়া হইয়া এই কয়মাসে তাঁহারা কি হইয়াছেন, দেখিয়া অবাক্ হইলাম। কোনপ্রকারে তাঁহাদের কথার তু'একটি উত্তর দিয়া শোচে চলিয়া গোলাম। স্নান করিয়া আসিয়া

পঞ্চম খণ্ড 🕝

দেখি, আমার ব্রালার সমস্ত আয়োজন প্রস্তুত। ধথা সময়ে আমি বালা আহার সমাপন করিলাম।, পরে আমতলায় কতক্ষণ বসিয়া থাকিয়া আসনে আসিয়া শয়ন করিলাম।

ঠাকুর শৃত্য আশ্রমে কোন প্রকারে ৪।৫ দিন কাটাইলাম। এই সময়ে আশ্রমে থাকা যে কি কষ্টকর বলা যায় না। কয়েকমাদ পূর্বেও যে আশ্রম ভজনানন্দী গুরুল্রাতাদের সংকীর্ত্তন মহোৎসবে, শাস্ত্র পাঠ ও দদালোচনায় অহনিশি গৃম্গম্ করিত, আজ তাহা জনমানব শৃত্ত, নীরব নিস্তর । শ্রীযুক্ত কুপ্রঘোষ মহাশয় সকালে একবার ঠাকুরের ভজন কৃটিরে ধুপ ধ্না দেখাইয়া থাকেন এবং এক অধ্যায় চৈতত্ত চরিতামূত এবং গ্রন্থসাহেব পাঠ করিয়া চলিয়া যান। সারাদিনে আর তিনি আশ্রমে আসেন না। শ্রীমান ফণিভূষণ প্রত্যহ সকালে মা-ঠাক্রুণের নিয়মত পূজা করেন এবং সন্ধ্যার সময়ে আরতি করিয়া থাকেন। আরতির সময়ে কাহাকেও মন্দিরের সন্মুথে দেখা যায় না। বিকালবেলা কোন কোন দিন গুকুলাতারা কেহ কেহ আদিলে আমতলায় মন্দিরের রোয়াকে অথবা পুকুরপাড়ে ঘাসের উপরে কিছুক্ষণ বদিয়া চলিয়া বান। এবাড়ীর ওবাড়ীর মেয়েরা সকালে মধ্যাহে ও বিকালে ক্ষণে ক্ষণে অলেনে আদিয়া উপস্থিত হন, পুত্লের মত কিছুক্ষণ আমগাছের দিকে চাহিয়া থাকিয়া, কেহ বা আদিয়া যেখানে দেখানে ঘাদের উপরে গালে হাত দিয়া বসিয়া পড়েন; পরে দীর্ঘনিখাস ফেলিতে ফেলিতে চলিয়া যান। কিছুকাল পূৰ্ব্বেও গেণ্ডারিয়ার যে দকল মেয়েকে ব্রজময়ীদের মত হর্ষোৎফুল মনে সম্মুখে পশ্চাতে হাত দোলাইয়া মহাস্ত্তিতে নি:সক্ষোচে চলাফেরা করিতে দেখিয়াছি, আজ ভাহাদের শুষ্টাপূর্ণ বিষাদ মাধা মলিন মুখলী দেখিয়া এবং ক্লেশস্চক কাতরম্বরে ক্ষণে কণে হা হতাশ শুনিয়া অন্তরে বড়ই ব্যথা পাইলাম। ঠাকুর প্রত্যহ প্রত্যুষে আদন হইতে উঠিয়া উঠানে হর্কাঘাদের উপরে পাথীদের চাউন দিতেন। কত প্রকারের পাথী আসিয়া আনন্দ করিয়া উহা ধাইত। এখন সে সব স্থানে চাউল দিলেও পাথীরা আদে না, চাউল থায় না। উদয়ান্ত নানা শ্রেণীর পাথীর কলরব ধে আমগাছে বিরাম ছিল না, আজ দেই গাছে একটি পাখীও নাই—পাখীরা গাছ ছাড়িয়া চলিয়া গিয়াছে। প্রতিদিন ঠাকুর যে সকল বৃক্ষলতার নিকটে ষাইয়া দাঁড়াইতেন এবং কান পাতিয়া তাহাদের কথা ভনিতেন ও ধীরে ধীরে ঘাড় নাড়িয়া মৃত্ মৃত্ হাসিতেন, কত আদর করিতেন— দেখিতেছি, দেই সকল বৃক্ষলতা পত্ৰশৃত্ত হইয়াছে—শুকাইয়া ষাইতেছে। ঠাকুরের স্বৃতি চিতানলের মৃত জ্ঞালিয়া উঠিয়া সমন্ত বাসনা কামনা দগ্ধ করিতেছে, প্রাণে শৃত্য উদাসভাব আসিয়া পড়িতেছে, আমি আর স্থির থাকিতে পারিলাম না-বাডী চলিলাম।

অপরাক্ত ৪টার সময়ে বাড়ী পঁছছিলাম। মাতাঠাকুবাণীকে প্রণাম করিয়া পদধ্লি মাথায় লইলাম।
মা আমার গায়ে হাত বৃলাইতে লাগিলেন। মায়ের স্বেহপূর্ণ করস্পর্শে আমার শরীর শীতল হইল—
প্রাণ ঠাণ্ডা হইয়া গেল। অস্তরে তরঙ্গশৃক্ত বিমল আনন্দের ধারা বহিল; আমি কিছুক্ষণ নির্বাক হইয়া
বিসিয়া রহিলাম। আনাস্তে রায়া করিয়া আহার করিলাম। পরে পাহাড়-বাদের গল্প করিয়া অনেক
রাত্রি কাটাইলাম। মা শুনিয়া থুব আনন্দিত হইলেন। মায়ের স্বেহ মমতার পার-কিনারা নাই।

বাড়ীতে অবস্থানঃ মায়ের নিত্যকর্মঃ পাড়াগাঁয়ের ধর্ম।

বাড়ীতে মাঠাকৃষ্ণণের নিকটে বড়ই আরামে দিন অতিবাহিত হইতেছে। প্রত্যহ প্রত্যুয়ে স্নান তর্পণাদি করিয়া আসনে আসিয়া বসি। সন্ধ্যা হোম সমাপন করিয়া তাসাদি কার্য্যে বেলা ১টা হয়। পরে প্রায় ২ ঘটা সময় মাকে গীতা চণ্ডী প্রভৃতি পাঠ করিয়া শুনাই। এগারটার সময় আবার স্নান করি। পরে স্থির ভাবে আদনে বদিয়া নাম করি। মা বারমাদ প্রতিদিন সুর্ব্যোদয়ের অস্কৃতঃ দেড় ঘন্টা পূর্ব্বে শখ্যাত্যাগ করেন। এক হাঁড়ি জলে গোবর গুলিয়া ভিতর বাড়ী, বাহির বাড়ী, রান্ডাঘাট পায়খানার পথ সর্বত্ত গোবড় ছড়া দেন। পরে ঐ সকল স্থানে ঝাড়ু দিয়া বাড়ীটী পরিকার করিয়া ফেলেন। তৎপরে গোবরজ্বে দকল ঘরের বারান্দা, পইটা স্থন্দররূপে লেপিয়া থাকেন। তথন প্ৰ্যাস্ত নিস্ৰা হইতে কেহ উঠে না। সূৰ্য্য উদ্ম হইতে না হইতেই মা স্নান করেন। ঘাটে ব্যামা সন্ধ্যা করিয়া বাড়ীতে আদেন এবং এক ঘট জলে তুলদীকে স্নান করান, মন্ত্র পড়েন —তুলদী তুলদী বুলা-বন, তুমি তুলদী নারায়ণ, তোমার শিরে ঢালি জল অস্তঃকালে দিও ফল।' মা তুলদীকে নমন্বার কবিয়া ফুল দুর্কাদি চয়নাস্তে ঠাকুর ঘরে প্রবেশ করেন। ঠাকুর পূজার সমন্ত আয়োজন রাখিয়া গৃহ-কার্য্যে রত হন। কথন চাউল ভাল ঝাড়া বাছা, কথন থৈ মুড়ি ভাজা, কথন বা ধানসিদ্ধ করা, ধান রৌল্রে দেওয়া ইত্যাদি কার্য্যে বেলা এগারটা পর্যান্ত কাটাইয়া দেন—পরে নিজের রামার জন্ম রস্থই ঘরে প্রবেশ করেন। হাবিফ্রান্নের সমন্ত মা নিজেই আয়োজন করেন; অন্তের সাহায্য নেন না। বালার সময়ে মা কচি কচি মেয়েগুলিকে ডাকিয়া খেলার উননে বালা করিতে বলেন। খুকীরা উৎসাহের সহিত শাক পাতা, লভা, ডাঁটা, যাহার যাহা ইচ্ছা সংগ্রহ করিয়া নিয়া আদে। মা ঐ সকল কুটিয়া শুক্তা, ঝালের ঝোল, অম্বলাদি প্রস্তুত ক্রিতে বলেন। কোন ঝোল রাধিতে কি তরকারী দিতে হয়, কোন তরকারীতে কি বাটনা প্রয়োজন, মা তাহা উহাদিগকে শিক্ষা দেন। উহাদের পুতৃল-ছেলে-মেয়েদের কি প্রকারে কোলে নিবে, হুধ খাওয়াইবে, হুধ খাওয়াইতে কিরূপে ঝিতুক ধরিবে; ছেলেকে ঘুম পাড়াবে, শয়ন করাইবে, সমস্ত মা উহাদিগকে খেলার ছলে শিক্ষা দেন। গৃহকার্য্যে প্রাস্ত হইয়া পড়িলে কোন কোন দিন আমি মা'র বালা করি। আমার পছন্দ মত দামগ্রী মা আমাকে রান্না করিতে বলেন এবং দম্মুধে বদিয়া জ্বপ করিতে করিতে কি প্রকারে উহা রান্না করিতে হইবে বলিয়া দেন। রালা হইরা গেলে মা শালগ্রাম নমস্কার করিতে ত্'মিনিট অস্তরে সরকারী বাড়ী যান। শাৰ্থাম নমস্কার করিয়া আসিতে মার প্রায় ১ ঘণ্টা সময় লাগে। ভাত ঠাণ্ডা হইয়া যায় বলিয়া আমি প্রায় রাগ করি। মা আমাকে একদিন বলিলেন—"ঠাকুর নমস্কার করিতে যাই, তুই রোজ এত রাগ করিদ্ কেন ?" আমি বলিলাম—ঠাকুর নমস্কার করিতে তুমি এতক্ষণ কাটাও কেন ?—আমরা কি ঠাকুর নমস্কার করি না ?"—তোদের এক ঠাকুর, ঝুপ করে পড়িস্ আর নমস্কার করে উঠিস্।

আমার তো সেরপ নয়। আমি আজ পর্যান্ত বেধানে বেধানে বত ঠাকুর দেখেছি প্রত্যেকটাকে স্মরণ ক'রে একবার ক'রে নমস্কার করি—তাতেই এত বিলম্ব হয়—এক ঘণ্টার কমে হয় না।"

আমি—"অয়োধ্যা, কাশী, হরিছার, বৃন্দাবনাদি স্থানে যত ঠাকুর দেখেছি সকলকেই তৃমি প্রতিদিন নমস্কার কর ?—ভূল হয় না ?"

মা—ভূল যদি হয়, সেই ঠাকুরই আমাকে মনে করাইয়া দেন।

আমি—প্রতিদিন সন্ধ্যার সময়ে পশ্চিম মৃথে উপুড় হ'য়ে দাঁড়ায়ে ক'ড়ে আঙ্গুল পুনঃপুনঃ মাটিতে ঠেকাও, আর ঐ হাত কপালে ছোঁয়াও; ওর মানে কি ?

মা-- গাজী পীর এদের একুশবার করিয়া সেলাম দেই।

আমি—তুমি এত ঠাকুর দেবতাকে নমস্বার কর—মুসলমানদের গাজী পীরকে কর, আমার গোসাইকে একবার মনে কর না ?

মা—আরে গোঁদাইকে যে আমি ঘুম থেকে উঠার দমন্নই সকলের আগে নমস্কার ক'রে উঠি। আমি—কেন আমার গোঁদাইকে তুমি নমস্কার কর কেন ?

মা—'তোরা ষে গোঁদাইকে ভগৰান বলিদ্। যদি তাই হয়—আমি ঠকে যাব, তাই করি।' মার কথা শুনিয়া আমি কাঁদিয়া ফেলিলাম।

আহার করিতে করিতে যাহা ভাল লাগে, মা আমার হাতে তুলিয়া দেন। এইপ্রকার ৪।৫ গ্রাদ প্রাদাদ মা'র হাত হইতে পাইয়া থাকি। আহারাস্তে মা ছেলেদের ডাকিয়া এক এক প্রাদ অন্ধ দিয়া থাকেন। আহারের পরে মা নিজ্ঞা যান; ছ' তিন বাড়ী ঘুরিয়া তাহাদের খবর নেন। তিনটার সময়ে মহাভারত পাঠ করি। মা পাড়া-পড়শীদের লইয়া তাহা শ্রবণ করেন। অপরাক্তে আমি রান্ধা করি—মা সমন্ত বোগাড় করিয়া দেন।

গ্রামে নিমশ্রেণীর লোকদের ভিতরে উপধর্মের অষ্ঠান অভিশয় বৃদ্ধি পাইয়া থাকিলেও, সনাতন ধর্মের প্রভাব নাধারণ গৃহস্থদের মধ্যে কম নয়। নারাদিন গৃহকার্য্যে ও পরিশ্রাম্ব চাষারা সদ্ধার পর কোন গৃহস্থের বাড়ীতে বা বাউল বৈষ্ণবদের আখ্ডায় সমবেত হইয়া হরিসংকীর্ত্তন করে। একটি দিনও তাহাদের এ কার্য্যে বাধা হয় না। প্রতি শনিবার সদ্ধার পর, অস্কতঃ ৪।৫ বাড়ীতে শনি পূজা হয়। নারায়ণ দেবাও সপ্তাহে ২।৪ বাড়ী হইয়া থাকে। উঠানের মধ্যস্থলে শালগ্রাম স্থাপন-পূর্বেক চতুর্দ্দিকে যখন গ্রামবাসী ভদ্রলোকেরা বসিয়া যান, এবং উচ্চকঠে মধুর স্বরে সকলে একসঙ্গে পূঁথি পাঠ করেন তখন মনে হয় যেন ঠাকুর আবিভূতি হইলেন। পূঁথি পাঠের পর ব্রাহ্মণেরা চাউলের গুঁড়ি, কলা ও গুড় ত্থের সঙ্গে মিলাইয়া সিয়ি প্রস্তুত করেন এবং ঠাকুরকে নিবেদন করিয়া পরম পরিতোধে সকলে প্রসাদ পান।

আমি বাড়ি আদিয়াছি পর প্রতিদিনই সন্ধার সময় গ্রামের বাউল, বৈষ্ণব, যুগী, কাপালিক, নমশ্লেরা, খোল করতাল লইয়া আমাদের বাড়ী আদিয়া থাকে এবং পরমোৎদাহে গৌর-কীর্ত্তন,

হরিসংকীর্ত্তন গান করে। আড়াই ঘণ্টা তিন ঘণ্টা সংকীর্ত্তন করিয়াও উহারা ভৃপ্তি লাভ করে না। নামের আনন্দে ভাবোচ্ছাদ উহাদের কাহারও কাহারও ভিতরে দেখা যায়। নামে ভক্তি উহাদের স্বাভাবিক। ইহাদের দক্ষে বড়ই আনন্দলাভ করিতেছি।

ছোট লোক বাউল বৈবাগীদের ভিতরে একটি নৃতন দেবতার স্বৃষ্টি হইয়াছে। দেবতার নাম 'ত্রিনাথ'। সন্ধ্যার সময়ে ইতর শ্রেণীর লোকেরা নিমন্ত্রিত হইয়া কোন কোন গৃহস্থদের বাড়ী উপস্থিত হয় এবং জিনাথের গান করে—

দিন গেলে ত্রিনাথের নাম লইও। আরে দমে দমে লইওরে নাম কামাই নাহি দিও।

শারাদিন ক'রো রে ভাই গৃহবাদের কাম, সন্ধ্যা হ'লে নইও রে ভাই ত্রিনাথের নাম।
আমার ঠাকুর ত্রিনাথে যে করিবে হেলা, ত্টি চক্ষ্ উপাড়িয়ে নেকালিবে ঢেলা।
আমার ঠাকুর ত্রিনাথ যা'র বাড়ী যায়, একপয়সার গাঁজা দিয়া তিন কল্ফি সাজায়।

এই গান করিতে করিতে তাহারা গাঁজায় দম দিতে থাকে; আর থুব মাতামাতি করে। পরে মুড়ি মুড় কি নারিকেল বাতাসা ঠাকুরের ভোগ দিয়া প্রদাদ পায়। গ্রামে প্রত্যেকটি গৃহস্থের বাড়ীতেই প্রতি মাসে নিদিষ্ট দেবতাদের পূজা হইয়া থাকে। হুর্গাপূজা সকলে করিতে পারে না, তাহা ব্যতীত লক্ষ্মী পূজা, কার্ত্তিক পূজা, দরস্বতী পূজা প্রভৃতি ছোট বড় দকলেরই ঘরে ষথামত হইয়া থাকে। ইহা ছাড়া প্রত্যেক গৃহস্থ বাড়ী প্রতিমানে মেয়েরা ২০০টি করিয়া বত্ত করে। বত্ত-পূজাদির আয়োজন কয়েকদিন পূর্বে হইতেই করিতে হয় বিশ্বমা বারমাদ ইহাদের ইচ্ছায় বা অনিচ্ছায় ধর্ম অন্তর্ভানে ব্যাপৃত থাকিতে হয়। মেয়েদের কোন কোন বত বিষম তপস্থা। এই তপস্থা আমার দারা হওয়া সম্ভব মনে কৃরি না।

মা যথন স্থ্য-পূজা করেন দেখিয়া অবাক হই। শেষ রাত্রে উঠানের মধ্যন্থল গোময় লারা লেপিয়া স্নান করিয়া আসেন। পরে স্থ্য নারায়ণের মৃত্তি নানা রক্ষের চালের গুঁড়ি দারা অতি স্থানররূপে অন্ধিত করেন। তৎপরে স্থ্য পূজার যাবতীয় সামগ্রী স্থোর সম্মুখে সাজাইয়া, স্থ্য উদয়ের অপেক্ষা করিছে থাকেন। স্থ্য যেমন উদয় হইতে থাকেন, স্থাকে সাষ্টাক্ষ নমস্কার করিয়া স্থ্যার্ঘ্য প্রদান পূর্বাক কর্ষোড়ে দণ্ডায়মান হন এবং স্থোর পানে দৃষ্টি রাখিয়া জপ করিতে থাকেন। কিছুক্ষণ অস্তর অস্তর প্রকাণ্ড ধৃন্চিতে ধৃপ-ধৃনা চন্দন গুগ গুলাদি নিক্ষেপ করেন। স্থ্য ষেমন উদ্ধিদিকে উথিত হইতে থাকেন মার দৃষ্টিও সঙ্গে দলে উঠিতে থাকে। এইপ্রকার স্থ্য অন্তর্গামী হইলে মাও পশ্চিম মৃথ হ'ন। একভাবে একই স্থানে দাঁড়াইয়া সমস্ত দিন কাটান। স্থ্য অন্ত হইতে থাকিলে মা আবার স্থ্যার্ঘ্য প্রদান করিয়া সাষ্টাক্ষ প্রণাম করেন। তথন পুরোহিত আদিয়া পূজা করিয়া থাকেন। সারাদিন অনাহারে একভাবে প্রচণ্ড রৌজে স্থ্যাভিমুথে দাঁড়াইয়া থাকিয়াও মা অবসল্ল হন না, ইহাই আশ্র্যা।

এইপ্রকার আর ২।৪টি ব্রত আছে, যাহার অমুষ্ঠানের কঠোরতা সহজ নয়। গ্রামে অধিকাংশ গৃহস্থ বাড়ীতেই মেয়েদের ব্রতপুজা উপবাসাদি দেখিয়া বড়ই আনন্দলাভ করিলাম।

বাত্রি প্রায় ১০টার সময়ে মার শয়ন ঘরের বারাপ্তায় আমি শয়ন করি। শয়নকালে কচি-থোকাটিকে লইয়া গর্ভধারিণী যেমন করে, মাও আমাকে লইয়া তেমন করিয়া থাকেন। আমার নিজা না হওয়া পর্যান্ত বিছানার ধারে বিসিয়া মা আমার গায়ে হাত বুলান—মাথা চুল্কান। সময় সময় অস্পষ্ট মন্ত্র পড়িয়া পেটে আঙ্গুলের টোকা দেন। একদিন জিজ্ঞাসা করিলাম, মা! এ কি কর্ছ ?

মা বলিলেন—'রক্ষা বেঁধে দি।' আমি—'কেন এতে কি হয় ?' মা—"জানিদ্ না ? ঘুমের সময় কোন আপদ বিপদ ঘট্বে না, ভূত প্রেত অপদেবতায় কোন ক্ষতি কর্তে পার্বে না। ভেয়ে পিপড়া, ইন্দ্র বিড়ালও কামড়াবে না। এখন আর কথা বলিদ্ না চোধ বুজ্—ঘ্মো।" মার অসাধারণ স্মেহের কথা ভাবিয়া চোধের জলে আমার বালিদ ভিজিয়া যায়। আহা! এমন মা'র গর্ভে জিমিয়াছি বিলিয়াই ঠাকুর আমাকে তাঁর দেবত্র্ভ শ্রীচরণে আশ্রয় দিয়াছেন।

বরিশালে অবস্থানঃ আত্মার উন্নতির লক্ষণ সম্বন্ধে অধিনী বাবুর প্রশ্নের উত্তর।

গুরু লাতা প্রীযুক্ত কুঞ্জবিহারী গুহঠাকুরতা আমাকে তাঁহাদের বাড়ী বানরিপাড়া ঘাইতে পুন:পুন: চিঠি লিখিতেছেন। পরশু একটি স্বপ্ন দেখিলাম—'বেলা অবসানে ভিক্ষা করিতে কুঞ্জবাবুদের বাড়ীর ঘারে উপস্থিত হইলাম। ঠাকুরের অসাধারণ কুপায় কুঞ্জবাবুর স্ত্রী প্রীমতী কুস্থমকুমারী অনেক অলোকিক অবস্থা লাভ করিয়াছে, গুনিয়াছি। তাঁহাকে দর্শন ও তাঁহার হাতে অয়গ্রহণই আমার তথায় যাওয়ার উদ্দেশ্য। কুস্থম আমার সংবাদ পাইয়া ভিক্ষা লইয়া ঘারে আদিয়া উপস্থিত হইল। আমি তথন দেখিলাম, গুল্লবর্ণ উজ্জল মৃত্তি একটি মহাপুরুষ আচ্মিতে প্রকাশিত হইয়া কুস্থমকে জড়াইয়া ধরিলেন এবং ধীরে ধীরে তাঁহার শরীরে লীন হইয়া গেলেন। কুস্থমের কাঁধে মহাপুরুষের হাত তথানা মিলিয়। বেল; কুস্থম চতুর্ভুজা হইল। কুস্থম চারিহাতে ভিক্ষায় লইয়া আমাকে প্রদান করিল। ভিক্ষা গ্রহণ করিয়াই জাগিয়া পড়িলাম। স্বপ্লটি দেখার প্র বানরিপাড়া যাইতে আরো আকাজ্জা রৃদ্ধি পাইয়াছে।

আমি প্রায় ১ মাস কাল মাতাঠাকুরাণীর চরণতলে পরমানন্দে থাকিয়া বানরিপাড়া রওনা হইলাম। অগ্রহায়ণের শেষ সপ্তাহে বরিশাল পঁছছিলাম। আমার ওথানে উপস্থিত হওয়ার পূর্কেই কুঞ্জ বরিশালে আসিয়া অপেক্ষা করিতেছিলেন। আমি গুরুজ্ঞাতা প্রীযুক্ত গোরাচাঁদ দাস মহাশয়ের বাসায় উঠিলাম। গোরাচাঁদ বাব্ব আদর ও ষত্ন ভালবাসায় এ৬ দিন আমাকে ষেন মৃথ্য করিয়া রাখিল। গোরাচাঁদ বাব্ সহরের সর্বপ্রধান উকীল হইলেও কোন প্রকার আড়ম্বর নাই। সদাচার সদাক্ষানে

বাড়ীট ষেন দেবালয়। অতি প্রত্যুষে শ্যা ত্যাগ করিয়া বারমাস তিনি গো-সেবা করেন। গোয়াল
যর জল তুলিয়া নিয়া নিজ হাতে পরিষ্কার করেন। গরুর খুর ধোয়া, গা হইতে গোবর পরিষ্কার করা
প্রভৃতি যাবতীয় কার্য্য নিজে করিয়া থাকেন। গরুকে খাবার দেওয়া, জল দেওয়া, কোন কার্য্যই
চাকরের উপর নির্ভর করেন না। এইরূপ স্থচাকরূপ গো দেবা আমি কোথাও দেথি নাই। দরিস্ত
কতকগুলি ছেলেকে বাড়ীতে রাধিয়া সমস্ত খরচ দিয়া লেখাপড়া শিখাইতেছেন। সাধন ভজনেও
অস্কুরাগ খুব; ঠাকুরের উপর নিষ্ঠা অসাধারণ।

স্বদেশ প্রেমিক কর্মবীর গুরুলাতা শ্রীযুক্ত অধিনীকুমার দত্ত মহাশয় আমাকে তাঁহার বাড়িতে লইয়া গেলেন। সম্প্রতি তিনি ভক্তি-যোগ' নামে একথানা পুন্তক লিখিয়াছেন, তাহা আমাকে উপহার দিলেন। পুন্তকথানা খোলা মাত্রই চক্ষে পড়িল 'ন জাতু কাম: কামানাং উপভোগেন শাম্যতি।' ইহার ব্যাখ্যা করিতে গিয়া লিখিয়াছেন—কামীদের কাম ভোগের দারা উপসম হয় না।' পড়িয়া অধিনী বাবুকে বলিলাম, – দাদা! আপনার ব্যাখ্যা মতে শাস্ত্র বিরোধ পড়ে। কারণ বিধিপুর্বাক ভোগে কামের নির্ত্তি হয়; ইহা সকল শাস্ত্রেই আছে।

অধিনী বাৰু বলিলেন—এ শ্লোক তো শান্তেরই, ভোগনিবৃত্তি হইলে 'হবিষা কৃষ্ণবর্ত্তব ভূমএবাভিবৰ্দ্ধতে' এই কথার তাৎপর্যা থাকে না। আমি বারদীর ব্রহ্মচারী মহাশয়ের নিকট এ শ্লোকের
যে ব্যাখ্যা শুনিয়াছিলাম তাহা বিলিলাম,—'এ শ্লোকে ভোগের কথা নাই—উপভোগ কথাটি আছে।
শান্ত্রবিধি উল্লেখন পূর্বক যে স্বেচ্ছাচারে ভোগ ভাহাই উপভোগ। এই উপভোগেই সাম্য হয় না।
কিন্তু বিধিপূর্বক ভোগে শাম্য হয়।' অধিনী বাবু শুনিয়া একটু সময় চুপ করিয়া রহিলেন। পরে
বলিলেন,আগামী সংস্করণে ওটি সংশোধন করিয়া দিব—ব্যাখ্যাটি ভূলই করিয়াছি।

অধিনী বাবু জিঞ্জাদা করিলেন—আচ্ছা ভাই, আগ্নার উন্নতি হইতেছে কিদে ব্ঝিব ?

আমি—আপনি কি ব্ঝিয়াছেন তাহা জানিতে চাই। অধিনী বাবু বলিলেন—'সত্য, দয়া, বিনয়, সরলতা, পরোপকার, উৎসাহ, উভ্তম, তেজন্বিতা এদব ষাহার দেখা যায় তাহারই আত্মার উন্নতি হইতেছে মনে করি।

আমি—আমি তাহা মনে করি না। ভয়ে বা প্রশংসা লাভের লোভে ঐ সকল গুণের অফুষ্ঠান আনেকে করিতে পারে; তাতে তাহাদের প্রকৃতি ঐ সকল গুণসম্পন্ন হইয়াছে, মনে করা যায় না।

অধিনী বাৰু-তুমি তা হ'লে কি লক্ষণে আত্মার উন্নতি ব্ঝ ?

আমি—যাহার চিত্ত গুরুতে আকৃষ্ট তারই আত্মা উন্নত মনে করি।

অশ্বিনী বাব্—তোমার কথা ব্ঝিলাম না। এ কথার কি কোন যুক্তি আছে ?

আমি—যুক্তি এই, গুরুতে দকলেই দকল দদ্গুণ আরোপ করে গুরুকে দর্বগুণময় মনে করে। এই গুরুতে আকর্ষণ হইলে, দদ্গুণে তার আকর্ষণ হইম্বাছে বুঝিতে হইবে। বাহিরে অবস্থায় পড়িয়া একজন যাহাই কর্মক না কেন, তার চিত্ত যদি দদ্গুণে আরুষ্ট থাকে, তাহা হুইলে তাহার অন্তর

সংম্থী; চিত্তম্থী হইলেই তার আত্মা উন্নতিশীল বলিতে হইবে। অধিনীবাৰু আমার কথা শুনিয়া সম্ভুট হইলেন এবং 'বাং! বেশ বলেছ ভাই, বেশ বলেছ' বলিয়া চুপ করিয়া রহিলেন।

বিনা আগুনে অন্নপূর্ণার রান্না অন্ন।

আমি অধিনীবাৰ্ব বাড়ী হবিষ্যান্ন করিয়া গোঁরাচাদ বাব্ব বাড়ী আদিলাম। শ্রীযুক্ত হুরকান্ত বাব্ শিববাৰ্ প্রভৃতি গুরুলাতার দ্বেল ৫।৬ দিন বরিশালে আনন্দে কাটাইলাম। শ্রীযুক্ত কুরু ঠাকুবতার সহিত বহু গুরুলাতার জন্মন্থান পুণাভূমি বানরিপাড়ায় উপস্থিত হইলাম। গুরুলাতারা আনেকে স্থামার ঘাটে উপস্থিত থাকিয়া আমাকে খুব আদর করিয়া কুঞ্জনের বাড়ী কইয়া গেলেন এবং দোতালায় একখানা নির্জ্জন ঘরে আদন পাতিয়া দিলেন। গুরুলাতারা সকলে চলিয়া বাওয়ার পরে কুঞ্জের স্থা কুসুম আদিয়া আমাকে নমন্ধার করিল। কুসুমকে ইতিপূর্ব্বে আর কখন দেখি নাই। উহার সরলতামাথা পবিত্র মৃত্তি দর্শন করিয়া বড়ই আনন্দলাভ করিলাম। কুসুমকে বলিলাম—কুসুম আজ তোমার হাতে আমার ভিক্ষা। এখন চা নিয়ে এদ। কুসুম বলিল,—ঠাকুরের আদেশ মত ভিক্ষার আপনার জন্ম রেখেছি; চাও প্রস্তুত করেছি'—এই বলিয়া চা আনিয়া আমার সমূথে ধরিল এবং শুষ্ক অন্ধ্রপাদ আমার হাতে দিয়া বলিল 'এই নিন ভিক্ষা, ঠাকুর আপনার জন্ম রাখতে বলেছিলেন।' আমি চা পান কর্তে কর্তে কুসুমকে জিজ্ঞাদা কর্লাম, কুসুম এই অন্ধপ্রসাদ কোথায় পেলে, আর গাকুরই বা কেন ইহা আমায় দিতে বলেছেন?

কুষ্ম—একদিন ভাতের ইাড়ি উনানে চাপাইয়া আগুন ধরাইতে বদলাম। ভিজা কাঠ উননে দিয়া থড়ে আগুন ফেলিয়া পুন:পুন: ছুঁ দিতে আরম্ভ করিলাম। আগুন নিবিয়া যাইতে লাগিল। ধুঁমাতে চোথ জলিতে লাগিল, মাথা ধরিল ঐ সময়ে ভগবতী—অন্নপুর্ণা প্রকাশিত হ'য়ে বল্লেন—'মা! কই হ'ছে; আচ্ছা তুমি একটু স'রে বদ, আমি আজ রান্না করে দিছি। আমি উনন হ'তে একটু স'রে বদলাম। কতক্ষণ পরে চেয়ে দেখি ভাত ছুট্ছে অথচ উননে আগুন নাই। আমি ফেন ঝরাইয়া অন্ন অমনি ঠাকুরকে নিবেদন করে দিলাম। ঠাকুর তথন প্রকাশিত হ'য়ে বল্লেন—ব্রমাচারী আস্ছেন, একগ্রাস তার জন্ম রেখে দেও।' তাই আপনার জন্ম একগ্রাস শুলকে এবিষয়ে জিজ্ঞাদা করিলাম। কুল্ল কহিলেন—'গুদিনের কথা আর জীবনে ভূলব না, অগ্নিশ্ন্ম রান্না—অন্ত ব্যাপার। অনেক গুল্লভারা আদিয়া অন্নদ্ধান করিয়া দেখিলেন; উনন ধরাইতে চেষ্টা হয়েছিল বটে, কিন্তু উননে এক বিন্দুও আগুন নাই। দেখিয়া সকলেই অবাক্ হইলেন। প্রসাদ পাইয়া সকলেই তথন ভাবে অভিত্ত। আমার সাক্ষাতেই এই ঘটনা হয়।' এসব শুনিয়া আমি প্রসাদ পাইয়া হির হইয়া বিসন্না রহিলাম। ভিতরে একটা ভাবের স্বোত চলিতে লাগিল। কিছু অন্নপূর্ণার রান্না অন্ন কুন্তম হইতে চাহিয়া লইয়া ঝোলায় রাথিয়া দিলাম।

মহাপুরুষ দাজালের দর্শন ঃ ঠাকুরের কৃপায় স্কর্ষান্ত থিচুড়ি।

বানরিপাড়া আদিয়া আমার নিত্যকর্ম যথামত চলিতেছে। সকাল বেলা হইতে মধ্যাহ্ন ২টা পর্যন্ত দাধন ভজন পাঠ ইত্যাদিতে কাটাইতে লাগিলাম। অপরাহ্ন ৩টা হইতে গুরুল্লাতারা আদিয়া সাক্ষাৎ করিতে লাগিলেন। তাহাদের দলে বড়ই আনন্দলাত করিলাম। শ্রীযুক্ত রামকৃষ্ণ ঠাকুরতার অন্ধরোধে একদিন তাহার বাড়ীতে ভিক্ষা করিলাম। ঐ দিন সাজালের দর্শন পাইলাম। রাজাল জাতিতে মুদলমান। ঠাকুর বলিয়াছিলেন—'সাজাল পঞ্চলক্ষণাক্রান্ত মহাপুরুষ।' দাজালের ব্যন্ত প্রায় ৬০।৬৫ বৎসর অন্থমান হয়। দেখিতে কুল হইলেও শরীর বেশ স্কৃত্ব। বাড়ী ঘর কিছুই নাই। কথন বৃক্ষতলে, কথন থালের ধারে, অনাবৃত্ত মাঠে ময়দানে রাত্রিযাপন করেন। সারাদিন ঘুরিয়া বেড়ান। ধর্মকথা কেহ কিছু জিজ্ঞানা করিলে গুরুনিষ্টা,—গুরুত্তজি বিষয়ে উপদেশ করেন। দেবদেবীদের দর্শন করিয়া শুবস্তুতি করেন। হিন্দু মুদলমান সকলেই সাজালকে অত্যন্ত শ্রন্থাভিক্তি করে। সংকীর্ত্তনে সাজালের মহাভাব হয়। ঠাকুরের নামে সাজালের অশ্বর্যণ হয়—হর্ষপুলকাদির উদ্যামে অবসান্ধ হইয়া পড়েন। গুরুত্রভাবিদের সন্ধলাতে বড়ই আনন্দপ্রকাশ করেন। আমি সাজালকে নমস্বার করিয়া চুপ করিয়া বিসয়া রহিলাম এবং ঠাকুরকে শ্রন করিতে লাগিলাম। সাজাল আমার পানে ২০ বার তাকাইয়া গুরুত্রভাবিদের জিজ্ঞানা করিলেন—'উনি কি মাইয়া না পুরুষ হ' সাজালের কথা শুনিয়া সকলে হাসিয়া উঠিল এবং সাজালকে জিঞ্জানা করিল—তুমি কি দেখ হ সাজাল—'বাবে তো বুজি মাইয়া মাহয়। মাহয়। ক্র-তুমি ইহার দাড়ি গোপ দেখ না হ

শাজাল—'হ্যার লাগাইত জিগাইলাম।' শাজালের কাথাবার্ত্তা অনেক সময় অসংলগ্ন ও অর্থশূল, পাগলের প্রলাপের মত বোধ হয়—সাধারণে উহাকে পাগল বলিয়াই মনে করে। সাজালের নিকটে বিদিয়া বড়ই আরাম পাইলাম। দেহমন যেন মধুময় হইয়া গেল।

অপরাহে রাদ্রা করিতে যাইব, গুরুজাতারা দকলে আমাকে অত্যন্ত আগ্রহের সহিত বলিলেন—'ভাই আজ তোমার হাতের রাদ্রা করিয়া ঠাকুরকে ভোগ দেও, আমরা প্রদাদ পাইব। আমি গুরুজাতাদের আন্তরিক অমুরোধ অগ্রাহ্ম করিতে পারিশাম না। গুরুজাতারা দাতদের চাউল, পাঁচ দের ডাল এবং প্রচুর পরিমানে তরীতরকারী যোগাড় করিয়া থিচুড়ী রাদ্রা করিতে দিলেন। আমি উহা দেখিয়া অবাক্। এত অধিক পরিমাণে রাদ্রা জীবনে কথনও করি নাই। কি আর্শ করিব, ঠাকুরের নাম লইয়া রাদ্রা চাপাইলাম। ভাল চাল স্থাদিদ্ধ হইয়া গেল, কিন্তু খিচুড়ীর উপরে প্রায় ৩া৪ ইঞ্চি জল হাঁড়ির ভিতরে বহিয়াছে দেখিলাম। গুরুজাতারা বলিলেন আজ দরবং থাওয়া হইবে। আমি হাঁড়ি নামাইয়া ঠাকুরকে স্মরণ করিতে লাগিলাম। ভোগ লাগাইয়া ঘরের দার বন্ধ করিয়া দিলাম। ১৫ মিনিট পরে দরজা খুলিয়া দেখি খিচুড়ীতে এক ফোটাও জল নাই। সকলে প্রসাদ পাইয়া খ্ব পরিত্থি লাভ করিলেন এবং বলিলেন—"ঠাকুর বলিয়াছিলেন—'ব্রহ্মচারীর মত সুস্বাত্

আন কেহ খায় না।' আজ ঠাকুরের কথা আমাদের প্রত্যক্ষ হইল।" আমি বুঝিলাম, ঠাকুরের কুপায়ই আজ থিচুড়ি এত স্থাত্ ও দকলের তৃথিকর হইয়াছে। প্রদাদ পাইয়া রাত্রে আদনে আদিলাম।

চাকুরের কুপায় কুস্তমের আহার ত্যাগঃ কুস্তমের হাতে ভোজনে অভুত অবস্থা।

বানবিপাড়া আদার পর প্রতিদিনই কোন না কোন গুরুত্রাতা আমাকে তাঁহার বাড়ী ভিক্ষা করিতে অমুরোধ করিতে লাগিলেন। আমিও এক এক দিন এক এক বাড়ী ভিক্ষা করিতে লাগিলেন। আমিও এক এক দিন এক এক বাড়ী ভিক্ষা করিতে লাগিলাম। এই ভিক্ষা এক উৎদব ব্যাপার। পাড়ার দমন্ত গুরুত্রাতারা প্রতিদিন আমার রামা থিচুড়ি প্রদাদ পাইয়া আনন্দ করিতে লাগিলেন। একদিন কুস্থম আমাকে বলিল—'আপনি তো বেশ কচ্ছেন, প্রতিদিনই গুরুত্রাতাদের বাড়ী নিমন্ত্রণ থাছেন—আমার নিকট একদিনও আপনি ভিক্ষা কর্বেন না, এতে আমার কট্ট হয় না ?' আমি কুস্থমকে বলিলাম—'আজ তোমার হাতে আমার ভিক্ষা কিন্তু এমন উৎকৃষ্ট বস্তু দিবে, যাহা কথনও আমি থাই নাই।'

কুষ্ম বলিল—'আচ্ছা তাহাই হবে।' নিত্যকর্ম বেলা ২টা পর্যন্ত করিয়া অবশিষ্ট দিন গুরুলাতাদের সঙ্গে সদালাপে কাটাইলাম। অপরাহে কুষ্ম আসিয়া বলিল—"চলুন, এখন আমার হাতে ভিক্ষা নেবেন।" আমি ও কুল্প কুষ্মের সঙ্গে নীচে একথানা পরিষ্কার ঘরে গিয়া দেখি, ভোগ রামার উপাদেয় সামগ্রী সমন্ত বহিয়াছে, আব্দ শুধু ছইজনার মত, কিন্তু প্রায় ১ সের চাউলের খিচুড়ি রামা চাপাইলাম। কুল্প ও কুষ্ম তাহাদের প্রতি ঠাকুরের অসাধারণ কুপার কথা বলিয়া আনন্দ করিতে লাগিল। উহাদের কথা শুনিয়া প্রাণ সরস হইয়া উঠিল। আহা! কবে আমি কুল্প কুষ্মের মত ঠাকুরের অষ্পত হইব।

আমি কুহ্মকে জিজ্ঞাদা করিলাম—কুহ্ম! আহার ত্যাগ তোমার কি প্রকারে হইল?
দারাদিনরাত্রে এক গণ্ড্য জল বা একগ্রাদ আর গ্রহণ না করিয়া এত বড় শরীরটি কি প্রকারে রক্ষা
পাইতেছে? দমন্ত দিন তোমার বিশ্রাম নাই। সংদারের কুট্না, বাট্না, বাদনমাজা রায়া প্রভৃতি
দমন্তই তো কর্তে হয়, অনাহারে থাকিয়া এ দমন্ত তুমি কি প্রকারে কর? তোমার শ্রান্তি বোধ হয়
না? কুধা পিপাদা পায় না? মুনি ঋষিরা আহার ত্যাগ করিয়া দীর্ঘ দমাধিতে থাকিতেন— পুরাণে
পড়িয়াছি বটে, কিন্তু বর্তমানে পৃথিবীতে আহার ত্যাগী কেহ আছে এমন শুনি নাই। তীত্র তপস্থা
দ্বারা পাহাড়বাদী দাধুরা আহার ত্যাগের চেষ্টা অনেকে করেন, কিন্তু এষুগে কেহ কৃতকার্য্য হইয়াছেন
বলিয়া শুনি নাই। কোন প্রকার চেষ্টা না করিয়া আহার ত্যাগে কি প্রকারে দিদ্ধিলাত করিলে,
জানিতে ইচ্চা হয়।

কুস্ম বলিল—পাড়াগাঁয়ে কতপ্রকার অস্থবিধা কত সময়ে মেয়েদের ভোগ কর্তে হয় জানেন তো ? বধা বাদলে ক্লেশের অবধি থাকে না। একদিন রান্না করিয়া সকলকে থাওয়াইতে অনেক বেলা হ'য়ে গেল। অনেকগুলি বাদন মাজিতে ঘাটে লইয়া গেলাম। বাদন মাজিতে মাজিতে কাঁদিয়া ফেলিলাম। কুধার জ্ঞালা দহু করিতে না পারিয়া ঠাকুরকে স্মরণ করিতে লাগিলাম। দয়াল ঠাকুর অমনি আমার দস্থে জলের উপর প্রকাশিত হইলেন। আমি কাঁদিয়া বলিলাম—বাবা, বড় ক্ষ্ধা পেয়েছে। আমি আব দহু কর্তে পারি না। ফুল তুলদী আমার কিছুই নাই—আজ আমি তোমাকে কি দিয়ে পূজা কর্কো? আমার এই ক্ষাকেই পদ্ম করিয়া তোমার প্রীচরণে প্রদান করিলাম। আমাকে আলীর্কাদ কর। ঠাকুর ঈষৎ হাত্তম্থে সকরুণ দৃষ্টিতে আমার পানে একটু সমন্ন চাহিয়া অন্তর্ধান হইলেন। তথন হইতে আজ পর্যান্ত আমার আর ক্ষ্ধা পিপাদা নাই। শরীরে আমার কোন অস্থ্য নাই। দিন দিন যেন আরো স্ক্রোধ করিতেছি; দারাদিন পরিশ্রম করিয়াও ক্লাম্ভ হই না। কোন সাধন ভজনে আমার এই অবস্থা হয় নাই—ভাধু ঠাকুরের ক্লপায়। অনেক দিন তো হয়ে গেল, আর কতদিন এই অবস্থায় রাধিবেন তিনিই জানেন।

ক্রমের কথা শুনিতে শুনিতে বিচুড়ি রাল্লা হইয়া গেল। আমি উহা নামাইয়া ঠাকুরকে নিবেদন করিয়া দিলাম এবং দ্বির ভাবে বসিয়া ঠাকুরকে শ্বরণ করিতে লাগিলাম। কুঞ্জ কুম্মও একান্ত মনে ঠাকুরকে শ্বরণ করিতে সাগিল। প্রায় ১৫ মিনিট একভাবে থাকিয়া কুম্মকে বলিলাম— কুঞ্কে একখানা পাতা করিয়া দেও, আমরা আনন্দ করিয়া ঠাকুরের প্রসাদ পাই, আর তুমি বর্দিয়া দর্শন কর। কুম্ম তখন অশ্রুপ্রিয়নে করবোড়ে আমাকে বলিল —'আপনি দয়া করিয়া আমার একটি আকাজ্যা আরু পূর্ব করুর।'

আমি—আচ্ছা বল; আমার ক্ষমতা থাকিলে নিশ্চয় পূর্ণ করিব।

কুষ্ম—আপনি যখন বাড়ী ছিলেন, তথন একদিন দেখ্লাম—'আপনি আমার নিকটে আসিয়া আমাকে বলিলেন—'আমার ক্ধা পেয়েছে, আমাকে কিছু ধাবার দেও।' আমার নিকট ঠাকুরের প্রশাদ ছিল, আমি তাহা আনিয়া আপনার মুখে দিতে লাগিলাম, আপনি খুব আনন্দের সহিত উহা খাইতে লাগিলেন।'

আমি—আমাকে তো ইতিপূর্বে কখনও তুমি দেখ নাই, ভিকার সময় আমাকে কি ঠিক্ এই রূপই দেখেছিলে ?

কুম্ম—ঠিক এই রূপই দেখেছিলাম। তবে কপালে এই প্রকার তিলক ছিল না। বিভৃতির উর্দুপুণ্ডু না করিয়া লাল সি ত্রের উর্দ্বপুণ্ডু করিয়াছিলেন।

কুষ্মের কথা শুনিয়া আমি বড়ই বিশ্বিত হইলাম। কারণ বাড়ীতে যতদিন ছিলাম যথার্থ ই আমি ঠাকুরের চরণ-ফলি ঘারা লাল উর্জপুণ্ড করিয়াছিলাম। আমি ঠাকুরেরই ইচ্ছা মনে করিয়া কুষ্মমের অম্বরোধে দশত হইলাম এবং বলিলাম—'আমাকে তুমি নিঃদকোচে হাতে ধরিয়া খাওয়াও, আমার তাতে আনন্দই হবে। তোমার হাতে ঠাকুরের প্রানাদ বহুভাগ্যে লাভ হয়।' কুষ্ম ঠাকুরকে প্রণাম করিয়া কুল্লের দশতি গ্রহণ পূর্বক, আমার বামপার্যে ঘাইয়া পা ছড়াইয়া বদিল। তৎপরে উভয় হস্ত

ছারা আমাকে আকর্ষণ পৃর্বক ক্রোড়ে বদাইয়া আমার মন্তক উহার বাম <mark>বাছ'ণরি স্থাপন করিয়া</mark> জড়াইয়া ধরিল এবং নি:সঙ্কোচে স্বাভাবিক ভাবে পুন:পুন: যথেচ আদর করিতে লাগিল। কুস্ম এক একবার ভাবাবেশে চুলিতে চুলিতে আমার উপরে পড়িয়া যাইতে লাগিল। তখন কুঞ্জ পুনঃপুনঃ নাম উচ্চারণ করায়, কুস্থম কিঞ্চিৎ প্রকৃতিস্থ হইয়া আমার মুখে প্রসাদ দিতে লাগিল। আমি ভোজন করিতে লাগিলাম। কুসুম যথন আমাকে আকর্ষণ করিয়া ক্রোড়ে বদাইল, আমার তথন পরিকার অহুভব হইল ঠাকুরের কোলে বসিমাছি। অক্সাৎ ঠাকুরের দেহের পদাগন্ধ পাইয়া মত্ত হইয়া পড়িলাম। কুত্তমের কলেবরে পরম অ্থদ ঠাকুরের জীঅন্দের অন্তপম স্পর্শ পাইয়া অভিভূত হইলাম। ঠাকুরের ক্রোড়ে শয়ন করিয়া তাঁহারই শ্রহন্তে তাঁহার প্রশাদ পাইতেছি এই ধ্যানে পরমানন্দ লাভ করিতে লাগিলাম। আমার সমণ্ড বাহন্মতি বিলুপ্ত হইল। অন্তব একমাত্র স্পর্শস্থেই নিবিষ্ট হইল। কি ষে এক অব্যক্ত আনন্দে মৃগ্ধ হইয়া পড়িলাম, প্রকাশ করিবার উপায় নাই। কিন্তু এই অবস্থা আমার অধিক দ্ময় বহিল না। কুকুমের অসাধারণ ধ্যান প্রভাবে আমাকে দেহ হইতে আলা করিয়া দিল। আমি দেখিতে লাগিলাম, কুহুমের ক্রোড়ে ঠাকুর অর্কশায়িত অবস্থায় রহিয়াছেন, কুস্থম তাঁহার মুখে থিচুড়ি তুলিয়া দিতেছে, ঠাকুর আনন্দ করিয়া তাহা ভোজন করিতেছেন। আহারের সময়ে ঠাকুরের শ্রীমুখের শোভা দেখিতে দেখিতে আমি অঞ্জনে ভাদিতে লাগিলাম। বাহজান একেবারে বিলুপ্ত হইল। প্রায় ঘণ্টাধিক সময় এইভাবে অতিবাহিত হইল। পরে ভাবাবেশে কুঞ্জের 'জয় গুরু জয় গুরু' চীৎকারে আমার সংজ্ঞালাভ হইল। তথন কুস্মও আমাকে ছাড়িয়া দিল; কিন্তু তথনই আবার সমাধিস্থ হইয়া পড়িল। আমি উঠিয়া ঘবের মেঝেতে কতক্ষণ পড়িয়া রহিলাম। ভাবিতে লাগিলাম একি হইল, একি দেখিলাম! কুঞ্জ হাপুদ হপুদ কাদিতেছে — কুত্ম সমাধিস্থ। থিচুড়ির দিকে অফুদন্ধান নিয়া দেখি, উহা প্রায় নিঃশেষ হইয়াছে। ছ'এক মুঠো মাত্র অবশিষ্ট আছে। বিশ্বয়ের বিষয় এই বে, আমর মত ৫।৭ জনার পুরা বোরাক অনায়াদে আমার উদরস্থ হইয়াছে! কিন্তু ৪।৫ গ্রাস ধাইয়াছি মাত্র আমার মনে আছে। অবশিষ্ট প্রসাদ যে পাইয়াছি, তাহা আমার একেবারে মনে হইতেছে না। অপরিমিত ভোজনে আমার কোন ক্লেশ নাই—উদ্বেগ নাই। স্বাভাবিক অবস্থায়ই রহিয়াছি। কুস্থমের সমাধি বাত্তি প্রায় তটার সময়ে ভঙ্গ হইল। জয় দ্যাল গুরুদেব ! তোমার এই অদাধারণ কৃপার কথা ধেন শেষ দিন পগ্যস্ত অন্তরে জাগরুক থাকে। এই প্রার্থনা!

গুরুভাতা ব্রজমোহন।

গত কল্য চা পানের পর আগনে বসিয়া আছি, একটি ভদ্রলোক আসিয়া করষোড়ে ঘরের ঘারে দাঁড়াইলেন। পরিধানে তাঁহার মলিন জীর্ণ বসন, চেহারা দীর্ণ হইলেও তেজঃপুঞ্জ, মুখন্ত্রী কালালের মত। পুনঃ পুনঃ তাঁহাকে অন্থরোধ করায়ও তিনি ঘরে আসিয়া বসিলেন না। তথন তাঁহাকে হাতে ধরিয়া ঘরে আনিয়া বসাইলাম। তিনি বসিয়া নাম করিতে লাগিলেন। কিছুক্ষণ পরে তাঁহার অঞ্চ,

কম্প, পুলকাদি ভাব প্রবলন্ধপে প্রকাশিত হইয়া পড়িল। তিনি নিজকে সংবরণ করিতে না পারায় মেজেতে পড়িয়া লুটাইতে লাগিলেন এবং 'জয়গুরু জয়গুরু' বলিয়া চীৎকার করিতে আরম্ভ করিলেন। কুলও তথন ভাবাবেশে বেছঁল হইয়া পড়িল। কিছুক্ষণ পরে উহাদের সংজ্ঞালাভ হইলে ভদ্রলোকটির পরিচয় জিজ্ঞালা করিলাম। জানিলাম—ইনিই সেই ব্যক্তি। যাহাকে ঠাকুর গেণ্ডারিয়া অবস্থান কালে একদিন গভীর রাজিতে এই বানরিপাড়ায় প্রকাশিত হইয়া দীক্ষা দান করিয়াছিলেন। ঘটনাটি পরিজারন্ধপে জানিতে কৌতুহল হওয়ায় তাঁহাকে জিজ্ঞালা করিলাম। ভদ্রলোকটি বলিলেন— আমি বড় গরীব, পুরোহিতের কাজ করি। সব দিন পেটভরা আহারও জোটে না। ঠাকুরের কথা ভানিয়া তাঁর চরণে আশ্রয় নিতে ইচ্ছা হইল। বানরিপাড়া হইতে গেণ্ডারিয়া যাওয়ার আমার ক্ষমতা নাই, তাই ঠাকুরকে কাতরভাবে জানাইলাম। পরে একদিন রাজে ঠাকুর আদিয়া আমাকে দীক্ষা দিয়া গিয়াছেন। আমি যেমন পাপী ঠাকুরও তেমনিই দয়াল। তাই তাঁর কুপালাভ করিয়া ধন্ত হইয়াছি। পুরোহিত ঠাকুরের নাম শ্রীব্রজমোহন চক্রবর্তী। কুঞ্রের নিকট ইহার দীক্ষা সম্বন্ধে যেমন ভানিয়াছিলাম ইনিও ঠিক সেই প্রকারই বলিলেন।

ঠাকুরের যোগৈশ্বর্য।

এই কথা শুনিয়া গত বংশরের ঠাকুরের একটি অদাধারণ ঐশধ্যের কথা মনে হইল। একদিন গেণ্ডারিয়ায় আমি নিত্যহোম সমাণনাস্তে বেলা ৮টার সময়ে আসনে বদিয়া আছি; শ্রীযুক্ত শ্রামাচরণ বন্ধী মহাশয় আদিয়া বলিলেন—ব্রশ্বচারী মহাশয়। এখন কি আপনার বল্বার অবসর হবে ? আমি বলিলাম—'কি বল্বো বলুন।'

বন্ধী মহাশন্ধ-কা'ল যে আপনাকে ঠাকুর বলিলেন ?

আমি--ঠাকুর কখন কি বলেছিলেন আমার মনে নাই।

বঞ্চী—'গত রাত্রে ১০টার সময়ে ঠাকুর যথন আপনাকে লইয়া আমার বাড়ী গিয়াছিলেন, তথন আপনাকে দেখাইয়া আমাকে বলিলেন, এই ব্রহ্মচারীর নিকটে কাল গিয়ে তুমি সন্ধ্যামন্ত্র প্রণালী এবং গায়ত্রী স্থানাদি নিথে নিও, আর প্রত্যন্ত সন্ধ্যা ক'রো। বঞ্জী মহাশয়ের কথা শুনিয়া আমি অত্যন্ত বিন্মিত হইলাম এবং ভিতরের ভাব গোপন করিয়া বলিলাম—আছ্ছা চলুন, ঠাকুরের নিকট জিজ্ঞানা করিয়া উহা পরিক্ষাররূপে ব্ঝিয়া নেই। এই বলিয়া বঞ্জী মহাশয়কে লইয়া প্বের ঘরে ঠাকুরের নিকটে উপস্থিত হইলাম। ঠাকুর চা দেবার পরে নিমীলিত নয়নে স্থির হইয়া আমনে বিদ্যাছিলেন, বন্ধী মহাশয়কে লইয়া দরজায় উপস্থিত হওয়া মাত্রই ঠাকুর চোখ মেলিয়া আমার দিকে চাহিয়া বলিলেন—"ব্রহ্মচারী! বক্ষী মহাশয়কে সন্ধ্যা গায়ত্রী—ভাহার নিয়ম প্রণালী সমস্ত বিলয়া দেও।"

আমি আর কিছু না বলিল্লা বল্লী মহাশন্তকে লইয়া আসিলাম এবং দমন্ত সন্ধ্যাদির মন্ত্র পদ্ধতি

বলিয়া দিলাম। অবাক্ কাণ্ড! এই ঘটনাটিতে আমার প্রাণ তোলপাড় করিয়া তুলিল। একই ব্যক্তি একই সময়ে ভিন্ন ভিন্ন স্থানে প্রকট হইয়া ভিন্ন ভিন্ন প্রচার কার্য্য করেন, ইহা সাধু মহাত্মা পুক্ষদের যোগৈত্মহা দারা কোন কালে সন্তব হইয়াছে এরপ প্রমাণ পাই নাই। একমাত্র ভগবানই এই প্রকার লীলা করিয়াছেন। ঠাকুরকে এই বিষয়ে কোন প্রশ্ন করিতে প্রত্তি হইল না। যে সকল বিষয়ে প্রশ্ন করিলে ঠাকুরের ভগবন্ব প্রকাশ হইয়া পড়ে, তাহার উন্তরে ঠাকুর সলজ্জভাবে আমতা আমতা করিতে থাকেন, কখন বা নির্কাক—চুপ থাকেন। ঠাকুরের ঐ সময়ের ভাব দেখিয়া বড় তৃঃখ হয়। তাই এই সম্বন্ধে আর কোনো প্রশ্ন করি নাই। বল্লী মহাশয়ের নিকটে ঠাকুর ঘণন গিয়াছিলেন ভখন রান্তি: তা। ঐ সময়ে কীর্তনান্তে গুরুল্লাতাদের সঙ্গে নিজ আসনে বসিয়া ঠাকুর হাসি গল্প করিতেছিলেন। আর আমি তখন নিজিত। ঠাকুর দেহটিকে সমাধিত্ব রাখিয়া যথায় তথায় বিচরণ করেন, এই প্রমাণ স্থাইভাবে বহুত্বলে পাইয়াছি। কিন্তু নিজে স্থান দেহে প্রকাশিত হইয়া, সঙ্গে সঙ্গে আমার রূপ পরিগ্রহ বা প্রকট করিলেন কি প্রকারে তাহা তো কিছুই ব্রিত্তেছি না। কোন কোন হলে ভগবানের লীলা অপেকাণ্ড ভক্তের লীলা অধিকতর অভুত দেখা যায়। কিন্তু এই প্রকার লীলা একমাত্র ভগবানেই একচেটিয়া শুনিয়াছি। ঠাকুর। তোমার যে সকল লীলা শ্রন্ধার সহিত শুরু দর্শন করিলেই কুতার্থ হুইয়া যাই, তাহার অনর্থক তথামুসন্ধানে প্রবৃত্তি আমার বেন না হয়।

বানরিপাড়ায় অবস্থান।

বানরিপাড়া আসিয়া গুরুলাতাদের আদর যত্ন ভালবাসায়, সময় বড়ই আনন্দে অতিবাহিত হইতে লাগিল। প্রতিদিনই সন্ধার পূর্বে গুরুলাতা সকলে একত্র হইয়া সন্ধীর্তনোৎসব করিয়া থাকেন। এই সংকীর্তনে অনেকেরই অপূর্বে ভাবোচ্ছ্রাস হইয়া থাকে। প্রামের অধিকাংশ লোকই ঠাকুরে নিকট দীক্ষা গ্রহণ করিয়াছেন। ইহাদের সকলেরই একের প্রতি অত্যের সন্তাব সহাম্ভৃতি দেখিয়া বড়ই আনন্দ পাইলাম। ভানিলাম গ্রামের প্রবেল প্রতাপ জমিদার শ্রীষ্ঠ শ্রীনারামণ ঘোষ মহাশয় গুরুলাতাদের অত্যন্ত বিরোধী। যে কোন প্রকারে তিনি গুরুলাতাদের ক্রমে রাখিতে চেষ্টা করেন। গোঁসাইয়ের শিশুদের প্রতি তিনি অতিশয় বিরক্ত। গুরুলাতাদের মূথে এ সকল কথা শুনিয়া তাঁহাকে দেখিতে আমার ইচ্ছা জনিল। অপরাহে ভিক্ষা করিতে তাঁহার নিকটে উপস্থিত হইলাম। তিনি আমাকে দেখা মাত্র, সমন্ত্রে আদন হইতে উঠিয়া খ্ব সমাদরে আহ্বান করিলেন এবং উচ্চ আদনে বসাইয়া পদধূলি নিতে হাত বাড়াইলেন। আমি কর্যোড়ে নমস্বার করিয়া পা ডু'টি গুটাইয়া নিলাম। তিনি একটু হুংথ প্রকাশ করিয়া বলিলেন—'আপনি চরণধূলি নিতে বাধা দিচ্ছেন কেন ? উহা যে আমার গৈত্রিক সম্পত্তি; বাপ পিতামহ প্রভৃতি পূর্ব্ব পুরুষণণ ইহা ভোগ করিয়া আর্নিয়াছেন, কোন কালে আপনারা বাধা দেন নাই—আছ আমাকে বাধা দিবেন ?' এই প্রকার আর্নিয়াছেন, কোন কালে আপনারা বাধা দেন নাই—আছ আমাকে বাধা দিবেন ?' এই প্রকার

অনেক বলিয়া তিনি পদ্ধলি গ্রহণ করিলেন! আমার আদার উদ্দেশ জিজ্ঞাদা করায় ভিক্ষা চাহিলাম। তিনি খুব সম্ভষ্ট হইয়া জিজ্ঞাসা করিলেন—'কি ভিক্ষা চান বলুন ?' তিনি বোধ হয় ভাবিয়াছিলেন কতকগুলি টাকাকডি চাহিব এবং তাহাই তিনি দিবেন। আমি হবিষ্যের জন্ম তিক্ষা চাহিতেছি জানিয়া গ্রহের উৎকৃষ্ট তরকারী, মৃত, দধি, দৃগ্ধ প্রভৃতি আনাইয়া দিলেন। তাহা হইতে আমার পরিমাণ মত চাউল ও একটি মাত্র আলু, কিঞ্চিৎ মৃত, হুন গ্রহণ করিতে দেখিয়া অবাক্ হইলেন—আমার প্রতি অত্যন্ত শ্রদ্ধা ভক্তি জমিল। প্রীনারায়ণ বাবু বলিলেন—'দেখুন এই গ্রামে অনেকগুলি লোক গোঁদাইয়ের শিশু হয়েছে, তাহারা বড়ই একগুঁরে। দামাজিক আচার কিছু তারা মানে না। যাহা ভাহাদের ইচ্ছা দলবন্ধ হ'য়ে ভাহাই করে। জাতি বিচার করে না। কারো শাসন মানে না - আমাকে তো গ্রাহ্নই করে না। এইজন্ম উহাদের উপর আমার সন্তাব নাই। আমি বলিলাম—'গুনিয়াছি 'আপনিই এই গ্রামে দর্ঝাপেক্ষা প্রভাবশালী। প্রভাবশালীরা অত্যাচারী হ'লে আশে পাশে লোক বাঁচিতে পারে না। শক্তি ঘাহার অধিক ধৈর্ঘাও তাহার অসাধারণ। আব কিছুদিন অপেকা করুন, এদের আচার ব্যবহার দেখে ঠাণ্ডা হবেন। গোঁদাই তো কারোকে সমাজ নীতি, কুলপ্রথা অগ্রাহ্ম করিয়া চলিতে বলেন না!' খ্রীনারায়ণবারু আমার কথায় খুব সম্ভষ্ট হইলেন এবং বলিলেন -- 'গোঁদাই মহাপুরুষ। তিনি কি কথনও ষা তা বলিতে পারেন ? দেখুন ব্রাহ্মধর্ম প্রচারক মনোরঞ্জন গুহঠাকুরতা,—তাহাকে উহারা দমাঞ্চে তুলিতে চায়। বেশ তো ভাল কথা, সামাজিক প্রথা অষ্ট্রারে প্রায়শ্চিত করাইয়া তুলুক—কারো কোন আপত্তি হবে না। কিন্তু উহারা প্রায়শ্চিত না করাইয়াই দমাব্দে তুলিতে জেদ করিতেছে। গোদাই কিন্তু 'তার' করিয়া জানাইয়াছেন---"Do pryaschitta as Samaj asks" (দমাজ ধেমন চায় দেইভাবে প্রায়ণ্ডিত্ত কর)। তিনি মহাপুরুষ, তাঁর কথা কি অন্তায় হ'তে পারে! কিন্তু দেখুন গোঁদায়ের এক্লপ আদেশ দত্তেও, এ ব্যাটারা প্রায়শ্চিত্ত না করাইয়া সমাজে তুলিবে, জেদ করিতেছে। এজন্ত সমাজের কারে। সঙ্গে ওদের সভাব নাই। বহুলোক এক দলে হ'লেও তারা যদি সামাজিক প্রথা অগ্রাহ্য করিয়া চলে কে তাহা সহ্য করিবে ? এীনারায়ণ বাবুর কথা শুনিয়া বড়ই ভাল লাগিল। আমি আসিবার সময়ে তিনি খুব শ্রদ্ধা ভক্তির দহিত পদধৃলি গ্রহণ করিলেন। গুরুলাতারা ভাবিয়াছিলেন আমাকে অপমান করিয়া তাড়াইয়া দিবেন। বাবু খুব সভাবে মিশিয়াছেন শুনিয়া গুঞ্জাতারা সকলেই আশ্চর্যা হইলেন।

১৪।১৫ দিন হইল বানবিপাড়া আদিয়াছি। কুঞ্জ কুন্থমের সদে বড়ই আনন্দে এই চুই সপ্তাহ কাল কাটাইলাম। কুন্থমের অবস্থা অভূত ও অলোকিক। উহার একটির ভিতরেও আমার প্রবেশ অধিকার নাই। শুগু দেখিলাম, আর বিস্মিত হইতে লাগিলাম। কত চেন্তা, যত্ম, নাম, ধ্যান, উপাসনা করিয়া সমাধি অবস্থা লাভ হয়; কুন্থমের সেই সব কিছুই করিতে হয় না। ঠাকুরকে স্মরণপূর্বক নমস্কার করিয়া আদনে বদা মাত্র পলকের মধ্যে সমাধিস্থ হইয়া পড়ে। স্থানাস্থান কালাকাল কোন অপেক্ষা নাই। এই প্রকার সহজ সমাধি কোথাও দেখি নাই বা শুনি নাই। ছই সপ্তাহকাল দিবাবাত্তি কুঞ্জ কুস্থমের সঙ্গে নিয়ত বাস করিয়া তাহাদের যে স্থলর অবস্থা দর্শন করিলাম, তাহা প্রকাশ করিবার উপায় নাই—উহা স্মরণের ও ধ্যানের বিষয়। স্থাপাইভাবে কুস্থমের অসাধারণ অবস্থা ডায়েরীতে লিখা থাকিলেও তাহা সাধারণের নিকট প্রকাশ করিতে আমি সাহস পাইলাম না। 'প্রত্যক্ষ বিষয়ও প্রমাণ করিতে না পাতিলে সাধারণের নিকট তাহা প্রকাশ করিবে না' আমার প্রতি ঠাকুরের এই অক্শাসন। জয় দয়াল ঠাকুর। তক্ত লইয়া তোমার লীলাখেলা—যাহা প্রত্যক্ষ করিলাম, তাহা স্মরণে রাধিয়া যেন এ জীবন শেষ করিতে পারি।

আজ কুজের মুখে শুনিলাম, ঠাকুর বহু গুৰুভাতা ভগ্নীদের লইয়া প্রয়াগ চলিয়া গিয়াছেন। শুনিয়া প্রাণ অধিব হইয়া উঠিল। ঠাকুরের নিকট যাইব স্থির করিয়া কুঞ্জকে লইয়া কলিকাতা যাত্রা করিলাম। কলিকাতায় অভয়বাবুর বাড়ী উঠিলাম। দকল গুৰুভাতাদের নিকটে আমার কুজমেলায় যাওয়ার ইছা জানাইলাম। ছোড়দাদাও কুজমেলায় যাওয়ার ইছা প্রকাশ করিলেন। কলেকটি টাকা ভিক্ষা করিয়া প্রয়াগ যাইতে প্রস্তুভ হইলাম। ছোড়দাদারও ভাড়া সংগ্রহ হইল। আমাদের সঙ্গে প্রগ্রাপ বাইতে প্রস্তুভ হইল। আমরা যথাসময়ে হাওড়া পহছিয়া প্রয়াগ যাত্রা করিলাম।

প্রয়াগে উপস্থিতিঃ আপদে গোঁদাইয়ের ডাক।

রাজি প্রায় নয়টার সময়ে এলাহাবাদ ষ্টেশনে পঁছছিলাম। আপন আপন জ্বিনিষপত্র লইয়া আমরা ষ্টেশনের বাহিরে আদিলাম। কুঞ্জ ও অধিনী তাড়াতাড়ি একধানা গাড়ি করিয়া তাহাতে উঠিয়া বিদল এবং ছোড়দাদাকে ও আমাকে শীন্ত্র গাড়িতে উঠিতে তাড়া দিতে লাগিল। আমি ও ছোড়দাদা উঠিয়া পড়িলাম। কোচু ম্যান জিজ্ঞাদা করিল—'বাবু, গাড়ি কোথায় নিব ? ধর্মশালায় না অন্ত কোন স্থানে?' কুঞ্জ তথন অধিনীকে বলিল—'বলু না গাড়ি কোথায় যাবে; গোঁদাই কোথায় আছেন ?' অধিনী বলিল—'তুই বল্না।' কুঞ্জ বলিল—'তুই বল্না।' 'তুই বল্না—তুই বল্না বলিয়া উহাদের মধ্যে ঝগড়া বাধিল। আমি বেগতিক ব্রিয়া একটি কথাও না বলিয়া ঝোলা ও আদন লইয়া গাড়ি হইতে নামিয়া পড়িলাম। উহায়া আমাকে বলিয়া দরিয়া পড়িলাম এবং একটি গাছের তলায় আদন করিলাম। গাড়োয়ান খুব বিরক্ত হইয়া উহাদিগকে বলিল—'বাবুয়া তো বেশ ভদ্রলোক। এই শীতে আমাকে বলাইয়া রাধিয়া গাড়িতে উঠিয়া ঝগড়া জুড়িলেন! নাবুন মশায়, নাবুন গাড়ি থেকে; নেমে ঝগড়া করুন, না হয় বলুন কোথায় যাব।' তথন উহায়া সকলেই গাড়ি হইতে নামিয়া পড়িল। অধিনী অত্যন্ত রাগিয়া গিয়া বলিতে লাগিল—'শালায়া সক গজমুঝ্য—গোঁদাইয়ের কাছে যাবে বলে এদেছে, অথচ তাঁর ঠিকানা জেনে আদে নাই।'

কুঞ্জ — তুইও তো এদেছিদ্, তুই জেনে আসিদ্ নাই কেন ?

অখিনী—আরে আমি যে তোর সঙ্গে এসেছি তৃই যেখানে যাবি আমিও সেধানে যা'ব।
ঠিকানার আমার প্রয়োজন কি ?

কুঞ্জ। থাক্, এখন ঝগড়া থাক্ ; এখন কি করা যাবে তাই বল। সয়তান তো 'গোঁদাই সর্বায়' ব'লে গাছতলায় গিয়ে আসন করেছে। ও ওতো গোঁদাইয়ের ঠিকানা জানে না। এখন উপায় কি ?

অধিনী—আরে উপায়ের জন্ম ভাবনা কি ? যা বলি তাই কর। আপন আপন কমল বস্তা সকলে ঘাড়ে নে, আমার পিছনে পিছনে চল্। তোদের ঠিক গোদাইয়ের নিকটে নিয়া পঁছচাব। গোঁদাই একদিন একটা স্থানে থাক্লে পরদিন সহরময় রায়্ট্র হয়, আর এতদিন তিনি এখানে আচেন কেহ তাঁকে জানে না ? সহরে এমন কোন ভদ্রলোক আছে যে গোঁদাইয়ের থবর পায় নাই ? যাকে জিজ্ঞাদা কর্বো দেই গোঁদাইয়ের কথা ব'লে দিবে।

কুল—তা হ'লে তুই যা। এখন রাজি দশটা, এই দারুণ শীতে গোঁদাইয়ের খবর বল্তে ভজ-লোকেরা রান্তায় ঘ্রছে—তুই কারোকে জিজ্ঞানা করে আয়, তারপর আমরা যাব।

অধিনী—আমি একা ষেতে পার্বো না, তুইও চল্।

কুঞ্জ—ভোর তো বেশী বেতে হবে না। এখান হ'তে বের হ'লেই ভোর মত কত ভদ্রলোক বাস্তায় পাবি। সারা রাতই তো তারা বাস্তায় ঘূরে।

অখিনী – চূপ্ শালা, এবার কিল খেয়ে মহুবি।

অশিনী উহার নিকটে না থাকিয়া, আমার নিকট়ে আসিন, আমি ব্বলাম নক্ষণ ভাল নয়—
এবার আমার রাশীতে। আমি ধীরে ধীরে আসন ঝোলা কাঁধে তুলিয়া নিলাম, এবং ছোড়দাদাকে
বিলাম,—চলুন সহরে ঘাই, ঠাকুরকে বেশী থুঁজতে হবে না, তিনিও আমাদের খুঁজ ছেন। ছোড়দাদা
আমার সক্ষে চলিলেন দেখিয়া, কুল্ল অশিনীও আমার পশ্চাৎ চলিল। পৌষের বিষম শীতে
অচেনা পথে, ঘাড়ে বোঝা লইয়া চলিতে লাগিলাম। কোথায় ঘাইব কিছুই ঠিক নাই; রাভাও
আক্ষকার। শীতে শরীর অবশ ও পরিশ্রমে শরীর কাতর হইয়া পড়িল। বড় বড় রাভায় ও গলিতে ঘূরিয়া
ফিরিয়া সকলেই খুব হয়রাণ হইলাম। অশিনী পশ্চাতে পড়িয়া আমাকে ডাকিয়া বলিল—'আরে, আর
কত ঘুবাবি? আমি যে আর পারি না।' আমি বলিলাম—'আর ঘুরাব না, এখন সোজা আমার
গিছনে পিছনে চল্। তুই ভো আমাদের সকলের চেয়ে মর্ফ! আমাদের মধ্যে আমার মত তুর্বল
ভো কেহ নাই, আমার বোঝাটা ভোর ঘাড়ে নিয়ে আমাকে একটু সাহাধ্য কর্ না।' অশিনী বলিল—
দাঁড়া এবার তোকে আদ মিটিয়ে সাহাধ্য কর্বো। ভোকে যে নাগাল পাই না—ভাই ভোর রক্ষা।
এই সময়ে একটি বড় রান্ডা ধরিয়া কিছুদ্র অগ্রসর হইতেই একটি শব্দ কানে আসিল,—
"ত্রক্ষাচারী, আমি যে এখানে, এসো"। শব্দটি ঠাকুরের শব্দ ব্রিয়া আমরা সকলেই থম্কাইয়া
দিড়াইলাম। আমাদের দক্ষিণ পাশের বাড়ীতে ঠাকুর আছেন ব্রিলাম। ভিতর হ'তে একজন

গুরুতাই দরজা থুলিয়া দিল, দেবিলাম ঘরে গোঁদাই। আমরা রোয়াকে জিনিষপত্র রথিয়া ঘরে প্রবেশ করিলাম। ঠাকুরের ঘরে অনেকগুলি গুরুত্রাতা বহিয়াছেন দেবিলাম। তাঁহারা আমাদের আদন, ঝোলা প্রভৃতি ঘরে নিয়া গেলেন। ঠাকুরকে দর্শন করিয়া দাষ্টাক প্রণাম করিলাম। আহারাস্তে ঠাকুরের ঘরে হুবে নিজা হুইল। জন্ম গুরুদেব!

চড়ায় কুন্তমেলার স্থান দর্শন।

শেষ রাত্রে ঠাকুর করতাল বাজাইয়া ভোর কীর্ত্তন আরম্ভ করিলেন। আমরা সকলে আসনে উঠিয়া বিদিলাম। ঠাকুরের কীর্ত্তন হইয়া গেলে, আমি গুরুত্রাতাদের দঙ্গে গলায় স্লান করিতে গেলাম। সানের পর বাসায় আসিয়া সকলের সঙ্গে চা পান করিলাম। তৎপরে ঠাকুরের ঘরে ঘাইতেই ঠাকুর আমাকে আসন করিলাম। ঘরের এক কোণে ঠাকুরের আসন। আমি কিঞ্চিৎ ব্যবধানে অন্ত দিকে আসন করিলাম। অন্তান্ত স্থানে ধেমন ঠাকুর ২৪ ঘণ্টা একটা ক্লটিং মত চলেন, এখানেও দেখিলাম ঠাকুরের সমন্ত কাজই সেই মত চলিয়াছে। প্রীশ্রীটেতন্ত্রচরিতাম্বত প্রভৃতি কয়খানা গ্রন্থ পাঠ হইলে পর ঠাকুর গ্রন্থ গাল্ডবাদি গ্রন্থ পাঠ করিতে লাগিলেন। এগারটার পর ঠাকুর শৌচে গেলেন। গুরুত্রাতারাও সকলে মিলিত হইয়া স্বাধীনভাবে কথাবান্ত। হাদিগল্পে আনন্দ করিতে লাগিলেন।

শুনিলাম ঠাকুর ১০।১২ দিন হয়, দিদিমা, শান্তি, কুত্বৃত্তী, যোগজীবন,জগবর্কাৰু মহেন্দ্রবার্, শামাকান্ত পণ্ডিত, প্রীধর ও বিধু ঘোষ প্রভৃতিকে লইয়া প্রয়াগধামে আদিয়াছেন। আদিবার সময়ে রান্তায় শোনপুরে হরিহরছত্রের মেলা দেখিতে বাঁকিপুরে কয়েক দিন অবস্থান করিয়াছিলেন। ঘোড়া গক্ষ, উট, ছাগল, ভেড়া প্রভৃতি গৃহপালিত অসংখ্য পশু বিক্রয়ার্থ এই মেলায় আনিত হয়। নানা সম্প্রদায়ের সাধু সজ্জন ধর্মার্থিগণও এই মেলায় সমবেত হইয়া থাকেন। বাঙ্গালা বিহার উড়িয়াতে' এই প্রকার বৃহৎ মেলা আর কোথাও হয়, শুনা যায় না। দীর্ঘকালবাণী এই মেলায় নানাবিধ বল্প বিক্রয়ার্থ প্রচুর পরিমাণে আমদানী হইয়া থাকে। ঠাকুর এই মেলা দেখিয়া এলাহাবাদে আদিয়া সাগঞ্জে একথানা বাড়ীতে অবস্থান করিতেছেন। বাড়ীতে ৬।৭ খানা ঘর। বড় রান্তার উপরে একথানা মাত্র হলক্ষম, তাহাতে ঠাকুর আসন করিয়াছেন। ভিতরবাড়ী চক্মিলান—তাহাতে প্রায় ৩০।৪০ জন গুরুলাতা রহিয়াছেন। উপরে ত্'থানা ঘর আছে, তাহাতে মেয়েরা থাকেন। এ পর্যান্ত এ বাড়ীতে স্থানের কোন প্রকার অসংকুলান হয় নাই। প্রয়াগে আদিয়া ঠাকুর কুন্তমেলায় আদিতে অনেক গুরুলাতারে কোন প্রকার অসংকুলান হয় নাই। প্রয়াগে আদিয়া ঠাকুর কুন্তমেলায় আদিতে অনেক গুরুলাতারে। আদিয়াছেন। ঢাকা, বরিশাল, ফরিদপুর, বর্জমান প্রভৃতি স্থান হইতে অনেক গুরুলাতার। আদিয়াছেন।

অপরাত্ন তিন ঘটিকার সময়ে ঠাকুর আসন হইতে উঠিলেন। কমগুলুট আমাকে লইতে বলিয়া বাসা হইতে বাহির হইলেন। আমি কমগুলু হাতে লইয়া ঠাকুরের পশ্চাৎ পশ্চাৎ চলিলাম। গুরু-স্রাতারাও, যিনি যে অবস্থায় ছিলেন, দেই অবস্থায়ই বাহির হইয়া পড়িলেন। আমরা অনেক রান্তা হাঁটিয়া ঠাকুরের সহিত গলাতীরে উপস্থিত হইলাম। এই স্থানটী ত্রিবেণী। গলা, যমুনা, সরস্থতী—এই স্থানে মিলিত হই য়াছেন। প্রয়াগে গলা দিনিপবাহিনী এবং ষমুনা পূর্ববাহিনী। গুলবর্ণা গলা ও নীল ষমুনার মিলনস্থান একটি পরিষ্কার রেখার মত দেখায়। সরস্থতী অন্তঃসলিলা। স্থানটি বড়ই মনোরম। এই ত্ই মোতস্বতীর মধ্যবর্তী স্থানে এলাহাবাদের প্রাদিদ্ধ তুর্গ। এই তুর্গের ভিতরে হিন্দুধর্মের অক্ষয়কীর্ত্তি 'অক্ষয়-বট' আছও বর্ত্তমান রহিয়াছেন। এখানে পূরাকলে ঋষিবর ভরদাজের পবিক্র আশ্রম ছিল। এই আশ্রমে শ্রীরামচন্দ্র লক্ষ্মণ ও দীতা সহিত বনগমনকালে কিছু সময় অবস্থান করিয়াছিলেন। প্রতি বংগর মাঘ মানে সমস্ত মুনি ঋষিগণ এই আশ্রমে সমবেত হই য়া কল্পবাস ও ত্রিবেণীতে স্থান করিতেন। এই স্থানের মহিন্মা অসাধারণ বলিয়া ঋষিগণ প্রয়াগধামকে তীর্থরাক্স বলিয়া গিয়াছেন।

ভরদাজ মৃনি বিদিহি প্রয়াগা।
জিনহি রামপদ অতি অহ্বরাগী।
তাপদ শম দম দমা নিধানা।
পরমারথ পথ পরম স্কজানা।
মাঘ মকরগত ববি ধব হোই।
তীরথ পতিহি আর দব কোই।
দেব দহজ কিন্তর নরশ্রেণী।
দাদর মজ্জহি দকল জ্বিবেণী।
প্রমি আক্ষর বট হর্ষিত গাতা।
ভরদাজ আশ্রম অতি পাবন।
পরম রম্য মৃনিবর মন ভাবন॥

তাঁহা হোয় মৃনি ঋষয় সমাজা।

জ'হি জে মজ্জন তীরথ রাজা॥

মজ্জহি প্রাত সমেত উছাহা।

কহহি পরস্পর হরিগুণ গাহা॥

বন্ধনিরপণ ধর্মবিধি বর্ণহি তত্ত্বিভাগ।

কহহি ভক্তি ভগবস্ককী সংযুতজ্ঞানবিরাগ॥

ইহি প্রকার ভরি মকর নহাহি।

পুনি সব নিজ আশ্রম যাহি॥

প্রতি সংবত অস হোয় অনন্দা।

মকর মজ্জ গবনহি মুনি বৃন্দা॥

শ্রীমৎ তুলসীদাস কৃত রামায়ণ,

বালকাগ্ঞ।

গদার অপর পারে বছ বিস্তৃত চড়ার উপরে কুন্তুমেলার স্থান নির্দিষ্ট হইয়াছে। কেল্লার অনতিদ্বে সরকার বাহাত্বর একটি অন্ত্নো-সেতু প্রস্তুত করিয়াসাধারণের যাতায়াতের অব্যবস্থা করিয়াদিয়াছেন। আমরা ঠাকুরের সঙ্গে পোর হইয়া চড়ায় উপস্থিত হইলাম। গলাজল হইতে চড়াটী ৬।৭ ফুট উচুতে, সমতল জমাট বালি ৫।৬ মাইল বিস্তৃত, ধুধু করিতেছে। ভারতবর্ধের প্রসিদ্ধ সাধু সন্মাসী, উদাসী মহাস্থেরা আপন আপন সম্প্রদায়ের জন্ম প্রয়োজন মত স্থান লইয়া তাহা বেড়া দ্বারা বেষ্টন করিয়া নিয়াছেন। এক মাইলের অধিক স্থানও কোন কোন সম্প্রদায় নিজেদের জন্ম সীমাবদ্ধ করিয়াছেন। প্রথমে সন্মাসীদের, পরে নানকসাহী উদাসী প্রভৃতির, তৎপরে বৈষ্ণ্রপণের স্থান নির্দেশ হইয়াছে। ইহা ছাড়া অনির্দিষ্ট স্থানও প্রচুর পরিমাণে রহিয়াছে। তাহাতে লক্ষ্ণ লক্ষ্ণ সাধু সজ্জন ধর্মার্থিগণ ছাতা খাটাইয়া খাকিবেন। কাহারাও বা অনাবৃত আকাশের নীচে ধুনীমাত্র রাখিয়া দাক্ষণ মাহের শীতে দিনরাত্রি অতিবাহিত করিবেন শুনিতেছি। প্রতি বৎসর প্রস্থাগে গলাতীরে কল্পবাস করিবার জন্ম

সহস্র সহস্র হিন্দু গৃহস্থ এইস্থানে আসিয়া থাকেন। তাঁহারা সমস্ত মাঘ মাস গন্ধার ধারে থাকিয়া, প্রত্যাহ প্রত্যুবে গঙ্গাস্থান ও দিবসব্যাপী ভজন-সাধন কয়িয়া থাকেন। এবার মেলার দক্ষণ সাধুদের সংখ্যাই এত অধিক যে, চড়ায় গৃহস্থদের স্থান সংকুলানের সন্তাবনা কম। এইজন্ত অনেক সাধু প্রধাণের পার্যবন্তী ময়দানে ও গন্ধার অপর পারে ঝুঁসিতে কুটীর নির্মাণ করিতে বাধ্য হইয়াছেন। ঝুঁসি এবং এলাহাবাদ হইতে মেলার চড়ায় যাতায়াতের জন্ম গন্ধা যম্নার উপর ছুইটি বড় পোল প্রস্তুত ইইয়াছে।

এই মেলাতে যিনি বৈষ্ণব সম্প্রদায়ের সর্ব্বপ্রধান নেতা, তিনিও সমস্ত ভারতবর্ষের ভিন্ন ভিন্ন বৈষ্ণব সম্প্রদায়ের থাকিবার জন্ম অনেকগুলি স্থান নিয়াছেন। আমরাও তাঁহারনিকট হইতে এক বিঘা জমি লইয়াছি। ঠাকুর সেই স্থানটি দেখিবার জন্ম চলিলেন। আমরা প্রায় ১৫।২০ মিনিট চলিয়া ঐ স্থানে উপস্থিত হইলাম। দেখিলাম জলের জন্ম একটি কৃপ ধনন করা হইতেছে। ৮।১০ ফিট্ খুঁড়িতেই ২।৩ ফিট্ পরিকার জন উঠিয়াছে। ঠাকুর অনেকক্ষণ ঐশ্বানে দাঁড়াইয়া রহিলেন এবং আমাদেরই জ্মীর একধারে লোহার কড়া মাথায় দিয়া একটি লোক কাত হইয়া শয়ন করিয়াছিলেন, তাহার দিকে এক-দুষ্টে চাহিয়া বলিলেন—"আহা কি চমংকার! মস্তক হ'তে শুভ্র জ্যোতিঃ চারদিকে ছড়ায়ে পড়েছে। অসাধারণ মহাপুরুষ।" ঠাকুরের কথা ভনিয়া লোকটির দিকে তাকাইয়া দেখি, নেংটা-পরা কালবর্ণ দৃঢ়কায় একটি লোক বালির উপরে পড়িয়া ঠাকুরের দিকে মিট্মিট্ করিয়া চাহিতেছে। ঠাকুরের কথা শুনিয়াও মহাপুরুষের প্রতি আমাদের লক্ষ্য পড়িল না। আমরা ঠাকুরের পক্ষাৎ পক্ষাৎ বাদার দিকে রওয়ানা হইলাম। ২।১ মিনিট চলার পরই দেখি মহাপুরুষটি উদ্ধ্যাদে ছুটিয়া ঠাকুরের সম্মুধে আদিলেন এবং ঠাকুরের চলার কোন অস্থরিধা না করিয়া নৃত্য করিতে করিতে পশ্চাৎ দিকে চলিলেন। নানাপ্রকার অঙ্গ-দঞ্চালন করিয়া, ঘুই হস্ত ঘারা ঠাকুরকে আরতি করিতে করিতে 'আহা আহা শব্দে আনন্দধ্যনি করিতে লাগিলেন। তৎপরে একদিকে দৌ জিয়া অদৃশ্য হইলেন। ঠাকুর উহার ভূয়দী প্রশংসা করিতে লাগিলেন। আমরা গন্ধার তীরে তীরে পোলের নিকটে আসিলাম। ঠাকর বলিলেন — "কাল যখন চড়ায় বেড়াই, ব্ৰহ্মচারী ও সারদাকে সঙ্গে দেখ্লাম, তখনই মনে হ'লো. এসে পড়লো।" সন্ধ্যার কিঞ্চিৎ পূর্বে আমরা বাসায় পঁছছিলাম। সংকীর্ত্তনানন্দে রাজি :টা কাটিল, তৎপরে সকলের আহার ও বিশ্রাম।

বেণীয়াধব ও আর আর বিগ্রহ দর্শনঃ ঠাকুরের দান।

আজ ঠাকুর চা দেবার পর গ্রন্থাদি নমস্কার করিয়া বেণীমাধব দর্শন করিতে বাহির হইলেন। ক্ষমগুল্টা হাতে লইয়া গুরুত্রাতা-ভগ্নীদের দঙ্গে ঠাকুরের পশ্চাৎ পশ্চাৎ চলিলাম। প্রায় দেড় ক্রোশ পথ হাটিতে হইল। রাস্তার তুই পার্যে কাঙ্গালী ও সাধুরা পয়সা চাহিতে লাগিল। ঠাকুর সকলকেই

২।৪ পয়দা করিয়া দিতে দিতে তামাদা করিয়া বলিলেন—'আজ তো হা বড়া দাতা বন্ গিয়া।
দো পয়দা চার পয়দা দেনে লাগা'। ইহা শুনিয়া ঘাহার ঘাহা হাতে ছিল ঠাকুরকে দিতে
লাগিল। ঠাকুর তাহা কালালীদের বিতরণ করিতে লাগিলেন। কিছুক্ষণ পরে ত্রিবেণীতে উপস্থিত
হইয়া দকলে সান করিলাম। ঠাকুর বেণীমাধব দর্শন করিতে চলিলেন। মন্দিরের প্রাহ্ণণে উপস্থিত
হইয়া বেণীমাধবকে দাইালে প্রণাম করিলেন। এক টাকার বাতাদা আনাইয়া বেণীমাধবকে ভোগ
দিলেন এবং বলিলেন—এই স্থানে মহাপ্রভু কিছুদিন ছিলেন।" মন্দির হইতে বাহির হইয়া
দশাবমেধ ঘাট দেখাইয়া বলিলেন—"এই স্থানে মহাপ্রভু রূপে গোস্বামীকে দশ দিন ধ'রে
শিক্ষা দিয়াছিলেন।" কিছু অধিক বেলায় আমরা ঠাকুরের দক্ষে বাদায় পঁছছিলাম।

কথার কথার ঠাকুর বলিলেন—'অনেক তো ঘূর্লাম, কিন্তু তেমন একটি সাধু দেখ তে পোলাম না। সাধু বল্তে বেণীমাধবকেই দেখ্লাম, তাই তাঁকে কিছু দিয়া আস্লাম।"

ঠাকুর এই কথা কেন বলিলেন, জিজ্ঞাদা করায় কহিলেন—"বেণীমাধব সাধুর বেশে এসে আমার কাছে ভিক্ষা চেয়েছিলেন।"

ঠাকুরের নানা দেবালয় দর্শন।

আত্রও ঠাকুর ৬টার সময়ে আদন হইতে উঠিয়া বান্তায় বাহির হইয়া পড়িলেন। গুরুলাভারাও সকলেই ঠাকুরের পশ্চাৎ পশ্চাৎ চলিলেন। ঠাকুরের পায়ে বেদনা—অধিক দূর চলিতে কট হইতে লাগিল। শ্রীযুক্ত হরিদাদ বৃদ্ধ মহাশয়ের কথামত শ্রীযুক্ত বিধুভূষণ ঘোষ ঠাকুরের জন্য একথানা গাড়ি ভাড়া করিলেন। ঠাকুর উঠিয়া বসিলেন। ঠাকুরের কমগুলু আমার হাতে, তাই আমাকে তাঁহার গাড়িতে উঠিতে বলিলেন। মহেন্দ্র মিত্র মহাশয়ও সঙ্গে সঙ্গে উঠিয়া পড়িলেন। বিধুবাবু কোচ্ মানের পাশে বদিলেন। গাড়ি ছাড়িয়া দিল। গুরুতাতারা দেখিলেন—বিষম মুস্কিল, হাঁটিয়া চলিলে ঠাকুরের দলে যাইতে পারিবেন না। তথন তাঁহারা অত্যস্ত বাস্ততার দহিত যিনি যে গাড়ি পাইলেন ভাড়া স্থির না করিয়া তিনি ভাহাতে উঠিয়া পড়িলেন। গুরুত্রাতাদের ৫খানা পাড়ি হইল। ঠাকুর সন্ধ্যা পর্যান্ত নানাস্থানে, গঙ্গাতীরে, দেবালয়ে ঘুরিয়া সন্ধ্যার সময়ে বাদায় আদিলেন; গুরুত্রাতাদের গাড়ি কয়ধানাও দকে সঙ্গে আদিয়া পড়িল। গাড়ি বাড়ীর দরজায় পঁহছানমাত্র গুরুত্রাতার। হুপ দাপ নামিয়া তাড়াতাড়ি বাড়ীর ভিতরে প্রবেশ করিল। গাড়োয়ানর। দেড়া ভাড়া হাঁকিরা ভাড়ার জন্ম চীংকার করিতে লাগিল। বোলপুরের স্থপ্রসিদ্ধ উকীল গুরুপ্রাতা শ্রীয়ক্ত হরিদাসবাৰু ঠাকুরের ঘরে বিশ্রাম করিতেছিলেন। তিনি চীংকার শুনিয়া নিজ হইতেই গাড়োমানদের ভাড়া মিটাইয়া দিলেন। হবিদাদবাৰু মাসব্যাপী মেলায় থাকিতে পারিবেন না,— তাই এই সময় ঠাকুর দর্শনে আসিয়াছেন। সন্ধ্যা-কীর্ত্তনের পর গুরুত্রাতারা আহার সমাপন করিয়া বিশ্রাম করিলেন।

ল্যাংগা বাবা : গুরুজাতাদের কাও।

গত কলা ঠাকুর কথায় কথায় বলিমাছিলেন যতদিন তিনি চড়ায় না যাইবেন, প্রতাহই গলাতীরে ক্থনও বা মেলাস্থানে গিয়া সাধুদের দর্শন করিয়া আদিবেন। আহারান্তে গুরুলাতারা কিছুক্ষণ বিশ্রাম করিয়া ঠাকুরের দলে যাওয়ার জন্ম প্রস্তুত হুইয়া রহিলেন। ঠাকুর আর আর দিনের মত তিনটার সময়ে যেমন বাহির হইয়া পড়িলেন, গুরুজাতারাও সঙ্গে সঙ্গে চলিলেন। যে স্কল গুরু-ভাতার টাকা প্রদা কিছুই নাই, কোনপ্রকারে মেলা দেখিতে ঠাকুরের নিকট আদিয়াছেন, তাঁহাদের উৎপাহ উত্তম খুব বেশী। তাঁহারা ঠাকুরকে পশ্চাতে রাখিয়া গাড়ির আডগ্রে উপস্থিত হইলেন এবং ঠাকুরের জন্ম একখানা গাড়ি রাখিয়া ২। খানা গাড়িতে চাপিয়া বসিলেন। ঠাকুর আজ আর চভায় গেলেন না। গলার ধারে প্রকাণ্ড বটবুক্ষমূলে জীর্ণ কুটারে একটি সাধু বাস করেন। তাঁহাকে দর্শন করিতে তথায় উপস্থিত হইলেন। সাধু ঠাকুরকে দেখিতে পাইয়া আনন্দে যেন মাতিয়া গেলেন। কতপ্রকারে ঠাকুরকে ন্তবন্ততি আদর-যত্ন করিয়া, নিজ কুটারের সম্মুখে নিয়া বসাইলেন। সাধু অতি বুদ্ধ, বয়দ নহাই বংসর সম্পূর্ণ উলঙ্গ থাকেন। লোকে সাধুকে ল্যাংগাবাবা বলে। হরি-কথা প্রসঙ্গে তাঁহার অঞ্চকম্প হইতে লাগিল দেখিয়া, গুরুলাতারা সকলেই খুব আনন্দলাভ করিলেন। সন্ধ্যার সময়ে ঠাকুর বাদায় পঁছছিলেন। গুরুহাতাদের গাড়িগুলিও আদিয়া উপস্থিত হইল। গত কলোর মত গুরুলাতারা গাড়ি হইতে নামিয়া বাড়ীর ভিতরে প্রবেশ করিলেন। হরিদাসবার ঠাকুরের ও নিজের গাড়িভাড়া মিটাইয়া বিশ্রাম করিতেছিলেন। এই সময়ে অভাত গাড়োয়ানর। গাড়িভাড়ার জ্ঞ চীৎকার করিতে লাগিল। তথন গুরুল্লাতারা একে অন্তকে বলিতে লাগিল – ওবে ৷ গাড়োয়ান ভাড়ার জন্ম চীৎকার করছে, শুন্তে পাচ্ছিদ না ? দে অমনি উত্তর করিল — 'কৈ আমি কিছুই ভন্তে পাচ্ছি না। তুই ভনছিদ্ ? তুই গিয়ে যা ব্যবস্থা কর।' যাহার। ২াঃ টাকা দিতে পারে, তাহাদের মধ্যে কেহ কেহ 'থাম ভাই, আর দাঁড়াতে পাচ্ছি না বনিষ্না ঘটি হাতে लहेशा (मोज़ मातिन। ८कर ना श्रसान कतिएक हिना। ८कर एकर मत्रका चाज़ान मित्रा घरतत जिल्दा চুপ করিয়া বদিয়া রহিল; আর অবশিষ্টগুলি তামাক দাজিয়া ঘন ঘন কলকিতে ফুঁ দিতে লাগিল। অর্থশালী গুরুত্রাতা একমাত্র হরিদাসবাবু, তিনি ব্রিলেন গতিক ভাল নয়। গাড়োয়ানদের চীৎকারে ঠাকুর বিরক্ত হইবেন। স্থতরাং ইচ্ছায় হউক, অনিচ্ছায় হউক, সমন্তগুলি গাড়ির ভাড়া আত্তও চুকাইয়া দিলেন। হরিদাসবার প্রয়াগে আসার পরদিন হইতে ভাতারের সমস্ত ধরচ দিয়া আদিতেছেন। তাহার উপরে আবার গুরুলাতাদের এই কৌশলের চাপ। স্বতরাং একট বিরক্ত হইলেন এবং গুরুস্রাতাদের কারো কারোকে বলিলেন কল্য হইতে আর তিনি গাড়িভাড়া দিবেন না এবং ঠাকুরকে বলিয়া গুরুভাতাদের এ দব ব্যবহারের একটি প্রতিবিধান করিবেন।

দ্দ্যার পরে আর আর দিনের মত ঠাকুরের নিকট সংকীর্ত্তন হইল। সহরের অনেক ভদ্রলোক

এই সংকীর্ত্তনে উপস্থিত হইলেন। তাঁহারা গুরুত্রাতাদের ভাবাবেশের অবস্থা দেখিয়া অবাক। শ্রীযুক্ত রাম্যাদ্ব বাগ্চি মহাশ্য় ঠাকুরকে দেখিয়া বড়ই মৃগ্ধ হইলেন। ঠাকুর প্রয়াগে আদার পর তিনি খুব ঘনিষ্ঠভাবে সকলের সঙ্গে মিশিতেছেন। বাড়ী তাঁহার নবদীপে, এস্থানে তিনি ডাক্তারি করিয়া থাকেন।

ঠাকুর কথায় কথায় ল্যাংগাবাবার কথা তুলিয়া তাঁহার ভাবভক্তি এবং অশ্র, কম্প, পুলকাদির প্রশংসা করিতে লাগিলেন। রাত্রে জল্বোগের পর ঠাকুর মহেন্দ্রবার্ প্রভৃতি গুরুলাতাদের বলিলেন— "হরিদাস বাবুর উপরে বড়ই অত্যাচার হচ্ছে, গাড়ি ভাড়া আর তাঁর নিকট হ'তে নিবেন না।" ঠাকুরের কথা শুনিয়া গুরুলাতারা বিষম উল্লেগে পড়িলেন। কল্য কাহার নিকট হইতে অত টাকা গাড়িভাড়া আদায় করিবেন ভাবিতে লাগিলেন। স্বল স্কৃত্ব হইলেও ঠাকুর গাড়িতে চলিলে হাটিয়া যাইতে যে কারো প্রবৃত্তি হয় না।

শাব্দ নকালে আমাদের পরম আগীয় গুরুত্রাতা শ্রীযুক্ত মন্মথনাথ মুখোপাধ্যায় কানপুর হইতে আদিলেন। মন্মথদাদাকে দেখিয়া আমরা সকলেই খুব আনন্দলাত করিলাম। ঠাকুর খুব সন্তুষ্ট হইলেন। আমাদের অদৃষ্টক্রমে মন্মথদাদার ছই দিনের অধিক থাকা হইবে না, উকীল মান্ত্য—হাতে বড় মামলা, শীঘ্রই আবার কানপুর ধাইবেন। মন্মথদাদা যে ছ'তিন দিন রহিলেন, ভাগুারের সমস্ত বায় তিনিই বহন করিলেন। গুরুত্রাভাদের বেড়াইবার গাড়িভাড়াও সন্তুষ্টিত্রে তিনিই দিলেন। মন্মথবারু চলিয়া যাওয়ার পর হরিদাদবার্ও বোলপুরে যাইতে ব্যস্ত হইলেন। কি প্রকারে দৈনিক পরচ চলিবে ভাবিয়া সকলেই অন্তির হইয়া পড়িল। গুরুত্রাভাদের সংখ্যাও দিন দিন বৃদ্ধি পাইতেছে, কিন্তু তেমন অবস্থাপন কেহ আদিতেছেন না। সকলেই নিঃস্ব, কোন প্রকারে ধার-কর্জ্জ করিয়া মাত্র বেলভাড়াটি লইয়া আদিয়াছেন। ২৫ জন মাত্র স্বচ্ছল অবস্থাপন গুরুত্রাতা আছেন, তাঁহারা আর ক্যুদিন দৈনিক পরচ চালাইতে পারেন প্

আশ্রমে কাজের বিভাগঃ ঠাকুরের ভিক্ষা ও দানঃ ঠাকুরের আকাশবৃত্তি।

আজ দকালে কয়েকজন বিশিষ্ট গুরুলাতা শ্রীযুক্ত রামষাদব বাগ্চি প্রভৃতি কয়েকটি সন্ত্রাপ্ত হিতাকাজ্ঞী ভদ্রলোকের দহিত মিনিত হইয়া বৈঠক করিলেন। আলোচনা হইতে লাগিল, কি প্রকারে দৈনিক থরচ চলিবে। তাঁহাদের হাতে যাহা কিছু ছিল তাহাতো নিঃশেষ হইয়া গিয়াছে, এখন উপায় কি ? ঠাকুর কুস্তুমেলায় এক মাস থাকিবেন এবং সাধু শাস্তদের ভাঙারা দিবেন। যিনি যাহা ইছো করেন এই মহৎকার্য্যে পাঠাইতে পারেন এই মর্মে গুরুলাতাদের নিকট চিঠিপত্র অনেকদিন হয় দেওয়া হইয়াছে। কিন্তু কেহই তো কিছু পাঠাইতেছেন না। এখন প্রতিদিন মাসাধিক কাল এই বিপুল থরচ কি প্রকারে নির্কাহ হইবে ? উহারা সিদ্ধান্ত করিলেন, ঠাকুর

যদি দিদিমা, শান্তি, কুতুৰ্ডী, যোগজীবন, জগবন্ধ এবং সর্বদা থাহারা ঠাকুরের সঙ্গে আছেন ভুধু তাঁহাদের দইয়া থাকেন তাহা হইলে কোন অভাবই ভোগ করিতে হয় না। কিন্তু দলে দলে যে দকল গুৰুভাতা এখানে আদিয়া পডিয়াছেন এবং দিনদিনই আদিতেছেন, তাঁহারা যদি নিজেদের ভার নিজেরা বছন না করেন, তা'হলে অবস্থা বড়ই বিষম হইবে। খাওয়ার অভাবে সকলকে পলাইতে হইবে। এ বিষয়ে পাকাপাকি একটা মীমাংদা করিবার জন্ম উহারা ঠাকুরের নিকট উপস্থিত হইলেন এবং ঠাকুরকে বলিলেন -- 'মশায় ৷ আমরা আপনাকে একটি কাজের কথা বলতে এসেছি।' ঠাকুর—'কি কাজের কথা বলুন ?' উহারা বলিতে লাগিলেন—'দেখুন এখানে স্ত্রী পুরুষে প্রায় ৪০।৭৫ জন আছেন। এত দিন তো কোন প্রকারে চ'লে গেল, এখন দৈনিক খরচ চলবে কিরুপে ভেবে আমরা বড়ই উদ্বেগ ভোগ করছি। আয়ের দিক তো কিছুই নাই। অথচ ধরচ প্রতিদিনই আছে। এথানে যারা আছেন, এদিকে তাঁদের কারো লক্ষ্য নাই। থাবার সময়ে পাত পেতে বদেন, পেটভরে থান, আর দারাদিন বাজে গল্পে হ'কা কলকি তামাক দইয়া ঝগড়া ক'রে সময় काढ़ीन। সাধন ভজনও নাই-- किছুই নাই। এ সব ভাগাবত (Vagabond) क्रांग, জোয়ান মর্দ নিজ্পা কুড়ের দল আশ্রমের কোন কাজই করবে না—বল্লে ঝগড়া করবে। বিষম মুন্ধিল। এরা বদি নিজেদের ভার নিজেরা নি'য়ে থাকেন, তা'হলে আর কোন অন্থবিধা থাকে না।' ঠাকুর ভনিয়া থুব হুঃধ প্রকাশ করিয়া বলিলেন—'আহা! এদের ওক্লপ বলতে নাই! এরা সকলেই ভদ্রলোক, সকলেরই ঘরে থাবার পরবার আছে—দয়া ক'রে আমার কাছে রয়েছেন। এরাই আমার সর্ব্যশ্রেষ্ঠ সাধ। ঠাকুরের কথা শুনিয়া গুরুলাতারা চীৎকার করিয়া কাঁদিয়া উঠিলেন। ভিতরের বেগ কিছুতেই সম্বরণ করিতে পারিলেন না। কেহ কেহ অশ্র-কষ্প পুলকে অভিভূত হইলেন। কেহ কেহ অঞ্পূর্ণ নম্ননে কম্পিত কলেবরে ঠাকুরকে দেখিতে मांगित्नम । कादा कादा वाक्षमः छा विनुश्व रहेन । অভিযোগকারী বাৰুরা এদের অবস্থা দেবিয়া ভনিয়া অবাক। ঠাকুর একটু সময় চুপ করিয়া রহিলেন। তৎপরে বলিলেন—'আশ্রমে যাঁরা থাকেন, তাঁদের সকলেরই কিছু-না-কিছু আশ্রমসেবার কাজ নিয়ে থাকা উচিত, না হ'লে অপরাধ হয়। আপনারা সকলেই আশ্রামের কাজ বিভাগ ক'রে নিন। তা'হলেই আর কোন অশান্তি থাকবৈ না। আপনারা আমাকেও একটা কাজ দিন।' ঠাকুরের কথা শুনিয়া সকলেই লজ্জায় হেঁটমন্তকে নীরব রহিলেন। ঠাকুর তথন বলিলেন— 'আচ্ছা, আমি সকলকে ভিক্ষা ক'রে খাওয়াব, এই ভার আমি গ্রহণ করলাম। এখন তোমরা যার যা ইচ্ছা আমাকে ভিক্ষা দেও।' এই বলিয়া আঁচল পাতিলেন। তথন গুরুদ্রাতাদের যাহার যাহা ছিল, ঠাকুগকে আনিয়া দিলেন। ভিকায় প্রায় ১৬০১।১৭০১ টাকা হুইল। ঠাকুর উহা নিজ আদনের নীচে রাখিয়া দিলেন। ৫।৬ দিনের মত আশ্রম-খরচ চলিবে

ভাবিয়া গুরুলাভারাও নিশ্চিম্ন হইলেন। ঠাকুর দকলকে বলিলেন—'আমার একটি কথা স্মরণ রাখ্বেন; আমার আকাশ বৃত্তি। একদিনের জিনিষ অন্তদিনের জন্ত ভাণ্ডারে দঞ্য রাখ্বেন না। যে দিন যা আস্বে দমস্তই ব্যয় ক'রে ফেল্বেন।' গুরুলভাতারা দকলেই ঠাকুরের কথা গুনিয়া দরিয়া পড়িলেন এবং নিজেদের ভিতরে আশ্রমের দমন্ত কাল বিভাগ করিয়া শইলেন। রামযাদব বাবু বছকাল এম্বানে আছেন, এজ্বত তাঁহাকে দেবেন্দ্রনাথ চক্রবর্তীর (বি. এল.) সহিত বাজার দরকার করা হইল। জগবরুবাবু এবং শ্রামাকান্ত পণ্ডিত মহাশয় ভোগরায়ার ব্যবস্থা ও ভ্রাবধানে নিযুক্ত হইলেন। মহেন্দ্র দাদা মহুরী হইলেন। জল ভোলা, বাসন মাজা প্রভৃতি কার্যাও গুরুলাভারা আগ্রহের সহিত যিনি বাহা পারেন গ্রহণ করিলেন। দকলেই থ্র উৎসাহের সহিত আপন আপন কার্যো নিযুক্ত হইলেন। নিম্না গুরুলাভাদের ভিতরেও একটা উৎসাহের ম্যোত বহিল।

মাঘ মাদের অধিক দিন বাকী নাই। ইতিমধ্যেই লক্ষ্ লাধু চড়ায় আসিয়া ছাউনী করিয়াছেন। গন্ধার ধারে এপারেও অসংখ্য সাধু অনাবৃত স্থানে আদন করিয়া বদিয়াছেন। কালানী, ত্থী দরিদ্রও বিস্তর। সহরটি লোকে পরিপূর্ণ। সারাদিন ভিক্ষুকের অভাব নাই। প্রত্যহই ভিক্ষ্কের চীৎকারে অস্থির থাকিতে হয়। আৰু হাতে টাকা পাইয়া ঠাকুর যে যাহা চাহিলেন, দিতে লাগিলেন। ৪।৫ ঘণ্টার মধ্যেই প্রায় ৪০-।৫০- টাকা উড়িয়া গেল। তিনটার পর ঠাকুর বাহির হইবেন। অবশিষ্ট টাকাগুলিও সঙ্গে করিয়া লইলেন। গলার তীরে পছছিতেই ৪।৫টি সাধু ঠাকুরকে দেখিয়া বলিলেন, 'স্বামীন্ধী! দো রোজ হাম ২৫ মূরত ভূথা হায়—মেহেরবাণী কিজিয়ে।' কেহ কেহ আদিয়া বলিলেন—'মহারাজজী। ধুনীকা লক্ড়ী নাহি হায়। ভজন তো একদম বন্ধ হো গিয়া, আব ক্যা করে।' কেহ, 'পানি পিনেকা লোটা নেহি হায় বাবা'; কেহ বা 'গাঁজা নেহি হায়'; আবার একদল আসিয়া বলিল—'আমিজী ৷ জারামে হাম লোক তো মর্ যাতা হায় – একঠো করকে কম্ লি ছকুম হোয়।' প্রার্থীরা ধেমন চাহিতে লাগিলেন ঠাকুরও দেই মত ১০্।১৫্।২৫্ টাক। করিয়া দিতে লাগিলেন। সন্ধার পূর্বেই সম্ভণ্ডলি টাকা বিতরণ করিয়া ঠাকুর বাসায় ফিরিলেন। ঠাকুরের এই প্রকার অবিচারে অর্থবায় সম্বন্ধে অনেকে ভবিষ্যুৎ ভাবিষ্ণা উদ্বেগ ভোগ করিতে লাগিলেন। কল্য কি প্রকারে এতগুলি লোকের আহারাদি হইবে ভাবিয়া জনেকেই অশান্তিতে পড়িলেন। থাওয়াবার ভার ঠাকুর নিয়াছেন; কল্য ঠাকুর কি করিবেন এই তুশ্চিন্তায় খনেকের বাজিতে ভাল নিজা হইল না।

আন্ধ শেষ বাত্তে অন্তান্ত দিনের মত ঠাকুর ভোরকীর্ত্তন করিয়া আসনে বসিয়া আছেন। একটি হিন্দুখানী ভদ্রলোক ঠাকুরের সন্মুথে দরজার বাহিরে রোদ্বাকে আসিয়া ঠাকুরকে প্রণাম করিয়া কর্ষোড়ে বলিলেন—'স্বামীঞ্চী! রূপা কর্কে ছুকুম কিজিয়ে, সেবাকা ওয়ান্তে থোড়া কুছ হাম ভেজ দেই।' ঠাকুর মাথা নাড়িয়া দমতি প্রদান করিলেন। কতজন লোক ঠাকুরের দক্ষে আছি, লোকটি থবর লইয়া চলিয়া গেলেন। অল্পন্ধণ পরেই তু'টি ভাবী প্রচ্ব পরিমাণে চাল, ডাল, আটা, থি, তৈল, চিনি, মিন্রি, স্থজি, আলু, কপি, বেগুন, শিম, শাক, লেবু, তুধ, দই, পেয়ারা, পাঁপর, রাবড়ি, সন্দেশ ও বিবিধ প্রকার মদলা, তামাক, টিকে, দেশলাই, পান, স্থপারী ইত্যাদি যাবতীয় দামগ্রী লইয়া উপস্থিত হইল। গুরুলাতারা দকলেই দেথিয়া অবাক্। আজ বিবিধ প্রকার রালা করিয়া স্থেম্মন্তন্দে ভোজনাস্তে দকলে বিশ্রাম করিলেন। ঠাকুর ভাগুরের কর্তাদের ভাকিয়া বিলেন—'অত্যকার মত জিনিম রাখিয়া অবশিষ্ট সমস্ত কাঙ্গাল তুঃখীদের বিলাইয়া দিন। আমার আকাশ-বৃত্তি। একটি জিনিমণ্ড যেন কল্যকার জন্ত ভাগুরে না থাকে।' ঠাকুরের আদেশ মত তাহাই করা হইল। গুরুলাতারা বৈঠক করিয়া বলাবলি করিতে লাগিল, ঠাকুর এ কি করিলেন, ভাগুরায় যাহা উদ্ভ হইয়াছিল অনায়াসে কল্যণ্ড চলিত। জিনিষপত্র দেখিয়া কল্যকার জন্ত আমরা নিংশ্রুম্ব হেইয়াছিলাম, ঠাকুর যে দব সারিজেন।

অপরাহে ঠাকুর রামষাদব বাবু প্রভৃতিকে বলিলেন—'আপনারা ২।৪ দিনের মধ্যেই চড়ায় যাওয়ার বন্দোবস্ত করুন, আর এখানে থাকিতে ইচ্ছা হয় না।' শুনিলাম চড়াতে যে স্থানটি আমাদের নেওয়া হইয়াছে, ডাহার চতুদ্দিকে মজবৃত টাটি দিয়া ঘেরাও করা হইয়াছে। রায়া করিবার ঘর ও ভাগুার ঘর প্রস্তুত হইয়াছে। ঠাকুরের জন্ম একটি পায়্রথানাও শীঘ্রই হইবে। এখন তাঁবুটি দংগ্রহ হইলেই চড়ায় যাওয়ার আর কোন অস্থবিধা থাকে না। স্থানীয় ভদ্মলোকেরা ষথাসাধ্য আমাদের জন্ম চেটা করিতেছেন। আর আর দিনের মত সন্ধ্যার সময়ে সংকীর্ত্তন আরম্ভ হইল। গুরুলাতারা ভাবাবেশে নৃত্য করিতে লাগিলেন। ক্রমে দর্শকগণের দমাগমে রাস্থা লোকে পরিপূর্ণ হইল। অনেকক্ষণ কীর্ত্তনের পর ঠাকুর হরিবলুট দিয়া আসনে বিস্তুলেন। দিনটি বড়ই আনলে কাটিয়া গেল। রায়ে গুরুলাতারা দকলে মাড়োয়ারী প্রদত্ত মিষ্টায় পরিতোষ পূর্বাক ভোজন করিলেন। কোন কোন গুরুলাতা আগামী কল্য কি প্রকারে আহারের সংস্থান হইবে, ভাবিতে লাগিলেন। আবার মন্দি নিম্বা গুরুলাতারা বলিতে লাগিলেন, আহারাদির ভার ষথন ঠাকুর নিয়াছেন তথন আর ওসব বাজে চিস্তা কেন ? আমি প্রত্যহই ভাগুার হইতে চাল ডাল লইয়া স্থপাক আহার করিতেছি।

ঠাকুর ভোবে কীর্ত্তনাস্তে আদনে বদিয়া আছেন। আজও দেই মাড়োয়ারী আদিয়া ঠাকুরকে নমস্কার পূর্বক কর্যোড়ে বলিলেন—'স্বামীজী! মেহেরবান কর্কে ছকুম দেজিয়ে, আজ ভি হাম ভাগুরা ধো কুছ্ বনে ভেজ দেই।' ঠাকুর একটু দময় তাঁর দিকে চাহিয়া থাকিয়া দমতি দিলেন। বেলা ৮টার মধ্যে কল্যকার মত দমস্ত জিনিষ আদিয়া পড়িল। ঠাকুরের আদেশ মত আজও প্রয়োজন মত জিনিষ রাধিয়া অবশিষ্ট সমস্ত ভিথারীদের বিতরণ করা হইল। এথানকার স্থাসিদ্ধ ভাজার গোবিন্দবাব্ আমাদের তাঁব্র জন্ম বিশেষ চেষ্টা করিতেছেন। রাম্যাদ্ব বাব্র নিকট শুনিলাম,

গোয়ালিয়বের মহারাজার ভূতপূর্ক মন্ত্রী সাব দীনকর রাও বাহাতুর আমাদিগকে একটি স্বৃহৎ তাঁবু ৪া৫ দিনের মধ্যেই আনাইয়া দিবেন। ঠাকুরও চড়ায় ধাইতে অত্যস্ত ব্যস্ত হইয়া পড়িয়াছেন। প্রতিদিনই সাধুদের বড় বড় জমাত আসিয়া পড়িতেছে। চড়ায় নির্দিষ্ট স্থানগুলি প্রায় লোকে পরিপূর্ণ হইল। এ পাড়েও ধালি স্থান আর দেখা যায় না। কেহ কেহ ছাতা খাটাইয়া এবং অধিকাংশ সাধুধুনী জালিয়া অনাবৃত অবস্থায় গমাতীরে জলের ধারে বাস করিতেছেন।

আত্তও ভোর বেলা মারোয়াড়ী ভিক্ষা দিতে আগ্রহ করিতে লাগিলেন। ঠাকুর বলিলেন— 'নেই, সো নেহি হোগা। সাধুলোক্ন্কা এইসা রীতি নেহি হাায়; আজ আপ্সে कृष्ट् नारि लियाक ।' याष्ट्राञ्चाची विलिलन—'चत्रम शायाता शोवा कांव्र—वहरू इस ह्यांका कांव्र, ছকুম হয় তো । ৬ সের ভেজ দেই। ঠাকুর তাহাতেও আপত্তি করিলেন। বেলা প্রায় ৮টা হইল। সকলেই আহারের চিস্তায় ব্যস্ত হইয়া পড়িল। ঠাকুরের কোন প্রকার উদ্বেগই নাই। তিনি নিশ্চিম্ভভাবে আসনে বসিয়া বহিলেন। কিছুক্তণ পরেই একজন ভত্তলোক আসিয়া ঠাকুরকে একটি সাধ্র আকাজন জানাইয়া বলিলেন — প্রভু! সাধু ভাগুরা দিতেছেন, তিনি দয়া করিয়া দশিয়ে দেই আশ্রমে আপনাকে প্রদাদ পাইতে নিমন্ত্রণ করিতেছেন।' ঠাকুর আনন্দের সহিত দশতি প্রকাশ করিলেন। মধ্যাহে সাধ্র আশ্রমে ঘাইয়া সকলেই প্রসাদ পাইলেন। সাধ্ ৩০ বংসর কাল ঐ আশ্রমে আসন করিয়া ভদ্ধন সাধন করিতেছেন। আশ্রম ছাড়িয়া একদিনের জন্মও তিনি অন্তত্ত যায়েন নাই। এই সাধু কি প্রকারে ঠাক্রের পরিচয় ও সন্ধান পাইলেন— জানি না। আজ ঠাকুর কথায় কথায় বলিলেন, - ভোমাদের তাঁবু সংগ্রহ হোক্ আর নাই হোক্ পরশু আহারের পর আমি চড়ায় গিয়া বালির উপরে আসন ক'রে ব'সব।' ঠাকুরের কথা গুনিয়া কয়েকটি গুরুজাতা চড়ায় কডদ্ব কি হইয়াছে অহুসন্ধানে চলিয়া গেলেন। ভাঁব্র জন্তও কতকগুলি গুরুলাতা গোবিন্দবাব্র নিকটে গেলেন। তাঁবু পাওয়া গেল, তাহা থাটাইবার জন্ত লোক প্রেরিত হইল। ছাউনীতে যাইয়া থাকার অনুষ্ঠানের আর কিছুই বাকি নাই সংবাদ আদিল। তাঁব্টি ধাটান হইলেই হয়। চড়াতে ঘাইব মনে করিয়া গুরুজাতার। খুব আনন্দ করিতে লাগিলেন। থেয়েদের দাধুমঙলীর ভিতরে থাকার বাবস্থা নাই, তাঁহারা দময় সময় ঘাইয়া ছাউনীতে থাকিবেন এবং দন্ধ্যার সময় আবার বাসায় চলিয়া আদিবেন, ঠাকুর थरे बावना कतित्वन।

আজ গুকুলাতারা চড়ায় বাইয়া দেখিয়া আদিলেন প্রকাণ্ড একটি তাঁবু খাটান হইয়াছে।
ভাণ্ডার ঘব, বালা ঘব পূর্বে হইয়াছিল। ঠাকুরের জন্ম একটি পায়খানাও তাঁবুর পশ্চাৎ দিকে
প্রস্তুত হইয়াছে। এখন তাঁবুতে যাইয়া থাকার আর কোন অস্থবিধা নাই। দাকণ মাঘের
নীতে গলার চড়ায় বাবুদের মধ্যে অনেকেরই থাকা অসম্ভব। হাঁহারা একটু স্থাভান্ত
তাঁহারা সারাদিন চড়ায় থাকিয়া সন্ধ্যার সময় বাসায় আদিবেন—এইরূপই ঠিক হইল। ৩০।৪০ জন

গুরুত্রাতা ঠাকুরের সঙ্গে নিয়ত চড়ায় বাস করিবেন। এ পর্য়স্ত গুরুত্রাতাদের সংখ্যা ৫০ জনেবও অধিক হইয়াছে। ক্রমে আরো বৃদ্ধি পাইবে। ভগবানের রুপায় তাঁবৃটি যাহা পাওয়া গিয়াছে সচ্ছন্দরূপে ৩০।৪০ জ্বন লোক বিছানা করিয়া থাকিতে পারিবে। গুরুত্রাতারা উৎকণ্ঠার সহিত রাজি প্রভাতের আকাজ্যা করিতে লাগিলেন। সন্ধ্যা কীর্ত্তনালের জন্মোগ করিয়া সকলে বিশ্রাম করিলেন।

চড়ায় যাত্রাঃ পথে মাধোদাস বাবাজীর আ**শ্রম দর্শনঃ পরমহংসজীর** আবির্ভাব ও ঠাকুরের অভ্যর্থনাঃ সংকীর্ত্তনের মহাভাবের তুফান।

আজ অতি প্রত্যাধে আমরা সকলে গঙ্গায় গেলাম। আনের পর অন্ত কোথাও না যাইয়া বাসায় চলিয়া আসিলাম। ঠাকুরের চা দেবার পর চড়ার কথন আমাদের যাওয়া হইবে, থবর নিতে বছলোক আদিতে লাগিল। আহার বেলা ১২টার মধ্যেই শেষ হইল। গুরুত্রাতাদের উৎদাহ আনন্দ আৰু আর শরীর মনে ধরে না। তাঁহারা কেহ কেহ গান, কেহ কেহ বাজনা, কেহ কেহ বা নানাপ্রকার আনন্দ-ধ্বনি করিতে লাগিলেন। ঠাকুব তিন্টার সময়ে চড়ায় থাত্রা করিবেন। কিছুক্ষণ পূর্বেই গুরুলাতারা দলে দলে বাহির হইয়। পড়িলেন। তাঁহারা ঘাইয়া গলাব পাড়ে পোলের ধারে ঠাকুরের জন্ত অপেকা করিবেন। ঠাকুরের পায়ের বেদনা এখনও পারে নাই। আড়াইটার পরই এ৬ খানা ঘোড়ার গাড়ি আসিয়া পড়িল। সকলের বিছানা কম্বলাদি সকালেই চড়ায় পাঠান হইয়াছে। স্বতরাং ধাহারা হাঁটিয়া যান না, ।।৭ জন এক এক গাড়িতে উঠিয়া পড়িলেন। বিধু ঘোষ, মহেন্দ্র মিত্র প্রভৃতি আমরা ৪া৫ জন ঠাকুবের সঙ্গে চলিলাম। গাড়ি প্রশস্ত রাজপথ দিয়া পোলের দিকে চলিল। গঙ্গাভীরে প্ৰছিবার ৩,৪ মিনিট বাকী থাকিতে ঠাকুর গাড়ী ধামাইতে বলিলেন। গাড়ি হইতে অবভরণ ক্রিয়া, ঠাকুর দক্ষিণ পাশে একটি বাড়ীতে প্রবেশ করিলেন। গুরুত্রাতারা সকলেই গাড়ি বিদায় করিয়া ঠাকুরের পশ্চাৎ পশ্চাৎ চলিলেন। বাড়ীতে ষাইয়া দেখি — উহা গৃহস্থ বাড়ী নয়, একটি সাধুর আশ্রম। আশ্রমটা দেওয়াল বেষ্টিত। অব্দের দক্ষিণ দিকে একটি কুঠরীতে মহাপ্রভু প্রতিঠিত আছেন। বাম দিকে বড় দালান, অনেক লোক তাহাতে থাকিতে পারে। বিস্তৃত অন্ধনের অপর দিকে ফুল ও তুলসীর ফুলর বাগান। একটি বৃদ্ধ সাধু মহাপ্রভুর মন্দিরে ছিলেন। ঠাকুরকে দেখিয়া অঞ্পূর্ণনয়নে কম্পিত কলেবরে করযোড়ে সাষ্টাঙ্গ হইয়া পড়িলেন। ঠাকুর মহাপ্রভূকে সাষ্টাঙ্গ প্রণাম করিয়া সাধুর চরণধূলি গ্রহণ করিলেন। সাধু ঠাকুরকে ধরিয়া নিয়া মহাপ্রভুর দৃশুধে বারান্দায় বসাইলেন এবং ঠাকুরের দিকে চাহিয়া বহিলেন। ভাবাবেশে সাধুর শরীরে অভূত সাত্তিক বিকার উপস্থিত হইল। দেখিতে দেখিতে দাধুব দংজা বিলুপ্ত হইল, ঠাকুরও সমাধিত্ব। এইভাবে কিছুক্ষণ অতিবাহিত হইলে পর, ঠাকুরের বাহস্ট হইল; সাধুও চৈতন্তলাত করিলেন। সাধু ঠাকুরকে বলিলেন—"আপনি ষে এখানে আদিবেন, প্রভূ দে খবর আমাকে দকালেই দিয়াছেন। পূজার সময়ে তিনি বলিলেন—

'আজ বিজয় আমাকে দেখতে আদবে—তার জন্ম আমার প্রসাদ রেখে দিস্।' আমি আপনার জন্ম ঠাকুরের প্রসাদ রেখেছি।" ঠাকুর উহা চাহিলেন। উৎকৃষ্ট লাড্ড্র, মালপোয়া প্রভৃতি প্রসাদ সাধু ঠাকুরকে আনিয়া দিলেন। ঠাকুর কিঞ্চিং গ্রহণ করিয়া গুরুলাভাদের উহা দিয়া দিলেন। প্রসাদের স্থাদ ও গন্ধ বড়ই তৃপ্তিকর। উহা পাইয়া সকলেরই মন প্রফুল হইয়া উঠিল। ঠাকুর তখন চড়ায় যাইতে উঠিয়া পড়িলেন এবং বাবাজীকে প্রণাম করিয়া বলিলেন—'এখন আমরা চড়ায় যেতেছি। আপনি আশীর্কাদ করুন।' তিনি কহিলেন—'বীজ তুমি বুনিয়াছ, গাছ হউক—
ফুল ফল হউক, তুমি ভাহা ভোগ কর, আমার আপত্তি কি!' অভংশর ঠাকুর ধীরে ধীরে হাটিয়া পোলের নিকট উপস্থিত হইলেন।

গুরুলাতারা সকলেই ঠাকুরের জন্ত পোলের ধারে অপেক্ষা করিতেছিলেন। ঠাকুর যথন পোলের উপর দিয়া চড়ার দিকে চলিলেন, বহু গুরুলাতাদের সদে অসংখ্য সহরবাদী ভন্তলোক ঠাকুরের পশ্চাৎ পশ্চাৎ চলিতে লাগিলেন। ঠাকুর পোল ও চড়ার সন্ধিন্ধলে উপস্থিত হইয়া দাঁড়াইলেন। গুরুলাতারা ঠাকুরকে বেইন পূর্বাক অনিমেধে তাঁর দিকে চাহিয়া রহিলেন। ঠাকুর কর্যোড়ে দাঁড়াইয়া সভ্য্যানয়নে চড়ার দিকে চাহিয়া চঞ্চলদৃষ্টিতে কি যেন দেখিতে লাগিলেন। ঠাকুরের আদেশে অমনি থোল ক্রতাল কাঁদের ঘণ্টা বাজিয়া উঠিল। ঠাকুরের মুখ্যগুল রক্তিমাভ ও ক্ষাত্ম হইয়া উঠিল। লম্বিত জটাভার ঘন ঘন কন্দিত হইতে লাগিল। ঠাকুরের মুখ্যগুল রক্তিমাভ ও ক্ষাত্ম হইয়া উঠিল। লম্বিত জটাভার ঘন ঘন কন্দিত হইতে লাগিল। ঠাকুরের মুক্ত্যগুরুক এক মহাপুরুষ বহু জনতার জিতরে অপ্রতিহত গতিতে ছুটিয়া আসিয়া 'আও মেরা প্রাণ', আও মেরা প্রাণ' বলিতে বলিতে ঠাকুরকে বাছ্বর বিস্তার পূর্বাক জড়াইয়া ধরিলেন। তথনই ঠাকুরকে ছাড়িয়া দিয়া ক্ষিপ্রশাদের গুরুলাতাদের মন্তক স্পর্শ করিয়া বিচরণ করিতে লাগিলেন। ভাগ্যবান গুরুলাতারা অনেকে তাঁহার চরণ স্পর্শ করিলেন। আমার এক হন্তে ঠাকুরের দৃগু ও অপর হন্তে ক্মগুলু, মৃতরাং পাদস্পর্শে প্রবৃত্তি হইল না। মহাপুরুষ আমারও মন্তকে হাত বুলাইয়া ক্ষণকাল মধ্যে কোথায় অদৃশ্য হইলেন। মহাপুরুষ করস্পর্শে গুরুলাতারা মাতিয়া উঠিলেন, অমনি তাঁহারা গান ধরিলেন—

'নামব্রন্ধ নামব্রন্ধ নামব্রন্ধ বল ভাই। হরি নাম বিনা জীবের আর গতি নাই।

গানের সক্ষে সক্ষে গুৰুত্রতির। নৃত্য করিতে লাগিলেন। ঠাকুরও উদ্ধণ্ড নৃত্য করিতে করিতে চড়ায় উপস্থিত হইলেন। শ্রবণ-মঙ্গল সংকীর্ত্তন রব বাভাধ্বনিতে মিলিত হইয়া উত্তরোত্তর বৃদ্ধি পাইতে লাগিল। মহাভাবের তৃকানে পড়িয়া সকলে দিশাহারা হইলেন। বিধু ঘোষ মল্লবেশে লক্ষ প্রদান করিতে করিতে সর্বাপ্তে ধাবিত হইলেন এবং এক একবার ফিরিয়া ঠাকুরকে দেখিয়া স্পর্দার সহিত্ত ঘন ঘন বাহ্বাক্ষেট্ন করিতে লাগিলেন। শ্রীধর মধ্র নৃত্য করিতে করিতে 'জয় নিতাই', 'জয়

নিতাই' বলিয়া কম্বল বহিন্দােস উড়াইয়া চলিলেন। ভাবাবেশে বিভাবে ইইয়া গুকুভাতারা ঠাকুরের দক্ষিণে বামে নৃত্য করিতে লাগিলেন। দর্শক্ষণ্ডলী বাবুভায়ারা ভাব-তৃফানের ঝাপ্টায় পড়িয়া শালিভপদে অগ্রসর ইইলেন। ঠাকুর ভাবোন্মন্ত অবস্থায় দক্ষিণে বামে সম্পুথে পশ্চাতে ছুটাছুটি করিয়া দক্ষিণ হস্ত উৎক্ষেপণ পূর্বক উচ্চ হরিধ্বনি করিতে লাগিলেন। আসনধারী ধ্যাননিষ্ঠ ভজনানন্দী সাধুগণ চতুর্দিক্ হইতে দৌড়িয়া সংকীর্ত্তন স্থলে আসিয়া পড়িলেন। ঠাকুরের মনোমোহন রূপ দর্শনে তাঁহারাও মৃয় হইয়া মৃত্মুত্ঃ হরিধ্বনি করিতে লাগিলেন। মহাপ্লাবনে তৃণগুল্ডের ভায় প্রবল ভাব-ত্যোতে হাবুড়ুবু থাইয়া সকলে ভাসিয়া চলিল। কিঞ্চিৎ অগ্রসর হইয়া দেখি গৌববর্ণ উজ্জলমূর্তি স্থল কলেবর একটি মহাপুক্ষর, ঠাকুরের দিকে সজলনয়নে ভাকাইয়া আছেন। মহাপুক্ষের পুণাছাতিপুক্রিক অপ্ন থর কম্পিত হইতেছে। বাধাপ্রাপ্ত জলস্থোতের ভায় ঠাকুর তাঁহাকে প্রদক্ষিণ করিতে লাগিলেন। আনন্দ কোলাহলের হুলমুল পড়িয়া গেল। সহস্র সহস্র গাহাকে প্রদক্ষিণ ঠিলিয়া আমরা ছাউনী সমীপে উপস্থিত হইলাম। ছাউনীতে প্রবেশ করিয়াও কিছুক্ষণ সংকীর্ত্তন হইল। তাবুর সমুথে ঠাকুর স্থির হইয়া বিসয়া পড়িলেন। মাধুয়া সকলে স্ব আসনে চলিয়া গেলেন। গুকুজ্বাতারা যিনি যেখানে হয়, ভূমিতে পড়িয়া অভিভৃত হইয়া রহিলেন। ছাউনীস্থল নীরব নিস্তর।

কিছুক্ষণ পরে ঠাকুর গাঁঝোখান করিয়া ভাণ্ডারঘর, রস্থ্যর দেখিলেন। পরে কুয়া ও ছাউনীর চতুর্দিক ঘুরিয়া তাঁবুতে প্রবেশ করিলেন। তাঁবুটি খোলামেলা, দক্ষিণদিকে মৃথ করিয়া, খাটান হইয়াছে। তাঁবুর ভিতরে যাইয়া দেখি পুরু করিয়া খড় বিছাইয়া তাহার উপরে চাটাই পাতিয়া রাখিয়াছে। ঠাকুর উত্তরদিকে ধার ঘেঁদিয়া তাঁহার আদন করিতে বলিলেন। আমাদের আদনবিছানার সহিত সংস্থাব না থাকে এমনভাবে ঠাকুরের আদন পাতা হইল। দক্ষুথে একটি ধুনীর কুণ্ড রহিল। ঠাকুর আদনে বিদলেন। গুরুলাভারাও তাঁবুর ভিতরে ঘাহার ঘেখানে ইচ্ছা আদন কম্বল পাতিলেন। পাগলা সতীশ, কুয়, অবিনী, ছোড়দাদা, অভয়বাবু ও আমি ঠাকুরের দক্ষিণ পার্ঘে আদন করিয়া বিদলাম। ঠাকুরের সমুথে ধুনি প্রজ্ঞলিত হইল। ঠাকুর করতাল বাজাইয়া সয়্যা কীর্ত্তন আরম্ভ করিলেন। গুরুলাভারাও দক্ষে গাহিতে লাগিলেন! কীর্ত্তনাম্বে হরিরলুট হইল।

ঠাকুর নিজ আসনে উপবিষ্ট, তিন দিকে গুৰুজাতারা তাঁহাকে বেষ্টন করিয়া বসিলেন।
মহেন্দ্রবাৰ্ ঠাকুরকে জিজ্ঞাদা করিলেন—'আসিবার সময় আপনি যে সাধুটির আশ্রমে গিয়াছিলেন,
তিনি কে?'

ঠাকুর—'ইনি একজন মহাপুরুষ, নাম মাধোদাস — আমার গুরুজাতা। ৩০ বংসর ওই স্থানে থেকে নির্জ্জনে ভজন কর্ছেন। কোথাও যান না। সহরে কেহ উহাকে জানে না।

মহেন্দ্রবাব্—"চড়ায় উঠিবার সময় 'আও মেরা প্রাণ' বলিয়া কে আপনাকে আদর ক'রে জড়িয়ে ধরলেন ?"

ঠাকুর একটু ইতন্ততঃ করিয়া ছলছল চক্ষে বলিলেন—'তিনি আমার গুরুদেব—পরমহংসজী। তিনি ভিন্ন কে আর আমাকে আদর কর্বেন ? তাই তিনি এসেছিলেন।
এই বলিয়া ঠাকুর চুপ করিলেন। ঠাকুরের কঠরোধ হইয়া আদিল। বছচেষ্টায় বেগ সম্বর্ণ
করিলেন। একটু পরে মহেন্দ্রবার্ আবার ঠাকুরকে জিজ্ঞাদা করিলেন—'পরমহংসজী তো
গৌরবর্ণ, কিন্তু একৈ শ্রামবর্ণ দেখ্লাম ? পরমহংসজী নিজ দেহে না অন্ত দেহ পরিগ্রহ্ ক'রে
এসেছিলেন ?'

ঠাকুর—"তিনি নৃতন দেহ সৃষ্টি কর্তে পারেন, কিন্তু সেভাবে আসেন নাই। নিজের দেহেও আসেন নাই। একটি প্রমহংসের দেহে প্রবেশ ক'রে এসেছিলেন।"

অনেক রাত্রি পর্যান্ত ঠাকুরের সহিত সংপ্রসঙ্গে কাটাইয়া গুরুত্রাতারা নিজিত হইলেন। ঠাকুর সমস্ত রাত্রি একইভাবে আসনে বসিয়া রহিলেন।

কুন্তমেলায় অপূর্বে শৃখানা।


শেষ বাত্রে ঠাকুর কীর্ত্তন করিতে লাগিলেন। গুরুত্রাতারা সকলেই আসনে উঠিয়া বসিলেন। তোর হওয়ামাত্র সকলে চড়ার প্রাদিকে গন্ধাতীরে উপস্থিত হইলাম এবং শৌচাস্তে সান করিয়া তাঁব্তে আদিলাম। বিধ্বাৰু আজ প্রচুর পরিমাণে চা প্রস্তুত্ত করিয়াছেন। তাঁবুতে বিদিয়া ঠাকুরে সঙ্গে সকলেই চা পান করিলাম। আজ ঠাকুর সাধুদের পরিক্রমায় বাহির হইবেন, স্তরাং নিত্যপাঠের গ্রন্থ কয়ঝানা প্রণাম করিয়া আসন হইতে উঠিলেন। গন্ধার ধার ধরিয়া ঠাকুর উত্তর দিকে যাইতে লাগিলেন। আমরাও ৩০।৪০ জন ঠাকুরের পন্ধাৎ পন্ধাং চলিলাম। উভয়পার্থে পন্ধাংতে লাগিলেন। আমরাও ৩০।৪০ জন ঠাকুরের পন্ধাং পদ্ধাং চলিলাম। ইত্তরপার্থে পন্ধাংতে স্থানের অপ্র্বি শোভা দেখিয়া বিন্মিত হইতে লাগিলাম। স্বর্তরিক্রনী গন্ধার পন্ধিযাগাড়ে মৃনি শ্ববি দেবিত পবিত্র প্রয়াগধাম অবস্থিত। পূর্ব্ব পাড়ে পরম রমণীয় সাধুস্র্যাদিগণের ভজনস্থান রুঁদি। এই তুইয়ের মধ্যস্থলে গন্ধাগতে প্রকাণ্ড একটি চড়া, দেখিতে ঠিক একটি ছাপের তায়। এই দীপদল্শ চড়াই কুন্তমেলার স্থান। চড়াবাদী সাধুস্ন্যাদী ও সহর্বাদী সর্ব্বসাধারণের যাতায়াতের জন্ম কেলার অনতিদ্রে উত্তর দিকে সরকার বাহাত্বর যেমন একটি নৌ-সেতু প্রস্তুত্ব করিয়াছেন, মাইলাধিক ব্যবধানে দারাগঞ্জ হইতে ঝুঁসিতে পঁছছিবার জন্মও আর একটি স্বন্ট পোল প্রস্তুত্ব হইয়াছে। চড়াবাদীরা এই পোল দিয়া অনায়াদে সহরে বা স্থিনিতে যাতায়াত করিতে পারেন। প্রয়াগন্ধেতে গন্ধার পাড়ে জনের উপরে যে সকল স্থানে

প্রতিবংসর কল্পবাসীরা এই সময় আসিয়া বাস করেন, এবার সে সকল স্থানে বিবিধ ধর্মার্থীদের থাকিবার জন্ম সহস্র তৃণকৃটীর প্রস্তুত হইয়াছে। চড়া হইতে এই স্থান হাট বাজারের মত বহুজনাকীর্ন দেখিতে লাগিলাম, চড়ার পূর্ব দিক দিয়া তাঁবুতে ফিরিবার সময় দেখিলাম অনতিবিশ্বত গলার অপর পারে ঝুঁ দিডে, অসংখ্য ক্ষুত্র ক্টার ও তাঁবু শ্রেণীবদ্ধভাবে রহিয়াছে—ঠিক বেন একটি লোক পরিপূর্ণ স্থার্ঘ বন্দর। এই তুইটি স্থানে কত লোক রহিয়াছে তাহা কেহ বলিতে পারে না; সাধারণের অস্থ্যান অন্যন ৮।৯ লক্ষ লোক হইবে। আর বিস্তৃত চড়াতে সাধু সন্মাসী গৃহত্যাগী ধর্মার্থীদের বাস এ পর্যন্ত বার লক্ষেত্রও অধিক শুনিডেছি। বড়াই আশ্চর্যের বিষয়, ভাবিলেও অবাক্ হইতে হয় যে এত লক্ষ লোকের নিয়ত বাসস্থলে কাহারও যত্র তত্র যাতায়াতের কোনপ্রকার অস্থ্রিধা নাই। এত লক্ষ লোকের মধ্যে যে কোন দর্শকের যে কোন সাধু মহাত্মাকে খুঁজিয়া নিতে কোন প্রকার বেগ পাইতে হয় না। ইহা সরকার বাহাত্রের অসাধারণ কৌশন ও শুন্ধার ফল।

জমাট বালি মাটির সমতল চড়াটি দীর্ঘে অন্যন ৫।৬ মাইল হইবে, প্রস্কেও অর্জ মাইল অন্তমান হয়। মেলা বনিবার ২া৩ মাদ পূর্বেই সরকার বাহাত্ব এই চড়ার উত্তর প্রাস্তর হইতে দক্ষিণ <mark>দীমা</mark> পর্যান্ত ৪।৫টি বড় রান্তা করিয়া রাধিয়াছিলেন। এই রান্তা কয়টি প্রায় ২০ ফুট চওড়া, সমব্যবধান ও সোজা। আবার পূর্ব্ব পশ্চিমে লম্বা ১৫।২০টি পথও ঐ প্রকার প্রশন্ত ও সোজা করিয়াছেন। এই প্রকার শৃঞ্চলামত রাস্তা করায় অনেক গুলি সমচতুক্ষোণ চত্তর হইয়াছে। প্রত্যেকটি চ্তারের চতুদিকেই ২০ ফুট রাস্তা থাকায় চত্তরগুলি বেশ খোলা মেলা। এই প্রকার চত্তর প্রায় ৪০।৫০টিরও অধিক বহিন্নাছে। দাধু সন্ন্যামীগণ এই সকল চন্তবে শৃঙ্খলামত তাঁৰু খাটাইয়া, ছাতা পুতিয়া অথবা জনাবৃত ত্বলে আকাশের নীচে ধুনি জালিয়া অবস্থান করিতেছেন। প্রত্যেকটি চন্তরেই তুই তিনটি ক্য়া আছে। চত্তবের চতুর্দ্ধিকে রাস্তার উপরে ২।৩ মিনিট অস্তর পুলিস প্রহরী রহিয়াছে। এই মেলাতে লক্ষ লক্ষ নাধু সন্ন্যাসীর নিক্ষদেগ ভজন সাধন ও নিরুপদ্রবে বসবাসের জন্ম সরকার বাহাত্র কত কি করিতেছেন কিছুই জানি না। ভবে সম্প্রতি একটি বিষয়ে রাজপুরুষদের অসাধারণ কর্মকৌশল ও কার্য্যদক্ষতা দেখিয়া বিশ্বয়ে অবাক্ হইতেছি। লক্ষ লক্ষ সাধু এই মেলাতে অহনিশি অবস্থান করিতে-ছেন। ইহাদের পায়ধানা ময়লা ও আবর্জনা প্রতিদিন ত্বেলা কিভাবে পরিকার হইতেছে, ভাবিলে বিশ্বিত হইতে হয়। এই ব্যাণারে সরকার বাহাত্রের কার্যতংপরতা বড় সাধারণ নয়। দেখিলাম চড়ার পূর্বাংশে দক্ষিণ হইতে উত্তর দীমা পধ্যস্ত স্থানে স্থানে অসংখ্য কুঁড়েঘর বহিয়াছে। তাহাতে মেথর ধাক্তেরা বাস করে। প্রতিদিন হবেলা তাহারা ২।৩ মাইল বা ততোধিক স্থানে সক লঘা নালা কাটিয়া রাথে। পায়খানার পরই ময়লার উপরে ধারের বালি মাটি ফেলিয়া চাপা দেয় এবং তাহার ধারেই আবার নৃতন নালা কাটিয়া প্রস্তুত কবিয়া রাথে। স্থান সর্ব্বদা এতই পরিক্ষার থাকে যে উহার খুব নিকট দিয়া চলিয়া গেলেও কোন ছুর্গদ্ধ পাওয়া যায় না। তারপরে সাধুদের প্রত্যেকটি চত্তরে সহস্র সহস্র সাধু বহিয়াছেন। উচ্ছিষ্ট সহজে তাহাদের দাকণ সংস্কার স্পর্শ হইলেই তাঁহারা স্নান করেন। অন্যন ৪০।৫০টি চত্তরে ১০।১২ লক সাধ্র এঁটো পাতা আবর্জনা ও ময়লা পরিকার কবিবার জন্ম উদায়ত বহুসংখ্যক ধান্ধত, মেধর নিদিষ্ট বহিয়াছে। কোন চন্তরে একখানা এটো পাতা বা কোন রাভায় একটি দাঁতনকাঠি খুঁ জিয়া পাওয়া যায় না। কত রাবিশের গাড়ি নিযুক্ত থাকিলে. এক একটি চত্তরের আবর্জনা পরিষ্কার হয়, কিন্তু চড়াতে গাড়ি নাই, টুক্রিতে ভরিয়া ধালড়েরা উহা পরিষ্কার করিয়া লইয়া যায়। এ পর্যান্ত সরকার বাহাতুর এই কার্য্যের জ্বল্ল ১৪ হাজার ধাক্ত ও মেথর নিযুক্ত করিয়াছেন। শুনিয়াছি প্রয়োজন হইলে আরও আনিবেন। ময়লা পরিস্কারের এই প্রকার স্থব্যবস্থা যদি সরকার বাহাতুর না করিতেন, তাহা হইলে ছদিনও সাধু সম্যাসীরা এই মেলায় থাকিতে পারিতেন না, ইহা একেবারে নিশ্চয়। তারপর আরো শুনিলাম—'পোলের অপর পারে সমীপবর্ত্তী রাজপথের তুধারে অসংখ্য দোকান্দর শ্রেণীবদ্ধ করিয়া রাখিয়াছেন। চড়াবাসীদের প্রয়োজনীয় যে কোন সামগ্রী জনায়াদে তথা হইতে লইয়া আদিতে পারেন। ইহা ছাড়া ডাক্ঘর. ঔষধালয়ও করিয়া বাথিয়াছেন। আবও কডদিকে সরকার বাহাতুর কত কি করিয়াছেন জানি না। ঠাকুর বলিলেন—'চড়াবাসী সাধুমহাত্মা মহাপুরুষগণ সরকার বাহাত্তরের এই সকল কার্য্য দেখে পরম সন্তোষলাভ করেছেন, এবং আরও কিছুকাল এই বুটিশ গভর্ণমেন্ট এ দেশে রাজত্ব করেন—আশীর্বাদ করেছেন। বেলা প্রায় ১২টার সময়ে আমরা ছাউনীতে প্রবেশ করিলাম। ভোগ রাল্লা হইতে বেলা প্রায় ৩টা ২ইল। আহারাস্তে গাকুর আর কোথাও গেলেন না। তাঁবুও ভাণ্ডারঘরের মাঝামাঝি উত্তরধারে, ঠাকুর ৪।৫ ফুট একটি বেদী অবিলম্বে প্রস্তুত করিতে বলিলেন। মহাপ্রস্তু ও নিত্যানন্দপ্রস্তু তাহাতে প্রতিষ্ঠিত হইবেন। শ্রীযক্ত রাম্যাদ্ব বাগচি মহাশম্মই এ কার্য্যে প্রধান উদ্যোগকারী। মূর্ত্তি প্রস্তুত হইয়া বহিয়াছে, কল্যই বোধ হয় এখানে আনা হইবে।

ব্রজবিদেহী কাঠিয়া বাবার দর্শন ঃ মহাপ্রভু ও নিত্যানন্দ প্রভুর মূর্ত্তি প্রতিষ্ঠা

অত চা সেবার পরে ঠাকুর বৈষ্ণবমগুলী পরিক্রমায় বাহির হইলেন। আমার নিত্যকর্ম শেষ না হইলেও ঠাকুরের কমগুলু নেওয়ার তার আমার উপরে থাকায় সঙ্গে সঙ্গে চলিলাম। গুরুল্রাতারাও অনেকে ঠাকুরের পশ্চংগামী হইলেন। থাওটি চত্তরে প্রায় মাইলাধিক স্থান বৈষ্ণবগণের জন্ম নিদিপ্ট রহিয়াছে। প্রসিদ্ধ বৈষ্ণবগণ শ্রী, মাধ্বী, ক্রন্ত এবং সনক এই চারি শ্রেণীর অন্তর্গত। ইহারা প্রত্যেকে এক একটি ছত্তর অধিকার করিয়া লইয়াছেন। ইহা ছাড়া যে সকল ক্ষ্ম ক্ষ্ম আধুনিক বৈষ্ণব পদ্বী, গৌড়িয়া, বাউল, বৈরাগী প্রভৃতি আছেন তাঁহারাও একটি চত্তরে ভিন্ন ভিন্ন স্থানে আড্ডা





শ্রীযুক্ত রামদাস কাঠিয়া বাবাজী মহারাজ পৃষ্ঠা ২৫৯

পঞ্জম খণ্ড

করিয়া রহিয়াছেন। বেশ ভূষা আসন বাসস্থানের আড়ম্বর বৈঞ্বদের নাই বলিলেই হয়। মান অভিমান শুগু দীনহীন কাঙ্গাল ভাব এই সম্প্রদায়ে যেমন এমনটি আর কোথাও দেখা যায় না।

ঠাকুর ঘ্রিতে ঘ্রিতে বৈষ্ণব শিরোমণি মহাত্মা রামদাদ কাঠিয়া বাবাজীর নিকটে উপস্থিতহইলেন। বাবাজী প্রিরুলাবনবাদী, ঠাকুরের পূর্ব্ব পরিচিত। ঠাকুর বাবাজীকে প্রণাম করিতেই বাবাজী শশব্যতে ঠাকুরকে প্রতিনমন্ধার প্রদান পূর্বক বদিতে আদন দিলেন। বাবাজী একটা বৃহৎ ছত্রের নীচে আদন করিয়াছেন; দল্ম্থে প্রজ্জলিত ধ্নি। দামান্ত একখানা কহলাদনে উপবিষ্ট। তীত্রতপপ্রভা প্রদীপ্ত উজ্জল দেহটি ভত্মাবরণে আরত। মন্তকের পিল্লবর্ণ দক্ষ দক্ষ জটারাদী পৃষ্ঠদেশে বিলম্বিত। মহাত্মার পরিধানে একটি মাত্র কাঠের কৌপীন। এ জন্ত লোকে ইহাকে 'কাঠিয়া বাবা' বলে। বৃদ্ধ হইলেও বাবাজীর তেজঃপুঞ্চ দেহের মাধ্যা বড়ই মনোরম। বাবাজীর মমতাপূর্ণ স্থিয় স্থাতল দৃষ্টিতে আমাদের শরীর প্রাণ শীতল হইয়া গেল। অবিচ্ছেদ ধাননিষ্ঠ বাবাজীর দর্শনমাত্রে মনে হইল ধেন আমাদের কত আপনার। ভানলাম এবার মহাপুক্ষেরা ইহাকে 'ব্রজবিদেহী' উপাধি দিয়া সমত্ত ব্রজমণ্ডলে ধর্মপ্রতিষ্ঠানের ভার ইহারই উপর ক্তন্ত করিলেন। যতক্ষণ ঠাকুরের সঙ্গে ইহার নিকটে বিস্মা রহিলাম, আপনা আপনি 'নাবদ' 'নাবদ' শাবদ' শাবদ' লাবাজি চত্তর হইতে উপিত হইতে লাগিল। জীবন্মুক্ত মহাপুক্ষ রামদাদ কাঠিয়া বাবাকে দর্শন করিয়া ঠাকুর অন্তান্ত চত্তরে প্রবেশ করিলেন। ১১টার সময়ে তাঁরতে পঁছিছিলাম।

শীনবদীপবাদী বৈষ্ণবধর্মাবলদী ভাজার রামষাদৰ বাগচি মহাশা কিছুদিন পূর্বেই মহাপ্রভূ ও নিত্যানল প্রভূব মৃর্তি প্রস্তুত করাইয়া রাধিয়াছিলেন। ঠাকুর পরিক্রমার বাহির হইলেন, পরে তিনি ঐ মৃতিবয় আনিয়া বেদীতে স্থাপন করিলেন। পরিক্রমার পর তাঁব্তে আদিয়া ঠাকুর উহা দেখিয়া, দাইাদ প্রাণাম করিলেন এবং খুব আনন্দ প্রকাশ করিতে লাগিলেন। ঠাকুর আমাকে একটি উপবীত গ্রন্থি দিয়া মহাপ্রভূব গলে পরাইয়া দিতে বলিলেন। আমি ঠাকুরকে জিজ্ঞাশা করিলাম, পৈতা গ্রন্থি দিব, মহাপ্রভূব গোরু জানি না। ঠাকুর বলিলেন,—'শাণ্ডিল্য গোর্ত্র'। আমি গোর প্রবর অবন করিয়া হাইাস্কঃকরণে গায়ত্রী জপ করিতে করিতে উপবীতে গ্রন্থি দিলাম। তৎপরে উহা লইয়া গিয়া ঠাকুরের হাতে দিলাম। ঠাকুর উহা স্পর্শ করিয়া আমার হাতে দিয়া বলিলেন,—'মহাপ্রভূকে পরাইয়া দেও'। আমি উহা লইয়া গাত্রয়ী জপ করিয়া মহাপ্রভূর গলে পরাইয়া দিলাম। চিত্তটি বড়ই প্রকৃত্ত হাক্ হল। ফুল তুলদী ও স্থলর স্থলর মালা ঘারা মহাপ্রভূ নিত্যানন্দ প্রভূকে দাজাইয়া দেওয়ায় বড়ই চমৎকার শোভা পাইল। আমাদের ৬ ফুট প্রশন্ত দরজার উপরে স্থলর বড় বড় অক্ষরে—

'হরেনাম হরেনাম হরেনামৈব কেবলম। কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিবগুণা॥" লিখিয়া টাঙ্গাইয়া দেওয়া হইল। বেলা প্রায় এটার সময়ে বালা প্রস্তুত হইল। মহাপ্রভুকে ভোগ দিয়া আনন্দের সহিত সকলে প্রসাদ পাইলেন। বড়ই আনন্দে দিনটি কাটিয়া গেল।

ত্রিবেণী দঙ্গমে মকর স্নানঃ দাধুদের মিছিল-অপূর্ব দৃশ্য।

আজ উত্তরায়ণ সংক্রান্তি। ত্রিবেণী সঙ্গমে মকরের স্নান। আজ চড়াবাসী সাধু সন্ন্যাসীদের আনন্দের আর সীমা নাই। তাঁহারা শেষ রাত্রিতে গাত্রোখান করিয়া শোঁচান্তে আসনে আসিলেন। পরে সম্প্রদায় অস্থায়ী বেশ-ভ্ষা ও মালা তিলক ধারণ করিলেন। তংপরে তাঁহারা আপন আপন ইট স্মরণে নিবিট্ট থাকিয়া স্পানকালের প্রতীক্ষা করিতে লাগিলেন। তাঁহাদের উৎসাহ পূর্ণ উজ্জল মৃথমণ্ডল নিরীক্ষণ করিয়া বড়ই আনন্দ হইল। লক্ষ্ণ লক্ষে লাকের স্পানকার্য্য আজ একদিনে একই ঘাটে কি ভাবে সম্পন্ন হইবে, ভাবিতে লাগিলাম। ঠাকুর চা সেবার পর আসন হইতে উঠিলেন এবং স্পানার্থীদের দর্শনমানসে পোলের কিঞ্চিৎ দূরে আসিয়া দাঁড়াইলেন। দেখিলাম ম্যান্তিস্ত্রেট ও পুলিশ সাহেব এবং বহু সংখ্যক উচ্চপদ্স্থ রাজকর্মচারী সামরিক বেশে অখারোহণে পোলের উপরে ও প্রশ্নত্ত পথে ছুটাছুটি করিতেছেন। বড় রান্তার ছ্পাশে ও পোলের উপরে তাঁহারা ঘন ঘন পুলিশ সন্ধিবেশ করিয়া লোকের চলাচল বন্ধ করিয়া দিলেন। পরে স্থানে স্থানে অখপৃষ্ঠে অবস্থান পূর্বেক সাধুদের স্পান্যাত্রার অপেক্ষা করিতে লাগিলেন।

বেলা ১০ ঘটিকার সময়ে সন্মাসী পরমহংস মহলে ভোঁ-ভোঁ শিকা বাজিয়া উঠিল। বিবিধপ্রকার বাজধানির সহিত ঢপাং ঢপাং ঢাকের ববে নীরস হাদয়কেও নাচাইয়া তুলিল। বিভিন্ন সম্প্রদায়ের সাধুসজনগণ ভাবোদ্দীপক কঠে আপন আপন ইইদেবের জয়ধ্বনি করিতে লাগিলেন। আনন্দ কোলাহলে প্রস্কৃত্ত ইয়া চড়াবাসিগণ মাতিয়া উঠিল। সন্মাসিগণের জনতা দেখিয়া রাজপুরুষগণ সম্বন্ধতাবে বিশ্বিত হইয়া চাহিয়া বহিলেন। তাঁহারা শশবান্তে বিশালকক্ষা খরম্রোতা গকার উপরে সংকীর্ণ নৌসেতু দেখিতে লাগিলেন। সন্মাদিগণ বহুমূল্য রেশম নির্মিত ৮০০টি উচ্চ উচ্চ নিশান তুলিয়া পুলের ধারে আসিয়া পড়িলেন। সমস্ত সন্মাসী মণ্ডলা আজ রন্ধ সন্মাসী মহাত্মা ভোলানন্দ গিরি মহাশম্বকে স্মজ্জিত অখারোহণে অগ্রণী করিয়া পশ্চাৎ পশ্চাৎ চলিলেন। উজ্জ্ব গৈরিক বসন পরিহিত উদ্বীবধারী শান্ত সাম্রাসিগণ শ্রেণীবন্ধ হইয়া মৃহ্মন্দ গতিতে চলিতে লাগিলেন। তৎপরে শ্রক্ত বন্ধ বন্ধ গোঁপ বর্জ্জিত মুণ্ডিত মন্তক তির্প্ত ধারী দণ্ডিগণ দণ্ড-কমগুলু হন্তে পশ্চাৎগামী হইলেন। তদনস্কর শুদ্ধ বন্ধ পরিহিত উপবীতধারী জটিল বন্ধচারিগণ ধ্যাননিষ্ঠভাবে নতশিরে চলিতে লাগিলেন। সন্মাসী ও দণ্ডিগণ ক্রমান্থারের পুল অতিক্রম পূর্বক আপন আপন আপন আপনে উপস্থিত ইইলেন। এদিকে ব্রন্ধচারিগণ্ড নৌসেতু পার হইয়া সানকার্য্য সমাধা করিলেন। সন্মাসিগণের ধাত্রা অবনানের সঙ্গে সঙ্গেই নাগা উদাসীদের ভিতরে সাড়া পড়িয়া গেল। তাহাদের অসংধ্য ভেরীর ভৈরবনাদ চতুদ্দিক কন্দিত করিয়া উদাসীদের ভিতরে সাড়া পড়িয়া গেল। তাহাদের অসংধ্য ভেরীর ভৈরবনাদ চতুদ্দিক কন্দিত করিয়া

চড়াবাসীদের চমক উৎপাদন করিল। তাঁহারা স্কাণ্ডে স্থার্থ বাণ্ডা উড্ডীন করিয়া সদ্গুলর বাণী 'গ্রন্থ সাহেবকে' লইয়া চলিলেন। স্থলর তালর্ম্ব ও স্থচান্ধ চামর ঘারা উদাসিগণ চলিতে চলিতে 'গ্রন্থ সাহেবকে' ব্যজন করিতে লাগিলেন। স্থলীল রেশমের স্থলর পতাকা সকল পত্পত্শকে উড়িতে লাগিল। বিভূতি ভূষিত লম্বিত জ্বা দিগম্বর নাগাগণ যথন সদর্পে বীরপদ্বিক্ষেপে শ্রেণীব্দ্ধ-তাবে চলিলেন, এক একবার মনে হইতে লাগিল, যেন ক্রন্থায়্চরগণ যোগীশ্বর মহাদেবের অম্প্রমন করিতেছেন। নাগা উদাসিগণের পশ্চাতে পশ্চাতে নির্মালা, শিখ, আকালী প্রভৃতি নানকপছিগণ কাল ও নীল রঙ্গের বিবিধ প্রকার বেশভ্যায় সজ্জিত হইয়া চলিতে লাগিলেন। অসি, খড়গ, রুপাণাদি অস্ত্র শত্র ধারণ পূর্ব্বক হরি, বাস্কদেব, গোবিন্দ ও রাম,—এই চারি নাম স্থচক স্থার (ওয়াগর) বলিতে বলিতে যথন তাঁহারা মৃহ্দ্ গ্রুঃ আনন্দধ্বনি করিতে লাগিলেন, তথন বিশ্ব বন্ধাণ্ডের অন্তিম্ব যেন বিল্প্ত হইল। শুধু আনন্দ কোলাহলই শ্রুত হইতে লাগিল। এই প্রকার নাগাসয়াদিগণ নিজেদের প্রভাবে সকলকে স্বন্ধিত করিয়া, সেতু অভিক্রম পূর্বক ঘাটে পাঁছছিলেন।

এইবার বৈক্ষবগণের সহস্র সহস্র ছন্দৃতি একেবারে বাজিয়া উঠিল। অসংখ্য কাঁসর, ঘণ্টা ও শন্ধের মৃত্মৃত্ত: ধ্বনিতে চতুর্দ্ধিকে তলুমুল পড়িয়া গেল। দিকদিগন্ধবাাপী তুমূল বাভধ্বনিতে সাধুরা সকলেই মাতিয়া উঠিলেন। তাঁহারা ঋষিপ্রতিম শ্রীমৎ রামদাস কাঠিয়া বাবাকে অগ্রবর্ত্তী করিয়া ত্রিবেণী সক্ষে যাত্রা করিলেন। বিবিধ শ্রেণীর কৌপীনধারী জটিল সাধুগণ পৃথক পৃথক দলে সভ্যবন্ধ হইয়া চলিতে লাগিলেন। তাঁহারা সম্প্রদার অম্বরূপ মালা তিলক ও ভত্মে বিভূষিত হইয়া পোলের দিকে অগ্রসর হইলেন; মৃক্ত কঠে গদগদ ভাবে ইইদেবতাকে ডাকিতে লাগিলেন। সহস্র সহস্র ভক্তের আর্ত্তনাদে ভগবানের আসন বৃধি আজ টলিল। অধিল বন্ধাওপতি সহস্র সহস্র ভক্তরদ্ধে আজ আবিভূতি হইলেন। সকল শ্রেণীর বৈক্ষবগণই আজ ভাবাবেশে মাতিয়া উঠিলেন। কাঁদিতে কাঁদিতে আকুল প্রাণে তাঁহারা গাহিতে লাগিলেন—

— "দীয়ারাম শীতারাম দী—মা বররাম। দীয়ারাম বল ভাইয়া জয় জয় রাম॥"

আবার কেহ কেহ 'জন্ম রাম' 'জন্ম রাম,' কেহ কেহ বা 'রাধেশ্রাম' 'রাধেশ্রাম' বলিতে বলিতে নৃত্য করিয়া চলিলেন।

ভক্তহৃদয়ে সর্বত্র আরু ভাবের বন্ধা বহিয়া চলিল। শৃঞ্জনাবদ্ধ হুর্ভেত্য বন্ধন, ভাব বন্ধায় ভালিয়া গেল। অপূর্ব্ব ব্যাপার—সব একাকার। ভক্তপ্রাণ ভগবান আরু ভাবনদীতে তৃফান তৃলিলেন। পাষত হুর্জন, সাধু, সজ্জন, ত্রিবেণী সঙ্গমে ভাসিয়া চলিলেন। অপূর্ব্ব দৃষ্ঠা! হরিবোল ! হরিবোল ! হরিবোল ! হরিবোল ! হরিবোল ! ঠাকুর অবসর মত একটি দলের পশ্চাৎ পশ্চাৎ চলিলেন। কেল্লার কিঞ্চিৎ উত্তরে ফাঁক পাইয়া গঙ্গারধারে নামিয়া পড়িলেন। আমরা সকলে গুরুস্রাতাভগ্নীগণ ঠাকুরের সঙ্গে পরমানন্দে ত্রিবেণী সঙ্গমে স্নান করিলাম। পাতা সংকল্প মন্ত্র পড়াইতে জেদ করিতে লাগিলেন। ঠাকুর কহিলেন,

"আমাদের সংকল্প বিকল্প নাই। ভগবৎ প্রীতিই আমাদের স্নানের উদ্দেশ্য।" সন্ধার পর আমরা সকলে তাঁবুতে আদিলাম। রাত্তিতে মহাপ্রভূ-নিত্যানন্দ প্রভূব আরতি কীর্ত্তনাতে ভোগ দিয়া সকলে পরিভোষপূর্বক প্রসাদ পাইলেন। সারাদিন পরিশ্রমের পর সকলেই আরামের সহিত বিশ্রাম করিলেন।

প্রয়াগে কুম্ভমেলার উৎপত্তি।

দকালে চা দেবার পর নিয়মিত পাঠ হইল। গুরুতাতারাও দকলে ঠাকুরকে মকর সান ও কৃষ্ণমেলা সম্বন্ধে বিবিধ প্রশ্ন করিতে লাগিলেন। ঠাকুর বছক্ষণ ওসব বিষয়ে বলিলেন। শুনিলাম — পুরাকালে এই ত্রিবেণী সঙ্গমে—প্রয়াগধামে মহবি ভবদাজের আশ্রম ছিল। প্রতি বংসর মকর স্ংক্রান্তিতে ভারতবর্ষের ঋষি মুনিগণ এই আশ্রমে সমবেত হইতেন এবং ক্রিবেণী স্কমে স্নান করিয়া পুমন্ত মাঘু মাসু নিয়ম নিষ্ঠার সহিত কল্পবাস করিতেন। তাঁহারা প্রতাহ অছদয়ে গলামান, অক্ষ বট দর্শন ও ভগবানের পূজা অর্চনা, ধ্যান ধারণায় নিময় থাকিতেন। সময় সময় তাঁহারা সকলে মিলিত হইয়া জ্ঞান, ভক্তি, বৈরাগ্য ও বিবিধ তত্ত সম্বন্ধে আলোচনা করিতেন। ধর্মবিধি প্রবর্ত্তন ও ভগবদগুণাস্থকীর্ত্তন করিয়া পরমানন্দে কাটাইতেন। হিন্দু শাস্ত্রমতে মাঘ মানে প্রয়াগে কল্পবাদ বিশেষ পুণাজনক। এই কল্পবাদ হইভেই দাধু দক্জন দল্লাদিগণের মহাদদ্মিলন। এই মহাদদ্মিলনই কুন্তমেলা। কুন্তমেলা ৩ বংসর অন্তর অন্তর হরিখারে, প্রশ্নাগে, নাসিকে ও উজ্জয়িনীতে হইয়া থাকে। ভারতবর্ষের সমস্ত সম্প্রদায়ের ধর্মাথিগণই এই মেলায় কুন্তযোগে উপস্থিত হন। প্রত্যেক তৃতীয় বৎসরে ক্রমান্ত্রপারে এই চারিটি স্থানে মেলার অধিবেশন হয়। স্বতরাং ১২ বংসর অস্তর অস্তর প্রত্যেকটি স্থানে পূর্ণকুন্ত হইয়া থাকে। এই মেলায় সাধু সন্ন্যাদিগণের এমনই অন্তত ও বিরাট সমাবেশ হয় বে, তাহা প্রত্যক্ষ না করিলে কল্পনা করা যায় না। এবার ৩।৪টি ঋষি-প্রতিম বছ প্রাচীন মহাপুরুষ মেলায় থাকিবেন-পূর্ব্বেই প্রচার হইয়াছিল। তাই তাঁদেরই কুপায় মেলা এত বুহৎ হইয়াছে। যুদ্ধবিগ্রহের কথা চাডিয়া দিলে এরপ জনসমাগম পথিবীতে অন্ত কোন মেলায় হইয়াছে বলিয়া শুনা যায় না। সাধু দর্শন, ধর্মোপদেশ গ্রহণ, সাধনভঙ্গন ও স্নান তর্পণাদিতে পুণ্য অর্জনই এই মেলার মুখ্য উদ্দেশ্য। কত ধ্যানী, কত জ্ঞানী, কত কৰ্মী এবং কত দিন্ধ-মহাদিদ্ধ মহাত্মা-মহাপুৰুষ যে এ মেলায় এবাব আদিয়াছেন, বলা যায় না। তাহা ছাড়া ষতপ্রকার আধুনিক ধর্ম ও উপধর্মের অফুষ্ঠান বর্ত্তমানে ভারতবর্ষে রহিয়াছে, অনুসন্ধান করিলে সে সকল সম্প্রদায়ের সিদ্ধপুরুষগণের সাক্ষাৎকারও এই কুন্তমেলায় লাভ হয়। আশ্চর্য্যের বিষয় এই বে ৫।৭ হাজার লোক একটি স্থানে মিলিভ হইলে • তাহাদের ভিতরে কত প্রকার বাদবিদ্যাদ, অশাস্তি উদ্বেগ উপস্থিত হয়। স্পার এই মহামেলায় বহু লক্ষ লোকের নিয়ত দীর্ঘকাল একই স্থানে থাকায়ও কোন প্রকার অভাব, অস্থবিধা নাই, বাক্বিতণ্ডা নাই, গোলমাল কোলাহল নাই। ভগবৎ প্রদক্ষে ও দাধন ভন্তনে নিবিষ্ট থাকিয়া তাঁহারা প্রমানন্দে

দিন্যামিনী অতিবাহিত করিতেছেন। ভাবিলে বিশ্বরে স্তব্তিত হইতে হয়। কৈলাস, বৈকুণ্ঠ, গোলোক বৃন্দাবন কি জানি না! তবে পৃথিবীতে এমন আনন্দের স্থান কল্পনা করা মহয় জীবনে অসাধ্য। জয় গুরুদ্দেব! ভোমার ভক্তগণের সঙ্গ ও তাঁহাদের পদধ্লি মন্তকে ধারণ করিয়াই মেন এই জীবন শেষ হয়।

ছোট কাঠিয়াবাবা দর্শন।

প্রয়াগধানে কুন্তমেলায় ঠাকুর মাসাধিককাল চড়াতে বাদ করিলেন। এই সময়ের মধ্যে ঠাকুরের দক্ষে থাকিয়া দাধুদের কত অপূর্ব্ব কীর্ত্তি দেখিলাম—শুনিলাম, তাহা বিস্তৃতরূপে লিখিবার সামর্থ্য আমার নাই। তবে যে সকল অসাধারণ ঘটনা আমার চিত্তে অন্ধিত হইয়া রহিয়াছে তাহারই শ্বৃতি রাখিবার জন্ম দৈনিক ডায়েরী হইতে অতি সংক্ষেপে এই পুস্তকে উল্লেখ করিয়া যাইতেছি:—

চড়াবাদিগণের মধ্যে দল্লাদী, উদাদী এবং বৈফ্ব দল্পদায়েরই প্রভাব-প্রতিপত্তি দর্মাণেক। অধিক। সংখ্যাও ইহাদেরই খুব বেশী। এক একটি সম্প্রদায়ের ৫।৭টি বা ততোধিক চত্তর আছে। এই সকল চত্তরে এদকল সম্প্রদায়ের ভিন্ন ভিন্ন শ্রেণীর ২০।২৫।৩০ হাজার করিয়া সাধুরা বহিয়াছেন। প্রত্যেক চত্তরবাদী সাধুদের বেশভ্ষা, আচার ব্যবহার, সাধন ভন্তন, নিয়ম নিষ্ঠা একই প্রকার দেখা যায়। স্বতরাং বাহিরের অন্তর্ভান দেবিয়া তাহাদের মধ্যে কে দাধু কে অদাধু, কে দজন কে তৃজ্জন, কে আসল কে নকল, তাহা ৰুঝিবার উপায় নাই। অন্যূন ১/১٠ লক্ষ সাধুর মধ্যে কয়টি সাধুর সঙ্গ আমরা করিতে পারি

প্রার সক্ষ করিয়াও তাহাদের আভ্যন্তরীন অবস্থা বুরিবার অধিকার আমাদের কোপায় ? কাজেই সাধুদের চভরে ঘুরিতে ঘুরিতে ঠাকুর যাহার কাছে গিয়া দাঁড়ান, যাহার নিকটে গিয়া বদেন, অথবা বাঁহার প্রতি বিশেষ ভাবে দৃষ্টি করেন, তাঁহাকেই আমরা দিদ্ধ মহাত্মা বা মহা-পুরুষ বলিয়া মনে করি। তাঁহারই দম্বন্ধে জানিবার জন্ম ঠাকুরকে জিজ্ঞাদা করি এবং প্রশ্নের উপরে প্রশ্ন করিয়া ঠাকুরকে অন্থির করিয়া তুলি। মাঘের প্রথম হইতে মেলার শেষ পর্যান্ত ঠাকুর প্রায় প্রতিদিনই ছ'বেলা কখন বা এক বেলা দাধুদের মণ্ডলী পরিক্রমা করিভেন। একদিন ঠাকুরের সঙ্গে বৈষ্ণব ছাউনীতে প্রবেশ করিয়া আমরা সহত্র সহত্র সাধু দর্শন করিতে লাগিলাম। শ্রেণীবদ্ধ ভাবে উপবিষ্ট দাধুদের মন্তকোপরি শত শত ছত্রাবরণ ও বন্ধাচ্ছাদন রহিয়াছে দেখিলাম। উন্মুক্ত আকাশের নীচেও সহস্র সংস্থ স্বস্থান করিতেছেন। সকলেই তত্মারত অব, জ্ঞীল ও মালাতিলকধারী। পরিধানে কৌপীন বহির্কাস। শীত নিবারণের জন্ম কাহারও একখানা কম্বল রহিষ্কাছে মাত্র। কাহারও তাহাও দেবিলাম না। চড়াতে কেহই বাজে কাজে, হাদিগল্পে বুধা কালক্ষেপ করেন না; সকলেই ভগবৎ •উপাদনায় নিরত। কোথাও তুলদীদাদের রামায়ণ পাঠ হইতেছে,—সাধুরা নিবিষ্ট হইয়া তাহ। ভাবণ করিতেছেন; কোথাও দাধুরা আপন আপন ঠাকুরের পূজায় ব্যাপৃত রহিয়াছেন; আবার কোন স্থানে সাধুরা মালাজপে—ইষ্ট্রধ্যানে মগ্ন। এই সকল দেখিতে দেখিতে আমরা ঠাকুরের সঙ্গে

পরমানন্দে গলার অনতিদ্বে বালির উপরে একটি দাধুর নিকট পঁছছিলাম। দেখিলাম দাধুর শরীরে জটা ভিলক মালা প্রভৃতি ধর্মের কোন প্রকার চিহ্ন নাই। গাত্রে কম্বল বা বস্ত্র নাই, পরিধানে মাত্র একটি কাঠের কৌপীন; অনাবৃত আকাশের নীচে একখানা চেন্ডা চাটাইয়ের উপরে বিদিয়া রহিয়াছেন। শরীর অভিশয় দৃঢ় ও বলিষ্ঠ, গায়ের চর্ম হস্তি চর্মের মত খদ্খদে, তাহাতে অসংখ্য চক্রন। সাধু অনিমেয় নয়নে ঠাকুরের পানে চাহিয়া রহিলেন। দরদর ধারে তাঁহার অশ্বর্মণ হইতে লাগিল। সাধুর মুখনী কচি ছেলের মত, দৃষ্টি এতই দরল ও স্লিয় যে পুন: পুন: দেখিয়াও তৃথি হয় না। এমন চাছনি জীবনে কোখাও দেখিয়াছি বলিয়া মনে হয় না। সাধু অভস্তা অক্লভাষী। শিশুর মত আধ আধ কথা বলিতে বলিতে মুখ দিয়া লাল পড়ে। বর্ণ খ্যাম, দেখিলে বয়দ মাত্র ৩০ বংশর বলিয়া অফ্রমান হয়। ঠাকুরের সঙ্গে কি কি কথা বলিলেন কিছুই ব্রিলাম না।

তাঁবৃতে আদিবার সময়ে সাধ্ব বিষয় জিজ্ঞাদা করায়, ঠাকুর বলিলেন,—'ইনি একজন দিদ্ধ মহাত্মা—রাম উপাদক। ভরতের ভাব নিয়েই আছেন। পাঁচ শত বংসর পুর্বেব ইনি দেহ-কল্প ক'রেছিলেন—সেই দেহই রয়েছে,—এর ক্ষয়ও হয় নাই, বৃদ্ধিও হয় নাই, একটি চুল পাকে নাই, একটি দাঁতও পড়ে নাই। কোন আশ্রয় নাই—অবলম্বন নাই। পাহাডেও এই অবস্থায়ই থাকেন।

এই সাধু প্রতিদিন আমাদের আডায় ২০০ বার করিয়া আসিতেন। ঠাকুরের সম্মুধে ধুনির অপরদিকে হাঁটু গাড়িয়া বসিতেন এবং ৫০০ মিনিট কর্ষোড়ে ঠাকুরের পানে তাকাইয়া থাকিয়া চলিয়া ঘাইতেন। এই সাধুর একটি বিশেষত্ব এই যে ইনি গাঁজা, চরস, স্থল্ফা, তামাকু কিছুই পান করিতেন না। প্রথম প্রথম গাঁজা খাইতেন, কিন্তু গাঁজা সংগ্রহ করিতে লোকালয়ে আসিতে হয় ও ডজ্জ্ম অনেক সময় নই হয় বলিয়া গাঁজা ত্যাগ করেন। প্রত্যহ আমাদের ছাউনীতে ২০০ বার করিয়া আসেন কেন জিজ্ঞাসা করায় তিনি বলিলেন,—'হামারা রামজী তাঁবুতে রয়তে ই্যায়। যব্হি হাম যাতে, রামজীকা সাক্ষাৎ দর্শন মিল্তে।' সাধুর নাম পরিচয় কিছুই জানা না থাকায় আম্বা তাঁহাকে 'ছোট কাঠিয়াবাবা' বলিতাম।

কাশীর ত্রৈলঙ্গ স্বামীঃ বিভাভিমানী সম্যাদীকে শাসন।

একদিন চা দেবার পর ঠাকুর কোথাও বাহির হইলেন না, আদনে বসিয়া রহিলেন। বেলা প্রায় নম্মটার সময়ে একটি তেজমী সন্ন্যাসী ঠাকুরের নিকটে আদিয়া বসিলেন এবং অবৈভজ্ঞান সম্বন্ধে ঠাকুরকে উপদেশ করিতে লাগিলেন। ঠাকুর চুপ করিয়া শুনিতে লাগিলেন। সন্মাসী মহাপণ্ডিত, সমন্ত দর্শন ও বেদ উপনিষদাদি তাঁর কণ্ঠন্থ। ঠাকুর নিয়ত সমাধিতে থাকেন, ইহা পূর্ব্বেই বোধ হয় তিনি শুনিয়াছিলেন। ঠাকুরের সমাধি যে শ্রেষ্ঠ সমাধি নয় ভাহা তিনি শান্ত্রপ্রাণ দারা ব্রাইতে

লাগিলেন এবং কতপ্রকার জ্ঞানের উপদেশ করিতে আরম্ভ করিলেন। এই সময়ে ১৫।১৬ বংসরের একটি হিন্দুখানী গৈরিক কৌপীন বহির্জাসধারী বালক ঠাকুরের কিঞ্চিৎ বাবধানে চুপ করিয়া বিদিয়াছিলেন। তিনি শুনিয়া শুনিয়া সন্ত্যাসীকে ধমক দিয়া বলিলেন--'য়াজী। কিস্তো শাস্ত বাতলাতে হো? আব চুপ রহে। শাস্ত্র আপ কুছু নেহি জানতো হাঁায়।' সম্যাসী একট উদ্ভেজিত হইয়া বলিলেন,—'ক্যা কহ তে ? হাম শাল্ত নেহি জান্তা হায় নাই ? তুম্নে শাল্ল কুছ্ পড়া হায় ? বালক—'ও বাত কাহে পুছুতে ? ক্যা, আপ দেখতা হায় নাই হাম ব্ৰাহ্মণ হায় ? সৰ্কাশাস্ত্ৰ তো হামারা কণ্ঠন্ত হায়।' সন্ত্যাদী তথন নিজের কথা প্রমাণের জন্ত শান্তবচন আওড়াইতে লাগিলেন। বালক, সন্ন্যাসীর মূপে প্রথম চরণ শেষ হইতে না হইতেই অবজ্ঞাভরে বলিতে লাগিলেন— 'বাস হো গিয়া,— আবু য়্যায়সা বাত চিৎ করিয়ে, শাস্ত্র মাৎ কহিয়ে—উচ্চারণ নেহি হোতা হ্বায়—ছন্দ নেহি জানতা হায়, শাস্ত্র বাত্লাতে !' বালকের কথায় সন্মাসী খুব অভিমানের সহিত বিরক্তিভাব প্রকাশ করিয়া বলিলেন—'ভোম ক্যায়া জ্বান্তা হায় ? বালক তথন, 'আচ্ছা ভনলেও' বলিয়া সন্মাসী যে পদ বলিতেছিলেন তাহার পূর্ব্ব হইতে আরম্ভ করিয়া পরেও ৪।৫টি পদ ছন্দেবন্দে বলিতে লাগিলেন। সন্নাসী ৩।৪টি পদ ভিন্ন ভিন্ন শাস্ত্র হইতে তুলিয়া তার কথা প্রতিপন্ন করিতে চেষ্টা করিলেন। কিন্তু বালক প্রত্যেকটি শ্লোক উচ্চারণের দঙ্গে দঙ্গেই ধমক দিয়া 'ঠিক নেহি হোতা হায় – ভুল হোতা হায়' বলিয়া সে নকল বচনের আত্তম্ভ বলিতে লাগিলেন। সন্ত্যাসী শুনিয়া নিপ্রভ হইলেন। তথন বালক সমাধির যতপ্রকার অবস্থা হইয়া থাকে শাস্ত্রাদি হইতে বলিতে আরম্ভ করিলেন। অবশেষে বলিলেন,— 'ইনি যে অবস্থায় বহিয়াছেন, মন্ধুয়াদেহে ইহার উপরের অবস্থা লাভ হয় না। গোশুকে দর্যপ ষতটুকু সময় থাকিতে পারে দেই সময়ের জন্তও ঐ সমাধিলাত হ'লে দেহ ছুটিয়া যায়। সেই সমাধিও ইহার আয়ত্ত; কিন্তু দেহ থাকিবে না বলিয়া তাহাতে ইচ্ছাপূর্বক অবস্থান করিতেছেন না। বালকের কথা ভনিয়া সন্ন্যাসী অবাক ! তাঁবুত্ব সকলেই ভ্ৰম্ভিত ! সন্ন্যাসী বিশ্বয়ের সহিত বালকটির দিকে কিছুক্ষণ তাকাইয়া থাকিয়া বিনা বাক্যব্যয়ে চলিয়া গেলেন। ঠাকুর বালকটিকে প্রণাম কবিয়া সন্মুখে বদিতে অন্নরোধ করিলেন। বালকটি ধুনির সমুখে বদিলেন। ঠাকুর ভাহাকে কি জিঞাসা করিলেন, বুঝিলাম না। বালক বলিল—'আউর তুদফে হোনেসে এহি দেহ ছুট্ যায়েগা। তব্তো আনন্দ।' বালকের হাত পায়ের গড়ন একটু লম্বা, তেঙ্গপূর্ণ কলেবর, বর্ণ গৌর, মুখন্ত্রী প্রফুল্ল ও তেজঃপূর্ণ, চক্ষু অপাধারণ উজ্জ্বন, পরিধানে গৈরিক কৌপীন বহিন্ধান, নলাটে ত্রিপুণ্ড, শরীর স্বস্থ ও বলিষ্ঠ, দর্শন বড়ই মধুর। প্রায় অর্দ্ধ ঘণ্টা ঠাকুরের নিকটে বসিয়া কন্ত কি বলিয়া চলিয়া গেলেন। আর তাহাকে চড়ায় দেখিতে পাই নাই। বালক চলিয়া গেলে পরে ঠাকুরকে তাহার পরিচয় জিজ্ঞাসা করিলাম। ঠাকুর বলিলেন,—'ইনি কাশীর ত্রৈলঙ্গস্থামী। মৃত একটি ত্রাহ্মণ বালকের দেহে প্রবেশ ক'রে সামান্য একটু কর্ম্ম বাকী ছিল, তা শেষ ক'রে নিচ্ছেন। এই কর্মাটুকু হয়ে গেলে আর থাক্বেন না।'

জিজ্ঞাদা করা গেল—'কি কর্ম বাকী ছিল', শেষ করিতেছেন ?'

ঠাকুর—'গঙ্গার উৎপত্তি হ'তে শেষ পর্য্যন্ত তিনবার গঙ্গা পরিক্রমা। একবার হয়েছে, আর ত্বার হ'লেই হ'লো। তা'হলেই এই দেহ ধারণের প্রয়োজন শেষ।'

আমার কি তুর্ভাগ্য বালকটির অদাধারণত্ব প্রত্যক্ষ করিয়াও, তাহার চরণে একবার মাথা নোয়াইবার আগ্রহ অমিল না।

নানকসাহীদের চত্ত্বে সাধু দর্শন।

কয়েকদিন ঠাকুর বৈঞ্ব সাধুদের বিস্তৃত চত্তরসকল পরিক্রমা করিলেন। বৈঞ্বদিপের মধ্যে বামার্জ, মাধবাচার্ঘ্য শ্রী ও নিম্বাদিত এই চারিটি মূল সম্প্রদায়। ইহা ছাড়া গোরখপছী, ক্বীরপছী. ব্রহ্মচারী, তপন্দী প্রভৃতি শাখা সম্প্রদায়গুলিও ঐ চারি সম্প্রদায়ের অন্তর্গত। ঠাকুর এই দকল সম্প্রদায়ের ভিতর কত সাধু মহাত্মাদের দর্শন করিলেন, বলিতে পারিনা। তৎপরে ঠাকুর নানক সাহীদের পরিবেটনীর ভিতরে প্রবেশ করিয়া বিশিষ্ট বিশিষ্ট সাধু সম্যাসীদের দর্শন করিতে লাগিলেন। চড়াবাসী সমস্ত সাধুদের মধ্যে নানকদাহীদের প্রভাব প্রতিপত্তিই দ্র্রাপেক্ষা অধিক মনে হয়। নানকদাহীরা ছুই শ্রেণীতে বিভক্ত। উদাদী ও নির্মালা। নানক সাহেবের কনিষ্ঠ পুত্র শ্রীচানের প্রবন্ধিত পদ্বাকে উদাদী বলে এবং দশমগুরু গোবিন্দিশিংহের অন্তুদরণকারীদের নাম নির্মাল। এতদ্ভিন্ন নামকদাহী মহাত্মাদের প্রবর্ত্তিত ভিন্ন ভিন্ন পম্বা আছে। দাহুপন্থী প্রীবদাশী, বেহাব বুন্দাবনী প্রভৃতিও নানক্সাহী সম্প্রদায়ের অন্তর্গত। ইহারা একদিকে ধেমন শিষ্টশান্ত ভজননিষ্ঠ, তেমনই আবার অসাধারণ বীরপুরুষ। ইহারা প্রায় সকলেই জটা শাশ্রধারী ভশারত কলেবর। কৌপীন বহির্জাদ অনেকের আছে, আবার অনেকে একেবারে উলক। দেখিলাম, অসংখ্য সাধু আপন আসনে ধ্যানে মগ্ন হইয়া আছেন, আবার বছসাধু মওলী করিয়া নিবিটমনে গ্রন্থপাহেব পাঠ ভনিতেছেন। কোথাও দলে দলে সাধুরা এক এক স্থানে বিশিয়া ভজনগান করিতেছেন। কোথাও বা গ্রন্থ সাহেবের সমারোহের সহিত আরতি পূজা হইতেছে। একটা স্থানে যাইয়া দেখিলাম, বিবিধপ্রকার অস্ত্র-শস্ত্র, ঝড়গা, অসি, তরবারি মুশল মুগদর সাজান রহিয়াছে। কোন কোন মুগুর এত ভারী ষে, সাধারণ লোকে তাহা তুলিতেও পারে না। মুগুরের সর্বাঙ্গে অসংখ্য স্ক্রাগ্র দেড়-ইঞ্চি পরিমিত লোহার কাঁটা। সাধুরা তরবারি থেলেন, কুন্তি করেন ও ঐ সকল মুগুর ভাজেন। সামর্থ্যবান লোকে খুব দাবধানতার দহিত ঠিক কায়দায় ঐ সকল মুগুর না ভাজিলে বিষম বিপদ ঘটিতে পারে। ঠাকুর কহিলেন—'নানকপন্থীদের ভক্তনের আশ্চর্য্য প্রভাব এসব সিংহতুল্য লোকগুলিকে একেবারে মেষের মত করে রেখেছে।' শাখা ভেদে এই দকল সাধুদের মধ্যে মতের ও ভাবের কিঞ্চিৎ পার্থক্য থাকিলেও সাধারণ বেশভ্ষা আচার ব্যবহার প্রায় সকলেরই একরপ। কিন্তু মহাস্তদের চালচলন সাজসজ্ঞা স্বতন্ত্র প্রকার, উহা

দেখিলে বিশ্বিত হইতে হয়। মনে হয় রাজা মহারাজাও ইহাদের সন্মুখীন হইতে সঙ্কোচ বোধ করে। আশ্চর্যের বিষয় এই যে, প্রয়োজন হইলে এই সকল মহাস্তেরাও আড়েম্ব ত্যাগ করিয়া সাধারণের মত সমস্ত কার্যাই করিয়া থাকেন। নানকসাহীদের মধ্যে শ্রীযুক্ত কেশবানন্দ মহাস্তের প্রভাবই সর্বাপেশা অধিক। বহু সহস্র সাধু তাঁহার তাঁবৃতে পরিতোম প্র্কিক ভোজন পায়। অহ্যাহ্য চন্তরেও কেশবানন্দের সদাত্রত নিয়তই চলিভেছে। মহাস্ত করণদাস আর দশজনের মত থ্ব সাধারণ ভাবেই থাকেন। মহাস্ত বলিয়া বৃঝিবার উপায় নাই। কিন্তু ইহার চন্তরেও প্রত্যহ বহু সহস্র সাধু প্রেচুর পরিমাণে ধুনির কার্য ও আহার পাইয়া থাকেন। নাগাসন্মাসীদের চন্তরে ২০০২টি বড় বড় তাঁবু থাটান রহিয়াছে দেখিলাম। ৫.৭ দিন আমরা নানকসাহীদের চন্তরে ঘৃথিয়া ঘৃরিয়া অসংখ্য সাধু দর্শন করিলাম। সকল সাধু সন্মাসীরাই ঠাকুরকে থ্ব শ্রুজাভিক্ত কবিলেন। ভগবৎ ভজনে ইহাদের অস্থাগ ও কঠোর বৈরাগ্য দেখিয়া নিজ জীবনে ধিকার আসিল। সদ্গুক্তই ইহাদের উপাহ্য; নামজপ ও প্রস্থসাহেবের বাণীই ইহাদের সাধনভজন ও অবলম্বন। ঠাকুর বলিলেন—'ধর্ম্ম এই সম্প্রদায়ে যেমন জীবন্ত, এমনটি আর কোথাও দেখা যায় না। বিষয়ের গদ্ম মাত্র থাকিতে যথার্থ ধর্ম্মালাভ হয় না। ভগবান যাহাকে দয়া করেন, তার মথাসর্বন্ধ কাড়িয়া লন। সংসারে তার আসন্তির কিছুই রাখেন না, পথের কাজালী করেন। এ অবস্থা যার হয়, তার বড়ই সৌভাগ্য।'

সন্ম্যাদীদের চত্তরে সাধুদর্শন ঃ বাইনাচের তাৎপর্য্য।

এবার ঠাকুর বিরাট সন্ত্রাদীমণ্ডলীতে প্রবেশ করিলেন। সন্ত্রাদীদের অধিকারে ১।৬টি চন্তর রিয়াছে। চন্তরগুলি প্রস্থে নাগা ও বৈফবদের চন্তরের মত হইলেও দীর্ঘে অনেক বেশী। কত লক্ষ্ সন্ত্রাদী যে এ দকল চন্তরে বহিয়াছেন অন্থ্যান করা হংসাধ্য। সন্ত্রাদিগণ প্রীমৎ শব্ধবাচার্য প্রতিষ্ঠিত শিক্ষারী, যোশী, গোবর্দ্ধন ও সারদা—এই মঠ চতুষ্টয়ের অন্তর্গত গিরি, পুরী, ভারতী, বন, পর্বত, দরস্বতী প্রভৃতি দশনামা সম্প্রদায়ভুক্ত। সমস্ত ধর্ম সম্প্রদায়ের মধ্যে সন্ত্রাদীদের মত শিক্ষিত অন্ত কোন সম্প্রদারে দেখা যায় না। শাস্থ পুরাণ ও ষড়দর্শনে পারদর্শী, উপনিষদ বেদবেদাকবেতা মহাজ্ঞানী অগাধ পণ্ডিতগণ—সন্ত্রাদীদের ভিতরে বন্ধ সংখ্যক রহিয়াছেন। অশিক্ষিত মুর্থ বোকাদের স্থান দশনামা সন্ত্রাদী সম্প্রদায়ে নাই বলিলেই হয়। দণ্ডী, ব্রন্ধচারিগণও উহাদেরই অন্তর্গত। তাহা ছাড়া তান্ত্রিক অবশ্বত পরমহংদ ধোগী দরবেশ এবং সংসারত্যাগী বিরক্ত উদাসিগণও সন্ত্রাদীদের ভিন্ন ভিন্ন চন্তরে অবস্থান করিতেছেন। এত জিল্ল বন্ধ সংখ্যক স্থীলোক সন্ত্রাদিনী ভৈরবীগণও চন্তরাভ্যম্ভরে বালির উপরে কিঞ্চিৎ ব্যবধানে রহিয়াছেন। ইহাদের রক্ষণাবেক্ষণের জন্ম অন্তর্শস্ত্রধানী নাগা সন্ত্রাদিগণ নিয়্রত নিয়্বত। সন্ত্রাদীদের এক একটি চন্তরে এ। ৭০টি বৃহৎ তাঁব বহিয়াছে। তাহাতে সম্ভবতঃ

সন্মানীদের নেতা ও মঠাধিকারিগণ বাস করেন। সন্মানীদের অগ্নি সেবা নাই, স্থতরাং ধুনিরও ব্যবস্থা নাই। অনাবৃত স্থানে শীত নিবারণার্থে দেহ ক্লার জন্ম কেহ কেহ ধনি রাখিতে বাধ্য হন মাত্র। অক্তান্ত সাধদের অপেকা সম্যাসীগণ হারপ ও হাবেশ। পরিধানে তাহাদের গৈরিক রঙ্গের কৌপীন বহির্মাস, মৃণ্ডিত মন্তকে গৈরিক বন্ত্রের শিরস্তান, নলাট বিভৃতিবিলেপিত তাহাতে ত্রিপুণ্ড,-উর্মপুণ্ড, রহিয়াছে, বক্ষে অক্ষমালা শোভিত। বক্তাম্বরধারী জটিল তান্ত্রিক সন্ন্যাদী ও অবধৃতগণের সংখ্যা कम नम्र। এक दिन मम्हामी दिन व अवि जैं बृत चादत छे शिख् इहे मा दिनिम वहमूमा दिमान, दिने हे, গদি ঘারা তাঁবটি স্থদজ্জিত। এই সাজ সজ্জার প্রয়োজন কি ৰবিলাম না। পরে শুনিলাম, রাজা মহারাজা বা খুব উচ্চপদস্থ সম্মানিত সাহেব, মেমেরা মহাস্তদের দর্শন করিতে আসিলে তাহাদের আদর অভ্যৰ্থনা করিয়া বদাইবার জন্মই ঐ সব আয়োজন বাখা হইয়াছে। ঐ দিন আর একটি সুবৃহৎ তাঁবুতে প্রবেশ কবিয়া দেখি, তাহাতে ঐথর্য্যের অবধি নাই। কত রঙ্গ বেরঞ্চের ঝাড়, লঠন, বেল উহাতে টান্ধান। মূল্যবান কার্পেটের উপরে বছমূল্যবান স্থবর্ণথচিত আগুরণ রাহ্যাছে। উহার ভিত্রে প্রবেশ করিতে দাহদ হইল না ৷ একটি গুরুজাতা ঠাকুরকে জিজ্ঞাদা করিলেন—'সন্ত্রাদীদের এত ঐশ্ব্য কেন ? এ যে রাজা মহারাজাদের বাইনাচের বৈঠকখানার মত। ইহার মানে কি ? শুনিলাম এই স্থানেও রাত্রে বাইনাচই হইয়া থাকে।' এই বাইনাচের তাৎপর্যা ঠাকুর অনেকক্ষণ ব্রাইয়া বলিলেন। কিন্তু উহাতে পরিষ্কাররূপে প্রবেশ করিতে পারিলাম না। মোট কথা ঠাকুর বলিলেন,— হরি সংকীর্ত্তন, ভগবানের গুণামুকীর্ত্তন কর্লে ভক্তের প্রাণ যেমন উথলিয়া উঠে, ভাবাবেশে মত হয়ে ভক্ত যেমন অঙ্গ সঞ্চালণ ক'রে বিবিধ প্রকার নৃত্য করেন, বাইনাচও সেই প্রকার। ভগবানের দরবারেও বাইনাচ হয়। প্রীক্ষেত্রে জগল্লাথের সম্মুখেও গভীর রাত্রিতে দেবদাদীরা গীতগোবিন্দ গান ও নৃত্য করেন। নৃত্য একটি উৎকৃষ্ট ভজন। ভক্ত ভগবানের দর্শনে অভিভূত হয়ে তাঁর চক্ষু. কর্ণ, নাসিকা, হস্ত পদ ভিন্ন ভিন্ন অঙ্গ প্রতঙ্গ ও সর্ববাবয়ব দ্বারা ভগবানে আরতি করেন—কতপ্রকার মুদ্রাদি করে ভগবানের আরাধনা করেন একেই নৃত্য বলে। গ্রীক্ষেত্রে ছোট ছোট ছেলে—আখ্রা পিলাদের নৃত্য দেখ্লে ইহা পরিকার বুঝা যায়, দেখে মুগ্ধ হ'তে হয়। এখন আর সে দব নাই – দে ভজন নাই। এখন ভজনের কার্যেও বিষম বিলাসিতা ঢুকেছে। এর আর উপাই কি १'

সাধুদের দদাবতে চমৎকার শৃষ্ঠালা।

আজ একটি বিষয় তাবিয়া বিস্মিত হইলাম। চড়াতে ১০।১২ লক্ষ দাধু নিয়ত বাদ করিতেছেন; প্রতিদিনই উহাদের পরিতোধ পূর্বক তোজন কি প্রকারে স্থৃত্থল ভাবে নির্বাহ হইতেছে ভাবিয়া

269

অবাক হইলাম। ১২।১৪ হাজার লোকের একবেলা আহার সংস্থান করিতে হইলে ১২।১৪ দিন পূর্ব্ব হইতে তাহার আয়োজন করিতে হয়। তাহাতেও কত বিম্ন বিপত্তি উপস্থিত হইয়া থাকে। আর বহুলক্ষ লোকের লুচী, কচুরী, ছোকা, ডাল, রায়তা, হালুয়া, মানপোয়া লাড্ডু প্রভৃতি উৎকৃষ্ট খাত্ত দামগ্রী প্রত্যাহ পর্যাপ্ত পরিমাণে প্রস্তুত হইতেছে। সহস্র সহস্ত্র সাধুরা নির্দিষ্ট সময়ে পঞ্চত করিলেন, পেট ভরিয়া আহার করিলেন এবং আপন আপন আসনে চলিয়া গেলেন। কোনপ্রকার অহুবিধা নাই, গোলমাল নাই, হৈ চৈ নাই অভূত ব্যাপার। সাধুরা একদিনের বস্তু প্রদিনের জন্ম দঞ্চিত রাধেন না। প্রতিদিন কাঁচা বস্তু আসিতেছে প্রত্যেক চন্তবে তাহা রান্না হইতেছে, নিবিবাদে দক্ষ লক্ষ দাধু ভাহা ভোজন করিতেছেন। থাহাদের উপরে যে কার্য্যের ভার তাঁহারা নীরবে ভাহা করিয়া খাইতেছেন। কল কার্থানার মত কার্য্য হইতেছে। অপরে তাহা জানিতেও পারিতেছে না। এ সকল বস্তু কোথা হইতে আসিতেছে, কাহারা দিতেছেন কি ভাবে প্রস্তুত হইতেছে, জানিবার জন্তু ত্রৎস্ক্র জন্মিল। শুনিলাম মেলাস্থলে সমবেত সাধু মগুলীর আহার্য্যাদি বাবতীয় বস্ত ধনকুবের মাড়ো-মারীগণ এবং ভারতের ধনাত্য ব্যক্তিরা সরবরাহ করিতেছেন। তাঁহারা এক্সত্ত শত শত লোক নিষ্ক্ত করিয়াছেন। তাঁহারা প্রত্যহ মহান্তদের নিকটে উপস্থিত হইয়া চন্তবে কি কি বন্ধ প্রয়োজন জানিয়া প্রদিন স্কালে তাহা প্রছাইয়া দিতেছেন। মহাস্তেরা জ্যাতের ভিতরে সাধুদের মধ্যে ভিন্ন ভিন্ন কার্য্যের জন্ত শত শত লোক নির্দিষ্ট করিয়া দিয়াছেন। কতগুলি লোক জল টানিতেছে, কতগুলি রামার যোগাড় করিয়া দিতেছে, কতগুলি রামা করিতেছে, আবার কতগুলি লোক রামার পোড়া হাঁড়ি কড়া প্রভৃতি বাসন মাজিতেছে। এই প্রকার এক এক দল এক এক কার্য্যের ভার নিয়া সাধু সেবার জন্ম আগ্রহের দহিত তাহা সম্পন্ন করিয়া যাইতেছে। স্বতরাং কোন দিকেই সাধুদের কোন প্রকার অস্থ্রিধা হইতেছে না। দাতারা দানের ভভ স্থােগ মনে করিয়া এতদর্থে লক্ষ লক্ষ টাকা খবচ করিতেছেন, তাহাতেও তাহাদের আকাজ্ঞা মিটিতেছে না। তুনিলাম দম্মার সাগ্র শ্রীমৎ দ্য়াল দাস স্বামীর নিকট সেদিন এক মাড়োগ্রারী উপস্থিত হইস্লাঙ্ হাজার টাকা সদাত্রত দিতে চাহিলেন— কত প্রকার কাকুতি মিন্তি করিলেন। স্বামীন্ধী কহিলেন—'আমি নিতে পারি না তুমি অন্ত কোন মহাস্তকে গিয়া দেও। একজন মাড়োয়ারী চড়ায় আদিবামাত্রই আমাকে বলিলেন—'এথানে ষ্তকাল আপনি থাকিবেন আপনার ইচ্ছামত প্রতিদিনের যাবতীয় বস্তু আমি সংগ্রহ করিয়া দিব—আমার এই আকাজ্যা পূৰ্ণ ককন। আমি যদি এই ব্যয় চালাইতে না পারি তবেই আপনি অত্যের দান গ্রহণ করিবেন।' স্থতরাং আমার আর কারো কিছু নেওয়ার উপায় নাই।' মাড়োয়ারী স্বামীজীর কথা ভ্রিয়া তুঃখিত মনে টাকা লইয়া চলিয়া গেলেন। নিজের ছাউনীর লোক ছাড়া প্রত্যহ ১০।১৫ হাজার লোকের ভোজন তথায় হইতেছে। লক্ষ লক্ষ টাকা দান করিয়াও আকাজ্যার তৃপ্তি নাই। এই প্রকার দানের কথা জীবনে কথনও শুনি নাই।

ঠাকুরকে মেলা হইতে সরাইতে ষড়যন্ত্র : সমবেত সভায় মহাত্মা মহাপুরুষদের ঠাকুর সম্বন্ধে অভিমত।

আমরা চডায় আসিয়াছি পর আমাদেরও সদাবত প্রতিদিনই আসিতেছে। কোথা হইতে আমিতেছে, কে দিতেছে কিছুই জানি না। ঠাকুরের আদেশ—"ভগবানের কুপায় যেদিন যাহা আসিবে, সেই দিনই তাহা ব্যয় করিবে। কোন একটি বস্তু পরদিনের জন্ম ভাণ্ডারে রাখিবে না।" স্বতরাং নিজেদের প্রয়োজনাতিরিক্ত ২।০ শত লোকের রামা প্রত্যহ হইতেছে এবং তাহা দাধুদের ভোজন করান ঘাইতেছে। কোন বস্তুর অভাবও নাই, দঞ্যুও নাই। আজ তুই দিন যাবৎ জানি না কেন আমাদের সদাত্রত বন্ধ হইয়াছে। খবর পাইলাম, কল্য হইতে আবার দলাত্রত আদিবে। বন্ধ হওয়ার কারণ কি অনুসন্ধানে জানিলাম, আমাদের লইয়া চড়াবাসী সকল সম্প্রদারের সন্মাসী মহাস্তদের ভিতরে একটা তুমুল আন্দোলন হইয়া গিয়াছে। তাই উহার মীমাংশা না হওয়া পর্যান্ত দদাব্রত বন্ধ ছিল। শুনিলাম ঠাকুরের একটি পুরাতন বান্ধবন্ধ ঠাকুরের প্রভাব দিন দিন বিভাব লাভ করিতেছে, সদাত্রত প্রত্যহ আসিতেছে, গৃহস্থ শিস্কদের লইয়া তাহা তিনি ভোগ করিতেছেন এবং বৈফব সম্প্রদায়ের শীর্ষ স্থানে তিনি আড্ডা গাডিয়াছেন—ইত্যাদি দেখিয়া সহ করিতে পারিলেন না। তিনি ঠাকুরকে চড়া হইতে সরাইবার জন্ম এমিৎ দয়ালদাস স্বামীর একটি প্যাতনামা বাঙ্গালী শিষ্ত্রতৈ সহকারী করিয়া সমস্ত সন্নাসী সাধু ও বৈষ্ণবমগুলীতে ঘুরিতে লাগিলেন। ঠাকুরের বেশ ভ্যা আচার ব্যবহার ও ভজ্ন দাধন বৈফবধর্ম বিরোধী, এইরূপ দোষারোপ করিয়া व्यानात चात्रस्य कवितन्त । त्य मच्छानात्त्रत मत्या त्यांमारे थाकित्वम, जांशांतरे मधांना नाघत रहेत्त । স্তবাং চড়াতে ঠাকুরকে থাকিতে দেওয়া অত্যন্ত দোধাবহ হুইবে। ইহা লইয়া সমস্ত সাধু মণ্ডলীতে একটি আলোচনা হওয়া উচিত।

ত্দিন হয় চড়াবাসী প্রধান প্রধান সন্ন্যাসী উদাসী ও বৈষ্ণবগণ সমবেত হইয়া একটি বৃহৎ সভা করিয়াছিলেন। তাহাতে শ্রীমৎ দয়ালদাস স্বামীর ঐ শিশুটী ঠাকুরের চড়াবাসে আপত্তি তুলিয়া বলিলেন —বহু কুন্ত মেলায় আমরা আসিয়াছি, চড়ায় বাস করিয়াছি, কিন্তু আমাদের ভিতরে কখনও কোন বালালীকে ছাউনী করিতে দেখি নাই। যে বালালী সাধু আদিয়া আমাদের ভিতরে আড়ো গাড়িয়াছেন তিনি কি সন্ন্যাসী না উদাসী জানিনা; তবে বৈষ্ণব যে তিনি নন্ তাঁর বেশভ্ষা আচার ব্যবহারে তাহা পরিস্কার দেখিতেছি। তিনি জটা শাশ্রু দশুকমণ্ডল্যাবী, পরিধানে গৈরিক বসন, আবার তুলসী রুশ্রাক্ষ একসঙ্গে ধারণ করিতেছেন। ইহা কি বৈষ্ণবিহ্ন বলিয়া কোন প্রামাণ্য শাল্পে নির্দেশ আছে ? তুটি ঠাকুর প্রতিষ্ঠা করিয়াছেন, তাহাও নৃতন বক্ষের। রাধা-কৃষ্ণ, রাম-সীতা বা বৈষ্ণবদের কোন উপাশ্র দেবতা নয়। উহারা বলেন 'সৌর নিতাই'। গৌর নিতাইয়ের পূজা কি

কোন শাস্তাহমোদিত ? গৌর নিতাইকে তাঁহারা কি বিফুর অবতার বলেন ? এদিকে সন্নাদী বলিয়া পরিচয় দেন, অথচ স্বীলোক, পুত্র, কন্তা, গৃহস্থবাব্রা দক্ষে এ দমন্ত স্বেচ্ছাচারে চলিয়া মন্মুগী বেশ লইয়া কি প্রকারে তিনি বৈফ্বমগুলীর ভিতরে থাকিবেন ?

यहां नाजुळ महानी मप्रास्कृत निर्वायित वृक्ष प्रवासन्त सामी विन्तन-'रिक्यत्तव श्रीयांना श्रन् পদ্মপুরাণে পাতালথতে রহিয়াছে 'তুলদী, নলিনী, অক্ষ, ধারণ বৈঞ্বদের বিশেষ বিধি। বৈঞ্বদের উহা ধারণ না করাই অপরাধ। প্রসিদ্ধ সম্ন্যাসী অমরেশ্বানন্দ বলিলেন— থৈরিকবসন, ভগবান বস্তু। দশুকমণ্ডলু ধারণ ও ভগবান বস্তু পরিধান বৈষ্ণব অবধৃতদের বিশেষ লক্ষণ পুরাণে নির্দ্দেশ আছে। স্তায় শাস্ত্র অধ্যয়ন কালে আমি নবদ্বীপে ছিলাম। তথায় দেথিয়াছি বৈফবেরা গৌরাল নিত্যানন্দকে ক্লফ বলরাম অবতার বলিয়া পূজা করেন। সমন্ত বালালা দেশে গৌরাঙ্গ মহাপ্রভুর পূজা হয়। প্রাচীন বৈষ্ণব পণ্ডিতগণ গৌরাঙ্গ মহাপ্রভু পূর্ণাবতার বলিয়া পুঝাণাদি হইতে প্রমাণ দেখান। শ্রীর্ন্দাবনেও এই গৌরাম্ব উপাদকদের বিশেষ প্রভাব।' সমস্ত সন্মাদীমণ্ডলে শ্রীমং ভোলানন্দ গিরির বিশেষ প্রভাব। তিনি বলিলেন—'পুত্র কন্তা ত্যাগ ও খ্রীলোকের দংশ্রব বর্জন ইহা সম্যাদীদের বিধি বটে, কিন্তু জীবনুক্ত মহাপুরুষ বিধি নিষেধের বাহিরে। উহার সঙ্গ করিয়া আমি জানি, উনি সাক্ষাৎ সদাশিব আশুতোয।' বৈষ্ণৰ মহাত্মাদের অগ্রণী বন্ধবিদেহী শ্রীমৎ রামদাদ কাঠিয়াবাবান্ধী বলিলেন— গোঁদাইজী তো দাক্ষাৎ মহাদেব হায়, প্রেমকা অবতার ! উনকো ললাট্মে হামেদা আগ্ ধক্ ধক্ জনতা হায়। আগুমে যে। কুছু গিরতা হায় ওতো ভদম হো জাতা হায়। ব্যায়দা প্রেমিক ত্যায়দা হি দামর্থী। বৈঞ্ব লোকনকা বিচ্মে ছাউনী কিয়ে হায়, ইদ্মে তো বৈঞ্ব লোকন্কা মান বাড় গিয়া হাায় —বৈঞ্ব লোকনকা বহুত ভাগ হায়।' মহাত্মাদের এ দকল দিদ্ধান্ত শুনিয়া বিরোধীগণ অবাক্ হইলেন; তাহারা সলজ্জভাবে আপন আপন আসনে চলিয়া গেলেন।

অভ্ত ভগবানের লীলা। কোন্ স্ত্র ধরিয়া তিনি কি করেন একট্কু রূপা করিয়া বুঝাইয়া দিলে বিশ্বরে মৃথ্য হইতে হয়। ঠাকুরের ব্রাহ্ম বৃদ্ধটির ষড়যন্ত্রের ফলে কল্পনাতীত একটি আশ্চর্য্য কাণ্ড ঘটিল। এই চড়াবাসী লক্ষ লক্ষ্ম গাধু সন্থাসী মহাত্মা, মহাপুরুষদের সন্মিন্তর হলে কে কাহাকে চিনেন, কে কাহার থোঁজ নেন, অথবা কে কাহাকে দেখেন কেবল আপন আপন সম্প্রদায়ের মধ্যে ঘাঁহারা মহাত্মা মহাপুরুষ আছেন, সম্প্রদায়ের লোকমাত্র তাঁহাদেরই জানেন, চিনেন ও দর্শন করেন। মেলার চার জানি লোকও বোধ হয় কোন একটি মহাত্মার ধবর পান না। ঠাকুরের বিক্ষম্বাদীদের চেষ্টায় সমস্ত সম্প্রদায়ের নেতা ও মহাস্তদের যে বিরাট সভা হইয়াছিল এবং তাহাতে প্রত্যেক সম্প্রদায়ের মহাত্মারা যাহা সিদ্ধান্ত করিলেন, ঠাকুর সম্বন্ধে যে অভিমত তাঁহাদের মুধ্ব দিয়া প্রকাশ হইল, তাহা দশ বার লক্ষ্ম গাধুর ভিতরে প্রচার হইতে বেশীক্ষণ লাগিল না। তড়িৎপ্রবাহে মহাত্মাদের কথা সর্ব্বত্র ছড়াইয়া পড়িল। সত শত সাধু সন্মাসী বৈষ্ণবেরা ঠাকুরকে আসিয়া দর্শন করিতে লাগিলেন। ঠাকুর আমাদের জলন্ত হতাশন এতদিন ভন্মাচ্চাদিত হইয়া যেন মিট্মিট্ করিয়া জলিতেছিলেন। এই

ক্রেশ আমাদের প্রাণে বড়ই লাগিতেছিল। প্রতিদিন ঠাকুর সাধুদর্শন ছলে ঘুরিয়া ফিরিয়া সহস্র সহস্র সাধুদের দর্শন দিয়া ক্বতার্থ করিতেছেন বটে, কিন্তু হেলায় দর্শন এবং বিশেষ আগ্রহের সহিত্য দর্শনে অনেক তফাং। আজ আমাদের আনন্দের সীমা নাই। আমাদের ঠাকুরের মহিমা সর্ব্বে প্রচার হইল। জয় ভগবান! জয় ঠাকুর! আশিব্রাদ করি চিরকাল তুমি স্বথে থাক, জয়য়ুক্ত হও। আমার বেশ দেখিয়াও সাধুরা অনেক সময় আমার পরিচয় জিজ্ঞাসা করেন, কিন্তু আমি জানি না বলিয়া কিছু উত্তর দিতে পারি না। আজ ঠাকুরকে জিজ্ঞাসা করিলাম—সাধুরা আমার পরিচয় জিজ্ঞাসা করিলে কি বলিব ? ঠাকুর কহিলেন—"নাম জিজ্ঞাসা কর্লে নামের সঙ্গে আনন্দ যোগ করে ব'লো। নৈটিক ব্রহ্মচারী শিঙ্গারী মঠ আশ্রম ব্যোমবাই বলো। গুরুর নাম জিজ্ঞাসা কর্লে ব'লো অচ্যুতানন্দ।" ঠাকুরের সয়্যাদের নাম যে অচ্যুতানন্দ ইতিপূর্ব্বে তাহা আমরা কেহই জানিতাম না।

দয়ালদাস স্বামীর ছাউনীতে নিমন্ত্রণ ঃ কীর্ন্তনে মাতামাতি।

আগামী কলা দয়ালদাস স্থামীর ছাউনিতে আমাদের নিমন্ত্রণ হইল। চড়াতে এতদিন আমরা আসিয়াছি এ পর্যান্ত কোন ছাউনীতে আমাদের নিমন্ত্রণ হয় নাই। এই নিমন্ত্রণের হেতু কি, স্থামীজীই বা আমাদের পরিচয় কি প্রকারে পাইলেন, জানিতে কৌতৃহল জয়িল। অহুসন্ধানে জানিলাম ঠাকুরকে অপমানিত করিয়া চড়া হইতে সরাইবার জন্ম যে চেটা করা হইয়াছিল স্থামীজীর কোন যালালী শিশ্ব সেই কার্য্যে বিশেষ অগ্রণী হইয়া যোগ দেওয়াতে স্থামীজী অতিশয় কেশ পাইয়াছেন। উহারই প্রতিকার উদ্দেশ্তে ঠাকুরকে বিশেষভাবে সম্মান দিতে ইচ্ছা করিয়া তিনি এই নিমন্ত্রণ করিয়াছেন। আজ অপরাহে স্থামীজীর সেই খ্যাতনামা শিশ্বটি ঠাকুরের নিকটে আসিয়া করযোড়ে বলিলেন, 'স্থামীজী করযোড়ে আপনার নিকটে প্রার্থনা করিতেছেন, আগামী কলা আপনি দয়া করিয়া স্পিয়ে তাঁহার ছাউনীতে উপস্থিত হইয়া ভিক্ষা গ্রহণ করন। সংকীর্ত্তন তিনি বড় ভালবাসেন। আপনাদের সংকীর্ত্তনের কথা তিনি শুনিয়াছেন। সেখানে আপনারা একটু সংকীর্ত্তন করিলে তাঁহার বড়ই আনন্দ হইবে।' ঠাকুর খ্ব আনন্দের সহিত নিমন্ত্রণ গ্রহণ করিলেন।

আজ বেলা প্রায় ১১ টার সময়ে ঠাকুর সমস্ত গুরুলাভাদের লইয়া স্বামীজীর ছাউনীতে উপস্থিত হঠলেন। স্বামীজী পরম কোতৃহল প্রকার পূর্ব্ধক কর্ষোড়ে ঠাকুরের নিকটে আদিয়া প্রণাম করিতে করিতে আদর অভ্যর্থনা করিতে লাগিলেন। পরে একটি বড় তাঁবুর ভিতরে লইয়া গিয়া ঠাকুরকে বসাইলেন। স্বামীজীর দিবারাত্রি অবসর নাই, তিনি ঠাকুরের অহ্বমতি গ্রহণ পূর্ব্ধক কার্যাস্তরে চলিয়া গেলেন এবং সেই বালালী শিঘাটকে আমাদের পরিচর্যার জন্ম তাঁবুতে নিযুক্ত রাখিলেন। আমরা কিছুক্ষণ চুপ করিয়া বসিয়া রহিলাম। পরে ঠাকুর আমাকে বলিলেন—"ব্রহ্মচারী! এক অধ্যায়

গীতা পাঠ করনা ? আমি কোন অধ্যায় পাঠ করিব জিজ্ঞানা করায়, ৪র্থ অধ্যায় পাঠ করিতে বলিলেন। উহা আমার কণ্ঠত্ব থাকার, খুব উৎসাহের সহিত উচ্চৈ:ম্বরে স্থব করিয়া পাঠ করিলাম। পরে সংকীর্তনের আয়োজন হইল। ২া০ থানা খোল ও ৫। ৭টি করতাল বাজিয়া উঠিল। উহার ধ্বনি এমনই বাহির হইতে লাগিল যে দংকীর্ত্তনারভের প্রেই গুরুলাতারা মাতিয়া গেলেন। তাঁহারা নানা প্রকার ভাবোদ্দীপক হুকার গর্জন করিতে করিতে লাকাইয়া উঠিলেন। নাম সংকীর্ত্তন হুইতে লাগিল। ঠাকুর ভাবাবেশে নৃত্য করিতে আরম্ভ করিলেন। গুরুত্রাতারা ঠাকুরকে প্রদক্ষিণ করিয়া উচ্চ হরি-ধ্বনি করিতে লাগিলেন। চতুদ্দিক হইতে দর্শনার্থী সাধুর। আসিয়া তাঁবুটি ঘেরিয়া দাঁড়াইল। তাঁবুর ভিতরে ত্লুস্থল পড়িয়া গেল। দর্শকমগুলী গুরুলাতাদের ভাবোদীপক নৃত্য বিনিষ্টনেতে দেখিতে লাগিলেন। ভিতরে বাহিরে লোক বেহ'ন হইয়া পড়িতে লাগিল। সকলেই মৃহ্মৃ ছঃ হরিধ্বনি করিয়া স্থানটিকে কাঁপাইয়া তুলিল। এই সময়ে একজন দীর্ঘাকৃতি তিলকধারী বলিষ্ঠ সাধু একটা খোল বাজাইতে বাজাইতে সংকীর্ত্তন স্থলে প্রবেশ করিলেন। পাগলা দতীপ তাবুর এক কোণে কর্যোড়ে দাঁড়াইয়া ছিল। সে দাধুকে দেখা মাত্র একেবারে লাফাইয়া উঠিল এবং লক্ষ্ক দিতে দিতে সাধুর সমুখীন হইয়। পড়িল। পরে উভয় হত্ত মুখের সাম্নে রাখিয়া পুন:পুন: বৃদ্ধানুষ্ঠ দেখাইয়। সাধুকে ইঙ্গিত করিতে লাগিল। সংকীর্ত্তনে ভাবোচ্ছাস বৃদ্ধির সঙ্গে সঙ্গে সভীশও দক্ষিণ হন্তে পাছা চাপড়াইয়া, বাম হন্তের বুদ্ধাসুষ্ঠ সাধুর সম্মুখে বারংবার ধরিতে লাগিল এবং নানাপ্রকার ভাব ভলিতে মুধ বিক্বতি করিয়া সাধুকে দন্তের সহিত তাচ্ছিল্য করিতে আরম্ভ করিল। সাধু নিপ্রভভাবে পশ্চাৎ হটিয়া দরজার ধারে থোল বাথিয়া অদুশু হইল। অনেকে সতীশের এই প্রকার কার্য্য দেখিয়া অবাক। 'কেহ কেহ ভাবিলেন, সভীশের আঙ্গুল নাড়াও বুঝি সংকীর্ত্তনে সাত্তিক ভাবোচ্ছাস বিকাশেরই একটি লক্ষণ। কতক্ষণ পরে সংকীর্ত্তন থামিয়া গেলে, সতীশকে জিজ্ঞাদা করিলাম —ভাই। ওটা কি ভাব দেখাইলি ?

সতীশ বলিল—'ভাব আর দেখাইলাম কোথায়। শালা যে উর্দ্ধানে পালালো'। আমি—কেন! ঐ সাধুর উপরে তোর এত আজোশ কেন ?

সতীশ—আবে ওই যে আমাকে ভূতের বোঝা ঘাড়ে দিয়েছিল। মায়াচক্রে ঘুরায়েছিল। গোঁসাই এখন কাছে, তাই ওকে কলা দেখালাম। আর একটু থাক্লে ওকে কাম্ডায়ে শেষ কর্তাম। সময়ান্তরে হাসিগল্লছলে সতীশের আব্লুল দেখানর কথা ঠাকুরকে বলাতে ঠাকুর সতীশকে বলিলেন,— 'সতীশ! সেই সাধু এসেছিলেন, আমাকে দেখালে না ? একবার দেখ্তাম।'

দয়ালদাস স্বামীর অসাধারণ দয়ার কথা।

বেলা প্রায় এটার সময়ে বছবিধ উপাদেয় বস্তবারা স্বামীদ্ধী আমাদের ভোজন করাইলেন। বেলা ১১টা হইতে সন্ধ্যা পর্যান্ত এক এক পদতে সহস্র সহস্র সাধু ভোজন করিতে থাকেন। স্বামীদ্ধীর স্থদক্ষ শিশ্বগণ নিয়ত তাহার তত্বাবধান করিতেছেন। আর স্বামীজী নিজে শুধু কাঙ্গাল ত্ংগী দ্বিতাদের নিয়া বহিয়াছেন। বৃত্তৃ কাশালীদের ত্রং দেধিয়া ভনিয়ানা গাওয়াইলে তামীজীব কিছুতেই তৃপ্তি হয় না। একটি কালালীরও তৃপ্তিপূর্বক আহার না হইলে ক্লেশে তাঁহার বুক ফাটিয়া ষায়—তিনি ছট্ফট্ করিয়া কাটান। আৰু স্বামীজীর একটি অদাধারণ দ্যার কথা শুনিয়া অবাক্ হইয়া গিয়াছি। অন্তরে পুন:পুন: দেই কথা উঠিতেছে। ইতিমধ্যে একদিন বিশেষ কোন কারণে কাশালীদের ভোজনকালে স্বামীজী তথায় উপস্থিত থাকিতে পারিলেন না। তিনি তাঁহার দর্ব্ব প্রধান প্রিয় শিশুকে ঐ কার্যোর ভার দিয়া চলিয়া যান। স্বামী ছী শিশুকে আদেশ করিয়া যান-'কালালীদের ভোজন শেষ না হ'লে কখনও অন্তত্ত্ব যাবে না'। শিশুও গুরুর আদেশমত কার্য্য সুশৃক্ষল ভাবে দুপান্ন করিবেন অস্পীকার করিয়া এ কার্যভাব গ্রহণ করেন। কাঙ্গালীদের পদত কালে শিশু খুব মত্বের সহিত তাহাদের ভোজন করাইতে লাগিলেন। অন্তদিকে ১০।১২ হাজার শাধু সন্মাসী পদত করিতেছিলেন। তাহাদের ভোজন প্রায় অর্দ্ধেক হ**ইয়া**ছে; অকস্মাৎ রামদল আদিয়া উপস্থিত হইল। রামদল দাধুগণ আপন উপাত্ত দেবতার দহোযার্থে মহাবীর হহুমানের ভাব লইয়া উপাদনা ও ভোলনাদি সমন্ত কাৰ্যা করিতে ভালবাদেন। তাহারা পদতে না বদিয়া লুটপাট করিয়া থাইতে অধিক আনন্দ পান। কোন সদাবতে রামদল উপস্থিত হইলেই, তথায় লুটপাট হইবে, ইহা সকলেরই জানা আছে। রামদল আসিয়া পড়া মাত্রই ছাউনীর সর্বতে হৈ হৈ সোর পড়িয়া গেল। সাধু সন্মাণীদের ভাগুবোর উপরে রামদলের ঝুঁকি পড়িল। দর্জনাশ হইল,—অর্জভুক্ত সন্মাদীদের ভোজন নষ্ট হুইল ? চারিদিকে এই চাৎকার উঠিল। স্বামীন্দ্রীর ঐ শিশুটি স্থির থাকিতে না পারিয়া সন্ত্রাপীদের পক্ত বক্ষার্থে ছুটিয়া চলিলেন। তাঁহার অসাধারণ চেষ্টায় অল্লফণের মধ্যেই ছাউনী উপদ্রব শুক্ত হইলে যথামত সকলের পঞ্চত চলিতে লাগিল। কিন্তু রামদলের ভয়ে নিরীহ্ কাঞ্চালীরা অর্দ্ধভুক্ত অবস্থায়ই পাত্র ত্যাগ করিয়া চলিয়া গেল। তাহাদের আর সংগ্রহ করিয়া ভোগন করান অসম্ভব অমুমানে দে চেষ্টা আর বহিল না।

শ্বামী দ্যালদাস সন্ধার প্রাকালে ছাউনীতে পঁছছিয়া সমস্ত সংবাদ পাইলেন। ক্ষবিত আশ্বয়শ্ব্য কালালীর। অর্দ্ধাহের চলিয়া গেল আব তাদের খাওয়া হইল না মনে করিয়া খামীজী কাঁদিয়া
ফোললেন। তিনি প্রধান শিষ্যটিকে ডাকিয়া বলিলেন,—'সম্হ বিপদ অন্থমানে তুমি গুরুর প্রত্যক্ষ
আদেশ অগ্রাহ্য করিয়াছ। অপরাধ সাধারণ নয়। এজক্য আমি তোমাকে ত্যাগ করিলাম।'
গুরুপ্রাণ শিষ্য অক্সাৎ বক্রাঘাত হইল দেবিয়া গুরুর চরণে লুটাইয়া পড়িলেন। কাঁদিতে কাঁদিতে
বলিলেন—'আমার এই অপরাধী দেহ আপনার সেবার যোগ্য নয়। ভালই হইল। তবে আমাকে
আশীর্কাদ করুন যেন দেহান্তে আপনার সক পাই।' স্বামীজী বলিলেন—'গ্রুণ যুম্না দক্ষমে সংক্র
করিয়া দেহ বিদ্ব্রুন দিলে, তাহা হইতে পারে। শিষ্য সান্তাক্ষ নমস্কার করিয়া চরণ ধূলি গ্রহণ পূর্কক
চলিয়া গেলেন। ধীরগন্তীর দ্যালদাস শিষ্যকে স্বাইয়া দিয়া আর দ্বির থাকিতে পারিলেন না।

'শিষ্য কোথায় গেল,' 'শিষ্য কোথায় গেল' ভাবিয়া তিনি ক্রন্তপদ স্কারে ইতন্ততঃ ঘ্রিয়া বেড়াইতে লাগিলেন। শিষ্য কোথায় আছে, কি করিতেছে, পুন:পুন: থবর লইতে আরম্ভ করিলেন। শিষ্য কিঞ্চিং অন্তরে নিজ্জন বালির উপরে বিদ্যা রোদন করিতেছিলেন। গভীর নিশীপ কালে চতুদিক ভয়কর অন্ধলার, চড়াবাদীরা সকলে বিশ্রাম করিতেছেন, শিষ্য ট ৪০৫ হাত একগাছি লম্বা দড়ির ছদিকে তৃটি প্রকাণ্ড কলদী বাথিলেন এবং তাহা হাতে লইয়া 'জয় গুরু,' 'জয় গুরু', বলিতে বলিতে থরশ্রোতা গলার পাড়ে উপস্থিত হইলেন। কতক্ষণ গুরুদেবকে আকুল প্রাণে কাঁদিতে কাঁদিতে ভাকিয়া গলায় নামিলেন। গলায় দড়ি জড়াইয়া তৃ'পাশে চুটি কলদী রাথিয়া যেমন তিনি গলা-মম্নার শ্রোতে ভানিতে হাত বাড়াইলেন, অমনি দয়ালদাস তাহাকে চু'হাতে বুকে জড়াইয়া ধরিলেন এবং টানিয়া চড়ার উপরে নিয়া তুলিলেন। 'বাস্ হো গিয়া বাচচা পুরা প্রায়শিত হো গিয়া আব চলো হামারা সাথ' বলিয়া শিশ্রকে লইয়া ছাউনীতে প্রবেশ করিলেন। বুঝি আন্ধ বিশ্বক্ষাণ্ড ধন্ত হইল। শিয়ের আম্পাত্য, গুরুর অপার সেহ মমতা দেখিয়া আজ বুঝি চতুর্দশ ভূবন নাচিয়া উঠিল। গুরুদেব হ কবে আমাকে তোমার এরপ অন্তগত করিয়া লইবে। কবে তোমাকে আমি যথার্থ আমার বলিয়া ৰঝিতে পারিব।

তাঁবুতে প্ছছিতে সন্ধ্যা হইল। গৌর নিতাইয়ের আরতি সংকীর্ত্তন শেষ হইলে গুরুত্রাতাগণ সাকুরের নিকটে বসিয়া বিবিধ প্রসঙ্গে আনন্দ করিতে লাগিলেন। দয়ালদাস স্থানীর অনেক কথা হইল। শুনিলাম একদিন কোন এক ব্যক্তি স্থামীজীকে বলিয়াছিলেন—বাবাদ্ধী! সাধু সন্থাসীদের সেবা অপেক্ষা সংসারের আবর্জ্জনা কতগুলি ছোটলোক কালাল দরিস্তদের প্রতি আপনার বেশী মুঁকি কেন? তাহাতে দয়ালদাস বলিলেন—'এক এক জনার এক একটা বস্থা প্রাপ্তির অধিকার বেশী। যেমন রাজার প্রাপ্য সন্মান মধ্যাদা অভ্যর্থনা, সাধুর প্রাপ্য শ্রদ্ধা ভক্তি অভিবাদন ইত্যাদি, সেই প্রকার অন্ন কেবল কৃষিত ব্যক্তিরই প্রাপ্য, তাহাতে সাধু অসাধু বিচার নাই। গৈরিক-ধারী সাধুসন্থাদিগণকে ভোজন করাইলেই যদি সাধু ভোজনের ফল হয়, ভাহা হইলে বস্ত্রাভাবে নগ্রপ্রায় কালালিগতে ভোজন করাইলেও মহাদেব ভোজনের ফল হয়। থাকে।'

মহাত্মা দয়ালদাস বাবাজীর দানের ভাব কত গভীর! এনকল কথা তুনিয়া ঠাকুর থুব আনন্দ করিলেন। অধিক রাত্রে সকলে বিশ্রাম করিলেন।

"এই তোমার বিলাদী দাধু"! গুরু-শিষ্মের অবস্থাঃ অদাধারণ শক্তিশালী দা-দাহেব।

আজ ঠাকুর চা দেবার পর সন্নাদীদের ছাউনীতে ঘাইবেন বলিয়া বাহির ইইলেন। গদার ধারে ধারে সন্ন্যাদীদের একাকায় পঁছছিয়া কিঞ্ছিৎ দূরে একটি থড়ের গাদা দেখিতে পাইলাম। ঠাকুর ক স্থানে প্রবেশ করিয়া কি যেন অমুসন্ধান করিতে লাগিলেন। থড়ের ভিতরে জনমানব শৃশু স্থানে একটি প্রমহংস চূপ করিয়া বদিয়া আছেন দেখিয়া ঠাকুর তথায় দাঁড়াইলেন এবং প্রমহংসকে নমস্বার করিয়া বদিলেন। দেখিয়া চিনিলাম—চড়ায় আদার দিন এই মহাত্মাকেই রাস্তায় দেখিয়া ঠাকুর ইহাকে পরিক্রমা করিয়াছিলেন। ভাবাবেশে সর্বাঙ্গ ইহার থর থব কাঁপিতেছিল। ঠাকুর এই মহাত্মার নিকটে প্রায় অর্দ্ধ ঘণ্টা বদিয়া বহিলেন। পরমহংস মৌন, কোন কথাবার্ত্তা হইল না। মহাত্মার দিকে একটু সময় তাকাইয়া থাকিয়া দেখিলাম তাঁহার গৌরবর্ণ, বক্ষস্থলে কাল পাথরের মত একটি স্থল্পই ছায়া পড়িয়াছে। ছায়াটি বড় লীভল ও ল্লিয়-কর। একটু সময় চাহিয়া থাকিতেই শরীরটি ঠাণ্ডা হইয়া গোল—চিত্রে প্রফুল ভাব আসিল, সজোবে নাম চলিতে লাগিল। মনে হইল, ইনি অসীম অনস্ত পরপ্রন্ধে নিজের অন্তিম্ব মিলাইয়া দিয়া শাস্ত সমাহিত ও মৌন হইয়া পড়িয়াছেন। আমরা যে এতক্ষণ তাঁহার নিকটে রহিলাম, তাহা ভিনি জানিলেন কি না তাহাও বুঝিলাম না। ইনি কে, কোথায় থাকেন কোন পবিচয়ই পাইলাম না। ইনি কে, কোথায় থাকেন কোন পবিচয়ই গাইলাম না। ইনি সেনীবাবা নামে থাতে। গোপনে থাকার অভিপ্রায়েই এই নির্জন স্থানে আসিয়া রহিয়াছেন। স্থুজাং ঠাকুরই বা ইহার পরিচয় দিবেন কেন ? ঠাকুর বলিলেন,—'নীরবে থাকিয়া ইনি যে উপদেশ দিচ্ছেন ইহা স্বর্থপ্রিট। এই প্রকার উপদেশ কেউ দিচ্ছেন না।'

মৌনী বাবার নিকট হইতে বাহির হইয়া ঠাকুর সন্ন্যাসী মগুলীতে প্রবেশ করিলেন। এক একটি চত্তবে বহুসংখ্যক বড় বড় তাঁৰু থাটান বহিয়াছে দেখিতে পাইলাম। কোন কোন তাঁৰুতে আসন বসন কিছুই নাই, শুধু বালি; কোনটিতে খড় বিছান; কোন কোন তাঁবুতে সতরঞ্চ গালিচা পাতা, আবার কোন কোন তাঁবতে এখর্য্যের আড়ম্বর দেখিরা চক্ষ্ স্থির হইল; কোন রাজা মহারাজার বৈঠক-খানাতেও এত সাজ সর্জাম আছে কিনা সন্দেহ। ঠাকুরের সঙ্গে ঘুরিতে ঘ্রিতে আমরা সন্ন্যাসীদের স্কপ্রিধান তাঁবুর ছারে উপস্থিত হইলাম। দেখিলাম, তাঁবুর একধারে একখানা ছোট ভক্তপোষের উপরে স্বর্ণপচিত বহুমূল্য মধ্মলের গদি। তাহার উপরে একটি সন্ন্যাসী বসিয়া আছেন। তাঁহার পশ্চাৎ ভাগে মধ্মলের মোটা মোটা স্তিত্ত তাকিয়া বহিয়াছে। সন্মাসীর পরিধানে গৈরিক রঙ্গের বসন ও আলখিলা ঝলমল করিতেছে। স্বামীজীর গলদেশে বড় বড় হীরা মুক্তা চুনী পালা প্রভৃতি মণিগণের উজ্জন মালা। প্রত্যেকটি মণি হইতে ভিন্ন ভিন্ন রঙ্গের জ্যোতিঃ বাহির হইতেছে। কত লক্ষ টাকা যে ঐ মালার মূল্য, অত্যান করা যায় না। উৎকৃষ্ট রঙ্গিন রেশমের পাগ পরিয়া স্বামীজী ব্যাসাসনে বসিয়া আছেন। দেখিতে রাজা মহারাজার মত, চেহারা স্থানী, তেজস্বী ও উজ্জ্বল গৌরবর্ণ। তাঁবুর ভিতরে অনেক মহান্তন মাড়োয়ারী ও ধনাঢা ব্যক্তিগণ বসিয়া বহিয়াছেন। স্বামীজী ঈষৎ হাস্তমূথে খুব উৎদাহের দহিত তাহাদিগকে শাস্ত্র পুরাণের কথা বলিয়া উপদেশ দিতেছেন; সকলে নিবিষ্ট হইয়া শুনিতেছে। স্বামীজীর দক্ষিণ পার্ষে একটি নিম্নিঞ্চন বৃদ্ধ সন্ম্যাসী একথানা জীর্ণ কমলের উপরে বিদিয়া আছেন। তিনি দময় দময় স্বামীজীকে উৎদাহ দিতেছেন।

খামীজীও ক্ষণে ক্ষণে তাঁহার পানে তাকাইয়া অশ্রুবর্ধণ করিতেছেন, কঠখর গদগদ হইতেছে। আমরা তাঁব্র সম্পুথে উপস্থিত দেখিয়া, স্বামীজী ঠাকুরকে বসিতে হন্ত দ্বারা ইন্ধিত করিলেন। ঠাকুরের সঙ্গে আমরা সকলেই তাঁব্র ভিতরে বসিলাম। সকলেই থ্ব ভক্তিভাবে স্বামীজীর উপদেশ শুনিতে লাগিলেন। স্বামীজীর বিলাসিতার অতিরিক্ত আড়ম্বর দেখিয়া গোড়াতেই আমার অশ্রুদ্ধা জ্মিয়াছিল স্বতরাং তাঁর উপদেশ ভাল লাগিল না; তাঁর অশ্রুদ্ধল এবং গদগদ কণ্ঠ ভাবের ভাল মনে হইতে লাগিল। একটু পরেই ঠাকুর সম্যাসীকে প্রণাম করিয়া উঠিলেন। আমরা ঠাকুরের সঙ্গে তাঁব্র দিকে চলিলাম! আমার মনের উদ্বেগ চাপিয়া রাখিতে না পারিয়া ঠাকুরকে জিজাসা করিলাম,—'যিনি এত বিলাসী, তিনি আরার সন্যাসীদের নেতা হইলেন কিরপে? গদগদ খ্বর, অশ্রুদ্ধল বাহা দেখিলাম, তাহাও তো ভাবের ভাল বলিয়া মনে হয়।' ঠাকুর আমার কথা শুনিয়াও কোন উত্তরই দিলেন না। তথন মনে হইল ঠাকুর আমার কথা শুনিয়া বিরক্ত হইলেন, স্বতরাং কোন কথা না বলিয়া ঠাকুরের সঙ্গে ধীরে ধীরে তাঁবুতে আসিয়া প্রছিলাম।

বেলা অবসানে আকাশে মেঘ দেখা দিল। দেখিতে দেখিতে চারিদিক অন্ধকার হইয়া আসিল।
সন্ধ্যা হইতেই ঝড়বৃষ্টি একসঙ্গে আরম্ভ হইল। চড়ায় হাহাকার পড়িয়া গেল। সাধুদের ধুনি নির্বাণ
হইল। ছাউনী ছাতা পড়িয়া বাইতে লাগিল। লক্ষ্ণ লক্ষ্ণ সাধু মাথা রাখিবার স্থান পাইলেন না।
ঘু'দিন ঘু'রাত্রি ঝড়বৃষ্টি ভুফানে লক্ষ্ণ লক্ষ্ণ পাধু অনাবৃত শরীরে বালির উপরে মাঘের দাক্ষণ শীতে
পড়িয়া রহিলেন। যাহাদের তাঁবু ছাউনী বা গৃহাদি আছে, তাহাদেরও ভাণ্ডার শূতা। এই বিষম
বিপদে কে কাকে দেখে, কে কার থবর নেয়।

তৃতীয় দিনে বেলা প্রায় দশটার সময়ে গায়ের কাপড় মৃড়ি ঝুড়ি দিয়া আমরা সকলে তাঁবুর ভিতরে বিদিয়া আছি, বাহিরে বৃষ্টি হইতেছে,—দেখিলাম একটি গৌরবর্ণ কৌপীন মাত্র পরিহিত বলিষ্ঠ সাধু অপর ১৫।২০টি সাধু সঙ্গে লইয়া দৌড়িতে দৌড়িতে আমাদের তাঁবুতে আসিয়া পড়িলেন। সমস্ত শারীর তার আছাড়ের ঘায়ে কত বিক্ষত হইয়াছে। কাদা মাখা চর্দ্রের উপর দিয়া স্থানে স্থানে বস্তের ধারা পড়িতেছে। সাধুটি আসিয়াই ঠাকুরের সমুখে ধুনির পাশে হাঁটু গাড়িয়া বদিলেন, এবং কর্ষোড়ে ঠাকুরেক জিজ্ঞাসা করিলান—'স্থামীজী! ভাণ্ডারমে কোন্ চীজ্ চাহি?, ঠাকুর বিধুবাবুকে জিজ্ঞাসা করিয়া জানিলেন, ভাণ্ডার শৃল্য কিছুই নাই। সাধু উহা শুনিয়া ছটি সহচরকে ত্'মণ চাউল ও আটা এবং তদপযুক্ত ভাল আলু লুন মৃত কাষ্ঠ প্রভৃতি অবিলম্বে আনিয়া দিতে বলিলেন। সাধু আর ক্ষণ-কালও না দাড়াইয়া সন্ধীদের সক্ষে দৌড়িয়া চলিলেন। শুনিলাম গতকলা অপরাহ্ন হইতে তিনি মুষলধারা বৃষ্টির মধ্যেও বহু সাধু সঙ্গে লইয়া চত্তরে চন্তরে মহাস্কদের নিকট উপস্থিত হইতেছেন এবং কোথায় কাহাদের কি প্রয়োজন, ধবর লইয়া তাহা পছছিয়া দিতে সন্ধীতে বৃষ্টিতে চড়ার উপরে ছুটাছুটি করিতেছেন, ভাবিয়া অ্বাক্ হইয়া রহিলাম। সাধু আছাড়ের পর আছাড় খাইয়া যেভাবে ক্ষত

বিক্ষত হইয়াছেন, তাহা মনে করিয়া চক্ষে জল আদিল। ঠাকুরকে আমি জিজাসা করিলাম, এরূপ সাধ্ বে চড়াতে আছে কল্পনাও করিতে পারি নাই, এই সাধূটি কে? ঠাকুর গুনিয়া ছল ছল চক্ষে আমার দিকে চাহিয়া কহিলেন—'ইনিই তোমার দেই বিলাসী সাধু।' এই বলিয়া ঠাকুর চুপ করিলেন এবং ছু পিয়া ছু পিয়া কাঁদিতে লাগিলেন। অঞ্চললে ঠাকুরের গণ্ডম্বল ভাসিয়া যাইতে লাগিল। কতক্ষণ পরে ঠাকুর বলিতে লাগিলেন—'সেদিন ঘাঁকে তোমরা মহারাজার মত বেশ ভ্ষায় সজ্জিত হ'য়ে গদির উপরে বসা দেখেছিলে, দেখ, আজ তিনি কি অবস্থায় ছুটাছুটি কর্ছেন। এই সন্ন্যাসীর নাম—সঙ্করারণ্য। এঁরই ডান পাশে সাধারণ আসনে কাঙ্গালের মত যে সন্ন্যাসীটি বসেছিলেন, তিনিই এঁর গুরু। বাপ মা যেমন ছেলেকে সাজ পোষাকে সাজায়ে ছেলের শোভা দেখে আনন্দ করেন, সেইরূপ অফুগত প্রিয় শিয়কে বহুমূল্য পরিচ্ছদে সাজায়ে তাকে দেখে গুরু আনন্দ কর্ছিলেন; শিয়প্ত সেইরূপ গুরু আমাকে আদর করে মহারাজার মত গদিতে বসায়াছেন গুরুরই কৃপাতে আমার এই সমস্ত ঐশ্বর্য্য ভোগ হচ্ছে মনে ক'রে এক একবার গুরুর চরণের দিকে তাকাচ্ছেন, প্রণাম করছেন, গুরুর স্নেহের কথা ভেবে অঞ্চজ্বলে ভেসে যাচ্ছেন, সময় সময় তাঁর কণ্ঠ রোধ হয়ে আসছে—ভাবের ভাণ কিছুই করেন নাই।'

রাত্রি প্রায় ১১টা। ঠাকুর জ্বলন্ত ধুনি সন্মুখে রাথিয়া আপন আসনে বিদিয়া আছেন; আমরা কেছ
শায়ন করিয়াছি, কেছ বিদিয়া রহিয়াছি। তাঁবুর দরজার দিকে চাহিয়া দেখি একটি লোক কোট
পেন্টালুনপরা, মাথায় টুপি দাঁড়াইয়া আছেন। ঠাকুর তাঁহাকে দেখামাত্র আসন হইতে উঠিয়া গিয়া
বুকে জড়াইয়া ধরিলেন এবং নিজ আসনে নিয়া বসাইলেন। আমরা দেখিয়া অবাক্ হইয়া বহিলাম।
কত সাধু সংগ্রামী পরমহংস ঠাকুরকে দর্শন করিতে আসেন। ঠাকুর তাঁহাদের ষথেষ্ট মর্গ্রাদা দিয়া
পূথক্ আসনে বসান। এ পর্যান্ত এমন একটি লোকও দেখি নাই যাহাকে ঠাকুর নিজ আসনে নিয়া
বসাইয়াছেন। থুব বিশ্বয়ের সহিত আমরা লোকটিকে দেখিতে লাগিলাম। ঠাকুরের সঙ্গে প্রায়
১৫।২০ মিনিট কথাবার্তা বলিলেন। কি বলিলেন বৃষ্টির শব্দে শুনিতে পাইলাম না। যাওয়ার সমগ্রে
আমরা ছাতা দিতে চাহিলাম, ঠাকুর নিষেধ করিলেন। লোকটি চলিয়া গেলেন পরে ঠাকুরকে জিজ্ঞাসা
করিলাম—ইনি কে? ঠাকুর কহিলেন,—'ইনি সা সাহেব, জাতিতে মুসলমান—আমার
শুরুজ্রোতা। এখন জাতিবৃদ্ধি নাই—পরমহংস অবস্থা। ইনি ঐশ্বর্য্য পথে চ'লে সিজ
হ'য়েছেন। ইহার শক্তি অসাধারণ। এই ঝড় বৃষ্টিতে এসেছেন—এক ফোঁটা জল



মহাত্মা গম্ভীরানাথজী





গায়ে পড়ে নাই। যাওয়ার সময়েও সেই ভাবেই গেলেন। আমরা কি ভাবে আছি থবর নিতে এসেছিলেন। এলাহবাদে থুব গোপনে আছেন। খুব অল্লই লোকই ইঁহাকে জানে।

সাধু ভিখনদাসঃ ভগবানের দান প্রবাহ— স্পর্শে কৃতার্থঃ মহাপুরুষ গম্ভীরানাথজী দর্শন।

আদ্ধ আকাশ পরিষ্কার হইল। সাধুদের আনন্দের আর সীমা নাই। পূর্ববিং সাধুদের থাকার স্বাবহা হইল। সংস্র সহস্র ধূনি জ্বলিয়া উঠিল। ভাগুরার যথামত আম্মেজন চলিল। প্রলম্বের পর পর প্রকৃতি পুনরায় শাস্তভাব ধারণ করিল। সাধুরা যত্রত্ত বিচরণ করিয়া পরস্পরের পরর লইতে লাগিলেন। সকলের যেন নব জীবন লাভ হইল; এই ঘুই দিন ঝড়বৃষ্টিতে কোন সাধুকে দেখা যায় নাই, কিছু ছোট কাটিয়া বাবা প্রত্যাহ যেমন ঠাকুরের নিকট আসিয়া থাকেন, এই ঘুই দিনই সেই প্রকার আদিয়াছিলেন। আমাদের তাঁব্র ভিতর থাকিতে বাবাজীকে বিশেষভাবে অ্করোধ করা হুইয়াছিল কিছু বাবাজী রাজী হুন নাই। বলিয়াছিলেন,—স্কীর ষেমন পতি, আসন, ধুনিও সাধুদের সেইস্কুপ। উহা ছাড়িয়া অন্তত্র কি প্রকারে থাকিব।

আজ মহাত্মা ভিখনদাস বাবাজী ঠাকুরের নিকট উপস্থিত হইলেন। ঠাকুর খুব আদর করিয়া তাঁহাকে নিজ আসনের পাশে বসালেন। পাটনার অনতিদ্রে বাবাজীর আশ্রম। এই আশ্রমে প্রত্যহ লাণ শত লোকের সেবা হয়। সময়ে সময়ে অসংখ্য সাধুদের জমাতও বাবাজীর আশ্রমে উপস্থিত হয়। আশ্রের্যের বিষয় এই যে বাবাজীর আকাশর্ত্তি। কখনও একদিনের বস্তু পর্যদিনের জন্ত রাথেন না। যুগন ভাগুরায় অভাব অস্থুমান করেন, বাবাজী রুণুনাথজীর দরজায় ধয়া ধরিয়া পড়িয়া থাকেন। প্রয়োজনীয় বস্তু অমনি আসিয়া পড়ে। কোথা হইতে কি ভাবে আদে, কেহ তাহার উদ্দেশ পায় না। প্রতিদিনই এই অন্তৃত ভাগুরা বহুকাল যাবৎ চলিয়া আদিতেতে। ঠাকুর বাবাজীর আকাশর্ত্তিও অন্তৃত ভাগুরার কথা তুলিয়া খুব প্রশংসা করিতে লাগিলেন। বাবাজী উহা শুনিয়া বলিলেন—'মা গঙ্গা থেমন কারো অপেক্ষা না করিয়া নিজ মনে প্রবাহিত হইয়া সাগরে গিয়া পড়িয়াছেন, দান স্বোত্তও দেই প্রকার ভগবানের ইচ্ছায় প্রবাহিত হইতেছেন। আমি মাত্র দেই গঙ্গায় হাত নিমজ্জন করিয়া পবিত্র হইয়া যাইতেতি। ওতে আমার কোন কন্তৃ ছই নাই। বাবাজীর বয়স ৪০৪৫ বংসর অন্থুমান হয়। বেশের কোন আড্ম্বর নাই—সাধারণ কৌপীন বহির্বাস, গলায় তুল্সী, ললাটে ও দাদশাঙ্গে গোপী চলনের তিলক। দেখিতে খুব স্কৃষ্ক ও বলিষ্ঠ—বড়ই স্কলর প্রেমপূর্ণ মৃত্তি। আজ ঠাকুরের সঙ্গে মহাত্মা গন্তীরানাথজীর দর্শনে চলিলাম। দুর হইতে স্বামীজীকে দর্শন মাত্রে

তাঁর অসাধারণ প্রভাব অছ্ভব হইতে লাগিল। প্রবল ফোয়ারার মত নামটি চেষ্টার অপেক্ষা না করিয়া সতেজে ভিতর হইতে বাহির হইতে লাগিল। ঠাকুর বাবাজীকে সাঠাজ প্রণাম করিলেন। বাবাজী অত্যন্ত আগ্রহের সহিত একখানা শতছিদ্রমুক্ত মলিন বল্পের থণ্ড ঠাকুরকে বসিবার জন্ত পাতিয়া দিলেন। ঠাকুর উহাতে স্থির হইয়া বসিয়া বাবাজীর দিকে চাহিয়া রহিলেন। বাবাজীও কথাবার্ত্তা না বলিয়া চূপ করিয়া রহিলেন। বাবাজীর তপদীপ্ত কলেবরটি অসাধারণ দীর্ঘ। পরিধানে কৌপীন। কোমরে একখানা কাল কম্বলের টুকরা জড়ান রহিয়াছে। নাসিকা উয়ত, ললাট দীর্ঘ। চক্ষ্রটি অত্যন্ত উজ্জল রক্তবর্ণ। অবিশ্রান্ত তাহাতে অশ্রবর্ণ হইতেছে। শরীর একেবারে নিম্পন্দ, নিক্তির কাঁঠার মত স্থির। যে আসনে বিদয়া আছিন, তাহা আসন নয় বলিলেও চলে। ছেঁড়া একখানা চাটাই ধূলা, বালি, ধুনির ভল্মে তাহা পারপূর্ণ। বাবাজী ঠাকুরকে চা থাওয়াইতে ইচ্ছা করিয়া সেবকদের বলিলেন। অবিলম্বে বাবাজীর ব্যবহামত চা প্রস্তত হইয়া আসিল। মাটির স্থানিয়াতে করিয়া বাবাজী স্থাহতে বাদাম আগ্রনেট প্রভৃতি উপাদেয় কার্লি মেওয়া দ্বারা প্রস্তুত করা চা, থাইতে বেমনই স্ব্রাছ—গুণেও তেমনই গ্রম। থাওয়া মাত্র শ্রীর আগুন হইয়া উঠিল। ঠাকুর বলিলেন—"এমন উৎকৃষ্ট চা কখনও তিনি পান করেন নাই।"


অনেককণ ঠাকুর গন্তীরানাথজীর নিকটে বিষয়া ঠাবুর দিকে আসিতে লাগিলেন। পথে জিজ্ঞাসা করিলাম—ইনি কে?' ঠাকুর বলিলেন—'ইনি নাথ যোগীদের মহাস্তু। চারিদিকে যে সকল ভয়ন্তর আকৃতি সাধুদের দেখলে, তারা গোরথপন্থী—কানফাট্টা যোগী উহাদের ভিতরে অঘোরীও আছেন। ইনি ঐশ্বর্যা পথে অতি কঠোর সাধন ক'রে সিন্ধ হ'ন, পরে মহাসিদ্ধ অবস্থা লাভ করেন। হিমালয়ের নীচে এমন শক্তিশালী সাধু আর নাই। ইনি পলকে স্প্তি স্থিতি প্রেলয় কর্তে পারেন। কিন্তু এখন ইনি মাধুর্য্যে একেবারে ভূবে গেছেন ইঁহার সঙ্গে আমাদের বিশেষ সম্বন্ধ আছে। বরাবর পাহাড়ে যে চারটি মহাপুরুষ দর্শন ক'রেছিলাম, তার মধ্যে ইনি একজন—গোরখপন্থী। আলেখী, কানফাট্টা, অঘোরী এঁরা সকলেই ভান্ত্রিক যোগী—এঁদের সাধন বড়ই কঠিন।

আমরা চড়াতে আদিয়া এ পর্যান্ত যত দাধু মহাপুরুষ দর্শন করিলাম, গন্তীরানাথের মত কিন্তু কাহাকেও লাগিল না। গায়ে শীত লাগার মত ইহার প্রভাব আদিয়া দেহ মন স্পর্শ করিতে লাগিল।



স্বামী ভোলানন্দ গিরি পৃষ্ঠা ২৬০





ভৈরবী দর্শনঃ সত্যদাসীর পূর্বজন্মের গুরু।

আজ চা দেবার পর ঠাক্র বৈফবদের একটি চন্তরের ভিতর দিয়া তাত্ত্বিক সাধু সন্মাসী ও অবধৃতদের মণ্ডলীতে প্রবেশ করিলেন। তান্ত্রিক সন্ত্রাদিগণ অধিকাংশই রক্তাম্বর পরিহিত, ভস্মাবৃত অঙ্গ, জটিল ও ত্রিশূলধারী। ললাটে তাহাদের সিন্দুর বা লাল কলি। চেহারা অধিকাংশেরই তেজ্ঞ্বী, দেখিয়া শক্তিশালী মনে হয়। ঠাকুর ঘুরিতে ঘুরিতে একটি অবধৃতের নিকটে গিয়া উপস্থিত হইলেন। তিনি ঠাকুরকে দেখিয়া থুব উল্পতিভাবে 'জয় গজানন', 'জয় গজানন' বলিতে লাগিলেন। ঠাকুর প্রায় অর্ম্বণটা এই অবধৃতের নিকটে বসিয়া, উঠিয়া পড়িলেন। কিছুক্ষণ চলিতেই অনাবৃতস্থলে বালির উপরে ধুনি জালিয়া একটি তেজন্বিনী ভৈরবী বদিয়া আছেন দেখিলাম। ঠাকুর তাঁহার নিকটে পঁছছিতেই তিনি 'আও বাবা গণেশ', আও বাবা গণেশ' বলিয়া, খুব আনন্দ প্রকাশ করিতে লাগিলেন। ঠাকুরকে তিনি থুব আগ্রহের সহিত ধুনির সমূবে একটু সময় বদিতে অহুরোধ করিলেন। ঠাকুর বদিলেন। ভৈরবী ঠাকুরকে দেখিয়া ভাবাবেশে মৃগ্ধ হইয়া পড়িলেন। সাক্ষাৎ গণেশ বলিয়া, তিনি পুনঃপুন: ঠাকুরকে নমস্কার করিতে লাগিলেন। মুথ চোথ তাঁর যেন ফাটিয়া পড়িতে লাগিল। অশ্রুজনে তার গণ্ডস্থল ভাসিয়া গেল। ভৈরবীর দর্বাক্ব ভন্মমাধা, মন্তকে রাশীকৃত জ্ঞটা, তাহাতে সমস্ত পৃষ্ঠদেশ ঢাকিয়া রহিয়াছে। গ্লায় বড় বড় কমাক্ষমালা,কপালে দিন্দুরমাখা, বর্ণ খ্যাম, আকৃতি বেঁটে এবং স্থুল। সম্পূর্ণ উলঞ্চিনী হইয়া বোগাদনে বদিয়া আছেন। স্থুল উরুদ্ধয়ের সংযোগ হেতু নাভির নীচে আর কিছুই দেখা যায় না। দৃষ্টি এতই স্নিগ্ধ ও হৃন্দর যে, চোখে চোখ পড়িলে দৃষ্টি আর ফিরাইয়া আনা বায় না। ভামাকী হইকেও এমন হুত্রী দ্বীলোক আমি কোণাও দেবি নাই। আমরা সকলেই ভৈরবীকে দেখিয়া মুগ্ধ হইলাম। ঠিক বেন ভগবতী তারা আবিভূতি। হইয়াছেন। ঠাকুর উহাকে প্রণাম করিয়া উঠিলেন। যতক্ষণ দেখা যায়—ভৈএবী ঠাকুরের পানে একদৃষ্টে চাহিয়া র ইলেন। এবার আমরা তাঁৰুর দিকে রওয়ানা হটলাম। ঠাকুর দোজা পথে না চালয়া গলাভীর দিয়া

এবার আমরা তাঁবুর দিকে রওয়ানা হইলাম। ঠাকুর সোজা পথে না চালয়া গলাতীর দিয়া চলিলেন। সেতার হাতে একটি জটাধারী, শীর্ণকায়, দীর্বাকৃতি দাধু ঠাকুরকে দ্র হইতে দেখিয়া উয়জের মত হইয়া গেলেন। তিনি গান করিতে করিতে ঠাকুরের সম্পুথে আসিয়া নৃত্য করিতে লাগিলেন। ঠাকুরকে প্রদক্ষণ করিয়া শুবস্থতি করিতে আরম্ভ করিলেন। কত প্রকারেই ঠাকুরের নিকট কাতরতা প্রকাশ করিয়া এক একবার ঠাকুরের চরণতলে পড়িয়া ল্টাপুটি থাইতে লাগিলেন। তাঁহার নানাপ্রকার অজুত ভাব দেখিয়া আমরা আশ্র্রা হইলাম। তিনি কাঁদিতে কাঁদিতে কর্যোড়ে ঠাকুরকে বলিলেন—'প্রভা! আপনার দর্শন পাওয়ার জন্ম আনেক ঘ্রিয়াছি - বত্রকাল য়াবৎ আপনাকে ধ্যান করিতেছি।' ঠাকুর খ্ব স্বেহভাবে তাঁর পানে দৃষ্টি করিয়া ছলছল চক্ষে কহিলেন,—'আপনাকে কয়েক দিন যাবৎ আমিও মনে মনে খোঁজ করিতেছি।' কিছুক্ষণ গলাতীরে দাঁড়াইয়া ঠাকুর তাঁবুতে চলিয়া আসিলেন। সন্ধ্যার সময়ে আর আর দিনের মত মহাপ্রভ্ নিভ্যানন্দ

প্রভুব আরতির পরে গুরুত্রাতাদের সংকীর্ত্তন আবস্ত হইল। এই সংকীর্ত্তনে গুরুত্রাতাদের মহাভাব দেখিয়া সাধুসন্ন্যাসিগণ খুব আনন্দলাভ করিলেন। সংকীর্ত্তনের পর ঠাকুর তাঁবুতে প্রবেশ করিলেন।

গুরুত্রাতারা প্রায় সকলেই ঠাকুরের সঙ্গে তাঁবুতে প্রবেশ করিলেন। আমি ও অখিনী মাত্র বিগ্রহ্বয়ের নিকটে রহিলাম। এই সময়ে সদর দরজার দিকে চাহিয়া দেখি, একটি সন্ত্যাসী গোর-নিতাইকে নিতাইয়ের দিকে তাকাইয়া. কর্ষোড়ে দাঁড়াইয়া আছেন। একটু পরেই তিনি গোর-নিতাইকে সাষ্টাল প্রণাম করিলেন। দেখিয়া বড়ই আশ্চর্যারোধ হইল। কারণ, সন্থ্যাসীরা কেহ গোর-নিতাইকে জানেন না,—মানেনও না। তাঁহারা অনেকে বিগ্রহ্বয়কে গলা যম্না বলেন। সন্থ্যাসীর আকৃতি দেখিয়া চিনিলাম। ইনিই গতকলা ঠাকুরের নিকট আদিয়া ঠাকুরকে প্রণামপ্রকি ধুনির সমুধে প্রায় অর্দ্ধণ্টা বদিয়াছিলেন; ঠাকুরের সঙ্গে একটি কথাও বলেন নাই। ঠাকুরও একেবারে চুপ করিয়াছিলেন। ইনি চলিয়া যাওয়ার সময়ে নিজের কাঠের কমগুলুটি ঠাকুরের পাশে রাখিয়া, ঠাকুরের কমগুলুটি নিয়া গেলেন। ঠাকুর দেখিয়াও কোন আগন্তি না করায় আমরাও বাধা দিলাম না। ঠাকুরের নিকট ইহার পরিচয় জিজ্ঞানা করায় ঠাকুর বলিলেন,—'ইনিই সত্যাদাসীর পূর্বে জন্মের গুরুন। বদরিকাশ্রমেরও উপরে বহুদূর বরফাবৃত হিমালয়ের অতি উচ্চ শৃঙ্গে গোফার ভিতরে ইনি থাকেন। সেই স্থানকে সাধুরা 'বরফান' বলেন। ওখানে কন্দমূলই আহার। ইনি একজন বহু প্রাচীন মহাপুরুষ। লোকালয়ের কিছুই জানেন না। বহুকাল পরে এবার ইনি লোকালয়ে এসেছেন।'

মহাপুক্ষকে দেখিয়া আমি অখিনীকে বলিলাম,—'ওরে, ওই তাাখ্, সেই মহাপুক্ষ,—সতাদাদীর গুরু ।' অখিনী অমনি কুঞ্জ, সতীশ প্রভৃতিকে খবর দিতে গেল। এই অবদরে মহাত্মা সরিয়া পাড়িলেন। আমি দরজার নিকটে ষাইয়া তাঁহাকে দৃষ্টিতে রাখিতে লাগিলাম। গুরুত্রাতারা ছুটাছুটি করিয়া তাঁহাকে ধরিতে চলিলেন,—কেহ কেহ চলিতে চলিতে আছাড় খাইতে লাগিলেন। দেখিলাম, থ সমরে মহাপুক্ষ অক্যাৎ ফিরিয়া দাঁড়াইলেন এবং আমাদের দিকে আদিতে লাগিলেন। ক্রমে আমাদের দরজার নিকটে আদিয়া পত্তিলেন। গুরুত্রাতারা অনেকেই তাঁহার চরণ ধূলি নিতে লাগিলেন। সকলকেই তিনি মাধায় হাত দিয়া আশীর্কাদ করিলেন। পরে পূর্কাদিকের রান্ডা ধরিয়া প্রাতিম্বে চলিয়া গেলেন।

মহাপুরুষের কবচ দান।

আজ সকালে উঠিয়া আর আর দিনের মত আমরা চড়ার পূর্ব্বপ্রাস্তে গন্ধাতীরে শৌচার্থে উপস্থিত হইলাম। মেথরদের ঘরের দারে ঠাকুরের কমগুলুর মত একটি কমগুলু দেখিয়া ভাবিলাম, এখানে এই জিনিষ কেন ? একটু অমুদন্ধান করিতেই দেখি, মেথংদের ঘরের কোণে দেই মহাপুরুষ চুপ করিয়া বিসিয়া আছেন। আমরা খুব আগ্রহের সহিত অহ্নয়-বিনম্ন করিয়া অহুরোধ করাতে তিনি আমাদের তাঁবৃতে গিয়া থাকিবেন, স্বীকার করিলেন। স্নানের পর আমরা তাঁহাকে সঙ্গে লইয়া তাঁবৃতে আদিলাম। মহাপুরুষকে পাইয়া তাঁবৃর সকলেরই খুব আনন্দ। আমার উপরে মহাপুরুষের বিশেষ কপাদৃষ্টি পড়িল। তিনি আমাকে বলিলেন—'বাচ্চা যো চীজ্কে ওয়ান্তে তোম এত্না ভজন-সাধন কর্তা হায়, ওহি চীজ্তোম্কো হাম্ দেয়েকে। ও চীজ্ধারণ কর্নেছে তোমবা সর্ক্রিধ্লাভ হোগা।'

আমি-'ও দিধ মে হামরা ক্যা হোগা ?'

মহাত্মাজী—'মহাবীরজীকি শাক্ত তোমারা ভিতর সঞ্চার হোগা!—উর্জরেতা হো যায়গে; আউর গুরুজীকা উপর অন্য ভক্তি, একাস্ত নিষ্ঠা বন্ যায়গি।' আমি শুনিয়া অবাক্ হইলাম।— ভাবিলাম, এ বস্তব জ্ঞুই তো একমাত্র আকাজ্ঞা, কিন্তু ইহা কি ঠাকুর ভিন্ন অন্য কেহ দিতে পাবে ? ইহা তো আমার গুরুদেবেরই এক চেটিয়া সম্পত্তি। ভাল, যদি দয়া করিয়া দেন,— আমার তো পর্ম সৌভাগ্য।

এগারটার সময় ঠাকুর পায়ধানায় গেলেন; পরে মহাপুক্ষ ঠাকুরের ধ্নির সমূথে বিষয়া ধ্পধ্না শুগ্গল-চলনাদি মন্ত্রপুতঃ করিয়া অগ্নিতে নিক্ষেপ করিতে লাগিলেন। পরে ভূজপত্রে অক্ষত মহাবীরের মৃত্তি আমাকে দেখাইয়া, উহা হোম-ধ্যের উপরে পুনঃপুনঃ আরতি করিলেন। তৎপরে আমার হাতে দিয়া বলিলেন—'লেও ইন্কো দক্ষিণ বাহুমে ধারণ কর্না—আউর পূজা কিও।'

আমি—মহাত্মাজী । পূজা হাম জান্তা হায় নাই, দেবেফ ধারণ কর্নে দেক্তেঁহে।
মহাত্মা—আচ্ছা ওম্মেই হোগা। ফিবু মঙ্গরকা রোজ ধুনা জালায়কে একদফে আরতি কিও।
আমি মহাত্মাজীকে জিজ্ঞানা করিলাম—আপকা ওমর কেৎনা হায় ?

মহাত্মাজী—"মই তো নাহি জানতা ছায় বহত বরষ হয়। এক রোজ গুরুজী হামকো কহা— 'আব তো তোমারা তিন শত বরষ উতার গিয়া, কভি ভোমারা মন হোয় তো জনম্ভূম্ একদফে দর্শন কিও। বহুত বরষ বাদ গুরুজীকা বাত হামারা খেয়ালমে আয়া। হাম তো জনম্ভূম্ দর্শনকো গুয়াতে নীচু চলা আয়া। হরিছারমে আয়কে শুনা, ববন ভারত ভূম্ মে প্রবেশ কিয়া হায়।' তব্ হাম আউর নেহি উতারা, ফিন আসন পর চলা গিয়া। এহি বরষমে হাম কুছ্মেলামে চলা আয়া।"

শুনিলাম,—ইনি রাত্রি প্রায় আড়াই প্রহরের সময়ে দেব মুহুর্ত্তে মানস-সরোবরে স্থান করেন,পরে বদরিনারায়ণ দর্শন করিয়া প্রীক্ষেত্রে প্রীক্ষগরাথদেবের দর্শন ও মঙ্গল আরতি করিয়া থাকেন। তৎপরে ঘারকাতে যাইয়া প্রীপ্রীঘারকানাথজীর দর্শনাস্তে হোম করেন, অতঃপর প্রয়াগে ত্রিবেণী সদমে স্থান করিয়া নিজ আসনে চলিয়া যান। ইহাই মহাত্মার নিত্যকর্ম।' তাঁহার মূথে শুনিলাম,—বলিলেন,—'এই যে ত্রিবেণী দেখিতেছ, এই প্রকারের আরও তিনটি ত্রিবেণী হিমালয়ের উপরে রহিয়াছে। মন্দাকিনী অলকনন্দা এবং ভাগীরথী; গন্ধার এই তিন ধারাতেই সরস্বতীর সন্ধ্য আছে।

হিমালয় পর্যতোপরে পম্পা, মানস প্রভৃতি চারিটি সরোবর আছে। অস্তে যাহাদের শরীর বিদ্ধ হয় না, আগুনেও যাহাদের শরীর পোড়েনা, যে ব্যক্তি নিজের শরীরকে এইরপ মনে করেন, মাত্র তিনিই মানস-সরোবরে বাস করিতে পারেন এবং ঐ সকল সরোবরে স্থান করিতে পারেন। বাবা! আমি ঐ চারিটি সরোবরেই স্থান করিয়া থাকি।' ইহার পর মহাত্মাজী তাঁবু হইতে কথন কোথায় চলিয়া গোলেন—কোন থোঁজ পাইলাম না।

শৌচাস্তে ঠাকুর আসনে আসিলেন; নির্জন পাইয়া ঠাকুরকে সমস্ত কথা বলিলাম। মহাপুরুষ প্রদন্ত কবচ ধারণ করিব কি না ঠাকুরকে জিজ্ঞাসা করিলাম। ঠাকুর বলিলেন—'তুমি কি চেয়ে-ছিলে ? না, তিনি নিজ হ'তে দিলেন ? আমি বলিলাম—'আমি কিছুই তাঁর নিকটে চাই নাই,—নিজ হ'তে তিনি দিয়েছেন।' ঠাকুর কহিলেন—'তোমার খুব সৌভাগ্য। উনি সাধারণ নন, - বাক্সিদ্ধা। উনি যেমন বলেছেন সেইরূপে ধারণ কর্লে এসব অবস্থা লাভ হবে। ইচ্ছা হ'লে, আজই উহা ধারণ কর্তে পার।'

ঠাকুরের কথা শুনিয়াও আমার উহা ধারণ করিতে তেমন আগ্রহ জনিল না। আমি উহা ঝোলায় ভরিয়া রাখিয়া দিলাম।

রঙ্গিলাবাবা।

আমরা চড়ায় আসিয়াছি পর, একটা সাধু প্রায়ই ঠাকুরের নিকট আসিতেছেন। বেশভ্ষা দেখিয়া ও কথাবার্ত্তা ভনিয়া তিনি কোন সম্প্রদায়ত্বক অহ্মান করা শক্ত। মন্তকে তাঁহার জটা, ললাটে ভস্মাঝা, পরিধানে বছরকের টুকরা বস্ত্র দারা আল্থিল্লা, চেহারা বেঁটে, বর্ণ শ্রাম। পরিচয় না পাইয়া উহাকে আমরা 'রিক্লা বাবা' বিলিয়া ডাকি। ঠাকুরের নিকটে আসিয়া তিনি কেবল হঠ যোগের কথা বলেন। বৈষ্ণবদের উপরে বোধ হয় তেমন প্রান্তন না ঠাকুরকে তিনি বলিলেন - 'তোমারা ঘা তিলক হায় ওতো হামায়া শিবলীকো টাটি হায়। শিবলী উন্নে ঝায়া ফির্তা হায়। ঠাকুর তাঁহার কথা শুনিয়া ছল্ছল্ চক্ষে করমোড়ে বলিলেন—'তব তো হাম ধন্ত হো গিয়া।' সাধু মধন আদেন, তথনই ঠাকুরকে অনর্গল উপদেশ করিতে থাকেন। ঠাকুরের মুথের একটি কথাও আমরা শুনিতে পাই না। এজন্ত সকলেই সাধুর উপরে একট্ বিরক্ত। ঠাকুর কোন কথা বলিতে আরম্ভ করিলে সাধু তাহাতে কান দেন না। ঠাকুরের কথায় বাধা দিয়া নিজের কথাই বলিতে থাকেন। এমন দেবিয়া সতীশ ভিশুরে ভিতরে গরম হইয়া উঠিল। কতক্ষণে সাধু তাঁবুর বাহিরে যান, সতীশ অপেক্ষা করিতে লাগিল। এ সময়ে ঠাকুর লৌচে গোলেন। সতীশ আপেক্ষা করিতে লাগিল। এ সময়ে ঠাকুর লৌচে গোলেন। সতীশ আসিয়া সাধুকে তালাস করিতে লাগিল। রাস্তায় ষাইয়াও একবার খুঁজিয়া আসিল। পরে আমাদিগকে বলিল—'আজ ওকে পেলে নিশ্বম আমি ওর কানটি কামড়াইয়া ভি ডিতাম। ঠাকুরের কথায় যে বাধা দেয়, ঠাকুরের কথা যে

না শুনে, তার কান থাকায় লাভ কি ?' বোধ হয় দতীশের ভাব ব্ঝিয়াই ঠাকুর একটা কার্য্যের হতুম দিয়া সতীশকে সরাইয়া নিলেন,—না হলে আজ পাগলা সতীশ নিশ্যুই একটা বিপদ্ ঘটাইত।

ছদাবেশী মহাপুরুষ।

আজ বেল। প্রায় ১টার সময়ে একটা পাঞ্চাবী জন্তলোক ঠাকুরের নিকট আদিলেন। ঠাকুর তাঁহাকে দেখা মাত্র কর্ষোড়ে অভিবাদন করিয়া ধুনির সমূথে বসাইলেন। ভদ্রলোকটির শরীবে ধর্মের কোন প্রকার চিহ্ন নাই পরিছার সাদা বস্ত্র ও জামা পরিধানে। মন্তকে হন্দর সাদা বস্ত্রের পাগড়ী, শাশ্রু গোঁপ পক। আকৃতি হুস্থ ও হুদীর্ঘ, বর্ণ গোর। দেখিলে খুব তেজন্বী বলিয়া বোধ হয়। লোকটিকে বড়ই আপনার বলিয়া মনে হইল। একটি কথাও না বলিয়া, ঠাকুরের নিকটে চুপ করিয়া বিদিয়া রহিলেন। ঠাকুরের পানে পুন:পুন: তাকাইতে লাগিলেন। ঠাকুরও নির্বাক্ থাকিয়া ভদ্রলোকটির পানে তু'তিন বার চাহিলেন। ভদ্রলোকটি বতক্ষণ ঠাকুরের নিকটে বদিয়া বহিলেন, তাঁবুর একটা লোকও বাহিরে গেলেন না,—কারো বাহিরে যাইতে প্রবৃত্তি হইল না। প্রায় অর্দ্ধঘণ্টাকাল ভদ্রলোকটি থাকিয়া, পরে ঠাকুরকে প্রণাম করিয়া চলিয়া গেলেন। ঠাকুরকে তখন জিজ্ঞাসা করিলাম—'ভদ্রলোকটি কে? দেখতে বড় ভাল লাগ্লো।' ঠাকুর কহিলেন,—'ইনি সাধারণ লোক নন্! মহাপুরুষ ছন্মবেশে এসেছিলেন। ইহার প্রভাব অসাধারণ।

আমি—ইনি তো একটা কথাও বল্লেন না ?

ঠাকুর—বল্বেন না কেন ? তের ব'লেছেন। মুথে কিছু বলেন নাই বটে, — দৃষ্টিতে ব'লেছেন।

আমি-এর কি কোন পরিচয় নাই ? ইনি কে ?

ঠাকুর—পরিচয় যথেষ্ট আছে, তবে দশ জনের মধ্যে প্রাকাশ হ'তে চান না। ইনি কর্ণেল অল্কটের গুরু—কৌথুম ঝ্যা।' ঠাকুরের নিকটে পরিচয় পাইয়া গুরুলাতারা অনেকে অমুস্কানে বাহির হইলেন। কিন্তু পাইলেন না।

শুনিলাম, ঠাকুর প্রয়াগ আদার পরে শ্রীমতী এনি বেদান্ত শ্রীযুক্ত মনোরঞ্জন গুহু ঠাকুরতার পত্নী মনোরমার দহিত দাক্ষাৎ করিতে গিয়াছিলেন এবং মনোরমার অভুত দমাধি দর্শন করিয়া বিমিত হইয়াছিলেন। মনোরমাকে নাকি তিনি কৌথুমের ফটো দেখাইয়াছিলেন এবং ঠাকুরকে দর্শন করিবার খুব আকাজ্জা মনোরমাকে জানাইয়াছিলেন। শুনিলাম,—'এনি বেদান্ত' দাধুদের দক্ষে চড়ায় বাদ করিয়া তাঁহাদের দকে ত্রিবেণী স্নানের অন্তমতি চাহিয়াছিলেন, কিন্ত চড়াবাদী দাধু দয়্যাদীয়া ঐ কথায় দম্মতি দেন নাই। ত্রিবেণীতে মকর সংক্রান্তির স্থান কালে এনি বেদান্ত এ দেশীয় মেয়েদের মত দাড়ী পড়িয়া স্থান করিয়াছিলেন। শুনিয়া আনন্দ হইল।

রাদায়নিক দাধু।

আজ সম্যাদীদের চত্তর পরিক্রমা কবিয়া নানকদাহীদের চত্তবে আদিতে, বালির উপরে অনার্ত-আমাদিগকে দেখিয়া তিনি থল্ থল্ করিয়া হাদিয়া উঠিলেন। দুর হইতে ঠাকুর তাঁহাকে দেখিয়া একটু হাদিলেন, কিন্তু তাঁহার নিকটে গিয়া বদিলেন না। ঠাকুর চন্তবে ঘরিতে ঘরিতে যে সাধু-সম্যাদীদের একটু বিশেষত্ব দেখেন, তাঁহারই নিকটে গিয়া বদেন; কিন্তু এই দাধুকে দেখিয়া হাসিলেন অধচ তাহার নিকটে গেলেন না,--ইহার কারণ কি ব্যিলাম না। কয়েক পা ঠাকুরের স্কে চলিয়া জিজাপা কবিলাম—'পাধুর কপাল তো অসাধারণ দেখিতেছি, এত বড় উন্নত ও প্রশস্ত ললাট তো জীবনে কারো দেখি নাই। ইনি কে ?' ঠাকুর বলিলেন,—এত বড কপাল না হ'লে কি এত বড় ভাগ্য হয় ? এঁদের গোপনে থাকাই মঙ্গল—প্রকাশ হ'লে মিপ্রভা থাকে না।' ঠাকুরের কথা ভনিয়া দকলেই ভাবিলেন—'ঠাকুর যথন ইহাকে গোপনে রাখিতে চান, তথন নিশ্চয়ই ইনি মান্দ দরোবনের পর্মহংদ্জী হটবেন-এই ভাবিয়া দকলেই জাঁহার পায়ে গিয়া পড়িতে লাগিলেন। আমার হাতে ঠাকুরের কমওলু.-এই হাত কাহার পায়ে স্পর্শ করাইব, ভাবিয়া আমি তফাতেই বহিলাম। গুরুলাভারা সন্ন্যাদীকে দর্শন করিয়া এতই মুগ্ধ হইলেন যে, তাঁহাকে অন্থনয়-বিনয় করিয়া আমাদের তাঁৰুতে নিয়া চলিলেন। ঠাকুর তাঁবুতে না গিয়া বাহিরে বদিলেন। কুঞ্জ, সভীশ, ছোড়দাদা প্রভৃতি গুরুলাভারা সন্ন্যাসীর দেবায় লাগিয়া গেলেন। কেহ হাত কেহ পা টিপিতে লাগিলেন। বাঁহার। অঙ্গ দেবার স্থযোগ পাইলেন না তাঁহারা ঘনাইয়া সন্ন্যাসীর গা ঘেঁদিয়া বদিলেন। সয়াদী দকলের শ্রদা-ভক্তি দেখিয়া খ্ব খ্দী হইলেন এবং বলিলেন—'আজ তোম লোকন্কো এক আচ্ছি চীজ দেখায়েল।' এই বলিয়া একটি গুলির মত কি খাইলেন। সকলেই, পরমহংদজী বিশেষ কৃপা করিবেন মনে করিয়া, ধুব উৎকণ্ঠার সহিত অপেকা করিতে লাগিলেন। সন্ন্যাসী গুলি খাওয়ার পরে 'ঠাতা চীজ কুছ লিয়াও, দহি লিয়াও, মিঠাই লিয়াও'—বলিয়া এক একজনকে ছকুম করিতে আরম্ভ করিলেন। গুরুলাতারাও 'আমার উপর প্রমহংসঞ্জীর বিশেষ কুপা হইল' মনে করিয়া সে সকল জিনিষ হাজির করিতে লাগিলেন। এগারটা হইল, ঠাকুর পায়খানায় গেলেন, শাধু ৫19 মিনিটের জন্ম ছাউনী হইতে বাহিরে ঘাইয়া আবার ফিরিয়া আদিলেন এবং সকলকে বলিলেন—'আজ নেহি হোগা, চীজ্হজম নেহি হয়া, ও তো গির গিয়া। কাল বস্ত খায় কে হাম্ পেশাব করেকে, ওস্মে তাম। ভিজারকে আগ্মে ছোঞ্চ দেও—৫ মিনিট পিছু উঠায়কে দেখোগে পাকা হৰে হো যায়েগা। আভি হামকো একঠো পয়দা দেও। মুখ্মে রাধ্কে ও চীজ্ হাম দে দেতে। আগ্মে রাধ্নেদে ওভি আচ্ছা স্বর্ণ হো ধারেগা। এইছা স্বর্ণ বানায়কে হাম্ নিত্ দেয়েকে, ভোম লোক বাজারমে যায়কে বিক্ দেও, আউর আচ্ছা কর্কে ভাণ্ডারা লাগাও। সাধু এই

বলিয়া একটা পয়দা মুখে রাখিয়া দিলেন। ঠাকুব শৌচাস্তে আদনে আদিলেন। দাধু তথন পয়দাটি ধুনির আগুনে ফেলিতে তাঁবুর ভিতরে প্রবেশ করিলেন এবং ধুনির নিকটে গিয়া বদিলেন। ঠাকুর দাধুর ওখানে বদার হেতৃ কি, জিজাদা করায় তিনি মুখের পয়দা ধুনিতে ফেলিয়া দোনা প্রস্তুত করিবেন বলায়, ঠাকুর তাহাকে খ্র ধমক্ দিলেন এবং দাধুকে ছাউনী হইতে বাহির করিয়া দিতে বলিলেন। বিধু অমনি দাধুকে ধাকা দিয়া দ্রাইয়া দিলেন।

ঠাকুর বলিলেন—'ইনি রাসায়নিক বিষ্ঠায় পারদর্শী সাধু। শঙ্খিয়া থে'য়ে তাহা পিত্তের সঙ্গে মিলবার প্রণালী জানেন। ওরূপ কর্লে সেই উপরস্থ পিত্তের এমন গুণ হয় যে উহা প্রস্রাব ক'রে তাতে তামা ভিজায়ে আগুনে ফেল্লেই সোনা হবে। তামাতে থুথু মিলায়ে তাহা অগ্নিতে পোড়ায়ে নিলেও উৎকৃষ্ট সোনা প্রস্তুত হয়। এই সাধুর ইচ্ছা ছিল তোমাদের কারোকে নিয়া এই বিছা শিক্ষা দেন। এ বড় বিষম। এর ভিতরে গেলে জীবনে ধর্মালাভ হয় না।'

যে সকল গুরুত্রাতার। সন্মাসীকে মানসমরোবরের পরমহংস ঠাওবাইয়াতিলেন, ঠারুরের শেষ ব্যবহার দেখিয়া তাঁহারা অভিশব্ন লজ্জিত হইলেন। সারাদিন তাঁহাদিগকে ঠাট্টা করিয়া কাটাইলাম।

অসাধারণ ক্যাপার্টাদ।

ঠাকুরের সলে চড়াতে প্রথম বে দিন আসিয়াছিলাম, ঠাকুর এই ছাউনিতে প্রবেশ করিয়া বালির উপরে একটা সাধুকে পড়িয়া থাকিতে দেখিয়া বলিয়াছিলেন—"ইনি অসাধারণ মহাপুরুষ। মন্তক হ'তে ইহার সূর্যা রশার ন্যায় শুলুছটা চতুদ্দিকে ছড়ায়ে পড়ছে।" ইহার পর চড়াতে আসিয়া দেখিতেছি. এই সাধু একটি দিনও ঠাকুরের সঙ্গ ছাড়িয়ে অক্সত্র থাকেন না। যতকাল ঠাকুরের সঙ্গ করিয়াছি, বাহিরের লোক রাত্রিকালে ঠাকুরের সঙ্গে থাকিতে কথনও দেখি নাই; কিন্তু এই সাধু একটি রাত্রিও ঠাকুরের কাছচাড়া হয়েন নাই ইহাতে ঠাকুরও কোন আপত্তি করিতেছেন না। ঠাকুর ইহাকে ফেরুপ আদর বত্ব করেন, তাহাতে মনে হর ইনি ঠাকুরের বিশেষ ঘনিষ্ঠ। কিন্তু আমরা সকলে মিলিয়া বহু চেন্তা করিয়াও আল পর্যান্ত ইহার কোন পরিচয় পাইলাম না। অতি প্রাচীন মহাত্মা মহাপুক্ষগণও কোন একটি নির্দিন্ত হানে আসন করিয়া থাকেন; কিন্তু ইহার থাকার কোন নির্দিন্ত হান নাই। অন্তরের অবন্থা অন্তর্যামী জানেন; কিন্তু বাহিরে ইহার কোন একটা ধর্মের চিহ্ন বা অনুষ্ঠান দেখিতেছি না। জটা, তিলক, মালা, বিভূতি কিছুই ইহার নাই। ধর্মের কোন প্রকার অনুষ্ঠান না থাকিলেও, কারো কারো চেহারাতেই ধর্ম ভাজলামান দেখা যায়। কিন্তু ইহার আকৃতি এমনই কদাকার যে নিতান্ত ইত্তর শ্রেণীর কুলি মজুর ছাড়া আর কিছুই মনে করা

ষায় না। ইহার আরুতি দীর্ঘ, বর্ণ কাল, শরীর অতিশয় দৃঢ়—পালোয়ানের মত মনে হয়। মন্তকে কাল চুল গোঁপ শাশ্রণজ্জিত, মৃথপ্রী দেখিলে ৪০।৫০ বৎসরের অধিক অনুমান হয় না। লোকালয়ে থাকিতে হইলে সম্পূর্ণ উলন্ধ থাকা চলে না, তাই একধানা ছেঁড়া কম্ফর্টারের টুক্রা দারা কোপীন করিয়া লইয়াছেন। সম্পত্তির মধ্যে একথানা পুরান মরিচাধরা লোহার কড়া। তাহাও কোথা হইতে সংগ্রহ করিয়া লইয়াছেন জানি না। তাহাতেই শোচক্রিয়া জলপান আহারাদি সমস্ত করিয়া থাকেন। কিন্তু কথনও উহা ধুইয়া পরিছার করিয়া রাখিতে দেখি নাই। গৃহত্যাগী সাধুসয়াসীদের বা পাহাড়বাসী মহাস্থাদেরও লোক সমাজের রীতি-নীতি, আচার-ব্যবহার বিষয়ে একটা সাধারণ সংস্কার আছে, কিন্তু ইহার সে সকল সংস্কার কিছুই নাই। ঠাকুর ইহার বাহিরের অবস্থা সম্বন্ধে বলেন—"জড়োনাত্র পিশাচবং।" বাস্তবিক আমরা তাহাই দেখিতেছি। কিন্তু আশ্রেষ্টের বিষয় এই যে ইহার কোন আচার ব্যবহারে কারো কোন প্রকার উছেগ বোধ হয় না—বরং ভালই লাগে।

ঠাকুর ইহার দম্বন্ধে বলিলেন—"ইনি ত্রিকালজ্ঞ, ষ্টেড্র্খ্যুশালী, দেহমুক্ত মহাপুরুষ। আপন ইচ্ছাকুসারে ব্যোমমার্গে স্থারীরে যত্রত্ত্র বিচরণ করিতে পারেন। শুধু নিজে পারেন ভা' নয়, আরো হ'টি লোক হ'হাতে ধরে নিয়ে শৃত্যপথে যেতে পারেন। আমাকে অল্প সময়ের মধ্যে শ্রীবৃন্দাবন, কাশী, দ্বারকা, দেতুবন্ধ-রামেশ্বর, পুরী প্রভৃতি স্থানে ঘূরায়ে এনেছেন। প্রেমভক্তির দিক্ দিয়েও এর অবস্থা অসাধারণ, পঞ্চভাবের যে কোন ভাব ইচ্ছাকুসারে বর্ত্তমান ক'রে সন্তোগ কর্তে পারেন।" ইনি নানা প্রকার বিচিত্র ভাবে থাকেন বিশ্বা ঠাকুর ইহার নাম স্থাপার্চাদ রাধিয়াছেন। গদা, যম্না গোদাবরী, সরস্বতী, নর্মাদা, সিন্ধু, কাবেরী এই সাভটী তীর্থে প্রতিদিন শেষরাত্রে সান করেন। নেতি, ধৌতি ইহার নিত্যকর্ম। পেটের ভিতরের সমস্ত নাড়িভূড়ি বাহির করিয়া নিয়া জলে পরিষ্কার করিয়া ধুইশ্বা ফেলেন।

একদিন দেখিলাম,—"পোলের বরাবর বড় রান্তার উপরে পুলিস সাহেব ঘোড়ায় চড়িয়া ছুটাছুটি করিতেছেন। ক্যাপাচাঁদ দ্র হইতে দেখিতে পাইশ্বা লাফাইতে লাফাইতে আসিয়া পড়িলেন এবং ঘোড়ার সঙ্গে দেলি ডিয়া চলিলেন। সাহেব খুব বেগে ঘোড়া ছাড়িয়া দিলেন কিন্তু ক্যাপাচাঁদকে কিছুতেই পশ্চাতে ফেলিতে পারিলেন না। সাহেব হ'বার রান্তার এক সীমা হইতে অপর সীমা পর্যন্ত ঘথাসাধ্য চেই। করিলেন—কিন্তু ক্যাপাচাঁদে সঙ্গে সঙ্গে । দেই সময়ে দেখিলাম, ক্যাপাচাঁদের দেখিলাম এক অঙুত কাণ্ড। দোড়াইলেই লোকের শরীর সমুধের দিকে একটু ঝুঁকিয়া পড়ে, কিন্তু ক্যাপাচাঁদের তাহা নয়,—তাঁর শরীরটি ঠিক নিজির কাঁটার মত সোজা,—দোড়াইবার সময়ে পাত্'টি সোজা উঠিতেছে—নামিতেছে মাত্র। ভূমিতে কথন সংস্পর্শ হইতেছে, কথনও বা হইতেছে না,—শৃত্যে যেন বায়ুর উপর দিয়া দোড়িয়া চলিতেছেন। সাহেব ক্যাপাচাদের অভূত ক্ষমতা দেখিয়া ঘোড়া অকস্মাৎ

থামাইলেন। ক্যাপাটাদ অমনি সাহেবের সন্মুখীন হইয়া ঘোড়া ও সাহেবকে হস্ত ছারা আরতি করিতে লাগিলেন। সাহেব ত্'একটি বাবুকে জিজ্ঞাদা করিলেন 'এ কি করিতেছে ?' তাঁহারা বলিলেন—'দাহেব ! তোমার ভিতরে পরমেখরের শক্তির কার্য্য দেখিয়া তাঁহার মধ্যাদা দিতেছেন।' সাহেব একটু সময় ক্যাপাচাঁদের দিকে চাহিয়া থাকিয়া, ত্'হাতে দেলাম দিতে দিতে বলিলেন—'এ বড়া আছা মহাত্মা হায়,—শাঁচা সাধু হায়! আরো ২০ দিন ক্যাপাচাঁদের অভ্ত কার্য্য দেখিলাম।—তাহা আর এখন লিখিবার অবদর ঘটল না।

সারাদিন ক্যাপার্টাদ যেখানেই থাকুন না কেন, সন্ধ্যা হুইতে রাজি ৩টা পর্যান্ত ঠাকুরের সঙ্গ ছাড়া হন্ না। গুরুলাতারা যতক্ষণ নিদ্রিত না হ'ন, ক্যাপাটাদ ঠাকুরের সমূধে ধুনির ধারে পড়িয়া থাকেন। সকলে নিজিত হইলে ক্যাপাচাঁদ উঠিয়া বদেন। তথন ক্যাপাচাঁদ ঠাকুরের সামনাসামনি হাঁটু গাড়িয়া বসিয়া করখোড়ে কত কি বলিতে থাকেন। সংস্কৃত, হিন্দি ও বিবিধ অধানা ভাষায় ঠাকুরের স্তব-স্তৃতি করিতে করিতে অধীর হইয়া পড়েন। আবার তথনই লাফাইয়া উঠিয়া নৃত্য করিতে করিতে, দক্ষিণ হন্তের অনুলি সকল পঞ্প্রদীপের ক্রায় ঠাকুরের সম্মুধে ধরিয়া, "আহা ৷ আহা" বলিতে বলিতে আরতি করিতে থাকেন। রাত্রি ১১টা হইতে ৩।টা পর্যান্ত ক্যাপাচাঁদ কথন নৃত্য, কথন জন্দন, কথন বা ঠাকুরের গুব-দ্বতি করিয়া অতিবাহিত করেন। দিনের বেগায়ও কথন কথন ক্যাপার্টাদ বাহির হইতে উদ্ধানে দৌ ভূষা আসিয়া, ঠাকুরবে কত কি বলিয়া ক্রন্দন করিতে থাকেন। একটু পরেই ক্ষ্যাপাচাঁদ কাঁদিতে কাঁদিতে মাটতে পড়িয়া যান্। বুশ্চিক দংশনে বালক যেমন পিতামাতার নিকট পড়িয়া ছটুফটু করিতে থাকে, ক্যাপাচাঁদও দেই প্রকার হাত-পা আছড়াইয়া মর্মভেদী চীৎকার করিয়া ছট্ফট্ করিতে থাকেন। কাঁদিতে কাঁদিতে উহার চোগ, মুধ এবং শরীরের শিরা সমস্ত ফুলিয়া যাম, অঞ্জলে গণ্ডম্বল ও বুক ভাসিতে থাকে। ক্যাপাটাদের এ অবস্থা দেখিয়া আমরাও অস্থির হইয়া পড়ি,—চক্ষের জল সম্বরণ করিতে পারি না। জানি না কেন ঠাকুর উহার ক্রন্মনে অনেক সময় ল্রক্ষেপই করেন না। তিনি কোন প্রকার ব্যস্ততা প্রকাশ না করিয়া চুপ করিয়া বসিয়া থাকেন। কখন বা দক্ষিণ হন্ত সম্মুখের দিকে নাড়িয়া ক্যাপাচাঁদকে স্থির হইতে বলেন। তখন ধীরে ধীরে ক্ষ্যাপাচাঁদ স্থির হইয়া পড়েন। ১৫।২০ মিনিট পরেই ক্যাপাচাঁদ আবার লাফাইয়া উঠেন, এবং দক্ষিণ হস্ত দারা ঠাকুরের আরতি করিতে করিতে নৃত্য করিয়া দোঁহা পড়িতে থাকেন—ঠাকুরকে ভগবানের লীলা ভনাইতে আরম্ভ করেন। 'তাতা ধাইয়া, তাতা ধাইয়া, তাতা ধাইয়া, ধাইয়া, বুন্দাবনমে বংশী বাজে নাচে কিষণ কানহাইয়া।'—এই প্রকার দোহা পড়িয়া, শেষকালে 'কহে অৰ্জুনা শোন ভাই সাধু'—বলিয়া প্ৰত্যেকটি দোঁহা সমাপন করেন। এই সকল দোঁহা পাঠকালে ক্ষ্যাপাচাঁদ সঙ্গে সঙ্গে রচনা করেন বলিয়া অহ্নমান করি,—কারণ, একটি দোহা ত্'বার বলিতে পারেন না। প্রত্যহ ১৫।২০টি দোঁহা পড়িয়া থাকেন—প্রত্যেকটি নৃতন রকমের। দোঁহার শেষ ভাগে 'কচ্ছে অৰ্জুনা শোন ভাই সাধু'—থাকে বলিয়া আমরা ক্ষ্যাপাটাদের নাম 'অৰ্জ্নদান' ঠিক করিয়া রাখিয়াছি। শাল্প, পুরাণ ও উপনিষদাদিতে ক্ষ্যাপাচাঁদের পাণ্ডিত্য অসাধারণ। কেহ কোন শাল্পের একটি মাত্র চরণ পাঠ করিলে ক্ষ্যাপাচাঁদ উহার পূর্বাণর ১০।১৫টি চরণ অনায়াদে পাঠ করিয়া যান। ক্ষ্যাপাচাঁদের বিষয়ে কোন কথা লিখিয়াই প্রাণে তৃপ্তি হয় না,—মনে হয় কিছু লেখা হইল না। ক্ষ্যাপাচাঁদ যে কে, কতকালের লোক,—কিছুই জানিবার উপায় নাই। প্রাচীন কালের কোন ম্নি-অষি বলিয়া অন্থমান হয়। ক্যাপাচাঁদ বলেন—'আজকাল যো কুছ্ তাজ্জব্ আপলোক্ দেখ্তা স্থায়—হামারা রামরাজ্মে ওদব হাম দেখা স্থায়। রেলগাড়ী দেখা স্থায়, হাওয়া যান দেখা স্থায়, হাপাতাল দেখা হায়, রান্তা ইছ্ছেভি আচ্ছা দেখা। আউর যো দব দেখা—আংরেজ রাজমে আব্তক্ ওদব নেহি দেখ্ পাতা।'

গত কল্য বাত্রি প্রায় ২টার সময়ে ক্যাপান্টাদ আকুল হইয়া ঠাকুবের নিকট কাঁদিতে লাগিলেন। তাঁব মর্মভেদী আর্ত্রনাদে আমার বৃক "ত্র ত্র" করিতে লাগিল। ক্যাপান্টাদ এক সময় কাঁদিতে কাঁদিতে ঠাকুরকে বলিলেন—'আহা। মেরা রামজী হো। তোহার লিয়ে হাম ত্রেতা মুগ দে পড়া রহা আয়,—তিন মুগ হামারা গুজাড় গিয়া। আব তো রুপা কর্কে তৃ হামকো সাক্ষাৎ দর্শন দিয়া, আব্ হামকো রুপা কর্।—আব্ হামকো তোহার কর্লে।' ইত্যাদি—ক্যাপান্টাদের এই কথা কয়টি শুনিয়া আমি একেবারে চম্কিয়া গেলাম। ভাবিতে লাগিলাম, ত্রেতা মুগ হইতে ক্যাপান্টাদ ঠাকুরের মে কপালাভের জন্ত পড়িয়া আছেন,—দেই রুপা কি । যিনি মড়েম্বয়াশালী বিদেহ মহাপুরুষ,—তাঁর আর অভাব কি । কি বন্ধ পাওয়ার আশায় ক্যাপান্টাদ প্রত্যহ ঠাকুরের নিকট এত ব্যাকুল ভাবে কারাকাটি করিতেছেন । মনে হয় জীব স্থাই-স্থিতি-প্রলয়ের অধিকারী হইলেও ভগবৎপ্রাপ্তি না হওয়া পর্যন্ত তাঁহার আকাক্ষার পরিত্তির হয় না; কারণ তাঁহাদেরও আবার পুনরাবর্তন ঘটয়া থাকে। গীতায় আছে 'আবন্ধ ত্বনাল্লোকা পুনরাবত্তিনোর্জ্ন। মাম্পেত্যতুকোন্তেয় পুনর্জন ন বিছতে।' তাই মনে হয়, ভগবানের নিত্য সঙ্গলান্ডের জন্মই ক্যাপান্টাদ ঠাকুরের রূপাভিকা করিতেছেন। *

কালীকম্বলীবাবাঃ ছোটদাদার জন্ম কাঠিয়া বাবার নিকট ঠাকুরের প্রার্থনাঃ ঠাকুরের অসাধারণ সহাকুভূতি।

আজ ঠাকুর চা সেবার পর দাধুদের একটি চন্তরে পরিক্রমা করিয়া গদ্ধাতীরে কালীকখলীবাবার নিকটে উপস্থিত হইলেন। তিনি আদর করিয়া ঠাকুরকে বসিতে আসন দিলেন। কথাবার্তা বিশেষ কিছু বলিলেন না, নীরবে থাকিয়া ঠাকুরের দিকে চাহিয়া বহিলেন। ব্রন্ধচারীকে দেখিতে ২৫।২৬

^{*} ইহার পরে ক্ষাপাচাদ সাতারাম ঘোষের ট্রাটে ঠাকুরের নিকট উপস্থিত হইয়া, দীক্ষা গ্রহণ পূর্বক অক্সাং কোথায় চলিয়' গম্মছেন —এ পর্যস্ত আর তাঁর বোঁজ পাই নাই।

বংশর অফুমান হয়; কিন্তু বয়সে ইনি অত্যস্ত বৃদ্ধ। ১২ শত বংশর উত্তীর্গ হইয়াছে শুনিলাম। কায়াকর করাতে দেহ একই ভাবে রহিয়াছে। হিমালয়ের অতি নিভূত স্থলে, বদরিকাশ্রম হইতে বহুদ্বে বরফান প্রদেশে ইহার অবস্থিতি। নীচে যখন আদেন বহু ধনাত্য ব্যক্তি ইহাকে লক্ষ্ণ লক্ষ্ণ টাকা প্রণামী দেন। তাহা দারা ইনি ফুর্গম পাহাড় পর্বতে ধাতায়াতের রান্তা প্রস্তুত করান, ধর্মশালা স্থাপন করেন এবং বিবিধ লোকহিতকর কার্য্য করিয়া থাকেন। নিজের কোন প্রকার আড়ম্বর নাই। সামান্ত একখানা কাল কম্বল মাত্র গাত্রাবরণ রহিয়্নাছে। অনেক সময় মৌনই থাকেন। বাবাজীকে দেখিয়া আমরা স্কলেই খুব আনন্দলাভ করিলাম।

তাঁবুতে আদিবার সময়ে ঠাকুর রামদাস কাঠিয়াবাবার নিকট কিছুক্ষণ বসিলেন। কাঠিয়াবাবার নিকটে বাইয়াই ঠাকুর ছোড়দাদাকে দেখাইয়া বলিলেন—"ইনি নকরি পেয়েছেন—শীঘ্রই জামালপুর যাবেন। আপনি এঁকে আশীর্কাদ করুন!—এঁর উপার্জ্জিত অর্থ যেন সাধুসেবায় ব্যয় হয়।" কাঠিয়াবাবা খ্ব প্রদন্ম দৃষ্টিতে ছোড়দাদার দিকে চাহিয়া আনন্দ প্রকাশ করিলেন।

বেলা প্রায় ১১টার সময়ে আমরা তাঁবুতে ফিরিলাম। গুরুত্রাতারা কেহ সাধু দর্শনে, কেহ স্নানে, কেহ কেহ বা অন্ত প্রয়োজনে বাহিরে চলিয়া গেলেন। ঠাকুর আমাকে বলিলেন—"কি ব্রহ্মচারী, কবচ্টি তুমি ধারণ কর্লে না ? মহাপুক্ষ প্রদত্ত বস্তু এম্নি ফেলে রাখ্লে ? কত সাধ্য সাধনা ক'রে ওসব অবস্থা লোকের লাভ হয় না। উহা ধারণ করা মাত্র কার্য্য আরম্ভ হয় !---ধারণ ক'রছ না কেন ?"-- ঠাকুরের কথা শুনিয়া কোন কথাই আমার বাহির হইল না। একটু পরে ভাবিয়া-চিস্কিয়া বলিলাম, তামার মাত্লীতে উহা ধারণ করার ব্যবস্থা। এখানে মাত্লী কোপায় পাইব ?—সহরে গিয়া যা' হয় ক'ব্ব। ঠাকুর আমার পানে একটু সময় চাহিয়া রহিলেন,—আর কিছুই বলিলেন না। কবচ ধারণ সম্বন্ধে আমার ভিতরে নানা ভাব উপস্থিত হওয়ায়, ভিতরটি ভোল্পাড় করিয়া তুলিল। আমি ঠাকুরেয় নিকটে না বিশিয়া, বাহিয়ে চলিয়া গেলাম। কল্য ছোড়দাদা জামালপুর কার্যান্থলে চলিয়া বাইবেন। পণ্ডিত মহাশয় এবং অখিনীও কলিকাতা ষাইবেন, ভনিলাম। অনেক গুরুজাতারাই মেলাভদের পূর্বে মেলাস্থান হইতে চলিয়া যাইতেছেন। আজ একদল আমেরিকাবাদী ভারতবর্ষের প্রসিদ্ধ প্রদিদ্ধ সাধু-সন্নাদী-মহাপুরুষদের ফটো নিতে চড়ায় আসিয়াছেন। অনেক সাধু-মহাত্মার ফটো লইয়া তাঁহারা ঠাকুরের ফটো তুলিতে আমাদের তাঁৰুতে আদিতেছেন, শুনিলাম। শুনিয়াই ঠাকুর পায়থানায় চলিয়া গেলেন।—বিধুকে বলিয়া গেলেন—"এখানে সাধুর অনুসন্ধান ক'রে ফটো নিতে চাইলে, ব্রন্মচারীকে দাঁড় করিয়ে দিও।" আমি বড় লচ্ছিত হইলাম।

আব্দ নকালবেলা হইতে আকাশ মেঘাক্তর। ঘনঘটার মৃত্মু হ গর্জনে চড়াবাসী সাধুদের আতত্ত

উপস্থিত হইল। শীতে আজ তাঁৰু হইতে বাহির হইতে পারিলাম না। ঠাকুর ফ্লানেলের আল্থিলা গায়ে দিয়া, প্রজনিত ধুনির দম্থে বদিয়া আছেন। মোটা একখানা ক্ষলও মুড়ি দিয়াছেন। ইহাতেও ঠাকুরের শীত নিবারণ হইতেছে না,—'ঠকু ঠক্' করিয়া কাঁপিতেছেন। একজন গুরুল্রাতা ঠাকুরকে জিজ্ঞান। করিলেন—'আপনি এত কাঁপিতেছেন কেন?—আপনার কি জর হইল?' ঠাকুর কোন কথা না বলিয়া অঙ্গুলি নির্দেশ পূর্বক বালির উপরে এক ব্যক্তিকে দেখাইয়া কাঁদিয়া ফেলিলেন এবং নিজের গায়ের কম্বলখানা ছু ড়িয়া দিয়া বলিলেন—"ওকে এখানা দিয়ে এ সো।" বিধু ঘোষ কোন গুরুল্রাতার একখানা কম্বল নিয়া লোকটির গায়ে জড়াইয়া দিয়া আদিলেন। সাধু অনারত শরীরে বালির উপরে শীতে অবদাল হইয়া পড়িয়াছিলেন। কম্বল পাইয়াতাহার শীত নিবারণ হইল ও সঙ্গে সঙ্গে ঠাকুরেরও কাঁপুনি থামিল। কোন ক্লিপ্ট ব্যক্তিকে দেখা মাত্র তাহার সমস্ত কপ্ট আপন শরীরে অন্তত্বর করা, এ যে কি অসাধারণ দয়া তাহা কল্পনায়ও আসে না। এক্রপ পরমদয়াল ঠাকুরের সন্ধ আমরা পাইয়াছি,—আমাদের মত ভাগ্যবান্সংসারে আর কে আছে ? ধন্ত দয়াল ঠাকুর! তোমার এই দয়াই আমাদের একমাত্র ভরদা।

এই কুন্তমেলার প্রারম্ভ হইতেই বহু ব্যবসাদার মাড়োয়াড়ী ও ধনাতা ব্যক্তিগণ লক্ষ্ণ লক্ষ্ণ টাকার ক্ষল, তুলার জামা, শীতবন্ত ও জলপাত্র প্রভৃতি বড় বড় সন্থাসী মহাস্কদের নিকট বিতরণের জন্ত আনিয়া দিতেছেন। মহাস্কেরা দেই সকল বস্তু আপন ছাউনিতেই সাধারণতঃ বিলাইয়া থাকেন। অতিরিক্ত থাকিলে অপরদের দেন। কিছুদিন যাবৎ ঠাকুরের নিকটও এইপ্রকার গাঁঠ রি গাঁঠ রি ক্ষল, জামা আদিয়া পড়িতেছে। ঠাকুর দে দকল বস্তু আদা মাত্র রামদান কাঠিয়াবাবা, গজীবানাথজী প্রভৃতির নিকট এবং গরীব সাধুদের মঙলীতে পাঠাইয়া দিতেছেন। নিজ হাতে দান করিবার জন্ত কিছুই রাখিতেছেন না। ঠাকুরের এই প্রকার কার্য্যে চড়াবাদীদের ভিতরে সর্ব্যর নাম মহাদাতা বলিয়া প্রচার হইয়া পড়িয়াছে। স্ক্তরাং আমাদের ছাউনিতেও প্রাথীদের যাতায়াতের বিরাম নাই। ভাগ্ডারাতে যতক্ষণ থাবার সামগ্রী, লাক্রি, জলপাত্র থাকে—ততক্ষণ প্রাথীদের দেওয়া হয়। না থাকিলেই মৃদ্ধিল—নাই, তাহা প্রাথীরা রুবে না।

বাদনাহীন দাধুর ঠাকুরের হস্তে দানপ্রাপ্তির জেদ।

আজ একটি পবিত্র মূর্ত্তি সন্ত্যাসী আসিয়া ঠাকুরকে বলিলেন,—'স্বামীজী! আমার প্রয়োজন, আমাকে ক্বণা ক'রে ১২টি টাকা দিন।' ঠাকুর মহেন্দ্রবাব্কে জিজ্ঞাসা করিলেন—'টাকা আছে কি না।' তিনি বলিলেন—'এক পম্নসাও নাই।' ঠাকুর সন্যাসীকে বলিলেন—"আজ কিছুই নাই।"

সন্মানী বলিলেন—"আপনার কি আছে না আছে তা জেনে আমি টাকা চাই নাই। আপনার অক্ষয় ভাগুরে কিছুরই অভাব নাই, এই জানি! আপনি ইচ্ছা ক'র্লেই দিতে পারেন।"

ঠাক্র-"আপনার প্রারব্বে নাই, আমি কিরাপে দিব ?"

সন্থাসী—'আমার প্রারন্ধ ? আপনার দর্শন পেয়েছি, এখনও আমার প্রারন্ধ ? বেশ, তাহলে বলুন, আপনার দর্শনেও আমার প্রারন্ধ কয় হয় নাই—আমি চলে যাই।' ঠাকুর অমনি মহেন্দ্রবার্কে বলিলেন—"কারো নিকট হতে ধার ক'রে ইনি যা চান দিয়ে দিন।''

সন্মাসীকে ধার করিয়া টাকা দেওয়া হইল। সন্ত্যাসী সম্ভষ্ট হইয়া চলিয়া গেলেন। সন্মাসী চলিয়া গেলেন পরে সতীশ ঠাকুরকে বলিলেন—'ইনি সন্মাসী, অথচ অর্থে তো খুব আসক্তি দেখলাম।'

ঠাকুর বলিলেন—"ইহার মধ্যে বাসনার লেশমাত্র নাই।—ইনি বাসনা কামনার আনেক উপরে। তবে যে টাকার জন্ম অব্দার কর্লেন—সাধুর নিকট সাধু এরপ করে থাকেন।" সতীশ ইহার বয়দের কথা ঠাকুরকে জিজ্ঞাসা করিলেন। ঠাকুর তাহাতে বলিলেন—"বয়স অনেক।"

সতীশ বলিল—'৪০।৫০ হইবে।' ঠাকুর বলিলেন—"আরো বেশী।" সতীশ বলিল—'৮০।৯০ হবে ?' ঠাকুর বলিলেন—"আরো বেশী।"

সতীশ বলিল—'তবে ইহাকে এত অল্প বন্ধন কেন ? ২০।২৫ বংসরের অধিক কিছুতেই তে। মনে হয় না।'

ঠাকুর—"ইনি ২০।২২ বংসর বয়সে উর্দ্ধরেতা হ'য়েছিলেন; সেইজন্ম অল্পবয়ক্ষ দেখায়। সাধক যে বয়সে উর্দ্ধরেতা হন, শরীর বরাবর সেইরাপ থাকে—ক্ষয় বৃদ্ধি হয় না।" ঠাকুরের কথার বৃদ্ধিলাম—টাকা পয়সার প্রশ্নোজন ইহার কিছুই নাই। ঠাকুরের হাতে কিছু পাওয়াই যেন ইহার ভিক্ষার উদ্দেশু। তাই আব্দার করিয়া ঠাকুরের নিকট হইতে টাকা আদায় করিয়া নিয়া গেলেন। ঠাকুরের হাতে দান পাইয়াই যেন সয়াসী কুভার্ধ।

মহাপুরুষদের বিচরণ-কালঃ প্রকৃতি পূজা।

আজ অপরায়ে তান্ত্রিক সন্ন্যাসীদের চন্তর ঘ্রিয়া বহু ভৈরব-ভৈরবী ঠাকুরের সকে দর্শন করিয়া আদিলাম। রাত্রে ঠাকুর নিজ হইতে অনেক উপদেশ করিতে লাগিলেন। রাত্রি ১টা হইতে ৩টা পর্যাস্ত জাগিয়া নাম করিতে ঠাকুর প্রায় প্রতিদিন বলিতেছেন। প্রতিদিনই চেষ্টা করিতেছি, কিন্তু ঠিক্মত একটি দিনও পারিলাম না। আজ ঠাকুর বলিলেন—"তোমরা সারা দিন রাত নাম নাই কর্লে, কেবলমাত্র রাত্রি ১টা হ'তে ৩টা ৪টা পর্যান্ত যদি নাম

কর্তে পার, তা হ'লেও বুঝতে পার এই দাধনের ভিতরে কি আছে।" আমি জিজাদা করিলাম—'বাত্তিতে ঐ সময়টি যেমন মহাপুরুষদের ও ঋষি-মুনিদের বিচরণের কাল নির্দিষ্ট আছে, দিনের বেলায় কি দেইরূপ একটা শুভক্ষণ নাই ?'

ঠাকুর বলিলেন — "দিবাতেও আছে। ১ দণ্ড সূর্য্যোদয়ের পূর্বে সময়, — এক প্রহর বেলার পর ১ দণ্ডকাল। আড়াই প্রহরের পর ১ দণ্ড, এবং সূর্য্যান্তের সময় এক দণ্ড। এই কয়টি সময়ও এরপ ভজন-সাধনের শুভক্ষণ।"

এই দকল কথার পর তান্ত্রিক সাধক ও ভৈরবীদের সাধন সম্বন্ধে অনেক কথা বলিলেন। ঠাকুর কহিলেন—"যুবতী স্ত্রীলোককে উলঙ্গ ক'রে সম্মুখে স্থাপন পূর্বক স্ত্রী চিহ্নে ইষ্টদেব বা ভগবতীকে আহ্বান ও প্রতিষ্ঠিত ক'রে মাতৃজ্ঞানে পূজা করতে হয়। এইরূপ পূজার সময় কামভাব আস্লে অপরাধ হয়। এজন্ম এরূপ স্ত্রীলোককে সাধকেরা বিবাহ ক'রে নেন। বিবাহ ক'রে নিলে ঐ অপরাধ হয় না। ঐ স্থানে ভগবতী ভেবে মাতৃবোধে মতি স্থির ক'রে যাঁরা পূজা করতে পারেন, তাঁরা সাধারণ নন্। তাঁরা নিয়ম মত এই পূজা ক'রে উঠ্তে পারলে জিতকাম হন। স্ত্রীলোক দর্শন করলে তাঁদের কামভাব আর হয় না। ঐ যোনি হ'তেই অথিল ব্রহ্মাণ্ডের স্থিটি হয়েছে ভেবে, তাঁরা উহাতে ভগবতীর পূজা করেন।"

আমি—'আমাদের নাধনে এরপ স্ত্রীলোক নিরে পূজা আছে কি ?'

ঠাকুর বলিলেন — "হাঁ, পুব আছে। তোমরা সাধন কর না! করলেই জান্তে পার। কত কাণ্ড আছে।"

जिल्लामा कविलाम—'आमारमद भरब श्वीरलांक भूका कथन ?'

ঠাকুর বলিলেন—"নাম করতে করতে যখন এক একটি চক্র ভেদ হয়, তখন ঐ চক্রের মধ্যে পদ্ম প্রকাশিত হয়। ঐ পদ্মের ভিতরে এক একটি কৃটার আছে। ঐ কৃটারে প্রবেশের দ্বারে পরম রূপলাবণ্যময়ী এক একটি দেবী থাকেন। কুটারের দ্বারে থেকে তাঁরা প্রবেশে বাধা দিয়ে বলেন, আমার সহিত রমণ কর। তা'হলে ভিতরে প্রবেশ কর্ত দিব। এই ব'লে ঐ দেবীরা নানা রকম হাবভাব দ্বারা পরীক্ষা ক'রে থাকেন। যদি তাঁদের ঐ সকল ভাবভঙ্গীতে ভুলে তাঁদের সহিত রমণ করে, তবেই সে সেথানে বন্ধ হ'য়ে পড়ে। আর যদি ঐ দেবীর হাব ভাবে না ভূ'লে, নানারূপে তাঁকে স্তব-স্তৃতি ক'রে বলেন, 'মা, আমাকে তুমি দ্য়া কর, যাতে আমার প্রকৃত কল্যাণ হয়, প্রেম-ভক্তি হয়, আশীর্বাদ কর।' এইরূপ বল্লেই তিনি পথ

ছেড়ে দেন। এই প্রকার এক চক্র ভেদ হ'লে অন্য চক্রে আবার ঐরূপ আরো ফুল্দরী দেবী এসে আরো কঠিন পরীক্ষা করেন। এই প্রকার ক্রমে পরমাসুন্দরী দেবী সকল প্রকাশ হ'য়ে নানারূপ পরীক্ষা কর্তে থাকেন। সকলকেই পূজা ভক্তিনমস্কার ক'রে আশীর্কাদ নিয়ে, এক একটির ভিতরে প্রবেশ কর্তে হয়। এ সব প্রলোভন অভিক্রম করা বড় সহজ নয়, একমাত্র গুরুর কুপায়ই হয়।"

আমি—'এই প্রকার দেবীদের প্রলোভন কতদ্র ? চক্র কয়টি ? সকল চক্রের ছারেই কি এই প্রকার প্রলোভন আছে ?'

ঠাক্র বলিলেন—"সকল চক্রের দ্বারেই এইরূপ প্রলোভন আছে। চক্র ৭২ হাজার। ইহার মধ্যে দশটি প্রধান। এই দশটি ভেদ ক'রে যেতে পার্লে একরূপ জীবনের কাজ হয়ে যায়। ৭২ হাজার চক্র এক জীবনে ভেদ করা অতি অল্প লোকের ভাগোই হয়।"

আমি—'এ সকল চক্র ভেদ না ক'রে কি ভগবান্কে লাভ করা বায় না ? সকলকেই কি এসব চক্র ভেদ কর্তে হবে ?'়

ঠাকুর বলিলেন — "যাঁরা প্রণালী মত রাস্তা ধরে চলেন, তাঁদেরই পথে ঐ সকল পড়ে। যাঁরা ভগবানের কৃপার উপর নির্ভর করেন, তাঁকে পাইতে চান, তাঁদের এ সব প্রলোভনে পড়তে হয় না। ভগবান্কে লাভ ক'রে এ সকল তাঁরা প্রত্যক্ষ করেন। কিন্তু কৃপায় যাঁরা পার হন, ভগবান্ তাঁদেরও নানা অবস্থায় ফেলে পাকা করে নেন।"

ঠাকুরের কমলে-কামিনী দর্শনঃ মৌনীবাবার চিঠি: ঠাকুরের উত্তরঃ মৌনীবাবার দীক্ষা-প্রার্থনা ও লাভ।

অভ প্রাতে ঠাক্রের চা-দেবার পর একটি শ্রামবর্ণ দীর্ঘাক্তি জটাধারী সন্ন্যাদী আদিয়া ঠাকুরকে প্রণামপূর্বক ধ্নির পাশে বদিলেন; এবং ঠাকুরের হাতে একখানা চিঠি দিয়া বলিলেন, 'এই পত্রখানা মৌনীবাবা আপনাকে দিয়াছেন।' মৌনীবাবা কেমন আছেন, ঠাকুর জিজ্ঞাদা করায়, সন্মাদী বলিলেন—'আপনার সঙ্গে দাক্ষাৎ কর্তে তাঁর কুস্তমেলায় আদ্বার খুব ইচ্ছা ছিল, কিন্তু এখন তিনি পীড়িত হ'য়ে পড়াতে আস্তে পার্লেন না। তিনি বড়ই মহাত্মা। ওরূপ মহাত্মা কখনও আমি দেখি নাই। তিনি আহার তাাগ ক'রেছেন, নিল্রা জয় ক'রেছেন, একাদনে দিনরাত একভাবে ব'সে খাকেন, ইঙ্গিতেও কারো সঙ্গে আলাপ করেন না। সর্বাদা ধ্যানে ময়। বোধ হয় অধিক দিন আর দেহ রাধ্বেন না।' সন্মাদী এই প্রকার অনেক কথা বলিয়া চলিয়া গেলেন। ঠাকুর মৌনীবারার

পত্রখানা নিজে পড়িলেন। তিন চারধানা টুক্রা টুক্রা কাগজে পত্রধানা লেখা থাকায় পড়িতে অনেক সময় লাগিল। পড়ার পরে ঠাকুর চূপ করিয়া বিসন্ধা রহিলেন। পরে চিঠিখানা ভাঁজ করিয়া মুড়িয়া আমার নিকট দিয়া বলিলেন—"চিঠিখানা যত্ন ক'রে রেখে দেও—পরে কাজে লাগ্বে।" আমি ওমনি উহা ঝোলায় ভিতর রাধিয়া দিলাম।

ঠাকুর মৌনীবাবার অনেক প্রশংসা করিলেন।—ঠাকুরের কথায় জানিলাম — মৌনীবাবা সাধারণ লোক নন্। প্রচারক অবস্থায় ঠাকুর যথন হিজ্লী কাঁথিতে রাজধর্ম প্রচার করিতে গিয়াছিলেন, দেই সময় রাজধর্মাবলন্ধী সত্যনিষ্ঠ পরমোৎসাহী যুবক প্যানীলাল ঘোষ মহাশয়ও ঠাকুরের সঙ্গে ছিলেন। একদিন ঠাকুর অমণ করিতে করিতে একটি রুহৎ জলাশয়ের তীরে উপন্থিত হইলেন। দেখিলেন অসংখ্য লাল পদ্ম জলাশয়ের সর্ব্বর প্রস্টুতিত হইয়া রহিয়াছে। ঠাকুর অনিমেষ নয়নে পদ্মের দিকে চাহিয়াছিলেন। এই সময়ে অনতিদ্বে জলাশয়ের ভিতরে ঠাকুর কমলে-কামিনী দর্শন করিয়া মৃশ্বপ্রায় হইলেন এবং ঐ পদ্মটিকে ধরিবার জন্ম জলে ঝাপাইয়া পড়িলেন। সাঁতার কাটিয়া পদ্মটিকে ধেমন ধরিলেন, অমনি ঠাকুরের বাহাজ্ঞান বিলোপ হইল। বলিষ্ঠ প্যারীবাব্ এই অবস্থা দেখিয়া জলে লাফাইয়া পড়িলেন এবং ঠাকুরকে ধরিয়া টানিয়া পাড়ে তুলিলেন। ঠাকুর তথন সংজ্ঞা-শৃশ্র। পাারীবাব্র ভিতরে তথন কি এক অপ্র্ব শক্তি সঞ্চারিত হইল,—তাহাতে তিনি মৃচ্ছিত হইয়া পড়িলেন। কতক্ষণ পরে উভয়েরই চৈতল্যলাভ হইল। পদ্মটি ঠাকুরের মৃঠোর ভিতরেই ছিল।
— তাই। লইয়া তিনি বাদায় আসিলেন। *

ইহার কিছুকাল পরেই প্যারীবাব্র প্রাণ অস্থির হইয়া উঠিল। ভগবানের দর্শনলাভ আকাজ্রার ব্যাকুল হইয়া উঠিলেন। নির্জন পাহাড় পর্নতে না থাকিলে কঠোর তপস্থা হইবে না এবং ভগবানের উপাদনাও প্রাণ ভরিয়া করিতে পারিবেন না বুয়িয়া আজ ৭৮ বংসর যাবং তিনি লোকালয় ত্যাগ করিয়াছেন। অনেক পাহাড় পর্নতে তীত্র দাধন-ভজন করিয়া উপস্থিত নর্মদা তীরে ওঁকারনাথে আছেন। গত ফাস্কুন মাদে প্যারীবাব্ গেণ্ডারিয়াভে ঠাকুরকে একথানা পত্র দিয়াছিলেন। তাহাতে তিনি এই মর্ম্মে লিখিয়াছিলেন—'নির্জন পাহাড়-পর্বতে এতকাল সাধন-ভজন, তপস্থা করিয়া কাটাইলাম। তাহাতে অনেকটা উপকার পাইয়াছি। আমি মৌন হইয়াছি; আহারের পরিমান—দারাদিনে আধপোয়া হুধ, নিজ্রা জয় হইয়াছে; ২৪ ঘন্টা একাদনে বিদয়া থাকি। দয়া করিয়া শয়র সময় সময় আমাকে দর্শন দেন। ব্যাসদেবও কথন কথন আদিয়া উপদেশ কয়েন। এদব তো হইল, কিন্তু যেজন্ম আদিলাম তাহা কোথায় ? তাহার কোন সন্ধানই তো পাইলাম না সকলেই বলেন—দল্ওক্র আশ্রয় নেও, না হ'লে আর এক পা'ও অগ্রসর হইতে পারিবে না। কি উপায়ে পিতার দর্শন পাইব, ক্বপা করিয়া তাহা আমাকে আপনি উপদেশ কয়ন।

এই পদ্মটি পুরীধানে ঠাকুরের সমাধি-মন্দিরে ঠাকুরের বাবজত বস্তুর সহিত ভাহার ঝোলায় সমতে রক্ষিত হইতেছে।

আমার এখনও ব্রহ্মদর্শন হয় নাই।'—প্যারীবাব্র পত্র পড়িয়া ঠাকুর অমনি শ্বহন্তে লিখিয়া উত্তর
দিয়াছিলেন।

ঠাকুরের বহন্তে লিখিত চিঠি,—খথা—"বাহিরে ধর্ম্মলাভের জন্য যাহা প্রয়োজন, সমস্তই হইয়াছে। সাক্ষাংভাবে জীবস্ত সদ্গুরুর নিকট দীক্ষিত না হইলে পিতার দর্শনে অধিকার জন্মে না। ধ্রুব পঞ্চম বংসরের শিশু, বনে বনে প্রপ্রপাশলোচন বলিয়া কাঁদিলেন, তথাপি গুরুকরণ না হওয়া পর্য্যন্ত দর্শন পাইলেন না। ঈশা জন্দি ব্যাপটিষ্টের নিকট দীক্ষিত; শ্রীচৈতন্য ঈশ্বর পুরীর নিকট দীক্ষিত। আমি নিশ্চয় ব্রিয়াছি, গুরুকরণ ভিন্ন ব্রহ্ম দর্শন হয় না।

আহার যাবে, নিজা যাবে, মৌনী হইবেন, লোকে সাধু বলিয়া ভক্তি করিবে, উহাতে প্রকৃত বস্তু লাভ হইবে না। যদি ব্রহ্ম-দর্শন করিতে চান, তবে অন্তরের সমস্ত পূর্বে সংস্কার দূর করুন।

কি সত্য, কি অসত্য, তাহা আপনি জানেন না। এখনও পূর্বে শিক্ষাকে সত্য মনে করিতেছেন। উহা সত্য নহে। ব্রহ্ম-দর্শনে যখন প্রকৃত জ্ঞান উজ্জ্বল হইবে, তখন এক একটি সত্য জানিতে পারিবেন। গুরুকরণ করিয়া যখন সমস্ত বাসনা দ্রীভূত হয়, তখনই দর্শন পাওয়া যায়।

অন্তরে যে বাসনা আছে, তাহা পাইবেন; ব্রহ্ম পাইবেন না। ধর্ম-প্রচার প্রভৃতি বাসনাও ছাড়িতে হইবে। নিজের ইচ্ছায় কোন কার্য্য করিবেন না। যতক্ষণ নিজের ইচ্ছা আছে, ততক্ষণ ব্রহ্ম-সহবাস অনেক দূর। আপনার পত্র পাইয়া সুখা হইলাম। মাগুষ নিজের চেষ্টায় যতদূর করিতে পারে, আপনি তাহা করিয়াছেন। এখন গুরুকরণ তিন্ন অগ্রসর হইতে পারিবেন না। ভগবান্ সমস্ত কার্য্য নিয়মে করেন। বাহ্য-জগতে কোন কার্য্য যেমন অনিয়মে চলে না, সেইরপ অন্তর্জগৎও নিয়ম ভিন্ন চলে না, ব্রহ্ম-দর্শনের পক্ষে সদ্গুরুর আশ্রয় গ্রহণ অব্যর্থ নিয়ম। আপনাকে বড় ভালবাসি, এজন্য এত লিখিলাম।"

এই চিঠি লিখিবার পর ঠাকুর মৌনীবাবার আর কোন খবর পান্ নাই। সম্প্রতি মৌনীবাবার যে পত্রখানা আদিয়াছে, তাহা সাধারণের অবগতির জ্ঞ ছবি করাইয়াও এই স্থানে দেওয়া গেল,—

মোনীবাবার পত্ত।

ব্ৰহ্ম কুপাহি কেবনম্।

পুজনীয় দেব! আমি আপনার বাহিরের বাধা-বাধি অধবা আঁটা-আঁটি শিষ্ক নহি, কিন্ত ভিতরে আপনার সহিত আমার কি প্রকার যোগ তাহা অন্তর্গামীপুরুষ জানেন এবং আপনিও জানেন, ষেহেতু আমি স্টু টাহার প্রদত্ত <mark>জ্ঞান দারা জানিতেছি যে, আপনি তাঁহার সহিত এক অর্থাৎ তিনিই আপনার অন্তরাস্থা।</mark> সেই পরাংপার পরমা**স্থাই** আপনার এবং আমার জ্ঞান, প্রেম, শক্তি। বেহেতু দয়ামর হরি অতিশর দরা করিরা কটিন আখাতে আমাকে শিক্ষা দিরাছেন যে, যিনিই যত বড় না হউন কেন, তিনি ভিন্ন মামুবের জ্ঞান, প্রেম, শক্তি আর হিতীয নাই। আমার বিশাস যে আপনি যদিও সমস্ত জানেন, তথাপি আমি অজ্ঞানতা অফকারে আচ্ছল্ল—আমার মনের সন্তোধের জন্ম এপিনাকে লিখিতেছি, বাহিরের শিষ্ত না ইইলাম তাহাতে ক্ষতি নাই, ভিতরের বন্ধন ছিন্ন করেন এরূপ শক্তি আপনারও নাই আমারও নাই। ইহলোকে ৰাহর পরলোকে দেখা দিতেই হবে। আমার বিষয় শুসুন:—আমি বাটী হইতে বাহির হইয়া য়থন অনপ্রা মায়ের আশ্রমে বাস করিতেছিলাম, সে সময়ে একদিন—একদিন কেন অনেকদিন, হাদয়ের শৃক্ততা এবং কুংসিত, কদাকার আত্মার আক্রমণে আমি যে বস্তু যে প্রকার, তাহাকে সে প্রকার পর্যান্তও দেখিতে পারিতাম না। মমুন্ত, পশু, পশী, সকলই অপ্লীলতাতে পরিপূর্ণ। বাহা কিছু দেখি, গুনি বলি সকলই অপ্লীল। চকু মৃদ্রিত করিয়া উপাসনার বসি। অল্লীল চেহারা দকল আমার চতুর্দ্দিকে নাচিয়া বেড়ার, সম্পূর্ণরূপে অনাথের <mark>নাথ দীনবন্</mark>ধু ভিন্ন আমার এই সভটের সময় আর কেহই ছিল না, এবং আজ প্যায়তও তাঁহার ঘারা প্রেরত লোক ভিন্ন এই নিৰ্জ্জন ধনে তিনি ভিন্ন আর আমার কেহ নাই। দেই সময় হইতে আল পর্যান্ত কেবল কাঁদিতেই দিন অতিবাহিত হইতেচে। পিতার বড় কুপা, তাই আমি বাঁচিরা আছি। এই সময়ে আমি পিতার চরণে পড়িয়া যে কাঁদিব, এরূপ অবস্থাও আমার ছিল না। একদিন যথন আশ্রমের সমস্ত লোক আনন্দিত, আমি নদীতীরের একখণ্ড প্রস্তরের উপর পড়িয়া কাঁদিতে-ছিলাম, তথন দেবিলাম যে 'আমি কতকগুলি অল্লাল ভাবপূর্ব পাঞ্জৌতিক শরীর ভিন্ন ভার কিছুই নহি! ভাহার পর একদিন প্রার্থনা করিতে পারিলাম। প্রার্থনার পর উঠিয়া যে দাঁড়াইয়াছিলাম, অমনি সম্পূর্ণরূপে চৈতগুহীন হইয়া ভূতলশারী হইয়াছিলাম, কতক্ষণ এই অবস্থায় পিতা রাথিরাছিলেন তাহা তিনিই জানেন। এই দিন হইতেই আমি স্থানিতে আরম্ভ করিলাম যে আমি কিছুই নই। তিনিই সমস্ত। এরূপ দিন গিরাছে যে, কে আমার হৃদয়ে প্রবেশ করিয়া, আমি যখন পিতার নাম করিতে গিয়াছি, আমাকে অলীল ভাষা বলাইয়াছে, আমি কাঁদিতে গিয়াছি, আমার স্থানের বিদিয়া বিকট হাসি হাসিয়াছে: এই পাঁচ বংসরে পিতা যে আমাকে কতই করণা করিয়াছেন তাহা বলিতে পারি না। চিত্রকুটে যথন পীড়িতাবস্থায় ছিলাম, তখন পিতাকে কতবার কতভাবে দেখিয়াছি তাহা বলিতে পারি না। পিতার কর্মণার কথা আর কি বলিব ? আপনি সকলই জ্ঞানতেছেন। এখন বর্তমানে তিনি আমাকে এই অবস্থায় আনিয়াছেন। আমার অংকার চূর্ণ করিয়াছেন, পিতারই জ্ঞান, প্রেম এবং শক্তির প্রকাশ ভিন্ন আমি আর কিছুই নই। তিনিই আমার সম্পূর্ণ রক্ষাকর্তা, পালনকর্তা, বিধানকর্তা, শিক্ষাদাতা, উপদেষ্টা, এক কথায় তিনিই আমার সর্ব্বৰ , এই জ্ঞানে সম্পূর্ণরূপে দৃঢ়তর করিবাছেন, এবং প্রতিদিনের ঘটনার দারা জনোইতেছেন। আমার ফলাকাজ্ঞাকে চুণ করিয়াছেন। তিনি নিজে অতি স্থরম্য স্থান করিভেছেন, আসার জন্ত তপস্তা-স্থান প্রস্তুত করিরা দিয়াছেন, তিনি নিজে প্রভাহ আসার জন্ত আধনের ছধ এবং আধপোয়া চিনি আমার স্থুল শরীর রক্ষার্থে প্রেরণ করেন এবং এই আহারই আমার পক্ষে উপযুক্ত করিয়াছেন। আমার জদরের অপবিত্রতা দিন দিনই অপসারিত করিতেছেন। আমার নিজা প্রায় পূর্ণরূপেই হরণ করিয়াছেন। চঞ্চল মনকেও ঠিক করিয়াছেন এবং করিতেছেন। বন্ধ পদ্মাদন আমার আদন করিয়া দিয়াছেন। আমার


West Street Series of the Salas 1355C 478.45.45.D व्यक्ताम्य DE 1974 がさ 27.34 DELLLIS 417 他小 שוועה אודעה - Care المعامع क्षा क्षार STATISTICS BILL 大学 The straight print of the straight of the stra アルトをして - Aus אבווצאן いまして るですだら SET SA いとうと ATT 2 CA STIKE. ाम्मान कांस्त्रानी कर पत्र दिन THE MENT SANTON STATES a several army consider of which mainy by arrang engine 12th CATENATION ... के जिल्हा रामिकामान TOTAL PARTY CATH LAST WITH Samma affelia way purely LONGING CARREST ACON Table - Statement - 10 de anone append another とりのなら CAMPAGENIAN AN DECEMBER ואות ותנפו שנים W low space म्याका महामा प्रतिकार 五号 医女子 STE 100 CAR GY F Sex 2 16=5 450s しないないか かんかんか - 60gm some 3 PHY LIKE LLLANS לשושון פזייוני atorno. 18 26 7 PTO 5/8 18 7/26 entrant I event another White Test of the same かいかいか Morrise とのではない。 Trues celus DYC STRATE Captilla Co. 一をうないか Appen Laters State Cast Bires 455002 Party Certain and BAN - 485 1.24 בשנושי בשינושי want ! - ROLLOW Sports (A) STATES. かんかんしゃ HARITON A 2,405 160 OR Sir ومورور Something. Tank die Jaronto. Sercions? STATE OF 10000 The state 215 Service ACTOR DE STOR 14250

ENTER THE CORP. TENTED - LA MARCE - MUTE - LA MARCE - MARCE - MUTE - MUT

FLEST, GRAFT MELES OF LEST AND THE THE STATE OF THE SAME OF THE SA

मुलक्था – ६४ क्लाफेट्स अगंबामहरू अन्न एकू छ का निका काला निकार आखार छन्त हास्तर् कता। यहा जासका साम्याह त्यायान त्या भाषा । त्याने लास्य समत्व मादिक कर STATE PRECION BINCO नामार काला के कामा श्रीमवर्ष भारत आभवाक श्रीत आचरत अम्म अवन का नायर विद्या है। क्षाम वर पार्व म्याम कार्या ल्प्रिंगर्श्व न्यं नाक मक्षा विश्वलं आगानाम् ध्वरम गाल्या कर्णाखार्थ कर्रा राम्य भारम जिल्ला सिर्मिष्ठ भारत सिर्मामध्ये मेमार मार ज्यार ज्यार कार नागक रिक्ष यन द्यारेराक क्षि

भासका क्षेत्र काल क्ष्माक जिल्लाम ७ व कारानात्व ना भागमा भारत रे का निकार के प्राथमार्क एक ा भीवर वामणात्र प्राच्या एका चार्डिया - व्हर्ड महा स्वन भा करवंत भूम रामारन - 55% मान स्टब्न रहाय ्रिट्यक पर लगाल क्रिक्र समस्य का कर् य पार कार्योचिक अस्तृ CT store wis store or our ide 5 anow asimes silling me agram such भारता कार्या । अस्ति । थान स्थानांभारक दस्यकार वियान कारके नामकारा याना करा व्यवस्थाना व्यक्ताराम sais mingraf stor ever-There are green see STAND BEEN MAND THEND न्त्रिया जातार क्षेत्र विश्वासम ना क्षंत्र जार नह द्वारमई ट्या भाग कांग्रेस मिनार प्राधि PLEASE FLAGER STEET HUBIT 62 THE JENEL gusell ginning entracta इस क्कान क्याहर सम्मा



মৌনীবাবার পত্র গ্রন্থ ঠিকানা

মনের উদ্বেগ আদিও নাই; কেবল ভক্ত সলে থেম তরঙ্গে মাডিয়া তাঁহার নাম গান করিবার প্রবৃদ্ধি এবং ধর্ম প্রচার করিবার প্রবৃদ্ধি এবং এই পাঁচ বংসরকাল তাঁহার যে অপূর্ব্ধ করণা সাক্ষাং সহক্ষে লাভ করিয়াছি, ভাহা বলিবার প্রবৃদ্ধি এবন আমার মনকে চঞ্চল করিয়া থাকে। একণে আমি আপনার নিকট এই জানিতে চাই যে, একণে আমার প্রতি আমার পিতার আদেশ কি? কি হইলে আমি তাঁহাতে নিমন্ন হইয়া যাইতে পারিব। কারণ আপনি ধান বারা আমার মঙ্গলামকল সকলই জানিতে পারেব। আমি, আপনি ভিন্ন এ বিষয়ে আর অন্তের উপর বিখাদ স্থাপন করিতে পারিতেছি না। এ পর্যন্ত ভগবানের কপা ভিন্ন গুরুরুরুপে আর কাহাকেও গ্রহণ করি নাই এবং পিতা শ্বয়ং না দিলে গ্রহণও কারতে ইচ্ছা নাই। এই পাঁচ বংসর কাল কভিনি আপনার জক্ত কাঁদিয়াছি কিছ কোধার ? সম্ভানকে তো দেখা দিলেন না।

(অন্ত কাগজে)

46 a

মূল কথা যে দেবাদিদেৰ গুগবান্কে জ্ঞানচক্ষুতে এত স্পষ্টরূপে নিজের আয়ার ভিতর তাঁহারই কুপাবলে অফুগুব করিতেছি। অথবা দেখিতেছি, সেই দেবভাকে কি হইলে ধানগোচর করিতে পারিব এবং তাঁহার আদেশ শুনিতে পারিব , পিতার আদেশ শুনিবর শক্তি আয়ার কি হইলে জনিবে। আমি সর্বতোগুলবেই পিতার হইয়ছি। আমি হই নাই, পিতাই করিয়া লইয়াছেন। অতি যতনে। একণে আপনার চরণে পড়িয়া কাদিডেছি, কি হইলে জনয়মাঝে তাঁহাকে দেখিতে পাইব বলায়াছিন। ঈশা, মৃশা, ঐটেচভঞ্জ, নানক প্রভৃতি মহায়া এবং জ্ঞানীপুক্ষরণণ, বাঁহাদের নিকট নিতা চক্ষুর জল ক্ষেতিছেছি, তাঁহারাও কপা বলেন না; আপনার নিকটই বা কত কাদিয়াছি, কই আপনিও তো নীরব। বুঝিয়াছি, পিতার দয়া না হইলে কেহই দয়া করেন না, কারণ মূল প্রপ্রবণ হইতে যতক্ষণ দয়ার প্রোত না আদে, ততক্ষণ সমস্ত প্রোতই বন্ধ থাকে। আমার শারাত্রিক অবস্থা যে প্রকার, তাহাতে দেশে দেশে ওরু ওক্ষ করিয়া বেড়াইতে পারিব না। বর্তমানকালে সন্তক্ষ মেলাও কঠিন। আমি আপনাকে যে প্রকার বিখাস করিতে পারিভেছি অফ্র কাহাকেও সে প্রকার বিখাস করিতে পারি না। মূল কথা, আপনি হিদি ধানে ঘায়া আমার বিষয় সমস্ত অবগত হইয়া আমার কঠিবা নিজেশ না করেন. তবে এই স্থানেই দেহতাগ করিয়া পিতার রাজ্যে চলিয়া যাইব। পিতা এবং পিতার ভক্ত একই, এই মনে রাবিয়া আপনার যাহা ভাল হয় করণ। আমি আপনার সন্তান।

(অন্ত কাগজে)

আর অধিক লেখা বাছলা। আপনার অমুগত সন্তান (পারৌলাল) (মৌনীবাবা)।

মোনব্রতও প্রায় ২) বংসর গ্রহণ করিয়াছি। গীতাজী, ব্রাক্ষধর্ম, উপনিষৎ এবং বাইবেল পাঠ, একবার হুগ্ধ পান, একবার মলত্যাগ এবং শৌচাদ্দি কর্ম্ম ভিদ্ন আর কর্ম্ম নাই। শহন করিয়া নিজা যাওয়া পরিত্যাগ করিতে চেষ্টা করিতেছি এবং প্রায়ই কৃতকার্যা হইয়াছি। সমস্তই পিতা করিতেছেন, কিন্তু যাহার জন্ম এ সকল তিনি কোথায় ? আপনার জ্ঞাত কারণ সমস্ত লিখিলাম।

ঠিকানা—

Mouni Baba Bhairabghat P. O. Moinibata, Onkarjee Nimir, (Khandua)

(অন্ত এক টুক্রা কাগজে)

কোন বন্ধু দল্প। করিয়া একথানা হিন্দী সঙ্গাত বহি यদি দেন চিরবাধিত থাকিব।

100 O

ঠাকুর মৌনীবাবার পত্ত পড়িয়া তাঁহার সম্বন্ধে অনেক কথা বলিলেন। মৌনীবাবা এখনও ঠাকুরের নিকট দীন্দা-প্রার্থী। কিন্তু তিনি অভিশন্ন পীড়িত। ঠাকুরের নিকট আসিবার ক্ষমতা নাই। এজন্ম ঠাকুর বলিলেন—"আমাকে ওঁকারনাথে যেতে হকে।"

এই বলিয়া কিছুক্ষণ পরে ঠাকুর চোধ বৃঝিলেন এবং অনেকক্ষণ একই অবস্থায় রহিলেন। ত্'এক দিন পরে অবসর বৃঝিয়া ঠাকুরকে জিজ্ঞাসা করিলাম, ওঁকারনাথে আপনি কবে ধাবেন। ঠাকুর দিবং হাক্ত মুধে বলিলেন—"তিনি দীক্ষা লাভ করেছেন, আর যাওয়ার প্রয়োজন নাই।"

মহাবিষ্ণুবাবুর দংকীর্ত্তনে ভাবের তরঙ্গঃ নিত্যানন্দ প্রভুর অকস্মাৎ আবির্ভাব।

আমরা চড়ার আসিরাছি পরে বহু গুরুপ্রাতা নানা স্থান হইতে কুপ্তমেলার আসিয়া উপস্থিত হইলেন। আবার অনেকে চলিরাও গেলেন। মেলার শেষ ভাগে মহাবিষ্ণু যতি ভাগলপুর হইতে আসিলেন। ঠাকুর তাঁহার গান শুনিতে বড়ই ভালবাদেন। আজ ঠাকুর চা সেবার পর স্থির হইয়া আসনে বসিয়া আছেন। তিন দিকে শুরুপ্রাতাগণ স্ব স্ব আসনে উপবিষ্ট; কেহ নাম করিতেছেন, কেহ ধ্যানে ময়, আবার কেহ কেহ অনিমেষ নয়নে ঠাকুরের দিকে চহিয়া আছেন। মহাবিষ্ণ্বার তাঁহার স্বাভাবিক মধ্র কণ্ঠে স্বরচিত একটি গান ধরিলেন—

কীর্ত্তনের স্থর—একতালা।

मांख छांहे मत प्रित खांख हित मः कीर्खत ।

भांछा छ भध्र छात क्रिक्कात अध्भाश हितिनार ॥

खीरन मक्त कर छांहे हितिनाभाग्र भारत ।

छीर्थताख अहे खार्रागधात्म, गक्तायम्नामक्त्य ;

खीर्छक्रागित्म मत्न, अभन स्रागं खांत शांवित ॥

खानत्म छ्वाह छूत्न, छांक मौनवक् व'त्न,

खानत्म छ्वाह छूत्न, छांक मौनवक् व'त्न,

खानत्म छ्वाह छूत्न, छांक मौनवक् व'त्न,

चामि दित मौनवक्, मौन-व्यीक्षत्म वक्ष्म,

त्क खाह छांहे भाशीछांभीद (स्मेहें) भिछ्णभावन हित वित्त ॥

त्काथांत्र कम्म खांबि व'तन, छात्कहिन छ्रध्य छ्वान,

खम्मि क्रान खांबि व'तन, छात्कहिन छ्रध्य क्रांचा छत्न ॥

खात अक छ्वान खन्न क्रांन, त्मार्छिन हित व'तन,

भ'नना खत्न खनता, अहे छार्यक्रक्ष नार्यत्र छ्वा ॥

কোথায় দীনবন্ধ ব'লে, ভাস ভাই রে নয়ন জলে,
ভাক একবার হৃদয় খুলে (সেই) প্রাণের প্রাণ সাধনের ধনে।
জানিত্য বিষয় ভাজ, শ্রীহরিচরণে মঞ্চ,
দেখ চেয়ে চেডন হ'য়ে, দিন ফুরাল দিনে দিনে।
মান অপমান দ্রে থুয়ে, ভূণ হ'তে স্থনীচ হ'য়ে,
মনে প্রাণে নিশিদিনে ভাস হবিদাস হবিনামে।

মূদক করতাল বাজিয়া উঠিল। গুরুলাতাগণ গানের ত্'একটি পদ শুনিয়াই মাতিয়া উঠিলেন। তাঁহার। উচ্চৈঃম্বরে গাহিতে গাহিতে বিবিধ প্রকার আনন্দ ধ্বনি করিয়া নৃত্য করিতে লাগিলেন। ছাউনির নিকটবর্ত্তী সাধু-সন্ত্যাসীরা সংকীর্ত্তনের রব গুনিয়া দৌড়িয়া আসিলেন। তাঁহারা তাঁবুর চতৃদ্দিকে থাকিয়া গুরুভাতাগণের বিচিত্রভাব দর্শন করিয়া বিশ্বিত-নেত্রে চাহিয়া রহিলেন। ঠাকুর নিজ আসনে কিছুক্ষণ স্থিবভাবে থাকিয়া, উদ্ধে দৃষ্টি সঞ্চালন পূৰ্ব্বক একেবারে লাফাইয়া উঠিলেন। নিজ আসনে করবোড়ে দাঁড়াইয়া ঘন ঘন কাঁপিতে লাগিলেন। সময় সময় দক্ষিণ হস্ত সন্মুখের দিকে উৎক্ষেপণ পূর্বক "জয় শচীনন্দন, জয় শচীনন্দন" বলিয়া চীৎকার করিতে লাগিলেন। ঠাকুরের মুখমণ্ডল ব্যক্তিমাভ হইল। লম্বিত জ্বাভার ধর ধর কম্পিত হইতে লাগিল। ঠাকুরের প্রকাও শরীরটির আয়তন বৃদ্ধি হইল। তাহাতে আপাদমন্তক দান্তিক ভাবের বিবিধ প্রকার খেলা দেখিতে লাগিলাম। ভক্তপ্রবর শ্রীধর মধুর নৃত্য করিতে করিতে স্থমধুর কণ্ঠে উচ্চ হরিধ্বনি করিয়া সংজ্ঞাশৃস্ত হইল। বিধু ঘোষ ও মহেক্ত খিতা খলবেশে বাহবাফোটন পূর্বক হস্কার গর্জন করিতে লাগিলেন। সংকীর্ত্তনরবে ও আনন্দ কোলাহলে আজ সব একাকার। ঠাকুর সমুধের দিকে চঞ্চল দৃষ্টি করিয়া মুহমু হ গদগদ কঠে "অবধুত অবধুত" বলিয়া চীৎকার করিতে লাগিলেন। এই সময় দেখি মৃতিত-মন্তক, খামবর্ণ, দীর্ঘাকৃতি, উলঙ্গ এক সন্ধাদী ঠাকুরের সম্মুধে ধুনির পাশে উভয় হন্ত প্রসারণ করিয়া দুগুরুষান। দু'তিন মিনিট পরেই তিনি ঠাকুরের দক্ষিণ পার্শের দ্রজা দিয়া বাহির হইলেন এবং জ্রুত পांपविकार निजानम विधारित भनात माना जुनिया नरेया आवात जान्छ आमितन। मूर्खमाज् ধুনির ধারে দাঁড়াইয়া ঠাকুরের গলায় মালা পরাইয়া দিয়া কোন্ দময় কোন্ দিক দিয়া অদৃশ্য হইলেন কেহুই বুঝিতে পারিলাম না। कीर्छन काल ঠाকুর আৰু আদন হইতে নামিলেন না।

সংকীর্ত্তন শেষ হইল, পরে গুরুল্রাভারা সকলে তাঁবুতে বসিয়া পড়িলেন। কিছুক্ষণ দ্বির হইয়া থাকার পর বোগজীবন ঠাকুরকে জিজাসা করিলেন—সংকীর্ত্তনের সময় তুমি 'অবধৃত অবধৃত' ব'লে ডাক্লে পরে হঠাৎ দেখ লাম একটি সাধু-ধূনির এপাশে তোমার দিকে হাত বাড়ায়ে দাঁড়ায়ে আছেন। ডেখনই তিনি তাঁবুর বাইরে গিয়ে নিত্যানন্দ প্রভুর গলার মালা এনে তোমাকে পরায়ে দিলেন এবং সংকীর্ত্তনের ভিতরে প্রবেশ ক'রে অকমাৎ অদৃশ্য হ'লেন। তাঁকে আর দেখতে পেলাম না; সাধুটি কে ?'

ঠাকুর—তাঁকে তোরা দেখেছিস্ না কি ? তোরা থুব ভাগ্যবান। স্বয়ং নিত্যানন্দ

প্রভু স্থলদেহে আবিভূতি হয়েছিলেন; তাঁর সচিদানন্দর্মপও আমাকে দেখালেন।" বোগজীবন—'তিনি ২া০ মিনিটের বেশী রইলেন না তো?' ঠাকুব—"এই ঢের। অতক্ষণই তাঁরা থাকেন নাকি?"

কুম্ভের শেষ স্নান।

আজ ২৪শে মাদ, কুন্ত স্নানের শেষ দিন। আজ চড়াবাসী সাধুদয়্যাদী, বৈহুব উদাদী ও ভিন্ন
সম্প্রদায়ের ধর্মার্থিগণ ত্রিবেণী সদ্মে শেষ স্নান করিবেন। তাঁহারা প্রত্যুষে সম্প্রদায়াম্যায়ী তিলক
মালা বিভৃতি কলি প্রভৃতি ধারণ করিয়া আপনাপন বেশভ্ষায় সজ্জিত হইলেন। পরে হন্তান্তঃকরণে
ইন্তর্যারণে মনোনিবেশপ্র্কক কিছুক্রণ অতিবাহিত করিলেন। তৎপরে নিশান ঝাণ্ডা আশাসোটা ও
অস্ত্রশন্ত হত্ত লইয়া স্নানার্থীরা উঠিয়া পড়িলেন। এই সময়ে লক্ষ লক্ষ সাধ্র শহ্ম, কাঁসর, মৃদস্ব, করতাল, দিলা তেরী ও জয়টাকের রবে দিগ্ দিগস্ত কম্পিত হুইল। চন্তরে চন্তরে সাধুদের প্রাণ আজ
আনন্দ-উৎসাহে মাতিয়া গেল। তাহারা মৃত্র্যুহ্ণ: তগবানের নামে জয়ধ্বনি করিয়া মহা আড়েয়রে
সেত্র দিকে অগ্রার হইতে লাগিলেন। নাগা উদাসী ও বৈহুব সন্ত্রাদিগণ ক্রম অম্পূদারে ধীর পদবিক্ষেপে পোল অতিক্রমপ্র্কিক ত্রিবেণী স্নান সমাধা করিলেন। ইতিপ্র্কে প্রতি কুন্তন্ত্রানেই কোন্
সম্প্রদায় অগ্রে, কাহারা পশ্চাতে স্নান করিবেন তাহা লইয়া নানা উদাসী ও বৈহুবদের মধ্যে বিষম
বিরোধ উপন্থিত হইত। মারামারি কাটাকাটিতে অসংশ্য সন্ত্রাসীর রক্তে গঙ্গার জল লাল হইয়া
যাইত, কিন্তু এবার কিছু হইল না। সকলেই প্রমানন্দে স্থান করিয়া আণনাপন আসনে
আসিলেন। সমস্ত সাধুরা মাঘ মাস গঙ্গাগর্ভে প্রয়গ বাস আকাজ্জায় আরও বাণ দিন চড়ার থাকিবেন
ছির করিলেন। পরমহংস্ক্রী ঠাকুরকে মাঘ মাসে চড়া ছাড়িয়া কোথাও ঘাইতে নিষেধ করায়—ঠাকুর
ত্রিবেণী সন্ত্রমে স্থান করিতে গেলেন না।

আজ ৩০শে মাঘ, মাঘী সংক্রান্তি। স্র্বোদয়ের পর সাধ্রা সকলে জিবেণী স্থান করিয়া আপনাপন চত্তরে প্রবেশ করিলেন। বেলা প্রায় ত্ইটার মধ্যে সাধুদের স্থানকার্য্য শেষ হইয়া গেল। আজ স্থানের পর সাধুদের আর আনন্দ ফুর্তি নাই। তাঁহাদের সেই তেজঃপূর্ণ উজ্জল মুখমগুলে প্রক্রুতার ভাব নাই। সকলেরই মুখন্তী মলিন ও বিষাদপূর্ণ। পরস্পর-বিরোধী ধর্মসম্প্রদায় সমিলিত হইয়া বে স্থানটাকে অহর্নিশি ভগবানের নাম ধ্যান ও উপাসনা আরাধনায় বৈকুর্গতুল্য করিয়াছিলেন, আজ তাহা শৃত্য শ্বশান হইতে চলিল। পরস্পর বিরুদ্ধ সম্প্রান্ত আজ পরস্পরের সহিত্ত দেখা সাক্ষাৎ দণ্ডবং প্রেণামাদি করিয়া অঞ্পূর্ণনয়নে পরস্পরের নিকট বিদার গ্রহণ করিলেন।

আৰু দকাল বেলা সরকারের নোটিদ পড়িল, তিন দিনের মধ্যে দকলকে চড়া ত্যাগ করিয়া

যাইতে হইবে। সাধুবা আজ চন্তবে চন্তবে আপনাপন জমাতের নিশান, ঝাণ্ডা, আশাসোটা, জাঁবু, ছাউনি গুটাইতে লাগিলেন। আলু, চিনি, আটা, ময়দা ও ভাঙারার যাবতীয় বস্তু বন্তাবন্দি করিয়া উত্তর চড়ার চলিলেন। তথায় সাধুদের ঐ সকল জিনিযপত্র বহন করিবার জন্ম উট, ঘোড়া, গাধা প্রভৃতি মাসাধিককাল রহিয়াছে। কোন কোন সম্প্রদায়ের জমাত অন্নই চড়া ত্যাগ করিয়া পদত্রজে প্রস্থান করিলেন। আমরাও বেলা স্টার সময়ে ঠাকুরের সঙ্গে সহরে যাইতে উঠিয়া পড়িলাম।

তাঁবৃ হইতে বাহির হইয়া ঠাকুর মহাপ্রান্থ ও নিত্যানন্দ প্রাভূব শাষ্টাক্ষ প্রণাম করিয়া বিলেন—মাটির বিগ্রাহ সহজে অঙ্গহান হয়ে যায়, আগে এই বিগ্রাহ ত্রিবেণীতে বিস্তর্জন দিয়ে এস।" ঠাকুরের আদেশ মত বিগ্রহ্যর গকায় দেওয়া হইল। পরে আমরা চড়া ছাড়িয়া চলিলাম। হারাগঞ্জ পোলের সংযোগ স্থলে পঁছছিয়া ঠাকুর চড়ার দিকে ফিরিয়া দাঁড়াইলেন। চড়ার দিকে চাহিয়া আমাদের চক্ষে জন আসিল। প্রতিবারই ত্রিবেণী আনের পর চড়ায় আসিতে চড়াবাদী সকলের চরণস্পর্শ এই স্থানে হইয়াছে— ঠাকুর এই স্থানে সাষ্টাক্ষ হইয়া পড়িলেন এবং অঞ্চপুর্ণ নম্বনে ধ্লার উপরে গড়াইতে লাগিলেন। আমরাও সকলে ঠাকুরের সক্ষে সাধুদের পবিত্র চরণধূলির উপরে গান্টাক্ষ হইয়া পাড়লাম। পরে বেলা প্রায় ১০টার সময়ে শ্রীষ্ক্ত বাবু রাম্যাদ্ব বাগচি মহাশ্যের বাদায় উপস্থিত হইলাম। মধ্যাহ্ন আহার বাগচি মহাশ্যের বাদায়ই হইল। তৎপরে অপরাক্ষ্বেরিক লইয়া আমরা দাগঞ্জের বাদায় উপস্থিত হইলাম।

ক্যাপাচাঁদের প্রস্থান ঃ পাহাড়ীবাবা।

দা-গঞ্জের বাড়ীখানা ছোট বলিয়া আমরা ঘারাগঞ্জে একখানা ভাল বড় বাড়ীতে ঠাকুরকে লইয়া আদিয়াছি। ঠাকুরের সঙ্গে এখনও আমরা ৩০।৩৫ জন গুরুলাভা রহিয়াছি। চড়া হইতে আদিবার সময়ে ক্ষ্যাপাটাদ হাঁটু গাড়িয়া ঠাকুরকে কাঁদিতে কাঁদিতে জনেককণ তব-স্থতি করিলেন। ঠাকুর ক্ষ্যাপাটাদকে কহিলেন—"ক্ষ্যাপাচাঁদ! তোমার যদি ইচ্ছা হয় আমার সঙ্গে যেতে পার। আমরা যাই খাই, তাই খাবে, আমরা যেমন থাকি, তেমনি থাক্বে।" ক্ষ্যাপাচাঁদ ঠাকুরের কথা গুনিয়া খুব সন্তই হইয়া একমুখ হাসিয়া বলিলেন—'আহা! আপ তো হামারা মনকা বাৎ বাৎলায়া।' এই বলিয়া কিছুদ্র পর্যান্ত ঠাকুরের সঙ্গে আদিলেন। পরে কখন কোন্ দিক্ দিয়া অদৃশ্য হইলেন আমরা কেহই জানিতে পারিলাম না। বাদায় আদিয়া আমাদের সকলেবই ক্ষ্যাপাচাঁদের জন্ম খুব কট হইতে লাগিল। ক্ষ্যাপাচাঁদের একটা দিক যেন শৃন্য করিয়া গিয়াছেন।

ৰদ্বিকাশ্ৰম হইতে বহুশত মাইল উভৱে ব্ৰফান প্ৰদেশবাদী অতি প্ৰাচীন মহায়া 'পাহাড়ী বাৰা'

আমাদের দক্ষে রৃহিরাছেন। যত বড় মহাত্মাই হউন না কেন তাঁহার দক্ষে মিলিতে মিলিতে আমাদের কোন দক্ষাচ বোধ হয় না ি একেবারে বালকের মত প্রকৃতি। কয়েকদিন মিষ্টান্ন, দধি, পায়দাদি খাইয়া তিনি অস্থ হইয়া পড়িরাছেন। ঠাকুর তাঁহার দক্ষে বলিলেন—"ইনি পাহাড়বাসী, কখনও এ সকল বস্তু খান নাই। ফল-মূল কল্ফ ইহার আহার। যাঁর যা অভ্যাস নাই তাকে তা খেতে দিতে নাই; অনিষ্ঠ করা হয়। পাহাড়ীবাবাকে মিষ্টান্ন পায়সাদি খেতে দিও না।"

ঠাকুরের অভয় বাণী।

ঠাকুরের চা দেবার সময়ে ঘরে কেহ থাকে না। গুরুত্রাতারা অন্ত ঘরে বদিয়া চা পান করেন। আজ চা সেবার পর ঠাকুর আমাকে বলিলেন—"ব্রহ্মচারী! মহাপুরুষের দেওয়া কবচটি ধারণ কর্লে না, ফেলে রাখ্লে ?"

ঠাকুরের কথা শুনিয়া আমার ভিতরে বিষম লাগিল। আমি অমনি ঝোলা হইতে কবচটি বাহির করিয়া নিয়া ঠাকুরের সম্থেই রাস্তায় ছুঁ ড়িয়া ফেলিলাম এবং কাঁদিতে কাঁদিতে ঠাকুরকে বলিলাম—'আপনি দয়া ক'রে আমাকে গ্রহণ ক'রেছেন। আমার এ তুর্মতি কেন হলো ও অতার দেওয়া বস্তু নিয়ে আমি গুরুতর অপরাধ করেছি; এখন আমি কি কর্বো ও আমার কথা শুনিয়া ঠাকুরের মুখ লাল হইয়া গেল; চকু ছলছল করিতে লাগিল। সম্পেহ-দৃষ্টিতে আমার দিকে তাকাইয়া বলিলেন—"অতা কারো দিকে ভাকাতে হবে না, যাহা কিছু প্রয়োজন সব এখান থেকেই হবে।" ঠাকুরের এই কথা শুনিয়া প্রাণ ঠাগু হইয়া গেল। স্থির হইয়া বদিয়া নাম করিতে লাগিলাম। শরীর মন হাল্কা বোধ হইতে লাগিল। একটা বিষম বোঝা যেন নামিয়া গেল। বক্ষা পাইলাম।

এই সময়ে শুরুত্রতা সকলে আদিয়া ঠাকুরের ঘরে বসিলেন, ঠাকুর কুম্ভমেলার সাধুদের সাধন-ভজন, তপস্থা ও নিয়মনিষ্ঠার কথা বলিয়া আনন্দ করিতে লাগিলেন। শুরুত্রাতারা থুব কাতরভাবে ঠাকুরকে বলিলেন—"আপনি দয়া করে আমাদের তুর্লভ সাধন দিয়েছেন কিন্তু সাধন তো আমরা কিছুই কর্তে পারলাম না, পারবো যে সে ভর্মাও নাই—আমাদের গতি কি হবে ?"

ঠাকুর গুরুলাতাদের কাতরোজি শুনিয়া থ্ব সেহের সহিত কহিলেন,—"তোমাদের গতি যদি তোমরাই কর্বে তাহ'লে চবিবশ ঘণ্টা এ ভাবে আমি বসে আছি কেন? তোমরা তো রাজপুজ, পেট ভ'রে খাবে বন ভ'রে হাগ্বে, তোমাদের আর চিন্তা কি ?" ঠাকুরের কথা শুনিয়া গুরুলাতাদের কি যে অবস্থা হইল প্রকাশ করিবার ভাষা নাই। ঠাকুরের এই বাকাই আমাদের অনস্তকালের জন্ম একমাত্র অবলম্বন হইল। জয় গুরুদেব। আজু যে চিরকালের মত আমাদের নিশ্চিস্ত করিলে। ধন্ম হইলাম, কুতার্থ হইলাম।

আজ বরিশালের স্থপ্রসিদ্ধ উকীল গুরুত্রাতা প্রীযুক্ত গোরাটাদ শীল মহাশয় ঠাকুরকে বলিলেন,—
'কুঙ্গেদের দেশে নাকি বিনা আগুনে রায়া হ'য়েছে।' ঠাকুর কহিলেন—"এ আর আশ্চর্য্য কি !
পঞ্জুত পড়েই আছে যখন যাহা দ্বারা কাজ হয়।" ইহার পর ঠাকুর কুঞ্জকে জিজ্ঞাসা
করিলেন—"তোমাদের ওখানে বিনা আগুনে রায়া হ'য়েছিল, সেই ঘটনাটি কি বলত ?"
কুঞ্জ তথন ঠাকুরকে সমন্ত বলিলেন। ঠাকুর শুনিয়া কহিলেন—"ইহা অতি সত্য কথা। একেই
সত্য বলে। এরূপে ঘটনা অতি বিরল! এই একটি ঘটনা দ্বারা পরবর্ত্তী কতলোক
উদ্ধার হ'য়ে যাবে। যুগ মুগান্তর চ'লে যাবে কিন্তু এই ঘটনা পাহাড়ে অঙ্কিত রেখার
ত্যায় চিরদিন থাক্বে। বর্ত্তমান সময়ে এ সকল ঘটনার কেহ আদর কর্তে পার্বে
না। হয়ত ব'ল্বে, ইহা মিথ্যা। কেহ প্রশংসার জন্ম চাতুরী ক'রে এরূপ প্রকাশ
ক'রেছে। যদি তোমরা ভক্তি কর্তে পার এবং মর্য্যাদা দেও তবে আরও আশ্চর্য্য
কাণ্ড দেখ্তে পাবে।" শ্রীযুক্ত কুঞ্জঘোষ মহাশয় বলিলেন—'লোকে কি আর মর্যাদা দিতে
পারে ?" ঠাকুর কহিলেন—"হাঁ তা পারে না।

কুঞ্জ কথায় কথায় ঠাকুবকে তাঁহাদেব দেশের একটি গুরুলাতার কথা বলিলেন—'গুরুলাতাটি' কোন এক জমীদাবের কর্মচারী ছিলেন। জমীদার তাহার উপর বিরক্ত হইয়া কতকগুলি দোষারোপ করিয়া আদালতে নালিদ করিল। বিচারের দিন আদালতে সকলে উপস্থিত। গুরুলাতাটিকে মর্মান্তিক ক্রেশ দিবার জন্ম সকলের দাম্নে জমীদারবাব ঠাকুরের অযথা নিন্দা করিতে লাগিল। গুরুলাতাটি জমীদারকে থামিতে বলিয়া কহিলেন—'মিথ্যা নিন্দা কুংসা কর্ছেন, আপনি সাবধান হন।' জমীদারবাব আরো উৎসাহের সহিত নিন্দা করিতে লাগিল। বিতীয়বার গুরুলাতাটি জমীদারকে বলিলেন—'আপনাকে ষোড়হাতে বল্ছি আমার নিকটে আমার ঠাকুরের নিন্দা করবেন না—বিষম বিপদে পড়বেন। জমীদার তাকে আরগু উত্তেজিত করিতে পুনরায় নিন্দা আরম্ভ করিল। তথন গুরুলাতাটি ছুটিয়া ঘর হইতে বাহির হইলেন এবং সম্মুখে বাগানের বেড়া হইতে একটি বাঁশের ডগা তুলিয়া নিয়া দৌড়িয়া ঘরে আসিলেন এবং চীৎকার করিয়া বলিলেন—'সকলে সাবধান হউন, আমার কার্য্যে যিনি বাধা দিবেন তিনি খুন হবেন। এই বলিয়া বাঁশের ডগা ঘারা জমীদারবাব্কে হাকিমের সাক্ষাতেই ২২ যা বাড়ি মারিলেন। জমীদার পড়িয়া হাত পা আছড়াইতে লাগিল। গুরুলাতাটি তথন বাঁশের ডগা ফেলিয়া দিয়া হাকিমকে বলিলেন—'এবন আমাকে মাহা শান্তি দিতে

হয় দিন।' ইহা লইয়া ঐ হাকিমেরই নিকটে মামলা উঠিল। উত্তেজনার যথেষ্ট কারণ ছিল বলিয়া হাকিম গুরুপ্রাতাটির ২৫ ্টাকা মাত্র জরিমানা করিলেন। জমীদারেরও অপরাধ সামান্ত নয় বলিয়া তাহারও জরিমানা ২৫ ্টাকা হইল। ঠাকুর শুনিয়া বলিলেন—"এরূপ কর্লে তোমাদের জন্ত আমাকে বিপদে পড়তে হবে।"

মহাপ্রভুর আবিভাবের সম্ভাবনা সংবাদ : নবদ্বীপে যাত্রা

নবদীপ নিবাদী শ্রীযুক্ত রাম্যাদ্ব বাগচি মহাশয় বছকাল যাবৎ এলাহাবাদে ডাক্তারী করিতেছেন। এবার কুন্তমেলায় তিনি সন্ত্রীক ঠাকুরের নিকট দীক্ষা গ্রহণ করিলেন। শুনিতেছি বাগচি মহাশয়ের কনিষ্ঠ ভাতা শ্রীমান বাণীতোষের দহিত ঠাকুরের কনিষ্ঠা কন্মা শ্রীমতী প্রেমদথির (কুতুর) বিবাহ হুইবে। আগামী ১৫ই ফাল্কন বিবাহের দিন ধার্য হুইয়াছে। বাঙ্গালার নানা স্থানে নিমন্ত্রণ-পত্র যাইতেছে। ঠাকুর আমাকে বলিলেন—"ব্রহ্মচারী! এখন এখানে লোকের ভিড়, গোলমাল আরম্ভ হবে, তৃমি নির্জ্জন-প্রিয়, এসব ভাল লাগ্বে না। তুমি এখন কয়েকদিন দাদার কাছে গিয়ে থাক। আমি কলিকাতা গেলে পরে আবার আমার সঙ্গে গিয়ে থেকো।" আমি ঠাকুরের অভিপ্রায় মত দাদার নিকটে রওনা হইলাম। বস্তিতে দাদার নিকট ৮।১০ দিন থাকার পর ভাগলপুরে যাইতে ইচ্ছা হইল। অধিনী বহু ও মহাবিষ্ণুবাবু ভাগলপুরে পুলিন পুরীতে আছেন। আমি অবিলম্বে তাঁহাদের নিকট উপস্থিত হইলাম। কয়েকদিন পরে একথানা ছাপান কাগজ পাইলাম। তাহাতে এই মর্ম্মে লেথা—শ্রীমন্মহাপ্রতুর জন্ম ফাল্কনী পূর্ণিমাতে হইয়াছিল। **ঐ দিন চন্দ্রগ্রহণ হইলে যে সমস্ত গ্রহ**, উপগ্রহ, নক্ষগ্রাদির ঐ সময়ে সমাবেশ হইগ্রাছিল। এবার ৪ শত খৎসর পরে তাহাই হইবে। মহাপ্রভুর জন্মের লগ্ন ঠিক ঠিক বর্ত্তমান হইবে বলিয়া, সাধারণের সংস্কার, এবার মহাপ্রস্থ ঐ দিনে আবিভূতি হইবেন। নবদীপে এবার বিরাট উৎসবের আয়োজন চলিতেছে। অসংখ্য লোক এখন হইতেই নবদীপে থাকিয়া সংকীর্ত্তন মহোৎসবে মহাপ্রভূকে কাতর প্রাণে আহ্বান করিতেছেন। সংবাদ পাইলাম ঠাকুর এলাহাবাদ হইতে কলিকাতা পঁছছিয়া ৫.৬ দিন বিজয়বত্ব **দেন কবিবাজের বাড়ী অবস্থানের পর ন**বদ্বীপ চলিয়া গিয়াছেন। এই খবর পাওয়ার পর ঠাকুরের নিকট ষাইতে প্রাণ অস্থির হইয়া উঠিল। দোলের সময়ে খ্রীয়ানদের পর্বা পড়ায় আপিস, আদালত অধিক দিনের জন্ম ছুটি হইল। অশ্বিনী বাবু, মহাবিষ্ণু যতি ও ছোড়দাদাকে লইয়া নবছীপ যাত্র। ক্ষিলাম। পূর্ণিমার দিনে সন্ধ্যার পর আমরা নবদীপে উপস্থিত হইলাম। শ্রীযুক্ত মথুরানাথ পদরত্ব মহাশয় দশিয়ে ঠাকুরকে পরম দমাদরে তাঁহার টোল বাড়ীতে স্থান দিয়া বাথিয়াছেন। আমরা টোল ৰাড়ীতে ঝোলা ঝুলি রাখিয়া মহাপ্রভুর ঘাটে ঠাকুরের নিকট উপস্থিত হইলাম। দেখিলাম গদার ঘাটে অপূর্ব কাও।

পঞ্চম খণ্ড

গ্রহণ সময়ে ঠাকুরের অপূর্বে নৃত্য

আজ সমস্ত গলার তীর লোকে পরিপূর্ণ। সহস্র সহস্র লোক শত শত দলে মৃদ্ধ করতাল বাজাইয়া মহাসংকীপ্তন করিতেছেন। মহাপ্রভুর আবির্ভাবের সময় উপস্থিত হইল ভাবিয়া তাহার। অশুপূর্ব নয়নে ব্যাকুল ভাবে মহাপ্রভুকে ডাকিতেছেন। লক্ষাধিক লোকের হরিধ্বনি, জয়ধ্বনি ও আবুল আর্ত্তনাদে মহাভাবের বক্সা বহিয়া চলিল। শত শত দলের মহাসংকীর্ত্তনে সকলেই আজ মাতোয়ার। ঠাকুর চতুদ্দিকে দৃষ্টি নিক্ষেপ করিয়া আর দ্বির থাকিতে পারিলেন না। সহস্র লোকের ভীড়ে অপ্রতিহত গতিতে তিনি গুরুলাতাদের সহ সংকীর্ত্তনে নৃত্য করিয়া ছুটাছুটি করিতে লাগিলেন। অসংখ্য সংকীর্ত্তনের দলে তিনি বিদ্যুতের মত ঘুরিতে আরম্ভ করিলেন। গুরুলাতারা মহাভাবে দিশাহারা হইয়া উদগু নৃত্য করিয়া চলিলেন। তাঁহাদের উচ্চ হরিধ্বনি ও হুলার গর্জনে সকলেরই প্রাণ আকুল হইয়া উদিও নৃত্য করিয়া চলিলেন। তাঁহাদের উচ্চ হরিধ্বনি ও হুলার গর্জনে মহাপ্রভুকে আহ্লান করিতে লাগিলেন। মহাপ্রভুর আবির্ভাব হইল মনে করিয়া বিশ্বিত নয়নে সকলে দলের ভিতরে ঠাকুর আজ বর্ত্তমান। অলম্বিত ভাবে কি যেন এক মহাশক্তি সর্বত্র সঞ্চারিত হইয়া পঢ়িল। দর্শক্ষপ্তলী ভাবাবিষ্ট হইয়া স্থানে শ্বানে গ্রুয় মহাপ্রভু জন্ম মহাপ্রভু জন্ম মহাপ্রভূ ইটলেন।

গঙ্গান্ধনের ধারে কর্যোড়ে দাঁড়াইয়া ঠাকুর রাহুগ্রস্ত চল্লের পানে অনিমেষ নয়নে চাহিয়া রহিলেন। পরে দক্ষিণ হস্ত উদ্ভোলন পূর্যক চন্দ্রাভিমুথে অঙ্গুলি নির্দ্দেশ পূর্যক "ঐ ভাগ ঐ ভাগ" বলিয়া দংজ্ঞাশূভ হইলেন। গুরুত্রভাতারা ঠাকুরকে ধরিয়া বদাইলেন। ঠাকুর ও ঘণ্টা কাল সমাধিস্থ হইয়া রহিলেন। চন্দ্র রাহুমুক্ত হইলে ঠাকুরের বাহজ্ঞান হইল। তথন ঠাকুরের দক্ষে আমরা গঙ্গানান করিলাম। ঠাকুরের গায়ে গঙ্গান্ধল ছিটাইয়া সকলেই আনন্দ করিতে লাগিলাম। স্থানের পরে তীরে উঠামাত্র একটি অচেনা মেয়ে ঠাকুরকে আদর করিয়া উৎকৃষ্ট সর্বৎ খাওয়াইলেন। আমরাও প্রচুর পরিমাণে সর্বৎ প্রদাদ পাইয়া পর্ম তৃপ্তিলাভ করিলাম। তদনস্ভর সংকীর্ত্তন করিতে করিতে ঠাকুরকে লইয়া টোলবাড়ীতে উপস্থিত হইলাম।

বালক গোরাঙ্গের সুপুরের জন্ম ক্রন্দন।

নবদ্বীপনিবাসী দেশবিখ্যাত শ্রীযুক্ত মহেন্দ্রনাথ ভট্টাচার্য্য মহাশয় তাঁহার বাড়ীতে অভ্য নব গৌরাঙ্গ প্রতিষ্ঠিত করিয়াছেন। এতত্বলক্ষে তথায় মহোৎসব হইয়া গিয়াছে। ঠাকুর এই উৎসবে সশিস্ত্যে নিমন্ত্রিত হইয়াছেন। বেলা প্রায় ৮ ঘটিকার সময়ে ঠাকুর যথন চা-দেবা করিতেছিলেন বালক গৌরাঙ্গ ঠাকুরের নিকট প্রকাশিত হইয়া কাঁদিতে কাঁদিতে বলিলেন—'আমাকে প্রতিষ্ঠিত ক'রেছে—সোনার স্থাব বালা দেয় নাই।'

ঠাকুর বালককে আখাদ দিয়া বলিলেন—"আচ্ছা, আমি যাচ্ছি—দিবে।" চা দেবার পর ঠাকুর গুরুজাতাদের লইয়া হরিদভায় উপস্থিত হইলেন। গুরুজাতারা তথায় মহাপ্রভুব মন্দিরে মহাউৎসাহের দহিত হরি দংকীর্জন করিলেন। এই কীর্জন শেষ হইতে একটু অধিক বেলা হইল। পরে ঠাকুর দকলকে লইয়া ভাবাবেশে চুল্ চুল্ অবস্থায় উত্তপ্ত বালির উপর দিয়া চলিয়া মহেন্দ্র ভট্টাচার্য্যের বাড়া উৎসবস্থলে নব গৌরাঙ্গের সম্থে উপস্থিত হইলেন। বিগ্রহের পানে চাহিয়া ঠাকুর বলিলেন—"আহা। এত গরম বালির উপর দিয়া কি আমার দক্ষে এমন ক'রে লাফায়ে লাফায়ে আস্তে হয় ? হাপাস্নে, হাপাস্নে; চুপ কর চুপ কর, আমি ব'লে দিব এখন, সোনার বালা নুপুর দিবে।" এই বলিয়া ঠাকুর আবার বিগ্রহের দিকে হাত নাড়িয়া প্নঃপ্নং আখাদ দিয়া বলিতে লাগিজেন—"কাঁদিস্ না, কাঁদিস্ না, থাম্ থাম্। দিবে দিবে—বলে দিব, দিবে।"

এই সময়ে প্রীযুক্ত অমরেন্দ্র দন্ত, স্বামীজী ও কতিপয় গুরুত্রাতা বিগ্রাহের দিকে চাহিয়া দেখিলেন জীবন্ত বালকের মত বিগ্রাহের অশ্রুপূর্ণ চক্ষ্ত্রটি ছল ছল করিতেছে,—বালক কাঁদিতেছে। তার বক্ষঃস্থল দহিত গলার মালাগুলিও কাঁপিতেছে। বিগ্রাহের এই অবস্থা দর্শন করিয়া গুরুত্রাতারা কেহ কেহ মুর্চ্ছিত হইয়া পড়িলেন। ঠাকুর নাটমন্দিরের শোভা ও দাজদক্ষার আড়ম্বর দেখিয়া বলিলেন—
"এ সকল ঝাড়, লগুন, ফামুদের প্রয়োজন কি? যাহাকে যাহা দিয়ে সাজান উচিত তাহাকে তাহা না দিয়া ঝাড় লগুন ফামুস টাঙ্গান হয়েছে। যে ছেলেকে স্থান দেওয়া হয়েছে তাঁকে সোনার বালা নূপুর না দিলে ঘরের সমস্ত হাঁড়িকুঁড়ি ভেঙ্গেচ্বে জলে ভাসায়ে দিবে।"

ঠাকুর আবো অনেক কথা বলিলেন। পরে বিগ্রহকে সাষ্টান্ধ প্রণাম করিয়া গড়াগড়ি দিতে লাগিলেন। বেলা প্রায় ১২টার সময়ে ঠাকুর গরম বালির উপর দিয়া সকলের সহিত টোল বাড়ীতে উপস্থিত হইলেন।

দিদ্ধা-গোয়ালিনী।

জতি প্রত্যুবে সকলে গাত্রোখান করিয়া গদাস্থান করিয়া আসিলাম। ঠাকুরের চা পানের পর
সংকীর্ত্তন আরম্ভ হইল। ঠাকুর সংকীর্ত্তনের সহিত পদরত্ব মহাশয়ের হরিসভায়
উপস্থিত হইলেন। ঠাকুর ওখানে মহাপ্রভুর বিগ্রহের দিকে একটু দৃষ্টি
করিয়াই বাহ্নসংজ্ঞাশ্ন্য হইলেন। সংকীর্ত্তন ক্রমশঃ জমাট হইয়া পড়িল। স্থামীজী হরিমোহন

ভাবাবেশে মত্ত হইয়া নৃত্য আরম্ভ করিলেন। তাঁহার অভূত নৃত্য দেখিয়া সকলেই মুগ্ধ হইয়া পড়িল।
গুরুত্রাতাদের হরিসংকীর্ত্তনে সকলেই আজ প্রমানন্দ লাভ করিলেন। ঠাকুরের সংজ্ঞালাভের পর
বেলা প্রায় ১০টার সময়ে আমরা টোলবাড়ীতে আদিলাম।

এই সময়ে একটি বৃদ্ধা স্ত্রীলোক এক ভাঁড় দ্ধ লইয়া হাঁপাইতে হাঁপাইতে ঠাকুরের নিকটে আসিয়া উপস্থিত হাঁলেন এবং বিশ্বয়ের সহিত গুক্সপ্রাতাদের দিকে চাহিয়া বলিতে লাগিলেন—'ওরে! তোরা এখানে কি ক'রে এলি, ভোরা ভো সব ব্রেজ্ব লোক। তোদের দেখ্বো ব'লে আমি কতকাল থেকে ঘুরে ঘুরে বেড়াচ্ছি। আজু আমি ভোদের দেখে ধল্ল হ'লাম।' এই বলিয়া একটি পাত্রে ভাঁড় হইতে ত্ধ ভুলিয়া নিয়া ঠাকুরকে খাওয়াইতে লাগিলেন। পরে তিনি এক এক রাস দ্ধ ঢালিয়া নিয়া গুক্সপ্রতাদের খাওয়াইতে আরম্ভ করিলেন। পণ্ডিত মহাশ্য বলিলেন—'পাত্র এটো হ'রেছে, দ্ধ খাব না।' ঠাকুর অমনি বলিলেন—"ও এটো নয়, প্রসাদ,—খেয়ে নিন্।" একজন গুক্সপ্রতা গোয়ালিনীকে বলিলেন—'পাতামোড়া ও কি রেখেছ ?' গোয়ালিনী বলিল—'ও তোমাদের দিব না—তোমরা দ্ধ খাও। ছেলে ঘৃটি ঘুরে ঘুরে হয়রান হয়ে আদে, এই ক্ষীরটুকু তাদের জল্ল রেখেছি।' গোয়ালিনী ঠাকুরকে বলিল—'বাবা! ছেলেছটি তো তোমাকে দেখ্ছে আদে, তাদের একটু স্কালে পাঠিয়ে দিও। দেখ, আমার বড় ছেলেটি বড় ভাল, আলা-ভোলা, ক্ষা সইতে পারে না।' ঠাকুর বলিলেন—"আচ্ছা, ব'লে দিব।"

মধাক্তে পদরত্ব মহাশয়ের হরিসভায় আমাদের আহার হইল।

দা দাহেবের অলোকিক ঐশ্বর্যঃ শক্তি আকর্ষণঃ রেল দংঘর্ষণে ঠাকুরের চরণে আঘাত।

সন্ধ্যার কিঞিৎ পরে ঠাকুর নিজ আদনে পা তু'থানা ছড়াইয়া বদিয়া আছেন। গুরুত্রাতা শ্রীযুক্ত অখিনীকুমার বস্থ মহাশয় পদদেবা আরম্ভ করিলেন। ঠাকুরের দক্ষিণ পদের পাতায় টিপী দিতেই ঠাকুর 'উত্ত' করিয়া উঠিলেন। অখিনীবাৰু ঠাকুর্কে জিজ্ঞানা করিলেন—'পায়ের পাতায় কি কোন চোট্ লেগেছে ?'

ঠাকুর বলিলেন,—"এলাহাবাদ হ'তে কলিকাতা আস্তে পথে মগরা ষ্টেসনে আমাদের গাড়ির সঙ্গে অন্য গাড়ির সংঘর্ষণ হয়েছিল। তাতে পায়ের তলায় আঘাত লেগেছিল।"

অধিনীবার জিজ্ঞাশা করিলেন—'শুনেছি আপনি যে গাড়িতে ব'সেছিলেন ভার আগে পাছে ছ্থানা গাড়িই ভেক্ষে চুরমার হ'মেছিল, অথচ আপনি যে গাড়িতে ছিলেন ভার কিছুই হয় নাই— এ কথা কি সভা ?'

ঠাকুর—"হাঁ প্রয়াগে বাদা হ'তে আমরা ষ্টেদনে এদে একখানা গাড়িতে উঠে ব'দে আছি, হঠাৎ দা সাহেব এদে উপস্থিত হলেন। তিনি ঐ গাড়ি হতে আমাদের নাবায়ে নিয়ে পাশের গাড়িতে বসায়ে দিয়ে বল্লেন—'এই গাড়িতেই আপনারা থাকবেন—অন্য গাড়িতে যাবেন না।' মগরাতে গাড়িতে গাড়িতে সংঘর্ষণ হলে পর দেখ্লাম আমাদের হুপাশের ছুখানা গাড়িই ভেঙ্গে একেবারে চুরমার। একটি লোক তখনই মারা গেলেন। কিন্তু আমাদের গাড়িতে কিছুই হয় নাই; তেমন ধাকাও লাগে নাই। সা সাহেবের আশ্চর্য্য শক্তি। আমার পায়ের তলায় একটুলোগছিল। কলিকাতা এদে জ্বর হ'লো; এখনও সামান্য বেদনা আছে। একেবারে সারে নাই।

ঠাকুরের কথা শুনিয়া বড়ই বিশিত হইলাম। ঠাকুরের গাড়ির অগ্রপশ্চাতে দংলগ্ন তুইগানা গাড়িই চুর্ণবিচূর্ণ, আরও অনেক গাড়িই ভান্ধিয়া গিয়াছে কিন্তু ঠাকুরের গাড়িতে কোন আঘাতই লাগে নাই। এ কি অভূত ব্যাপার! ঠাকুর আত্মগোপন করিতে সা সাহেবের অলৌকিক শক্তির মতই প্রশংসা কর্মন না কেন, এই ঘটনায় মনে হয় 'কলিসনের' অত্যম শক্তির ধাকাতে গাড়িখানা রক্ষা করিবার জন্ম ঠাকুর পদভরে গাড়িখানা স্থির রাখিয়া ধাকার সমস্ত শক্তি আকর্ষণ করিয়া লইয়াছিলেন; তাহাতেই গাড়িখানা রক্ষা পাইয়াছিল। শক্তির মর্য্যাদা রক্ষার জন্ম ঠাকুর কিঞ্চিৎ আঘাত গ্রহণ করিয়াছিলেন এবং তাহাতে এখনও ভূগিতেছেন। সা সাহেব এই সাংঘাতিক বিপদে শুক্ষভাতাদের দহিত ঠাকুরকে রক্ষা করিয়াছেন। মহেক্রবাব্র মুখে একটি কথা শুনিয়া তাহা কিছুতেই মনে করিতে পারিতেছি না। শুনিলাম সা-সাহেব ঠাকুরকে গাড়িতে বসাইয়া চলিয়া যাওয়ার সময়ে ঠাকুর তাহাকে প্রণাম করিয়া পদধ্লি গ্রহণ করিলেন। এ সময় স্ক্র্যুষ্টিসম্পন্ন মহেক্রবাব্ ঠাকুরের পাশে ছিলেন। ঠাকুরকে চূপে চূপে তিনি জিজ্ঞাসা করিলেন—"একি কর্লেন প একেবারে সেরে দিলেন নাকি ?"

ঠাকুর বলিলেন,—"কি আর কর্বো ? পরমহংসজী যে বল্লেন ওর সমস্ত শক্তিটেনে নেও, শক্তির অপব্যয় কর্ছে।" সা সাহেব ঠাকুরকে বক্ষা কর্বেন এই অভিমান যে বড় বিষম! কারণ গুরু এক,—পরমহংসজী। শিয়ের এই অভিমান সইবেন কেন ?

রসিকদাদের পদাবলী গানে—ঠাকুর।

মহাপ্রভুর মন্দিরে আজ তিন দিন তিন বাত্তি অবিবাম পদাবলী গান চলিয়াছে। দেশের প্রসিদ্ধ কীর্ত্তনীয়াগণ একের পর অত্যে গান করিয়া সমানভাবে আসর জাগাইয়া রাথিয়াছেন। সর্ব্বপ্রধান কীর্ত্তনীয়া খ্রিদিকলাল দাদের আজ পদাবলী গান হইবে, ওনিলাম। চা দেবার পর ঠাকুর মহাপ্রভুর মন্দিরে উপস্থিত হইলেন। বিগ্রহকে ১১ই, চৈত্র, শুক্রবার। নমস্কার করিয়া আদরে বদামাত্র রদিকদাদ আদিয়া ঠাকুরকে দাষ্টান্ধ প্রণাম করিলেন এবং করখোড়ে আশীর্বাদ ভিক্ষা করিয়া দংকীর্ত্তন করিবার অন্ত্র্মতি চাহিলেন। ঠাকুর থব হাষ্টাস্তঃকরণে তাঁহার গায়ে মাথায় হাত বুলাইয়া আশীর্বাদ কবিলেন। ঠাকুরের করস্পর্শে র দিকদাদ প্রমানন্দ লাভ করিলেন। তিনি মৃদন্ধ করতালে তালি দিয়া এমনভাবে গৌরচন্দ্রিকা আরম্ভ করিলেন যে উহার করুণ কণ্ঠধানি অবণ মাত্র দভাস্থ দকলের প্রাণ কাঁদিয়া উঠিল। ঠাকুর স্থিব থাকিতে না পারিয়া 'জয় শচীনন্দন জয় শচীনন্দন' বলিয়া লাফাইয়া উঠিলেন। উদ্বও নৃত্য করিতে করিতে তিনি একবার মহাপ্রভুব দিকে আবার পশ্চাৎ দিকে ছুটাছুটি করিতে লাগিলেন। পরে মহাপ্রভুব দিকে অসুলি সঙ্কেত করিয়। 'ঐ তো ঐ তো' বলিয়া সংজ্ঞাশুক্ত হইলেন। পদাবলী আরভের সঙ্গে সঙ্গেই মহাভাবের উচ্ছাসে দকলে মত্ত হইয়া পড়িল। ভক্তপ্রবর বসিকদাস অঞ্পূর্ণ নয়নে পরমোৎসাহে গাহিতে লাগিলেন। আসর সর্বাত্ত নীরব নিন্তর। ঠাকুরের পালে আমি বদিয়াছিলাম। ঠাকুর চুপে চুপে আমাকে বলিলেন—"কিছু টাকা নিয়ে এসো।" আমি তৎক্ষণাৎ টোলবাড়ীতে পঁত্ছিয়া দিদিমা, যোগজীবন প্রভৃতির নিকট হইতে সতেরটি টাকা লইয়া ঠাকুরের নিকট উপস্থিত হইলাম। ঠাকুর প্রত্যেকটি পদাবলীর আরম্ভ ও শেষে ক্ষমালে টাকা বান্ধিয়া রসিকদাদের দিকে ফেলিতে লাগিলেন। বদিকদাদের আনন্দ উৎসাহের দীমা নাই। তিনি অভৈতপ্রভ্র অসাধারণ মহাত্মা গানের দঙ্গে দঙ্গে ঠাকুরের বর্তমান জীবনের মহিমা আগরে বর্ণনা করিয়। হাপুদ্ ভপুদ্ কাঁদিতে লাগিলেন 👂 সময় সময় তাঁহার কণ্ঠ রোধ হইয়া আদিল। ঠাকুর ভাবাবেশে বিহ্বল হইয়া পড়িলেন। নানাপ্রকার দান্তিকভাবের উদ্গানে ঠাকুরের শ্রীঅঙ্গ শিথিল হইয়া পড়িল। চতুদিকে শ্রোত্মগুলী ঠাকুরকে দেখিয়া বিশ্বিত হইল। তাহারা আকুল প্রাণে ঠাকুরের পানে চাহিয়া রহিল। সাক্ষাৎ সম্বন্ধে শুবস্তুতি গান শুনিয়া মুগ্ধ হইয়া বহিলাম। প্রাণ যে কেমন করিতে লাগিল বলিতে পারি না। বেলা ১১টার সময়ে কীর্ত্তন শেষ হইল। অতিকটে লোকের ভিড় অতিক্রম করিয়া ঠাকুরকে লইয়া আমরা টোলবাড়ীতে পঁত্ছিলাম।

নবদ্বীপে রাইমাতা।

আৰু চা সেবার পর ঠাকুর গুরুলাতাদের নইয়া রাইমাতার বাড়ী উপস্থিত হইলেন। রাইমাতার নাম আমরা ইতিপুর্বে ভনি নাই। রাইমাতা ঠাকুরকে দেখিবামাত্র 'ওগো আমার বাড়ী অহৈত এসেছে গো, কে কোথায় আছিন্, আয় দেখে যা গো' বলিয়া ছুটাছুটি করিয়া সকলকে ডাকিতে লাগিলেন। ঠাকুর কারো বলার অপেক্ষা না রাখিয়া গুরুলাতাদের লইয়া রাইমাতার ঘরের প্রশন্ত বারান্দায় গিয়া বদিলেন। রাইমাতা এদিক ওদিক ছুটাছুটি করিতে করিতে ঠাকুরের নিকট আসিয়া বলিলেন — 'বাবা! তোমাকে দেখ্তে গিয়াছিলাম। দেখ্লাম ভক্তদের সঙ্গে কথাবার্তা বল্ছ; আমি আর কাছে যেতে সাহস পেলাম না, দ্র হ'তে দেখে চ'লে এলাম। বড় আকাজ্ঞা হ'য়েছিল— ভক্তদের নিয়ে একবার আমার বাড়ী আদ, প্রাণভরে একবার দেখি।. বাবা। আমার আশা এবার পূর্ব হলো। এখন তুমি একটু বস। আমার ছেলেরা এখনও খায় নাই; তাদের খাবার দিয়ে আদি, বেলা হ'য়েছে। এই বলিয়া রাইমাতা ঠাকুর ঘরে প্রবেশ করিলেন। একটু পরে একথালা উংকৃষ্ট খাবার লইয়া আদিয়া ঠাকুরের নিকটে ধরিলেন। ঠাকুর গুরুলাতাদের দঙ্গে উহা আনন্দের সহিত ভোজন করিলেন। পরে রাইমাতা বলিলেন—'বাবা! এসেছ যথন এখানে তুটা আর পেতে হবে।' ঠাকুর খুব আগ্রহের সহিত সমতি প্রকাশ করিলেন। রাইমাতা ঠাকুরের অভ্নতি লইয়া রান্না করিতে গেলেন। বিবিধ উপাদেয় ব্যঞ্জন স্বহস্তে প্রস্তুত করিয়া বেলা ১২টার সময়ে ভোগ দিলেন। আমরা সকলে পরিতোষ পূর্বক প্রসাদ পাইয়া পরম তৃপ্তিলাভ করিলাম। রাইমাতা ভূকাবশিষ্ট সমস্ত একস্থানে সংগ্রহ করিয়া নাড়ু পাকাইলেন এবং গৃহস্থিত সকলকে এক এক নাড়ু আগ্রহের সহিত বিতরণ করিয়া অবশিষ্ট রাখিয়া দিলেন। রাইমাতার চক্ষ্ ঘৃটি উদ্ধৃটানা, সর্বদাই ঢুলু ঢুলু। ছুটাছুট করিয়া কাজকর্ম করিতেছেন। মধ্যে মধ্যে টৃষ্ টৃষ্ করিয়া চক্ষের জল পড়িতেছে। যন্তের মত শরীর লারা কাজ হইতেছে, আব চিত্তটি যেন কোথায় নিবিষ্ট হইয়া বহিয়াছে। এরূপটি কোথাও দেখি নাই।

অপূর্ব্ব তমাল বৃক্ষঃ ভাবাবিষ্ট বালক।

আহারান্তে কিছুক্ষণ বিশ্রাম করিয়া ঠাকুরের দক্ষে আমরা পদরত্ব মহাশরের হরিসভায় উপস্থিত হইলাম। পদরত্ব মহাশয় ঠাকুরকে একটি তামাল গাছ দেখাইতে তাঁহার ভিতর বাড়ী লইয়া গেলেন। আমরাও দক্ষে সঙ্গে গেলাম। দেখিলাম তমাল গাছটি বাস্তবিকই একটি দেখিবার জিনিষ। নিবিড় ক্ষম্বর্ণ বৃক্ষটি মন্দিরের মত উদ্ধিকে উঠিয়াছে এবং তাহার ঘন শাখা প্রশাধা চতুর্দিকে ছত্রাকারে বিশুরে পূর্ব্বক ভূমি সংলগ্ন হইয়াছে। বৃক্ষতলা দিবালোকেও অন্ধকার; ঠিক যেন একখানা লতার ঘর প্রস্তুত্ত ইয়া রহিয়াছে। স্বভাব হইতে আপনা আপনি বৃক্ষের এই প্রকার নিথ্ত অবয়ব ইতিপূর্ব্বে

আর কোথাও দেখি নাই। বৃক্ষটি দেখিয়া আমরা সকলেই থ্ব বিশ্বিত ও আনন্দিত হইলাম। এই স্থানে একটি অপুর্ব্ধ ব্যাপার দেখিলাম।

পদরত্ব মহাশয়ের পোত্র ৩ বংসরের একটি বালক তমাল গাছের এক পাশে দাঁড়াইয়া কৌতুকাবিষ্ট নয়নে ঠাকুরের পানে চাহিয়া আছে। বালকটি বড়ই স্থ তী ও স্থলর। ঠাকুরের দৃষ্টি উহার দিকে পড়া মাত্র বালক সলজ্জভাবে তু'হাত দিয়া চোধ মূব ঢাকিয়া ফেলিল। একটু পরেই আবার আড় চক্ষে ঠাকুরকে দেখিতে লাগিল। বালক পুন:পুন: এই প্রকার করিতে আরম্ভ করিল। তথন পদরত্ব মহাশয়ের দৌহিত্রী বালকের সমবয়স্কা একটি বালিকা ধীরে ধীরে আদিয়া বালকের বামপার্ষে দাঁড়াইল এবং দক্ষিণ হত্তদারা বালকের গলা জড়াইয়া ধরিয়া আদর করিতে লাগিল। বালক করবোড়ে অনিমেষনয়নে ঠাকুরের পানে চাহিয়া রহিল। উহার ওর্চন্বয় ঘন ঘন কম্পিত হইতে শাগিল। অবিবলধারে গণ্ড বহিয়া অঞাবর্ধণ হইতে লাগিল। প্রাণায়ামের ক্রিয়া স্বস্পইভাবে আপনা আপনি চলিল। নানা প্রকার সাত্তিক বিকাবে বালকের শরীর দক্ষিণে বামে ঢলিয়া ঢলিয়া পড়িতে লাগিল। ঠাকুর এই সময়ে বালকটির দিকে অঙ্গুলি নির্দেশ করিয়া বলিতে লাগিলেন— "তোমরা একে বেশ ক'রে দেখে নেও। লোকে যার জন্ম ছুটাছুটি ক'রে এদিক ওদিক ঘুর্ছে তিনি যে কোথায় কোন্ গলিতে কি ভাবে লীলা কর্ছেন, তিনি দয়া ক'রে না জানালে কেহ জান্তে পারে না। একে দেখে তোমরা ধন্য হ'লে।" পদরত্ব মহাশয় পণ্ডিত লোক, তাই তিনি ইহার মহালক্ষণ সমস্ত দেখ্তে পেয়ে আদর যত্ন কর্ছেন।" বালকটি এই স্ময় চুলু চুলু অবস্থায় ঠাকুরের সমুধে আদিয়া ঠাকুরের চরণে দান্তাক হইয়া পড়িল। ঠাকুর উহাকে থুব আদর করিয়া তুলিয়া লইয়া গায়ে মাথায় হাত ব্লাইয়া বলিলেন—"তুমি আর কাহাকেও নমস্কার ক'রো না।" বালকটিকে দেখিয়া গুরুলাতাদের অনেকের মধ্যে নানা ভাবের আবেশ হইতে লাগিল। * তৎপরে বেলা অবদানে আমরা টোলবাড়ীতে আদিলাম। সন্ধ্যা কীর্ত্তনের পর ঠাকুর গোয়ালিনী ও রাইমাতার অসাধারণ অবস্থার বিস্তর প্রশংসা করিলেন।

নবীনবাবুর প্রকৃতি।

আজ স্বিখ্যাত তান্ত্ৰিক নবীনবাৰু ঠাকুরকে নিমন্ত্ৰণ করিলেন। ঠাকুর তাঁহার আশ্রমে যাওয়ার পথ ভ্লিয়া গেলেন। সন্ধ্যার পর ঘ্রিতে ঘ্রিতে গন্ধার তীবে উপস্থিত হইলেন। নবীনবাৰু খবর পাইয়া তাঁহার প্রকৃতির সহিত উৎকৃষ্ট খাবার লইয়া তথায় আদিলেন। সমন্ত দামগ্রী ঠাকুরকে ধ্রিয়া দিলেন। ঠাকুর আহার করিতে উজোগ করিতেছেন, প্রকৃতি ঠাকুরকে বলিলেন 'আজ

^{*} এই ঘটনার করেকদিন পরেই বালকটি ধরাধাম ত্যাগ করিয়া চলিয়া গেল।

আপনাকে হাতে ধরে খাওয়াতে ইচ্ছা হয়।' ঠাকুর সমতি দিলেন। খাওয়াইতে থাওয়াইতে প্রকৃতি প্রকৃতি বলিলেন—'আমাকে দয়া করুন।' ঠাকুর বলিলেন—"মা যখন বাঘ মাথায় দিয়ে শুয়েছিলেন আপনি তথন মাকে বাঘের নিকট হতে এনেছিলেন; আপনি তো আমার মাথা কিনে রেখেছেন, আপনাকে আর কি দয়া কর্বো ?" আনন্দ প্রদক্ষে কিছুক্ষণ কাটাইয়া ঠাকুর টোলবাড়ী আদিলেন।

ওঁকার সাধন।

আদ্ধ ঠাকুর গুঞ্জপ্রতিদের লইয়া ব্রাহ্মসমাজের হুপ্রদিদ্ধ গায়ক প্রিযুক্ত রাজকুমার বন্দ্যোপাধ্যায়ের বাড়ী উপস্থিত হুইলেন। রাজকুমারবার ঠাকুরের পুরাণ বন্ধ। তিনি মধ্যাক্ত সময়ে অতগুলি লোক সহিত হুঠাৎ ঠাকুরকে দেখিয়া বিশ্বিত ও আনন্দিত হুইলেন। গুরুস্রাতাদের সহিত ঠাকুরকে আদর করিয়া বদাইয়া তিনি সকলের জলযোগের উত্যোগ করিতে লাগিলেন। এই সময়ে রাজকুমারবাবুর বৃদ্ধ মাতা আদিয়া ঠাকুরকে নমস্কার করিলেন। ঠাকুর তাঁহাকে কহিলেন—"রাজকুমারবাবুকে আমি ভাই বলিয়া মনে করি। আপনি আমার মা। মা কি ছেলেকে নমস্কার করে গু" রাজকুমারবাবুর মা বলিলেন—'বাবা! তোমাকে যে আমি মহাদেবের মত দেখ্ছি।'


ঠাকুর কহিলেন—"তবে আপনি মহাদেবকে নমস্কার করুন; আমি মাকে নমস্কার করি।"

দকলের জলযোগের পর রাজকুমারবার্ হির হইয়া ঠাকুরের সঙ্গে কথাবার্তা বলিতে লাগিলেন। রাজকুমারবার্ ঠাকুরেকে অমুযোগ করিয়া কহিলেন—'আমার প্রতি যে আপনার জসাধারণ ভালবাসা তার পরিচয় আমি ঢের পেয়েছি। কিন্তু আমার জীবনের হুদাশা দেখেও তো আপনি বেশ চুপ ক'রে আছেন, কিছু কর্ছেন না। আপনি আমাকে এমন কিছু উপদেশ দিন, যাতে ২৷১ মিনিটের জন্মও আমি ভগবানের ধ্যানে ময় থাক্তে পারি। কিন্তু খুব সহজ উপদেশ দিবেন—মাহা আমি প্রতিপালন কর্তে পারি। পরে আমি উপযুক্ত হ'লে দীক্ষা দিয়া আমাকে কতার্থ করবেন।' ঠাকুর রাজকুমারবারর কথা শুনিয়া খুব সন্তুত্ত হইলেন এবং বলিলেন—"আপনি যেমন বল্লেন তেমনিই একটি উপদেশ দিচ্ছি। ইহা সহজও বটে শক্তও বটে। সহজ বল্ছি এই জন্ম যে লোকে একটু মনোযোগ রাখ্লেই অনায়াসে ইহা কর্তে পারে। শক্ত এই জন্ম যে সকলে জানে অথচ ইহা কর্তে কারো প্রবৃত্তি হয় না। আপনি ওঁকারের সাধন করুন। ওঁকারের অর্থ জা, উ, ম। স্পৃতি, স্থিতি প্রেলয়়। পুর্বের্ব যাহা ছিল না, এখন আছে, পরে আবার থাকবে না। পৃথিবী, চন্দ্র, সূর্য্ব, গ্রহ, নক্ষত্র, মনুষ্যা, পশ্চ পক্ষী, কীট, পতঙ্গ, বুক্ষলতা,

স্থাবর, জঙ্গম—পূর্বে কিছুই ছিল না, এখন আছে এবং পরে থাক্বে না। যাহা কিছু দেখ্বেন সকলেতেই এই ভাব আরোপ কর্বেন। ইহা ছিল না, এখন আছে, পরে আর থাক্বে না। ক্রমে এই ধারণা যত দৃঢ় হবে ততই সমস্ত অসার, অনিত্য, মিখ্যা মনে হবে,—কিছুতেই আর মমতা থাক্বে না। তখন হৃদয় শৃত্য বোধ হবে। এই সময় যাহা চিরকাল থাকে, চিরস্থায়ী এমন একটি বস্তু পাইতে তীত্র ব্যক্লতা জন্মাবে—সেই সময়ে দীক্ষা। তখন দীক্ষালাভ ক'রে কৃতার্থ হবেন।"

ইহার পর আমরা কয়দিন শান্তিপুরে অবস্থান করিয়া চৈত্রের শেষে ঠাকুরের সঙ্গে কলিকাতা রওনা হইলাম।

সম্পূর্ণ



শ্রীশ্রীবোগামারা দেবীর এক রংয়ের ১৮ × ১৪ আর্টপেপারে ছাপা '৫০ নঃ পঃ
শ্রীশ্রীযোগমারা দেবীর এক রংয়ের ১৮ × ১৪ আর্টপেপারে ছাপা '৫০ নঃ পঃ

শ্রীশ্রীকুলদানন্দ ব্রহ্মচারীর এক বংয়ের ১৮ ×১৪ আট পেপারে ছাপা চারি প্রকার প্রত্যেকটি ৫০ নঃ পঃ

শ্রীশ্রীকুলদানন্দ ব্রন্ধচারীর ত্রিবর্ণ ১৬ 🕆 ১২ 🕆 আর্ট পেপারে ছাপা ৭৫ ন: প: গোস্বামী প্রভুর, যোগমায়াদেবী ও ব্রন্ধচারীঙ্গীর ত্রিবর্ণ ৮ 🌣 ৬ 🕆 প্রত্যেক্টি ৩০ ন: প: উপরোক্ত ছোট এক রংয়ের নানাপ্রকার আর্ট পেপারে ছাপা ছবি ৮ 🕆 ৬ প্রতি ২০ ন: প:

শ্রীশ্রীগোস্বামী প্রভুর বাণী

গেণ্ডারিয়া আত্রম কুটিরের দেওয়ালে নিজ হাতে উপদেশ কয়েকটি চক থড়ির দারা লিখিয়া বাখিয়াছিলেন ঐ উপদেশাবলী একরংয়ের ১৭ 🗇 ১১॥ বড় অক্ষরে আট পেপারে ছাপা মূল্য ৩০ নঃপঃ

শ্রীশ্রীবিজয়ক্ত লীলামূত, অমিয়কুমার দান্তাল প্রণীত, মূল্য ৬'৫০ নঃ পঃ। শাস্ত্র-সংশয়-নিরসন ভবেন্দ্রনাথ মজ্মদার প্রণীত (প্রশোত্তর মালা), ৫১

গুরুগীতা (ন্যোত্রাঞ্চলি ও ভজন-কীর্ত্তনাবলী)—মঙ্গলাচরনম্, উপনিষৎ, ব্রন্ধ-ন্যোত্তম্, প্রীঞ্জিগরাথ ন্যোত্তম্, শিবাইক ন্যোত্তম্, গঙ্গা ন্যোত্তম্, দেব্যাঃস্থতিঃ। চর্পটণঞ্জবিকা স্থোত্তম্, প্রীঞ্জিতিত শিক্ষাইকম্, প্রীমন্তগবদগীতা (বাদশোহধ্যায়)। উষাকীর্ত্তন, সন্ধ্যাকীর্ত্তন, প্রীঞ্জবন্দনা, গৌর-কীর্ত্তন নাম-সংকীর্ত্তন, নগর-সংকীর্ত্তন ভোগ আরতি লুট নিবেদন প্রণাম মন্ত্র প্রীকালিদাস বিশাস কর্ত্তক সংকলিত। দাম ১'২৫ নঃ পঃ

শ্রীমদাচার্য্য শ্রী শ্রীবিজয়কৃষ্ণ গোস্থামী মহোদয়ের বস্তৃতা ও উপদেশ—ভগবানের সান্নিধালাভের সহজ সরল উপায় বা পছা এই বইটিতে হৃদ্ররূপে বর্ণিত আছে। শ্রীশ্রীপোশ্বামী প্রভূ বলিয়াছিলেন "তাঁকে দেখা যায়, ধরা যায়, আখাদন করা যায়, শোনা যায়। এ কথার কথা নয়, আমি স্বয়ং পরীক্ষা করিয়া দেখিয়াছি"। প্রত্যেকে এই বইটি নিত্য প্রভিত গ্রন্থের মধ্যে রাখিয়া ব্যবহার করিতে পারেন। পুরীধামস্থিত গোস্বামীজীর সমাধি মন্দিরে আজও এই বক্তৃতা ও উপদেশ পাঠ হয়। শ্রীকালিদাস বিশাস কর্তৃক প্রকাশিত। মূল্য কাগজ বাঁধাই ১৭০ বোর্ড বাঁধাই ২২০

শ্রীশ্রীগুরুপ্রসঙ্গ (সাধু সন্তোষনাথজীর ডায়েরী) ১ম খণ্ড ৩০০, ২য় খণ্ড ৪০০, ৩য় খণ্ড ষদ্ধন্থ। প্রাপ্তিস্থান্—শ্রীকালিদাস বিশ্বাসঃ সদ্গুরুসঙ্গ পাব্লিকেশন্, ১৪-বি ভূপেন্দ্র বন্ধু এভিনিউ, শ্যামবাজার, কলিকাতা-৪। শ্রীবিশ্বনাথ বন্যোপাধ্যায়ঃ ঠাকুরবাড়ী, পুরীধাম ও কলিকাতার প্রধান প্রধান পুত্তকালয়।

প্রীপ্রীসদ্গুরুসঙ্গ

ত্রীমদাচার্য্য ত্রীত্রীবিজয়কৃষ্ণ গোস্বামী প্রভুর

দেহাশ্রিত অবস্থার ৮ বৎসরের (১২৯৩-১৩০০ সাল পর্য্যস্ত) অলৌকিক ঘটনাবলী শ্রীচরণাশ্রিত নিত্যদেবক—শ্রীমৎ কুলদানন্দ ব্রহ্মচারী মহারাজের ডায়েরীতে যথাযথভাবে লিখিত

মহাপুক্ষগণের ও নানা তীর্থস্থানের এবং বহু দেবদেবীর চিত্রে স্থানাভিত পাঁচ থণ্ডে সম্পূর্ব।
প্রথম খণ্ড ১২৯৩-৯৬ (৫ম পুনম্ভিণ) ৪:০০। চতুর্থ খণ্ড ১২৯৯ (৩য় পুনম্ভিণ) ৪:৫০।
বিতীয় খণ্ড ১২৯৮ (৫ম পুনম্ভিণ) ৪:৫০। পাঁচটি খণ্ড একত্রে লইলে ২৩ তেইশ টাকার
স্থলে ২১ একুশ টাকায় দেওয়া হয়।

হিন্দী অনুবাদ প্রথম খণ্ড --২'০০। দিতীয় খণ্ড - ৬'০০। তৃতীয় খণ্ড - ৪'০০।

শ্রীনিদ্গুরুদক পাঁচটি থণ্ডই সাধন সমস্থার সফল সমাধান ও দিক-নির্ণয়। উপন্থাদের মত স্থাঠা ও উপনিষ্টের মতই জীবন-বেদ। শ্রীশ্রীবিজয়ক্বফ গোদামী প্রভ্র সাধন রহস্থের বিষয় ও হিতকথায় পরিপূর্ণ। ব্রহ্মর্যা, ভোগের বণ্ডন, পরমার্থিক শক্তিলাভ প্রভৃতি বিষয়ের বোজ-নামচা। সর্ব্বধর্ম সমন্বয়। কৃষ্ণ, খৃষ্ট, বৃদ্ধ, নানক, শকর, শ্রীশ্রীরামক্রফ পরমহংস প্রমুখ যুগাবতার সংশ্রবে আসিয়া গোস্বামী প্রভূ ধর্মক্ষেত্রে মহামিলন ঘটাইয়াছেন। দকল পথের সকল মতের সামঞ্জ্য করিয়া, মহম্মত্ব লাভের উপায় দেখাইয়াছেন। গুরুর দয়া, শিয়ের গুরুত্য, গুরুর আদেশ, শিয়ের আহুগত্য, গুরুনমাহাত্ম্য ও কৃপা প্রকট করা হইয়াছে। গৃহী, অ-গৃহী, সাধু ও অ-সাধু, প্রত্যেকের জন্মই বিভিন্ন ধর্মের সরল পথের সমাধান পাঁচটি থণ্ডেই দেওয়া আছে।

আহার্হ্য প্রেস্ক্রন্থ । শ্রীমদাচার্য্য শ্রীশ্রীবিজয়কৃষ্ণ গোষামী প্রভূর প্রীধামের অন্তলীলা ও দামলীলা। শ্রীযুক্ত সারদাকান্ত বন্দ্যোপাধ্যায় মহাশয়ের ডায়েরী হইতে শ্রীমৎ কুলদানন্দ এশ্বচারী সম্পাদিত)।

ভিশাসনা ভত্ত্ব—৫০ নঃ পঃ (শ্রীযুক্ত দারদাকান্ত বন্দ্যোপাধ্যার প্রণীত)।

Brahmachari Kuladananda (Vol-1) Rs. 5/- (Early Life and Training under Bijoykrishna By Dr. Benimadhab, Barua, M. A., D. Lit. (Lond.) Foreward by Dr. S. Radhakrishnan President Indian Union.

পুঞ্ক-ব্রফেডা

थाः जाभावत्व क क्रिके

াজালক কোৱাৰ), কলিকাতা-১২

